সংস্কৃত বাংলা অভিধান

শ্রীঅশোক কুমার বন্দ্যোপাধ্যায়

সদেশ

সংস্কৃত-বাংলা অভিধান

শ্রী অশোক কুমার বন্দ্যোপাধ্যায়

পরিবেশক
শ্রীবলরাম প্রকাশনী
১০১বি, বিবেকানন্দ রোড, কোলকাতা — ৬

Sanskrit-Bengali Dictionery
Ashok Kr Banerjee
Revised : 2012

প্রকাশক ঃ
সদেশ
১০১ সি, বিবেকানন্দ রোড,
কলকাতা - ৭০০ ০০৬

ISBN 81-8282-072-3

প্রথম প্রকাশ
বইমেলা, ১৪০৮
দ্বিতীয়, ১৪১১
তৃতীয় প্রকাশ ঃ বইমেলা, ১৪১৮

Price : 320.00

লেজার টাইপ সেটিং ঃ
ড্রীমলাইন গ্রাফিকস্
কলকাতা - ৭০০ ০০৫

মুদ্রণ ঃ অভিনব মুদ্রণী
কলকাতা - ৭০০ ০০৬

উৎসর্গ

যাঁর অমোঘ আশীর্বাদে করুণায়
এই নরদেহ লাভ করে—
সারস্বত কর্ম করার
সৌভাগ্য ও সক্ষমতা লাভ করেছি
সেই পরমারাধ্যা মাতৃদেবীর উদ্দেশ্যে
সমর্পিত হলো।

অবতরণিকা

ভারতবর্ষে এখনও যে কয়টি সংস্কৃত অভিধান বিশালতায় খ্যাতির শীর্ষে অবস্থান করছে সেগুলি যদিও বাঙ্গালীমনীষায় নির্মিত বা বাঙ্গালী-মনীষার অবদান, তথাপি সম্প্রতি বঙ্গভূমিতে সংস্কৃতাভিধান নিঃশেষ। 'শব্দকল্পদ্রুম', 'বাচস্পত্যম্' প্রভৃতি অভিধান শিরোমণিগুলি ভারতভূমিতে বিরাজ করলেও বাঙ্গালীর কাছে অভিধানরচনার শ্রুত উপাখ্যান মাত্র। পশ্চিমবঙ্গে উক্ত দুখানি সর্বোত্তম সংস্কৃতাভিধান রচিত হওয়ার সমকালে বা তারপরবর্তী কালে অনেকগুলি অভিধান উত্তমভাবেই প্রণীত হয়েছে সত্য, কিন্তু হয় সেগুলি বাঙ্‌লা অভিধান বা বাঙ্‌লা-ইংরাজী অভিধান বা ইংরাজী-বাঙ্‌লা অভিধান। বহির্বঙ্গে সংকৃতাভিধান একাধিক প্রণীত হয়েছে, কিন্তু সেগুলিও সংস্কৃত-হিন্দী বা সংস্কৃত-ইংরাজী অভিধান। সংস্কৃত-বাংলা অভিধানের অভাব দীর্ঘদিনের। বাঙ্গালীর কাছে একমাত্র সম্বল ছিল গুরুনাথবিদ্যানিধি সম্পাদিত অমরকোষ। পরবর্তীকালে কলিকাতা রাষ্ট্রীয় সংস্কৃত মহাবিদ্যালয়ের উদ্যোগে প্রথিতযশা অধ্যাপক গোবিন্দগোপাল মুখোপাধ্যায় ও স্বর্গত গোপিকামোহন ভট্টাচার্য মহাশয়ের নামে সংস্কৃত-বাংলা-ইংরাজী অভিধান প্রণয়ন করে বাঙ্গালার দীর্ঘদিনের অভাব ও প্রত্যাশা পূরণ করেছিলেন। কিন্তু আমাদের দুর্ভাগ্যবশতঃ উক্তমহাবিদ্যালয়ের অনীহা ও অবহেলায় সেখানিও এখন বহির্বঙ্গের সম্পদে রূপান্তরিত হয়েছে এবং সেইসঙ্গে দুর্মূল্যও হয়েছে। সুতরাং সংস্কৃত অপরের সম্পদে রূপান্তরিত হয়েছে এবং সেইসঙ্গে দুর্মূল্যও হয়েছে। সুতরাং সংকৃতাভিধানের পক্ষে উষরভূমি বঙ্গভূমিতে একটি সংস্কৃত-বাংলা অভিধান প্রণয়ন আবশ্যকবোধে পূর্বসূরীদের শরণাপন্ন হই। কিন্তু যথোচিত সংস্কৃত-বাংলা অভিধান প্রাপ্তি ঘটল না। তার মধ্য থেকেই আদর্শহিসাবে দুখানি প্রাচীন অভিধান নিয়ে এই 'সংস্কৃত-বাংলা অভিধান' রচনায় প্রবৃত্ত হই। দুখানি গ্রন্থের মধ্যে একখানির নাম **শব্দার্থমঞ্জরী**, দ্বিতীয়টি ১৭৮২ শকাব্দে গিরিশচন্দ্র বিদ্যারত্ন কর্তৃক সঙ্কলিত **শব্দসার**। এই দুখানি গ্রন্থের মধ্যে প্রাকৃত শব্দেরও সংযোজন আছে। ফলে কেবল সংস্কৃত শব্দকে ঐগুলি থেকে আহরণ করা অনেকখানি কষ্টসাধ্য। ঈশ্বরের করুণায় ধীরে ধীরে সে কার্য সম্পাদন করে দেখা গেল বহুপ্রচলিত শব্দও আহৃত শব্দের অন্তর্ভুক্ত হয়নি। তখন পূজ্যগোবিন্দগোপল মুখোপাধ্যায় সম্পাদিত অভিধান, বি.এস.আপ্টের সংস্কৃত হিন্দী কোশ নামক অভিধান, শব্দকল্পদ্রুম, বাচস্পত্যম্, অমরকোশ থেকে এমনকি বঙ্গীয়শব্দকোষ থেকেও প্রয়োজনীয় শব্দ আহরণ করে এই অভিধানগ্রন্থটির আঙ্গিক সৌষ্ঠব গঠন করতে হয়েছে। তাই এই সমস্ত জগৎপূজ্য অভিধানকারদের প্রণতি জানিয়ে তাঁদের নিকট ঋণ ও কৃতজ্ঞতা স্বীকার করছি।

সংস্কৃত বাংলা শব্দ ভাণ্ডারের সঙ্কলনের মাধ্যমেই আমার অভিধান নির্মাণের হাতে খড়ি। তবে পূজ্য পূর্বসূরীদের নির্মিত পথ বা পদাঙ্ক অনুসরণ করার ফলে অভিধানের গঠন রীতির বৈশিষ্ট্য ক্ষুণ্ণ হওয়ার শঙ্কা কম।

গঠন প্রণালী— সাধারণঃ অন্যান্য অভিধানের মতই বর্ণানুক্রমে শব্দগুলিকে সাজান হয়েছে। শব্দের পরই শব্দের পদপরিচয় দেওয়া হয়েছে। সেক্ষেত্রে সংক্ষেপ করার জন্য বিশেষ্য বুঝতে বি., বিশেষণ বুঝতে বিণ এবং অব্যয় বুঝতে 'অব্য'—এরূপ পরিভাষা ব্যবহার করা হয়েছে। তারপরই শব্দগুলির লিঙ্গ পরিচয় দেওয়া হয়েছে—পুং, স্ত্রী ও ক্লী শব্দ দ্বারা। তারপর বন্ধনীর মধ্যে শব্দগুলির ব্যুৎপত্তি দেওয়া হয়েছে। এক্ষেত্রে, কিন্তু বর্তমানে সর্বত্র পাণিনি অনুসারেই বুৎপত্তি স্বীকার্য। সুতরাং প্রতিটি বুৎপত্তির একার্থবোধক একাধিক শব্দকে বন্ধনীর মধ্যে দেওয়া হয়েছে; অর্থমাত্র একটি স্থলে দেওয়া হয়েছে।

প্রতিটি শব্দকে প্রথমান্ত করে প্রয়োগ করা হয়েছে, তারফলে শব্দের শেষে যেমন প্রয়াশঃই (ঃ) বিসর্গ বা ম্ যুক্ত হয়েছে, সেরূপ আবার অন্ ভাগান্ত শব্দগুলি আকার যোগে বা ইন্ ভাগান্ত শব্দ ঈকার যোগে দেওয়া হয়েছে। পাশে মূল শব্দটির শেষাংশ () বন্ধনীর মধ্যে দেওয়া শব্দগুলির মধ্যে যে গুলির স্ত্রীলিঙ্গে রূপান্তর হতে পারে। সেগুলির স্থলে স্ত্রী লিখে শেষবর্ণটির রূপান্তর দেখান হয়েছে। যেমন-আত্মীয় শব্দটির স্ত্রী দেখানো হয়েছে—স্ত্রী—য়া লিখে। অর্থাৎ হবে আত্মীয়া।

বর্ণমালা অনুসারে বর্ণানুক্রমে শব্দসমূহ সাজান হয়েছে।

ক্ষেত্র বিশেষে একাধিক প্রতিশব্দ এবং উদাহরণ স্বরূপ প্রসিদ্ধগ্রন্থ থেকে উক্তি উদ্ধৃত করা হয়েছে, তবে সেগুলি তুলনায় অত্যন্ত কম বা নগণ্য।

পরিশিষ্ট—অভিধানটির মধ্যে শত ন্যূনতা থাকলেও যথাসাধ্য অলঙ্করণের চেষ্টা করা হয়েছে, তার নিদর্শন পরিশিষ্টাংশে জ্ঞাতব্য বিষয়ের আলোচনা আছে, অধিকমাত্রায় সাঙ্কেতিক শব্দ ব্যবহার করা হয়নি। বর্তমানে প্রায় সকল অভিধানে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রবর্তিত পারিভাষিক শব্দাবলীর তালিকা দেওয়া হচ্ছে। সেগুলির আবশ্যকতা থাকলেও কলেবর বৃদ্ধির ভয়ে তা প্রকাশিত করা হচ্ছে না।

পরিশেষে, বক্তব্য হলো যে গ্রন্থটি মুখ্যতঃ বিদ্যার্থীদের জন্য সঙ্কলন করা হয়েছে। এখানে বিশেষ বিদগ্ধজনেদের চাহিদানুরূপ প্রতিটি শব্দের ব্যাখ্যানমূলক অলোচনা করা হয় নি। তথাপি যে বস্তুটি একেবারেই নাই-সে বস্তুটি অতি তুচ্ছ নগণ্য হলেও নিশ্চয় বিদ্যার্থী ও বিদ্বৎসমাজের সমাদর পাবে। এখানে প্রত্যেকের নিকট বিনীত নিবেদন,— এটি প্রথম প্রকাশ এবং নিতান্ত অনভিজ্ঞ ব্যক্তির প্রয়াস হেতু ভুলভ্রান্তি থাকাই স্বাভাবিক।

সেরূপ ভুলভ্রান্তির স্থলগুলিকে সংশোধিত করে অনুগ্রহ পূর্বক জানালে পরবর্তী সংযোজনটি নির্ভুল করা সম্ভব হবে। সেই সঙ্গে সংযোজ্য বিষয়সম্পর্কেও অবহিত করানোর প্রার্থনা থাকছে।

এই অবসরে আর একটি বক্তব্য, জ্ঞাতসারে যাঁদের ঋণ গ্রহণ করেছি তাঁদের প্রথমেই প্রণাম জানিয়েছি, তাছাড়াও যাঁরা উৎসাহ দিয়ে প্রেরণা দিয়ে আমায় উক্ত কর্ম করতে উদ্বুদ্ধ করেছেন তাঁদের প্রতিও আমার কৃতজ্ঞতার অন্ত নাই। যার ঐকান্তিক প্রচেষ্টায় আমি অভিধান গ্রন্থ নির্মাণ করার সৌভাগ্য লাভ করেছি, সেই স্নেহভাজন দেবাশিস ভট্টাচার্যের প্রতি সর্বৈশ্বর্যবিধাত্রী ভগবতী প্রসন্না হয়ে তার সৌভাগ্য বর্ধন করুন— এই শুভকামনা প্রকাশ করি।

শ্রী অশোককুমার বন্দ্যোপাধ্যায়

দক্ষিণরসুলপুর—

বইমেলা ১৪০৮ বঙ্গাব্দ

অ

অঃ— বি, পুং (অব—ড) রক্ষাকর্ত্তা, বিষ্ণু। প্রথম স্বরবর্ণ। অব্য —অভাব। নিষেধ। ভিন্ন। সম্বোধন। ব্রহ্মা, শিব, বায়ু, ব্রহ্ম।

অঋণী (ণিন্)— বিণ্; ঋণশূন্য। স্ত্রী; ণিনী।

অংশঃ— বি, পুং (অন্শ—ভাবে—ঘঞ্) ভাগ, খন্ড।

অংশকঃ— বি, পুং (অন্শ— কর্ত্তৃ—ণক) জ্ঞাতি। ক্লী; দিন। বি-ণ, যে অংশ করে, ংং কারী। স্ত্রী; শিকা।

অংশকলা— বি, স্ত্রী; অংশের অংশ, অংশাংশ।

অংশভাক্ (ভাজ্)— (অংশ— ভজ— কর্ত্তৃ—বিণ)

অংশভাগী(ণিন্)— (অংশ—ভজ— কর্ত্তৃ—ঘ্নিন্)

অংশহর— (অংশ—হৃ—কর্ত্তৃ—অন্)

অংশী(ণিন্)— (অংশ ইন্) বি-ণ, যে অংশ পাইবার যোগ্য। স্ত্রী; ভাগিনী, হরা, শিনী।

অংশিত— বি-ণ, ত্রি (অন্শ—কর্ম্ম—ক্ত) যাহা ভাগ করা হইয়াছে, বিভক্ত। স্ত্রী; তা।

অংশুঃ— বি, পুং (অন্শ—কর্ত্তৃ—উ) কিরণ। সূতার সূক্ষ্ম অংশ।

অংশুকম্— বি, ক্লী (অংশু—ক) বস্ত্র। উত্তরীয়।

অংশুকারঃ— বি, পুং; তারামৎস্যাদি।

অংশুপট্টঃ— বি, পুং, উজ্জ্বল রেশমী পাগড়ী।

অংশুমৎফলা— বি, স্ত্রী; কদলীবৃক্ষ।

অংশুমান্ (মৎ)— বি, পুং (অংশু-মতুপ্) সূর্য্য। সূর্য্যবংশীয় অসমঞ্জ রাজার পুত্র, সগর রাজার পৌত্র।

অংশুমালী (লিন্)— বি, পুং (অংশুমালা —ইন্) সূর্য্য।

অংশুলঃ— বি, পুং (অংশু —ল) চাণক্য মুনি। বিণ. প্রভাযুক্ত।

অংসঃ— বি, পুং, ক্লী (অন্স —কর্ত্তৃ— অচ্) স্কন্ধদেশ।

অংসকূটঃ— বি, পুং; ষাঁড়ের ঝুঁটি, ককুদ্।

অংসল— বিণ. (অংস—ল) বলবান। স্ত্রী; লা।

অংহঃ (হস্)— বি, ক্লী (অন্হ—কর্ম্ম— অস্) পাপ।

অংহতিঃ(তী)— বি. স্ত্রী, উপহার, ব্যাকুলতা, কষ্ট, রোগ, চিন্তা।

অংহ্রিঃ— বি, পুং (অন্হ— রি) চরণ। বৃক্ষের মূল।

অংহ্রিপঃ— বি. পুং (অংহ্রি— পা— কর্ত্তৃ— ড) বৃক্ষ।

অকম্— বি, ক্লী (ন —ক = সুখ) পাপ। দুঃখ।

অকচ— (চঃ) বি. পুং (ন- কচ) কেতুগ্রহ। ত্রি. কেশহীন।

অকথা— বি, স্ত্রী; মন্দ কথা।

অকথ্য— বি-ণ (ন— কথ—কর্ম্ম — যৎ) যাহা বলার যোগ্য নয়, অবাচ্য।

অকপট— বি-ণ; সরল, উদার।

অকরুণ— বি-ণ (ন—করুণ) দয়াশূন্য, নির্দ্দয়। স্ত্রী; ণা।

অকরণিঃ— বি. স্ত্রী (ন-করণি) বৈফল্য, শাপ।

অকর্ণ— বি-ণ; যাহার কর্ণ নাই , সর্প। শ্রবণ- শক্তি হীন বধির, কালা।

অকর্তন— বিণ. (ন-কর্তন), খর্ব, বামন।

অকর্ম (র্মন)— বি, ক্লী; অন্যায় কর্ম্ম, কুকার্য্য। কার্যে অপটু।

অকর্মণ্য— বি-ণ (ন— কর্ম্মন্—য) কার্যের অযোগ্য, অকেজো।

অকল— বিণ. অক্ষত, পরব্রহ্মের উপাধি।

অকলঙ্ক— বি ণ; নির্দ্দোষ।

অকল্ক— বি ণ; দম্ভরহিত। স্ত্রী (আ) জ্যোৎস্না।

অকল্য— বিণ, রোগী।

অকল্যাণম্— বি, ক্লী; অমঙ্গল।

অকষ্টবন্ধম্— বি, ক্লী; যার থেকে কষ্টকর বন্ধন আর নাই, অর্থাৎ যে সকল দুঃখের সহজে প্রতীকার হয় না সেইরূপ দুঃখ।

অকস্মাৎ— অব্য; হঠাৎ অকারণ।

অকান্ডঃ— বি. পুং অসময়।

অকাতর— বি-ণ ; দীনতাশূন্য। অব্যাকুল।

অকাম— বি-ণ; ভোগ্য বস্তু বিষয়ে স্পৃহা শূন্য, অনিচ্ছুক। বি, ক্লী; ইচ্ছার অভাব।

অকারঃ— বি, পুং (অ-স্বার্থে কার) স্বরবর্ণের আদ্যাক্ষর।

অকারণ— বি-ণ; কারণ শূন্য। বৃথা।

অকালঃ—বি, পুং; হিন্দুশাস্ত্রোক্ত অশুদ্ধকাল। দুর্ভিক্ষ।

অকালকুসুমম্— বি, ক্লী; অসময়ের ফুল। এই শব্দটি অসম্ভব ঘটনা অর্থে প্রচলিত।

অকালকুষ্মান্ডঃ— বি, পু.; অসময়ে জাত কুষ্মান্ড। অকর্ম্মণ্য, কুকার্য্যে রত এই সকল অর্থে প্রচলিত।

অকালজ— বিণ. অসময়ে জাত বা উৎপন্ন।

অকালজলদোদয়ঃ— বি, পুং; অসময়ে মেঘোদয়, কুয়াসা।

অকালবৃষ্টিঃ— বি, স্ত্রী; পৌষ প্রভৃতি চারি মাসে যে বৃষ্টি হয়।

অকালসহ— বি-ণ (ন কালসহ) সময় প্রতীক্ষা করিতে অক্ষম, অসহিষ্ণু।

অকিঞ্চন— বি-ণ (ন—কিঞ্চন) যার কিছুই নাই, দরিদ্র।

অকিঞ্চিৎকর— বি-ণ (ন—কিঞ্চিৎ— কৃ—কর্ত্তৃ— ট) অকর্ম্মণ্য। তুচ্ছ, সামান্য।

অকিল্বিষ— বিণ. নিষ্পাপ।

অকীর্ত্তিঃ— বি, স্ত্রী (ন= বিরুদ্ধ, কীর্ত্তি যশ) যশের বিরুদ্ধ, অযশ, অখ্যাতি।

অকুণ্ঠিত— বি-ণ; অসঙ্কুচিত, অক্ষুব্ধ।

অকুতোভয়— বি-ণ (ন কুতঃ —ভয়) যার কিছুতেই ভয় নাই, নির্ভয়।

অকুপ্যম্— বি, ক্লী (ন—কুপ্য) স্বর্ণও রজত।

অকুপারঃ— পুং. বি —সমুদ্র। কচ্ছপ।

অকুল— বি-ণ (ন— অপ্রশস্ত, কুল-বংশ) নীচবংশ জাত, হীন জাতি।

অকুলীন— বি-ণ (অকুল—ীন) নীচবংশজাত।

অকুশলম্—বি, ক্লী; অমঙ্গল।

অকুল—বি-ণ (ন-কূল) অতিবিস্তৃত, অসীম।

অকৃচ্ছ্র—বিণ. যাহা কঠিন নয়। সরলতা।

অকৃত—বিণ. (ন-কৃ-ক্ত) যাহা করা হয় নাই

অকৃতকর্ম্মা (র্ম্মন্)— বিণ. যে কার্য্য জানেনা, অনভিজ্ঞ।

অকৃতকার্য্য—

অকৃতকৃত্য— বি-ণ; যে কার্য্য সম্পন্ন করিতে পারে নাই, ভগ্নমনোরথ।

অকৃতজ্ঞ—বি-ণ; যে উপকারীর উপকার মনে রাখে না। কৃতঘ্ন।

অকৃতজ্ঞতা—বি, স্ত্রী; অকৃতজ্ঞের কার্য্য, কৃতঘ্নতা।

অকৃতদারঃ—বি-ণ; পু. অবিবাহিত।

অকৃতবুদ্ধি—বি-ণ শাস্ত্রাধ্যয়নে বা গুরুর উপদেশেও যার বিবেক বুদ্ধি হয় না।

অকৃতাত্মা (ত্মন্)—বি-ণ; জ্ঞানচর্চ্চা বা সৎকার্য্য করেও যার অন্তঃকরণ বিশুদ্ধ হয় না।

অকৃত্রিম—বি-ণ; যা মনুষ্যকৃত নয়, স্বভাবসিদ্ধ। অকপট। বিশুদ্ধ।

অকৃষ্টপচ্য—বি-ণ (ন-কৃষ্ট পচ-কর্ম্ম কর্ত্তৃ-ক্যপ্) যে সকল শস্য কর্ষণ বর্জ্জিত ক্ষেত্রে বপন করলে স্বয়ং পেকে ওঠে অনায়াসলব্ধ শস্য।

অকৃষ্ণকর্ম্মা (র্ম্মন্)—বি-ণ (কৃষ্ণ অর্থাৎ মলিন কর্ম্ম যার নাই) পাপকার্য্য রহিত, নিষ্পাপ।

অকৈতবম্—বি. ক্লী. অকপটতা, অবঞ্চনা।

অকোটঃ—বি. পুং সুপারিগাছ।

অকোবিদ— বি ণ- অপন্ডিত, মূর্খ।

অকৌশলম্— বি, ক্লী; অপটুতা। চলিত ভাষায় বিবাদ অর্থে ব্যবহৃত।

অক্কা—বি, স্ত্রী (অক—কৈ—ড— আপ্) মাতা। অপভাষায় মরণ অর্থে ব্যবহৃত।

অক্ত—বি-ণ (অন্জ-কর্ম্ম-ক্ত) লিপ্ত, ব্যাপ্ত, মাখান।

অক্রমঃ—বি, পুং; অনিয়ম, ক্রমভঙ্গ।

অক্রুরঃ— বি, পুং কৃষ্ণের পিতৃব্য। তাঁর পিতা—শ্বফল্ক, মাতা—গান্দিনী। বি ণ, ক্রুরতা-শূন্য, সরল।

অক্রেয়—বিণ (ন— ক্রী—কর্ম্ম— য) দুর্মূল্য।

অক্লিষ্ট—বিণ; অশ্রান্ত, ক্লেশ রহিত।

অক্লিষ্টকর্ম্মা—(র্ম্মন্) বি ণ; যে অক্লেশে কার্য্য সম্পাদন করে।

অক্লীব— বিণ; সফল। তেজস্বী। ধৈর্য্যশালী।

অক্লেশ— বিণ, ত্রি; কষ্টের অভাব, স্বচ্ছন্দভাব।

অক্ষঃ—বি, পু (অক্ষ - অচ্— বা অশ্— স) পাশা। ষোল মাষার ভার অর্থাৎ এক ভরি পরিমাণ। বহেড়া বৃক্ষ। সর্প। আত্মা। আয়ব্যয়চিন্তা। গরুড়। রথ। শকট। মকর্দ্দমা। জ্ঞান। রাবণপুত্র। রথাবয়ব। চক্রধারণ কাষ্ঠ। জ্ঞাতার্থ। জন্মান্ধ। পৃথিবীবেষ্টনকারী বৃত্ত। ক্লী; সৌবর্চ্চল লবণ। ইন্দ্রিয়। তুঁতে। রুদ্রাক্ষ- বীজ।

অক্ষক্রীড়া—বি. স্ত্রী; পাশাখেলা।

অক্ষত—বি, ক্লী, পু, বহু; আতপ তণ্ডুল। খৈ। যব। বিণ; আঘাতশূন্য, অখণ্ডিত।

অক্ষতযোনিঃ—বি-ণ; কুমারী। যে বিবাহিতা স্ত্রীর পুরুষ সংসর্গ হয় নাই।

অক্ষদর্শক—
অক্ষদৃক্ (দৃশ)—(বিণ) বিচারক।

অক্ষদেবী (বিন্)— বিণ (অক্ষ— দিব— কর্তৃণিন্) দ্যূতকার।

অক্ষধূর্ত্তঃ—বি, পু; অক্ষক্রীড়ক।

অক্ষপাদঃ—বি, পুং ; গৌতম মুনি, ন্যায়শাস্ত্র প্রণেতা।

অক্ষম—বিণ; অসমর্থ, অসক্ত। ক্ষমাহীন।

অক্ষমা—বি, স্ত্রী; ক্রোধ। দ্বেষ।

অক্ষমালা— বি, স্ত্রী; রুদ্রাক্ষমালা। জপমালা। অকারাদি ক্ষকারান্ত বর্ণমালা। বশিষ্ঠ পত্নী।

অক্ষয়—বিণ, ক্ষয় রহিত, চিরস্থায়ী।

অক্ষয়তৃতীয়া—বি, স্ত্রী; চান্দ্র বৈশাখের শুক্ল তৃতীয়া।

অক্ষয্যা—বি, স্ত্রী; বার ও তিথি ঘটিত যোগ বিশেষ।

অক্ষরম্—বি, ক্লী; অকারাদি বর্ণ। ব্রহ্ম। মোক্ষ। আকাশ। তপস্যা। বিণ, অবিনশ্বর।

অক্ষরচণ—(অক্ষর—চন)
অক্ষরচুঞ্চু—(অক্ষর—চুঞ্চু)বিণ; বিখ্যাত-লেখক। লেখায় পটু।

অক্ষর জননী— বি, স্ত্রী; লেখনী, কলম।

অক্ষর জীবকঃ —
অক্ষর জীবী (বিন্) বি, পু; কায়স্থ। বিণ; যে লিখিয়া জীবন ধারণ করে।

অক্ষর তুলিকা—বি, স্ত্রী; লেখনী।

অক্ষর বিন্যাসঃ—বি, পু; বর্ণযোজনা, লিপি।

অক্ষরেখা—বি, স্ত্রী; বিষুব রেখা হইতে সমদূরবর্ত্তী উত্তর ও দক্ষিণ ভাগে যে সকল গোলাকার রেখা গোলকের পূর্ব্ব ও পশ্চিমদিক ব্যাপিয়া আছে।

অক্ষবতী—বি, স্ত্রী; দ্যূতক্রীড়া, পাশা-খেলা।

অক্ষবাটঃ— বি, পুং; মল্ল ভূমি, কুস্তির আখড়া।

অক্ষবিৎ— (বিদ্) বিণ, দ্যূতজ্ঞ। বিচারক।

অক্ষসূত্রম্—বি, ক্লী; জপমালা।

অক্ষাংশঃ—বি, পুং; ভূগোলের উপরিস্থ রেখার সংখ্যা বিশেষ, ডিগ্রী।

অক্ষান্তিঃ—বি স্ত্রী; অক্ষমা। ঈর্ষা।

অক্ষার লবণম্—বি, ক্লী; সৈন্ধব লবণ। আতপ তণ্ডুল মুগ তিল যব গব্যঘৃত গোদুগ্ধ প্রভৃতি হবিষ্য দ্রব্য। গোক্ষীরং গোঘৃতঞ্চ ধান্যং মুদ্গাস্তিলা যবাঃ। সামুদ্রং সৈন্ধবং চৈব অক্ষারলবণং স্মৃতম্। মনু।।

অক্ষি—বি, ক্লী (অশ্- ক্সি, বা অক্ষ— কর্তৃ—ই) চক্ষু।

অক্ষিকূটকম্— বি, ক্লী; হস্তীর অক্ষিগোলক, ঈষিকা।

অক্ষিগত—বিণ; শত্রু। ঘৃণাস্পদ। নয়নগোচর।

অক্ষিপক্ষন্— চোখের লোম।

অক্ষিপটলম্— বি, ক্লী; চক্ষুর পাতা।

অক্ষিবম্/অক্ষীবম্—বি, ক্লী; (অক্ষ—

কর্তৃ—ঈব) সমুদ্রলবণ। বিণ; যে উন্মত্ত নহে।

অক্ষুণ্ণ—বিণ. অক্ষুন্ন, অক্ষত।

অক্ষুধা— বি স্ত্রী; অগ্নিমান্দ্য।

অক্ষুব্ধ—
অক্ষুভিত—বিণ; ক্ষোভ রহিত, ধীর, অটল।

অক্ষেমম্—বি, ক্লী; অকল্যাণ।

অক্ষোটঃ—
অক্ষোড়ঃ—বি, পুং; আখ্‌রোট গাছ। ক্লী; আখরোট ফল।

অক্ষোভ—বিণ; ক্ষোভ শূন্য। বি; পুং; আলান, বন্ধনস্তম্ভ।

অক্ষোভ্য—বিণ (ন—ক্ষুভ্—কর্ম্ম—য) অবিচলনীয়।

অক্ষৌহিণী—বি, স্ত্রী (অক্ষ—উহ—কর্তৃ— ণিন্ —ঈপ্) ১০৯৩৫০ পদাতি, ৬৫৬১০ অশ্বারোহী, ২১৮৭০ হস্ত্যারোহী, ২১৮৭০ রথী, এতৎসংখ্যক সৈন্যসমষ্টি।

অখট্টঃ—বি. পু. পিয়াল গাছ।

অখট্টিঃ—(ট্টী) বি, পুং ; অসদ্ব্যবহার, আবদার।

অখণ্ড—বিণ;
অখণ্ডিত— বিণ; সম্পূর্ণ, অচ্ছিন্ন।

অখণ্ডনীয়—বিণ (ন—খণ্ড—কর্ম্ম—অনীয়) দুশ্ছেদ্য। অনিবার্য্য।

অখাতম্— বি, ক্লী; অকৃত্রিম, জলাশয়, দেবখাত।

অখাদ্য—বিণ; অভক্ষ্য।

অখিন্ন—বিণ; খেদরহিত, অপরিশ্রান্ত, অক্লান্ত।

অখিল—বিণ; সকল। সমগ্র।

অখেটিকঃ—বি. পুং বৃক্ষমাত্র, শিকারী-কুকুর।

অখ্যাতিঃ—বি, স্ত্রী (ন—খ্যাতি) অপবাদ, নিন্দা।

অগঃ—বি, পুং (ন—গম—কর্তৃ—ড) বৃক্ষ পর্ব্বত। সর্প। সূর্য্য।

অগঙ্গঃ—ন-গঙ্গ —বিণ; গঙ্গাহীন দেশ।

অগচ্ছঃ—বি.পু. (ন-গম্- শ) বৃক্ষ।

অগজ—বিণ; (অগ—জন—কর্তৃ—ড) বৃক্ষজাত ; পর্ব্বতজাত।

অগণিত—বিণ; অসঙ্খ্যাত, বা গণনা করা হয় না।

অগতি—বিণ; গতিবিহিন, নিরুপায়।

অগদঃ —বি , পুং ; ঔষধ। বিণ; রোগমুক্ত। স্বাস্থ্যকর। গদহীন।

অগদঙ্কারঃ— বি, পুং (অগদ—কৃ—কর্তৃ—খণ্) চিকিৎসক।

অগমঃ— বি, পুং (ন —গম্—কর্তৃ—অন্) বৃক্ষ।

অগম্য—বিণ (ন—গম—কর্ম্ম —য) দুর্গম, গমনের অযোগ্য।

অগরু—পু. ক্লী. অগরু (একপ্রকার চন্দন)

অগস্তিঃ—
অগস্ত্যঃ— বি, পুং (অগ— অস্—কর্তৃ—তি) বা অ— গ— স্ত্যৈ —কর্তৃ—ড) স্বনাম প্রসিদ্ধ মুনি। নক্ষত্র বিং। বকবৃক্ষ।

অগাধ— বি. ণ (ন-গাধ) অতলস্পর্শ, গভীর। অসাধারণ। ক্লী; ছিদ্র।

অগারম—বি, ক্লী (অগ—আ—ঋ—

কর্ত্তৃ— ড) গৃহ।

অগিরঃ—বি. পুং. স্বর্গ. অগ্নি. সূর্য, রাক্ষস।

অগুঃ—বি, পুং; রাহুগ্রহ। বিণ (ন-গো) কিরণ হীন।

অগুণঃ—বি, পুং; দোষ, অনুপকার । বিণ- গুণহীন।

অগুরু—বি, পুং , ক্লী; কৃষ্ণবর্ণ চন্দন বিশেষ। শিংশপা বৃক্ষ। বিণ; ভাররহিত, লঘু।

অগূঢ়গন্ধম্—বি, ক্লী; হিঙ্গু, হিং।

অগূঢ়ভাব—বিণ; সরল, কপটতাশূন্য।

অগোচর—বিণ, ইন্দ্রিয়ের অবিষয়, অতিন্দ্রীয়।

অগৌকা—(কস্) বি. পু. পক্ষী, সিংহ।

অগৌণ—বিণ (ন-গৌণ) মুখ্য, প্রধান।

অগৌরবম্—বি, ক্লী; অগুরুত্ব, লাঘব, অপমান।

অগ্নায়ী—বি, স্ত্রী (অগ্নি—ঈপ্) অগ্নিপত্নী স্বাহা। ত্রেতাযুগ।

অগ্নিঃ—বি, পুং; আগুন, বহ্নি। স্বর্ণ। পিত্ত। চিতাগাছ । চিত্রা নক্ষত্র।

অগ্নিকণঃ—বি, পুং; স্ফুলিঙ্গ।

অগ্নিকল্প—বিণ (অগ্নি— কল্প) অগ্নিতুল্য।

অগ্নিকার্য্যম্— বি, ক্লী; দাহকার্য্য, অগ্নিসৎকার। হোমকর্ম্ম।

অগ্নিকাষ্ঠম্—বি, ক্লী, অগুরু।

অগ্নিকুক্কুটঃ—বি, পুং; জ্বলন্ত নুড়া।

অগ্নিকুণ্ডম্—বি, ক্লী; অগ্নি রাখিবার স্থান। বিণ ; কোপজ্বলিত।

অগ্নিকোণঃ—বি, পুং দক্ষিণ পূর্ব্বকোণ।

অগ্নিক্রীড়া—বি, স্ত্রী; আগুন নিয়ে খেলা, বাজীপোড়ান।

অগ্নিগর্ভঃ—বি, পুং; সূর্য্যকান্তমণি।

অগ্নিগর্ভা—বি,স্ত্রী; শমীবৃক্ষ।

অগ্নিচিৎ—বি, পুং (অগ্নি—চি—কর্ত্তৃ— ক্বিপ) অগ্নিহোত্রী, সাগ্নিক।

অগ্নিচিত্যা—বি. স্ত্রী. অগ্নিচয়ন।

অগ্নিধ্বজঃ—বি, পুং; ধূম।

অগ্নিপুরাণম্— বি, ক্লী; অষ্টাদশ পুরাণের অর্ন্তগত পুরাণ বিশেষ।

অগ্নিপ্রস্তরঃ—বি, পুং; চকমকী পাথর।

অগ্নিভূঃ—বি, পুং (অগ্নি —ভূ—কর্ত্তৃ—ক্বিপ্) কার্ত্তিকেয়। বিণ; অগ্নিজাত।

অগ্নিভূতিঃ—বি, পুং; বৌদ্ধ বিশেষ।

অগ্নিভম্—বি. ক্লী, স্বর্ণ।

অগ্নিময়—বিণ (অগ্নি —ময়ট্) অগ্নিব্যাপ্ত।

অগ্নিমান্দ্যম্—বি, ক্লী; অজীর্ণতা, অপাক।

অগ্নিমারুতিঃ—বি. পুং- অগস্ত্যমুনি।

অগ্নিমুখঃ—বি, পুং; দেবতা। ব্রাহ্মণ।

অগ্নিবাণঃ—বি, পুং; অগ্নিবর্ষক শর।

অগ্নিশিখম্—বি. ক্লী; কুঙ্কুম। স্বর্ণ, কুসুম্ভপুষ্প।

অগ্নিশেখরম্—বি. ক্লী. কুঙ্কুম।

অগ্নিষ্টোমঃ—বি, পুং (অগ্নি—স্তু—অধি—মন্) যাগ বিশেষ।

অগ্নিষ্বাত্তঃ—বি, পুং, বহু; মরীচিপুত্র। পিতৃগণবিশেষ।

অগ্নিসংস্কারঃ— বি, পুং; মৃতদেহের দাহকার্য্য। কোন বস্তু অগ্নিতে নিক্ষেপ করিয়া শুদ্ধ করা।

অগ্নিসখঃ—বি, পুং (অগ্নি—সখি—অ) অগ্নির সখা, বায়ু।

অগ্নিহোত্র—বি, পুং ক্লী (অগ্নি— হু—ত্র) সাগ্নিকের প্রতিদিন কর্ত্তব্য হোম।

অগ্নিহোত্রী—(ত্রিন্) বি, পুং (অগ্নিহোত্র-ইন্) সাগ্নিক।

অগ্নীধ্রঃ— বি, পুং (অগ্নি— ইন্ধ—কর্ত্তৃ—রক্) অগ্নিরক্ষায় নিযুক্ত ব্রাহ্মণ। নৃপ বিশেষ।

অগ্ন্য (গ্ন্যা) গারম্—বি, ক্লী (অগ্নি—অগার বা আগার) সাগ্নিকের হোম গৃহ।

অগ্ন্যাধানম্—বি. ক্লী, বেদমন্ত্র দ্বারা বহ্নিস্থাপন।

অগ্ন্যাহিত—বিণ. ত্রি, সাগ্নিক ব্রাহ্মণ।

অগ্ন্যস্ত্রম্—বি, ক্লী; অগ্নিবাণ, কামান, বন্দুক।

অগ্ন্যুৎপাতম্—বি, ক্লী; অগ্নি হইতে উপদ্রব, পর্ব্বত হইতে অগ্নি নির্গম। উল্কাপাত। ধূমকেতু।

অগ্ন্যুস্থাপনম্—বি. ক্লী. বহ্নির উপস্থাপন ক্রিয়া।

অগ্র—বিণ., ত্রি; অগ্রভাগ। সম্মুখ। অবলম্বন। পল পরিমাণ। সমূহ। বিণ; শ্রেষ্ঠ। অধিক। প্রথম।

অগ্রকায়ঃ—বি, পুং; দেহের পূর্ব্বভাগ, কটিদেশ হইতে মস্তক পর্য্যন্ত।

অগ্রগ—বিণ (অগ্র—গম্—ড) যে অগ্রে যায়।

অগ্রগণ্য—বিণ (অগ্র—গণ —কর্ম্ম—য) গণনাকালে প্রথমেই যাহার নাম কীর্ত্তন করা হয়, শ্রেষ্ঠ।

অগ্রগামী—(মিন্) বিণ (অগ্র—গম—ণিন্) যে অগ্রে যায়।

অগ্রজ—বিণ (অগ্র —জন্— কর্ত্তৃ —ড) অগ্রেজাত, জ্যেষ্ঠ। বি, পুং; ব্রাহ্মণ।

অগ্রজন্মা— (জন্মন্) বি পুং; ব্রাহ্মণ। ব্রহ্মা বিণ; অগ্রজাত।

অগ্রণী— বিণ (অগ্র—নী— কর্ম্ম—ক্বিপ্) প্রধান। শ্রেষ্ঠ।

অগ্রতঃ—(তস্) অব্য; অগ্রে। সম্মুখে। প্রথমে।

অগ্রদানী (নিন্)— বি, পুং (অগ্র—দান— ইন্) প্রেতোদ্দেশে দত্ত বস্তু যে গ্রহণ করে, পতিত ব্রাহ্মণ।

অগ্রপর্ণী— বি. স্ত্রী অজলোমাবৃক্ষ, আলকুশী।

অগ্রপশ্চাৎ—অব্য, বিণ; পূর্ব্বাপর, আগে পাছে।

অগ্রপাণিঃ—বি, পুং; হস্তাগ্র। দক্ষিণ হস্ত।

অগ্রভূমিঃ—বি, স্ত্রী; প্রধান আশ্রয়।

অগ্রমাংসম্—ক্লী; অগ্রমাস রোগ বিশেষ, যকৃতের বৃদ্ধি। হৃদয়।

অগ্রযানম্—বি. ক্লী, অগ্রগামী সৈন্য।

অগ্রযায়ী—(য়িন্) বিণ (অগ্র —যা—কর্ত্তৃ— ণিন্) অগ্রগামী। শ্রেষ্ঠ। স্ত্রী; য়িনী।

অগ্রসন্ধ্যা—বি, স্ত্রী; প্রথম সন্ধ্যা, উষা।

অগ্রসর—বিণ (অগ্র —সৃ—কর্ত্তৃ—ট) অগ্রগামী। শ্রেষ্ঠ। স্ত্রী; রী।

অগ্রসূচনা—বি, স্ত্রী; প্রথমে সঙ্কেত বা চিহ্নাদি দ্বারা জানান।

অগ্রহঃ—বি. পুং. পরিগ্রহের অভাব।

অগ্রহস্তঃ—বি, পুং; হস্তের অগ্রভাগ, পাণি। দক্ষিণ হস্ত।

অগ্রহায়ণঃ—বি, পুং; হেমন্ত ঋতুর প্রথম মাস। (অগ্র-প্রথম, হায়ন বৎসর) এ সময় উৎকৃষ্ট ধান্য হয় বলে একে বৎসরের প্রথম মাস বলা হত।

অগ্রহায়ণী—বি. স্ত্রী, মৃগশিরা নক্ষত্র।

অগ্রহারঃ— বি. পুং ব্রহ্মচারী, ব্রহ্মোত্তর ভূমি।

অগ্রাহ্য—বিণ; গ্রহণের অযোগ্য, হেয়, অশ্রদ্ধেয়।

অগ্রিম/অগ্রীয়—বিণ (অগ্র-ডিম/অগ্র-ছ) অগ্রেজাত, প্রথম।

অগ্রে-দিধিষুঃ—বি, পুং; দ্বিতীয় বার বিবাহিত স্ত্রীর পতি। (অগ্রেদিধিষূ) স্ত্রী; জ্যেষ্ঠা ভগিনী অবিবাহিতা থাকতে যিনি বিবাহিত।

অগ্রেবণম্—বি, ক্লী; বনের অর্থাৎ বৃন্দাবনের অগ্রভাগ। আগ্রা নগর।

অগ্র্য—বিণ (অগ্র-য) আদ্য। শ্রেষ্ঠ। পুং জ্যেষ্ঠ ভ্রাতা।

অঘম্—বি, ক্লী (অঘ - অচ্) পাপ। দুঃখ। ব্যসন। দোষ। পুং; কংসানুচর অসুর বিং।

অঘটনম্—বিণ, (ন-ঘট-কর্ত্তৃ-অন) অসম্ভব, যাহা ঘটেনা।

অঘোরঃ— বি, পুং; শিব। বিণ; যে ভয়ঙ্কর নহে, শান্ত। স্ত্রী— আ— ভাদ্রমাসের কৃষ্ণা চতুর্দ্দশী।

অঘোরপন্থী— শিবভক্ত সম্প্রদায় বিং। অধুনা কুপথগামী এরূপ অর্থেও ব্যবহৃত হয়।

অঘোষঃ—পুং. বর্ণোচ্চারণের বাহ্য প্রযত্ন বিশেষ্।

অঘ্ন্য—বি. পুং (ন-হন্- যক্) প্রজাপতি ব্রহ্মা। বিণ. ত্রি. বধের অযোগ্য।

অঙ্কঃ—বি, পুং (অন্ক- কর্ম্ম-অচ্) চিহ্ন। ক্রোড়। সমীপ। সংখ্যাসংস্থান। নয়সংখ্যা। রেখা। নাটকের পরিচ্ছেদ। শরীর। চিত্রযুদ্ধ। ভূষণ। দৃশ্য কাব্য বিং।

অঙ্কগত—বিণ; ক্রোড়স্থিত, সমীপবর্ত্তী।

অঙ্কতন্ত্রম্—বি, ক্লী; অঙ্কশাস্ত্র, পাটীগণিত, বীজগণিত, ক্ষেত্রব্যবহারাদি।

অঙ্কতিঃ—বি. পু. ব্রহ্মা। অগ্নি। অগ্নিহোত্রী।

অঙ্কনম্—বি, ক্লী (অন্ক—ভাবে—ল্যুট্) চিহ্ন করণ। সংখ্যালিখন।

অঙ্কপাতঃ—বি, পুং; অঙ্ক স্থাপন, আঁকরাখা।

অঙ্কপালিকা—বি, স্ত্রী; যে ক্রোড়ে করিয়া শিশুকে পালন করে,ধাত্রী।

অঙ্কপালী(লি)—বি, স্ত্রী; আলিঙ্গন, ধাত্রী।

অঙ্কশাস্ত্রম্—বি, ক্লী; পাটীগণিত, বীজগণিত, ক্ষেত্রব্যবহার প্রভৃতি।

অঙ্কস্থ—বিণ (অন্ক—স্থা —কর্ত্তৃ) চিহ্নিত। গণিত। লক্ষিত।

অঙ্কুরঃ—বি, পুং (অন্ক—কর্ত্তৃ—উর) অভিনব জাত উদ্ভিদ্। রুধির। জল। লোম।

অঙ্কুরকঃ—বি. পুং (অন্চ - খুরচ্ - ক) পাখীর বাসা।

অঙ্কুরিত—বিণ (অঙ্কুর—ইত) যার অঙ্কুর হয়েছে। জাতাঙ্কুর।

অঙ্কুশঃ (ষ)—বি, পুং ক্লী (অন্ক - উশ, উষ) হস্তীর তাড়ন দন্ড, ডাঙ্গশ। বিণ; যার দ্বারা নিবারণ করা হয়, নিবারক।

অঙ্ক্যঃ—বি.পুং (অন্ক - যৎ) মৃদঙ্গ বিশেষ। যা কোলে রেখে বাজান হয়।

অঙ্গম্—বি, ক্লী (অন্জ - কর্ম্ম - অচ্) অবয়ব। শরীর। উপায়। বৌদ্ধশাস্ত্র বিং। বেদাঙ্গ অর্থাৎ শিক্ষা প্রভৃতি ছয় প্রকার শাস্ত্র। অব্য; সম্বোধন। স্বীকার। পুং, বহু; দেশ বি, বিহার, ভাগলপুর প্রদেশ, বিণ; অপ্রধান, প্রধান কার্য্যের আনুষঙ্গিক কার্য্য।

অঙ্গগ্রহঃ—বি, পুং; গাত্রবেদনা।

অঙ্গজঃ—বি, পুং (অঙ্গ - জন - কর্ত্তৃ-ড) পুত্র। কন্দর্প। রোগ। কেশ। ক্লী; রক্ত। বিণ; শরীরোৎপন্ন।

অঙ্গদ—বি, পুং (অঙ্গ-দে বা দৈ, কর্ত্তৃ ড) বালিরাজার পুত্র। ক্লী; কেয়ূর, বাজু। স্ত্রী, দা—দক্ষিণ দিকস্থিত হস্তিনী।

অঙ্গনম্—(ণ) বি, ক্লী (অন্গ-অধি-ল্যুট্) চত্বর, উঠান।

অঙ্গনা—বি, স্ত্রী (অঙ্গ-ন-আপ্) নারী। কন্যারাশি। উত্তর দিকের হস্তিনী।

অঙ্গন্যাসঃ— বি, পুং; মন্ত্রোচ্চারণ-পূর্ব্বক হস্ত দ্বারা হৃদয়াদি স্থান স্পর্শ।

অঙ্গপ্রত্যঙ্গম্—বি, ক্লী; শরীরের সকল অবয়ব।

অঙ্গপ্রায়শ্চিত্তঃ—বি, ক্লী; অশৌচান্তে দেহশুদ্ধির নিমিত্ত কর্ত্তব্য প্রায়শ্চিত্ত বিং।

অঙ্গমর্দ —
অঙ্গমর্দ্দক—বিণ; সেবক, যে চাকর হাত পা টিপিয়া দেয়।

অঙ্গরক্ষণী—(অঙ্গ— রক্ষ —করণ— ল্যুট্—ঈপ্)
অঙ্গরক্ষিণী— (অঙ্গ—রক্ষ—কর্ত্তৃ —ণিন্—ঈপ্) বি, স্ত্রী; গাত্রবস্ত্রবিশেষ, আঙরাখা। সাঁজোয়া।

অঙ্গরাগঃ—বি, পুং; বিলেপন দ্রব্য। কুঙ্কুমাদিদ্বারা অঙ্গলেপন।

অঙ্গরাজঃ—বি, পুং (অঙ্গ—রাজন্—টচ্) অঙ্গদেশের রাজা, কর্ণ।

অঙ্গরুহঃ—বি, পুং (অঙ্গ—রুহ —কর্ত্তৃ - ক) লোম, পশম, পালক।

অঙ্গবিক্ষেপঃ—বি, পুং; নৃত্যাদিকালে অঙ্গচালনা, অঙ্গভঙ্গী।

অঙ্গবৈগুণ্যম্—বি, ক্লী; অঙ্গহীনতা।

অঙ্গসংস্কারঃ—বি, পুং; সাজান, গাত্রমার্জ্জনা, চন্দনাদি দ্বারা অঙ্গের ভূষণ, পরিকর্ম্ম, প্রতিমূর্ত্তির বিলুপ্ত অঙ্গাদির পুনরায় নবীকরণ।

অঙ্গসৌষ্ঠবম্—বি, ক্লী; অঙ্গের সৌন্দর্য্য।

অঙ্গহারঃ—বি, পুং অঙ্গবিক্ষেপ। অঙ্গ ভঙ্গী।

অঙ্গহীন—বিণ; বিকলাঙ্গ, অঙ্গরহিত।

অঙ্গাঙ্গিভাবঃ—বি, পুং; গৌণমুখ্যভাব, স্বপরবিবেচনা।

অঙ্গার—বি, পুং, ক্লী (অন্গ —কর্ত্তৃ— আরন্) কয়লা। পুং; মঙ্গল গ্রহ।

অঙ্গারকমণিঃ—বি, পুং; প্রবাল।

অঙ্গারধানী—
অঙ্গারধানিকা—বি, স্ত্রী; অগ্নিরাখিবার পাত্র, ধুনচী, আগুন-মালসা।

অঙ্গার মঞ্জরী—বি. স্ত্রী. রক্তবর্ণ করমচা বৃক্ষ।

অঙ্গিরা—(রস্) বি, পুং; ব্রহ্মার মানসপুত্র, সপ্তর্ষির মধ্যে একজন ঋষি।

অঙ্গী—(অঙ্গিন্) বিণ (অঙ্গ—ইন্) শরীরী। প্রধান।

অঙ্গীকারঃ—বি, পুং (অঙ্গ—চ্বি—কৃ—যোগে— ঘঞ্) প্রতিজ্ঞা, স্বীকার।

অঙ্গীকৃত—বিণ (অঙ্গ —চ্বি— কৃ—কর্ম্ম—ক্ত) প্রতিজ্ঞাত, স্বীকৃত।

অঙ্গুরিঃ—(রী) স্ত্রী (অঙ্গ- উলি) পায়ের বৃদ্ধাঙ্গুষ্ঠ।

অঙ্গুরীয়—(ক) বি, ক্লী (অঙ্গুরি—ছ) অঙ্গুলিভূষণ, আঙ্গুটি।

অঙ্গুলঃ—বি, পুং (অন্‌গ—করণ—উল) অঙ্গুষ্ঠ! বাৎস্যায়ন মুনি। আটটি যব সারি সারি রাখিয়া তাহাদের মধ্যভাগের পরিমাণ।

অঙ্গুলিঃ (লী)— বি, স্ত্রী (অন্‌গ—করণ—উলি) আঙ্গুল। গজকর্ণিকার বৃক্ষ।

অঙ্গুলিত্রম্ —ক্লী. (অঙ্গুলি—ত্রৈ—কর্ত্তৃ—ড)

অঙ্গুলিত্রাণম্—(অঙ্গুলি—ত্রৈ—করণ-ল্যুট্) বি, ক্লী; অঙ্গুলিবদ্ধ চর্ম। দস্তানা। দরজীর আংগ্রা।

অঙ্গুলিমুদ্রা—বি, স্ত্রী; স্বনামাঙ্কিত অঙ্গুরীয়ক।

অঙ্গুলিমোটনম্—বি, ক্লী; অঙ্গুলিদ্বয়ের মর্দ্দনজাত শব্দ, আঙ্গুল মটকান।

অঙ্গুষ্ঠঃ—বি, পুং (অঙ্গু—স্থা— কর্ত্তৃ -ড) বৃদ্ধাঙ্গুলি।

অঙ্ঘঃ—বি. ক্লী (অন্‌ঘ - অস্) পাপ।

অঙ্ঘ্রিঃ— বি, পুং (অন্‌ঘ—করণ —রি) চরণ। বৃক্ষমূল। কোন বস্তুর চতুর্থাংশ।

অঙ্ঘ্রিপঃ— বি, পুং (অঙ্ঘ্রি—পা—কর্ত্তৃ —ড) বৃক্ষ।

অচণ্ডী—বি. স্ত্রী, শান্তগাভী।

অচর—বিণ (ন —চর) স্থাবর বৃক্ষপর্ব্বতাদি।

অচলঃ—বি, পুং (ন—চল) পর্ব্বত। শঙ্কু, গোঁজ। বিণ; যে চলিতে পারে না।

অচলাত্বিষ্—বি. পুং কোকিল। ত্রি. যার কান্তি স্থির থাকে।

অচলা—বি, স্ত্রী; পৃথিবী।

অচিকিৎসনীয়—

অচিকিৎস্য—(ন—কিৎ—সন্—কর্ম্ম—অনীয়, য) বিণ, যার চিকিৎসা নাই , অপ্রতিবিধেয়।

অচিন্তনীয়—

অচিন্ত্য— (ন—চিন্তা—কর্ম্ম—অনীয়, য) বিণ; যা চিন্তা করা যায় না, চিন্তাতীত।

অচির—বিণ; যা দীর্ঘ নয়, অল্প। অবিলম্ব, শীঘ্র।

অচিরদ্যুতিঃ—

অচিরপ্রভা—বি, স্ত্রী; বিদ্যুৎ।

অচিরস্থায়ী—(য়িন্) বিণ (ন —চির—স্থা —কর্ত্তৃ —নিন্) যাহা দীর্ঘকাল থাকে না, ক্ষণিক।

অচিরাংশুঃ—বি, স্ত্রী; বিদ্যুৎ।

অচিরাৎ— অব্য; অবিলম্ব, শীঘ্র।

অচিরাভা—বি, স্ত্রী, বিদ্যুৎ।

অচেতন —

অচৈতন্য—বিণ; চেতনাশূন্য, জড়।

অচ্ছ—বিণ (ন —ছো— কর্ত্তৃ—ড) নির্ম্মল। বি, পুং; ভল্লুক। স্ফটিক। অব্য; সম্মুখ।

অচ্ছক্রম্— বি, ক্লী; অরাজক রাজ্য।

অচ্ছভল্লঃ—বি, পুং; ভালুক।

অচ্ছিদ্র— বিণ; ছিদ্ররহিত। নির্দোষ।

অচ্ছিদ্রাবধারণম্—বি, ক্লী; সমাপ্তকার্য্যে কোনরূপ অঙ্গহানি হয় নাই, এরূপ নির্দ্ধারণ।

অচ্ছোদম্— বি, ক্লী; হিমালয় প্রদেশস্থ সরোবর বিং। বিণ; নির্ম্মল জল বিশিষ্ট।

অচ্যুতঃ—বি, পুং (ন—চ্যুত —কর্ত্তৃ —ক) নাই চ্যুতি বা ক্ষরণ যাহার, বহুব্রী) বিষ্ণু। বিণ; বিনাশরহিত। অচঞ্চল।

অচ্যুতাগ্রজঃ—বি, পুং; বলরাম। ইন্দ্র।

অজঃ—বি, পুং (ন—জন্—কর্ত্তৃ —ড) যার জন্ম নাই, ব্রহ্মা, বিষ্ণু, শিব। রঘুর পুত্র। (অজ—কর্ত্তৃ—অচ্) ছাগ। স্ত্রী; অজা—ছাগী।

অজগরঃ—বি, পুং (অজ —গ— কর্ত্তৃ - অন্) বৃহৎ সর্প, যে সর্প ছাগল গিলিতে পারে।

অজগবম্—বি, ক্লী (অজগ—বা —ড) শিবের ধনুক, পিণাক।

অজটা—বি. স্ত্রী ভুঁই আমলা বৃক্ষ।

অজড়া—বি. স্ত্রী. আলকুশী নামক বৃক্ষবিশেষ।

অজথ্যা—বি. স্ত্রী (অজ - থান্ - টাপ্) ছাগসমূহ।

অজননিঃ—বি, স্ত্রী; অনুৎপত্তি।

অজপ—বিণ (অজ—পা —কর্ত্তৃ —ড) ছাগপালক। কুপাঠক।

অজপা—বি, স্ত্রী (ন —জপ —কর্ম্ম—অল্) হংসঃ, এই মন্ত্র, জপের নিয়মে জপ করা হয় না, কিন্তু শ্বাস প্রশ্বাস দ্বারা সর্ব্বদাই জপ করা হইয়া থাকে।

অজপাদঃ— বি, পুং; একাদশরুদ্রের অন্তর্গত রুদ্র বিং। পূর্ব্বভাদ্রপদ নক্ষত্র।

অজভক্ষঃ—বি. পু (অজ - ভক্ষ্ - ঘঞ্) বাবুই নামক বৃক্ষ।

অজমীঢ়ঃ—বি, পুং (অজ—মিহ্—কর্ম্ম —ক্ত) যুধিষ্ঠির। আজমীরদেশ।

অজমুখঃ—বি, পুং; দক্ষ প্রজাপতি।

অজয্য — বিণ (ন—জি—য— নিপা) যা জয় করিতে পারা যায় না। অজেয়, অপরাভবনীয়।

অজর্য্যম্—বি,ক্লী (ন —জৃ—কর্ত্তৃ—য— নিপা) সৌহার্দ্য।

অজবীথী—বি. স্ত্রী ছায়াপথ।

অজস্র—বিণ (ন —জস—কর্ত্তৃ—র) নিরন্তর, অবিরত।

অজাজীব—বিণ (অজ—আজীব) ছাগব্যবসায়ী।

অজাতশত্রুঃ—বি, পুং; রাজাযুধিষ্ঠির। সৌজন্যবশতঃ শত্রুপক্ষও তাঁর প্রতি অনুরাগ প্রকাশ করিত এই হেতু তাঁহাকে অজাতশত্রু বলা হয়।

অজাদনী—বি. স্ত্রী. বৃক্ষবিশেষ।

অজানি—বিণ; পুং. (ন-জায়া-নিঙ্) স্ত্রীরহিত।

অজানেয়ঃ—বি. পুং (অজ্ - আ - নী - যৎ) উত্তমঅজ।

অজাপ্রিয়া—বি. স্ত্রী. কুলগাছ।

অজিঃ—বি. পুং (অজ্ - ই) তেজ, ত্রি. গতিমান।

অজিতঃ—বি, পুং; বিষ্ণু। শিব। বুদ্ধ। বিণ; অপরাজিত।

অজিনম্—বি, ক্লী (অজ —কর্ম্ম —ইন) চর্ম্ম। ব্রহ্মচারী প্রভৃতির ধারণ যোগ্য কৃষ্ণসার মৃগাদির চর্ম্ম।

অজিনপত্রা—বি, স্ত্রী; চামচিকি।

অজিনফলা—স্ত্রী. ট্যাপারী নামক বৃক্ষবিং।

অজিরম্—বি, ক্লী (অজ —অধি—কির) প্রাঙ্গণ, উঠান।

অজিহ্ম—বিণ। অবক্র, সরল। .

অজিহ্মগঃ—বি, পুং (ন—জিহ্ম —গম —কর্ত্তৃ —ড) বাণ। বিণ; সরলগামী।

অজীর্ণম্—বিং, ক্লী; অপাকরোগ। বিণ; যাহা জীর্ণ হয় না।

অজেয়—বিণ (ন— জি—য) অপরাভবনীয়। দুর্জয়।

অজ্ঞ—বিণ (ন —জ্ঞা—কর্ত্তৃ —ক) জ্ঞানহীন, মূর্খ।

অজ্ঞাত—বিণ; অবিদিত, যা জানা হয় নাই।

অজ্ঞান—বিণ; জ্ঞানশূন্য। বি, ক্লী; মায়া। জ্ঞানাভাব। অবিদ্যা।

অঞ্চলঃ—বি, পুং (অঞ্চ —কর্তৃ—অল) বস্ত্রের প্রান্তভাগ, আঁচল। প্রদেশ।

অঞ্চিত—বিণ (অঞ্চ —কর্ম্ম—ক্ত) পূজিত। ভূষিত। খ্যাতি। আকুঞ্চিত, বক্রীকৃত।

অঞ্জন—বি, ক্লী (অন্জ—করণ—ল্যুট্) কজ্জল। মসী। রসাঞ্জন ধাতুবিং। (ভাবে) ম্রক্ষণ, মাখান। (পুং; কর্ত্তৃ -অন) পর্ব্বত বিং। পশ্চিম দিকের হস্তী।

অঞ্জনা—বি, স্ত্রী; হনুমানের মাতা।

অঞ্জনাবতী—ঈশানকোণ হস্তিনী। উত্তর-দিগ্‌হস্তিনী।

অঞ্জনী—স্ত্রী, কুঙ্কুম।

অঞ্জলিঃ—বি, পুং (অন্জ —অধি—অলি)যুক্তপাণিদ্বয়, করপুট, আঁজলা। পরিমাণ বিং।

অঞ্জসা—অব্য, শীঘ্র। যথার্থ।

অঞ্জীরম্—বি, ক্লী; পেয়ারা।

অটনিঃ (নী)—বি, স্ত্রী (অট -অনি) ধনুকের অগ্রভাগ।

অটরুষঃ—বি. পু. বাসকবৃক্ষ।

অটল—বিণ (ন —টল —কর্ত্তৃ—অন্) অচঞ্চল, স্থির।

অটবিঃ (বী)—বি, স্ত্রী (অট —অধি —অবি) অরণ্য।

অটবিকঃ—বি .পুং, যে বনে ভ্রমণ কা কার্য করে।

অটাটা—(অট —যঙ্ —ভাবে —অ)

অটাট্যা—(অট—যঙ্—ভাবে —ক্যপ্) বি, স্ত্রী; পর্য্যটন, ভ্রমণ।

অট্ট— বি, পুং (অট্ট—কর্ত্তৃ —অন্) অট্টালিকা। প্রাচীরের উপরিস্থ সৈন্যগৃহ। বিণ; উচ্চ। ক্লী; অন্ন।

অট্টট্ট—অব্য; অতিশয় উচ্চ।

অট্টহাসঃ— বি, পুং উচ্চহাস্য।

অট্টহাসকঃ—বি. পুং শুভ্রকুন্দ পুষ্প।

অট্টালিকা— বি, স্ত্রী; ইষ্টকাদি নির্ম্মিত উত্তম গৃহ, রাজভবন।

অণক—(নক) বিণ; কুৎসিত, অধম।

অণব্য—বি. ত্রি. সর্ষপাদি উৎপাদনের ক্ষেত্র।

অনিঃ (ণী)—বি, স্ত্রী (অন—ই) চক্রের ধুরার অগ্রস্থিত খিল। সূচ্যাদির অগ্রভাগ।

অণিমা—(মন্) বি, পুং (অণু —ইমন্) সূক্ষ্ম পরিমাণ, অণুত্ব। বিভুর ঐশ্বর্য্য বিং।

অণীয়স্—বিণ. ত্রি (অণু - ঈয়স্) অতিসূক্ষ্ম।

অণু—বিণ; সূক্ষ্ম, ক্ষুদ্র।

অণুক—বিণ. ত্রি সূক্ষ্ম অংশ , নিপুণ।

অণুবীক্ষণম্— বি, ক্লী; যন্ত্র বিং , যাহার দ্বারা সূক্ষ্ম বস্তু বড় দেখায়।

অণুব্রীহিঃ— বি, পুং । সূক্ষ্মধান্য, ...নধান্য।

অণুভা— বি. স্ত্রী বিদ্যুৎ।

অন্ডম্—বি. ক্লী (অন্ -ড) ডিম্ব । মুষ্ক। শুক্র। মৃগনাভি।

অন্ডকোষঃ (শঃ)—বি. পুং; মুষ্ক।

অন্ডজ—বিণ (অন্ড—জন্— ড) ডিম্বজাত। পুং; সর্প। মৎস্য পক্ষী। কৃকলাস। স্ত্রী, মৃগনাভি।

অণ্ডালুঃ—বি. পুং ডিম্ববিশিষ্ট মৎস্য।

অন্তীর—বিণ. বলবানপুরুষ, সমর্থ।

অতএব—অব্য; এই হেতু।

অতটঃ—বি, পুং; পর্ব্বতের সমতল বিহীন উচ্চ স্থান।

অতনু—বিণ; প্রচুর। শরীরবিহীন। বি, পুং; কন্দর্প।

অতন্দ্র—(ন—তন্দ্রা)

অতন্দ্রিত—বিণ (ন—তন্দ্র—ইত) বিণ; তন্দ্রাশূন্য। অনলস। সতর্ক।

অতর্কিত—বিণ (ন —তর্ক—ক্ত) ...চিন্তিত, অবিবেচিত। হঠাৎ।

অতল—বিণ; অসীম। গভীর। বি, পুং ; ১ম পাতাল।

অতলস্পর্শ—বিণ; যার তল স্পর্শ করিতে পারা যায় না, অতি গভীর।

অতঃ—(অতস্) অব্য (এতদ্—তস্ —নিপা) এই হেতু।

অতসঃ—বি. পু. (অত-অসচ্) বায়ু।

অতসী—বি, স্ত্রী; বৃক্ষ বিং, মশিনা গাছ। শণবৃক্ষ, ইহার পুষ্প পীতবর্ণ।

অতি—অব্য; অতিশয়। অতিক্রম। প্রশংসা। পূজা।

অতিকথ—বিণ. ত্রি. বলার অযোগ্য, অশ্রদ্ধেয়।

অতিকন্দকঃ—বি. পুং. বৃক্ষবিশেষ।

অতিকায়ঃ—বি, পুং; রাবণপুত্র। বিণ; বৃহৎশরীর।

অতিকৃতিঃ—বি. স্ত্রী, অত্যন্ত কষ্ট।

অতিক্রমঃ—বি, পুং; উল্লঙ্ঘন। অধিক হওয়া। অনাদর। বিপর্য্যয়।

অতিক্রান্ত—বিণ; অতীত। লঙ্ঘিত। অনাদৃত।

অতিগন্ধঃ—বি.পুং; চম্পক বৃক্ষ।

অতিচরা—বি. স্ত্রী. বৃক্ষবিশেষ।

অতিচারঃ—বি. পুং; গ্রহগণের স্বস্ব রাশির ভোগকাল সম্পূর্ণ না হইতেই অন্যরাশিতে গমন।

অতিচ্ছত্রঃ—বি, পুং ব্যাঙের ছাতা।

অতিজগতী (তি)—ছন্দোবিশেষ।

অতিজব—বিণ. ত্রি; দ্রুতগামী।
অতিথিঃ—বি, পুং (অত্ - কর্ত্তৃ—ইথিন্) অজ্ঞাতপূর্ব্ব গৃহাগত ব্যক্তি। আগন্তুক, অভ্যাগত। কুশরাজার পুত্র। বিণ; গোচর।
অতিথিসৎকারঃ —বিং, পুং; অতিথিসেবা।
অতিদেশঃ—বি. পুং; অন্যধর্মের অন্যত্র আরোপ।
অতিপতনম্—বি. ক্লী; অতিক্রম।
অতিপত্তিঃ—বি, স্ত্রী (অত —পদ্ —ক্তি) অনিষ্পত্তি।
অতিপাতঃ—বি. ক্লী. অতিক্রম, ব্যাঘাত, কর্তব্যকর্মে অনাস্থা।
অতিপাতকম্—বি. ক্লী. নববিধ পাপের মধ্যে গুরুতর পাপ। মাতা, কন্যা ও পুত্রবধূ-গমনজন্য পাপ।
অতিপত্রঃ—বি. পুং—ইন্দ্রিয়াতীত বিষয়ে প্রশ্ন। বৃক্ষ বিং।
অতিপ্রসঙ্গঃ—বি, পুং (অতি —প্র—সন্জ—ঘঞ্) অতিশয় আসক্তি। বাহুল্য, বিস্তার।
অতিবল—ত্রি. অতিবলবান্। ক্লী, সমসামর্থ্য, সৈন্য।
অতিবলা—বি, স্ত্রী; অস্ত্রবিদ্যা বিং, বিশ্বামিত্র রামকে যে বিদ্যা দান করেন।
অতিভূমিঃ—বি, স্ত্রী; আধিক্য।
অতিমাত্র—বিণ; অতিশয়।
অতিমুক্ত—বিণ; আসক্তিরহিত। কৈবল্যপ্রাপ্ত।
অতিরথঃ—বি, পু; বীরপুরুষ বি, একাকী অসংখ্য শত্রুর সহিত সংগ্রামে সমর্থ।
অতিরাত্রঃ—বি. পুং, যজ্ঞবিশেষ।
অতিরিক্ত—বিণ (অতি —রিচ—ভাবে —ক্ত) আধিক্য। ভেদ. প্রাধান্য।
অতিরোগঃ—বি. পুং ক্ষয়রোগ।
অতিলঙ্ঘনম্—বি, ক্লী; অতিক্রম।
অতিবর্ত্তনম্—বি, ক্লী (অতি—বৃত —ভাবে—ল্যুট্) নিন্দাবাদ।
অতিবর্তী (র্তিন্)—বিণ. ত্রি. আক্রমনকারী
অতিবাদঃ—বি. পু; অত্যুক্তি, অপ্রিয় উক্তি, কঠোরবাক্য।
অতিবাহনম্—বি, ক্লী; (অতি—বহ—ণিচ্—ভাবে —ল্যুট্) অতিক্রম করা, যাপন, কাটান।
অতিবাহিত—বিণ (অতি —বহ—ণিচ্— কর্ম্ম —ক্ত) যাপিত।
অতিবিকটঃ—বি. পুং দুষ্টহস্তী। ত্রি. অতিকরাল।
অতিবৃত্ত—বিণ. উদ্বৃত্ত। অতিক্রান্ত।
অতিবৃষ্টিঃ—বি. স্ত্রী. অধিকবর্ষণ।
অতিব্যাপ্তিঃ—বি. স্ত্রী. অলক্ষ্যে লক্ষণ-গমন।
অতিশক্করী— বি. স্ত্রী পঞ্চদশাক্ষর বিশিষ্ট বৈদিক ছন্দ।
অতিশয়ঃ—বি. পুং (অতি—শী—ভাবে অল্) আধিক্য। বিণ; অধিক।
অতিশয়িত—বিণ (অতিশয়—ইত) অধিক।
অতিশয়োক্তিঃ—বি, স্ত্রী; কাব্যালঙ্কার বিং, উপমেয়কে উপমান রূপে নির্দ্দেশ।
অতিশায়নম—বি, ক্লী; আধিক্য।

অতিশায়ী—(য়িন্) বিণ; যাহা অধিক হয়। অতিরিক্ত। প্রকৃষ্ট।
অতিসক্তিঃ—বি. স্ত্রী. ঘনিষ্ঠ সম্পর্ক, অতি আসক্তি।
অতিসন্ধানম্—বি, ক্লী; বঞ্চনা, ঠকান।
অতিসর্পঃ—বি. পুং— দান, উৎসর্গ।
অতিসর্জ্জনম্—বি, ক্লী (অতি —সৃজ —ল্যুট) দান, ত্যাগ। বধ। নিয়োগ।
অতি (তী) সারঃ—বি, পুং (অতি—সৃ —ভাবে —ঘঞ্) উদরাময়।
অতিসারকী(কিন্)— বিণ অতিসার-রোগগ্রস্ত।
অতিসৃষ্ট—বিণ (অতি —সৃজ —কর্ম্ম —ক্ত) দত্ত, ত্যক্ত।
অতিসৌরভঃ—বি, পুং ; সুগন্ধ বিশিষ্ট আম্র বিণ; অতিশয় সুগন্ধ।
অতিহসিতম্— বি, ক্লীং অতিশয় হাস্য।
অতিহাসঃ—বি, পুং , অতিশয় হাস্য।
অতীত—বিণ (অতি—ই—কর্ত্তৃ —ক্ত) গত। অতিক্রান্ত।
অতীন্দ্রিয়—বিণ; যাহা ইন্দ্রিয়ের অগোচর, ইন্দ্রিয়াতীত।
অতীব—অব্য; অত্যন্ত।
অতুল (ল্য)—বিণ; যার তুলনা নাই, অনুপম।
অতৃপ্তিঃ—বি. স্ত্রী. অসন্তোষ।
অতেজঃ— বি. পুং তেজহীন, ছায়া।
অত্তা—স্ত্রী, (নাটোক্তিতে) মাতা ও শ্বশ্রূ।
অত্তিঃ (কা)—স্ত্রী (নাটোক্তিতে) জ্যেষ্ঠা ভগিনী।
অত্নঃ/অত্নুঃ—বি. পুং (অৎ - ন/নু) সূর্য।
অত্যন্তম্—ক্লী. অধিক, অতিশয়।
অত্যন্ত সংযোগঃ—পুং, ব্যাপ্তি।
অত্যন্তাভাবঃ—পুং; সম্পূর্ণ অভাব।
অত্যন্তীন—বিণ. ত্রি (অত্যন্ত - খ) অত্যন্ত গতিশীল। অধিক।
অত্যয়ঃ—বি, পুং (অতি —ই—ভাবে—অচ্—বিনাশ । অপচয়। দোষ। দন্ড। দুঃখ।
অত্যর্থম্—বিণ; ক্লী. অধিক।
অত্যল্প—ত্রি. যৎকিঞ্চিৎ।
অত্যষ্টিঃ—স্ত্রী, সপ্তদশাক্ষর বৈদিক ছন্দ।
অত্যাচারঃ—বি, পুং; অন্যায় আচরণ। উপদ্রব।
অত্যাধানম্—বি. ক্লীং অতিক্রম।
অত্যারূঢ়—বিণ. (অতি —অ—রুহ—কর্ত্তৃ—ক্ত) অতিশয় বৃদ্ধিযুক্ত।
অত্যারূঢ়িঃ—বি, স্ত্রী (অতি —আ—রুহ—ভাবে ক্তি) অতি বৃদ্ধি।
অত্যাহিতম্—বি, ক্লী (অতি —আ—ধা—ভাবে—ক্ত) অমঙ্গল। মহাভয়।
অত্যুক্তিঃ—বি, স্ত্রী; অত্যন্ত বাড়াইয়া বলা।
অত্যুক্থা—স্ত্রী; দুই অক্ষর বিশিষ্ট বৈদিক ছন্দ।
অত্যূহঃ—পুং অতিশয় বিতর্ক।
অত্যূহা—বি. স্ত্রী; শেফালিকা।
অত্র—অব্য; এইখানে।
অত্রত্য—বিণ; (অত্র —ত্যপ্) এতৎ স্থানীয়, এখানকার।
অত্রভবৎ—ত্রি. মান্য, পূজ্য। স্ত্রী-তী।

অত্রিঃ—বি, পুং (অদ্—ত্রিপ্) সপ্তর্ষির অন্তর্গত মুনি বিং, চন্দ্রের পিতা।

অত্রিজঃ—(অত্রি—জন —ড)
অত্রিজাতঃ—(অত্রি—জন —ক্ত) বি, পুং; চন্দ্র। বিণ; অত্রিপুত্র।

অথ— অব্য; অনন্তর। মঙ্গল। আরম্ভ।

অথো—অব্য. প্রশ্ন। পক্ষান্তর। অনুজ্ঞা। প্রকরণ। সমুচ্চয়। সাকল্য।

অথকিম্—অব্য. স্বীকার, হ্যাঁ।

অথচ—অব্য; আরও

অথর্ব্ব— (র্ব্বন) বি, ক্লী; চতুর্থবেদ। পুং মুনি বিং।

অথর্বণি—বিণ. পুং অথর্ববেদজ্ঞ।

অথবা—অব্য; পক্ষান্তর।

অদত্ত—বি. ত্রি; যাহা দেওয়া হয়নি।

অদত্ত—বিণ. স্ত্রী; অবিবাহিতা।

অদনম্—বি, ক্লী (অদ্ —ভাবে—ল্যুট্) ভক্ষণ।

অদভ্র—বিণ; (ন-দম্ভ-রক্) অধিক।

অদর্শনম্—বি, ক্লী; দর্শনাভাব, বিনাশ। অভাব, লোপ।

অদস্—(মূল শব্দ) দূরস্থ, ঐ, উহা, উনি, ও।

অদাহ্য—বিণ. ত্রি. দাহের অযোগ্য।

অদিতিঃ—বি, স্ত্রী; কশ্যপপত্নী, দেবমাতা।

অদিতি নন্দনঃ—বি. পুং দেবতা।

অদীন—বিণ. ত্রি. ধনী, অকাতর।

অদৃষ্ট—বি, ক্লী; ধর্ম্মাধর্ম্ম। বিণ; অনবলোকিত।

অদৃষ্টচর —
অদৃষ্টপূর্ব্ব—বিণ; যা পূর্ব্বে দৃষ্ট হয় নাই।

অদৃষ্টিঃ—বি, স্ত্রী; বক্রদৃষ্টি। সরোষদৃষ্টি। দৃষ্টিশূন্য।

অদেবমাতৃকঃ— পু; নদীমাতৃক দেশ।

অদ্ধা—অব্য; যথার্থ, ঠিক।

অদ্ভুত—বি, ক্লী; আশ্চর্য, বিস্ময়। বিণ; আশ্চর্য্যজনক। পুং; কাব্যে রসবিং।

অদ্মনিঃ—বি. পুং (অদ্ - মনিন্) অগ্নি।

অদ্মর—বিণ্ ত্রি (অদ্ - ক্মরচ্) ভোজনপ্রিয়।

অদ্য—অব্য; বর্ত্তমান দিবস, আজ, এখন।

অদ্যতন—বিণ (অদ্য —ষ্টন) আজ যা ঘটিয়াছে, অদ্যকার।

অদ্যত্বে—অব্য. অধুনা, আজকাল।

অদ্যপ্রভৃতি—অব্য. আজ থেকে।

অদ্যশ্বীন—বিণ (অদ্য —শ্বস্—খ) যা আজকাল হবে।

অদ্যাপি—অব্য; আজিও, এখনও।

অদ্যাবধি—অব্য. আজ থেকে।

অদ্রিঃ—বি, পুং (অদ—রি) পর্ব্বত। বৃক্ষ। সূর্য্য।

অদ্রিকর্ণী— বি. স্ত্রী (অদ্রি - কর্ণ - ঙীষ্) অপরাজিতা লতা।

অদ্রিকীলা—বি. স্ত্রী; (অদ্রি - কীল - টাপ্) ভূমি।

অদ্রিজেম্—বি, ক্লী; শিলাজতু। গিরিমাটী। বিণ; পর্ব্বত হইতে জাত।

অদ্রিতনয়া—বি, স্ত্রী; পার্ব্বতী।

অদ্রিদ্রোণিঃ (ণী)—বি. স্ত্রী. পর্বত থেকে নির্গত নদী।

অদ্রিভূঃ— বি. স্ত্রী; অপরজিতা লতা।

অদ্রিরাজঃ—বি, পুং; হিমালয় পর্ব্বত।

অদ্রিসারঃ—বি, পুং; লৌহ।

অদ্রীশঃ - বি. পুং হিমালয়, শিব;

অদ্বয়ম্—বি, ক্লী; ব্রহ্ম। পুং; বৌদ্ধ। বিণ; (দ্বয়শূন্য)।

অদ্বয়বাদী—(—দিন্) বি, পুং; বৌদ্ধ। বিণ; একেশ্বর বাদী।

অদ্বিতীয়—বি, ক্লী; ব্রহ্ম। বিণ; দ্বিতীয় রহিত।

অদ্বৈত—ত্রি. দ্বৈতশূন্য; ক্লী—ব্রহ্ম।

অদ্বৈতবাদী—(— দিন্) বি, পুং ; বৌদ্ধ। বিণ; একেশ্বরবাদী।

অদ্রোহঃ—বি, পুং; দ্বেষরাহিত্য, মৃদুতা।

অধঃ—অব্য; নিম্ন, পশ্চাৎ।

অধঃকৃত—বিণ; ত্রি. পরাভূত। নিক্ষিপ্ত।

অধঃপাতঃ—বি, পুং; অধোগমন, উৎসন্ন যাওয়া।

অধন—বিণ. ত্রি; নির্ধন, অল্পধন।

অধন্য—বিণ; মন্দভাগ্য।

অধন্যতা—বি. স্ত্রী. দুর্ভাগ্য।

অধম—বিণ (অধর—অম, নিপা) নীচ, অপকৃষ্ট, নিন্দিত।

অধমাঙ্গম্—বি. ক্লী. চরণ।

অধমর্ণ— বিণ; যে ঋণ গ্রহণ করে, দেনাদার।

অধর—বিণ; নিম্ন, অধম। পুং নিম্ন ওষ্ঠ।

অধরামৃতম্—বি, ক্লী; মুখামৃত, থুতু।

অধরীকৃত—বিণ. ত্রি. অধরকৃত, পরাভূত।

অধশ্চর—বিণ, ত্রি. অধোগামী। পুং; চোর।

অধঃশয্যা—বি. স্ত্রী. ভূমিতে শয়ন, ভূশয্যা।

অধস্তন—বিণ (অধঃ—ষ্টন) নিম্নগত।

অধস্তাৎ—অব্য. নিম্নে, পশ্চাৎ।

অধার্ম্মিক—বিণ (অধর্ম্ম—ঞ্চিক) পাপী।

অধি—অব্য; উপরিভাগ। আধিক্য। অধিকার। আধিপত্য। অধীনতা।

অধিক—বিণ (অধি—কৈ—ড) অতিরিক্ত। অনেক। উত্তম।

অধিকন্তু—অব্য; বেশীর ভাগ।

অধিকর্দ্ধি—বিণ, ত্রি; সর্বাংশে সুখী।

অধিকরণম্—বি, ক্লী; আধার, স্থান। কারক বিং। মীমাংসাগ্রন্থের অধ্যায় সমূহ।

অধিকাঙ্গ—বি. ত্রি. অধিক অঙ্গবিশিষ্ট। ক্লী. কটিবন্ধন।

অধিকারঃ—বি. পুং (অধি—কৃ—ভাবে ঘঞ্) স্বত্ব, দখল। শাসন। নিয়োগ। আরম্ভ।

অধিকারী— (—রিন্) বিণ; যার স্বত্ব আছে, স্বামী। অধ্যক্ষ।

অধিকৃত—বিণ, যা অধিকার করা হয়েছে। আয়ত্ত। নিযুক্ত।

অধিক্ষিপ্ত - বিণ, ত্রি নিন্দিত, তিরস্কৃত।

অধিক্ষেপঃ—বি, পুং (অধি—ক্ষিপ - ঘঞ্) তিরস্কার। নিন্দা।

অধিগত— বিণ; জ্ঞাত। প্রাপ্ত।

অধিগমঃ - বি, পুং (অধি—গম্—ভাবে অল্) জানা। প্রাপ্তি। স্বীকার।

অধিগুণ—বিণ, অধিক গুণ সম্পন্ন, যোগ্য।

অধিজিহ্বা—বি. পুং সাপ।

অধিজ্য—বিণ (অধি—জ্যা) যাতে জ্যা অর্থাৎ ছিলা লাগান হয়েছে।

অধিত্যকা—বি, স্ত্রী (অধি —ত্যকন্— আপ্) পর্ব্বতের উপরিভূমি।

অধিদেবতা—বি, স্ত্রী; অধিষ্ঠাত্রীদেবতা। অন্তর্যামী পুরুষ। (অধিদৈবত্য)

অধিনাথঃ—বি. পুং পরমদেবতা।

অধিনায়ঃ—বি. পুং (অধি- নী - ঘঞ্) গন্ধ।

অধিনায়ক—বিণ; অধ্যক্ষ । প্রধান।

অধিপ—(অধি —পা —ড)

অধিপতিঃ—বি, পুং; রাজা, প্রভু।

অধিভূঃ—পুং (অধি -ভূ - ক্বিপ্) রাজা প্রভু।

অধিমাসঃ—বি, পুং ; মলমাস।

অধিরাজঃ—বি, পুং ; সম্রাট্।

অধিরূঢ়—বিণ (অধি—রুহ —কর্ত্তৃ—ক্ত) যে আরোহণ করিয়াছে, আরূঢ়।

অধিরোপণম্—বি, ক্লী (অধি—রুহ— ণিচ—ভাবে ল্যুট্) আরোহণ, চড়া।

অধিরোহণম্—বি. ক্লী. আরোহণ।

অধিরোহণী—বি, স্ত্রী (অধি—রুহ— করণ—ল্যুট্ —ঈপ্) সিঁড়ি।

অধিযজ্ঞঃ—বি. পুং, বিষ্ণু, প্রধান যজ্ঞ।

অধিযোগঃ— বি. পুং; যাত্রার শুভলগ্ন।

অধিবাসঃ—বি, পুং (অধি—বস —ঘঞ্) নিবাস।(অধি —বস—ণিচ্—ঘঞ্) গন্ধমাল্যাদি দ্বারা সংস্কার। স্থাপন।

অধিবাসনম্—বি, ক্লী (অধি —বস— ণিচ—ল্যুট্) গন্ধমাল্যাদি দ্বারা সংস্কার। যজ্ঞারম্ভের পূর্বে দেবতাস্থাপন।

অধিবাসী(সিন্)— বিণ (অধি —বস্ —ণিন্) নিবাসী।

অধিবিন্না—বি, স্ত্রী (অধি—বিদ্— ক্ত—টাপ্) দ্বিতীয়বার বিবাহকারী পুরুষের জীবিতা প্রথমা স্ত্রী।

অধিবেত্তা—(—বেত্তৃ) বি, পুং (অধি—বিদ্— তৃন্) স্ত্রী বিদ্যমান থাকিতে যে পুরুষ পুনরায় বিবাহ করে।

অধিবেদনম্—বি, ক্লী; স্ত্রীসত্বে পুনর্ব্বার বিবাহ করা।

অধিবেশনম্—বি, ক্লী (অধি—বিশ্— ল্যুট্) অধিষ্ঠান । উপবেশন।

অধিশয়িত—বিণ ত্রি. শায়িত। অধিষ্ঠিত।

অধিশ্রয়ঃ—বি, পুং, (অধি —শ্রি — অল্)

অধিশ্রয়ণম্—বি, ক্লী (অধি—শ্রি — ল্যুট্) পাককরা। পাকের নিমিত্ত চুল্লীতে স্থালী স্থাপন।

অধিশ্রয়ণী—বি, স্ত্রী (অধি—শ্রি— ল্যুট্— ঈপ্) চুল্লী, উনুন।

অধিষ্ঠাতা—(— ষ্ঠাতৃ) বিণ (অধি— স্থা—তৃণ্) অবস্থিতিকারী। অধ্যক্ষ। অধিদেবতা। স্ত্রী; অধিষ্ঠাত্রী।

অধিষ্ঠানম্—বি, ক্লী (অধি—স্থা— ভাবে— ল্যুট্) অবস্থিতি। (—অধি— ল্যুট্) নগর।

অধিষ্ঠিত—বিণ (অধি -স্থা— অধি — ক্ত) যে স্থানে অধিষ্ঠান করা হইয়াছে, আশ্রয় স্থান। (কর্ত্তৃ—ক্ত) অধিষ্ঠানকারী।

অধীত—বিণ (অধি —ই —কর্ম্ম — ক্ত) পঠিত। বি, ক্লী; অধ্যয়ন।

অধীতিঃ—স্ত্রী (অধি— ইঙ্ - ক্তিন্)। অধ্যয়ন।

অধীন—বিণ (অধি—ইন) [যে ব্যক্তি ইন—প্রভুকে অধি—অধিগত হইয়াছে অর্থাৎ যাহার প্রভু আছে) আয়ত্ত, বশীভূত। অনুগত।

অধীনতা—বি, স্ত্রী; পরের বশ্যতা।

অধীয়ান— বিণ (অধি—ই —কর্ত্তৃ— শানচ্) যে অধ্যয়ন করে । ছাত্র।

অধীর—বিণ; ধৈর্য্যবিহীন, অস্থির, অসহিষ্ণু।

অধীশঃ—

অধীশ্বরঃ—বি, পুং; সম্রাট্। বিণ; প্রভু।

অধীষ্ট—বিণ. অবৈতনিক । সসম্মানে নিয়োগ।

অধুনা—অব্য, সম্প্রতি, এখন।

অধুনাতন—বিণ (অধুনা—ট্যন) বর্ত্তমানকালে যা ঘটেছে। আধুনিক।

অধৃষ্ট—বিণ. ত্রি; লজ্জাশীল। বিনীত, অপ্রগলভ।

অধৃষ্য— বিণ (ন —ধৃষ্ —ক্যপ্) যাহাকে সহজে বশীভূত করা যায় না, দুরভিভবনীয়। দুর্গম।

অধৈর্য্য—বি, ক্লী; ধৈর্য্যের অভাব। বিণ; যাহার ধৈর্য্য নাই, অধীর।

অধোশুকম্ —বি, ক্লী; কটিদেশে পরিধেয় বস্ত্র, ধুতি প্রভৃতি।

অধোক্ষজঃ—বি, পুং (অধস্ —অক্ষ — জন—কর্ত্তৃড) বিষ্ণু। অতীন্দ্রিয়।

অধোগতিঃ—বি, স্ত্রী; নিম্নদেশে গমন। হীন দশাপ্রাপ্তি। নরকগমন।

অধোভুবনম্—বি, ক্লী; পাতাল।

অধোমুখ—বিণ; যে মুখ নামাইয়া থাকে, নতমুখ। স্ত্রী; খী, আ।

অধ্যক্ষ—বিণ (অধি—অক্ষ—ড্চ্) যাহা ইন্দ্রিয়ের গোচর, প্রত্যক্ষ। পুং; প্রধান কর্মচারী।

অধ্যক্ষতা—বি, স্ত্রী; কর্ত্তৃত্ব, তত্ত্বাবধায়কতা।

অধ্যগ্নি—অব্য, অগ্নির নিকট। বিবাহকালে কন্যাকে দত্ত ধন।

অধ্যয়নম্—বি, ক্লী (অধি —ই —ভাবে ল্যুট্) পাঠ।

অধ্যয়ঃ—বি. পুং (অধি -ই - অচ্) অধ্যয়ন, জ্ঞান, স্মরণ।

অধ্যবসায়ঃ—বি, পুং (অধি—অব — সো —ঘঞ) স্থির যত্ন। উৎসাহ।

অধ্যাত্ম—অব্য; আত্মাকে অধিকার করিয়া যা হয়, আত্মবিষক। দেহবিষয়ক। পরব্রহ্ম।

অধ্যাপক—বিণ (অধি —ই—ণিচ— কর্ত্তৃ —ণ্বুল্) শিক্ষক।

অধ্যাপনম্—বি, ক্লী (অধি—ই —ণিচ —ল্যুট্) পাঠন, শিক্ষাদান।

অধ্যায়ঃ—বি, পুং (অধি—ই—কর্ম্ম— ঘঞ) গ্রন্থের পরিচ্ছেদ, সর্গ, বর্গ প্রভৃতি।

অধ্যারূঢ়—বিণ. ত্রি. যে আরোহণ করেছে। অধিক।

অধ্যারোপঃ—পুং (ণম্) ক্লী; আরোপ করা বা স্থাপন।

অধ্যাবাহনিক—বি, ক্লী (অধি—আ— বাহন —ষ্ণিক) স্বামিগৃহগমনকালে পিতৃকুল হইতে প্রাপ্ত স্ত্রীধন বিং।

অধ্যাশনম্—বি. ক্লী ভোজনের উপর ভোজন।

অধ্যাসঃ—বি, পুং (অধি —অস—ভাবে —ঘঞ্) এক বস্তুতে অন্য বস্তু জ্ঞান। আরোপ।

অধ্যাসনম্—বি, ক্লী (অধি—আস — ভাবে—ল্যুট্) অধিষ্ঠান । উপবেশন।

অধ্যাসীন—বিণ (অধি—আস—কর্ত্তৃ— শানচ্) অধিষ্ঠিত। উপবিষ্ট। স্ত্রী; না।

অধ্যাহারঃ—বি. পুং (অধি —আ —হৃ— ভাবে ঘঞ্) বাক্যে কোন পদ অকথিত থাকিলে তাহার যোজনা। উহ।

অধ্যাহারণম্—বি. ক্লী। অধ্যাহারকরণ।

অধ্যাহার্য্য—বিণ (অধি —আ—হৃ— কর্ম্ম -ঘ্যণ্) যে পদের অধ্যহার করিতে হয়, উহ্য।

অধ্যুষিত—বিণ (অধি—বস —কর্ত্তৃ — ক্ত) বাসকারী (—অধি —ক্ত) বাসের স্থান।

অধ্যুষ্ট—বিণ (অধি —বস — ক্ত) প্রসিদ্ধ।

অধ্যূঢ়— বিণ (অধি —বহ —ক্ত) সমৃদ্ধিযুক্ত। স্ত্রী; ঢ়া—অধিবেদনদোষ দূষিতা স্ত্রী।

অধ্যেতা—পুং অধ্যয়নকারী। স্ত্রী (ত্রী)।

অধ্যেষণম্—বি, ক্লী (অধি —ইষ্— ভাবে— ল্যুট্) বিনীতবাক্যে কাহাকে কোন কার্য্যে নিযুক্ত করা, সবিনয় প্রবর্ত্তন।

অধ্রুব—ত্রি. অনিশ্চিত , অনিত্য।

অধ্ব (ন্)—বি, পুং (অদ—অধি—ক্বনিপ্, নিপা) পথ। উপায়।

অধ্বগ—বিণ (অধ্বন্—গম— কর্ত্তৃ—ড) পথিক। সূর্য্য। বায়ু ।

অধ্বগামী—(মিন্) বিণ (অধ্বন্—গম্ — ণিন্) পথিক।

অধ্বনীন— বিণ. ত্রি, পথিক।

অধ্বন্য— ত্রি; (অধ্বন্-যৎ) পথিক।

অধ্বরঃ—বি, পুং (অধ্বন্—রা—কর্ত্তৃ—ড) যে স্বর্গপথ দান করে, যজ্ঞ।

অধ্বরথঃ—বি. পুং পথজ্ঞদূত। পথে গমনোপযুক্ত রথ।

অধ্বর্য্যুঃ—বি. পুং (অধ্বর্ - যু) যজুর্বেদজ্ঞ ঋত্বিক ।

অধ্বশল্যঃ—বি. পুং আপাং নামক বৃক্ষ বিং।

অনংশ— বিণ. ভাগের অযোগ্য।

অনক্ষ — বর্ণ; চক্ষুহীন। চক্রশূন্য।

অনক্ষরম্—বিণ. (ন —অক্ষর) বর্ণজ্ঞানহীন, মূর্খ।

অনক্ষি—ক্লী; চক্ষুহীন।

অনগ্নি—ত্রি; অগ্নিহীন। দাহকার্য রহিত।

অনঘ—বিণ (ন —অঘ) পাপশূন্য। নির্ম্মল। দুঃখহীন। মনোহর।

অনঙ্গঃ—বি, পুং; কন্দর্প। ক্লী; আকাশ , চিত্ত। বিণ; অঙ্গহীন।

অনচ্ছ—বিণ. ত্রি. কলুষিত, অপ্রসন্ন।

অনঞ্জনম্—বি ক্লী; কজ্জলহীন, পরব্রহ্ম।

অনটনম্—বি, ক্লী (ন—অটন) প্রাপ্তির অভাব। অপ্রতুল।

অনড্বান্(অনডুহ্)—বি, পুং (অনস্ —বহ—কর্ত্তৃ—ক্বিপ্) বৃষ। স্ত্রী; অনডুহী, অনড্বাহী - গাভী।

অনতিক্রমঃ—বি, পুং; অতিক্রম না করা, ঠিক ঠিক চলা।

অনধিকারঃ—বি, পুং ; দখল না থাকা।

অনধিকারচর্চ্চা—বি, স্ত্রী; যে বিষয়ে

অধিকার নাই তাতে হস্তক্ষেপ করা।

অনধিকার প্রবেশঃ—বি, পুং; নিবারিত হয়েও অন্যের অধিকৃত স্থানে যাওয়া।

অনধিকারী—(রিন্)বিণ; যার অধিকার নাই, স্বত্ব বিহীন।

অনধ্যায়ঃ—বি, পুং; হিন্দুশাস্ত্রমতে অধ্যয়নের নিষিদ্ধকাল অর্থাৎ অষ্টমী প্রতিপদাদি তিথি বিশেষ এবং মেঘগর্জ্জন ও উৎসবাদিকাল।

অনন্তঃ—বি, পুং; বিষ্ণু। বলরাম। বাসুকিসর্প। মেঘ। ক্লী; ব্রহ্ম। আকাশ। স্ত্রী, বি; অনন্তা—পৃথিবী। দূর্ব্বা। বিণ; অন্তহীন।

অনন্তচতুর্দশী—স্ত্রী; ভাদ্র শুক্লা চতুর্দশী তিথি।

অনন্তব্রতম্—ক্লী, ভাদ্রশুক্লাচতুর্দশীতে অনুষ্ঠেয় ব্রত।

অনন্তরম্—ক্লী; পশ্চাৎ, ঠিক পরে। বিণ; অব্যবহিত, সন্নিহিত।

অনন্তরজ—বিণ; ত্রি; পশ্চাৎজাত, অনুজ।

অনন্ত বিজয়ঃ—বি, পুং; যুধিষ্ঠিরের শঙ্খ।

অনন্যকর্ম্মা—(— কর্ম্মন্) বিণ; যে একমাত্র কার্য্যে আসক্ত, একপরায়ণ।

অনন্যগতি—বিণ; যার গত্যন্তর নাই, নিরুপায়।

অনন্যজঃ—বি, পুং; কন্দর্প। কামদেব।

অনন্যমনা (মনস্)—বিণ; যাহার মন এক বিষয়ে আসক্ত, একাগ্রচিত্ত।

অনন্বয়ঃ—পু; অন্বয়রহিত। অর্থালঙ্কার বিশেষ।

অনন্যবৃত্তি—বিণ; যে একরূপ কার্য্য করিয়া জীবিকা নির্ব্বাহ করে, অনন্যজীবিক। একাগ্রচিত্ত।

অনন্যসাধারণ—বিণ; যাহাতে অন্যের অধিকার নাই, অসাধারণ। স্ত্রী, ণী।

অনন্বিত—বিণ (ন—অন্বিত) অসংলগ্ন, অসঙ্গত।

অনপ—বিণ. জলহীন (ক্ষুদ্র জলাশয়)

অনপত্য—বিণ (ন —অপত্য) সন্তানবিহীন।

অনপরাধঃ—বি. পুং; নির্দোষতা।

অনপরাধী (ধিন)— বিণ (অনপরাধ — ইন্) অপরাধ শূন্য, নির্দ্দোষ। স্ত্রী, ধিনী।

অনপায়ী(য়িন্)— বিণ; অবিনাশী। স্ত্রী, য়িনী।

অনপেক্ষ— বিণ (ন —অপ - ঈক্ষ— কর্ত্তৃ—অন্) যে অপেক্ষা করে না, নিরপেক্ষ।

অনপেত—বিণ; যুক্ত। বিদ্যমান।

অনভিজাত—বিণ ; অভদ্রবংশীয়। অন্যায্য।

অনভিজ্ঞ—বিণ; বিশিষ্টরূপ জ্ঞানশূন্য, অজ্ঞান, অপটু।

অনভিভূত—বিণ; অব্যাকুল। অপরাজিত। অব্যাহত।

অনভিমত—বিণ; ইচ্ছার বিরুদ্ধে, অনভিপ্রেত।

অনমঃ—বি, পুং (ন —নম —কর্ত্তৃ— অচ্) ব্রাহ্মণ। বিণ; যে নত হয় না।

অনয়—বিণ, ত্রি; নীতিশূন্য, পুং; দুর্নীতি, অশুভ, দৈব, ব্যসন।

অনর্গল—বিণ (ন—অর্গলা) বাধাশূন্য, অর্গলহীন।

অনর্ঘ— বিণ (ন—অর্ঘ) যাহার মূল্য নাই। অমূল্য।

অনর্থঃ— বি, পুং; অনিষ্ট। বিণ; অর্থশূন্য।

অনর্থক - বিণ; ব্যর্থ, নিষ্ফল, বৃথা।

অনর্থপাতঃ—বি, পুং ; অনিষ্ট ঘটনা।

অনর্হ—বিণ (ন—অর্হ) অযোগ্য।

অনলঃ—বি, পুং (অন —করণ—অল) অগ্নি। পিত্ত।

অনলস—বিণ; আলস্য শূন্য, শ্রমশীল।

অনল্প—বিণ; অধিক। মহৎ।

অনবকাশঃ—বি, পুং; বিশ্রামের সময়ের অভাব, অনবসর।

অনবদ্য—বিণ (ন —অবদ্য) অনিন্দনীয়।

অনবধানম্—বি, ক্লী; অমনোযোগী।

অনবধানতা—বি, স্ত্রী; মনোযোগের অভাব, অমনোযোগিতা।

অনবরত—ত্রি, বিণ (ন —অব—রম—কর্ত্তৃ—ক্ত) সতত, নিরন্তর। অজস্র।

অনবরার্ঘ্য—বিণ. ত্রি, প্রধান।

অনবলোভনম্—বি, ক্লী; গর্ভের চতুর্থ মাসে কর্ত্তব্য সংস্কার বিশেষ।

অনবস্থা—বি, স্ত্রী; নিয়ম না থাকা, অনিশ্চয়, অস্থিরতা।

অনবস্থিত—বিণ; অস্থির, চঞ্চল। অনিশ্চিত।

অনবহিত—বিণ (ন — অবহিত) অমনোযোগী।

অনবেক্ষক—ত্রি, অসাবধান । উদাসীন।

অনশনম্—বি, ক্লী (ন —অশন) উপবাস। বিণ; ভোজন বিহীন।

অনঃ (নস্)— বি, ক্লী (অন —করণ —অস্) শকট। অন্ন। মাতা। পিতা।

অনসূয়— বিণ (ন—অসূয়া) যে পরের গুণে দোষারোপ করে না। অসূয়া বিহীন।

অনসূয়া— বি, স্ত্রী; অত্রিমুনির পত্নী। বিণ, অসূয়া বিহীনা স্ত্রী।

অনাকূল— বিণ (ন—আকুল) অচঞ্চলধী, সহিষ্ণু। অসঙ্কীর্ণ।

অনাক্রান্ত—পুং- কন্টকারী বৃক্ষ, ত্রি; আক্রমনের অযোগ্য।

অনাগত—বিণ; অনুপস্থিত। ভাবী।

অনাগতার্তবা—বিণ স্ত্রী (অনাগত—ঋতু - অন্ - টাপ্) অঋতুমতী।

অনাচারঃ—বি, পুং; কুৎসিত আচার। বিণ, কুৎসিত আচার বিশিষ্ট।

অনাতপঃ—বি, পুং; ছায়া।

অনাতুর—বিণ (ন—আতুর) নীরোগ। অক্লিষ্ট।

অনাত্মনীন—বিণ (ন—আত্মনীন) যাহা নিজের হিতকর নহে।

অনাত্মা (ত্মন্)— আত্মভিন্ন।

অনাথ—বিণ; অসহায়, নিরাশ্রয়।

অনাদরঃ—বি, পুং; অযত্ন, অপমান, অবজ্ঞা।

অনাদি—বিণ; যাহার আদি নাই, পরমেশ্বর।

অনাদীনব—বিণ (ন—আদীনব) নির্দ্দোষ।

অনাময়—বি, ক্লী (ন —আময়) আরোগ্য। বিণ. নীরোগ।

অনামা —

অনামিকা—বি, স্ত্রী; অঙ্গুলি বিং। এর দ্বারা ব্রহ্মার মস্তকচ্ছেদন করা হয়েছিল, এ'ন্য এর নামগ্রহণ অযোগ্য বলিয়া একে অনামিকা বলা হইয়া থাকে।

অনায়ত—বিণ, ত্রি. অবিস্মৃত, অসংযত।

অনায়ত্ত—বিণ (ন —আয়ত্ত) অবশীভূত, অবাধ্য। স্বাধীন।

অনায়াস—ত্রি, বিণ (ন— আয়াস) অক্লেশ। বিণ; আয়াস রহিত।

অনায়াসকৃত—বিণ. ত্রি. সহজসাধ্য।

অনারত—ত্রি, বিণ (ন—আ—রম—কর্তৃ—ক্ত) নিরন্তর। অবিরত।

অনার্জবম্—বি ক্লী; অসারল্য, বক্রতা।

অনার্তবা—স্ত্রী. অঋতুমতী কন্যা।

অনার্য্য—বিণ (ন —আর্য্য) অভদ্র,নীচ।

অনার্যকম্— বি. ক্লী. অগুরুকাষ্ঠ।

অনালম্ব—বিণ. ত্রি. অবলম্বনহীন।

অনালোচিত—বিণ (ন —আলোচিত) অবিবেচিত, অতর্কিত।

অনাবিল—বিণ (ন—আবিল) অকলুষ। অসন্দিগ্ধ।

অনাবিষ্ট—বিণ (ন— আবিষ্ট) অমনোযোগী।

অনাবৃত—বিণ; অনাচ্ছাদিত, খোলা।

অনাবৃত্তিঃ—বি, স্ত্রী (ন —আবৃত্তি) অপুনরাগমন। অনভ্যাস।

অনাবৃষ্টিঃ—বি, স্ত্রী; বৃষ্টির অভাব।

অনাবেশঃ—বি, পুং (ন—আবেশ) অমনোযোগ।

অনাশকঃ—বি. পুং , (ন—আ—শ,শ্ - ঘঞ্ - কপ) উপবাস, যথেচ্ছ ভোগের অভাব।

অনাশ্রয়—বিণ; আশ্রয়হীন, অনাথ।

অনাসন্ন— বিণ; (ন—আসন্ন) অসন্নিহিত। দূরবর্ত্তী। অনাবশ্যক।

অনাস্বাদিত—বিণ; অপ্রাপ্ত।

অনাস্থা—বি, স্ত্রী; অনাদর। ঔদাস্য।

অনাহত—বিণ; যে আঘাত প্রাপ্ত হয় নাই, অক্ষত। যার ব্যবহার হয় নাই, নুতন। চলিত ভাষায় মিথ্যা, বৃথা।

অনাহারঃ—বি, পুং; অনশন, উপবাস।

অনাহূত—বিণ (ন—আহূত) বিনা আহ্বানে আগত, অনিমন্ত্রিত।

অনিকেত—ত্রি; পরিব্রাজক, নিয়তবাসশূন্য।

অনিগীর্ণ—বিণ. ত্রি. গুপ্ত, অপ্রকাশিত।

অনিচ্ছা—বি, স্ত্রী; অনভিলাষ।

অনিত্য—বিণ; অস্থায়ী, নশ্বর।

অনির্দেশ্য—বিণ; নির্দেশের অযোগ্য।

অনিমি (মে)ষ—বি, পুং; দেবতা। বিণ; নিমেষশূন্য, স্থির নেত্র।

অনিমিষক্ষেত্র—বি, ক্লী; নৈমিষারণ্য।

অনিয়ত—বিণ; অনিশ্চিত। অস্থির।

অনিয়ন্ত্রিত—বিণ; অনিবার্য, উচ্ছৃঙ্খল।

অনিয়মঃ—বি, পুং; অব্যবস্থা।

অনিরুক্ত— বিণ. ত্রি. অনুচ্চারিত।

অনিরুদ্ধঃ—বি, পুং; প্রদ্যুম্নের পুত্র, শ্রীকৃষ্ণের পৌত্র, বিণ; প্রতিরোধ হীন।

অনির্ব্বচনীয়—বিণ (ন —নির্—বচ—কর্ম্ম—অনীয়) যাহা বাক্যে বলা যায় না,

বাক্যাতীত।

অনির্বাণ—ত্রি; অনির্বাপিত। অমুক্ত।

অনির্ব্বিণ্ণ—বিণ (ন—নির্ব্বিণ্ণ) যার থেকে দুঃখী আর নাই। অতি দুঃখী। অতি দরিদ্র।

অনির্বৃতিঃ (ত্তিঃ)—বি, স্ত্রী (ন—নির্বৃতি) অশান্তি। অসন্তোষ। অভাব।

অনিলঃ—বি, পুং (অন—করণ—ইল) বায়ু।

অনিলসখঃ—বি, পুং; বায়ুর সখা, অগ্নি।

অনিলাপ্তকঃ— বি. পু. বৃক্ষবিশেষ।

অনিবার—বিণ (ন—নি—বৃ—ণিচ্—কর্ম্ম—ঘঞ্) অনিবার্য্য। ণিচ্, বিণ; সতত।

অনিবার্য্য—বিণ (ন—নি—বৃ—ণিচ্—কর্ম্ম—য) যে নিবারণ মানে না, দুর্নিবার।

অনিশম্—অব্য. (ন—নিশা) সতত, সর্ব্বদা।

অনিষ্ট—বি, ক্লী; অপকার, অশুভ। বিণ; অনভিলষিত।

অনীকঃ—পুং, ক্লী (অন—করণ—ঈকন্) ভীরু যোদ্ধা যাহাদের দ্বারা জীবন পায়, সৈন্য।

অনীকিনী—বি, স্ত্রী (অনীক্—ইন্—ঈপ্) পদাতি ১০৯৩৫, অশ্ব ৬৫৬১, হস্তী ২১৮৭, রথ—২১৮৭, এতৎসংখ্যক সেনা। কেবল সেনা অর্থেও প্রযুক্ত হয়।

অনু—অব্য; পশ্চাৎ। সদৃশ। সহ। সমীপ ইত্যাদি।

অনুক—বিণ (অনু —কম—কর্তৃ—ড) কামাসক্ত, কামুক।

অনুকম্— অব্য. বিতর্ক।

অনুকথনম্—বি. ক্লী, (অনু - কথ্ - ল্যুট্) প্রবচন।

অনুকম্পা—বি, স্ত্রী (অন্—কম্প—ভাবে—অ) দয়া।

অনুকরণম্—বি, ক্লী; সদৃশীকরণ, নকল করা।

অনুকল্পঃ—বি, পুং; প্রধানের অভাবে, যাহা করা হয়, প্রতিনিধি, গৌণ কল্প।

অনুকর্ষঃ—বি. পু. (অনু-কৃষ্ - ঘঞ্) আকর্ষণ।

অনুকামী(মিন্)—বি. ত্রি (অনু-কাম-খ) স্বেচ্ছাচারী।

অনুকারঃ—বি. পু. (অনু—কৃ - ঘঞ্) অনুকরণ। সদৃশীকরণ।

অনুকীর্ণ—বিণ. ত্রি. (অনু-কৃ - ক্ত) বিস্তৃত। ব্যাপ্ত।

অনুকূল—বিণ. ত্রি. সহায়, হিতকারী. উপযুক্ত।

অনুকৃত —বিণ. ত্রি. যে বিষয়ের অনুকরণ করা হইয়াছে।

অনুক্ত— বিণ. ত্রি. অকথিত।

অনুক্রমঃ— বি. পুং পরপর, যথাক্রম।

অনুক্রমণিকা— বি. স্ত্রী (অনু-ক্রম-ল্যুট্-কণ্-টাপ্) মুখবন্ধ, ভুমিকা, কোন গ্রন্থ বা প্রস্তাবের অবতারণা, নির্ঘন্ট।

অনুক্রোশঃ— বি. পুং (অনু-ক্রুশ-ঘঞ্) দয়া, অনুকম্পা।

অনুক্ষণম্—বি. ক্লী. সর্বদা।

অনুগ—বিণ. ত্রি. (অনু-গম্-ড)

অনুগত—বিণ. ত্রি. (অনু-গম-ক্ত) অনুগামী আশ্রিত, সহচর। মতের অবিরোধী সঙ্গত।

অনুগমঃ— বি. পুং (অনু-গম্ - ঘঞ্)

গ্রন্থের সঙ্গতি।

অনুগমনম্—বি-ক্লীঃ (অনু-গম্-ল্যুট্) পশ্চাদ-গমন, অনুসরণ।

অনুগবীনঃ—বি. পুং (অনু-গো-খ) গোযুথ।

অনুগামী(মিন্)— বিণ. ত্রি (অনু-গম্-ণিনি) পশ্চাদ্গমনকারী।

অনুগুণ—বিণ. ত্রি. অনুকূল, অনুগত।

অনুগৃহীত—বিণ. ত্রি. (অনু—গ্রহ-ক্ত) দয়াপ্রাপ্ত।

অনুগ্রহঃ—বি. পুং (অনু-গ্রহ-অপ্) দয়া, প্রসন্নতা।

অনুগ্রাহক—বিণ, (অনু-গ্রহ-ণক্)

অনুগ্রাহী (হিন্) — (অনু - গ্রহ - ণিনি) অনুগ্রহকারী।

অনুচর—বিণ. ত্রি. (অনু-চর-ট) সহচর, ভৃত্য অনুগামী।

অনুচারী(রিন্)—বিণ. (অনু-চর-ণিনি) অনুগামী।

অনুচিকীর্ষা—বি. স্ত্রী (অনু-কৃ-সন্-অ-টাপ্) অনুকরণেচ্ছা।

অনুচিত— বিণ. ত্রি. অসঙ্গত, অনভ্যস্ত, অযুক্ত।

অনুজ—বিণ. ত্রি. (অনু-জন্-ড)

অনুজন্মা (জন্মন্) যে পশ্চাৎ জন্মিয়াছে, ছোট ভাই বা -বোন।

অনুজিঘৃক্ষা—বি. স্ত্রী (অনু-গ্রহ-সন্-অ-টাপ্) অনুগ্রহ করার ইচ্ছা।

অনুজীবী—(বিণ্)—বিণ. ত্রি. সেবক. আশ্রিত

অনুজ্ঞা—বি. স্ত্রী (অনু-জ্ঞা-অঙ্ - টাপ্) অনুমতি, আজ্ঞা।

অনুজ্ঞাত—বিণ. ত্রি (অনু-জ্ঞা-ক্ত) অনুমতিপ্রাপ্ত। আদিষ্ট।

অনুতপ্ত—বিণ. ত্রি. (অনু-তপ্ - ক্ত) অনুতাপগ্রস্ত।

অনুতর্ষঃ—বি. পুঃ (অনু-তৃষ্-ঘঞ্)

অনুতর্ষণম্—বি. ক্লীব বি. ক্লী (অনু তৃষ-ল্যুট্) তৃষ্ণা. স্পৃহা. পানপাত্র, মদ্যপান।

অনুতাপঃ—বি. পুং, পশ্চাদ্দুঃখ। অনুশোচনা,

অনুত্তম—বিণ. যাহা অপেক্ষা উত্তম হয় না। অত্যুত্তম।

অনুত্তর—বিণ. সর্বশ্রেষ্ঠ, উত্তরদানে অসমর্থ।

অনুদক—বিণ. জলশূন্য

অনুদর—বিণ. কৃশ

অনুদাত্তঃ— বি. পুং; নীচস্বর।

অনুদিত—বিণ. উষাকাল, অকথিত।

অনুদিনম্— বি. ক্লী. প্রতিদিন।

অনুদ্দিষ্ট— বিণ. যাহাকে উদ্দেশ করা হয় না।

অনুদ্দেশঃ—বি. উদ্দেশ না হওয়া।

অনুদ্ভিন্ন—বিণ. অপ্রকাশিত।

অনুদ্রুত—বিণ. পশ্চাদ্ধাবিত, দ্রুত অর্ধমাত্রা।

অনুধাবনম্—বি. ক্লী (অনু-ধাব-ল্যুট্) পশ্চাদ্গমন, মনোনিবেশ।

অনুধাবিত—বিণ. পশ্চাদ্ধাবিত।

অনুধ্যানম্—বি. ক্লী. (অনু-ধ্যৈ - ল্যুট্) চিন্তন, মঙ্গলচিন্তা।

অনুনয়ঃ—বি. পুং (অনু-নী-অচ্) বিনয়, প্রার্থনা।

অনুনাসিকঃ—বি পুং. নাসিকার সাহায্যে উচ্চার্যমান বর্ণ। ঙ, ঞ, ণ, ন,ম।
অনুনীত—বিণ. ত্রি. (অনু-নী-ক্ত) যাহাকে অনুনয় করা হইয়াছে। বিনীত, প্রার্থিত।
অনুনেয়—বিণ. ত্রি. (অনু-নী-যৎ) অনুনয় করার যোগ্য। প্রসাদনীয়।
অনুপদম্—বি. ক্লী. পদে পদে, পশ্চাৎ।
অনুপদীনা—বি. স্ত্রী. (অনুপদ-ঈন-টাপ্) পদাচ্ছাদন, মোজা, জুতা।
অনুপপত্তি—বি. স্ত্রী (ন-উপপত্তি) অসিদ্ধি, অসঙ্গতি, অভাব।
অনুপপন্ন—বিণ, ত্রি. অসিদ্ধ. অযুক্ত. অনুৎপন্ন।
অনুপম—বিণ (ন—উপ-মা-অঙ্) উপমারহিত, অত্যুৎকৃষ্ট।
অনুপযুক্ত—বিণ. ত্রি. অযোগ্য।
অনুপরত—বিণ. ত্রি. অবিরত, অনিবৃত্ত।
অনুপলব্ধিঃ—স্ত্রী. প্রত্যক্ষের অভাব।
অনুপসংহারী(রিন্)—পুং. ন্যায়মতসিদ্ধ হেত্বাভাস বিশেষ।
অনুপাকৃত—বিণ. ত্রি. যজ্ঞে অনুপযুক্ত।
অনুপাতঃ—বি. পুং (অনু-পত-ঘঞ্) পশ্চাৎপতন, ত্রৈরাশিক, গণিতশাস্ত্রে এক রাশির সহিত অপর রাশির সম্বন্ধ।
অনুপাতকম্—বি. ক্লী; মিথ্যাকথনাদি মহাপাতক সদৃশ ৩৫ প্রকার মহাপাপ।
অনুপানম্—বি. ক্লী. ঔষধের সঙ্গে পেয় বস্তু।
অনুপূর্ব—বিণ. যথাক্রম। ক্রমানুসার।
অনুপ্রবেশঃ—বি. পুং অন্তঃপ্রবেশ।
অনুপ্রাস— বি. পুং, শব্দালঙ্কার বিশেষ।
অনুপ্লব—বিণ. (অনু-প্লু-অন) সহায়, অনুচর।
অনুবন্ধঃ—বি. পুং অবিচ্ছেদ. সম্বন্ধ, অনুরোধ। ব্যাকরণের 'ইৎ'।
অনুবন্ধী (ন্ধিন্)—বিণ. অবিচ্ছিন্ন, অনুবর্তী।
অনুবন্ধ্য— বিণ (অনু-বন্ধ-ণ্যৎ) প্রধান, মুখ্য।
অনুবোধঃ—বি. পুং পশ্চাৎজ্ঞান।
অনুভবঃ—বি. পুং. (অনু-ভূ-অন্) জ্ঞান, বোধ।
অনুভাবঃ—বি. পুং (অনু-ভূ-ঘঞ্) প্রভাব, মহিমা, তেজ, সামর্থ্য, মনের ভাব প্রকাশক ভ্রূভঙ্গী প্রভৃতি।
অনুভূতিঃ—বি. স্ত্রী (অনু-ভূ-ক্তিন্) জ্ঞান, উপলব্ধি।
অনুমত—বিণ (অনু-মন্-ক্ত) অনুমতিপ্রাপ্ত, অনুজ্ঞাত।
অনুমতিঃ—বি. স্ত্রী (অনু-মন্-ক্তিন্) অনুজ্ঞা, সম্মতি, এককলাহীন পূর্ণিমা।
অনুমননম্—বি. ক্লী. সম্মতি।
অনুমরণম্—বি. ক্লী. মৃতস্বামীর সহিত বা মৃতস্বামীর পাদুকা লইয়া অগ্নিপ্রবেশ পূর্বক মরণ।
অনুমা—বি. স্ত্রী. (অনু-মা-অঙ্)
অনুমানম্—বি. ক্লী. (অনু-মা-ল্যুট্)
অনুমিতিঃ—বি স্ত্রী (অনু-মা-ক্তিন্) হেতু দ্বারা সাধ্যের নির্ণয়, পরোক্ষজ্ঞান বিশেষ।
অনুমাপক—বিণ. ত্রি, (অনু-মা-নিচ্-ণ্বুল্) অনুমানের কারণ।

অনুমিত—বিন, (অনু-মা-ক্ত) অনুমানের দ্বারা জ্ঞাত।
অনুমৃত—বিণ. সহমৃত, পশ্চাৎমৃত।
অনুমেয়— বিণ. অনুমানদ্বারা জ্ঞেয় বস্তু।
অনুমোদনম্—বি. ক্লী. (অনু-মুদ-ল্যুট্) সম্মতিদান।
অনুমোদিত—বিণ. (অনু-মুদ-ণিচ-ক্ত) যে বিষয়ের অনুমোদন করা হইয়াছে।
অনুযাজঃ—বি. পুং (অনু-যজ্-ঘঞ্) দর্শপৌর্ণমাস যাগের অঙ্গযাগ।
অনুযাত—বিণ. (অনু-যা-ক্ত) অনুগত।
অনুযায়ী (য়িন্) -বিণ. (অনু-যা -ণিনি) অনুগামী সদৃশ।
অনুযাত্রিক—বিণ. অনুচর।
অনুযুক্ত—বিণ. (অনু-যুজ ক্ত) জিজ্ঞাসিত
অনুযোগঃ—বি. পুং (অনু-যুজ্-ঘঞ্) জিজ্ঞাসা, নালিশ, ভর্ৎসনা।
অনুযোগী(গিন্)—বিণ. (অনু-যুজ-ঘঞ্-ইনি) সম্বন্ধাধার।
অনুরক্ত—বিণ. (অনু-রনজ্-ক্ত) অনুরাগী, আসক্ত।
অনুরক্তিঃ—বি. স্ত্রী. (অনু-রন্জ-ক্তিন্) অনুরাগ। অতিশয় প্রীতি।
অনুরঞ্জক—বিণ. (অনু-রনজ-ণক) যিনি অনুরঞ্জন করেন।
অনুরঞ্জনম্— বি. ক্লী (অনু-রনজ্-ল্যুট) রঙ্করা, প্রীতিসম্পাদন করা।
অনুরঞ্জিত—বিণ. অনুরাগযুক্ত।
অনুরণনম্—বি. ক্লী (অনু-রণ-ল্যুট্) প্রতিধ্বনি, অনুগতস্বর। আঘাত প্রাপ্ত ধাতু দ্রব্যাদির দীর্ঘস্থায়ী শব্দ।
অনুরত—বিণ. অনুরক্ত।
অনুরাগঃ—বি. পুং আসক্তি, স্নেহ।
অনুরাগী(গিন্)—বিণ. আসক্ত।
অনুরাধা —বি. স্ত্রী সপ্তদশ নক্ষত্রের নাম।
অনুরুদ্ধ—বিণ. অনুরোধ রক্ষা করে যে, অপেক্ষিত।
অনুরূপ—বিণ. সদৃশ, যোগ্য।
অনুরোধঃ—বি. পুং অনুবর্তন, অভীষ্ট সম্পাদন, উপরোধ, খাতির।
অনুলাপঃ—বি. পুং (অনু-লপ্-ঘঞ্) পুনঃ পুনঃ কথন।
অনুলিপ্ত—বিণ. চন্দনাদি দ্বারা কৃত লেপন।
অনুলেপঃ—বি. পুং (অনু-লিপ-ঘঞ্)
অনুলেপনম্—বি ক্লী; (অনু-লিপ্-ল্যুট্) চন্দনাদি দ্বারা লেপন। চন্দনাদি গন্ধ দ্রব্য।
অনুলোমঃ—বি. পুং পরে পরে যথাক্রমে।
অনুলোম—বিণ. অনুকূল, ক্রমানুগত।
অনুলোমজ—বিণ. (অনু-লোম-জন্-ড) যথাক্রমে জাত। উত্তমবর্ণের ঔরসে অধম বর্ণার গর্ভজাত।
অনুবর্তনম্—বি. ক্লী. অন্যের মতানুসারে চলা, পশ্চাদ্গমন, অনুরোধ।
অনুবর্তী(র্তিন্)—বিণ. (অনু-বৃৎ-ণিনি) অন্যের মতানুসারে চলে, পশ্চাদগামী।
অনুবাক্—বি. পুং, বেদের অংশ বিশেষ, পশ্চাৎ কথন।

অনুবাক্যা—বি. স্ত্রী (অনু - বচ্ + ণ্যৎ + টাপ্) দেবতা-আহ্বানকারী ঋক্।

অনুবাতঃ—পুং, বায়ুর অনুকূলে।

অনুবাদঃ—বি. পুং; (অনু-বদ্+ ঘঞ্) ভাষান্তর করণ, তর্জমা, পশ্চাৎ কথন।

অনুবাদক—বিণ (অনু-বদ্-ণ্বুল) অনুবাদকারী।

অনুবাদ্য—বিণ (অনু - বদ্ - ণিচ্ -যৎ) অনুবাদের যোগ্য

অনুবাসনম্—বি.ক্লী (অনু-বস্ + ল্যুট্) বাসস্থল

অনুবিদ্ধ—বি.ণ.; (অনু-বিধ + ক্ত) যুক্ত, খচিত, তাড়িত।

অনুবৃত্ত—বিণ. (অনু-বৃৎ + ক্ত) পূর্ব হতে অবগত।

অনুবৃত্তিঃ—বি. স্ত্রী; (অনু-বৃৎ + ক্তিন্) অনুগমন। সেবা। অনুরোধ, পূর্বপ্রসঙ্গের জের। ব্যাকরণে পূর্বসূত্র হতে পরসূত্রে অধ্যাহার।

অনুবেলম্—অব্য. (অনু=প্রতি, বেলা=সময়) নিরন্তর, উপকূলে

অনুব্যবসায়ঃ—পুং ; প্রত্যক্ষাদি জ্ঞানের জ্ঞান।

অনুব্রজ্যা—বি.স্ত্রী (অনু-ব্রজ + ক্যপ + টাপ্) অনুসরণ।

অনুব্রত—বিণ ; নিয়মানুযায়ী, (নিয়ম পালক)

অনুশয়ঃ—বি, পুং ; (অনু-শীঙ্ + অচ্) পশ্চাত্তাপ। অতিশয় বিদ্বেষ

অনুশাসনম্—বি, ক্লী (অনু - শাস + ল্যুট্) আজ্ঞা। উপদেশ । ব্যাকরণাদির নিয়ম।

অনুশিষ্ট—বিণ ; (অনু - শাস + ক্ত) আজ্ঞাপ্রাপ্ত। উপদিষ্ট।

অনুশীলনম্—বি, ক্লী (অনু - শীল - ল্যুট্) আলোচনা, অভ্যাস।

অনুশীলনী—বি, স্ত্রী ; (অনু-শীল্ + ল্যুট্ + ঈপ্) যাহাকে অবলম্বন করে অনুশীলন করা হয়, প্রশ্নাবলী।

অনুশীলিত—বিণ ; আলোচিত। অভ্যস্ত।

অনুশোচনম্—বি, ক্লী ; (অনু - শুচ্ + ল্যুট্) শোক, পশ্চাত্তাপ।

অনুশ্রবঃ—পু. (অনু-শ্রু + অচ্) বেদ।

অনুষঙ্গঃ—বি, পু. (অনু + সন্জ + ঘঞ্) একের সহিত অন্বিত পদের আবার অন্যের সহিত অন্বয়। এক কার্য্য করতে গিয়ে তার সঙ্গে অপর কার্য্যের সিদ্ধি, প্রসঙ্গ।

অনুষ্টুপ্—(-ষ্টুভ্) বি, স্ত্রী (অনু - স্টুভ্ - ক্বিপ্) প্রত্যেক চরণে আট অক্ষর বিশিষ্ট ছন্দ। সরস্বতী।

অনুষ্ঠাতা—(তৃ) বিণ (অনু - স্থা - তৃচ্) অনুষ্ঠানকারী।

অনুষ্ঠানম্—বি, ক্লী ; (অনু - স্থা + ল্যুট্) আরম্ভ। সম্পাদন।

অনুষ্ঠিত—বিন (অনু - স্থা - ক্ত) আরব্ধ। সম্পাদিত।

অনুষ্ঠ্যুত—বিণ (অনু + ষ্ঠিব্ + ক্ত) পরস্পর -সম্বন্ধ, অবিচ্ছিন্ন

অনুষ্ণঃ—বিণ ; অলস। শীতল।

অনুসন্ধানম্—বি, ক্লী (অনু - সম্ - ধা + ল্যুট্) অন্বেষণ। চেষ্টা।

অনুসন্ধায়ী—(-য়িন্) বিন (অনু - সম্ - ধা + ল্যুট্ - ণিন্) অন্বেষনকারী।

অনুসন্ধিৎসা—বি, স্ত্রী (অনু - সম্ - ধা - সন্ - অ + আপ্) অনুসন্ধান করবার ইচ্ছা।

অনুসরণম্—বি, ক্লী (অনু - সৃ - ল্যুট্)

অনুসারঃ—বি, পুং (অনু - সৃ- ভাবে - ঘঞ্) অনুগমন। অনুকরণ।

অনুসন্ধেয়—বিণ ; অনুসন্ধানের যোগ্য। অন্বেষণীয়।

অনুসূচনা—বি, স্ত্রী, (অনু-সূচ্ + ল্যুট্ + আপ্) আন্দোলন।

অনুস্যূত— বিন (অনু - সিব - কর্ম্ম - ক্ত) সম্বদ্ধ। গ্রথিত। দৃঢ়লগ্ন।

অনুস্মৃতিঃ— বি. (অনু - স্মৃ -ক্তিন্) পরবর্তীকালে স্মরণ।

অনুস্বরঃ— বি. পুং (অনু - স্বৃ - কর্ম্ম + অল্)

অনুস্বারঃ—(+ঘঞ্) এক বিন্দু মাত্র বর্ণবিশেষ।

অনুহরণম্—বি, ক্লী ; (অনু - হৃ + ল্যুট্) সদৃশীকরণ। সদৃশগমন।

অনুহারঃ—বি, পুং। (ঘঞ্)

অনূচানঃ— বি, পুং (অনু - বচ - কান) যে শিক্ষা, কল্প প্রভৃতি বেদের অঙ্গের সহিত বেদ অধ্যয়ন করে, সাঙ্গবেদাধ্যায়ী।

অনূঢ়—বিণ (ন - বহ্ + ক্ত) অবিবাহিত।

অনূদিত—বিণ (অনু - বদ + ক্ত) পশ্চাৎ কথিত । ভাষান্তরিত।

অনূদ্য—(অনু - বদ + ক্যপ্) গুরুজন, যাদের নাম উচ্চারণ অনুচিত।

অনূন—বি.ণ (ন-উন) সম্পূর্ণ।

অনূপ—বিণ (অনু - অপ্ - অচ্) জলময় দেশ। ঋষির নাম।

অনূরুঃ—বি, পুং (ন—উরু) অরুণ, সূর্য্য - সারথি।

অনূরুসারথিঃ—বি, পুং ; সূর্য্য।

অনূহ—বিণ ; বিবেচনাহীন।

অনৃচ(চ)—বি, পুং (ন - ঋচ্- অ) অনুপনীত বালক।

অনৃজু—বিণ. ত্রি. কুটিল, বক্র, শঠ।

অনৃণী—(ণিন্) বিণ ; ঋণশূন্য।

অনৃত—বিণ (ন - ঋত) অসত্য, মিথ্যা।

অনেক—বিণ (ন - এক) বহু, নানা।

অনেকধা—অব্য, (অনেক + ধাচ্) নানা প্রকার, বহুবারে।

অনেকপঃ—বি, পুং (অনেক - পা - কর্ত্তৃ - ড) যে মুখ ও নাসিকা দ্বারা পান করে, হস্তী।

অনেক বিধ—বিণ ; অনেক প্রকার।

অনেকশঃ—অব্য, (অনেক + শস্) বহুবার,

অনেকান্ত — ত্রি, অনিয়তরূপ

অনেকান্তবাদী—বিণ, যে একান্তবাদী নয়, জৈনদার্শনিক।

অনেড়মূক—বিণ; মূর্খ। বাক্ ও শ্রুতি রহিত।

অনেহা—(হস্) বি, পুং (ন - হন্ - অস্) যে ফিরিয়া আসে না, কাল, সময়।

অনৈক্যম্—বি, ক্লী (ন - ঐক্য) ঐক্যের অভাব, মিল না থাকা।

অনৈকান্তিক—বিণ (ন - ঐকান্তিক) যাহা সম্পূর্ণ নিশ্চিত নহে, অস্থির।

অনোকহঃ—বি, পুং (অনস্ = (শকট) - অক = (গতি) - হন - ড) যে শকটের গতি রোধ করে, বৃক্ষ।

অন্ত—বি, পুং (অম - তন্) নাশ। সীমা। নিশ্চয়। অবয়ব। স্ত্রী; স্বরূপ। বিণ, নিকটস্থ। সুন্দর।

অন্তঃকরণম্—বি, ক্লী ; অন্তরিন্দ্রিয়, মন।

অন্তঃপাতী(তিন্)—বিণ ; মধ্যবর্ত্তী।

অন্তঃপুরম্—বি, ক্লী ; স্ত্রী গৃহ, অন্দরমহল।

অন্তঃসংজ্ঞ—বিণ ; আভ্যন্তরীণ জ্ঞানযুক্ত।

অন্তঃসত্ত্বা—বি, স্ত্রী ; গর্ভিণী।

অন্তঃস্থ —বিণ (অন্তর্ - স্থা - ড) মধ্যবর্ত্তী।

অন্তস্থঃ —বি, পুং, য় ব র ল এই চারি বর্ণ।

অন্তঃস্বেদঃ—বি. পুং ; মদস্রাবী হস্তী।

অন্তক—বি, পুং (অন্ত + ণক্) যম। বিণ ; নাশক।

অন্তগ—বিণ (অন্ত - গম + ড) প্রান্তবর্ত্তী ; পারগামী। মৃত।

অন্ততঃ(তস্)—অব্য ; ন্যূনকল্পে।

অন্তর্—অব্য; মধ্যে।

অন্তরম্—বি, ক্লী, অবকাশ। সীমা। পরিধান বস্ত্র। অন্তর্ধান। ভিন্ন। ছিদ্র। আত্মীয়। বহির্ভাগ। অবসর। মধ্য। আত্মা।

অন্তরঙ্গ—বিণ ; আত্মীয়।

অন্তরতঃ—অব্য, (অন্তর-তসিল) আন্তরিকভাবে মধ্যে।

অন্তরা—অব্য ; মধ্যে। গীতের মধ্যভাগ।

অন্তরাত্মা(ত্মন্)—বি, পুং ; জীবাত্মা। অন্তঃ-করণ।

অন্তরাপত্যা—বি, স্ত্রী (অন্তর - অপত্য + টাপ্) গর্ভ-বতী।

অন্তরায়ঃ—বি, পুং (অন্তর - ই বা অয় + ঘঞ্) বিঘ্ন।

অন্তরালম্—বি, ক্লী (অন্তরা - লা - ক) মধ্য। ব্যবধান, আড়াল।

অন্তরি(রী)ক্ষম্—বি, ক্লী, (অন্তরা - ঋক্ষ = নক্ষত্র বা অন্তর্ - ঈক্ষ - ঘঞ্) যাহার মধ্যে নক্ষত্র আছে অথবা স্বর্গ ও পৃথিবী এই উভয়ের মধ্যে যাহাকে দেখা যায়, আকাশ।

অন্তরিত—বিণ (অন্তর - ইত) ব্যবহিত। আবৃত।

অন্তরীপম্—বি, ক্লী (অন্তর্ - অপ্ - অ) দ্বীপ। সাগরের মধ্যে প্রবিষ্ট সূক্ষ্ম ভূমিতল।

অন্তরীয়ম্, অন্তরীয়কম্—বি, ক্লী (অন্ত - ছ) পরিধান বস্ত্র, ধুতি।

অন্তর্গড়ুঃ—বি, পুং আভ্যন্তরিকগলগণ্ড। অলস।

অন্তর্গত—বিণ ; মধ্যগত। মনোগত।

অন্তর্গৃহম্—বি, ক্লী ; বাটীর অভ্যন্তরস্থিত গৃহ।

অন্তর্ঘনঃ—বি, পুং, সাবকাশ প্রদেশ, গৃহের অভ্যন্তর দেশ।

অন্তর্ঘাতম্—বি, ক্লী, ভিতরে থেকে গোপনে ক্ষতিসাধন।

অন্তর্জলম্—বি, ক্লী; জলমধ্য। স্থল ও জল।

অন্তর্জলী (লিন্)—বিণ ; মৃত্যুকালে নদীর স্থল ও জলে স্থিত।

অন্তর্জ্যোতিস্—ক্লী ; অন্তরাত্মা।

অন্তর্দাহঃ—বি, পুং ; মধ্যে দহন। শরীরের ভিতর জ্বালা।

অন্তর্দেশঃ—বি, পুং, মধ্যদেশ। দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী স্থান। হৃদয়।

অন্তর্দ্বারম্—বি, ক্লী, গৃহমধ্যগত গুপ্তদ্বার।

অন্তর্ধা—(অন্তর্+ধা+অঙ্) আচ্ছাদন, গোপন।

অন্তর্দ্ধানম্ }—বি, ক্লী, অদৃশ্য হওয়া, তিরোধান।
অন্তর্দ্ধিঃ }—বি, পুং

অন্তর্নিবিষ্টঃ—বি, পুং ; মধ্যগত।

অন্তর্ভাবঃ—বি, পুং (অন্তর - ভু + ঘঞ্) মধ্যগত হওয়া, মধ্যে পতন। আন্তরিক অভিপ্রায়।

অন্তর্ভূত—বিণ ; মধ্যবর্ত্তী। অপ্রধান গুণীভূত।

অন্তর্মনস্—বিণ, ত্রি ; সমাহিত চিত্ত, গূঢ়চেতা।

অন্তর্মুখ—বিণ, ত্রি ; যে বাইরে যায় না।

অন্তর্যামী(মিন্)—বি, পুং (অন্তর্ - যম - ণিচ্ + ণিন্) যিনি দেহমধ্যে ইন্দ্রিয়গণকে স্ব স্ব কার্য্যে নিয়োজিত করেন, আত্মা। বিণ ; মনোগত ভাবজ্ঞ।

অন্তর্বত্নী—বি, স্ত্রী (অন্তর্-মতুপ্+ঈপ্) গর্ভবতী।

অন্তর্বর্ত্তী(র্ত্তিন্)—বিণ (অন্তর্ - বৃৎ + ণিন্) অন্তঃপাতী, মধ্যবর্ত্তী।

অন্তর্বংশিকঃ—পুং (অন্তর্ + বংশ্ + ঠক্) অন্তঃপুরে অধিকৃত।

অন্তর্বাণি—বিণ, (অন্তঃ-বাণী) শাস্ত্রজ্ঞ, পণ্ডিত।

অন্তর্বাসঃ—বি, ক্লী, ভিতরে পরিধেয় (গেঞ্জি ইত্যাদি)

অন্তর্বাহ(র্বাহী)—বিণ, (অন্তর্ + বাহ / বাহী) ভিতরের দিকে আকর্ষণকারী।

অন্তর্বিগ্রহঃ (বিপ্লবঃ)—বি, পুং; আত্মকলহ, গৃহবিবাদ।

অন্তর্বেদি(দী)—বি, স্ত্রী ; প্রয়াগ হইতে হরিদ্বার পর্য্যন্ত দেশ। দুই নদী মধ্যস্থদেশ।

অন্তঃশয্যা—বি, স্ত্রী ; মৃত্যুকালে ভূমিশয্যা। মৃত্যু। শ্মশান।

অন্তর্হিত—বিণ (অন্তর্ - ধা + ক্ত) তিরোহিত, লুক্কায়িত।

অন্তাবসায়ী }—বি, পুং (অন্ত বা অন্ত্য -
অন্ত্যাবসায়ী }—অব - সো + ণিন্) নাপিত, চণ্ডালাদি সপ্তজাতি।

অন্তি—অব্য, নিকট।

অন্তিকম্—বি, ক্লী (অন্ত - ইক) সমীপ। বিণ ; সমীপস্থ, নিকট।

অন্তিকা—বি, স্ত্রী; চুল্লী। নাটকে জ্যেষ্ঠা ভগিনী।

অন্তিম—বিণ (অন্ত - ডিমচ্) শেষ, চরম।

অন্তিকাশ্রয়ঃ—পুং, নিকটস্থ । অবলম্বন স্থান।

অন্তেবাসী(বাসিন)—বিণ ; শিষ্য, ছাত্র। চণ্ডাল নীচ। সমীপবর্ত্তী।

অন্ত্য—বিণ (অন্ত - য) শেষস্থিত। নীচ, জঘন্য। বি, ক্লী সংখ্যাবিশেষ।

অন্ত্যজঃ }—(অন্ত্য - জন্ + ড)
অন্ত্যজন্মা }—বিণ ; শূদ্র। নীচ - জাতি।

অন্ত্যজাতিঃ—বি, পুং ; চণ্ডালাদি সপ্তজাতি। যথা চণ্ডাল শ্বপচ, ক্ষত্তা, সূত, বৈদেহক ; মাগধ, আয়োগব।

অন্ত্যবর্ণঃ— বি, পুং ; শূদ্র । শেষ অক্ষর।

অন্ত্যেষ্টিঃ— বি, স্ত্রী (অন্ত্য - ইষ্টি) চরম সংস্কার, দাহাদি কার্য্য।

অন্ত্রম্—বি, ক্লী (অম্ + ত্র) আঁত, দেহবন্ধক নাড়ী বিশেষ, আতড়ি, নাড়ীভুঁড়ি।

অন্ত্রবৃদ্ধিঃ—বি, স্ত্রী; রোগবিশেষ।

অন্দুঃ(ন্দূঃ)—বি, স্ত্রী ; হস্তি পাদ নিগড়।

অন্দু(ন্দূ)কঃ—বি, পুং ; বন্ধন শৃঙ্খল। স্ত্রীলোকের পাদ ভূষণ, পাদকটক, মল, পঞ্চম ইত্যাদি।

অন্ধ—বিণ (অন্ধ + অন্) দৃষ্টিহীন, যাহার দুই চক্ষু নাই।

অন্ধক—বি, পু ; দেশবিশেষ। অসুরবিশেষ। মুনিবিং। যদুবংশীয় নরপতিবিং। বিণ ; দৃষ্টিহীন।

অন্ধকরিপুঃ—বি, পুং, ক্লী শিব, সূর্য।

অন্ধকারঃ—বি, পুং, ক্লী (অন্ধ - কৃ + ষণ) তিমির আঁধার।

অন্ধকূপঃ—বি, পুং ; অন্ধকারময় কূপ, অতিক্লেশকর বাসস্থান, নরক বিং।

অন্ধকূপহত্যা—বি, স্ত্রী ; অতি সঙ্কীর্ণ নির্বাত গৃহে বহুসংখ্যক লোককে অবরুদ্ধ করিয়া রাখা।

অন্ধতমসম্—বি, ক্লী (অন্ধ - তমস্ - অ) ঘোর অন্ধকার।

অন্ধতামিস্রম্—বি, ক্লী (অন্ধ - তমিস্রা - স্বার্থে - অণ্) নিরবচ্ছিন্ন অন্ধকার। নিবিড়-অন্ধকারময় নরক বিশেষ।

অন্ধঃ(স্)—বি, ক্লী (অদ্ - কর্ম্ম - অস) অন্ন।

অন্ধিকা—বি.স্ত্রী. (অন্ধ + ধুল্ + টাপ্) রাত্রি, একপ্রকার চক্ষুরোগ।

অন্ধুঃ—বি, পুং (অন্ধ + কু) কূপ।

অন্ধুলঃ—বি, পুং শিরীষ বৃক্ষ।

অন্ধ্রঃ—বি, পুং (অন্ধ - কর্দ্দ্ - র) তেলেগু ভাষীর দেশ। মৃগয়াজীবী জাতি বিং।

অন্নম্—বি, ক্লী (অদ + ক্ত) ওদন, ভাত। ভক্ষ্য দ্রব্য।

অন্নকোষ্ঠকঃ—বি, পুং ; ধান্যাদি রক্ষণ স্থান, গোলা, করুই।

অন্নগন্ধিঃ—বি.পুং.; অতিসার, উদরাময় রোগ।

অন্নদ—বি.ণ (অন্ন - দা + ড) যে অন্নদান করে, অন্নদাতা।

অন্নদা—বি, স্ত্রী ; ভগবতী। বিণ ; অন্ন-দাত্রী।

অন্নদাসঃ—বি, পুং ; উদরপূরণের জন্য পরের আশ্রিত বা পরের দাস

অন্নপূর্ণ—বিণ ; খাদ্যবস্তু দ্বারা পরিপূর্ণ।

অন্নপূর্ণা—বি, স্ত্রী ; ভগবতী, কাশীর বিশ্বেশ্বরী।

অন্নপ্রাশনম্ }—বি, ক্লী ; শিশুর প্রথম অন্নভোজন-
অন্নপ্রাশঃ }—রূপ সংস্কার বিশেষ।

অন্নভোক্তা —বিণ ; যে অন্ন ভোজন করে। চলিত ভাষায় যাহার অন্ন ভোজন করিতে পারা যায়।

অন্নময়কোষঃ—বি, পুং ; স্থূল শরীর।

অন্নবিকারঃ—বি, পুং ; শরীরস্থ ধাতু বিং। শুক্র।

অন্য | অন্যক —বিণ (অন - কর্ত্তৃ - য) ভিন্ন।
অন্যগামী(মিন)—বিণ ; ব্যভিচারী, পারদারিক। যাহা অন্যকে বুঝায়।
অন্যতম—বিণ (অন্য + তম) বহুর মধ্যে এক ব্যক্তি বা এক বস্তু।
অন্যতর—বিণ (অন্য + তর) দুয়ের মধ্যে এক ব্যক্তি বা এক বস্তু।
অন্যতরেদ্যুঃ(স)—অব্য (অন্যতর - এদ্যুস্) দু দিনের মধ্যে এক দিনে।
অন্যত্র—অব্য (অন্য - ত্র) ভিন্নস্থানে। বিনা।
অন্যত(স্)ঃ—অব্য, অন্যথেকে, অন্যত্র।
অন্যথা—অব্য (অন্য - থাচ্) অন্যপ্রকারে। নতুবা।
অন্যথাচরণম্—বি, ক্লী, বিপরীত ব্যবহার।
অন্যথাভাবঃ—বি, পুং ; অন্যপ্রকার হওয়া।
অন্যথাসিদ্ধি—বি, স্ত্রী ; কারণদোষ, অন্যপ্রকারে সিদ্ধি।
অন্যদা—অব্য (অন্য - দ-ক) অন্য সময়ে।
অন্যদীয়—বিণ (অন্যদা-ছ) অন্যের অন্যসম্বন্ধীয়।
অন্যপুষ্টঃ—বি,পুং ; অতি শৈশবাবস্থায় অন্য অর্থাৎ কাকদ্বারা পুষ্ট = পালিত, কোকিল। বিণ ; অন্যদ্বারা পালিত।
অন্যপূর্বা—বি, স্ত্রী ; যে কন্যা কোন পুরুষের বাগদত্তা হয়ে, পরে ঘটনাক্রমে তাহার সহিত বিবাহ না হলে ঐ কন্যাকে অন্যপূর্ব্বা বলা হয়।
অন্যভৃৎ—বি, পুং (অন্য - ভৃ - ক্বিপ্)। কাক।
অন্যভৃতঃ—(অন্য - ভৃ + ক্ত) বি, পুং ; কোকিল।
অন্যমনাঃ(নস্) | অন্যমনস্ক —বিণ ; যাহার মন অন্য বিষয়ে আসক্ত।
অন্যবিধ—বিণ ; অন্যপ্রকার।
অন্যর্হি—অব্য. অন্যসময়, অন্যদিন।
অন্যাদৃক (দৃশ্) —(অন্য - দৃশ্ - ক্বিপ্)
অন্যাদৃশ —(অন্য - দৃশ - টক) বিণ, অন্য প্রকার।

অন্যান্য—বিণ ; অপরাপর, আর আর।
অন্যায়—বি, পুং (ন - ন্যায়) অবিচার। অনৌচিত্য। বিণ ; অনুচিত।
অন্যায্য—বিণ (ন - ন্যায্য) যাহা বিচার সঙ্গত নহে, অনুচিত।
অন্যূন—বিণ (ন - ন্যূন) যাহা ন্যূন নহে, সমগ্র, সম্পূর্ণ।
অন্যেদ্যুঃ—(দ্যুস্) অব্য; (অন্য-এদ্যুস) অন্যদিনে।
অন্যোদর্য—বিণ (অন্য - উদর - য) বিমাতার গর্ভজাত ; বৈমাত্রেয়।
অন্যোন্য—বিণ. ত্রি, (অন্য - অন্য) পরস্পর।
অন্যোন্যাভাবঃ—পুং, পরস্পরের অভাব।
অন্যোন্যাশ্রয়—বি, পুং ; তর্কশাস্ত্রের দোষ বিং।
অন্বক্ষ—বিণ (অনু-অক্ষ) অনুগামী। অক্ষিসমীপে।
অন্বক্ —(অনু - অন্চ্ ক্বিপ)
অন্বঞ্চ্ —(অনু + অন্চ্ + ক্বিন্) অনুগামী।
অন্বয়ঃ—বি, পুং (অনু - অয় বা ই - ভাবে অল্) বংশ, বাক্যঘটকপদের পরস্পর সম্বন্ধ।
অন্বয়যোজনা —বি, স্ত্রী ;
অন্বয়বোধঃ —বি, পুং ; বাক্যের অন্তর্গত পদ সকলের পরস্পর সম্বন্ধ নিরূপণ।
অন্বয় ব্যতিরেকঃ—বি.পুং তাহা থাকিলে তাহা থাকে তাহা না থাকিলে তাহা না থাকে এইরূপ সম্বন্ধ বিশেষ।
অন্বয়ব্যতিরেকী (কিন্)—বি, সাধ্য সাধক (হেতু)
অন্বয়ব্যাপ্তিঃ—স্ত্রী, একটি থাকলে অন্যটি থাকবে এরূপ নিয়ম।
অন্বর্থ—বিণ ; অর্থানুসারী, যথার্থ।
অন্ববসর্গঃ—বি, পুং (অনু - অব - সৃজ্ - ঘঞ) কামচারানুজ্ঞা
অন্ববসিত—বিণ, ত্রি, সংযুক্ত।
অন্ববায়ঃ—বি, পুং (অনু - অব - অয় বা ই + ঘঞ) বংশ, কুল। সন্তান।
অন্বষ্টকা—স্ত্রী, অষ্টকার পরবর্ত্তী তিথি।
অন্বহম্—অব্য, ক্লী; প্রত্যহ।

অন্বাচয়ঃ—বি, পুং (অনু - অব - চি + অচ্) কোন একটি উদ্দেশ্য সিদ্ধির সঙ্গে অন্য অনুদ্দেশ্য বিষয়ের সিদ্ধি, অনুষঙ্গ।
অন্বাজে—অব্য, দুর্বলের বলাধান।
অন্বাদেশঃ—পুং, পুনরুক্তি।
অন্বাধেয়ম্—বি, ক্লী; বিবাহের পর ভর্ত্তৃকুল বা পিতৃকুল থেকে লব্ধ স্ত্রীধন।
অন্বাসনম্—বি, ক্লী, উপাসনা,অনুশোচনা।
অন্বাসিত—বিণ, পশ্চাৎ উপবিষ্ট, সেবিত।
অন্বাহার্য্যম্—বিং ক্লী; পিতৃলোকের মাসিক শ্রাদ্ধ।
অন্বাহিত—বিণ, (অনু—আহিত) গচ্ছিত বস্তু, নিক্ষেপ।
অন্বিচ্ছা—বি, স্ত্রী, অন্বেষণ।
অন্বিত—বিণ (অনু - ই - ক্ত)যুক্ত, বিশিষ্ট। মিলিত। অন্বয় বিশিষ্ট।
অন্বিতান্বয়বাদঃ—মীমাংসক মতে - বাক্যে পদসমুদায়ের সম্বন্ধ হয়েই অর্থ-বোধন।
অন্বিষ্ট—বিণ (অনু - ইষ - ক্ত) যার অনুসন্ধান করা হইয়াছে, অনুসংহিত।
অন্বীক্ষণম্—বি.ক্লী; অন্বেষণ
অন্বীক্ষা—বি. স্ত্রী উন্নয়ন, অনুমান, ন্যায়শাস্ত্র।
অন্বেষক—বিণ (অনু -ইষ -ণক) যে অনুসন্ধান করে, অনুসন্ধায়ী।
অন্বেষণম্—বি ক্লী (অনু -ইষ + ল্যুট্) অনুসন্ধান।
অন্বেষিত—বিণ (অনু -ইষ্ + ণিচ্ + ক্ত) অন্বিষ্ট।
অপ্—বি, স্ত্রী (আপ - ক্বিপ্) জল।
অপ—অব্য; অপগম। অপকর্ষ। বৈপরীত্য। ত্যাগ। কুৎসিত। বিয়োগ।
অপকর্ম্ম (ন্)—বি, ক্লী; অসৎকার্য্য।
অপকর্ম্মা (র্ম্মন্)—বিণ; যে কুকর্ম্ম করে, দুষ্কর্ম্মকারী।
অপকর্ষঃ—বি, পুং (অপ - কৃষ + অল্) হীনতা।
অপকলঙ্কঃ—বি, পুং; মিথ্যা অপবাদ, দুর্নাম।
অপকারঃ—বি, পুং (অপ কৃ + ঘঞ্) অনিষ্ট, ক্ষতি।

অপকারক —(অপ - কৃ + ণক)
অপকারী (রিন্) —(অপ - কৃ - কর্ত্তৃ ণিন্) বিণ ; যে অপকার করে, অনিষ্টকারী।
অপকারগির্—স্ত্রী, ভর্ৎসনাবাক্য।
অপকীর্ত্তিঃ—বি, স্ত্রী; অপযশ, অখ্যাতি।
অপকৃত—বিণ (অপ - কৃ + ক্ত) যাহার অনিষ্ট করা হইয়াছে।
অপকৃতিঃ—বি, স্ত্রী (অপ - কৃ + ক্তিন্) অপকার।
অপকৃষ্ট—বিণ (অপ - কৃষ + ক্ত) মন্দ, অধম, জঘন্য, নিকৃষ্ট।
অপক্রমঃ—বি, পুং (অপ - ক্রম - অল্)
অপক্রমণম্—বি, ক্লী (অপ - ক্রম - ল্যুট্) পলায়ন।
অপক্রান্ত—বিণ (অপ - ক্রম + ক্ত) পলায়িত।
অপক্রিয়া—বি, স্ত্রী (অপ - কৃ - ভাবে শ - আপ্) অপকার।
অপক্রোশঃ—বি, পুং (অপ - ক্রুশ + ঘঞ্) নিন্দা।
অপক্ক—বিণ (ন—পক্ক) অপরিণত, কাঁচা।
অপক্ষয়ঃ—বি, পুং; ধ্বংস, বিনাশ।
অপগত—বিণ, দূরীভূত। বিনষ্ট। রহিত। পলায়িত।
অপগতিঃ—বি, স্ত্রী (অপ - গম্ + ক্তিন্) দুর্ভাগ্য,
অপগমঃ—বি, পুং (অপ - গম - অল্) নাশ।
অপগমনম্—বি, ক্লী; প্রস্থান। পলায়ন।
অপগরঃ—(অ - গৃ + অপ্) বি, পুং নিন্দা, ভর্ৎসনা। বিণ, নিন্দক।
অপগ্রহঃ—বি, পুং দুষ্টগ্রহ, প্রতিকূল গ্রহ।
অপঘন—বি, পুং; অবয়ব। শরৎকাল। বিণ, মেঘশূন্য।
অপঘাতঃ—বি, পুং (অপ - হন + ঘঞ্) অপমৃত্যু। প্রাণনাশক আঘাত।
অপঘাতক— বিণ (অপ - হন - কর্ত্তৃ - ণক)
অপঘাতী (তিন্)—বিণ (অপ - হন - কর্ত্তৃ - ণিন্) অপঘাতকারী।
অপঘৃণ—বিণ, নির্দয়, নির্লজ্জ,
অপচয়ঃ—বি, পুং; (অপ্ - চি + অচ্) ক্ষতি, হানি। ব্যয়।

অপচরিতম্—ক্লী, বি, কুকর্ম, দোষ।
অপচায়িত—বিণ, (অপ-চি-ণিচ্ + ক্ত) পূজিত, শাণিত, অপব্যয়িত।
অপচারঃ—বি, পুং; (অপ - চর + ঘঞ্) অহিতাচরণ। কুপথ্য সেবা।
অপচিকীর্ষা—বি, স্ত্রী (অপ-কৃ-সন্ +অ-আপ) অপকার করিবার ইচ্ছা, অনিষ্টকামনা।
অপচিতঃ—বিণ (অপ - চি + ক্ত) যাহার অপচয় হইয়াছে, ক্ষয় প্রাপ্ত, ব্যয়িত।
অপচিতিঃ—বি, স্ত্রী (অপ - চি + ক্তি) ক্ষয়। পূজা। ব্যয়।
অপচ্ছত্র —বিণ. ছত্রহীন।
অপচ্ছায়—বিণ (অপ—ছায়া) ছায়াবিহীন।
অপচ্ছায়া—বি, স্ত্রী ; অপ্রশস্ত ছায়া, আবছায়া।
অপটান্তর—বিণ, অব্যবহিত, সংসক্ত।
অপটী—বি, স্ত্রী (ন - পট - ঈপ্) বস্ত্র প্রাবরণ, যবনিকা, কানাৎ, পর্দ্দা।
অপটীক্ষেপঃ—বি, পুং, নাট্যে পর্দা সরিয়ে সসম্ভ্রমে পাত্রপ্রবেশ।
অপটু—বিণ; অসমর্থ। রোগী
অপণ্ডিত—বিণ, শাস্ত্রজ্ঞান রহিত, মূর্খ।
অপত্যম্—বি, ক্লী (ন - পত্ - য) যদ্দ্বারা বংশলোপ হয় না, সন্তান, পুত্রকন্যা।
অপত্রপ—বিণ (অপ - ত্রপা) নির্লজ্জ।
অপত্রপা—বি, স্ত্রী (অপরের থেকে জাত) লজ্জা, ধৃষ্টতা।
অপত্রপিষ্ণু—বিণ, (অপ - ত্রপ্ + ইষ্ণু) লজ্জাশীল।
অপত্রস্ত—বিণ (অপ - ত্রস্ + ক্ত) ভীত।
অপথম্—বি, ক্লী (ন - পথিন্ - অ) কুপথ, মন্দ পথ।
অপথ্য—বিণ (ন - পথ্য) যাহা সেব্য নহে, কুপথ্য।
অপদস্থ—বিণ (ন - পদ - স্থা - ড) পদচ্যুত। অবমানিত।
অপদান্তর—বিণ, অব্যবহিত, সংযুক্ত।

অপদিশম্—অব্য, ক্লী; দুইদিকের মধ্যবর্ত্তী কোণ, বিদিক্, যথা-অগ্নিকোণ, নৈঋতকোণ, বায়ুকোণ, ঈশানকোণ।
অপদেবতা—বি, স্ত্রী; অপকৃষ্টদেবতা, ভূতপ্রেত পিশাচাদি।
অপদেশঃ—বি, পুং (অপ - দিশ - অল্) ছলা, লক্ষ্য। স্থান। নিমিত্ত। নাম।
অপধ্যানম্—বি, ক্লী; অমঙ্গল চিন্তা। অসদিচ্ছা।
অপধ্বংসঃ—বি, পুং; ত্যাগ। নিন্দা। চূর্ণীকরণ। পতন। বর্ণসঙ্কর।
অপধ্বংসজঃ—বি, পুং (অপধ্বংস জন্ + ড) সঙ্কর জাতি।
অপধ্বস্ত—বিণ (অপ - ধ্বন্স্ - ক্ত) ত্যক্ত। নিন্দিত। চূর্ণিত। পতিত।
অপনয়ঃ —বি, পুং ;
অপনয়নম্ —বি, ক্লী; নিবারণ, দূরীকরণ। খণ্ডন। অপচয়।
অপনীত—বিণ; নিবারিত। দূরীকৃত। খণ্ডিত। অপচিত।
অপনোদনম্—বি, ক্লী (অপ - নুদ - ল্যুট) নিবারণ। দূরীকরণ। খণ্ডন।
অপপ্রয়োগঃ—বি, পুং; দুষ্টপ্রয়োগ, ব্যাকরণ বিরুদ্ধ পদের প্রয়োগ।
অপভয়—বি, ত্রি, নির্ভয়।
অপভাষঃ—বি, পুং নিন্দা।
অপভাষা—বি, স্ত্রী; অপকৃষ্ট ভাষা, ইতর ভাষা।
অপভ্রংশঃ—বি, পুং; যে ভাষা সাধুভাষা হতে বিকৃত হয়েছে, অপভাষা। যেমন ধান্য→ধান। আম্র→আম ইত্যাদি।
অপমর্শঃ—বি, পুং (অপ - মৃশ + ঘঞ্) অপহরণ, নিন্দা। স্খলন, পতন।
অপমানম্—বি, ক্লী (অপ - মা + ল্যুট্) অনাদর, অবজ্ঞা।
অপমানিত—বিণ (অপমান - ইত) অনাদৃত, অবজ্ঞাত।

অপমৃত্যুঃ—বি, পুং ; রোগ ব্যতিরেকে সর্পদংশনাদি কারণ-বশতঃ মরণ।
অপযশঃ (শস্)—বি, ক্লী; অখ্যাতি। নিন্দা।
অপযানম্—বি, ক্লী; পলায়ন।
অপর—বিণ; অন্য। প্রতিকূল। ক্লী; হস্তীর পশ্চাদ্ভাগ, পশ্চিম দিক, জরায়ু।
অপরক্ত—বিণ; আসক্তি শূন্য, বিরক্ত।
অপরতিঃ- -বি. স্ত্রী, বিরাগ, নিবৃত্তি।
অপরত্র—অব্য, অমুত্র, অন্যত্র, পরকালে।
অপরঞ্চ—অব্য; আরও, অপিচ।
অপরপক্ষঃ—বি. পুং ; কৃষ্ণপক্ষ।
অপরবঃ—বি. পুং; বিবাদ।
অপরবক্ত্রম্—বি, ক্লী, অর্ধসমবৃত্ত ছন্দো বিশেষ।
অপরাগঃ—বি, পুং বিরাগ, বিদ্বেষ।
অপররাত্রঃ—বি. পুং ; শেষ রাত্রি।
অপরস্পর—বিণ, ত্রি, সতত, একবার।
অপরা—বি, স্ত্রী; জরায়ু। পশ্চিম দিক্।
অপরাজিত—বিণ; অপরীভূত। বি, পুং; বিষ্ণু শিব।
অপরাজিতা—বি, স্ত্রী; লতাবিশেষ। দূর্ব্বা। দুর্গা।
অপরাদ্ধ—বিণ; (অপ - রাধ + ক্ত) অপরাধযুক্ত। স্খলিত। ভ্রান্তিযুক্ত।
অপরাদ্ধপৃষৎক—বিণ; যার বাণ লক্ষ্যে পতিত হয় নাই।
অপরাদ্ধিঃ—বি, শ্রী (অপর-রাধ্ + ক্তিন্) অপরাধ, দোষ, পাপ।
অপরাধঃ—বি, পুং (অপ - রাধ + অল) অন্যায়- কার্য্য জন্য দোষ।
অপরাধী (ধিন্)—বিণ (অপরাধ + ণিনি) যে দোষ করিয়াছে, দোষী।
অপরান্তঃ—বি, পুং; পশ্চিমদিগন্ত। বিণ; পশ্চিমদেশীয়।
অপরাহ্নঃ—বি, পুং (অপর - অহন্ - য) তিন ভাগে বিভক্ত দিনের শেষ ভাগ, বিকালবেলা।

অপরিগ্রহঃ—বি, পুং; অস্বীকার। পরিব্রাজক। বিণ; পত্নীরহিত।
অপরিচ্ছিন্ন—বিণ; পরিচ্ছেদ রহিত, ইয়ত্তাশূন্য, অসীম।
অপরিণত—বিণ; অপক্ক, কাঁচা।
অপরিণামদর্শী (র্শিন্)—বিণ; যে ভবিষ্যৎ না ভাবিয়া কার্য্য করে। অবিবেচক।
অপরিমিত—বিণ; (ন - পরিমিত) প্রচুর, বহুল, যথেষ্ট।
অপরিসর—বিণ ; অপ্রশস্ত, সঙ্কীর্ণ।
অপরিসীম—বিণ; (ন - পরিসীমা) যার সীমা নাই, অশেষ, অতি বহুল।
অপরিষ্কারঃ—বি, পুং; অনির্ম্মলতা, মালিন্য।
অপরিষ্কৃত—বিণ; অপরিচ্ছন্ন, মলিন।
অপরিহার্য্য—বিণ; যা পরিত্যাগের যোগ্য নহে, অপরিত্যাজ্য, অনুপেক্ষণীয়।
অপরূপ—বিণ; কুরূপ অতিরমণীয়।
অপরোক্ষ—অব্য, ক্লী; সাক্ষাৎ, প্রত্যক্ষ। বিণ; ইন্দ্রিয়গোচর।
অপর্ণ—বিণ; পত্রশূন্য, নিষ্পত্র।
অপর্ণা—বি, স্ত্রী; দুর্গা।
অপর্য্যাপ্ত—বিণ; অসম্পূর্ণ। অসমর্থ। নাই পর্য্যাপ্ত যাহা হইতে, প্রচুর, অসীম।
অপলঃ—বি, পুং (অপ - লা - ড) কীলক, গোঁজ। আলপিন। বিণ; মাংসহীন।
অপলাপঃ—বি, পুং (অপ - লপ - ভাবে ঘঞ্) গোপন, অস্বীকার। প্রেম।
অপবর্গঃ—বি, পুং; মুক্তি মোক্ষ। দান। ত্যাগ। সমাপ্তি। ফলপ্রাপ্তি।
অপবর্জ্জনম্—বি, ক্লী; দান। ত্যাগ। মোক্ষ।
অপবর্জ্জিত—বিণ; ত্যক্ত।
অপবর্ত্তনম্—বি, ক্লী; পরিবর্ত্তন। একটি অঙ্ককে অপর অঙ্কদ্বারা ভাগ করা।
অপবরকঃ—পুং (অপ - বৃ + বুন্) অন্ধগৃহ, গর্ভগৃহ। ছিদ্র।

অপবর্গঃ—বি. পুং, মুক্তিদান, নিষ্পত্তি, ফলসিদ্ধি। সমাপ্তি।

অপবাদঃ—বি, পুং; অখ্যাতি, নিন্দা। আদেশ। বিশেষ, বাধক।

অপবাদক—বিণ; নিন্দাকারী।

অপবারণম্—বি, ক্লী; ব্যবধান। বর্জ্জন। অন্তর্ধান।

অপবারিত—বিণ; ব্যবহিত, আচ্ছাদিত। বর্জ্জিত। অন্তর্হিত।

অপবাহিত—বিণ; যাহাকে সরাইয়া দেওয়া হইয়াছে, স্থানান্তর প্রাপিত।

অপবিত্র—বিণ; অশুদ্ধ, অশুচি।

অপবিদ্ধ—বিণ, পরিত্যক্ত। চূর্ণীকৃত, দলিত। প্রক্ষিপ্ত। মাতা পিতা কর্ত্তৃক পরিত্যক্ত অন্য কর্তৃক পালিত পুত্র বিশেষ।

অপবৃত্ত—বিণ; পরাঙমুখীভূত।

অপব্যয়ঃ—বি, পুং; অসৎ কার্য্যে ব্যয়।

অপব্যয়ী—(য়িন্) বিণ, যে অপব্যয় করে।

অপশঙ্ক—বিণ (অপ - শঙ্কা) নির্ভয়।

অপশ(স)দঃ—বিণ (অপ - শদ, সদ - কর্ত্তৃ - অন্) নীচ, অধম।

অপশব্দঃ—বি, পুং; কুৎসিত শব্দ। ব্যাকরণ দুষ্ট শব্দ।

অপশোক—বিণ, শোকরহিত,

অপষ্ঠু—ত্রি, বিপরীত,প্রতিকূল, অব্য ; নির্দোষ।

অপসদঃ—পুং (অপ-সদ্-অব্) সঙ্কর বিশেষ।

অপসরণম্—বি, ক্লী; (অপ-সৃ-লুট্) সরিয়া যাওয়া।

অপসর্পঃ—বি, পুং; (অপ-সৃপ-ণ্বুল্) গুপ্তচর।

অপসর্জনম্—বি, ক্লী, (অপ-সৃজ্ + ল্যুট) দান, ত্যাগ, বধ।

অপসর্পণম্—বি, ক্লী; (অপ - সৃপ্ - ল্যুট্) স্থানান্তর গমন।

অপসব্য—বিণ; বামব্যতিরিক্ত।,শরীরের দক্ষিণভাগ। প্রতিকূল।

অপসারণম্—বি, ক্লী; সরাইয়া দেওয়া, চালন।

অপসারিত—বিণ (অপ-সৃ-ণিচ্-ক্ত) চালিত। দূরীকৃত।

অপসৃত—বিণ; (অপ - সৃ + ক্ত) অপগত।

অপস্করঃ—বি, পুং (অপ - কৃ - অচ্) রথাঙ্গ, গুহ্যদ্বার। বিষ্ঠা।

অপস্নানম্—বি, ক্লী; (অপ - স্না + ল্যুট্) সংস্কারার্থ শবদেহের স্নান। কাহারও জননে বা মরণে স্নান।

অপস্পশ—বিণ, (ন - পস্পশ) চরশূন্য। পস্পশভাষ্যরহিত।

অপস্মারঃ—বি., পুং; (অপ্-স্মৃ+ঘঞ্) মৃগীরোগ।

অপহরণম্—বি, ক্লী; (অপ - হৃ + ল্যুট্) চুরি।

অপহত—বিণ, ত্রি (অপ - হন্ + ক্ত) বিনষ্ট।

অপহন্—বিন, ত্রি(অপ - হন্ + ক্বিপ্) বিনাশক।

অপহর্তা—বিণ, বি. (অপ - হৃ + তৃচ) যে চুরি করে, চোর।

অপহসিতম্—যের+প হাস্যে চক্ষু দিয়া জল বাহির হয় এমন উচ্চ হাস্য।

অপহস্ত—বিণ; যাহা হাতছাড়া হইয়াছে, বেহাত।

অপহারঃ—বি, পুং; (অপ - হৃ + ঘঞ্) অপহরণ, চুরি।

অপহারক—বিণ, ত্রি (অপ - হৃ - ণক) অপহরণকারী, চোর।

অপহৃত—বিণ; (অপ - হৃ + ক্ত) যাহা অপহরণ করা হইয়াছে, চোরিত।

অপহ্নবঃ—বি, পুং (অপ হ্নু - অল্) অপলাপ। চৌর্য্য। স্নেহ।

অপহ্নুতিঃ—বি, স্ত্রী; (অপ - হ্নু + ক্তি) অপলাপ। অর্থালঙ্কার বিশেষ।

অপাংপতিঃ—বি, পুং; (অপাম্ + পতি) সমুদ্র।

অপাকঃ—বি, পুং; অজীর্ণ রোগ। অপক্ক।

অপাকরণম্ ⎫—বি, ক্লী; (অপ - আ - কৃ + ল্যুট্) নিরাকরণ, দূরীকরণ।
অপাকৃতিঃ ⎭—(অপ-আ-কৃ + ক্তিন্)

অপাকৃত—বিণ ; নিবারিত দূরীকৃত। প্রশমিত। পরিশোধিত।

অপাঙ্‌ক্তেয়—বিণ, ত্রি, (ন - পঙ্‌ক্তি + ঢক্) যাহার সহিত পঙক্তিতে ভোজন নিষিদ্ধ, নিকৃষ্ট, পতিত।

অপাঙ্গঃ—বিণ, পুং; (অপ + অঙ্গ) চক্ষুর প্রান্তভাগ। তিলক। বিণ ; অঙ্গ হীন।

অপাঙ্গদর্শনম্—বি, ক্লী; আড়চোখে তাকান, কটাক্ষ।

অপাচী—(অপ - অঞ্চ + ক্তিন + ঙীপ) স্ত্রী - দক্ষিণ বা পশ্চিম দিক।

অপাটবম্—বি, ক্লী; অপটুতা। অসুস্থতা।

অপাত্রম্—বি, ক্লী; কুপাত্র।

অপাত্রীকরণম্—বি, ক্লী (ন - পাত্র - চ্বি - করণ) পাপবিশেষ। যথা ১) নিন্দিত ব্যক্তির নিকট ধন গ্রহণ, ২) বাণিজ্য, ৩) শূদ্রসেবা, ৪) মিথ্যাকথন।

অপাদানম্—বি, ক্লী; (অপ - আ - দা + ল্যুট্) কারক বিশেষ। কোন বস্তু থেকে কোন বস্তু বিশ্লিষ্ট হলে 'ধ্রুব' বস্তু অপাদান।

অপানঃ—বি, পুং (অপ - অন - ঘঞ্) গুহ্যদ্বার। গুহ্যদেশস্থ বায়ু।

অপামার্গঃ—বি, পুং (অপ - আ - মৃজ - ঘঞ্) আপাঙ্‌বৃক্ষ।

অপায়ঃ—বি, পুং (অপ - ই + অচ্) অপগম। নাশ। বিশ্লেষ। অদর্শন।

অপার—বিণ, অকূল। অসীম। ক্লী, নদীর অপর তীর।

অপারক—বিণ (ন - পারক) অশক্ত, অক্ষম।

অপার্থ—বিণ; নিরর্থক। বিফল।

অপাবর্ত্তনম্—বি, ক্লী; (অপ - আ - বৃ + ল্যুট্) প্রত্যাবর্ত্তন, হটিয়া আসা। উদঘাটন, আচ্ছাদনের অপসারণ।

অপাবৃতিঃ—বি, স্ত্রী; (অপ - আ - বৃ + ক্তিন্) উদ্‌ঘাটন, আচ্ছাদনের অপসারণ। আচ্ছাদন। স্বাধীনতা।

অপাবৃত—বিণ, (অপ - আ - বৃ - ক্ত) উদ্‌ঘাটিত। আচ্ছাদিত। স্বেচ্ছাপ্রবৃত্ত।

অপাবৃত্ত —বিণ (অপ - আ - বৃৎ - ক্ত) লুণ্ঠিত। প্রত্যাবৃত্ত।

অপাশ্রয়ঃ—বি, পুং; চন্দ্রাতপ। বিণ; নিরাশ্রয়।

অপাসনম্—বি, মারণ। দূরীকরণ।

অপাস্ত—বিণ; (অপ + অস্ + ক্ত) পরিত্যক্ত।

অপাসু—বিণ, নির্জীব, মৃত।

অপি—অব্য, অবধারণ, সম্ভাবনা। নিন্দা। অনুজ্ঞা। অল্পত্ব। সমুচ্চয়। প্রশ্ন। নিশ্চয়। সন্দেহ। পুনঃ। কামচার।

অপিচ—অব্য, আরও।

অপিতু—অব্য.; কিন্তু।

অপিধানম্—বি, ক্লী (অপি - ধা - ল্যুট্) আচ্ছাদন। তিরোধান।

অপিনদ্ধ—বিণ (অপি-নহ্-কর্ম্ম-ক্ত) পরিহিত।

অপিহিত—বিণ (অপি - ধা - ক্ত) আচ্ছাদিত।

অপুত্র (ক)—বিণ; পুত্রহীন।

অপুনরাবৃত্তিঃ—বি, স্ত্রী; (ন - পুনঃ + আবৃত্তি) পুনর্ব্বার না আসা। পুনর্ব্বার জন্ম না হওয়া।

অপুনর্ভবঃ—বি, পু; নির্ব্বাণমুক্তি। বিণ; পুনর্জন্মহীন।

অপূপঃ—বি, পু; (ন - পূ + প) (ন পূয়তে- বিশীর্যতে) পিষ্টক, পিঠা।

অপূর্ব্ব—বিণ; নূতন। আশ্চর্য।

অপূর্ববিধিঃ—পুং - প্রমাণান্তর দ্বারা অপ্রাপ্তের প্রাপক বাক্য।

অপৃক্ত—বিণ; অমিশ্রিত। অসম্বন্ধ।

অপেক্ষা—বি, স্ত্রী (অপ - ঈক্ষ - ভাবে অ - আপ্) আকাঙ্ক্ষা। সম্বন্ধ। প্রতীক্ষা। অনুরোধ। তুলনা। যত্ন।

অপেক্ষাবুদ্ধিঃ—বি.স্ত্রী. ন্যায় শাস্ত্র 'এই একটি' এইরূপ অনেকবস্তু সম্বন্ধে জ্ঞান।

অপেক্ষণীয়—বিণ (অপ - ঈক্ষ + অনীয়) অপেক্ষাযোগ্য।

অপেক্ষাকৃত—বিণ; তুলনাকৃত।

অপেক্ষিত—বিণ; (ত্রি) (অপ - ঈক্ষ+ণিচ্+ক্ত) আকাঙ্ক্ষিত।

অপেত—বি-ণ (অপ - ই - কর্ত্তৃ - ক্ত) অপগত। চ্যুত।

অপেয়—বি-ণ (ন - পেয়) পানের অযোগ্য।

অপৈশুনম্—পরোক্ষ পরানর্থকারি - বাক্যাকথন।

অপোগণ্ড—বি, পুং (অপ - গম - ড) শিশু, অপ্রাপ্তবয়স্ক। বিকলাঙ্গ।

অপোঢ়—বিণ ত্রি, (অপ - বহ - ক্ত) পরিত্যক্ত। নিরস্ত। উদ্‌ঘাটিত। নির্ণীত।

অপোহঃ—বি, পুং; (অপ - বহ্ + ঘঞ্) তর্ক। নিরাস।

অপোহিত—বিণ; (অপ - বহ্ + ণিচ্ + ক্ত) তর্কিত। নিরস্ত।

অপৌরুষম্—বি, ক্লী; পুরুষকার না থাকা, অগৌরব।

{অপৌরুষ—
{অপৌরুষেয়—বি-ণ; যাহা পুরুষকৃত নহে, অনাদি।

অপ্‌পতিঃ—বি, পুং; (অপ্ + পতি) সমুদ্র।

অপ্‌পিত্তঃ—বি, পুং; (অপ্ + পিত্ত)অগ্নি।

অপ্যয়ঃ—বি, (অপ - ই + অচ্) লয়। বিনশ।

অপ্রকাণ্ড—বি, পুং; গুল্ম, ঝোপ।

অপ্রকাশঃ—বি,পুং; গোপন। অনুদয়। বি-ণ; প্রকাশরহিত।

অপ্রকাশ্য—বি-ণ; ত্রি ; যাহা প্রকাশের যোগ্য নহে, গোপনীয়।

অপ্রগল্‌ভ—বি-ণ, ত্রি, প্রতিভাশূন্য, নিস্তেজ। শিষ্ট, শান্ত। ভীরু।

অপ্রগুণ—বিণ. ত্রি ; আকুল।

অপ্রজ(অপ্রজস্)—বিণ.ত্রি; প্রজাশূন্য, নিঃসন্তান।

অপ্রণয়ঃ—বি, পুং; অসদ্ভাব, প্রণয়ভঙ্গ।

অপ্রতিকার্য্য—বি-ণ; প্রতীকারের অযোগ্য।

অপ্রতিপত্তিঃ—বি, স্ত্রী; অগৌরব। অনিশ্চয়। অঙ্গীকার।

অপ্রতিবন্ধ—বি-ণ; প্রতিবন্ধকশূন্য, অবাধিত।

অপ্রতিভ—বি-ণ; (ন - প্রতিভা) হতবুদ্ধি, অপ্রস্তুত। প্রতিভাশূন্য।

অপ্রতিম—বিণ (ন - প্রতিমা) তুলনারহিত, নিরুপম।

অপ্রতিরথ—বিণ; যাহার সমকক্ষ যোদ্ধা নাই, অদ্বিতীয়।

অপ্রতিবিধেয়—বিণ; প্রতীকারের অযোগ্য, উপায়রহিত।

অপ্রতিষ্ঠ—বিণ, ত্রি, যশোহীন, স্থিতিশূন্য অনির্ণীত।

অপ্রতিহত—বিণ; ব্যাঘাতশূন্য, নির্বাধ।

অপ্রতুলম্—বি, ক্লী (প্রকৃষ্ট তুলা অর্থাৎ পরিমাণের অভাব) অসঙ্গতি, অকুলান।

অপ্রত্যক্ষ—বি, ক্লী; প্রত্যক্ষের অভাব। বিণ; অতীন্দ্রিয়।

অপ্রত্যয়ঃ—বি, পুং; অবিশ্বাস। বিণ, ত্রি, সন্দিগ্ধ, অবিশ্বাসী।

অপ্রধান—বিণ; প্রাধান্যরহিত, গৌণ।

অপ্রমত্ত—বিণ; সতর্ক, সাবধান।

অপ্রমাদঃ—বি, পুং; অবধান, মনোযোগ।

অপ্রমেয়—ত্রি; ভ্রমযুক্ত। অপরিমেয়। অচিন্ত্য।

অপ্রযাণিঃ—স্ত্রী, অনুন্নতি (শাপসূচক বাক্য)

অপ্রশস্ত—বিণ; মন্দ। গৌণকল্প। সঙ্কীর্ণ।

অপ্রস্তুত—বিণ; যাহার প্রস্তাব করা হয় নাই। চলিত ভাষায় অপ্রতিভ অর্থে প্রযুক্ত হয়।

অপ্রস্তুতপ্রশংসা—বি.স্ত্রী.অলঙ্কার বিশেষ—অপ্রাকরণিক অর্থদ্বারা প্রাকরণিক অর্থের স্তুতি।

অপ্রহত—বি-ণ; অক্ষুন্ন, কর্ষণরহিত। খিল, অনাহত।

অপ্রাকরণিক—বিণ; (ন - প্রকরণ - ঠিক) যাহার প্রস্তাব নাই, অপ্রাসঙ্গিক।

অপ্রাকৃত—বি-ণ; অসাধারণ। প্রাকৃত ভিন্ন। অলোকসামান্য।

অপ্রাগ্র্য—বিণ, ত্রি, গৌণ, অপ্রধান।

অপ্রাপ্তবয়স্ক—বি-ণ (ন - প্রাপ্ত - বয়স্ - ক) যে পৈতৃকসম্পত্তি অধিকার করিবার উপযুক্ত বয়স পায় নাই। নাবালক।

অপ্রাপ্তব্যবহার—বি-ণ, নাবালক।

অপ্রাপ্য—বি-ণ; দুর্লভ।

অপ্রিয়—বি-ণ; যাহার প্রতি অনুরাগ নাই, অনভিলষিত, অপ্রীতিকর।

অপ্রিয়ভাষী(ষিন্)—বি-ণ; যে অপ্রিয় কথা বলে, কটুভাষী।

অপ্রিয়বাদী(দিন্)—বি-ণ; কটুভাষী।

অপ্সরা(রস) } —(অপ্ - সৃ - কর্ত্তৃ - অসুন্)
অপ্সরা } —(অপ্ - সৃ - কর্ত্তৃ - অসুন্ - আপ্) বি, স্ত্রী ; স্বর্গবেশ্যা।

অফল—বি-ণ; ফলশূন্য। নিরর্থক, বৃথা।

অফেন—বি, ক্লী; আফিম। বি-ণ; ফেনাশূন্য।

অবন্ধ—বি-ণ; বন্ধনরহিত, অসংগকৃত। বধের অযোগ্য।

অবন্ধমুখ—বিণ; কোন কথাই যাহার মুখে বাধে না, দুর্মুখ।

অবন্ধ্য—বি-ণ; সফল।

অবলা—বি, স্ত্রী (ন - বল - আপ্) নারী। বি-ণ; বলহীনা।

অবাধ—বিণ (ন - বাধা) প্রতিবন্ধকশূন্য, নির্বিঘ্ন । পীড়াশূন্য

অবাধ্য—বি-ণ; যে বশীভূত নয়, স্বাধীন।

অবিন্ধনঃ—বি. ক্লী.বাড়বাগ্নি, বজ্রাগ্নি।

অবোধ—বি-ণ; জ্ঞানশূন্য, অজ্ঞান। পুং; জ্ঞানের অভাব।

অব্জম্—বি, ক্লী(অপ্ - জন - কর্ত্তৃ - ড) পদ্ম। পুং, ক্লী; শঙ্খ। পুং; চন্দ্র। ধন্বন্তরি।

অব্জভোগঃ— পুং; পদ্মবীজকোষ।

অব্জযোনিঃ—বি, পুং; ব্রহ্মা।

অব্জিনী—বি, স্ত্রী (অব্জ - ইন্ - ঈপ্) পদ্মলতা, পদ্মিনী।

অব্দঃ—বি, পুং (অপ্ - দা - কর্ত্তৃ - ড) মেঘ। (অব - কর্ত্তৃ - দ) বৎসর। এখানে অন্তঃস্থ ব।

অব্ধিঃ—বি,পুং (অপ্ - ধা - অধি - কি) সমুদ্র।

অব্ভ্রম্—বি, ক্লী (অপ্ - ভৃ - কর্ত্তৃ - ক) মেঘ।

অব্রহ্মণ্যম্—বি, ক্লী (ন - ব্রহ্মন্ - য) নাট্যোক্তি স্থলে -বধ করিও না এইরূপ প্রার্থনা।

অব্রাহ্মণঃ—বি, পুং ব্রাহ্মণের আচার বিহীন, অপকৃষ্ট ব্রাহ্মণ।

অব্রুবাণ—বিণ, ত্রি (ন - ব্রূ - শানচ্) বাক্‌শক্তিহীন। শক্তি।

অভদ্রম্—বি-ণ; ত্রি যাহার আচার ব্যবহার ভাল নয়, নিন্দিত।

অভয়—বি, ক্লী; ভয় না থাকা, নিঃশঙ্কতা। বিণ; ভয়শূন্য।

অভব্য—বিণ, যে শিষ্টাচার জানে না। অসভ্য।

অভাগ্য—বি-ণ ত্রি, ভাগ্যহীন।

অভাজনম্—বি-ণ, ক্লী; অপাত্র, অযোগ্য।

অভাবঃ—বি, পুং; না থাকা, অবিদ্যমানতা।

অভাবনীয়—বি-ণ ত্রি (ন - ভূ - ণিচ্ + অনীয়) যাহা চিন্তাসাধ্য নহে, অচিন্তনীয়।

অভাষণম্—বি, ক্লী; অকথন, মৌন।

অভি—(অব্য); সমন্তাৎ। বীপ্সা। আভিমুখ্য। ইত্থম্ভব। চিহ্ন। নিকট। সাদৃশ্য। অভিলাষ। উৎকর্ষ।

অভিক(ভীক)—বি-ণ ত্রি, (অভি - কম্ + ড) কামুক, লম্পট।

অভিক্রমঃ—বি, পুং (অভি - ক্রম্ + ঘঞ্) যুদ্ধ যাত্রা, আরম্ভ।

অভিক্ষেপঃ—বি, পুং, অভিভব।

অভিখ্যা, অভিখ্যানম্—বি, স্ত্রী। (অভি - খ্যা - অঙ - টাপ্) শোভা। খ্যাতি। নাম।

অভিগমঃ—বি, পু, (অভি - গম্ + অচ)
অভিগমনম্—বি, ক্লী; (অভি - গম্ + ল্যুট্) সম্মুখে গমন, প্রত্যুদ্‌গমন। আশ্রয়।

অভিগ্রস্ত—বিণ, ত্রি, আক্রান্ত, লুণ্ঠিত।

অভিগ্রহঃ—বি, পুং; (অভি-গ্রহ্+অচ্) অভিযোগ। আক্রমণ) স্পর্দ্ধা। লুঠ। গৌরব।

অভিঘাতঃ—বি, পুং; (অভি-হন্-ঘঞ) আঘাত। প্রতিঘাত। হত্যা। সংযোগবিশেষ।

অভিঘাতী (তিন্)—বি, পুং; শত্রু। বিণ; যে আঘাত করে।

অভিঘারঃ—বি, পুং (অভি - ঘৃ - ণিচ্-ঘঞ) হোম। ঘৃত।

অভিচারঃ—বি, পু; শত্রুবধার্থ অথর্ববেদোক্ত মন্ত্রাদি দ্বারা হিংসাত্মক কার্য্য। ঐ কার্য্য ৬ প্রকার, যথা—মারণ, মোহন, স্তম্ভন, বিশেষণ, উচাটন, বশীকরণ।

অভিজনঃ—বি, পুং; বংশ। জন্মভূমি। ত্রি, কুলশ্রেষ্ঠ

অভিজাত—বিণ; সদ্বংশজাত। পণ্ডিত। রমণীয়। ন্যায্য।

অভিজাততন্ত্রম্—বি, ক্লী; প্রধান ব্যক্তিদের হস্তগত রাজাশাসন।

অভিজিৎ—বি.পুং; (অভি - জি + ক্বিপ্) বিষ্ণু, নক্ষত্রবিশেষ বা প্রায়শ্চিত্ত বিশেষ।

অভিজ্ঞ—বি-ণ; (অভি - জ্ঞা + ক) জ্ঞানী, বহুদর্শী। নিপুণ।

অভিজ্ঞানম্—বি, ক্লী (অভি - জ্ঞা - করণ - ল্যুট্) স্মৃতিজনক চিহ্ন। নিশ্চিতজ্ঞান।

অভিজ্ঞানপত্রম্—বি, ক্লী; যে পত্র দ্বারা কোন ব্যক্তিকে বিশেষ করিয়া জানা যায়, পরিচায়ক লিপি, সার্টিফিকেট।

অভিতপ্ত—বিণ; তাপযুক্ত। দুঃখিত।

অভিতঃ(তস্)—(অব্য); সকল দিকে। উভয়দিকে সম্মুখে। নিকটে।

অভিদ্যোতিত—বিণ, ত্রি, উল্লাসিত, প্রকাশিত।

অভিদ্রবঃ—বি. পুং
অভিদ্রবণম্—বি, ক্লী, (অভি - দ্রু + ল্যুট্) বেগেগমন

অভিদ্রোহঃ—(অতি-দ্রুহ-ঘঞ) অপকার, অনিষ্টচিন্তা।

অভিধা—বি, স্ত্রী (অভি - ধা - অঙ - টাপ্) নাম। শব্দের শক্তি বিশেষ।

অভিধানম্—বি, ক্লী; (অভি - ধা + ল্যুট্) কথন। নাম। শব্দার্থ নির+পণ গ্রন্থ বিশেষ।

অভিধাবনম্—বি.ক্লী ; (অভি-ধাব-ল্যুট্) অনুসরণ।

অভিধেয়—বি, পুং (অভি - ধা - কর্ম্ম + য) শব্দের শক্তি লভ্য অর্থ। বিণ; বক্তব্য। ক্লীং ; নাম।

অভিধ্যা—বি, স্ত্রী (অভি - ধ্যৈ - অঙ্ + আপ্) পরধনে ইচ্ছা চিন্তা।

অভিনন্দনম্—বি, ক্লী; (অভি - নন্দ - ল্যুট) কাহারও কৃতকার্য্যে সন্তোষপ্রদর্শন, সম্মতি প্রকাশ করা, অনুমোদন।

অভিনয়ঃ—বি, পুং; (অভি - নী - অচ্) অঙ্গভঙ্গি, বাক্য অথবা বেশবিন্যাসাদি দ্বারা কাহারও অবস্থার অনুকরণ করা, প্রয়োগ।

অভিনব—বিণ; নূতন। পুং; স্তব।

অভিনির্মুক্ত—বিণ, ত্রি, যে সায়ংকালেই নিদ্রা যায়, সাঁজঘুমুনে।

অভিনির্যানম্—বি.ক্লীং ; যুদ্ধযাত্রা।

অভিনিবিষ্ট—বিণ, ত্রি, অন্তঃপ্রবিষ্ট। মনোযোগী।

অভিনিবেশঃ—বি, পুং; (অভি-নি-বিশ-ঘঙ) আবেশ। প্রবেশ। মনোযোগ। প্রণিধান।

অভিনিষ্পতনম্—বি.ক্লীং ; নির্গমন।

অভিনীতঃ—বিণ, ত্রি; যে বিষয়ের অভিনয় করা হইয়াছে। ন্যায্য। ভূষিত। বিনীত।

অভিনীতিঃ—বি.স্ত্রী (অভি-নী + ক্তিন্) যুক্ত, ভূষিত,

অভিনেতা(তৃ)—বিণ, ত্রি অভিনয়কারী নট।

অভিনেয়—বিণ, ত্রি, অভিনয়ের বিষয়ীভূত।

অভিন্ন—বিণ; ত্রি, (ন - ভিদ্ + ক্ত) অপরাধী। যাহা ভিন্ন নয়, একরূপ।

অভিপন্ন—বিণ, ত্রি, (অভি-পদ+ক্ত) অপরাধী, বিপন্ন, শরণাগত, পলায়িত, স্বীকৃত।

অভিপ্রণীত—বিণ; ত্রি মন্ত্রসংস্কৃত। সম্যক্‌রচিত।

অভিপ্রায়ঃ—বি, পুং (অভি - প্র - ই + অচ্) ইচ্ছা, মনোগত ভাব, মত।

অভিপ্রেত—বিণ (অভি - প্র - ই - ক্ত) বাঞ্ছিত, অভীষ্ট, সম্মত।

অভিপ্লবঃ—বি, পুং (অভি- প্লু + অপ) কষ্ট, বাধা।

অভিপ্লুত—বিণ. ত্রি. পরাভূত, ব্যাকুল।

অভিভব—বি, পুং; (অভি - ভূ + অপ্) পরাভব। আক্রমণ। তিরস্কার। অপমান।

অভিভাবক—বিণ ত্রি (অভি - ভূ - ণক) প্রতিপালক। তত্ত্বাবধায়ক।

অভিভূত—বিণ ত্রি (অভি-ভূ-কর্ম্ম-ক্ত) পরাজিত। আক্রান্ত। আকুল। আবৃত।

অভিমত—বিণ ত্রি; (অভি - মন্ + ক্ত) ইচ্ছানুরূপ, অভিপ্রেত।

অভিমন্যু—বি, পুং; অর্জ্জুনপুত্র, সুভদ্রাতনয়।

অভিমনস্—বিণ, ত্রি, তুষ্ট, তৃপ্ত।

অভিমন্ত্রণম্—বি, ক্লী (অভি - মন্ত্র + ল্যুট্) মন্ত্রপাঠদ্বারা সংস্কারকরণ, নিমন্ত্রণ, আহ্বান।

অভিমরঃ—বি, পুং (অভি - মৃ - অপ্) যুদ্ধ। সংহার। স্বপক্ষ হইতে ভয়। অবরোধ।

অভিমর্দ্দঃ—বি, পুং (অভি - মৃদ - ঘঞ) শত্রুকৃতপীড়ন। যুদ্ধ। মর্দ্দন, দলন। মদ্য।

অভিমর্শ(র্ষ)ঃ—বি, পুং (অভি - মৃশ(ষ) ভাবে ঘঞ) স্পর্শ। ধর্ষণ, অবমাননা।

অভিমর্শন(র্ষণ)ম্—বি, পুং (অভি - মৃশ্(ষ) + ল্যুট্) অভ্যুক্ষণ, ওষ্ঠাধর লেহন দ্বারা অপরাধ জ্ঞাপন।

অভিমানঃ—বি, পুং (অভি - মন + ঘঞ) অর্থাদি নিমিত্ত গর্ব্ব। জ্ঞান। প্রণয়। হিংসা।

অভিমানী(মানিন্)—বি-ণ; যার অভিমান আছে, অভিমানশালী। স্ত্রী; নিনী।

অভিমুখ—ক্লী; সম্মুখ। বি-ণ; সম্মুখবর্ত্তী। স্ত্রী; খী।

অভিমুখীন—বি-ণ (অভিমুখ - ঈন) সম্মুখবর্ত্তী। স্ত্রী; না।

অভিমৃষ্ট—বি-ণ (অভি - মৃষ - ক্ত) যাহাকে স্পর্শ করা হইয়াছে, স্পৃষ্ট। সম্বন্ধযুক্ত, সম্বন্ধ। স্ত্রী; ষ্টা।

অভিযাত—বিণ, ত্রি, (অভি - যা + ক্ত) গত, আক্রান্ত।

অভিযানম্—বি, ক্লী; (অভি - যা + ল্যুট্) যুদ্ধযাত্রা। আক্রমণ।

অভিযুক্ত—বি-ণ; (অভি - যুজ্ + ক্ত) যাহার নামে অভিযোগ অর্থাৎ নালিশ করা হইয়াছে, প্রতিবাদী। পরকর্ত্তৃক রুদ্ধ। ভর্ৎসিত। স্ত্রী; ক্তা।

অভিযোক্তা (যোক্তৃ)—বি-ণ (অভি - যুজ - কর্ত্তৃ তৃন্) যে নালিশ করে, অভিযোগকারী, বাদী। স্ত্রী; ক্ত্রী।

অভিযোগঃ—বি, পুং; (অভি - যুজ্ + ঘঞ) অন্যের সহিত বিরোধস্থলে স্বপক্ষ সমর্থন জন্য রাজার নিকট অন্যের দোষ কীর্ত্তন, নালিশ। পরাভবের ইচ্ছায় আক্রমণ। যুদ্ধার্থ আহ্বান। উদ্যোগ। অভিনিবেশ। ভর্ৎসনা। শপথ।

অভিরত—বি-ণ; (অভি - রম্ + ক্ত) অনুরক্ত, আসক্ত। প্রীত। স্ত্রী; তা।

অভিরাদ্ধ—বি-ণ, (অভি - রাধ - কর্ম্ম - ক্ত) আরাধিত। যাহাকে প্রসন্ন করান হইয়াছে, প্রসাদিত। স্ত্রী; দ্ধা।

অভিরাম—বি-ণ, (অভি - রম্ + ঘঞ্) রমণীয়, সুন্দর। স্ত্রী; মা।

অভিরুচি—বি, স্ত্রী; (অভি - রুচ্ + ইন্) অভিলাষ। দীপ্তি।

অভিরূপ—বি-ণ, (অভি - রূপ্ + অচ্) যাহার রূপ = আকৃতি অন্যের লক্ষ্য হয়, রমণীয়। পণ্ডিত। স্ত্রী; পা।

অভিরোধঃ—বি, পুং; (অভি - রুধ + অচ্) ক্লেশ, দেওয়া, পীড়ন।

অভিলষণীয়—বি-ণ (অভি - লষ - কর্ম্ম - অনীয়) অভিলাষের যোগ্য, বাঞ্ছনীয়। স্ত্রী; য়া।

অভিলষিত—বি-ণ(অভি - লষ - ক্ত) যাহা অভিলাষ করা হইয়াছে, অভীষ্ট, বাঞ্ছিত। স্ত্রী; তা।

অভিলাপঃ—বি, পুং (অভি - লপ - ভাবে ঘঞ্) মাস পক্ষ তিথি প্রভৃতির উল্লেখরূপ সঙ্কল্প বাক্য।

অভিলাবঃ—বি, পুং (অভি - লূ + ঘঞ্) ছেদন, বিধ্বংস।

অভিলাষঃ—বি, পুং (অভি - লষ - ভাবে ঘঞ্) মনের প্রবৃত্তি, ইচ্ছা।

অভিলাষী(ষিন্)—বি-ণ); পুং যে ইচ্ছা করে, ইচ্ছুক। প্রার্থী। স্ত্রী; ষিণী।

অভিবাদঃ—বি, পুং (অভি - বদ - ঘঞ্) অপ্রিয় কথন। বন্দনা। অপবাদ।

অভিবাদক—বি-ণ; অপ্রিয়ভাষী। বন্দনাকারী। স্ত্রী; দিকা।

অভিবাদনম্—বি, ক্লী (অভি - বদ - ল্যুট্) বন্দনা, স্বীয় নামোচ্চারণপূর্ব্বক নমস্কার, পাদস্পর্শপূর্ব্বক নমস্কার।

অভিবাদ্য—বি-ণ (অভি - বদ - ণিচ্ - য) অভিবাদনের যোগ্য। স্ত্রী; দ্যা।

অভিবিধিঃ—বি, পুং; (অভি-বি-ধা+কি) কোন পদার্থের সর্ব্বাবয়বে ব্যাপন, অভিব্যাপ্তি।

অভিবিশ্রুত—বিণ (অভি - বি - শ্রু + ক্ত) সুবিখ্যাত, সুপ্রসিদ্ধ।

অভিব্যক্ত—বি-ণ; (অভি - বি - অনজ্ + ক্ত) স্পষ্ট। প্রকাশিত।

অভিব্যক্তিঃ—বি.স্ত্রী ; (অভি - বি - অন্জ্ + ক্তি) প্রকাশ।

অভিব্যাপ্তিঃ—বি, স্ত্রী; কোন পদার্থের সর্ব্বতোভাবে ব্যাপ্তি, অভিবিধি।

অভিশপ্ত—বি-ণ; (অভি - শপ্ + ক্ত) যাহাকে অভিসম্পাত করা হইয়াছে, অভিশাপগ্রস্ত। স্ত্রী; প্তা।

অভিশস্ত—বি-ণ (অভি - শন্স - কর্ম্ম - ক্ত) যাহার উপর মিথ্যা দোষারোপ করা হইয়াছে, মিথ্যা দুষিত। স্ত্রী; স্তা।

অভিশাপঃ—বি, পুং (অভি - শপ - ভাবে ঘঞ্) মিথ্যা অপবাদ, অভিসম্পাত, শাপ।

অভিষঙ্গঃ—বি, পুং (অভি - সন্জ - ঘঞ্) পরাভব। আক্রোশ। ব্যসন। সম্পর্ক। শোক। মিথ্যাপবাদ। আলিঙ্গন।

অভিষবঃ —বি, পুং (অভি - সু - অল্)
অভিষবণম্ —(অভি - সু + ল্যুট্) স্নান। নিষ্পীড়ন। চোয়ান, মদ প্রস্তুত করা। সোমরসপান। যজ্ঞ।

অভিষিক্ত—বিণ, (অভি - সিচ্ + ক্ত) যাহার অভিষেক করা হইয়াছে, যথাবিধি স্থাপিত। স্ত্রী; ক্তা।

অভিষুত—বিণ; চোয়ান দ্রব্য। সোমরস। ক্লী; কাঁজি। স্ত্রী; তা।

অভিষেকঃ—বি, পুং (অভি - সিচ্ - ঘঞ্) স্নান। শান্তি নিমিত্ত বা অধিকার প্রাপ্তির জন্য মস্তকে যথাবিধি জলপ্রক্ষেপ। প্রতিষ্ঠাদি কার্য্যবিশেষে দেবমূর্ত্তির স্নান।

অভিষেণনম্—বি, ক্লী (অভি-সেনা-ণিচ্-ল্যুট্) সেনা লইয়া শত্রুর অভিমুখে গমন।

অভিষ্টুত—বি.পুং ; (অভি-স্তু+ক্ত) বর্ণিত, স্তুতি।

অভিষ্যন্দঃ—বি, পুং (অভি - স্যন্দ + ঘঞ্) অতিবৃদ্ধি। ক্ষরণ। অধিক, উদ্বৃত্ত। নেত্ররোগের হেতু।

অভিষ্যন্দনগরম্—বি, ক্লী; প্রধান নগরে লোক সংখ্যা অধিক হইলে উহার কতক লোক লইয়া যে নগর নূতন স্থাপিত হয়, শাখা-নগর।

অভিষ্যন্দবমনম্—বি, ক্লী; দেশে লোক সংখ্যা অধিক হইলে কতক লোককে স্থানান্তরে সরাইয়া দেওয়া।

অভিস্বঙ্গঃ—বি.পুং ; (অভি - স্বনজ্ + ঘঞ্) আলিঙ্গন, অত্যন্ত আসক্তি।

অভিসন্তাপঃ—বি.পুং ; যুদ্ধ, তাপ, অভিশাপ।

অভিসন্দেহঃ—বি.পুং (অভি-সম্-দিহ্ + ঘঞ্) বিনিময়, জননেন্দ্রিয়।

অভিসন্ধানম্—বি, ক্লী; (অভি - সম্ - ধা+ল্যুট্)
অভিসন্ধিঃ—বি, পুং; (অভি - সম্ - ধা + ক্তি) বঞ্চনা। উদ্দেশ। সম্মেলন, সন্ধি।

অভিসম্পাতঃ—বি, পুং (অভি - সম্ - পত - ঘঞ্) শাপ দেওয়া। পতন। যুদ্ধ।

অভিসরঃ—বিণ, পু, (অভি-সৃ+ট) অনুচর সহায়।

অভিসারঃ—বি, পুং (অভি - সৃ - ঘঞ্) নায়ক বা নায়িকার সম্ভোগার্থ সংকেতস্থানে গমন। সহায়। সাধন। যুদ্ধ।

অভিসারিকা—বি, স্ত্রী (অভি - সৃ - কর্ত্তৃ - ণক - আপ্) যে নায়িকা নায়কের সহিত মিলিত হইবার জন্য সঙ্কেত স্থানে যায়।

অভিহত—বি-ণ; (অভি - হন্ + ক্ত) আহত। যে অঙ্কের গুণ করা হইয়াছে, গুণিত। স্ত্রী; তা।

অভিহারঃ—বি, পুং; (অভি - হৃ + ঘঞ্) আক্রমণ। সাক্ষাতে চুরি। বর্ম্মধারণ। মেলন। অভিষেক।

অভিহিত—বি-ণ (অভি - ধা - ক্ত) কথিত। স্ত্রী; তা।

অভী —বিণ; নির্ভয়।
অভীক —বি-ণ (ন - ভী - ক) নিঃশঙ্ক। কামুক, লম্পট। ক্রূর। কবি। স্ত্রী; কা।

অভীক্ষ্ণ—বি-ণ; (অভি - ক্ষ্ণ + ড) অতিশয়। অবিরত। ক্লী; পুনঃপুনঃ। স্ত্রী; ক্ষ্ণা।

অভীপ্সিত—বি-ণ; (অভি - আপ্ - সন্ - ক্ত) অভিলষিত, বাঞ্ছিত। স্ত্রী; তা।

অভীপ্সু—বিণ.ত্রি. ইচ্ছুক।

অভীরঃ—বি, পুং (অভি - ঈর + অচ্) গোয়ালা।

অভীশুঃ—বি, পুং (অভি - অশ - কু) কিরণ। লাগাম। স্ত্রী; অঙ্গুলি।

অভীষুঃ—বি, পুং (অভি - ইষ - কু) কিরণ। লাগাম। কাম। অনুরাগ।

অভীষ্ট—বি-ণ (অভি - ইষ - ক্ত) যাহা ইচ্ছা করা যায়, বাঞ্ছিত। প্রিয়। স্ত্রী; ষ্টা

অভুক্ত—বি-ণ; যাহার ভোজন বা ভোগ বন্ধ হয় নাই। কর্ত্তার বিশেষণ হইলে অনাহারী। স্ত্রী; ক্তা।

অভুগ্ন—বিণ, ত্রি; নত হলেও সরল, সুস্থ, রোগমুক্ত।

অভূতপূর্ব্ব—বি-ণ; যাহা পূর্ব্বে হয় নাই, নূতন। স্ত্রী; র্বা।

অভূততদ্ভাবঃ—বি, পুং; যাহা পূর্ব্বে ছিল না তাহা হওয়া।

অভূতিঃ—স্ত্রী, সত্তাহীনতা, নির্ধনতা।

অভূমিঃ—বি, স্ত্রী; অপাত্র। অবিষয়। বি-ণ; ভূমিহীন।

অভেদ—বি, পুং; ভেদ না থাকা, ঐক্য। বি-ণ; ভেদশূন্য। স্ত্রী; দা।

অভেদ্য—বি-ণ; ভেদের অযোগ্য। ক্লী; হীরক। স্ত্রী; দ্যা।

অভ্যক্ত—বি-ণ (অভি - অনজ - ক্ত) যে সর্ব্বাঙ্গে তৈলাদি মাখিয়াছে। স্ত্রী; ক্তা।

অভ্যঙ্গ—বি, পুং (অভি - অন্জ - ঘঞ্) সর্ব্বাঙ্গে তৈলাদিমর্দ্দন।

অভ্যধিক—বিণ, সর্বোত্তম, অত্যধিক।

অভ্যনুজ্ঞা—বি, স্ত্রী, আদেশ, সম্মতি।

অভ্যন্তরম্—বি, ক্লী; মধ্যভাগ, ভিতর।

অভ্যমিত্র—বিণ, অভিগত, আতুর।

অভ্যমিত্র্য—বি-ণ (অভি - অমিত্র - য) শত্রুর সম্মুখে গত। স্ত্রী; ত্র্যা।

অভ্যমিত্রীণ—বিণ.ত্রি (অভি - অমিত্র + খ) শত্রুর মুখোমুখী যুদ্ধকারী।

অভ্যর্ণ—বি-ণ (অভি - অর্দ্দ - ক্ত) সমীপস্থিত। স্ত্রী; র্ণা।

অভ্যর্থনা—বি, স্ত্রী; (অভি - অর্থ - অন - আপ্) যাচ্ঞা, প্রার্থনা।

অভ্যর্থিত—বি-ণ, (অভি - অর্থ - ক্ত) প্রার্থিত। স্ত্রী; তা।

অভ্যমনম্—ক্লী, ক্ষতি, প্রহার, রোগ।

অভ্যবস্কন্দনম্—বি.ক্লী; আক্রমণ, প্রহার, অবরোধ।

অভ্যর্হিত—বি-ণ (অভি - অর্হ - কর্ম্ম - ক্ত) পূজিত, সম্মানিত। প্রতিষ্ঠিত, উচিত। শ্রেষ্ঠ। স্ত্রী; তা।

অভ্যবহারঃ—বি, পুং (অভি - অব - হৃ - ঘঞ্) ভোজন।

অভ্যবহৃত—বি-ণ; ভক্ষিত। স্ত্রী; তা।

অভ্যসনম্—বি, ক্লী; (অভি - অস - ল্যুট্) পুনঃপুনঃ আবৃত্তি, অভ্যাস।

অভ্যস্ত—বি-ণ (অভি - অস - ক্ত) যাহা অভ্যাস করা হইয়াছে, পুনঃপুনঃ আবর্ত্তিত। শিক্ষিত। বারংবার কৃত। স্ত্রী; স্তা।

অভ্যাখ্যানম্—বি, ক্লী; (অভি - আ - খ্যা - ল্যুট্) মিথ্যা অভিযোগ।

অভ্যাগত—বি, পুং; অতিথি। বি-ণ; সম্মুখাগত। স্ত্রী; তা।

অভ্যাগারিক—বি-ণ (অভি - অগার বা আগার-ঠিক) পরিবার পোষণে ব্যাপৃত। স্ত্রী; কী।

অভ্যাদানম্—ক্লী, (অভি-আ-দা-ল্যুট্) আরম্ভ।

অভ্যাপাত—বি, বিপৎপাত।

অভ্যাবৃত্তিঃ—বি, স্ত্রী; কোন কার্য্যের পুনঃপুনঃ অনুষ্ঠান।

অভ্যাশঃ—বি, পুং (অভি - অশ্ + ঘঞ্) সমীপ, নিকট।

অভ্যাসঃ—বি, পুং; (অভি - অস্ - ঘঞ্) আবৃত্তি। বারংবার উচ্চারণ। নিকট। অঙ্কের গুণ করা, গুণন।

অভ্যাসাদনম্—বি.ক্লী. আক্রমণ, প্রহার।

অভ্যাসী(সিন্)—বিণ, ত্রি, (অভি - অস্ - ণিন্) যে শীঘ্র অভ্যাস করিতে পারে। স্ত্রী; সিনী।

অভ্যাহারঃ—বি, পু, (অভি - আ-হৃ+-ঘঞ্) ভোজন, আক্রমণ।

অভ্যুক্ষণম্—বি.ক্লী (অভি-উক্ষ-ল্যুট্) অধোমুখ হস্তের অঙ্গুলিদ্বারা জলক্ষেপ। সেচন।

অভ্যুচ্চয়ঃ—বি, ক্লী (অভি - উদ্ - চি - অল্) বৃদ্ধি। রাশি।

অভ্যুচ্ছ্রিত—বিণ, ত্রি, অতিশয় উন্নত, সমর্থ।

অভ্যুত্থানম্—বি, ক্লী; (অভি - উদ্ - স্থা + ল্যুট্) উদয়। উন্নতি। উত্থান। উদ্যম।

অভ্যুত্থিত—বি-ণ, উদিত। উন্নত। উদ্যত। স্ত্রী; তা।

অভ্যুদয়ঃ—বি, পুং (অভি - উদ - ই - ঘঞ্) বৃদ্ধি। উত্থান। মঙ্গল।

অভ্যুদিত—বিণ.ত্রি. (অভি - উৎ - ই + ক্ত) উদিত, উন্নত।

অভ্যুদীরিত—বি-ণ (অভি - উদ্ - ঈর - ক্ত) কথিত। স্ত্রী; তা।

অভ্যুদ্ধৃত—বিণ.স্ত্রী. সম্মুখে উদ্ধৃত।

অভ্যুদ্যত—বি-ণ ত্রি (অভি - উদ্ - যম্ - ক্ত) প্রবৃত্ত। উদিত। স্ত্রী; তা।

অভ্যুপগত—বিণ, ত্রি (অভি - উপ - গম্ + ক্ত) প্রাপ্ত। স্বীকৃত। সম্মুখাগত। আসক্ত। নিশ্চিত। স্ত্রী; তা।

অভ্যুপগমঃ—বি, পুং; (অভি-উপ-গম্ + ঘঞ্) স্বীকার। প্রাপ্তি। আসক্তি। নিশ্চয়।

অভ্যুপপত্তিঃ—বি, স্ত্রী (অভি - উপ - পদ - ক্তি) অনুগ্রহ। স্বীকার। সান্ত্বনা।

অভ্যুপায়ঃ—বি.পুং ; স্বীকার, সদুপায়।

অভ্যুপেত—বি-ণ (অভি - উপ - ই - ক্ত) সম্মুখাগত। স্বীকৃত। প্রাপ্ত। স্ত্রী; তা।

অভ্যুষঃ—বি. পুং ; ঈষৎ ভৃষ্ট শস্যাদি।

অভ্রম্—বি, ক্লী (ন - ভৃ + ক) (অপ্ - ভৃ - ক) (অভ্র - অন্) আকাশ। মেঘ। অভ্রক ধাতু বিং। (অ - ভ্রন্শ + ড) অগ্নিদাহে যা নষ্ট হয় না, স্বর্ণ।

অভ্রংলিহ—বি-ণ (অভ্র - লিহ্ + খচ্) গগনস্পর্শী, অত্যুচ্চ। স্ত্রী; হা।

অভ্রকম্—বি, ক্লী; (অভ্র + কন্) ধাতুবিশেষ।

অভ্রঙ্কষ—বি-ণ (অভ্র - কষ্ + খ) গগনস্পর্শী, অত্যুন্নত। স্ত্রী; যা।

অভ্রপিশাচঃ—পুং রাহু।

অভ্রপুষ্প—ক্লী, আকাশকুসুম, জল। পুং - বেতসলতা,

অভ্রমাতঙ্গঃ—বি, পুং, ঐরাবত হস্তী।

অভ্রমুঃ—স্ত্রী, (অভ্র - মা + ডু) ঐরাবত - স্ত্রী। পূর্বদিগ্হস্তিনী।

অভ্রমুবল্লভঃ—বি.পুং ; ঐরাবত।

অভ্রান্ত—বি-ণ, ভ্রমশূন্য। আপ্ত। স্ত্রী; ন্তা।

অভ্রিঃ } —বি, স্ত্রী; নৌকার মল ঘর্ষণার্থ কাষ্ঠময় কোদাল।
অভ্রী } —

অভ্রিয়—বিণ, ত্রি, (অভ্র + ঘ) মেঘসম্বন্ধীয়, আকাশীয়।

অভ্রেষঃ—বি, পু, (ন-ভ্রেষ্+ঘঞ্) ন্যায্য, ঔচিত্য।

অমঃ—বি, পুং (অম - ভাবে - ঘঞ্) রোগ।

অমঙ্গল—বি, ক্লী; অশুভ। বিণ; মঙ্গলবিহীন। স্ত্রী; লা।

অমত—বি, পুং (অম্ - অত) রোগ। কাল। মৃত্যু (ন - মতৃ) ক্লী; অসম্মতি। বি-ণ; অজ্ঞাত। স্ত্রী; তা।

অমত্রম্—বি, ক্লী, (অম + ত্রল্) ভোজনপাত্র।

অমন্ত্র—বিণ, ত্রি, মন্ত্রশূন্য।

অমর—বি, পুং (ন - মৃ - অন) দেবতা। বি-ণ, চিরস্থায়ী। স্ত্রী; রা। পারদ। ত্রি, - মৃত্যুহীন।

অমরা—বি, স্ত্রী; (ন-মৃ+অচ+টাপ্) দেবনগরী। স্নুহীবৃক্ষ। দূর্ব্বা। গুড়চী। জরায়ু।

অমরত্বম্—বি, ক্লী; দেবত্ব। মরণাভাব।

অমরাদ্রিঃ—বি, পুং (অমর-অদ্রি) সুমেরুপর্ব্বত।

অমরালয়ঃ—বি, পুং; স্বর্গ।

অমরাবতী—বি, স্ত্রী (অমর - বতু - ঈপ্) স্বর্গ।

অমর্ত্ত্যঃ—বি, পুং; দেবতা।

অমর্ষঃ—বি, পুং; (ন - মৃষ্ + ঘঞ্) অক্ষমা। ক্রোধ।

অমর্ষণ—বি-ণ (ন - মৃষ্ - কর্ত্তৃ - অন) ক্রুদ্ধ। অসহিষ্ণু। ক্লী; ক্রোধ। অক্ষমা।

অমল—বি-ণ; পরিষ্কৃত। শুভ্র। ক্লী; অভ্রক। স্ত্রী; লা।

অমলা—বি, স্ত্রী; লক্ষ্মী।

অমলকঃ—বি, পুং, ক্লী; আমলকী। পর্ব্বতের উপরিভাগস্থিত বাসস্থান।

অমা—অব্য(ন - মা + ক্বিপ্) সহিত। নিকট। স্ত্রী; অমাবস্যা। চন্দ্রের ষোড়শী কলা।

অমাতৃক—বি-ম; (ন - মাতৃ - ক) মাতৃহীন। স্ত্রী; কা।

অমাত্যঃ—বি, পুং (অমা - ত্য) মন্ত্রী।

অমানব—ত্রি, অমানুষ, অলৌকিক।

অমানস্যম্—বি, ক্লী (ন - মনস্ - যৎ) দুঃখ। মনঃপীড়া।

অমানুষ—বি-ণ; যাহা মানুষের পক্ষে সম্ভব নহে, আলৌকিক। মন্দলোক। স্ত্রী; ষী।

অমাবস্যা } —বি, স্ত্রী (অমা - বস - যৎ + টাপ্)
অমাবাস্যা } —কৃষ্ণপক্ষের শেষ তিথি।

অমায়—বিণ, ত্রি, অমায়িক। অকপট, সরল।

অমায়িক—বি-ণ (ন - মায়া - ঠিক) কপটতাশূন্য, সরল। সমদর্শী। স্ত্রী; তা।

অমায়িকতা—বি, স্ত্রী; সরল ব্যবহার।

অমাবাস্য—বিণ.ত্রি. অমাবস্যায় জাত।
অমাংস—বিণ, ত্রি, দুর্বল।
অমিত—বি-ণ, ত্রি, অপরিমিত। স্ত্রী; তা।
অমিতৌজাঃ (জস্)—বি-ণ (অমিত - ওজস্) অপরিমিত বলশালী।
অমিত্রঃ—বি, পুং; শত্রু।
অমিন্—(অম্ + ণিন) রোগ, রোগী।
অমিশ্র—বি-ণ; ত্রি, যাহা অন্যপর্দাথের সহিত মিশ্রিত নহে, বিশুদ্ধ।
অমিষম্—বি, ক্লী, (অম্-ইষন্) সাংসারিক সুখের পদার্থ, বিলাস সামগ্রী।
অমুক—বি-ণ, ত্রি, (অদস্ - কণ্ - নি) যাহার নামোল্লেখ করা হয় না।
অমূঢ়—বিণ, ত্রি, (ন - মুহ্ + ক্ত) মোহবর্জিত, বিদ্যারহিত।
অমূত্র—অব্য (অদস্ - ত্র,) পরলোকে।
অমূর্ত—বি-ণ; মূর্তিশূন্য। আকাশ, কাল ইত্যাদি। স্ত্রী; র্ত্তা।
অমূল | —বি-ণ; যাহার মূল নাই। মিথ্যা,
অমূলক | —অলীক। স্ত্রী; লা, লিকা।
অমূল্য—বি-ণ; যাহার মূল্য স্থির করা যায় না, মূল্য দিয়া ও যাহা পাওয়া যায় না। শ্রেষ্ঠ। স্ত্রী; ল্যা।
অমৃত—বি, ক্লী; যাহা পান করিলে মৃত্যু হয় না, সুধা। জল। মোক্ষ। অযাচিতলব্ধ বস্তু। পারদ। ঘৃত। বি-ণ; মরণহীন। প্রীতিকর। স্ত্রী; না।
অমৃতদীধিতিঃ—বি.পুং ; চন্দ্র
অমৃতপঃ—বি.পুং (অমৃত পা-ক) দেবতা।
অমৃতফলা—বি.স্ত্রী. দ্রাক্ষা
অমৃতভুক্(জ)—বি, পুং (অমৃত - ভুজ্ - ক্বিপ্) দেবতা।
অমৃতসূঃ—বি.পুং (অমৃত + সূ + ক্বিপ্) চন্দ্র, স্ত্রী ; দেবমাতা। বি. পুং দেবতা।
অমৃতান্ধস |
অমৃতাশন | —বি. পুং, দেবতা, অমৃতভোজী।

অমৃতা—বি, স্ত্রী; হরীতকী। আমলকী। গুড়ুচী। সুরা।
অমৃতায়মান—বি-ণ (অমৃত - ঙ্য - শানচ্) অমৃত - তুল্য। স্ত্রী; না।
অমৃষা—অব্য, সত্য।
অমেধাঃ(ধস্)—বি-ণ (ন - মেধা - অস্) যাহার মেধা অর্থাৎ স্মৃতিশক্তি নাই।
অমেধ্য—বি-ণ (ন - মেধ্য) অপবিত্র। ক্লী; বিষ্ঠা। স্ত্রী; ধ্যা।
অমেয়—বি-ণ (ন - মেয়) যার পরিমাণ করা যায় না, অপরিচ্ছেদ্য। স্ত্রী; যা।
অমোঘ—বি-ণ (ন - মোঘ) অব্যর্থ। সফল। স্ত্রী; ঘা।
অম্ব—(অম্ব্ + অচ্) সম্বোধন, গমন। পিতা, ক্লী, - জল।
অম্বক—বি, ক্লী (অম্ব + ষ্বুল) চক্ষু। পুং, (অম্ব + কম্-অল্ক) পিতা।
অম্বরম্—বি, ক্লী (অম্ব + রা + ক) যে শব্দকে ধারণ করে, আকাশ। বস্ত্র। অভ্র। গন্ধদ্রব্য বিশেষ।
অম্বরমণিঃ—বি.পুং ; সূর্য।
অম্বরি(রী)ষ—বি, ক্লী; তন্ডুলাদি ভাজার পাত্র, ভাজনা খোলা। পুং; সূর্য। নরক বিং।
অম্বষ্ঠঃ—বি, পুং (অম্ব - স্থা - ড) ব্রাহ্মণের ঔরসে বৈশ্যাগর্ভজাত সঙ্কর জাতি। বৈদ্য। দেশ বিং।
অম্বা—বি, স্ত্রী (অম্‌ব - অল্ - আপ্) মাতা। কাশীরাজের জ্যেষ্ঠাকন্যা। দুর্গা।
অম্বালা—বি, স্ত্রী; মাতা। দুর্গা।
অম্বালিকা—বি, স্ত্রী; মাতা। কাশীরাজের কনিষ্ঠা কন্যা, ভীষ্মের ভ্রাতা বিচিত্রবীর্য্যের পত্নী, পান্ডু রাজের মাতা।
অম্বিকা—বি, স্ত্রী; মাতা। দুর্গা। কাশীরাজের মধ্যমা কন্যা, বিচিত্রবীর্য্যপত্নী, ধৃতরাষ্ট্র-মাতা।

অম্বিকেয়ঃ—বি, পুং (অম্বিকা-ঢক্) গণেশ। কার্ত্তিকেয়। ধৃতরাষ্ট্র।
অম্বু—বি, ক্লী (অম্‌ব + উণ) জল।
অম্বুকণা—স্ত্রী, জলবিন্দু। শীকর।
অম্বুকন্টকঃ(অম্বুকিরাতঃ)—পুং কুম্ভীর।
অম্বুকীশঃ—বি, পুং , শুশুক।
অম্বুকৃত—বিণ, ত্রি, ফুৎকার নির্গম সহ বাক্য বা রব।
অম্বুচামরম্—ক্লী, শৈবাল।
অম্বুজ—বি, ক্লী (অম্বু - জন - ড) পদ্ম। বজ্র। পুং নিচুল বৃক্ষ। পুং, ক্লী; শঙ্খ। বি-ণ; জলজাত। স্ত্রী; জা।
অম্বুজন্ম—ক্লী, জলজ, পদ্ম।
অম্বুজিনী—বি, স্ত্রী (অম্বুজ - ইন্ - ঈপ্) পদ্মিনী।
অম্বুদঃ—বি, পুং. (অম্বু - দা - ড) মেঘ।
অম্বুদাগমঃ—পুং মেঘাগম, বর্ষাকাল।
অম্বুধরঃ—বি, পুং (অম্বু - ধৃ - অন্) মেঘ।
অম্বুধিঃ—বি, পুং (অম্বু - ধা - কি) সমুদ্র।
অম্বুনিধিঃ—বি, পুং; সমুদ্র।
অম্বুভৃৎ—পুং; (অম্বু - ভৃ - ক্বিপ্) মেঘ। সমুদ্র।
অম্বুমৎ—পুং (অম্বু+মতুপ্) কচ্ছ, কুল। ত্রি-সজল।
অম্বুমাত্রজঃ—পুং (অম্বুমাত্র-জন্ + ড) শম্বুক (শামুক)
অম্বুমুচ্—পুং (অম্বু - মুচ্ + ক্বিপ্) মেঘ।
অম্বুরঃ—বি.পুং ; (অম্বু - রা + ক) দ্বারের নিম্নকাষ্ঠ।
অম্বুরাশিঃ—বি, পুং; সমুদ্র।
অম্বুরুহ—বি, ক্লী (অম্বু - রুহ - ক) পদ্ম। বি-ণ; জলজাত। স্ত্রী; হা।
অম্বুবাচি(চী)—বি, স্ত্রী (অম্বু - বচ + ণিচ্ - অণ্ - ঈপ্) যে অম্বু অর্থাৎ জল বর্ষণ সূচিত করে, ঋতুমতী পৃথ্বী আর্দ্রানক্ষত্রের প্রথম পাদে রবির ভোগকাল।
অম্বুবাহ—(অম্বু - বহ - ষণ্) বি, পুং; মেঘ বিণ, জলবহনকারী।

অম্বুবাহনী—বি, স্ত্রী (অম্বু - বহ - ণিচ্ - ল্যুট্ - ঈপ্) নৌকাদির জলসেচন পাত্র।
অম্বুবাহী (হিন্)—বিণ.ত্রি. (অম্বু - বহ + ণিনি) যে জল বহন করে। পুং-মেঘ।
অম্বুসর্পিণী—স্ত্রী, জলৌকা (জোঁক)
অম্বুকৃত—বিণ (অম্বু + চ্চি + কৃ + ক্ত) অস্পষ্টোচ্চারিত বাক্য।
অম্ভঃ (ম্ভস্)—বি, ক্লী (অন্‌ভ - কর্ত্তৃ - অস্) জল।
অম্ভোজ—বি, ক্লী (অম্ভস্ - জন - ড) পদ্ম। পুং; চন্দ্র। পুং, ক্লী; শঙ্খ। পুং, স্ত্রী; সারস। বি-ণ; জলজাত।
অম্ভোজ চামরম্—ক্লী, শৈবাল।
অম্ভোজিনী—বি.স্ত্রী (অম্ভোজ + ইন্ + ঈপ্) পদ্মিনী।
অম্ভোদঃ—বি. পুং (অম্ভস্ - দা + ক) মেঘ, জলধর।
অম্ভোধরঃ—বি.পুং (অম্ভস্ - ধৃ + অচ্) মেঘ, জলধর।
অম্ভোধিঃ—বি, পুং (অম্ভস- ধা - কি) সমুদ্র।
অম্ভোনিধিঃ—বি.পুং ; সমুদ্র।
অম্ভোরুহঃ—বি, ক্লী (অম্ভস্ - রুহ - ক) পদ্ম। বি-ণ; জলজ।
অম্ময়—বিণ, ত্রি, জলময়।
অম্র—বি, পুং; আম্র বৃক্ষ। ক্লী; আম্রফল।
অম্রাত(ক)ম্—বি, পুং; আম্রাতক বৃক্ষ, আমড়া গাছ। আমড়া।
অম্ল—বি, পুং; টকরস। বি-ণ; অম্লরসযুক্ত। ক্লীং - ঘোল।
অম্লবৃক্ষঃ—বি.পুং ; তেতুলগাছ।
অম্লসারঃ—বি, ক্লী; কাঁজি। লেবুগাছ।
অম্লান—বি-ণ, ত্রি (ন - ম্লান) যাহার স্বাভাবিক ভাব নষ্ট হয় নাই, প্রফুল্ল, হ+ষ্ট। নির্ম্মল।
অম্লিকা(ম্লীকা)—স্ত্রী, তেঁতুলগাছ।
অয়ঃ—বি, পুং (ই-করণ-অল্) যার দ্বারা সুখ-লাভ হয়, মঙ্গলানুষ্ঠান। সৌভাগ্য। জানা।

অযত্ন—বি, পুং; অনায়াস। বি-ণ; যত্নশূন্য।
অযথা—অব্য; অনুপযুক্তরূপে, অন্যায়রূপে।
অয়নম্—বি; ক্লী; (অয়্ + ল্যুট্) পথ। গতি সূর্য্যের উত্তর ও দক্ষিণ দিকে গতি, উত্তরায়ণ, দক্ষিণায়ন। আশ্রয়। জন্ম। স্থান। শাস্ত্র।
অয়ঃ(য়স্)—বি, ক্লী; লৌহ.
অয়স্কান্তঃ—বি, পুং; (অয়স্ - কান্ত) চুম্বক লৌহ বা প্রস্তর।
অয়স্কারঃ—বি.পুং (অয়স্ - কৃ + অণ্) লৌহকার, জঙ্ঘার উর্ধ্বভাগ।
অযাচিত—বি-ণ; অপ্রার্থিত। অমৃত নামক বৃত্তি। যাহার নিকট কেহ যাচ্ঞা করে না তাদৃশ লোক।
অযাজ্য—বিণ (ন - যজ - ণিচ্ - য) যাহার যাজনক্রিয়া নিষিদ্ধ, পতিত।
অয়ি—অব্য; সম্বোধন প্রশ্ন। অনুনয়। অনুরাগ।
অযুক্ত—বিণ, অসংযুক্ত। অনুচিত। যুক্তিবিরুদ্ধ।
অযুক্তিঃ—বি, স্ত্রী; অসংযোগ। অনৌচিত্য।
অযুগ্ম—বি-ণ; বিযোড়, বিষম।
অযুক্ছদঃ | —বি, পুং; যাহার পত্র সাতভাগে
অযুগ্মচ্ছদঃ | —বিভক্ত, সপ্তপর্ণবৃক্ষ, ছাতিমগাছ।
অযুজ—বি.ত্রি. (ন - যুজ + ক্বিপ্) অযুগ্ম।
অযুত—বি, ক্লী; দশ সহস্র সংখ্যা। ১০০০০। বি-ণ,অসংযুক্ত। অযুতসংখ্যাবিশিষ্ট।
অয়ে—অব্য; স্মরণ। কোপ। সম্বোধন। বিবাদ। সম্ভ্রম।
অযোগ—বি, পুং; যোগাভাব। রোগ বিং। স্বর্ণকারের নাভি, বি-ণ; বিযুক্ত।
অযোগবঃ—বি, পুং; শূদ্রের ঔরসে বৈশ্যার গর্ভজাত জাতি বিং।
অযোগবাহঃ—বি, পুং; অনুস্বার বিসর্গাদি বর্ণ।
অযোগ্য—বিণ.ত্রি. অনুপযুক্ত।
অয়োঘনঃ—বি, পুং; (অয়স্ - হন - করণ - অল্) লৌহমুদগর, হাতুড়ী।

অযোধ্য—বিণ.ত্রি. (ন - যুধ্ + ণ্যৎ) যুদ্ধের অযোগ্য।
অযোধ্যা—বি, স্ত্রী; (ন - যোধ্যা) যে রাজধানী যুদ্ধদ্বারা বিপক্ষগণের আক্রমণীয় নহে, ইক্ষ্বাকুবংশীয় নৃপতিদিগের রাজধানী।
অযোনি—বি-ণ; যাহার উৎপত্তির কারণ নাই, জন্মরহিত।
অযোনিজা—বি, স্ত্রী (ন - যোনিজা) সীতা।
অয়োমলম্—বি, ক্লী (অয়স্-মল) লোহার মরিচা।
অয়োমুখঃ—বি, পুং; লাঙ্গল। বাণ। বি-ণ; যাহার অগ্রভাগ লৌহদ্বারা বদ্ধ।
অরঃ—বি, পুং (ঋ-করণ-অল্) শীঘ্র। চক্রাঙ্গ, চাকার পাকি। বি-ণ; ত্রি, শীঘ্রগামী।
অরঘট্টঃ—বি, পুং; মহাকূপ, ইঁদারা। কূপ হইতে জল তুলিবার যন্ত্র।
অরঘট্টঘাটিকা—বি, স্ত্রী; কূপের পাড়। কূপে উঠিবার নামিবার পথ, ধাপ।
অরজস্—বিণ, ত্রি, (ন - রন্জ্ + অসুন্) রজোগুণ শূন্য। ধূলিশূন্য।
অরণী—বি, স্ত্রী; (ঋ - অনি) যে কাষ্ঠ ঘর্ষণ করিলে অগ্নি উৎপন্ন হয়, অগ্নি-মন্থন কাষ্ঠ।
অরণ্যম্—বি, ক্লী; (ঋ - অন্য) বন।
অরণ্যচন্দ্রিকা—বি, স্ত্রী; নিষ্ফল ভূষণ।
অরণ্যধান্যম্—ক্লী, নীবার।
অরণ্যবায়সঃ—পুং দাঁড়কাক।
অরণ্যশ্বন্—পুং নেকড়েবাঘ।
অরণ্যষষ্ঠী—বি, স্ত্রী; জ্যৈষ্ঠ মাসের শুক্ল ষষ্ঠী। জামাইষষ্ঠী।
অরণ্যানী—বি, স্ত্রী; (অরণ্য - ঈপ, নি) মহাবন।
অরত—বিণ, ত্রি, মন্দ, বিরক্ত, অনাসক্ত। অসন্তুষ্ট।
অরতত্রপঃ—পুং, কুকুর।
অরতিঃ—বি, স্ত্রী, অপ্রীতি, অরুচি, অনাসক্তি।

অরত্নিঃ—বি, পুং; কনুই হইতে কনিষ্ঠাঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত পরিমাণ। কফোণি, কনুই।
অরত্নিকঃ—পুং, কনুই।
অরম্— অব্য. তেজের সহিত, তৎপরতারসহিত।
অরর—বি, ত্রি; কপাট। আচ্ছাদন, খাপ।
অররুঃ—বি, পুং (ঋ + রু) শত্রু।
অররে—অব্য, শীঘ্রতা বা নিন্দাসূচক অব্যয়।
অরবিন্দম্—বি, ক্লী (অর - বিদ - কর্ত্তৃ - শ) পদ্ম। লাল বা নীল পদ্ম।
অরবিন্দিনী—বি, স্ত্রী, পদ্মিনী, পদ্মবৃক্ষ, পদ্মসমূহ।
অরসিক—বি-ণ (ন - রসিক) যে রসজ্ঞ নহে, বেরসিক।
অরাজক—বি-ণ; রাজশূন্য।
অরাতিঃ—বি, পুং (ন - রা - তি) শত্রু।
অরাল—বি, ত্রিং (অর - আ - লা - ড) বক্র, কুঞ্চিত। পুং; মত্তহস্তী। ধুনা।
অরালা—বি, স্ত্রী; বেশ্যা।
অরিঃ—বি, পুং (ঋ - ই) শত্রু। কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য এই ছয় প্রকার মনোবৃত্তি।
অরিত্রম্—বি, ক্লী (ঋ - করণ - ইত্র) নৌকা চালাবার হাল। (অরি - ত্রৈ - কর্ত্তৃ - ড) যে শত্রু হইতে রক্ষা করে।
অরিন্দম—বি-ণ (অরি - দম - খচ্) শত্রু দমনকারী, প্রতাপশালী।
অরিষ্ট—বি, ক্লী (ন - রিষ - ক্ত) সূতিকাগৃহ। অশুভ। তক্র। (দধি) মরণচিহ্ন। মদ্য। পুং; অসুর বিং। নিম্ববৃক্ষ। কাক।
অরিষ্টতাতি— বিণ, ত্রি, শুভঙ্কর।
অরিষ্টদুষ্টধী—বিণ, ত্রি, মরণভীত।
অরিষ্টসূদনঃ—বি, পুং; শ্রীকৃষ্ণ। বি-ণ; অশুভনাশক।
অরিহন্—বিণ্, ত্রি (অরি - হন্ + ক্বিপ্) শত্রুনাশক।
অরুক্(রুজ)—বি-ণ; নীরোগ।

অরুচিঃ—বি. স্ত্রী. অনিচ্ছা। বিণ, —রুচিহীন, দীপ্তিহীন।
অরুজ—বিণ.ত্রি (ন - রুজ + ক) রোগমুক্ত।
অরুণঃ—বি, পুং (ঋ - উনন্) সূর্য্য। সূর্য্যসারথি, গরুড়ের জ্যেষ্ঠভ্রাতা। রক্তবর্ণ। কৃষ্ণলোহিতবর্ণ। কুষ্ঠরোগ বিং। বি-ণ; রক্তবর্ণযুক্ত।
অরুণসারথিঃ—বি, পুং সূর্য।
অরুণা—বি, স্ত্রী; মঞ্জিষ্ঠা লতা। তেউড়ি।
অরুণাত্মজঃ—বি, পুং; জটায়ুপক্ষী।
অরুণানুজঃ—বি, পুং; গরুড়পক্ষী।
অরুণাবরজঃ—বি, পুং, গরুড়পক্ষী।
অরুণিত—বি, (অরুণ - ইত) যাহা রক্তবর্ণ হইয়াছে।
অরুণিমা(মন্)—বি, পুং (অরুণ - ইমন্) রক্তবর্ণের ভাব, বক্রতা।
অরুণোদয়ঃ—বি, পুং; সূর্য্যোদয়ের আগে চারি দন্ড।
অরুণোপলঃ—বি, পুং (অরুণ - উপল) পদ্মরাগ মণি, চুনী পাথর।
অরুন্তুদ—বি-ণ (অরুস্ - তুদ - খশ্) মর্ম্মপীড়ক, ক্লেশদায়ক।
অরুন্ধতী—বিব্দ, স্ত্রী; বশিষ্ঠপত্নী। বি-ণ, স্ত্রী; যে স্ত্রী অপরাধ করে না।
অরুন্ধতীজানিঃ—বি.পুং; (অরুন্ধতী-জায়া +নিঙ্) বশিষ্ঠ।
অরুষ্কর—বিণ, ত্রি, (অরু-কৃ+ট) মর্মপীড়াকারী।
অরুঃ(রুস্)—বি, ক্লী (ঋ - উস্) মর্ম্মস্থল। পুং - সূর্য, রক্ত, খদির।
অরে—অব্য; নীচ সম্বোধন। রোষাহ্বান।
অরেরে—অব্য; ক্রোধপূর্ব্বক আহ্বান। নীচ সম্বোধন।
অরোক—বিণ, ত্রি, (ন - রুচ্ + ঘঞ্) ছিদ্রশূন্য, দীপ্তিহীন।
অরোগ—বি, পুং রোগাভাব, ত্রি, রোগশূন্য।

অরোগী(গিন্)—বিণ; রোগহীন।
অরোচক—বি-ণ; অপ্রীতিকর। রোগবিশেষ, অরুচিরোগ।
অর্কঃ—বি, পুং (অর্চ - ঘঞ্) সূর্য্য। সূর্যকিরণ। ইন্দ্র। তম্র। স্ফটিক। বিষ্ণু। পন্ডিত। বৃক্ষবিং, আকন্দগাছ। ক্বাথবিং, আরখ।
অর্কচন্দনঃ—বি, পুং; রক্তচন্দন।
অর্কতনয়ঃ—বি, পুং; কর্ণ। যম। শনি। সুগ্রীব। অশ্বিনীকুমারদ্বয়। বৈবস্বত মনু।
অর্কতনয়া—বি, স্ত্রী; যমুনা। তপতী।
অর্কপাদপঃ—বি, পুং; নিম্ববৃক্ষ। আকন্দগাছ।
অর্কপ্রিয়া—বি, স্ত্রী; জবা পুষ্প।
অর্কবন্ধুঃ—বি, পুং; ইক্ষ্বাকুকুলোদ্ভব শাক্যবংশীয় গৌতম বুদ্ধ।
অর্কব্রতঃ—পুং; মাঘমাসের শুক্লা সপ্তমীতে পালনীয় ব্রত।
অর্কোপলঃ—বি, পুং (অর্ক - উপল) সূর্য্যকান্তমণি। পদ্মরাগমণি, চুনী।
অর্গলম্—বি, ক্লী; কপাট, খিল।
অর্গলা—বি, স্ত্রী; দ্বাররোধককাষ্ঠ বিং, খিল, হুড়কা। প্রতিবন্ধক। স্তোত্র বিং।
অর্গলিকা—বি, স্ত্রী; ক্ষুদ্র অর্গল।
অর্ঘঃ—বি, পুং (অর্ঘ - অল্) মূল্য। পূজার উপচারবিশেষ। পূজা।
অর্ঘ্য—বি-ণ (অর্ঘ - য) পূজ্য। ক্লী; পূজার উপচার-বিশেষ। পূজা।
অর্চক—বি-ণ (অর্চ্চ - কর্ত্তৃ - ণক) পূজক।
অর্চনম্ —বি, ক্লী (অর্চ্চ - ল্যুট্)
অর্চনা —বি, স্ত্রী (অর্চ্চ - অন - আপ্)
অর্চা —বি, স্ত্রী (অর্চ্চ - অ - আপ্) পূজা।
অর্চিঃ—বি, স্ত্রী (অর্চ্চ - ই) অগ্নিশিখা। দীপ্তি।
অর্চিত—বি-ণ (অর্চ্চ - ক্ত) পূজিত। প্রশংসিত।
অর্চিষ্মৎ—পুং (অর্চিস্+মতুপ্) সূর্য, ত্রি, দীপ্তিমৎ।
অর্চিস্(স্)—বি, স্ত্রী, ক্লী (অর্চ্চ - ইস্) অগ্নিশিখা। দীপ্তি।

অর্চ্চ্য—বি-ণ (অর্চ্চ - য্যণ্) পূজ্য। মাননীয়।
অর্জ্জক—বি-ণ (অর্জ্জ - ণক) অর্থলাভকারী। উপার্জনকারী।
অর্জ্জনম্ঃ—বি, ক্লী (অর্জ্জ - ল্যুট্) অর্থলাভ। উপার্জন, রোপণ।
অর্জ্জিত—বি-ণ (অর্জ্জ - ক্ত) লব্ধ।
অর্জ্জুনম্—বি, পুং (অর্জ্জ - উনন্) তৃতীয়পান্ডব। বৃক্ষ বিং। কার্তবীর্য্য। করবীর। ময়ূর। তৃণ। নেত্ররোগ-বিং। পুত্র। ইন্দ্র। শুভ্রবর্ণ। বি-ণ; শুভ্রবর্ণবিশিষ্ট।
অর্জ্জুনী—বি, স্ত্রী; উষা। করতোয়ানদী। গাভী। কুট্টিনী।
অর্ণঃ—বি, পুং; অকারাদিবর্ণ। জল। শেগুনগাছ। ত্রি, পীড়িত।
অর্ণবঃ—বি, পুং (অর্ণস্ - ব) সমুদ্র।
অর্ণবতরিঃ—বি, স্ত্রী; জাহাজ।
অর্ণবযানম্—বি, ক্লী; জাহাজ।
অর্ণঃ(স্)—বি, ক্লী (ঋ - অস্) জল।
অর্তনম্—বি, ক্লী (ঋত + ল্যুট্) নিন্দা।
অর্ত্তিঃ—বি, স্ত্রী (অর্দ্দ - ক্তি) পীড়া। ধনুকের অগ্রভাগ।
অর্তিকঃ—পুং (অর্তি + কন) আক্কেপিটা। ত্রি, পীড়াযুক্ত।
অর্থঃ—বি, পুং (অর্থ - অল্) শব্দের বাচ্য। ধন। বস্তু। প্রয়োজন। নিবৃত্তি।
অর্থকর—বি-ণ (অর্থ - কৃ - ট) ধনোৎপাদক, স্ত্রী; রী।
অর্থতঃ—অব্য, কার্যতঃ, ফলতঃ, অর্থাৎ।
অর্থতত্ত্বম্—ক্লী, বি, বিষয়ের যথার্থতা, প্রকৃতবিষয়।
অর্থদূষণম্—ক্লী, অপব্যয়। চৌর্য।
অর্থনম্—(অর্থ + ল্যুট্) যাচ্‌ঞা, প্রার্থনা।
অর্থনা—বি, স্ত্রী (অর্থ - ভাবে অন - আপ্)
অর্থপতিঃ—বি, পুং; কুবের। রাজা।

অর্থপর—বিণ, ধনলোভী। কৃপণ।
অর্থপিশাচ—বি-ণ; অতিশয় ধনলুব্ধ। (স্ত্রী; চী)।
অর্থপ্রয়োগঃ—বি, পুং; বৃদ্ধি পাইবার জন্য টাকা ধার দেওয়া বা বাণিজ্যে টাকা খাটান।
অর্থবৎ—বিণ (অর্থ + মতুপ্) অর্থযুক্ত, ধনী।
অর্থবাদঃ—বি, পুং; নিন্দা বা প্রশংসা কথন।
অর্থবিদ্যা—স্ত্রী, অর্থের উৎপত্তি ও প্রসারণ-বিষয়কবিদ্যা।
অর্থবিজ্ঞানম্—ক্লী, অর্থনীতিবিষয়ক শাস্ত্র, শব্দশক্তিগ্রহ।
অর্থবিদ্—ত্রি, (অর্থ + বিদ্ + ক্বিপ্) অর্থজ্ঞ।
অর্থশাস্ত্রম্—বি, ক্লী; রাজনীতিশাস্ত্র। ধনবিজ্ঞান,
অর্থশৌচম্—বি, ক্লী; দেনা পাওনা বিষয়ে ভদ্রতা।
অর্থসিদ্ধিঃ—স্ত্রী; বি, সফলতা।
অর্থাগমঃ—বি, পুং; ধনলাভ, আয়।
অর্থান্তরম্—বি, ক্লী; অন্যরূপ অর্থ।
অর্থান্তরন্যাসঃ—বি, পুং; কাব্যের অলঙ্কার বিং।
অর্থাপত্তিঃ—বি, স্ত্রী; অকথিত বিষয়ের জ্ঞান, অনুমান বিশেষ। যেমন—স্থূলকায় হরি দিবাভাগে ভোজন করে না এ কথা বলিলে হরির রাত্রিভোজনের অনুমান হয়, ইহারই নাম অর্থাপত্তি। কাব্যালঙ্কার বিশেষ।
অর্থিকঃ—বি, পুং; বৈতালিক। ঘোষক, ভাট।
অর্থিত—বি-ণ (অর্থ - ক্ত) প্রার্থিত।
অর্থিতা } —স্ত্রী, প্রার্থনা, অর্থীরধর্ম।
অর্থিত্ব }
অর্থী(র্থিন্)—বি-ণ (অর্থ - কর্ত্তৃ - ণিন্) যাচক। যে নালিশ করে, বাদী। যাহার অর্থ আছে, ধনী।
অর্থে—অব্য; নিমিত্ত।
অর্থ্য—বি-ণ (অর্থ - ষৎ) অর্থযুক্ত, সার্থক। ন্যায্য। প্রার্থনীয়। জ্ঞানী। ধনবান্। ক্লী; শিলাজতু। (স্ত্রী; র্থ্যা)।

অর্দ্দনম্ —বি, ক্লী (অর্দ্দ + ল্যুট্)
অর্দ্দনা —বি, স্ত্রী (অর্দ্দ - ভাবে অন - আপ) যাচ্‌ঞা। পীড়া। বধ। গতি।
অর্দ্দিত—বি-ণ (অর্দ্দ - ক্ত) যাচিত। পীড়িত। গত। হত। (স্ত্রী; তা)।
অর্দ্ধ—বি, পুং (ঋধ - অচ্) একদেশ, অংশ। ক্লী; সমান ভাগ। বি-ণ; খণ্ডিত।
অর্দ্ধগঙ্গা—বি, স্ত্রী; কাবেরী নদী, স্নানাদি কার্য্যে গঙ্গার অর্দ্ধফলদায়িনী।
অর্দ্ধচন্দ্রঃ—বি, পুং; চন্দ্রখণ্ড। নখক্ষত। গলহস্ত। বাণ। বিং। তিলক বিং। ময়ূরপুচ্ছের চিহ্ন। হস্তীর আভরণ বিং।
অর্দ্ধনারীশ্বরঃ—বি, পুং; উমামহেশ্বররূপ।
অর্দ্ধনাবম্—ক্লী, অর্ধনৌকা।
অর্ধপাদম্—ক্লী, কপাটবিশেষ। আধকুট পরিমাণ।
অর্ধপুলায়িত—ক্লী, অশ্বেরগতি।
অর্ধভাজ্—বিণ, অর্ধাংশ ভাগী।
অর্দ্ধমানবকঃ—বি, পুং; ১২ নরীহার।
অর্ধমাত্রা—স্ত্রী, অর্ধপরিমাণ। ব্যঞ্জন বর্ণ।
অর্দ্ধরাত্রঃ—বি, পুং; রাত্রির অর্দ্ধভাগ, নিশীথ।
অর্দ্ধহারঃ—বি, পুং; ৬৪ নরীহার।
অর্দ্ধাঙ্গম্—বি, ক্লী; শরীরের অর্দ্ধভাগ। পত্নী।
অর্ধার্ধঃ—পুং, একচতুর্থাংশ।
অর্ধশফরঃ—পুং, দণ্ডপাল মৎস্য।
অর্দ্ধাশনম্—বি, ক্লী (অর্দ্ধ-অশন) অর্দ্ধেক ভোজন।
অর্দ্ধাসনম্—বি, ক্লী; আসনের অর্দ্ধভাগ। স্নেহদান, স্নেহব্যঞ্জক সম্মান বিং। নিন্দামোচন।
অর্দ্ধেন্দুঃ—বি, পুং; অর্দ্ধচন্দ্র।
অর্দ্ধোক্তিঃ—বি, স্ত্রী; অর্দ্ধ কথন।
অর্দ্ধোদয়ঃ—বি, পুং; মাঘমাস, অমাবস্যা, রবিবার, শ্রবণানক্ষত্র, ব্যতীপাত-যোগ এইগুলির সংযোগে যোগ বিশেষ।
অর্দ্ধোরুকম্—বি, ক্লী (অর্দ্ধোরু - কাশ - ড) কুলস্ত্রীদিগের উরুদেশের অর্দ্ধভাগ পর্য্যন্ত ব্যাপ্ত পোষাক বিশেষ। কাচ।

অর্পণম্—বি, ক্লী (ঋ - ণিচ্ + ল্যুট্) দান। স্থাপন। ন্যাস, গচ্ছিত রাখা।

অর্পিত—বি-ণ (ঋ-ণিচ্-ক্ত) দত্ত। স্থাপিত। ন্যস্ত।

অর্পিসঃ—বি, পুং (ঋ + ণিচ্ - ইসন্) হৃদয়। অগ্রমাংস।

অর্ভঃ—বি, পুং (ঋ - ভ) বালক। ওষধি। শিশির। শিষ্য। ছাত্র। বি-ণ; প্রভাহীন।

অর্ভকঃ—বি, পুং; (অর্ভ + কন্) শিশু। শাবক। মূর্খ। বি-ণ; অল্প। ক্ষীণ। সদৃশ। স্ত্রী; ভিকা।

অর্মঃ—বি, পুং (ঋ - মন্) চক্ষুরোগ।

অর্য্যঃ—বি, পুং (ঋ - যৎ) স্বামী। বৈশ্য। ইহারা স্ত্রীলোক হইলে অয্যানী। ইহাদের পত্নী অর্থে অর্য্যা।

অর্য্যমা(মন্)—বি, পুং; (অর্য্য - মা - কনিন্) সূর্য্য। পিতৃলোক বিং। আকন্দগাছ। উত্তরফল্গুনী নক্ষত্র।

অর্বাক্(চ্)—অব্য, (অবর - অন্‌চ্ - ক্বিপ্) পশ্চাৎ। সমীপ। আদি। বি-ণ; পরবর্ত্তী। নিকৃষ্ট।

অর্বা(র্বন্)—বি, পুং (ঋ - বনিপ্) ঘোটক। ইন্দ্র। স্ত্রী; অর্বতী - ঘোটকী, ত্রি, অধম।

অর্বাচীন—বি-ণ (অর্বাচ্ - ঈন) পশ্চাদ্বর্ত্তী। বিপর্য্যস্ত। অধম, অনভিজ্ঞ। স্ত্রী; না।

অর্বুকঃ—বি, পুং; দক্ষিণ দেশস্থিত নৃপতি বিং।

অর্বুদ—বি, ক্লী (অর্ব - উদ্ - ই - ড) দশ কোটি সংখ্যা। রোগ বিং, আব্। পুং; সর্প বিং। পর্ব্বত বিং।

অর্শ —(ঋ - শ)।
অর্শস্ —(ঋ - অসুন্) বি, ক্লী; রোগ বিশেষ।
অশস্ —(অর্শস্ - অচ্)

অর্শী(র্শিন)—(অর্শ - ইন্) বি-ণ; অর্শ রোগী স্ত্রী; সা, র্শিনী।

অর্হ—বি-ণ (অর্হ + অচ্) পূজ্য, যোগ্য। (অর্হ - ঘঞ্) বি, পুং; ইন্দ্র। বি-ণ,

অর্হণ—বিং, পুং (অর্হ - ল্যু) বুদ্ধবিশেষ। ক্লী, পূজা, পূজার উপকরণ পুষ্পাদি, উপায়ন।

অর্হণা—বি, স্ত্রী (অর্হ-যুচ্+টাপ্) পূজা। যোগ্যতা।

অর্হণীয়—বি-ণ (অর্হ - কর্ম্ম - অনীয়) পূজনীয়।

অর্হন্(হৎ)—বি-ণ (অর্হ - প্রশংসার্থে - শতৃ) পূজ্য, প্রশংসনীয়। বি, পুং; বৌদ্ধ। ক্ষপণক।

অর্হন্ত—বি, পুং; বৌদ্ধ। ক্ষপণক। বি-ণ; মান্য।

অর্হা—বি, স্ত্রী (অর্হ - অঙ্ + টাপ্) পূজা।

অর্হিত—বিণ, (অর্হ + ক্ত) পূজিত।

অলম্—বি, ক্লী; (অল + অন্) বৃশ্চিকের পুচ্ছ, হুল্। হরিতাল।

অলক—বি, পুং, ক্লী; (অল - ক্বুন্) কুটিল কেশ, ঝাপ্‌টা।

অলকনন্দা—বি, স্ত্রী, ভূতল চারিণী গঙ্গা। কুমারী।

অলকা—বি, স্ত্রী, কুবেরপুরী। ৮।১০। বর্ষ বয়স্কা- বালিকা।

অলকাধিপঃ—বি, পুং; কুবের।

অলক্তঃ —বি.পুং ; (ন + রক্ত)
অলক্তক —বি, পুং, ক্লী; (অলক্ত + কন্) লাক্ষারস আল্‌তা।

অলক্ষণ—বি, ক্লী, মন্দ চিহ্ন। বি-ণ; লক্ষণহীন। মন্দ চিহ্ন যুক্ত। স্ত্রী; না।

অলক্ষিত—বি-ণ; অদৃষ্ট। অজ্ঞাত।

অলক্ষ্মী—বি, স্ত্রী; দুষ্ট লক্ষ্মী। দুর্ভাগ্য। দুর্দশা।

অলক্ষ্য—বি-ণ; অদৃশ্য।

অলগর্দ্দঃ—বি, পুং (ন - লগ্ - অর্দ্দ - অচ্) যে লগ্ন হয়ে দংশন করে, পীড়াদায়ক নহে, নির্বিষ সর্প, ঢোঁড়াসাপ প্রভৃতি।

অলঙ্করণম্—বি, ক্লী (অলম্ - কৃ - ল্যুট্) ভূষণ। ভূষিত করা।

অলঙ্করিষ্ণু—(অলম্ - কৃ - ইষ্ণুচ্) অলঙ্করণ প্রিয়, ভূষক, মণ্ডনকরণশীল।

অলঙ্কর্ত্তা(র্ত্তৃ)—বি-ণ (অলম্ - কৃ - তৃণ্) ভূষণকারী। স্ত্রী; ত্রী।

(অলম্ + কর্ম + খ) কর্মদক্ষ।

অলঙ্কারঃ—বি, পুং (অলম্ - কৃ - ঘঞ্) ভূষণ। সাহিত্যবিষয়ক দোষ, গুণ প্রভৃতি প্রতিপাদকশাস্ত্র, শব্দালঙ্কার ও অর্থালঙ্কার।

অলঙ্কৃত—বিণ (অলম্ - কৃ - কর্ম্ম - ক্ত) ভূষিত।

অলঙ্ক্রিয়া—বি, স্ত্রী; (অলম + কৃ - শ + টাপ্) ভূষিত করা।

অলঙ্ঘ্য—বি-ণ (ন - লঙ্ঘ্য) যা লঙ্ঘন করতে পারা যায় না, অনতিক্রমণীয়। স্ত্রী, ঙ্ঘ্যা।

অলন্তরাম্—অব্য, অপেক্ষাকৃত অধিক বা সমর্থ।

অলব্ধ—বি-ণ; (ন - লভ্ + ক্ত) অপ্রাপ্ত। স্ত্রী; ব্ধা।

অলম্—অব্য; ভূষণ। সামর্থ্য। পয্যাপ্তি, প্রাচুর্য্য। নিষেধ।

অলম্পুরুষীণ—বিণ, ত্রি, (অলম্ - পুরুষ + খ) পুরুষ (বল)। প্রতি যোদ্ধার সঙ্গে যুদ্ধ করতে সমর্থ।

অলম্বুষঃ—বি, পুং; রাক্ষস বিং। স্ত্রী; ষা— স্বর্গবেশ্যা বিং। লজ্জাবতী লতা।

অলর্কঃ—বি, পুং; ক্ষিপ্ত কুক্কুর। অসুর বিং। শ্বেত আকন্দ।

অলবালম্—বি, ক্লী, জল সেচের জন্য বৃক্ষমূলে নির্মিত জলাধার।

অলস—বি-ণ (ন - লস - অচ্) কর্ত্তব্য কার্য্যে যত্নবিহীন, শ্রমকাতর, আলস্যযুক্ত। বি, পুং; পাদরোগ বিং, পাঁকুই। স্ত্রী, অলসা-হংসপদীলতা।

অলসকঃ—বি, পুং (ন - লস + বুন্) উদরাময় রোগ।

অলাত— বি, পুং, ক্লী; জ্বলন্ত অঙ্গার। কয়লা।

অলাবু(বূ)ঃ—বি, স্ত্রী, ক্লী (ন - লব - উ) তুম্বী, লাউ।

অলারঃ—বি, পুং (ঋ - যঙ্‌লুক + অচ) দ্বার।

অলিঃ—বি, পুং (অল - ই) ভ্রমর। বৃশ্চিক। কাক। কোকিল। সুরা।

অলিকম্— বি, ক্লী (অল - ইকন্) ললাট।

অলিগর্দঃ—বি, পুং (অলি - গর্দ + অচ্) সর্পবিশেষ।

অলিজিহ্বা—বি, স্ত্রী; অলির ন্যায় ক্ষুদ্রজিহ্বা, আল্‌জিভ।

অলিঞ্জরঃ—বি, পুং (অলি - জৃ - অনচ্) মৃত্তিকানির্ম্মিত বৃহৎ জলাধার, জালা।

অলিন্দঃ—বি, পুং (অল - কিন্দ) বারান্দা।

অলিপকঃ —বি, পুং; (ন - লিপ্ + বুন)
ভ্রমর। কোকিল। কুক্কুর। স্ত্রী; কী।
অলিম্পকঃ —বি.পুং ; (ন - লিম্প + বুন)

অলিপ্রিয়—বি, ক্লী, রক্তপথ, স্ত্রী - প্রিয়া - পাটলাবৃক্ষ।

অলিমকঃ—বি, পুং (অলি - মা - ড - ক) ভেক। কোকিল। ভ্রমর। পদ্মকেশর। মধুকবৃক্ষ। স্ত্রী; কী।

অলী(লিন্)—বি, পুং; ভ্রমর। বৃশ্চিক। স্ত্রী; লিনী।

অলীক—বি, ক্লী; মিথ্যা। ললাট। আকাশ। বিণ; অপ্রিয়। অসত্য। স্ত্রী; কা।

অলুঃ—(অল + উন) ছোট জলপাত্র।

অলেপকঃ—বি, পুং পরব্রহ্ম।

অলোকসামান্য—বি-ণ; অসাধারণ, অলৌকিক। স্ত্রী; ন্যা।

অলোকনম্—বি, ক্লী, অদৃশ্যতা, অন্তর্ধান।

অলোল—বিণ, শান্ত, অচঞ্চল।

অলোলুপ—বিণ, নির্লোভ। বিষয় থেকে উদাসীন।

অলৌকিক—বি-ণ; অসাধারণ, লোকাতীত।

অল্প—বি-ত্রি (অল - প) ক্ষুদ্র। কিঞ্চিৎ। স্ত্রী; ল্পা।

অল্পপ্রাণ—বি.ণ; দুর্ব্বল, ক্ষীণজীবী। বি, পুং; বর্ণবিশেষ, বর্গের ১ম, ৩য়, ৫ম বর্ণ এবং য র ল ব। স্ত্রী ; ণা।

অল্পশঃ (শস)—অব্য (অল্প—চশস্) অল্পে অল্পে।

অল্পসরঃ (সরস্) —পল্বল, ছোটপুষ্করিণী।

অল্পায়ুঃ (য়ুস)—বি.ণ. ত্রি. অল্পকাল জীবী। পুং-ছাগ।

অল্পাল্প—ত্রি. অতিঅল্প, অল্পে অল্পে।

অল্পিষ্ঠ—বি.ণ (অল্প—ইষ্ঠ) অতিশয় অল্প।

অল্পীয়স্—বিণ (অল্প+ঈয়স্) অতিঅল্প, অতিক্ষুদ্র,

অল্লা—বি, স্ত্রী (অল্—লা—ড—টাপ্) নাট্যোক্তিতে মাতা।

অব—অব্য ; নিশ্চয়। অনাদর, ন্যূনতা। ব্যাপ্তি। পরিভব। শুদ্ধি। নিয়োগ। নিম্নতা। আলম্বন।

অবকট—বিন. ত্রি. (অব+কটচ্) নিম্ন, বিপরীত।

অবকর্ষণম্—বি, ক্লী ; নিম্নভাগে আকর্ষণ।

অবকাশঃ—বি, পুং। (অব - কাশ + ঘঞ্) স্থান। অবসর, ফাঁক।

অবকীর্ণ—বি.ণ ; (অব - কৃ + ক্ত)বিনষ্ট। চূর্ণিত। বিক্ষিপ্ত, ব্যাপ্ত। ক্লী ; বিনাশ, উল্লম্ফন।

অবকীর্ণী—(র্ণিন্)—বি ণ (অবকীর্ণ—ইন্) ব্রতকালে নিষিদ্ধ কার্য্যের অনুষ্ঠান করে। যাহার ব্রতভঙ্গ হইয়াছে, নষ্টব্রত। স্ত্রী ; র্ণিনী।

অবকৃষ্ট—বিণ.ত্রি (অব-কৃষ+ক্ত) দূরীকৃত, অধম।

অবকেশী (শিন্)—বি.ণ (অবকেশ-ফলাভাব—ইন্) নিষ্ফল, বন্ধ্যা। স্ত্রী ; শিনী।

অবক্রেটকঃ—পুং বক।

অবক্তব্য—বি.ণ; যাহা বলা উচিত নয়, অবাচ্য।

অবক্রয়ঃ—বি, পুং (অব—ক্রী—করণ—অল্) মূল্য। ভাড়া, মাসুল।

অবক্রিয়া—স্ত্রী, অকর্ম, অনাদর।

অবক্রুষ্ট—বি. ণ (অব—ক্রুশ—ক্ত) যাহাকে ভৎসনা করা হইয়াছে, ভর্ৎসিত।

অবক্রোশঃ—বি, পুং, (অব-ক্রুশ-ঘঞ্) চীৎকার, শাপ, ভর্ৎসনা।

অবক্ষিপ্ত—বিণ; অধোভাগে নিক্ষিপ্ত। তিরস্কৃত। স্ত্রী; প্তা।

অবক্ষেপঃ —বি, পুং; অব-ক্ষিপ + ঘঞ্) অধোভাগে নিক্ষেপ। তিরস্কার।
অবক্ষেপণম্ —বি. ক্লী. (অব - ক্ষিপ্ - ল্যুট্)

অবগণিত—বি.ণ; অবজ্ঞাত, অনাদৃত। স্ত্রী; আ।

অবগণ্ড—বি. পুং, গণ্ডস্থ ব্রণ,

অবগত—বি.ণ (অবগম—কর্ম্ম—ক্ত) জ্ঞাত। স্ত্রী; তা।

অবগতিঃ —বি, স্ত্রী (অব—গম—ক্তি)
অবগম —বি, পুং (অব—গম—অল্) জ্ঞান, বোধ।

অবগথ—বি.ণ (অব—গম—বা গা—থক্) প্রাতঃস্নাত।

অবগদিত—বি.ণ; নিন্দিত। অনুক্ত।

অবগাঢ়—বি.ণ(অব—গাহ+ক্ত) নিমগ্ন; অন্তঃপ্রবিষ্ট। নিবিড়। নিম্ন। স্ত্রী; ঢ়া।

অবগাহঃ —বি. পুং; (অব - গাহ + ঘঞ্)
অবগাহনম্ —বি, ক্লী; (অব - গাহ + ল্যুট্) স্নান, মজ্জন।

অবগীত—বি.ণ (অব—গৈ—কর্ম্ম—ক্ত) নিন্দিত। গীত। বি. ক্লী; নিন্দা। মন্দ গান।

অবগুণঃ—বি.পুং ; (অব - গুণ + ক) দোষ।

অবগুণ্ঠনম্—বি, ক্লী (অব - গুন্ঠ + ল্যুট্) মুখাচ্ছাদন বস্ত্র, ঘোমটা। (—ভাবে ল্যুট্) মুখ আচ্ছাদন করা।

অবগুণ্ঠিকা—বি, স্ত্রী (অব - গুন্ঠ - কর্ত্তৃ - ণক—টাপ্) মুখাচ্ছাদনবস্ত্র। যবনিকা, পর্দ্দা।

অবগুণ্ঠিত—বি.ণ (অব—গুন্ঠ—কর্ম্ম—ক্ত) আচ্ছাদিত। কৃতাবগুণ্ঠন।

অবগুরণম্ —
অবগূরণম্ —
অবগোরণম্ —বি, ক্লী (অব—গুর(গূর)—ভাবে—ল্যুট্) প্রহারের নিমিত্ত দণ্ডাদি উত্তোলন।

অবগৃহ্য—বি. ক্লীং (অব-গ্রহ্ + ক্যপ্) ব্যাকরণে প্রগৃহ্য সংজ্ঞক পদ।

অবগ্রহঃ —(অব—গ্রহ—অল্)
অবগ্রাহঃ —(অব—গ্রহ—ঘঞ্) বি, পুং; অনাবৃষ্টি। নিগ্রহ। প্রতিবন্ধ। অবরোধ। হস্তিকপাল। হস্তিসমূহ। স্বভাব। ভ্রমজ্ঞান। পাঠকালে কিঞ্চিৎ বিরাম, পদচ্ছেদ, পৃথগ্‌ভাব।

অবগ্রহণম্—বি, ক্লী, (অব-গ্রহ+ ল্যুট্) অনাদর।

অবঘট্টঃ —বি, পুং; (অব-ঘট্ট +ঘঞ্)
অবঘট্টনম্ —বি, ক্লী; (অব-ঘট্ট+ল্যুট্) বিঃ, যাঁতা। চালনা।

অবঘাতঃ—বি, পুং (অব-হন্+ঘঞ্) গুরুতর প্রহার। অপমৃত্যু। ধান্যাদি কর্তন,

অবঘাতি (ইন্)-বিণ. অবঘাতকর্তা।

অবচনীয়—বিণ; (ন-বচনীয়) অবক্তব্য, অনিন্দ্য।

অবচয়ঃ—বি, পুং (অব-চি-অচ্) চয়ন। অপব্যয়

অবচিত—বি.ণ; (অব-চি - ক্ত) সঞ্চিত। অপব্যয়িত।

অবচূড়ঃ —
অবচুলঃ —বি.পুং; ধ্বজার অগ্রভাগে নিবদ্ধ লম্বমান বস্ত্র। চামর।

অবচূর্ণিত—বিণ (অব-চূর্ণ+ক্ত) ক্ষিপ্ত, চূর্ণীকৃত

অবচূলকঃ—বি. পুং; ধ্বজাগ্রে বদ্ধ চামর।

অবচ্ছিন্ন—বি.ণ; বিশিষ্ট, যুক্ত। বিশেষণ দ্বারা যাহাকে বিশেষ করা হইয়াছে, ইতর-ব্যাবৃত্ত।

অবচ্ছুরিত—বিণ; (অব - ছুর্ + ক্ত) অট্টহাস্য, মিশ্রিত।

অবচ্ছেদঃ—বি, পুং; একদেশ, খণ্ড। সীমা। পরিচ্ছেদ। কর্তন।

অবচ্ছেদক—বিণ; (অব-ছিদ্+ণ্বুল্) যে বিশেষ করিয়া দেয়, ভেদক। ছেদনকারী। স্ত্রী; দিকা।

অবচ্ছেদাবচ্ছেদঃ—বি, পুং; প্রভেদ না করা, সর্ব্বসাকুল্য, সমভাব।

অবজয়ঃ—পুং (অব-জি-অচ্) স্ত্রী-অবজিতি-(অব-জি + ক্তিন্) পরাজয়।

অবজ্ঞা—বি.স্ত্র. (অব—জ্ঞা+অঙ্) হেয় জ্ঞান। অনাদর।

অবজ্ঞাত—বিণ; (অব - জ্ঞা + ক্ত) অনাদৃত।

অবজ্ঞানম্—বি. ক্লী; অনাদর।

অবটঃ —বি.পুং; গর্ত্ত। কূপ। কুহকজীবী।
অবটিঃ —বি. স্ত্রী।

অবটীট—বিণ, (অব-টীট্+অচ্)। খাঁদা।

অবটুঃ—বি. পুং; (অব-টীক্+ড়ু) গর্ত, কূপ। বৃক্ষ বিং। গ্রীবা, ঘাড়।

অবডীনম্—বি. ক্লী (অব+ডী+ল্যুট) পক্ষীর অবরোহণ।

অবতংস—বি. পুং, ক্লী (অব - তনস্ - ঘঞ্) কর্ণভূষণ, কিরীট, শিরোভূষণ।

অবততিঃ—বি. স্ত্রী (অব - তন্ - ক্তিন্) সংহতি। সমূহ।

অবতমসম্—বি, ক্লী, অল্প অন্ধকার

অবতরঃ —বি. পুং (অব - ত - অপ্)
অবতরণম্ —বি. ক্লী, (অব - ত- ল্যুট্) উত্তরণ, উল্লিখন, উৎপত্তি, অবতার।

অবতরণিকা—বি, স্ত্রী (অব—ত + ল্যুট্ + ঈপ্—ক—আপ্) গ্রন্থের প্রস্তাব, আভাস, ভূমিকা। উপক্রমণিকা, সিঁড়ি।

অবতানঃ—বি.পুং (অব-তন্+ঘঞ্) বিস্তার বিতান, প্রসারণ।

অবতারঃ—বি, পুং (অব—তৃ + ঘঞ্) উৎপত্তি প্রাদুর্ভাব।

অবতারণম্—বি, ক্লী (অব—তৃ - ণিচ্+ ল্যুট্)অবরোপণ, নামান। ভূত-নামান। অর্চ্চনা। বনা=ন।

অবতারিত—বিণ (অব—তৃ + ণিচ্—ক্ত) যাহা নামান হইয়াছে, অবরোপিত স্ত্রী ; তা।

অবতীর্ণ—বিণ (অব—তৃ—কর্ত্তৃ—ক্ত) আবির্ভূত, প্রকাশিত। নিম্নগত। স্ত্রী; র্ণা।

অবতোকা—বি, স্ত্রী; (অব+তোক্+টাপ) গরু প্রভৃতি যে জন্তুর গর্ভস্রাব হইয়াছে, স্রবদ্‌গর্ভা।

অবদংশঃ—বি, পুং (অব—দন্‌শ+ঘঞ্) চর্ব্বণদ্রব্য। মাদকসেবনকারীদিগের চাটনী। উত্তেজক খাদ্য।

অবদাত—বি, পুং (অব—দৈ—ক্ত) শুভ্রবর্ণ। পীতবর্ণ। বি.ণ; শুভ্র ও পীতবিশিষ্ট। নির্ম্মল। সুন্দর।

অবদানম্—বি, ক্লী (অব—দা—ল্যুট্) সমাপ্ত যশস্কর কার্য্য। (দো) খণ্ডন। (দৈ) শোধন। বেনার মূল।

অবদারক—বি.ণ (অব—দৃ—ণক) বিদীর্ণকারী।

অবদারণম্—বি.ক্লী (অব—দৃ—ণিচ +ল্যুট্) খনন। খননের অস্ত্র খন্তা প্রভৃতি।

অবদাহঃ—বি, পুং; (অব-দহ+ঘঞ্) উশীর, বেনার মূল। দগ্ধকরা।

অবদীর্ণ—বি.ণ (অব—দৃ—ক্ত) বিদীর্ণ। বিভক্ত। গণিত।

অবদ্য—বি.ণ (ন—বদ + যৎ) নিন্দনীয়। অধম। বি, ক্লী; অনিষ্ট, পাপ।

অবধানম্—বি, ক্লী (অব—ধা—ল্যুট্) মনোযোগ।

অবধারণম্—বি, ক্লী (অব—ধৃ—ণিচ্—ল্যুট্) নির্ণয়, স্থিরীকরণ।

অবধারিত—বি-ণ (অব—ধৃ—ণিচ্—ক্ত) যাহা নিশ্চয় করা হইয়াছে, নিশ্চিত। স্ত্রী তা।

অবধিঃ—বি-পুং (অব—ধা—কি) সীমা। শেষ। নিয়ম। সময়।

অবধীরণম্ } —বি, ক্লী (অবধীর - ল্যুট্)
অবধীরণা } —বি. স্ত্রী (অবধীর + যুচ্ + আপ) অবজ্ঞা, হেয়জ্ঞান।

অবধীরিত—বি-ণ (অবধীর—ক্ত) যাহা অনাদর করা হইয়াছে, অনাদৃত।

অবধূত—বি-ণ (অব—ধূ—ক্ত) কম্পিত। পরাভূত। তিরস্কৃত। অনাদৃত। স্ত্রী; তা। বি, পুং; সন্ন্যাসী।

অবধ্য—বিণ; যাহাকে বধ করা উচিত নয়। স্ত্রী; ধ্যা।

অবধ্বংসঃ—বি, পুং; (অব—ধ্বন্‌স + ঘঞ্) চূর্ণ করা। বিনাশ। নিন্দা। ত্যাগ।

অবধ্বস্ত—বি-ণ (অব—ধ্বন্‌স—ক্ত) চূর্ণিত। বিনষ্ট। ত্যক্ত। নিন্দিত। স্ত্রী; স্তা।

অবনম্—বি, ক্লী (অব—ল্যুট্) রক্ষা। প্রীত করা, প্রীণন।

অবনত—বি-ণ; (অব—নম্ + ক্ত) নম্রীভূত, প্রণত।

অবনতিঃ—বি, স্ত্রী; (অব—নম্ + ক্তি) নম্র হওয়া, নম্রীভাব, প্রণাম। অপকর্ষ।

অবনদ্ধ—বিণ; (অব-নহ-ক্ত) বদ্ধ। খচিত। লিপ্ত, লগ্ন। বি, ক্লী; মৃদঙ্গাদি বাদ্য।

অবনয়ঃ } —বি.পুং (অব - নী + অচ্) নীচে
অবনায়ঃ } —বি.পুং (অব - নী + ঘঞ্) প্রক্ষেপ।

অবনয়নম্—বি, ক্লী; (অব—নী + ল্যুট্) নীচগামী করা, অধঃপ্রাপণ।

অবনাট—বি.ণ, ত্রি. খাঁদা।

অবনিঃ(নী)—বি, স্ত্রী (অব + অনি) পৃথিবী।

অবনি(নী) পতিঃ— ভূপতি, রাজা।

অবনেজনম্ ঃ—বি. ক্লী. (অব-নিজ-ল্যুট) প্রক্ষালন, মার্জন।

অবন্তিঃ—বি, পুং (অব—অন্তি) মালবদেশ। স্ত্রী; মালবদেশের রাজধানী, উজ্জয়িনী। নদী বিং।

অবন্তিকা—স্ত্রী, (অবন্তি + কন্ + টাপ) উজ্জয়িনী।

অবন্তিসোমম্—বি, ক্লী; কাজি। কাঞ্জিক।

অবপতনম্—বি, ক্লীং (অব-পত্+ল্যুট্) অধোগমন, অবরোহণ।

অবপন্ন—(অব-পত্+ক্ত) দূষিত অধোগত পতিত।

অবপাতঃ—বি.পুং (অব - পৎ + ঘঞ্) পতন হস্তিধারণার্থ তৃণাচ্ছন্ন গর্ত।

অবপ্লুত—বিণ.ত্রি. (অব - প্লু + ক্ত) হঠাৎ অবতীর্ণ, ভ্রষ্ট, চ্যুত।

অববোধঃ—বি.পুং (অব - বুধ্ + ঘঞ্) পরিজ্ঞান।

অবভাসঃ—বি.পুং (অব - ভাস্ + ঘঞ্) প্রকাশ সাক্ষাৎকার।

অবভৃথঃ—বি.পুং (অব - ভৃ + কথন্) যজ্ঞান্তস্নান, যজ্ঞদীক্ষান্ত কর্ম।

অবভ্রঃ—বি.পুং. অপহরণ, উঠাইয়ালইয়া খাওয়া।

অবভ্রট—বিণ.ত্রি. (অব - ভ্রট্ + অচ্) খাঁদা।

অবম—বিণ.ত্রি. (অব + অমচ্) অধম, নিকৃষ্ট

অবমত—বিণ.ত্রি. (অব - মন্ + ক্ত) অনাদৃত।

অবমতিঃ—বি.স্ত্রী (অব - মন্ + ক্তি) অবজ্ঞা, পুং ; প্রভু।

অবমর্দঃ—বি.পুং (অব - মৃদ্ + ঘঞ্) পীড়ন, দলন।

অবমানঃ } —বি.পুং (অব - মন্ + ঘঞ্)
অবমাননা } —বি.স্ত্রী (অব - মন্ + যুচ্ + টাপ্) অনাদর অপমান।

অবমানিত—বিণ. ত্রি. (অব - মন্ + ণিচ্ + ক্ত) অপমানিত, অবজ্ঞাত।

অবমার্জনম্—বি.ক্লী (অব - মৃজ্ + ল্যুট্) শোধন, প্রক্ষালন।

অবমূর্ধশয়—বিণ.ত্রি. (অবমূর্ধন্ - শী+অচ্) যে অধোমুখে (উপুড় হয়ে) শয়ন করে।

অবমোচনম্—বি.ক্লী (অব - মুচ্ + ল্যুট্) পরিত্যাগ, ছাড়িয়া দেওয়া

অবমোটনম্—বি.ক্লী (অব - মুট + ণিচ্ + ল্যুট্) মোচড়ান।

অবয়বঃ—বি.পুং (অব - যু + অপ্) অঙ্গ।

অবমর্ষ—(র্শ) ঃ (অব-মৃষ্(শ)ঘঞ্)বি.পুং আলোচনা।

অবমর্ষ (র্শ)নম্—বি. ক্লীং (অব-মৃষ্-পুং) +ল্যুট্অসহনশীলতা।

অবরত—বিণ.(অব-রম্+ক্ত)নিবৃত্ত, বিবৃত।

অবরতিঃ—বি.স্ত্রী (অব-রম্+ক্তি)বিরতি, বিশ্রাম, ত্যাগ

অবরবর্ণঃ—বি.পুং শূদ্র।

অবরস্তাৎ—অব্যয়, নীচে।

অবয়বী (বিন্)—বি.ণ (অবয়ব—ইন্) অঙ্গ বিশিষ্ট, শরীরী। স্ত্রী—বিনী।

অবর—বি.ণ (ন—বৃ+অপ্) নিকৃষ্ট কনিষ্ঠ। স্ত্রী; রা। ক্লী; হস্তীর জঙ্ঘার পশ্চাদ্‌ভাগ।

অবরজ—বি.ণ; (অবর+জন্+ড) কনিষ্ঠ। শুদ্র। স্ত্রী; জা।

অবরীণ—বি.ণ; (অব+রি+ক্ত) নিন্দিত। ধিকৃত। স্ত্রী; ণা।

অবরুগ্ন—বিণ; (অব-রুজ্+ক্ত) ভগ্ন।

অবরুদ্ধ—বি.ণ (অব—রুধ—কর্ম্ম—ক্ত) বদ্ধ, কয়েদী। আবৃত। ব্যাঘাতপ্রাপ্ত। স্ত্রী; দ্ধা।

অবরূঢ়—বি.ণ (অব—রুহ—ক্ত) যে নামিয়াছে, অবতীর্ণ।

অবরোধঃ—বি, পুং; আবরণ। আটক করিয়া রাখা, ব্যাঘাত, বাধা। অন্তঃপুর।

অবরোধক—বিণ,অবরোধকারী। অন্তঃপুররক্ষক। ক্লী; বেড়া, বৃতি। স্ত্রী; ধিকা।

অবরোধনম্—বি. ক্লী; (অব-রুধ্+ল্যুট্) আবরণ, বাধা দেওয়া।

অবরোধিক—বি.ণ (অবরোধ—ঠন্)অন্তঃপুর রক্ষক। স্ত্রী; ধিকী।

অবরোপণম্—বি.ক্লী (অব—রুহ—ণিচ্+ল্যুট্) নামান, অবতারণ। উৎপাটন।

অবরোপিত—বি.ণ (অব—রুহ + ণিচ্ + ক্ত) অবতারিত, উৎপাটিত।

অবরোহণম্—বি, ক্লী; (অব - রুহ্ + ল্যুট্) অবতারণ। নামান।

অবরোহী—(হিন্)বিণ(অব-রুহ্+ণিন্) অবতরণকারী, পুং বটবৃক্ষ।

অবর্ণঃ—বি, পুং; নিন্দা। নীচজাতি।

অবর্ত্তমান—বি.ণ; (ন-বৃৎ+শানচ্) অনুপস্থিত। অবিদ্যমান।

অবলক্ষ—বি, পুং; (অব-লক্ষ+ঘঞ্) শুভ্রবর্ণ। বি.ণ; শুভ্র বর্ণ বিশিষ্ট। স্ত্রী; ক্ষা

অবলগিত—বি.ক্লী (অব - লগ্ + ক্ত) নাটকের প্রস্তাবনা বিং।

অবলগ্ন—বি, পুং, ক্লী; কটিদেশ। বি.ণ; আসক্ত স্ত্রী; গ্না।

অবলম্বঃ —বি, পুং (অব - লম্ব + ঘঞ্)
অবলম্বনম্ —বি, ক্লী; (ল্যুট্) আশ্রয়।

অবলম্বিত—বি.ণ; যাহাকে অবলম্বন করা হয়েছে। আশ্রয়ভূতা। যে ঝুলছে। লম্বমান। স্ত্রী; তা।

অবলম্বী—(ম্বিন্)—বি.ণ; আশ্রয়কারী। স্ত্রী; ম্বিনী।

অবলিপ্ত—বি.ণ, গর্ব্বিত। যাহাকে লেপন করা হয়েছে, লিপ্ত। স্ত্রী; প্তা।

অবলীঢ়—বি-ণ (অব - লিহ্ - ক্ত) জিহ্বা দ্বারা আস্বাদিত, যা চাটা হয়েছে। ভক্ষিত। ব্যাপ্ত, দগ্ধ।

অবলীলা—বি, স্ত্রী; অনায়াস। অনাদর।

অবলেপঃ—বি, পুং; (অব - লিপ্ + ঘঞ্) গর্ব্ব। লেপন। ভূষণ।

অবলেপনম্—বি, ক্লী; (অব - লিপ্ + ল্যুট্) প্রলেপ। ম্রক্ষণ, মাখান।

অবলেহঃ—বি, পুং (অব - লিহ + ঘঞ্) চেটে খাওয়া, ঔষাধাদি।

অবলেহনম্—বি, ক্লী; (অব - লিহ্ + ল্যুট্) চাটিয়া খাওয়া, জিহ্বা দ্বারা আস্বাদন।

অবলোকঃ—বি, পুং (অব - লোক + ঘঞ্)

অবলোকনম্—বি, ক্লী (অব - লোক + ল্যুট্) দর্শন। অনুসন্ধান।

অবলোকিত—বি-ণ; (অব - লোক্ + ক্ত) দৃষ্ট। বি, ক্লী; দর্শন। বি, পুং; বৌদ্ধ বিং।

অববাদঃ—বি, পুং (অব - বদ্ + ঘঞ্) নিন্দা, আদেশ। বিশ্বাস।

অবশ—বি-ণ; যে বশীভূত নয়, অনায়ত্ত।

অবশিষ্ট—বি-ণ (অব - শিষ্ - ক্ত) অতিরিক্ত, বাকী। স্ত্রী; ষ্টা।

অবশেষঃ—বি, পুং (অব - শিষ্ - ঘঞ্) আধিক্য। সমাপ্তি। বি-ণ; অবশিষ্ট।

অবশ্য—বি-ণ; (ন - বশ্য) যে বশীভূত নয়, অবাধ্য। স্ত্রী; শ্যা।

অবশ্যম্—অব্য; নিশ্চয়।

অবশ্যম্ভাবী(বিন্)—বি-ণ (অবশ্যম্ - ভূ - ণিন্) যা নিশ্চিত ঘটবে।

অবশ্যা—বি-স্ত্রী (অব - শ্যৈ + ক + আপ্) কুয়াসা, কুজ্ঝটিকা।

অবশ্যায়ঃ—বি-পুং (অব - শ্যৈ + ণ) হিম। গর্ব্ব।

অবশ্রয়ণম্—বি, ক্লী (অব - শ্রি + ল্যুট্) চুল্লী থেকে পাক হইলে পাত্র নামান।

অবষ্টব্ধ—বি-ণ (অব - স্তন্ভ - ক্ত) আক্রান্ত। রুদ্ধ। অবলম্বিত। রক্ষিত। স্ত্রী; ব্ধা।

অবষ্টম্ভ—বি, পুং (অব - স্তন্ভ - ঘঞ্) প্রারম্ভ। গর্ব্ব। অবলম্বন। স্তব্ধীভাব। সুবর্ণ। আক্রমণ। রোধ।

অবসক্থিকা—বি, স্ত্রী (অব - সক্থি + ক + টাপ্) বস্ত্র দ্বারা পৃষ্ঠ, জানু, জঙ্ঘা বন্ধন পূর্ব্বক উপবেশন, পর্য্যঙ্কবন্ধ।

অবসথঃ —(অব - সো - কথন্) বা (ন - বস -অথন্) বি. পুং।
অবসথ্যঃ —(অবসথ - স্বার্থে য) বি, পুং; গৃহ। গ্রাম। মঠ, আড্ডা। পাঠশালা।

অবসন্ন—বি-ণ (অব - সদ্ - ক্ত) ক্লান্ত, বশহীন। বিষণ্ণ। অবনত, বিনষ্টপ্রায়।

অবসরঃ—বি, পুং (অব-সৃ-অচ্) প্রস্তাব। অবকাশ, ক্ষণ। মন্ত্রণা। বর্ষণ। বৎসর।

অবসর্গঃ—বি.পুং (অব - সৃজ + ঘঞ্) স্বেচ্ছাচার।

অবসর্পঃ—বি.পুং (অব - সৃপ্-অচ্) দূত, গুপ্তচর।

অবসব্য—বিণ.ত্রি. বামেতর, দক্ষিণ, প্রতিকূল।

অবসাদঃ—বি, পুং (অব - সদ্ + ঘঞ্) ক্লান্তি, দৌর্বল্য। বিষাদ। অবনতি।

অবসাদনম্—বি, ক্লী (অব - সদ + ণিচ্ + ল্যুট্) বিনাশ করা

অবসানম—বি, ক্লী (অব - সো - ল্যুট্) শেষ, সমাপ্তি। নাশ, মৃত্যু। সীমা। বিরাম।

অবসায়ঃ—বি, পুং (অব - সো - ঘঞ্) সমাপ্তি। শেষ। নিশ্চয়।

অবসারণম্—বি.ক্লী (অব - সৃ + ল্যুট্) সরান, দূরীকরণ।

অবসিত—বি-ণ (অব - সো - ক্ত) সমাপ্ত। নিশ্চিত। জ্ঞাত। সঞ্চিত। (অব - সি - ক্ত) বদ্ধ।

অবস্কন্দঃ—বি, পুং; (অব - স্কন্দ্ + ঘঞ্) শিবির। আক্রমণ। অবতরণ।

অবস্কন্দনম্—বি, ক্লী; (অব - স্কন্দ্ + ল্যুট্) আক্রমণ। অবতরণ।

অবস্করঃ—বি, পুং (অব - কৃ - অপ্) বিষ্ঠাদি মল। আবর্জনা। গুহ্যদেশ।

অবস্তারঃ—বিণ (অব - স্তৃ + ঘঞ্) যবনিকা,

অবস্থা—বি, স্ত্রী (অব - স্থা - অঙ) কলকৃত বৈলক্ষণ্য, দশা। স্থিতি।

অবস্থানম্—বি, ক্লী; স্থিতি। আবাস।

অবস্থান্তরম্—বি, ক্লী; ভিন্ন অবস্থা।

অবস্থাপনম্—বি, ক্লী; স্থাপিতকরণ।

অবস্থায়ী(য়িন্)—(অব - স্থা - ণিন্) স্থিতিকারী

অবস্থিত—বি-ণ; যে অবস্থিতি করে, নিবাসী, বাসিন্দা। স্থির।

অবস্থিতিঃ—বি.স্ত্রী; থাকা, বাস।

অবস্যন্দনম্—বি, ক্লী, ক্ষরণ, হিংসা।

অবস্রংসনম্—বি, ক্লী অধঃপতন।

অবস্রস্ত—বিণ্; চ্যুত, পতিত।

অবহসিতম্—বি, ক্লী; উচ্চহাস্য।

অবহস্তঃ—বি, পুং; হস্তপৃষ্ঠ।

অবহারঃ—বি, পুং (অব - হৃ + ঘঞ্) জলজন্তু বিং, হাঙ্গোর। চৌর। দ্যুত। যুদ্ধাদির বিশ্রাম। ধর্ম্মান্তরগ্রহণ। প্রত্যর্পণ। নিমন্ত্রণ। স্থানান্তর প্রাপণ।

অবহিত—বিণ (অব - ধা - ক্ত) সাবধান, মনোযোগী। স্ত্রী; তা।

অবহিত্থঃ —বি, ক্লী (ন + বহিস্ + স্থা - ক)
অবহিত্থা —বি, স্ত্রী (ন - বহিস - স্থা - ড) হর্ষাদি চিহ্ন গোপন, আকার গোপন।

অবহীন—বি-ণ; পশ্চাৎ পতিত। স্ত্রী; না।

অবহেলনম্ —বি, ক্লী (অব - হেল্ - ল্যুট্)
অবহেলা —বি, স্ত্রী (অব - হেল - আপ্) অনাদর।অযত্ন।
অবহেলঃ পু. (অব-হেল্-ক)

অবাক্(চ্)—বি-ণ (ন-বাচ্) বাক্য রহিত। হতবুদ্ধি।

অবাকশিরা(রস্)—বি-ণ; যাহার মস্তক অধোদিকে থাকে।

অবাগ্র—বিণ্— (অব-অগ্র) নতমুখ।

অবাঙ্মুখ—বি-ণ; যে মুখ নামাইয়া থাকে, অধোমুখ।

অবাচ্—বিণ, (অব + অন্চ + ক্বিপ্) অধঃকৃত।

অবাচী—বি, স্ত্রী; দক্ষিণদিক। অব্য—নিম্নদেশ।

অবাচীন—বিণ (অবাচ + খ) দক্ষিণদেশীয়, অধোমুখ।

অবাচ্য—বি-ণ; যাহা বলিবার যোগ্য নহে, অবক্তব্য।

অবান্তর—বি-ণ; প্রধানের অন্তঃপাতী।
অবাপ্ত—বিণ্ (অব + আপ্ + ক্ত) প্রাপ্ত।
অবাপিত—বিণ্ (অব + আপ্ + ণিচ্ + ক্ত)
প্রাপিত।
অবার—বি, পুং, ক্লী; (অব + ঋ + ঘঞ্)
নদীর নিকটবর্ত্তী তীর, এপার।
অবারণীয়—বিণ, ত্রি ; দুর্বার।
অবারপারীণ—বিণ, পারগামী।
অবারিকা—বিণ, স্ত্রী, (ন + বারি + কপ্ + টাপ্)
জলহীনস্থান।
অবাস্তব, অবাস্তবিক—বি-ণ; যাহা ঠিক্ নহে, অসত্য, অযথার্থ।
অবিঃ—বি, পুং (অব - ইন্) সূর্য্য। পর্ব্বত।
মেষ। প্রভু। মুষিক। কম্বল। ছাগ।
বায়ু। প্রাচীর। স্ত্রী; রজস্বলা স্ত্রী।
অবিকট্ট—পুং (অবি+কটচ্) মেষসমূহ, সৌম্য।
অবিকত্থন—বিণ,ত্রি (ন - বিকত্থনা)
আত্মশ্লাঘারহিত। স্ত্রী; না।
অবিকল—বি-ণ; যাহা অঙ্গহীন নয়, ঠিক। লা।
অবিকৃত—বি-ণ; যাহা বিকার প্রাপ্ত নহে,
স্বাভাবিক। স্ত্রী; তা।
অবিগীত—বি-ণ; অনিন্দিত। স্ত্রী; তা।
অবিগ্ন— বিণ. (ন + বিজ্ + ক্ত) অনুদ্বিগ্ন,
পুং করমচা গাছ।
অবিঘ্ন—অব্য, বিঘ্নাভাব। নিরাপদ।
অবিচলিত—বি-ণ; স্থির। স্ত্রী; তা।
অবিচারঃ—বি, পুং; অন্যায় বিচার।
অবিচ্ছিন্ন—বি-ণ; বিচ্ছেদ রহিত, ধারাবাহিক।
স্ত্রী; ন্না।
অবিচ্ছেদঃ—বি, পুং; বিচ্ছেদ না থাকা, ক্রমান্বয়।
অবিত—বিণ.ত্রি. (অব + ক্ত) রক্ষিত।
অবিতথ—বি-ণ; সত্য। (অবিতথম্ - অবং)
অবিথ্য—বিণ. মেষের উপযুক্ত।
অবিদূর—বি, ক্লী; সমীপ। বি-ণ; সমীপবর্ত্তী।
স্ত্রী; রা।
অবিদূনম্—বি, ক্লী; মেষদুগ্ধ।
অবিদ্য—বি-ণ (ন - বিদ+ক্যপ্) বিদ্যাহীন, মূর্খ।
অবিদ্যা—বি, স্ত্রী; মায়া, অজ্ঞান। প্রকৃতি।
অবিধিঃ—বি, পুং; অনিয়ম, অব্যবস্থা।
অবিধেয়—বি; অকর্ত্তব্য, অনুচিত। স্ত্রী; য়া।
অবিনঃ—বি, পুং (অব - ইনন্) যাগকর্ত্তা।
বহ্নি, রাজা, বায়ু, সমুদ্র।
অবিনয়ঃ—বি, পুং; উদ্ধতভাব, ধৃষ্টতা।
অবিনাভাবঃ—বি, পুং; সম্বন্ধ বিং, একটি
পদার্থ না থাকলে না থাকা।
অবিনীত—বি-ণ; উদ্ধত। অশিক্ষিত। স্ত্রী; তা।
অবিনীতা—বি, স্ত্রী; অসতী।
অবিপ্লুত—বি-ণ; অবিনষ্ট। বাধাহীনরূপে
প্রবর্তিত।
অবিভক্ত—বি-ণ; যাহার বিভাগ হয় নাই,
সংসৃষ্ট। স্ত্রী; ক্তা।
অবিমুক্ত—বি, ক্লী; কাশীক্ষেত্র, প্রলয়কালেও
হরপার্ব্বতী এই স্থান পরিত্যাগ
করেন না। মস্তক ও চিবুক এই
উভয়ের মধ্যবর্ত্তী স্থান। বি-ণ;
অপরিত্যক্ত। স্ত্রী; ক্তা।
অবিমুক্তেশ্বরঃ—বি. পুং, শিব, কাশীনাথ।
অবিমৃষ্য—বিণ্ (ন - বি + মৃষ্ + যৎ)
অবিবেচক, নিঃসন্দিগ্ধ।
অবিমৃষ্যকারিতা—বি, স্ত্রী; বিবেচনা না করে
কার্য্য করা।
অবিমৃষ্যকারী(রিন্)—বি-ণ; যে বিবেচনা না
করে কার্য্য করে। স্ত্রী; রিণী।
অবিরত—বি-ণ; যার বিরাম নাই, অবিশ্রান্ত।
স্ত্রী; তা।
অবিরল—বি-ণ; নিরবকাশ, ঘন, নিবিড়।
স্ত্রী; লা।
অবিরোধঃ—বি, পুং; বিরোধ না থাকা, সহাবস্থান।
অবিলম্ব, অবিলম্বিত — বি-ণ; শীঘ্র, ত্বরিত।

অবিবাহিত—বি-ণ; যার বিবাহ হয় নাই,
আইবড়। স্ত্রী; তা।
অবিবাহ্যা—বি-ণ; স্ত্রী. যে কন্যাকে শাস্ত্রানুসারে
বিবাহ করতে পারা যায় না।
অবিবেকঃ—বি, পুং (ন - বি - বিচ - ঘঞ্)
বিবেচনারাহিত্য, অজ্ঞান, ভ্রম।
বি-ণ; বিবেচনাশূন্য। স্ত্রী; কা।
অবিবেকী(কিন্)—বি-ণ; বিবেচনাশূন্য। স্ত্রী;
কিনী।
অবিবেচক—বি-ণ; বিবেচনা রহিত।
অবিশঙ্কা—বি, স্ত্রী; অভয় । বিশ্বাস।
অবিশেষ—বি, পুং; প্রভেদ না থাকা,
ভেদরাহিত্য। বি-ণ; অভিন্ন। স্ত্রী; যা।
অবিশ্রান্ত—বি-ণ; অবিরত, নিরন্তর।
অবিষঃ—বি, পুং; সমুদ্র। রাজা।
স্ত্রী. বিষী; বী—নদী। পৃথিবী
অবিস্পষ্ট—বি-ণ; অস্ফুষ্ট, অব্যক্ত।
অবীচিঃ, অবীচিমান্(মৎ) — বি, পুং; নরক বিশেষ।
অবীরা—বি, স্ত্রী; পতিপুত্রবিহীনা নারী।
অবৃদ্ধিক—বিণ্ (ন - বৃদ্ধি + কপ্) বৃদ্ধিহীন,
সুদরহিত।
অবেক্ষণম্—বি, ক্লী; (অব + ঈক্ষণ)
অবেক্ষা—বি, স্ত্রী; (অব + ঈক্ষা) দর্শন।
আলোচনা। মনোযোগ।
অনুসন্ধান। বিচার। অনুরোধ।
পালন। প্রতীক্ষা।
অবেক্ষিত—বি-ণ; দুষ্ট। আলোচিত।
অবেদ্য—বি-ণ (ন - বেদ্য) যাহা জানিতে
পারা যায় না, অজ্ঞেয়।
অবেলঃ—বি, পুং —অপলাপ।
অবেলা—বি, স্ত্রী; অসময়।
অবৈধ—বি-ণ; অনুচিত, শাস্ত্রবিরুদ্ধ।
অবোদ—বি-ণ (অব - উন্দ - ঘঞ্) আর্দ্র, ভিজা।
অব্দঃ—বি, পুং (অব - দন্) বৎসর। মেঘ।
অব্যক্ত—বি-ণ; অস্পষ্ট। সূক্ষ্ম। অজ্ঞাত।
স্ত্রী; ক্তা। বি, পুং; শিব। বিষ্ণু।
কন্দর্প। ক্লী, ব্রহ্ম। প্রকৃতি।
অব্যথ—বি-ণ (ন - ব্যথ + অচ্) ব্যথাশূন্য।
স্ত্রী; থা।
অব্যথা—বি, স্ত্রী; হরীতকী।
অব্যথী(থিন্)—বি, পুং, অশ্ব।
অব্যভিচারী(রিন্)—বি-ণ; যে অযথাচরণ
করে না। শব্দ বিং। যাহার অর্থ
বাধাপ্রাপ্ত নহে। স্ত্রী; রিণী।
অব্যয়—বি, পুং, ক্লী (ন - বি - ই - অন্) পদ
বিশেষ, যে সকল শব্দ লিঙ্গ, বিভক্তি
ও বচনানুসারে বিকৃতি প্রাপ্ত হয় না।
ক্লী; ব্রহ্ম। পুং; বিষ্ণু। শিব। বিণ;
ব্যয়রহিত, কৃপণ। অক্ষয়।
অব্যয়ীভাবঃ—বি, পুং (অব্যয় - চ্বি - ভাব)
সমাস-বিশেষ। ব্যয়শূন্যতা।
অব্যর্থ—বি-ণ; যাহা বৃথা হয় না, সফল।
অব্যবস্থা—বি, স্ত্রী; অনিয়ম। অবিধি। অস্থিরতা।
অব্যবস্থিত—বি-ণ; নিয়মরহিত। অস্থির।
অব্যবহার্য্য—বি-ণ; ব্যবহারের অযোগ্য,
যাহার সহিত একত্র শয়ন ভোজন
উপবেশনাদি কার্য্য নিষিদ্ধ, পতিত।
উপভোগের অযোগ্য, অকেজো।
অব্যবহিত—বি-ণ; সমাসন্ন, মধ্যস্থলে অন্যের
বিদ্যমানতা রহিত, স্ত্রী; তা।
অব্যবহৃত—বি-ণ; যার ব্যবহার করা হয় নাই,
অকৃতব্যবহার।
অব্যাকৃত—বি-ণ; অভিন্ন। বেদান্তমতে
জগতের উৎপত্তি কারণ অবিদ্যা। অব্যক্ত।
অব্যাজ—বি-ণ; অকপট। শীঘ্র। বি, পুং;
ছলাভাব।
অব্যাপ্তিঃ—বি, স্ত্রী; ব্যাপনাভাব, সর্ব্বত্র সম্বন্ধ
না থাকা, দোষ বিং। লক্ষ্যে
লক্ষণের অগমন।

অব্যাপ্যবৃত্তিঃ—বি-ণ; একদেশস্থিত। বি, স্ত্রী; কিয়দংশে স্থিতি।

অব্যাহত—বি-ণ; ব্যাঘাত শূন্য, অকুণ্ঠিত।

অব্যাহতিঃ—বি, স্ত্রী; অব্যাঘাত। মোচন।

অব্যুৎপন্ন—বি-ণ; ব্যুৎপত্তিবিহীন। স্ত্রী; ন্না।

অশক্ত—বি-ণ; অসমর্থ। স্ত্রী। ক্তা।

অশক্তিঃ—বি, স্ত্রী; সামর্থ্যাভাব।

অশক্য—বি-ণ; অসাধ্য। স্ত্রী; ক্যা।

অশঙ্ক—বি-ণ; (ন - শঙ্কা) ভয়শূন্য.

অশনম্—বি, ক্লী; ভোজন। বি-ণ; খাদ্যবস্তু। খাদক।

অশনায়া—বি, স্ত্রী (অশন - ক্য - ভাবে অ আপ্) ভোজনেচ্ছা, ক্ষুধা।

অশনায়িত—বি-ণ (অশনায়া - জাতার্থে - ইত) ক্ষুধিত। স্ত্রী; তা। বুভুক্ষিত।

অশনিঃ—বি, পুং (অশ-অনি) বজ্র। বিদ্যুৎ। উল্কা।

অশরণ—বি-ণ (ন - শরণ) যার রক্ষা কর্ত্তা নাই, অনাথ। গৃহবিহীন। স্ত্রী; ণা।

অশরীর—বিণ, দেহশূন্য। পুং কন্দর্প।

অশরীরী(রিন্)—বি-ণ। শরীরবিহীন, নিরাকার. স্ত্রী; রিণী।

অশর্ম্ম(র্ম্মন)—বি, ক্লী; (ন - শর্ম্ম) দুঃখ। বি-ণ; যাহার সুখ নাই, দুঃখী।

অশান্ত—বি-ণ; উদ্ধত স্বভাব, দুরন্ত। স্ত্রী; ন্তা।

অশাস্ত্রম্—বি, ক্লী; যে শাস্ত্র প্রমাণ নহে, বেদাদিবিরুদ্ধ শাস্ত্র।

অশাস্ত্রীয়—বিণ; (অশাস্ত্র + ছ) শাস্ত্রবিরুদ্ধ বাক্য বা কার্য্য। অবৈধ। স্ত্রী; য়া।

অশিক্ষিত—বি-ণ; মূর্খ, অনভিজ্ঞ। অসভ্য। স্ত্রী; তা।

অশিত—বি-ণ (অশ + ক্ত) ভক্ষিত। তৃপ্ত। (ন-শিত) যাহা শাণ দেওয়া নহে, অতীক্ষ্ণ। স্ত্রী; তা।

অশিরঃ—বি, পুং (অশ - ইর) বায়ু। অগ্নি। সূর্য্য। রাক্ষসবিং।

অশিবম্—বি, ক্লী (ন - শিব) অমঙ্গল। বি-ণ; অমঙ্গলজনক। স্ত্রী; বা।

অশিশ্বী—বি, স্ত্রী (ন - শিশু - ঈপ্) যে স্ত্রীর সন্তান নাই, অনপত্যা, আঁটকুড়ী।

অশীত—বি-ণ; শীতাভাবযুক্ত। অশীতা স্তরবো মাঘে ফাল্গুনে পশুপক্ষিণৌ। চৈত্রে জলচরাঃ সর্ব্বে বৈশাখে নরবানরৌ।

অশীতিঃ—বি, স্ত্রী (অষ্ট - দশন্ - তি) যার পরিমাণ অষ্টগুণিত দশ, আশীসংখ্যা।

অশুদ্ধ—বি-ণ (ন - শুদ্ধ) অপবিত্র। সদোষ। স্ত্রী; দ্ধা।

অশুভম্—বি, ক্লী; অমঙ্গল। পাপ। বি-ণ; অমঙ্গলজনক। স্ত্রী; ভা।

অশূন্য—বি-ণ; যাহা শূন্য নহে, পূর্ণ। স্ত্রী; ন্যা।

অশেষ—বি-ণ; যার শেষ নাই, সমগ্র, সম্পূর্ণ। স্ত্রী; যা।

অশেষবিধ—বি-ণ; নানাপ্রকার, সকল প্রকার।

অশোক—বি, পুং; বৃক্ষ বিং। ক্লী; পারদ। বি-ণ; শোকরহিত। স্ত্রী; কা।

অশোক ষষ্ঠী—বি, স্ত্রী; চৈত্রমাসের শুক্লী ষষ্ঠী।

অশোকাষ্টমী— চৈত্রমাসের শুক্লা অষ্টমী।

অশোচনীয় }—(ন + শুচ্ + অনীয়র)
অশোচ্য }—বি-ণ; (ন + শুচ্ + ণ্যৎ) যার জন্য শোক করা উচিত নয়, শোকের অযোগ্য। স্ত্রী; য়া, চ্যা।

অশৌচম্—বি, ক্লী; অশুদ্ধি, দৈব পৈত্রকার্য্যে অনধিকারিতা।

অশ্মঃ }—(অশ্ - ম)
অশ্মন্ }—(অশ - মনিন্) বি, পুং; প্রস্তর।

অশ্মগর্ভঃ—বি, পুং; মরকতমণি, পান্না।

অশ্মজম্—বি, ক্লী (অশ্মন্ - জন - ড) শিলাজতু। লৌহ। গিরিমাটি।

অশ্মন্তম্—বি, ক্লী; চুল্লী। মরণ। অসীমক্ষেত্র।

অশ্মন্তকঃ—বি, পুং; চুল্লী। দীপাধার। তৃণবিশেষ, বিচালি।

অশ্মভালম্—বি, ক্লী; চূর্ণ করবার উপযোগী লৌহনির্ম্মিত পাত্র, হামানদিস্তা।

অশ্মরী—বি, স্ত্রী, রোগবিশেষ, পাতরী, মূত্রকৃচ্ছ্র।

অশ্মসারঃ—বি, পুং, ক্লী; লৌহ।

অশ্রম্—বি, ক্লী (অশ - রক্) নেত্রজল। রক্ত, কোণ।

অশ্রদ্ধা—বি, স্ত্রী; অনাদর। অবিশ্বাস।

অশ্রপঃ—বি, পুং (অশ্র - পা - ড) রাক্ষস।

অশ্রব্য—বি-ণ; শ্রবণের অযোগ্য, অশ্রোতব্য।

অশ্রান্ত—বি-ণ; অবিরত। শ্রমরহিত। স্ত্রী; ন্তা।

অশ্রাব্য—বি-ণ; যাহা অবশ্য শ্রোতব্য নহে। শোনার অযোগ্য।

অশ্রিঃ(শ্রী)—বি, স্ত্রী; গৃহাদির কোণ। খড়্গাদির অগ্রভাগ।

অশ্রু—বি, ক্লী; নেত্রজল।

অশ্রুতপূর্ব্ব—বি-ণ; যাহা পূর্ব্বে কখন শুনা যায় নাই, নূতন। স্ত্রী; র্ব্বা।

অশ্রেয়ঃ(স্)—বি, ক্লী (ন - শ্রেয়ঃ) অমঙ্গল। অনিষ্ট।

অশ্লীল—বি-ণ; লজ্জাজনক।

অশ্লেষা—বি, স্ত্রী; নক্ষত্র বিং, ৯ম নক্ষত্র।

অশ্বঃ—বি, পুং (অশ - ক্বন্) ঘোটক। স্ত্রী; শ্বা।

অশ্বকর্ণঃ—বি, পুং, সালবৃক্ষ।

অশ্বগন্ধা—বি, স্ত্রী—ক্ষুদ্রবৃক্ষবিশেষ।

অশ্বতরঃ—বি, পুং (অশ্ব - ক্ষুদ্র অর্থে ষ্টর) গর্দ্দভের ঔরসে ঘোটকীর গর্ভজাত, অথবা ঘোটকের ঔরসে গর্দ্দভীর গর্ভজাত পশু বিং, খচ্চর। সর্প বিং. গন্ধর্ব্ব বিং। স্ত্রী; রী।

অশ্বত্থঃ—বি, পুং; স্বনামখ্যাত বৃক্ষ বিং।

অশ্বত্থা—বি, স্ত্রী; পূর্ণিমা তিথি।

অশ্বত্থামা(মন্)—বি, পুং (অশ্ব - স্থামন্ = বল) দ্রোণাচার্য্যের পুত্র। জন্মকালে অশ্বের ন্যায় প্রবল শব্দ করেছিল বলে অশ্বত্থামা নাম হয়।

অশ্বন্তম্—বি, ক্লী, অশুভ, চুল্লী।

অশ্বপালঃ—বি, পুং (অশ্ব - পা - ণিচ্ - অন্) ঘোটক রক্ষক, সহিস্।

অশ্বমুখ—বি, পুং; কিন্নর। স্ত্রী; খী।

অশ্বমেধঃ—বি, পুং; সার্ব্বভৌম রাজার কর্ত্তব্য যজ্ঞ বিং।

{ অশ্বযুক(যুজ)—বি, স্ত্রী;
{ অশ্বযুজঃ—বি, পুং; অশ্বিনী নক্ষত্র। আশ্বিনমাস।

অশ্ববার—(অশ্ব - বৃ + অন্)

অশ্ববাহ—(অশ্ব - বহ্ + ণিচ্ + অন্)

অশ্বসাদী(দিন্) }— বি, পুং; অশ্বারোহণশীল,
অশ্বারোহ }—ঘোড়সোয়ার।

অশ্বস্তন—বিণ (ন - শ্বস্ + ট্যু) যাহা আগামীকাল সম্বন্ধীয় নয়।

অশ্বারিঃ—বি, পুং (অশ্ব - অরি) মহিষ।

অশ্বারোহী(হিন্)—বি-ণ; অশ্বারূঢ়। স্ত্রী; হিণী। বি, পুং; অশ্বারোহণশীল, ঘোড়সোয়ার।

অশ্বিন্(দ্বিবচনান্ত, অশ্বিনৌ)—অশ্বরূপধারিণী সংজ্ঞানাম্নী সূর্য্যপত্নীর গর্ভজাত যমজ পুত্রদ্বয়।

অশ্বিনী—বি, স্ত্রী; ১ম নক্ষত্র। অশ্বরূপধারিণী সূর্য্যপত্নী সংজ্ঞা।

অশ্বিনীকুমারঃ—বি,পুং; স্বর্গবৈদ্য।

অশ্বীয়—বি,ক্লী; অশ্বসমূহ। বি-ণ; অশ্ব সম্বন্ধীয়।

অশ্বোরস্—বি,ক্লী; প্রধান অশ্ব। বিস্তৃতবক্ষবিশিষ্ট।

অষড়ক্ষীণ—বি-ণ; (ন - ষড্ + অক্ষি + খ) ছয় নেত্রের অগোচর। যাহা দুই জনের অধিক লোকে জানে না।

অষাঢ়ঃ—বি, পুং, মাস বিশেষ, দণ্ড, পলাশ দণ্ড।

অষ্ট(ন্)—বি; আট সংখ্যা। বিণ; আট সংখ্যাবিশিষ্ট। অষ্ট সংখ্যাবাচক শব্দ, যথা—যোগাঙ্গ। বসু। শিবমূর্ত্তি। দিগ্গজ। সিদ্ধি। ব্রহ্মকর্ণ। ব্যাকরণ। দিক্পাল। সর্প। কুলপর্ব্বত। ঐশ্বর্য্য

অষ্টকম্—বি, ক্লী; অষ্টসংখ্যাপরিমিত। আট অধ্যায় বা আট শ্লোকে সমাপ্ত গ্রন্থ বা স্তোত্রাদি।

অষ্টকা—বি, স্ত্রী; পৌষাদি ৩ মাসের কৃষ্ণাষ্টমী।

অষ্টকাঙ্গম্—বি, ক্লী; পাশার ছক্।

অষ্ট(ষ্টা) চত্বারিংশৎ—বি, স্ত্রী; ৪৮ সংখ্যা। বিণ, স্ত্রী; তৎসংখ্যাবিশিষ্ট।

অষ্টধা—অব্য; (অষ্টন্ - ধাচ্) আট প্রকার।

অষ্টধাতু—বি, ক্লী; স্বর্ণ, রৌপ্য, তাম্র, রাঙ, সীসা, ইস্পাত, লৌহ, কান্তিলৌহ এই আট প্রকার ধাতু। অথবা—স্বর্ণ, রৌপ্য, তাম্র, লৌহ, দস্তা, পারদ, রাঙ্ ও সীসা।

অষ্টনাগঃ—বি, পুং; অনন্ত, বাসুকি, পদ্ম। মহাপদ্ম, তক্ষক, কুলীর, কর্কট, শঙ্খ এই আটপ্রকার সর্প।

অষ্টনায়িকা—বি, স্ত্রী; মঙ্গলা, বিজয়া, ভদ্রা, জয়ন্তী, অপরাজিতা, নন্দিনী, নারসিংহী, কৌমারী এই আটপ্রকার দেবীমূর্ত্তি।

অষ্টপাদঃ—বি, পুং; মাকড়সা, লূতা।

অষ্টভৈরবঃ—বি, পুং; অসিতাঙ্গ, রুরু, চণ্ড, ক্রোধ, উন্মত্ত, কপালী, ভীষণ, সংহার এই আট প্রকার শিবমূর্ত্তি বিং।

অষ্টম—বি-ণ (অষ্টন্ - মট্) আটসংখ্যার পূরণ। স্ত্রী; অষ্টমী।

অষ্টমঙ্গল—বি, পুং; অশ্ববিশেষ, ৪ খুর, বক্ষঃস্থল, পুচ্ছ, মুখ এবং পৃষ্ঠদেশ এই আট স্থানে, শ্বেতবর্ণ অশ্ব। ক্লী; ব্রাহ্মণ, গরু, অগ্নি, স্বর্ণ, ঘৃত, সূর্য্য, জল এবং রাজা এই আট বস্তু। সিংহ, বৃষ, হস্তী, জলকুম্ভ, পাজন, পতাকা, শঙ্খ বা (ভেরী) দীপ এই আট প্রকার মঙ্গল দ্রব্য।

অষ্টমূর্ত্তিঃ—বি, পুং; শিব। পৃথিবী, জল, অগ্নি, বায়ু, আকাশ, যজমান, চন্দ্র ও সূর্য্য, এই আটটি শিবের মূর্ত্তি।

অষ্টাঙ্গধূপঃ—বি, পুং; গোক্ষুর, নিমপত্র, বচ্, কুড়, হরীতকী, সর্ষপ ও যব এই সকল বস্তুর দ্বারা নির্ম্মিত জ্বরনাশন ধূপবিশেষ।

অষ্টাঙ্গপ্রণামঃ—বি, পুং; জানু, চরণ, হস্ত, বক্ষঃস্থল, বুদ্ধি অর্থাৎ মন, মস্তক, বাক্য ও দৃষ্টি এই অষ্টাঙ্গকৃত প্রণাম বিং।

অষ্টাঙ্গযোগঃ—বি, পুং; যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা ও সমাধি এই অষ্টবিধ যোগাঙ্গ।

অষ্টাঙ্গার্ঘ্যম্—বি, ক্লী; জল, দুগ্ধ, কুশাগ্র, দধি, ঘৃত, তণ্ডুল, যব ও শ্বেত সর্ষপ এই আট বস্তু দ্বারা সজ্জিত অর্ঘ্য।

অষ্টাদশ—বি-ণ (অষ্টাদশন্ - ডট্) আঠার সংখ্যার পূরণ।

অষ্টাদশ(ন্)—বি, পুং (অষ্টাধিক-দশ) আঠার সংখ্যা। বি-ণ; তৎসংখ্যাবিশিষ্ট। আঠার সংখ্যাবাচক শব্দ যথা—দ্বীপ। বিদ্যা। পুরাণ। স্মৃতি। ধান্য।

অষ্টাপদ—বি, পুং, ক্লী; সুবর্ণ। ধুস্তুর। শারিফলক, পাশার ছক্। পুং; শরভ। মর্কট। কৈলাসপর্ব্বত। লূতা, মাকড়সা।

অষ্টবক্রঃ—বি, পুং; মুনি বিং।

অষ্টিঃ—বি, স্ত্রী (অস - ক্তি, নি) আঁটি। ষোড়শাক্ষর ছন্দোবিং। ১৬ সংখ্যা।

অষ্ঠীবান্(বৎ)—বি, পুং, ক্লী (অস্থি + মতুপ্) অতিশয় অস্থিবিশিষ্ট, হাঁটু, জানু।

অসংবৃত—বি-ণ; যাহা অন্যের সহিত একত্র সংস্থিত নহে, বিভক্ত। অস্পৃষ্ট।

অসংশয়—বি.ক্লী ; সন্দেহাভাব, বিণ., সংশয়রহিত।

অসংসৃষ্ট—বিণ., যাহা অন্যের সহিত একত্র সংস্থিত নয়, বিভক্ত, অস্পৃষ্ট।

অসংস্কৃত—বি-ণ; যার শাস্ত্রোক্ত গর্ভাধানাদি সংস্কার কার্য্য হয় নাই। অশোধিত। অপরিষ্কৃত। ক্লী; প্রাকৃত ভাষা।

অসংহত—বি-ণ; অসংলগ্ন।

অসকৃৎ—অব্য; বি-ণ; পুনঃপুনঃ।

অসক্ত—বি-ণ; আসক্তিশূন্য। বৈরাগ্যযুক্ত। অসংলগ্ন।

অসঙ্কুল—বি-ণ; বিস্তীর্ণ। অমিশ্রিত। পরস্পর অবিরুদ্ধ।

অসঙ্খ্য—বি-ণ (ন-সঙ্খ্যা) সঙ্খ্যাতীত, অগণ্য।

অসংখ্যায়—বিণ, বিষয়সম্বন্ধশূন্য। বি, পুং; অনাসক্তি।

অসক্ত—বিণ., বিষয় সম্বন্ধশূন্য, বি. পুং, অনাসক্তি।

অসঙ্গত—বি-ণ; অযুক্ত। অনুচিত।

অসঙ্গতিঃ—বি, স্ত্রী; পূর্ব্বাপর বিরোধ। (প্রা) অর্থাভাব, অপ্রতুল।

অসংজ্ঞ—বি-ণ (ন - সংজ্ঞা) চেতনাশূন্য।

অসৎ—বিণ; অসাধু। মূর্খ। জড় পদার্থ। নিষ্ফল। অবিদ্যমান। নিন্দিত। অব্য; অনাদর।

অসতী—বি, স্ত্রী; ভ্রষ্টাস্ত্রী, ব্যভিচারিণী।

অসদ্গ্রহঃ—বি, পুং, বালকদিগের আব্দার।

অসদ্ভাবঃ—বি, পুং; অপ্রণয়। অবিদ্যমানতা।

অসনঃ—বি, পুং; (অস+যুচ্) শাল গাছ, সর্জ্জতরু। (ভাবে ল্যুট্) ক্ষেপণ।

অসভ্য—বি.ণ (ন—সভ্য) যে সভায় বসার যোগ্য নয়, অভদ্র। খল। স্ত্রী; ভ্যা।

অসম—বি.ণ; যার সমান নাই, অতুল। স্ত্রী; মা।

অসমক্ষ—বিণ; ইন্দ্রিয়ের অগোচর, অসাক্ষাৎ।

অসমতা—বি, স্ত্রী; বিভিন্নতা।

অসমঞ্জস—বি.ণ; অযুক্ত। যে সুজন নহে। স্ত্রী; সা।

অসময়ঃ—বি, পুং; অযোগ্যকাল।

অসমর্থ—বি.ণ; অক্ষম। দুর্ব্বল। স্ত্রী; র্থা।

অসমীক্ষ্যকারী (রিন্)—বি.ণ (ন—সমীক্ষ্য—কৃ—ণিন্) যে বিবেচনা না করে কার্য্য করে, অবিমৃষ্যকারী। স্ত্রী; রিণী।

অসম্বদ্ধ—বি.ণ; সম্বন্ধশূন্য।

অসম্বদ্ধপ্রলাপঃ—বি, পুং; পূর্ব্বাপর বিরুদ্ধ কথা বলা, অনর্থক বাক্য।

অসম্বন্ধভাষী(ষিন্)—বি.ণ; যে পরস্পর বিরুদ্ধ কথা বলে।

অসম্বাধ—বিণ; যাহা কোনরূপ ক্লেশকর নহে, বাধাশূন্য।

অসম্ভব—বি.ণ; যাহা ঘটতে পারে না। স্ত্রী; বা।

অসম্মত—বিণ. অযত্নসিদ্ধ, স্ত্রী-তা

অসম্পৃক্ত—বি.ণ; যাহা বাঞ্ছিত নহে, অনভিপ্রেত। যে সম্মতি দেয় না, অনিচ্ছুক। স্ত্রী; তা।

অসম্মানঃ—বি, পুং; অনাদর।

অসবর্ণ—বি.ণ; ভিন্নজাতীয়। স্ত্রী; র্ণা।

অসহ—বি.ণ; যে সহ্য করিতে পারে না অসহিষ্ণু। স্ত্রী; হা।

অসহন—বি.ণ(ন—সহ—কর্ত্তৃ—অন) শত্রু, অসহিষ্ণু। (ভাবে ল্যুট্) সহ্য করিতে না পারা, অসহিষ্ণুতা।

অসহ্য—বি.ণ; যাহা সইতে পারা যায় না।

অসাক্ষিক—বিণ—সাক্ষিহীন।

অসাধারণ | অসামান্য —বি.ণ; যাহা সকলের নাই, অতুল্য।

অসাধু—বি.ণ; অসচ্চরিত্র, ইতর। দুষ্ট। স্ত্রী; ধ্বী।

অসাধ্য—বি.ণ; যাহা সম্পন্ন করিতে পারা যায় না, অপ্রতিবিধেয়। স্ত্রী; ধ্যা।

অসাময়িক—বি.ণ; যাহা সময়ের উপযুক্ত নহে, আকালিক। স্ত্রী; কী।

অসাম্প্রতম্—অব্য, অযুক্ত।

অসার—বি.ণ; সারাংশরহিত। দুর্ব্বল। স্ত্রী; রা। পুং; এরণ্ড বৃক্ষ।

অসিঃ—বি, পুং (অস+ —ইন) খড়্গ।

অসিকম্—বি, ক্লী; অধর ও চিবুকের মধ্যবর্ত্তী স্থান।

অসিক্নী—বি, স্ত্রী; অন্তঃপুচারিণী অবৃদ্ধা দাসী। দক্ষপত্নী। নদী বিশেষ।

অসিগণ্ডঃ—বি, পুং; ছোটবালিশ, গালবালিশ, ক্ষুদ্রোপধান।

অসিত—বি, পুং (ন—সিত) কৃষ্ণবর্ণ। কৃষ্ণপক্ষ। ভরতপুত্র, সূর্য্যবংশীয় রাজা। শনিগ্রহ। বিণ; কৃষ্ণবর্ণবিশিষ্ট। স্ত্রী; তা।

অসিতফলঃ—বি.পুং; মিষ্ট নারিকেল।

অসিতার্চিস্—বি.পুং; অগ্নি।

অসিদংষ্ট্রঃ—বি, পুং; (অসি—দংষ্ট্রা) জলজন্তু মকর, হাঙ্গর।

অসিদ্ধ—বি.ণ (ন—সিদ্ধ) অসম্পন্ন। অপ্রামাণিক। অপক্ক, অস্বিন্ন। স্ত্রী; দ্ধা।

অসিদ্ধিঃ—বি, স্ত্রী; অনিষ্পত্তি।

অসিধাবকঃ—বি, পুং; (অসি—ধাব—ণক) যে শস্ত্র শাণদেয়, শিলকর।

অসিধেনুস / অসিধেনুকা—বি, স্ত্রী; ছুরিকা।

অসিপত্রঃ—বি, পুং; ইক্ষুবৃক্ষ। নরক বিং। খড়্গকোষ।

অসিপুত্রিকা, অসিপুত্রী — বি, স্ত্রী; ছুরিকা।

অসিহেতিঃ—বি, পুং; খড়্গযোদ্ধা।

অসীম—বি.ণ (ন—সীমা) যার সীমা নাই; অনন্ত। স্ত্রী; মা।

অসু—বি, পুং, বহু; প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান এই পঞ্চ বিধ শরীরস্থ বায়ু।

অসুখম্—বি. ক্লী; দুঃখ। পীড়া। বি.ণ; দুঃখজনক।

অসুভৃৎ—বি. পুং (অসু—ভৃ—ক্বিপ্) প্রাণী।

অসুরঃ—বি. পুং (ন—সুর) সুরবিরোধী, দৈত্য।

অসূক্ষণম্—বি. ক্লী; অনাদর।

অসূয়া—বি, স্ত্রী (অসু—ক্য—ভাবে অ—আপ) পরগুণে দোষারোপণ করা, দ্বেষ।

অসূয়ু—বিণ, ত্রি; —ঈর্ষী।

অসূর্য্যম্পশ্য—বিণ (ন—সূর্য্য—দৃশ—কর্ত্তৃ—খশ্) যে সূর্য্যও দেখিতে পায় না, যাহাকে অতি গোপনে রাখা হয়, অপ্রকাশ। স্ত্রী. শ্যা।

অসৃক্ (জ্)—বি, ক্লী (ন—সৃজ্—ক্বিপ্) রক্ত।

অসৃগ্ধরা—বি, স্ত্রী (অসৃজ—ধৃ—কর্ত্তৃ—অন্—আপ্) ত্বক্। চর্ম্ম।

অসেচনক—বি.ণ (ন—সিচ—ল্যুট্—কণ্) যাহাকে দেখে আকাঙ্ক্ষা নিবৃত্তি হয় না, অত্যন্ত প্রিয়দর্শন।

অস্খলিত—বি.ণ; অচ্যুত, অবিচলিত। বদ্ধ। অপ্রতিহত। স্ত্রী; তা।

অস্ত—বি, পুং (অস + ক্ত) যে পর্ব্বতে সূর্য্য-চন্দ্রাদি অস্ত যায়, অস্তাচল। ক্লীং; অবসান। মৃত্যু। বি.ণ; নিক্ষিপ্ত।

অস্তগত—বি.ণ; অদর্শনপ্রাপ্ত। স্ত্রী; তা।

অস্তগিরিঃ—বি, পুং; অস্তাচল।

অস্তম্—অব্য; অদর্শন। নাশ।

অস্তমনম্ —বি. ক্লী; অস্তময়ঃ —বি, পুং; অস্তগমন।

অস্তমিত—বি.ণ; অদর্শনপ্রাপ্ত। নষ্ট। স্ত্রী; তা।

অস্তব্যস্ত—বি.ণ; অতিশয় ব্যাকুল। স্ত্রী; স্তা।

অস্তাচলঃ—বি, পুং; অস্তগিরি।

অস্তি—অব্য, বিদ্যমানতা, বিদ্যমান।

অস্তিত্বম্—বি, ক্লী; বিদ্যমানতা।

অস্তু—(অব্য), অনুমতি, অসূয়া, পীড়া, প্রশংসা।

অস্তেয়ম্—বি.ক্লী ; অচৌর্য।

অস্তোভি—বি.ণ; রহিত, সপ্রতিভ। নিরর্থকশব্দশূন্য।

অস্ত্রম্—বি,ক্লী (অস—কর্ম্ম—ত্র) খড়্গাদি, প্রহরণ।

অস্ত্রবিৎ(বিদ্)—বিণ(অস্ত্র—বিদ্—ক্বিপ্) অস্ত্রজ্ঞ।

অস্ত্রী—(স্ত্রিন্) বি.ণ (অস্ত্র—ইন্) অস্ত্রধারী। স্ত্রী; স্ত্রিণী।

অস্থানম্—বি, ক্লী; অযোগ্যস্থান, কুস্থান। অপাত্র।

অস্থাবর—বি.ণ; জঙ্গম। যে সকল বস্তু ইচ্ছামত স্থানান্তরিত করা যায়, স্বর্ণ রৌপ্যাদি সম্পত্তি।

অস্থি—বি, ক্লী (অস—ক্থিন্) হাড়, মেদজ।

অস্থিজঃ—বি, পুং (অস্থি—জন—ড) মজ্জা।

অস্থিতুণ্ডঃ—বি.পুং, যাহার মুখ অস্থির ন্যায় কঠিন, পক্ষী।

অস্থিপঞ্জরঃ—বি, পুং; যথাস্থানে স্থিত শরীরের অস্থিসমূহ, কঙ্কাল।

অস্থিভক্ষঃ—বি, পুং (অস্থি—ভক্ষ—কর্ত্তৃ—অন্) হাড়গিলা পক্ষী। কুকুর।

অস্থির—বি.ণ; চঞ্চল। অস্থায়ী। অনিশ্চিত।

অস্থিসার—বি, পুং; মজ্জা। বি.ণ; যাহার অস্থিমাত্র অবশিষ্ট আছে।

অস্ফুট—বি.ণ; অব্যক্ত, অস্পষ্ট।

অস্মদ্—বি, ত্রি; উত্তম পুরুষ, আমি।

অস্মদীয়—বি.ণ (অস্মদ্—ঈয়) আমাদিগের সম্বন্ধীয়।

অস্মদ্বিধ—বি.ণ; আমাদের সদৃশ। স্ত্রী; ধা।

অস্মি—অব্য; আমি।

অস্মিতা—বি, স্ত্রী (অস্মি+ তল্ + টাপ্) অহঙ্কার। অভিমান।

অস্র—বি, পুং; বস্তুর কোণ। কেশ। ক্লী; চক্ষুর জল। রক্ত।

অস্রপঃ—বি, পুং; রাক্ষস। স্ত্রী; জলৌকা, জোঁক।

অস্রু—বি, ক্লী; চক্ষুর জল।

অস্বতন্ত্র—বি.ণ; পরাধীন। স্ত্রী; স্ত্রা।

অস্বন্ত—বি.ণ (ন—সু—অন্ত) যাহার পরিণাম মন্দ। ক্লী; অশুভ। চুল্লী।

অস্বপ্নঃ—বি, পুং; দেবতা। বিণ; নিদ্রাশূন্য। স্ত্রী, প্না।

অস্বরঃ—মন্দস্বর, ব্যঞ্জন।

অস্বস্থ—বিণ. রোগী, অতিরুগ্ন।

অস্বাধ্যায়ঃ—বি, পুং; অধ্যয়নের নিষিদ্ধকাল। অনধ্যায়।

অস্বামিক—বিণ.ত্রি, স্বামিহীন।

অস্বাস্থ্যম্—বি, ক্লী; অসুস্থতা। উপদ্রব।

অহ—অব্য, (অহ-ঘঞ) প্রশংসা। নিন্দা।

অহংযু—বি.ণ; অহঙ্কারী, গর্বিত।

অহঃ (হন্)—বি, ক্লী (ন—হা—কনিন্) দিবাভাগ। দিবস। দিন ও রাত্রি।

অহঃপতিঃ—বি, পুং (অহন্—পতি) সূর্য্য।

অহস্করঃ—পুং (অহ-কৃ-ট) সূর্য।

অহঙ্কারঃ —বি, পুং (অহম্—কৃ—ঘঞ্)
অহঙ্কৃতিঃ —বি, স্ত্রী(—কৃ—ক্তি) ঐশ্বর্য্যাদি নিবন্ধন আপনাকে বড় বলিয়া জানা, গর্ব।

অহঙ্কারী —(রিন্) (অহঙ্কার—ইন্)
অহঙ্কৃত —বিণ; (অহম্—কৃ + ক্ত) অহঙ্কার যুক্ত, গর্ব্বিত। স্ত্রী ; তা।

অহম্—অব্য; অহঙ্কার।

অহমহমিকা—বি.স্ত্রী (অহম্ + অহম্ - কন্ - আপ্) আমি বড় আমি বড় এইরূপ পরস্পর গর্ব করা।

অহমিকা—বি.স্ত্রী ;(অহম্ - ঠন্ - টাপ্) অহঙ্কার।

অহম্পূর্ব্বিকা—বি, স্ত্রী (অহম্—পূর্ব্ব—কপ্—টাপ্) আমিই পূর্ব্বে, আমিই পূর্ব্বে এইরূপ কথন।

অহম্মতিঃ—বি, স্ত্রী; (অহম্-মতিঃ) অবিদ্যা, অজ্ঞান।

অহর্গণঃ—পুং, মাস,

অহরহঃ—বি, ক্লী; প্রতিদিন। সর্ব্বদা।

অহর্দিবম্—অব্য; অহরহঃ।

অহর্নিশম্—অব্য; দিবারাত্র।

অহপতিঃ—বি, পুং (অহন্—পতি) সূর্য্য।

অহর্মুখম্—বি,ক্লী (অহন্—মুখ) প্রভাত, প্রত্যূষ।

অহল্য—বিণ (ন-হল+যৎ) হলদ্বারা অকৃষ্ট ক্ষেত্র।

অহল্যা—বি, স্ত্রী; গৌতম ঋষির ভার্য্যা।
অহস্করঃ—বি, পুং (অহন্—কৃ—কর্ত্তৃ—ট) সূর্য্য।
অহহ—অব্য; খেদ। বিস্ময়। আশ্চর্য্য। সম্বোধন।
অহার্য্য—বি.ণ (ন—হৃ—ণ্যৎ) যাহা অপহরণ বা বহনের যোগ্য নহে, অহরণীয়, অবহনীয়।
অহিঃ—বি.পুং (আ—হন—ডিন্) সর্প। বৃত্রাসুর। সূর্য্য। পথিক। রাহু। খল।
অহিংসা—বি.স্ত্রী; পরপীড়ন না করা, হিংসাভাব।
অহিংস্য—বি.ণ; যাহাকে হিংসা করা উচিত নয় অবধ্য। স্ত্রী; স্যা।
অহিকঃ—বি.পুং. এক প্রকার অন্ধ সাপ।
অহিকা—বি.স্ত্রী.—শাল্মলীবৃক্ষ।
অহিজিৎ } —(অহি—জি—কর্ত্তৃ—ক্বিপ্)
অহিদ্বিট্ } —(দ্বিষ্)—(অহি—দ্বিষ—কর্ত্তৃ—ক্বিপ্) বি, পুং; ইন্দ্র। গরুড়। নকুল। ময়ূর। শ্রীকৃষ্ণ।
অহিজিহ্বা—বি, স্ত্রী; নাগজিহ্বালতা।
অহিত—বি, পুং; শত্রু। বি.ণ; অপকারজনক, কুপথ্য।
অহিতুণ্ডিকঃ—বি, পুং; সর্পখেলক, সাপুড়ে।
অহিদ্বিষ্—বি.পুং, (অহি - দ্বিষ্ - ক্বিপ্) গরুড়, নকুল, ময়ূর, ইন্দ্র, বিষ্ণু।
অহিনকুলিকা—বি, পুং; সর্প ও নকুলের ন্যায় শত্রুতা, চিরশত্রুতা।
অহিনির্লয়নী—বি.স্ত্রী (অহি - নির্ - ল্যুট্ - ঙীপ্) সর্পনির্মোক, খোলস।
অহিপুত্রকঃ—বি.পুং, ক্ষুদ্রসর্পসদৃশ নৌকা।
অহিফেনঃ—বি, পুং; ক্লীং। আফিঙ্।
অহিব্রধ্ন—বি, পুং; রুদ্র বিশেষ।
অহিভুক্ (ভুজ)—বি, পুং (অহি—ভুজ্—ক্বিপ্) নকুল। ময়ূর। গরুড়।
অহীনঃ—বি, পুং (অহি—ইন) প্রভু। অনন্ত। (ন—হীন) যাহা হীন নহে।

অহে—অব্য, সম্বোধন।
অহেতুক—বি. ণ;(ন-হেতু + কপ্) অকারণ।
অহো—অব্য; আশ্চর্য্য। সম্বোধন। প্রশংসা। নিন্দা। বিষাদ। শোক। দয়া। বিতর্ক। অসূয়া।
অহোরাত্রঃ—বি, পুং (অহন্—রাত্রি—অ) দিবারাত্রি।
অহোবত—অব্য; খেদ। সম্বোধন। দয়া। আশ্চর্য্য।
অহ্নায়—অব্য; (অ-হ্ন + ঘঞ্) শীঘ্র, ঝটিতি।
অহ্নুতঃ—বি.পুং, হোমবর্জিত বেদপাঠ।
অহ্রীকঃ—বিণ. নির্লজ্জ। পুং, বৌদ্ধভিক্ষুক।

আ

আ—অব্য; বাক্য। স্মরণ। (আঙ্) সীমা। ব্যাপ্তি। সম্যক্। ঈষৎ।
আঙ্—অব্য; স্বীকার, হাঁ।
আংশিক—বি.ণ (অংশ—ষ্ণিক) একদেশ-সম্বন্ধীয়। স্ত্রী; কী।
আঃ—অব্য, ক্রোধ। কষ্ট। বিরক্তি।
আকথনম্—বি, ক্লী. (আ-কথ + ল্যুট) মিথ্যাভাষণ।
আকম্পঃ—বি, পু. (আ-কম্প+ঘঞ্) মৃদু কম্পন।
আকণ্ঠ—ত্রি, বি.ণ; কণ্ঠপর্য্যন্ত, গলায় গলায়।
আকর—বি, পুং (আ—কৃ—অচ্) খনি। উৎপত্তি-স্থান।
আকরিক—বি.ণ (আকর—ষ্ণিক) আকরজাত, খনিজ। আকরে নিযুক্ত।
আকর্ণ—ত্রি, বি.ণ; কর্ণ পর্য্যন্ত।
আকর্ণনম্—বি; ক্লী (আ কর্ণ—ল্যুট্) শ্রবণ।
আকর্ষঃ—বি, পুং (আ কৃষ—অল্) অক্ষক্রীড়া, পাশাখেলা। পাশা। আকর্ষণ। আঁকুর্শি। ইন্দ্রিয়। চুম্বক প্রস্তর বা লৌহ।
আকর্ষক—বি, পুং; চুম্বক। বি.ণ; আকর্ষণকারী।

আকর্ষণম্—বি, ক্লী; টানিয়া লওয়া
আকর্ষণী—বি, স্ত্রী (আ—কৃষ + ল্যুট্-ঈপ্) আঁকুর্শি।
আকর্ষী(র্ষিন্)—(আ-কৃষঙ নিনি) আঁকুর্শি।
আকলনম্—বি, ক্লী (আ—কল—ল্যুট্) গণনা। বন্ধন। আকাঙ্ক্ষা। সংগ্রহ।
আকলিত—বি.ণ; গণিত। বদ্ধ। আকাঙ্ক্ষিত। সংগৃহীত।
আকল্প—অব্য, ক্লী; প্রলয় পর্য্যন্ত। বি, পুং; বেশ, সজ্জা। ভূষণ।
অকল্পকঃ—(আ-কৃপ্-ণিচ+ণ্বুল্) দুঃখের সহিত স্মরণ।
আকষঃ—বি, পুং; (আ-কষ্-অচ্) প্রস্তর বিং কষ্টিপাথর।
আকষিক—বিণ, (আ-কর+ষ্ঠন) কষ্টিপাথরে পরীক্ষাকারী।
আকস্মিক—বি.ণ (অকস্মাৎ—ষ্ঠিক) হঠাৎ যাহা হয়, অচিন্তিতকারণ, সহসাসম্ভূত। স্ত্রী; কী।
আকাঙ্ক্ষা—বি, স্ত্রী (আ—কাঙ্ক্ষ—অঙ্—টাপ্) ইচ্ছা। প্রার্থনা। অপেক্ষা। শব্দ জন্য জ্ঞানের বিচ্ছেদাভাব, প্রতীতিপর্য্যবসান বিরহ।
আকাঙ্ক্ষিত—বি.ণ; প্রার্থিত। স্ত্রী; তা।
আকাঙ্ক্ষী—(ঙ্ক্ষিন্) বি.ণ; অভিলাষী। প্রার্থী। স্ত্রী;
আকায়—বি. পুং, (আ-চি+ ঘঞ্) নিবাস, চিতা।
আকারঃ—বি, পুং (আ—কৃ— ঘঞ্) মূর্ত্তি, আকৃতি। দ্বিতীয় স্বরবর্ণ। ইঙ্গিত। শোকহর্ষাদিসুচক মুখভঙ্গি প্রভৃতি চিহ্ন।
আকারগুপ্তিঃ—বি, স্ত্রী; মুখবিকার বা হৃদ্গত ভাবের গোপন।
আকারণম্ } —বি, ক্লী (আ—কৃ—ণিচ্-ল্যুট্)
আকারণা } —বি, স্ত্রী (—অন—টাপ্) আহ্বান।

আকারিত—বি.ণ (আ—কৃ—ণিচ্—ক্ত) যাহাকে আহ্বান করা হইয়াছে, আহূত। স্ত্রী; তা।
আকালঃ—বি.পুং (আ-কু-অন+অঢ়) যথাসময়।
আকালিক—বি.ণ (অকাল—ষ্ণিক) অসময়ে জাত। স্ত্রী; কী।
আকাশ—বি, পুং, ক্লী, (আ-কাশ্+অচ্) গগন।
আকাশ-গঙ্গা—বি, স্ত্রী; আকাশস্থিত গঙ্গা। মন্দাকিনী।
আকাশমাংসী—বি. স্ত্রী, সূক্ষ্ম জটামাংসী।
আকাশমূলী—বি.স্ত্রী. কুম্ভিকা, চলিতবাংলায়-পানা।
আকাশবল্লী—বি. স্ত্রী. লতাবিশেষ।
আকাশবাণী—বি,স্ত্রী, দৈববাণী, বেতারবাণী।
আকাশ সলিলম্ — বি.ক্লী বৃষ্টি।
আকিঞ্চনম্—বি, ক্লী (অকিঞ্চন—অন) দীনতা। যত্ন, চেষ্টা।
আকীর্ণ—বি.ণ (আ—কৃ—ক্ত) ব্যাপ্ত। বিক্ষিপ্ত। স্ত্রী; র্ণা।
আকুঞ্চনম্—বি, ক্লী (আ—কুন্চ—ল্যুট্) ঈষৎ বক্র করা, বাঁকান। সঙ্কুচিত করা, সঙ্কোচন।
আকুঞ্চিত—বি.ণ (আ—কুন্চ—ক্ত) ঈষৎ বক্রীকৃত। সঙ্কোচিত। স্ত্রী; তা।
আকুলকুল—বিণ. (আকুল-দ্বিত্ব) অতি-আকুল।
আকুতম্—বি, ক্লী (আ—কু—ক্ত) অভিপ্রায়।
আকুল } — বিন. (আ-কুল-ক) ভরপুর, ব্যস্ত অস্পষ্ট, ব্যগ্র।
আকুলিত } —বি.ণ; ব্যস্ত। অস্পষ্ট। বিহ্বল। চঞ্চল। ব্যাপ্ত।
আকুনিত—বিণ. (আ-কুন-ক্ত) ঈষৎ কুঞ্চিত।
আকৃতিঃ—বি, স্ত্রী; (আ-কৃ - ক্তিন) আকার। প্রকার।
আকৃষ্ট—বি.ণ (আ—কৃষ—ক্ত) যাকে আকর্ষণ করা যায়। বশীকৃত। স্ত্রী; ষ্টা।
আকৃষ্টিঃ—বি. স্ত্রী (আ-কৃষ-ক্তিন্) আকর্ষণ।

আকেকর—বি.ণ; অল্প টেরা। ঈষৎনিমীলিত।

আক্রন্দঃ —বি, পুং (আ—ক্রন্দ—ঘঞ্)
আক্রন্দনম্ —বি, ক্লী (আ—ক্রন্দ—ল্যুট্) সশব্দরোদন। আহ্বান। ধ্বনি। ভয়ানক যুদ্ধ। পার্শ্বস্থ রাজার পরবর্ত্তী রাজা।

আক্রন্দিত—বি, ক্লী; (আ-ক্রন্দ্+ক্ত) ক্রন্দন। আর্ত্তনাদ। বিণ. আহূত। স্ত্রী; তা।

আক্রমঃ —বি, পুং; (আ-ক্রম্+ঘঞ্)
আক্রমণম্ —বি, ক্লী (আ—ক্রম্+ল্যুট্) পরাভব। বলপূর্ব্বক ধারণ। অতিক্রম। আরোহণ। উদয়।

আক্রান্ত—বি.ণ (আ—ক্রম—ক্ত) পরাভূত। বলপূর্ব্বক ধৃত। অতিক্রান্ত। আর+ঢ়। ব্যাপ্ত। স্ত্রী; ন্তা

আক্রান্তিঃ—বি, স্ত্রী (আ—ক্রম্—ক্তি) আক্রমণ।

আক্রীড়ঃ—বি, পুং (আ—ক্রীড়—অধি—অল্) সর্ব্বজনোপভোগ্য রাজার উদ্যান। ক্রীড়া স্থান।

আক্রুষ্ট—বি.ণ (আ—ক্রুশ—ক্ত) যার প্রতি আক্রোশ করা হয়েছে। ভর্ৎসিত। অভিশপ্ত। আহূত। স্ত্রী; ষ্টা।

আক্রোশঃ—বি, পুং (আ—ক্রুশ—ঘঞ্)

আক্রোশনম্—বি, ক্লী (—ল্যুট্) গালি দেওয়া, পরুষভাষণ। ভর্ৎসনা। অভিশাপ।

আক্লেদঃ—বি.পু. (আ-ক্লিদ-ঘঞ্) আর্দ্রতা, ছিটান।

আক্ষপণম্—বি. ক্লী. (আ-ক্ষপ্-ল্যুট্) উপবাসকরা, সংযম।

আক্ষারঃ—বি.পুং (আ - ক্ষর - ণিচ্ - ঘঞ্) অগম্য গমনের দোষারোপ।

আক্ষারণা—বি, স্ত্রী (আ—ক্ষর—ণিচ্—অন—আপ্) পুরুষ বা স্ত্রীর প্রতি ব্যভিচার নিমিত্ত দোষারোপ।

আক্ষিকঃ—বি. পুং (অক্ষ-ঠক) অক্ষক্রীড়াকারী, রক্তক বৃক্ষ।

আক্ষীবঃ—বি, পুং; (আ-ক্ষিব-ঘঞ্) শোভাঞ্জন বৃক্ষ।

আক্ষেপঃ—বি, পুং (আ—ক্ষিপ—অল্) অপবাদ। ভর্ৎসনা। আকর্ষণ। বিন্যাস, স্থাপন। উপস্থিতি।

আক্ষেপক—বিণ.ত্রি. (আ - ক্ষিপ্ - ণ্বুল্) নিন্দাকারক।

আক্ষোটঃ —
অক্ষোড়ঃ —বি, পুং; আখরোট বৃক্ষ।

আক্ষোদনম্—বি, ক্লী (আ—ক্ষুদ—ল্যুট্) মৃগয়া শিকার।

আখঃ—বি. পুং; (আ-খন্-ড) খনিত্র, খন্তা, শাবল।

আখণ্ডলঃ—বি, পুং (আ—খণ্ড—ডল) যিনি পর্ব্বত ভেদ করেন, ইন্দ্র।

আখনিকঃ—বি, পুং (আ—খন—ইকন্) চৌর। মূষিক। শূকর। খননসাধন অস্ত্র,

আখনিকবকঃ—বি.পুং, খনিত্র, খন্তা

আখাতঃ—(তম্)-বি.পু. ক্লী.(আ-খন-ক্ত) প্রাকৃতিক খাদ্য, জলাশয়।

আখানঃ—বি. পু. (আ-খন-ঘঞ্) কোদাল, বেলদার।

আখুঃ—বি, পুং (আ—খন—কর্ত্তৃ—ডু) মূষিক। শূকর। চোর।

আখুকর্ণী—বি.স্ত্রী ; লতা বিশেষ।

আখুগঃ—বি.পুং (আখু - গম - ড) মূষিকবাহন, গণেশ।

আখুপর্ণিকা—বি.স্ত্রী (আখু - পর্ণ - কপ্ - টাপ্) মূষিক বিষনাশক বৃক্ষ বিশেষ।

আখুভুক্(জ)—বি.পুং (আখু-ভুজ-ক্বিপ্) বিড়াল।

আখুবিষহা—বি.স্ত্রী (আখু - বিষ - হন্ - ড - আপ্) মূষিকবিষনাশক বৃক্ষবিশেষ।

আখেটঃ — বি, পুং—(আ-খিট্ + ঘ)
আখেটকম্ — বি. পুং; ক্লী.
আখেটনম্ —বি, ক্লী (আ-খিট-অল্, অন্) মৃগয়া।

আখেটিকঃ— বি.পুং (আখেট-ঠক) মৃগয়াকুশল কুকুর।

আখোটঃ— বি.পুং (আখ + উট) আখরোট।

আখ্যা—বি, স্ত্রী (আ—খ্যা+ অঙ্ +টাপ্) নাম

আখ্যাত—বি.ণ; কথিত। সূচিত। প্রসিদ্ধ। ব্যাকরণে তিঙ্ প্রত্যয়।

আখ্যাতি—বি.স্ত্রী (আ-খ্যা-ক্তি) কথন, সমাচার, নাম, যশ।

আখ্যানম্—বি, ক্লী (আ—খ্যা—ল্যুট্) কথন। ইতিহাস। উপন্যাস।

আখ্যায়ক—বি.ণ (আ—খ্যা—ণক) কথক। দূত।

আখ্যায়িকা—বি, স্ত্রী (আ—খ্যা—ণ্বুল + টাপ্) কাহিনী। গদ্য কাব্য বিশেষ।

আগঃ(গস্)—বি,ক্লী (ইন-অসুন্) অপরাধ। পাপ।

আগত—বি.ণ (আ-গম্+ক্ত) উপস্থিত প্রাপ্ত।

আগন্তু—বিণ. ত্রি. (আ—গম—তুন্) আগমনশীল অতিথি।

আগন্তুকঃ—(আগন্তু—কণ্) বি, পুং; অতিথি।

আগমঃ—বি, পুং (আ—গম—ঘঞ্) উৎপত্তি। তন্ত্রশাস্ত্র। বেদান্ত শাস্ত্র। উপদেশ। আশ্রয়। লেখাদি প্রমাণ।

আগমনম্—বি.ক্লী (আ-গম-ল্যুট্) আসা,উপস্থিতি।

আগস্তী—বি. স্ত্রী. দক্ষিণ দিক।

আগামী (মিন্)— বিণ.ত্রি (আগম - ণিনি) যা আসবে, ভবিষ্যৎ।

আগারম্—বি, ক্লী (আগ+ ঋ+ অণ্) গৃহ।

আগূঃ—বি, স্ত্রী (আ—গূ—ক্বিপ্) প্রতিজ্ঞা।

আগ্নেয়—বি.ণ (অগ্নি—ঢক্) অগ্নিসম্বন্ধী। অগ্নিজনক। অগ্নিসম্ভূত। বি, ক্লী; স্বর্ণ। মৃত। বাণরাজের পুরী। রুধির। অগ্নিপুরাণ।

আগ্নেয়-স্নানম্—বি, ক্লী; সর্ব্বাঙ্গে ভস্মলেপন।

আগ্নেয়ী—বি, স্ত্রী; অগ্নিপত্নী, স্বাহা। অগ্নিকোণ।

আগ্রহঃ—বি, পুং; অতিশয় যত্ন, ব্যগ্রতা। আক্রমণ। গ্রহণ।

আগ্রহায়ণ —(অগ্রহায়ণ—ষ্ণ)
আগ্রহায়ণিক —(অগ্রহায়ণ—ঠিঞ্) বি, পুং; অগ্রহায়ণ মাস সম্বন্ধীয়

আগ্রায়ণম্—বি,ক্লী (অগ্র—অয়ন—ষ্ণ) নবান্ন শ্রাদ্ধ।

আগ্রহারিকঃ—বি.পুং (অগ্রহার + ঠঞ্) অগ্রদানীব্রাহ্মণ। স্ত্রী-কী।

আঘট্টঃ —বি, পুং (আ—ঘট্ট + অচ্)
আঘট্টনম্ —বি, ক্লী; (আ+ঘট্ট+ণিচ্+ল্যুট্)
আঘট্টনা —বি, স্ত্রী; (আ-ঘট্ট-ণিচ্-ল্যুট+ টাপ্) চলন। কম্পন। চালিত করা, আলোড়িত।

আঘর্ষঃ—(র্ষণম্) বি. পু. ক্লী (আ-ঘৃষ ঘঞ্) মালিশ করা।

আঘাটঃ—বি, পুং; সীমা।

আঘাতঃ—বি, পুং; (আ—হন—ঘঞ্) প্রহার। চালিত করা। বধ। বধ স্থান।

আঘারঃ—(আ-ঘৃ-ঘঞ্) বি, পুং; অগ্নিতে ঘৃতের দ্বারা বিশেষরূপ আহুতিদ্বয়।

আঘাতক—বি.ণ (আ—হন—ণক) যে আঘাত করে, প্রহারক। স্ত্রী; তিকা।

আঘূর্ণিত—বি.ণ (আ—ঘূর্ণ—ণিচ্—ক্ত) যাকে ঘুরাণ হয়েছে, ভ্রমিত।

আঘ্রাণম্—বি, ক্লী; নাসিকা দ্বারা গন্ধগ্রহণ। বি.ণ; তৃপ্তিযুক্ত।

আঘ্রাত—বি.ণ (আ—ঘ্রা+ক্ত) যাহা ঘ্রাণ করা হয়েছে, আক্রান্ত। তৃপ্ত।

আঙ্গারম্—বি; ক্লী. অঙ্গারসমূহ।

আঙ্গিক—বি.ণ (অঙ্গ—ঠক) অঙ্গ দ্বারা কৃত। স্ত্রী; কী। বি.ণ; মৃদঙ্গবাদক।

আঙ্গিরস—বি, পুং (অঙ্গিরস্—ষ্ণ) বৃহস্পতি। প্রবরবিশেষ।

আচমঃ —বি; পুং. (আ-চম্-ঘঞ্)
আচমনম্ —বি, ক্লী (আ-চম-ল্যুট্) বৈধকর্ম্মের পূর্ব্বে জলপান ও অষ্টাঙ্গস্পর্শরূপ শুদ্ধিজনক কার্য্যবিশেষ। ভোজনোত্তর মুখপ্রক্ষালন।

আচমনকম্—বি, ক্লী; পিকদানি, নিষ্ঠীবন পাত্র।

আচমনীয়ম্—বি.ক্লী (আ—চম—ল্যুট) আচমনের জল।

আচরণম্—বি, ক্লী (আ—চর্—ল্যুট্) ব্যবহার, রীতি। অনুষ্ঠান।

আ.চরিত—বি.ণ; অনুষ্ঠিত, কৃত। বি, ক্লী; আচরণ।

আচান্ত—বি.ণ (আ—চম—কর্ত্তৃ—ক্ত) যে আচমন করিয়াছে কৃতাচমন।

আচামঃ — বি.পুং (আ-চম্ -ঘঞ) আচমন, ভাতের মাড়।

আচারঃ—বি, পুং (আ—চর—ঘঞ্) রীতি ব্যবহার।

আচারী—বি.স্ত্রী (আচার-ঙীষ্) হেলঞ্চলতা।

আচার্য—বি.পুং, (আ-চর +ণ্যৎ) যাহার নিকট বেদ অধ্যয়ন করা হয়। শিক্ষাগুরু, দৈবজ্ঞব্রাহ্মণ, স্ত্রী-স্বয়ং আচার্যের কাজ করিলে আচার্যা। আচার্যের পত্নী-আচার্যানী।

আচার্যকম্—বি.ক্লীং (আচার্য + বুঞ্) আচার্যের কর্ম।

আচিত—বি.ণ; (আ-চি + ক্ত) ব্যাপ্ত। গ্রথিত। সঞ্চিত। পুং, ক্লী; দশভার পরিমাণ। একগাড়ির উপযুক্ত ভার। ৮ সহস্র তোলক।

আচ্ছন্ন—বি.ণ (আ—ছদ—ক্ত) ঢাকা, আবৃত। অভিভূত। স্ত্রী; ন্না।

আচ্ছাদঃ—বি.পু.(আ-ছদ্-ণিচ্-ঘঞ) কাপড়, পরিধেয় বস্ত্র।

আচ্ছাদক—বি.ণ (আ—ছদ—ণিচ্—ণক) যে আচ্ছাদন করে, আবরক।

আচ্ছাদনম্—বি, ক্লী (আ—ছদ + ণিচ্+ ল্যুট্) আবরণ করা, যাহা দ্বারা আবরণ করা হয়, আবরণসামগ্রী।

আচ্ছাদিত—বি.ণ (আ—ছদ্ + ণিচ্ + ক্ত) আবৃত। স্ত্রী; তা।

আচ্ছিন্ন—বি.ণ (আ—ছিদ্+ ক্ত) যাহা কেড়ে নেওয়া হয়েছে। বলপূর্ব্বক গৃহীত। স্ত্রী; ন্না।

আচ্ছুরিত—বি, ক্লী (আ—চ্ছুর—ক্ত) সশব্দ-হাস্য। নখাঘাত বিং, আঁচড়ান। নখবাদ্য।

আচ্ছেদঃ — বি, পুং; (আ-ছিদ্-ঘঞ) ছিনিয়ে নেওয়া, কেটে দেওয়া।
আচ্ছেদনম্ — বি, ক্লী (আ—ছিদ+ল্যুট্)।

আচ্ছোদনম্—বি, ক্লী (আ—ছিদ+ল্যুট্) মৃগয়া।

আজ—বি.ক্লী (আ-অন্-জ + ক) ঘৃত। পুং পু. (অজ্ + ঘঞ) গমন।

আজকম্ —বি. ক্লী (অজ্-বুঞ্) ছাগসমূহ।

আজগরম্ —বি. ক্লী (অজগব-অন) শিবের ধনুক।

আজানঃ—বি. পু. (আ-জন-ঘঞ) জন্ম। ক্লী. জন্মস্থান।

আজন্ম—অব্যয়ী, ক্লী; জন্মাবধি।

আজন্মসুরভিপত্রঃ—বি.পুং; মরুবক বৃক্ষ।

আজানুলম্বিত—বি.ণ; জানুদেশ পর্য্যন্ত লম্বমান।

আজানেয়—বি, পুং; (আজ+আনেয়) শ্রেষ্ঠ অশ্ব, যে অশ্ব শস্ত্রহত হয়েও আরোহীকে ত্যাগ করে না, বিপরীতপক্ষে অতিকষ্ট করেও আরোহণ স্থানে নিয়ে যায়।

আজিঃ—বি, স্ত্রী (অজ—ইন্) যুদ্ধ। সমান ভূমি। আক্ষেপ। ক্ষণ। গমন।

আজীবঃ — বি, পুং; (আ—জীব্+ঘঞ্)
আজীবনম্ — বিণ. ক্লী; জীবনোপায়, জীবিকা।

আজুঃ—বি, স্ত্রী; (আ—জু+ক্বিপ্) বেতন-ব্যতিরেকে কর্ম্ম করা, বেগার।

আজ্ঞপ্ত—বি.ণ (আ—জ্ঞা + ণিচ্ +ক্ত) যাকে আজ্ঞা দেওয়া হয়েছে, আজ্ঞাপিত, আদিষ্ট।

আজ্ঞপ্তিঃ — (আ—জ্ঞা— ণিচ্—ক্তি)
আজ্ঞা — (আ—জ্ঞা+অঙ +টাপ্) বি, স্ত্রী আদেশ, অনুমতি।

আজ্ঞাপত্রম্—বি, ক্লী; হুকুমনামা।

আজ্ঞাবর্ত্তী(ত্তিন্) —
আজ্ঞাবহ — বি.ণ; যে আদেশ প্রতিপালন করে। স্ত্রী; ত্তিনী; হা।

আজ্যম্—বি, ক্লী (অন্‌জ—ক্যপ্) ঘৃত।

আজ্যপ—বি.ণ (আজ্য—পা—ড) ঘৃতপায়ী, পুং, বহু; পিতৃলোক বিং।

আজ্যভাগঃ—বি.পুং যজ্ঞে ঘৃতের আহুতিবিশেষ।

আঞ্জনেয়ঃ—বি, পুং (অঞ্জনী+ঢক) অঞ্জনা পুত্র, হনুমান।

আঞ্জিনেয়—বি.পুং (অঞ্জনী + ঢক্) সরীসৃপ, টিকটিকি।

আটবিক—বি.ণ (অটবী—ঠিক) বনজাত, বনস্থিত, বন্য।

আটিঃ(ডি)—বি.পুং ; (আ-আট্ + ইন্) পক্ষিবিশেষ। শরাল

আটীকরঃ—বি. পু. (আটী-কৃ+অপ্) ষাঁড়।

আটোপঃ—বি, পুং (আ—তুপ—ঘঞ্) দর্প। আড়ম্বর। বাতজন্য উদরের শব্দ বিং।

আড়ম্বর—বি, পুং (আ—ডনব্—অরণ্) বহু আয়োজন। বাহুল্য। বাদ্যধ্বনি। হস্তীর গর্জ্জন। মেঘধ্বনি। হর্ষ। গর্ব্ব। ক্রোধ। চক্ষুর লোম।

আঢ়ক—বি, পুং ক্লী; ধান্যাদির পরিমাণ বিং, আড়ি ; ৪ প্রস্থ।

আঢকিক—বিণ. কর্ষণযোগ্য ক্ষেত্র।

আঢ্য—বি.ণ; ধনী। পূর্ণ। স্ত্রী; ঢ্যা।

আঢ্যঙ্করণ—বিণ.(আঢ্য-কৃ+ল্যুট) আঢ্যকারক।

আঢ্যচর—বি.ণ (আঢ্য—চরট্) যে পূর্ব্বে ধনবান্ ছিল। স্ত্রী; রী।

আঢ্যম্ভবিষ্ণু—(আঢ্য—ভূ—ইষ্ণু)

আঢ্যম্ভাবুক—(আঢ্য—ভু—খুকঞ্) বিণ; যে পূর্ব্বে ধনী ছিলনা এখন হয়েছে। স্ত্রী; কা।

আণঃ—বি.পুং (অণ - ঘঞ) শব্দ।

আণবীন—বিণ. (অণব - খঞ্) ক্ষুদ্র ধান্যবপনের ক্ষেত্র।

আণি—বি.ত্রি (অণ - ইন) রথচক্রের অগ্রজস্থ কীলক।

আণ্ডু—বিণ. ডিম্বজপক্ষী।

আণ্ডীর—বিণ.ত্রি. (আণ্ড-ঈরচ্) বহুডিম্বযুক্ত।

আতঙ্কঃ—বি, পুং (আ—তন্‌ক—অল্) ভয়। রোগ। বিভীষিকা।

আতঞ্চনম্—বি,ক্লী (আ—তন্‌চ—ল্যুট্) স্বর্ণ গলিয়ে তাতে সোহাগনিক্ষেপ। বেগ, প্রীত করা।

আতত—বি.ণ (আ—তন—ক্ত) বিস্তৃত। আরোপিত। স্ত্রী; তা ক্লী; বীণাদি বাদ্য।

আততায়ী (য়িন্)—বিণ (আতত+ অয়্ +ণিনি) অগ্নিদো গরদশ্চৈব শাস্ত্রোন্মত্তো ধনস্পৃহঃ। ক্ষেত্রদারহরশ্চৈতান্ ষড় বিদ্যাদাততায়িনঃ। যে বধ করার অভিপ্রায়ে অগ্নিদান বা বিষদান করে, যে শস্ত্রধারী হয়ে আক্রমণ করে, যে ধন, ভূমি বা স্ত্রী অপহরণ করে, এই ষড়বিধ কার্য্যকারীকে আততায়ী বলে। বধোদ্যত। স্ত্রী; য়িনী।

আতপঃ—বি, পুং (আ—তপ+ঘ) রৌদ্র।

আতপত্রম্—বি, ক্লী (আতপ—ত্রৈ+ক) ছত্র।

আতরঃ—বি, পুং (আ - তৃ - অল্) নদীপারের জন্য দেয় নৌকাভাড়া, পারের কড়ি;

আতর্পণম্—বি.ক্লী (আ-তৃপ-ণিচ্-ল্যুট) তৃপ্তি, আলপনা।

আতাপি(য়িন্)—বি, পুং (আ - তপ (তায়) - ণিন্) পক্ষি-বিশেষ, চিল।

আতিঃ—বি.পু. (অত-ইন্) পক্ষী।

আতিথেয়ম্—বি-ণ (অতিথি - ঢেয়) যে অতিথি সেবা করে। স্ত্রী; য়ী। ক্লী; অতিথি সেবার সামগ্রী।

আতিথ্যম্—বি, ক্লী (অতিথি - ষ্য) অতিথি সেবার বস্তু। অতিথিসেবা।

আতিথ্যঃ—পু.-অতিথি।
আতিদেশিক—বিণ, (অতিদেশ + ঠক্) অন্যত্র আরোপিত।
আতিবাহিক—বিণ, ত্রি, (অতিবাহ + ঠক্) ইহলোক থেকে পরলোক-প্রাপণে নিযুক্ত।
আতিশয্যম্—বি, ক্লী (অতিশয় - ষ্যঞ্) আধিক্য।
আতুর—বি-ণ (আ - তুর - ক) রোগী। কাতর। স্ত্রী; রা।
আতৃপ্যম্—বি, ক্লী; (আ-তৃপ্ + ক্যপ্) ফল-বিশেষ, আতাগাছ।
আতোদ্যম্—বি, ক্লী (আ - তুদ্ + ণ্যৎ) বীণাদি চতুর্ব্বিধ বাদ্য।
আত্ত—বি-ণ (আঁ - দা - ক্ত) গৃহীত। স্ত্রী; ত্তা।
আত্তগন্ধ, আত্তগর্ব্ব—বি-ণ; যার গর্ব্ব দূরীভূত করা হয়েছে, হতগর্ব্ব।
আত্মগত—বি-ণ; মনে মনে যাহা হয়, স্বগত।
আত্মগুপ্তা—বি.স্ত্রী. (আত্মন-গুপ্ত + টাপ্) আলকুশী লতা।
আত্মগ্লানিঃ—বি; স্ত্রী; অসৎকর্ম্মের অনুষ্ঠানজন্য আত্মার তিরস্কার, অনুতাপ।
আত্মঘাতী(তিন্)—বিণ (আত্মন্ - হন + ণিন্) আত্মহত্যাকারী।
আত্মঘোষঃ—বি, পুং; কাক, কুক্কুট।
আত্মজঃ—বি, পুং (আত্মন্ - জন - ড) পুত্র।
আত্মজা—বি.স্ত্রী (আত্মন্ - জন্ - ড - টাপ্) কন্যা
আত্মজ্ঞ—বি, ত্রি. (আত্মন্ - জ্ঞা - ক) পন্ডিত। স্ত্রী; জ্ঞা।
আত্মদর্শঃ—বি, পুং (আত্মন্ - দৃশ্ + ঘঞ্) দর্পণ, আদর্শ।
আত্মগ্রাহী(হিন্)—বিণ, ত্রি, আত্মনিগ্রহকারী।
আত্মনীন—বিণ (আত্মন্ - খ) আত্মহিতকারী। স্ত্রী; না।
আত্মনে'দম্—ক্লী, আত্মগামী ফলবোধক, প্রত্যয়বিশেষ।

আত্মপ্রসাদঃ—বি, পুং; সৎকর্ম্মের অনুষ্ঠান জন্য আত্মার সন্তোষ।
আত্মভূঃ—বি, পুং (আত্মন্ - ভূ - ক্বিপ্) ব্রহ্মা। বিষ্ণু। শিব, কন্দর্প।
আত্মমূলী—বি. স্ত্রী. লতাবিশেষ।
আত্মম্ভরি—বি-ণ (আত্মন্ - ভৃ - খি) যে নিজের উদরমাত্র পূরণ করে, স্বার্থপর।
আত্মযোনিঃ—বি, পুং; ব্রহ্মা। বিষ্ণু। শিব। কন্দর্প।
আত্মবৎ—অব্য, ত্রি - বিণ (আত্মন্ - বৎ) আপনার মত, আত্মসদৃশ।
আত্মবন্ধুঃ—পুং; মাতা, পিতা প্রভৃতি ঘনিষ্ঠআত্মীয়।
আত্মবান্—বি-ণ (আত্মন্-মতু) যত্নবান্। স্ত্রী; বতী।
আত্মবিদ্—(আত্মন্ - বিদ্ + ক্বিপ) আত্মজ্ঞ।
আত্মবিদ্যা—স্ত্রী; ব্রহ্মবিদ্যা। অধ্যাত্মবিদ্যা।
আত্মবিস্মৃতিঃ—বি, স্ত্রী; আপনার গুণ বা দোষ ভুলে যাওয়া।
আত্মশ্লাঘা—বি, স্ত্রী; আপনি আপনার প্রশংসা করা, বিকত্থনা।
আত্মসাৎ—ব্য (আত্মন্ - চসাৎ) আপনার অধীন, আত্মবশ।
আত্মসার—বি-ণ; স্বার্থপর।
আত্মহা(হন্)—পুং (আত্মন্ + হন্ + ক্বিপ্) আত্মঘাতী। অজ্ঞ।
আত্মা(ত্মন্)—বি,পুং (আ - অত + মনিন্) জীব। স্বয়ং, আপনি। স্বভাব। যত্ন। মন। ধৈর্য্য। বুদ্ধি। শরীর। ব্রহ্ম। অধিষ্ঠাত্রী দেবতা।
আত্মাদরঃ—বি, পুং; আপনার মান অপমানের প্রতি দৃষ্টি রাখা।
আত্মাধীন—বিণ, ত্রি, নিজের অধীন।
আত্মাশ্রয়ঃ—পুং; ন্যায়শাস্ত্রে দোষবিশেষ।
আত্মীয়—বিণ (আত্মন - নীয়) আত্মসম্পর্কীয়। স্বজন, বন্ধু। স্ত্রী; য়া।
আত্মীয়তা—বি, স্ত্রী (আত্মীয় - ত - আপ্) আপনার বলিয়া জ্ঞান করা, বন্ধুত্ব।

আত্মোদ্ভবঃ—পুং (আত্মন্-ভূ+ অচ্) মদন। পুত্র।
আত্মোপম—ত্রি, নিজের তুল্য।
আত্যন্তিক—বি-ণ (অত্যন্ত - ঠক্) সাতিশয়। অসীম।
আত্যয়িক—বি-ণ (অত্যয় - ঠক্) বিনাশসম্বন্ধী, বিনাশ জনক।
আত্রেয়ঃ—বি, পুং (অত্রি - ঢক্) অত্রি মুনির পুত্র, চন্দ্র, দুর্ব্বাসা, দত্ত।
আতোয়িকা—বি. স্ত্রী. ঋতুমতী নারী।
আত্রেয়ী—বি, স্ত্রী; অত্রিমুনির পত্নী। নদী বিং। অত্রিবংশোদ্ভবা স্ত্রী।
আথর্বণ—বিণ. অথর্ববেদজ্ঞ। অথর্ববেদবিহিত।
আথর্বণিক—বিণ, ত্রি, অথর্ববেদপাঠক।
আদরঃ—বি, পুং (আ - দৃ - অল্) সম্মান। অনুরাগ। স্নেহ।
আদর্শঃ—বি, পুং (আ - দৃশ - অল্) দর্পণ। যার অনুকরণ করা হয়, নমুনা। প্রতি-পুস্তক।
আদানম্—বি, ক্লী (আ - দা + ল্যুট্) গ্রহণ। অশ্বাভরণ।
আদায়ী(য়িন্)—বিণ; বস্তুর গ্রহণকারী।
আদি—বি-ণ (আ - দা - কি) প্রথম। মূল, কারণ।
আদিতঃ(ম)—অব্য, প্রথম থেকে, প্রথমে।
আদি কবিঃ—বি, পুং; ব্রহ্মা। বাল্মীকি।
আদিতেয়ঃ—বি, পুং (অদিতি - ঢক্) দেবতা।
আদিত্যঃ—বি, পুং (অদিতি - ণ্য) দেবতা। দ্বাদশ সূর্য্য। যথা—ধাতা, মিত্র, অর্য্যমা, রুদ্র, বরুণ, সূর্য্য, ভগ, বিবস্বান্, পূষা, সবিতা, ত্বষ্টা ও বিষ্ণু।
আদিত্যপত্র(পর্ণ)ম্—ক্লী, আকন্দপাতা।
আদিত্যপুষ্পিকা—স্ত্রী; আকন্দগাছের রক্তপুষ্প।
আদিত্যসূনুঃ—পুং, যম, শনি, সুগ্রীব, কর্ণ। মনু প্রভৃতি দুর্বাসাপুত্র।
আদিৎসু—বি-ণ (আ - দা - সন্ - উ) যে গ্রহণ করিতে ইচ্ছুক।

আদিদেবঃ—বি, পুং; বিষ্ণু। শিব।
আদিপুরুষঃ—বি, পুং; বিষ্ণু।
আদিম—বি-ণ (আদি - ম) যাহা প্রথমে হয়েছে, আদ্য।
আদিরাজঃ—বি, পুং; বৈবস্বত মনু। পৃথু।
আদিবরাহঃ—বি, পুং; বরাহ অবতার, বিষ্ণু।
আদিষ্ট—বি-ণ (আ - দিশ) আজ্ঞাপ্রাপ্ত। কথিত। নিযুক্ত।
আদীনবঃ—বি, পুং (আদীন - ব) ক্লেশ। দোষ।
আদীপনম্—বি, ক্লী; উদ্দীপন। প্রজ্বালন। আলিপনা।
আদৃত—বি-ণ (আ - দৃ - ক্ত) আদরপ্রাপ্ত। পূজিত, সম্মানিত।
আদেশঃ—বি, পুং (আ - দিশ - অল্) আজ্ঞা।
আদেশকঃ—(আ - দিশ - ণক) পুং
আদেশী(শিন্)—(আ - দিশ - ণিন্) দৈবজ্ঞ।
আদেষ্টা(ষ্টৃ)—(আ-দিশ-তৃচ্) আদেশকারী।
আদৌ—প্রথমে।
আদ্য—বি-ণ (আদি - ষ্য) প্রথমে।
আদ্যূন—বি-ণ (আ - দিব - কর্তৃ - ক্ত) ঔদরিক, পেটুক। জিগীষাশূন্য, নিস্তেজ। (আদি - উন) আদিশূন্য।
আদ্যোতঃ—বি.পু. (আ-দ্যুত-ঘঞ্) প্রকাশ চমক।
আদ্যোপান্তঃ—বি, পুং; প্রথম থেকে শেষ পর্য্যন্ত, আগাগোড়া।
আদ্রিয়মাণ—বি-ণ (আ - দৃ - শানচ্) যে আদর করে বা যাকে আদর করা হয়।
আধমনম্—বি, ক্লী, (আ - ধা - ক - মনন) বন্ধক দেওয়া।
আধর্ষিত—বিণ, ত্রি (আ - ধৃষ্ + ক্ত) আক্রান্ত, অবমানিত। পরাগত।
আধানম—বি, ক্লী (আ-ধা-ল্যুট্) বন্ধক দেওয়া। স্থাপন। উৎপাদন। গ্রহণ। সম্পাদন। আধার।
আধারঃ—বি, পুং (আ - ধৃ - ঘঞ্) অধিকরণকারক। পাত্র। আশ্রয়। বাঁধ।

আধিঃ—বি, পুং (আ - ধা - কি) মানসিক দুঃখ। বন্ধক দেওয়া। বিপদ্। আশা।

আধিকরণিক—বি-ণ (অধিকরণ - ষ্ণিক) অধিকরণে নিযুক্ত, বিচারক। স্ত্রী; কী।

আধিক্যম্—বি, ক্লী (অধিক - ষ্যঞ্) আতিশয্য।

আধিজ—বি-ণ (আধি - জন - ড) মনঃপীড়া-জনিত। স্ত্রী; জা।

আধিদৈবিক—বি-ণ (অধি - দেব - ঠঞ্) দৈব হইতে ঘটিত, ভূকম্প বজ্রপাতাদি। তজ্জনিত দুঃখ।

আধিপত্য—বি, ক্লী (অধিপতি - যক্) প্রভুত্ব।

আধিভোগঃ—বি. পু. বন্ধকদ্রব্যের ভোগ।

আধিভৌতিক—বি-ণ (অধিভূত - ঠঞ্) ভূত অর্থাৎ সিংহ ব্যাঘ্র প্রভৃতি প্রাণী হইতে জাত দুঃখ।

আধিবেদনিক—বি-ণ (অধিবেদন - ঠক্) দ্বিতীয়-বার বিবাহ করিবার সময় প্রথম স্ত্রীকে দণ্ডনাদি।

আধিরাজ্যম্—ক্লী, (অধিরাজ + ষ্যঙ) অধিকার, আধিপত্য।

আধূত(ধুত)—বি-ণ (আ-ধূ-ক্ত) ঈষৎ কম্পিত।

আধুনিক—বি-ণ (অধুনা - ঠঞ্) যাহা পুরাতন নহে, নব্য, ইদানীন্তন।

আধৃত—বি-ণ (আ - ধৃ - ক্ত) ঈষৎ কম্পিত।

আধেয়—বি-ণ (আ - ধা - য) আধারে স্থিত, স্থাপনীয়। বন্ধক রাখিবার যোগ্য বস্তু। উৎপাদ্য।

আধোরণঃ—বি, পুং (আ - ধোর - ল্যুট্) মাহুত, হস্তিপক।

আধ্মাত—বি-ণ (আ - ধ্মা - ক্ত) শব্দযুক্ত। স্ফীত। বায়ুদ্বারা পূরিত।

আধ্মানম্—বি, ক্লী (আ - ধ্মা - ল্যুট্) স্ফীত হওয়া। শব্দ করা। বৃদ্ধি।

আধ্যাত্মিক—বি-ণ (অধ্যাত্মন্ - ঠঞ্) মানসিক, আত্মসম্বন্ধীয় ব্রহ্মবিষয়ক।

আধ্যানম্—বি.ক্লী (আ-ধ্যৈ-ল্যুট) চিন্তা, দুঃখপূর্ণ-স্মরণ।

আনঃ—বি,পুং (অন - ঘঞ্) উচ্ছ্বাস।

আনকঃ—বি,পুং (অন - ণিচ্ - কর্ত্তৃ - ণক) ঢক্কা। মৃদঙ্গ। শব্দায়মান মেঘ। বি-ণ; উৎসাহকারী।

আনকদুন্দুভিঃ—বি, পুং; কৃষ্ণের পিতা, বসুদেব। স্ত্রী; বৃহৎ ঢক্কা।

আনত—বি-ণ (আ - নম - ক্ত) প্রণত। নম্রীভূত। স্ত্রী; তা।

আনতিঃ—বি, স্ত্রী (আ - নম - ক্তি) প্রণাম। নম্রীভাব। সন্তোষ।

আনদ্ধ—বি-ণ (আ-নহ-ক্ত) বদ্ধ। গ্রথিত। স্ত্রী; দ্ধা। ক্লী; চর্ম্মদ্বারা বদ্ধমুখ ঢক্কামৃদঙ্গাদি বদ্যযন্ত্র।

আননম্—বি, ক্লী (আ - অন - ল্যুট্) মুখ।

আনন্তর্যম্—বি, ক্লী (অনন্তর - ষ্যঞ্) অব্যবধান।

আনন্ত্যম্—বি, ক্লী (অনন্ত - ষ্যঞ্) বাহুল্য। অবিনাশিত্ব। অসীমতা।

আনন্দঃ—বি, পুং (আ - নন্দ - অল্) হর্ষ। দুঃখাভাব। ব্রহ্ম। মদ্য।

আনন্দথুঃ—বি, পুং (আ - নন্দ + অথুচ্) হর্ষ।

আনন্দনম্—বি, ক্লী (আ - নন্দ - ণিচ্ - ল্যুট্) আনন্দোৎপাদন। আনন্দদেওয়া।

আনন্দকাননম্—বি, ক্লী; কাশীক্ষেত্র।

আনন্দময়—বিণ, ত্রি,(আনন্দ-ময়ট্) আনন্দপূর্ণ।

আনন্দিঃ—বি, পুং (আ - নন্দ - ই) হর্ষ। কৌতুক।

আনন্দিত—বি-ণ (আ - নন্দ - ক্ত) হর্ষযুক্ত।

আনন্দী—বি.স্ত্রী. বৃক্ষাবিশেষ, আকন্দপাতা।

আনমিত—বি-ণ (আ - নম - ণিচ্ - ক্ত) যাকে নম্র বা অনুকূল করা হয়েছে।

আনয়নম্—বি, ক্লী (আ - নী-ল্যুট্) আনা লইয়া আসা।

আনর্ত্তঃ—বি, পুং (আ - নৃৎ - অল্) নৃত্যস্থান। যুদ্ধ। জল। দেশ বিং, দ্বারকা প্রদেশ। সূর্য্যবংশীয় স্বনামখ্যাত রাজা।

আনায়ঃ—বি, পুং (আ - নী - ঘঞ্) মৎস্যাদি ধরিবার জাল। ফাঁদ।

আনায়ী(রিন্)—বি-ণ (আনায় - ইন্) ধীবর, জালিক।

আনায্যঃ—বি, পুং (আ - নী - ণ্যৎ) হোমের নিমিত্ত গৃহ হইতে আনিয়া দক্ষিণদিকে স্থাপিত অগ্নি।

আনাহঃ—বি, পুং (আ - নহ - ঘঞ্) দৈর্ঘ্য। মলমূত্র-রোধকারী রোগ বিং।

আনিলঃ —পুং (অনিল + ষ্ণ) হনুমান, ভীম প্রভৃতি পবনপুত্র।
আনিলিঃ — বি.পুং, (অনিল + ষ্ণি)

আনীত—বি-ণ (আ-নী-ক্ত) যাহা আনা হইয়াছে।

আনুকূল্যম্—বি, ক্লী (অনুকূল - ষ্ণ্য) সাহায্য।

আনুগত্যম্—বি, ক্লী (অনুগত - ষ্ণ্য) অনুসরণ, মনের মত কাজ করা। আত্মীয়তা।

আনুপদিক—বিণ, ত্রি, (অনুপ +ঠক) পশ্চাৎগামী।

আনুপূর্ব্বিকম্ —(অনুপূর্ব্ব - ষ্ণিক) ক্লী;
আনুপূর্ব্বী —(অনুপূর্ব্ব - ষ্ণ) স্ত্রী;
আনুপূর্ব্ব্যম্ —(অনুপূর্ব্ব - ষ্ণ্য) ক্লী;
পরপর, অনুলোম, অনুক্ষণ। পরিপাটী।

আনুমানিক—বি-ণ (অনুমান-ষ্ণিক) অনুমানসিদ্ধ।

আনুরক্তিঃ—বি, স্ত্রী (আ - অনু - রন্‌জ - ক্তি) আসক্তি, অনুরাগ।

আনুরূপ্যম্—বি, ক্লী (অনুরূপ - ষ্ণ্য) সাদৃশ্য। যথাযোগ্যত্ব।

আনুশ্রবিকম্—বিণ. (অনুশ্রব-ঠক) বেদবিহিত।

আনুষঙ্গিক—বি-ণ (অনুষঙ্গ - ষ্ণিক) একটি প্রধান বিষয়ের সঙ্গে অপর যাহা ঘটে, প্রধান সহ কৃত।

আনূপঃ—বি. পুং, অনুপদেশস্থ জলজন্তু, গন্ডার মহিষাদি।

আনৃণ্যম্—বি, ক্লী (অনৃণ - ষ্ণ্য) ঋণ হইতে মুক্ত হওয়া, ঋণশূন্যতা।

আনৃত—বিণ, ত্রি, মিথ্যাবাদী।

আনৃশংস্যম্—বি, ক্লী (অনৃশংস - ষ্ণ্য) অক্রূরতা, অনিষ্ঠুরতা।

আনেতা(তৃ)—বি-ণ (আ - নী - তৃন্) আনয়নকারী, উপস্থাপক।

আন্তর —(অন্তর - ষ্ণ)
আন্তরিক —(অন্তর - ষ্ণিক) বি-ণ; মনোগত।

আন্তরী(রি)ক্ষম—বি. ক্লী. গগন মন্ডল,

আন্তিকা—বি. ক্লী, (অন্তিকা-অন্-টাপ্) জ্যেষ্ঠা ভগিনী।

আন্ত্রম্—বি, ক্লী, (অন্ত্র + অণ) নাড়ী।

আন্ত্রিক—বিণ, ত্রি, (অন্ত্র + ঠক) অন্ত্রসম্বন্ধীয়।

আন্দোলনম্—বি, ক্লী। (আন্দোল - ল্যুট্) দোলন, কম্পন। আলোচনা।

আন্দোলিত—বি-ণ (আন্দোল-ক্ত) যাকে দোলান হইয়াছে, দোলিত। আলোচিত।

আন্ধস—বি. পুং; (অন্ধস-অন্) মণ্ড, মাঁড়।

আন্ধসিক—বি-ণ (অন্ধস্-ষ্ণিক) পাচক, সূপকার।

আন্বয়িক—বিণ; (অন্বয়-ষ্ণিক) সদ্বংশজাত।

আন্বীক্ষিকী—বি, স্ত্রী (অনু - ঈক্ষা - ষ্ণিক - ঈপ্) গুরুমুখ হইতে শ্রবণের পর যার আলোচনা আবশ্যক, তর্কবিদ্যা। আত্মবিদ্যা।

আপম্—বি, ক্লী (অপ্ - ষ্ণ) জলরাশি।

আপগা—বি, স্ত্রী (আপ - গম - ড - টাপ্) নদী।

আপণঃ—বি, পুং (আ - পণ - অল্) ক্রয়বিক্রয় স্থান, হট্ট।

আপণিক—বি-ণ (আপণ - ষ্ণিক) ক্রয়বিক্রয়কারী, দোকানী। হাট থেকে প্রাপ্ত বস্তু, তোলা।

আপতনম্—বি, ক্লী (আ - পত - ল্যুট্) আগমন। প্রাপ্তি। পতন। জ্ঞান।

আপতিক—বি, পুং; শ্যেনপক্ষী।

আপতিত—বি-ণ (আ - পত - ক্ত) আগত। প্রাপ্ত।

আপত্তিঃ—বি, স্ত্রী (আ - পদ - ক্তি) বিপদ্। তর্কদোষ, বাধা দেওয়া। প্রাপ্তি।

আপদ্ —(আ - পদ - ভাবে - ক্বিপ্)
আপদা —(আ - পদ - ভাবে - ক্বিপ্ - টাপ্) বি, স্ত্রী; বিপদ্।

আপদ্ধর্ম্ম—বি, পুং, ক্লী; বিপৎকালে অবলম্বিত ধর্ম্মবিরুদ্ধ কার্য্য।

আপন্ন—বি-ণ (আ - পদ - ক্ত) প্রাপ্ত। বিপদ্‌গ্রস্ত।

আপন্নসত্ত্বা—বি, স্ত্রী; গর্ভবতী।

আপমিত্যক—বি, ক্লী (অপ - মি - যপ্ + কক্ অপমিত্য - কণ্) বিনিময়লব্ধ বস্তু।

আপস্—বি, ক্লী (আপ - কর্ম্ম - অস্) জল।

আপস্তম্বঃ—বি,পুং, ঋষিবিশেষ।

আপাকঃ—বি, পুং; ঈষৎপাক। কুম্ভকারের পোয়ান।

আপাণ্ডর—বিণ, ত্রি, ঈষৎপাণ্ডুবর্ণ।

আপাতঃ—বি, পুং (আ - পত - ঘঞ্) পতন। আগমন। তৎকাল, প্রথমসময়।

আপাততঃ—অব্য; (অপাত+তসিল্) প্রথমতঃ।

আপাদমস্তক—বি-ণ, ত্রি; পা থেকে মাথা পর্য্যন্ত।

আপাদঃ—বি, পুং; (আ-পদ্-ঘঞ্) প্রাপ্তি। পারিতোষিক। পারিশ্রমিক।

আপাত্য—বিণ. (আ-পৎ-ণ্যৎ) অক্রমনার্থ আগত।

আপাদনম্—বি. ক্লী (আ-পদ্-ণিচ্-ল্যুট্) পৌঁছন। প্রকাশ করা।

আপানম্—বি, ক্লী; (আ-পা-ল্যুট্) সুরাপানার্থ সুরাপায়ীদিগের একত্র মিলন। সুরাবিক্রয়স্থান।

আপামর—বি-ণ, নীচজাতি পর্য্যন্ত।

আপিঞ্জরম্—বি, ক্লী, স্বর্ণ।

আপীড়কঃ—বি, পুং; শিরোভূষণ, কিরীট। ভূষণ।

আপীত—বিণ, ত্রি, ঈষৎপীতবর্ণযুক্ত, পিঙ্গল।

আপীন—বি, ক্লী (আ - প্যায় - ক্ত) গোমহিষাদির স্তন, পালান। বি-ণ; ঈষৎ স্থূল। পুং; কূপ।

আপূপিক—বি-ণ (অপূপ - ষ্ঠিক) ভক্ষ্যকার, পিষ্টকবিক্রেতা, রুটিওয়ালা, ময়রা, হালুইকর। ক্লী; পিষ্টকসমূহ।

আপূপ্য—বি, পুং (অপূপ-ষ্য) ময়দা, ছাতুপ্রভৃতি।

আপূরঃ—বি. পুং (আ-পৃ-ঘঞ্) প্রবাহ। ধারা। পরিমাণ।

আপূর্তম্—ক্লী, (আ-পৃ-ক্ত) পূর্তাদি খনন।

আপৃষম্—বি, ক্লী; (আ-পৃষ্-ঘঞ্) রঙ্গ, রাং।

আপৃচ্ছা—বি, স্ত্রী; (আ-প্রচ্ছ্-অঙ্-টাপ্) আভাষণ, আলাপ। জিজ্ঞাসা।

আপেক্ষিক—বি-ণ (অপেক্ষা - ষ্ঠিক) তুলনাকৃত। স্ত্রী; কী।

আপোহশানঃ—বি, পুং (আপস্ - অশ - আন) অন্নের আচ্ছাদনার্থ উপরি ও নিম্নভাগে জল দ্বারা আস্তরণ, গণ্ডূষ করা।

আপ্ত—বি-ণ (আপ - ক্ত) প্রাপ্ত। বিশ্বস্ত। অভ্রান্ত।

আপ্তবাক্(বাচ্)—বি, স্ত্রী; স্মৃতি ইতিহাস পুরাণাদি। বি-ণ; যাদের বাক্য অভ্রান্ত বা বিশ্বাসযোগ্য।

আপ্তিঃ—বি, স্ত্রী; প্রাপ্তি। সম্বন্ধ। উপযোগিতা।

আপ্য—বিণ (অপ্ - ষ্য) জলবিকার, ফেনাদি। প্রাপ্য।

আপ্যানম্— বি.ক্লী (আ-প্যায় + ক্ত) বলবান্। তৃপ্তি। বৃদ্ধি।

আপ্যায়নম্—বি, ক্লী (আ - প্যায় - ল্যুট্) তৃপ্তি। প্রীতি। বৃদ্ধি।

আপ্যায়িত—বি-ণ (আ - প্যায় + ণিচ্ + ক্ত) তৃপ্ত। প্রীতিযুক্ত। বৃদ্ধি প্রাপ্ত।

আপ্রচ্ছনম্—বি, ক্লী (আ-প্রচ্ছ-ল্যুট্) বিদায় দান ও গ্রহণ।

আপ্রপদীন —(আ - প্রপদ - খীন)
আপ্রপদ —বিণ পাদাগ্রপর্য্যন্ত পতিত বস্ত্রাদি।

আপ্লবঃ —(আ - প্লু - অল্)
আপ্লাবঃ —(আ - প্লু - ঘঞ্) বি, পুং; স্নান। জলসেচন। উল্লম্ফন। গতি।

আপ্লুত—বিণ, (আ - প্লু - ক্ত) স্নাত। সিক্ত। উল্লম্ফনকারী।

আপ্লুতব্রতী(তিন্)—বি-ণ; ব্রহ্মচর্য্যানন্তর গৃহস্থাশ্রমপ্রবেশার্থ কৃতস্নান। নিত্যস্নায়ী।

আফূকম্—বি, ক্লী, আফিং।

আবাধা—বি, স্ত্রী, পীড়া, ক্লেশ।

আবদ্ধ—বি-ণ (আ - বন্ধ - ক্ত) বদ্ধ। রুদ্ধ।

আবন্ধঃ(নম্)—দৃঢ়বন্ধন। ভূষণ,.প্রেম।

আবল্যম্—বি, ক্লী (অবল - ষ্য) দুর্ব্বলতা। সংস্রব, সম্পর্ক।

আবাধ—বি, পুং; (আ-বাধ-ঘঞ্) কষ্ট, আঘাত।

আবিল—বিণ, ত্রি, কলুষিত, মলিন, ঘোলা।

আবুত্তঃ—বি, পুং; নাট্যোক্তিতে ভগিনীপতি।

আভরণম্—বি, ক্লী (আ - ভৃ - ল্যুট্) অলঙ্কার। পোষণ।

আভা—বি, স্ত্রী (আ - ভা + অঙ্ + আপ্) দীপ্তি। শোভা। সাদৃশ্য।

আভাণকঃ—বি, পুং; (আ-ভন-ণ্বুল্) লোকোক্তি।

আভাষণম্—বি, ক্লী (আ - ভাষ + ল্যুট্) আলাপ। কথন।

আভাষিত—বিণ, ত্রি, উক্ত, কথিত।

আভাষ্য—বিণ, ত্রি, বলার যোগ্য। জিজ্ঞাস্য।

আভাসঃ—বি, পুং (আ - ভাস - অল্) দীপ্তি। অভিপ্রায়। সাদৃশ্য। প্রতিবিম্ব।

আভাসমান—বি-ণ (আ - ভাস + শানচ্) দীপ্যমান। যাহা স্পষ্ট রূপে কথিত না হয়েও বোধের বিষয় হয়, প্রতীয়মান।

আভাস্বর—বি-ণ; সম্যক্ দীপ্তিযুক্ত। স্ত্রী; রা। বি, পুং; ৬৪ গণদেবতা বিং।

অভিচারিক—বিণ (অভিচার-ঠক্) জাদুসম্বন্ধী, অভিশাপাত্মক।

আভিজন—বি-ণ (অভিজন - ষ্ণ) বংশসম্বন্ধী। বংশমর্য্যাদা। গাঁই, পদবী ইত্যাদি।

আভিজাত্যম্—বি,ক্লী (অভিজাত-ষ্য) কৌলীন্য। পাণ্ডিত্য। সৌন্দর্য্য। বংশমর্য্যাদা।

আভিধা—বি, স্ত্রী (অভিধা-অন্) ধ্বনি, শব্দ, নাম।

আভিধানিক—বি-ণ (অভিধান - ঠক) অভিধান হইতে প্রাপ্ত। অভিধানজ্ঞ।

আভিমুখ্যম্—বি, ক্লী (অভিমুখ - ষ্য) সম্মুখীন হওয়া, সাম্মুখ্য। আনুকূল্য।

আভিরূপ্যম্—বি, ক্লী (অভিরূপ - ষ্য) রমণীয়তা, সৌন্দর্য্য। পাণ্ডিত্য।

আভিহারিকম্—বি, ক্লী. (অভিহার-ঠঞ্) উপহার।

আভীক্ষ্ণ্যম্—বি, ক্লী (অভীক্ষ্ণ-ষ্য) পৌনঃপুন্য।

আভীরঃ—বি, পুং (আ - ভী - রা - ক) গোপ। অম্বষ্ঠার গর্ভে ব্রাহ্মণের ঔরসজাত জাতি বিং, আহির গোয়ালা। স্ত্রী; রী। আহিরিণী।

আভীরপল্লী—বি, স্ত্রী; গোয়ালাপাড়া। গোপগ্রাম। গোপ গৃহ।

আভীল—বি, ক্লী (আ - ভী - লা - ক) ক্লেশ। বি-ণ; ক্লেশযুক্ত। ভয়ানক।

আভুগ্ন—বি-ণ (আ - ভুজ - ক্ত) ঈষৎ বক্র।

আভোগঃ—বি, পুং (আ - ভুজ - ঘঞ্) বিস্তার। পরিপূর্ণতা। যত্ন। গীতাদিতে কবির নাম কীর্ত্তন, ভণিতা। বরুণের ছত্র।

আভ্যন্তরীণ—বি-ণ (অভ্যন্তর - খীন) অভ্যন্তরসম্বন্ধী, মধ্যগত।

আভ্যুদয়িক—বি-ণ (অভ্যুদয় - ঠক্) ক্লী, উন্নতিকারক। কল্যাণনিমিত্ত শ্রাদ্ধাদি।

আম—বি-ণ (আ - অম - ঘঞ্) অপক্ক, কাঁচা, পুং, অজীর্ণ রোগ। রোগ।

আমগন্ধি—বি-ণ (আম - গন্ধ - ই, সমাসান্ত) দুর্গন্ধযুক্ত।

আমঞ্জু—বিণ. প্রিয়, মনোহর।

আমনস্যম্—বি, ক্লী (আমনস্ + ষ্যঞ্) দুঃখ।

আমন্ত্রণম্—বি, ক্লী (আ - মন্ত্র - ল্যুট্) সম্বোধন। সম্ভাষণ, নিমন্ত্রণ বিং।

আময়ঃ—বি, পুং (আম + যা - ক) রোগ
আময়াবী(বিন্)—বি-ণ (আময় - বিন্) রোগী।
আমর্দঃ—বি, পুং (আ-মৃদ্-ঘঞ্) মোচড়ান, নিংড়ানো।
আমর্শঃ ⎫—বি, পু (আ - মৃশ - ঘঞ্)
আমর্শনম্ ⎬—বি, ক্লী (আ - মৃশ - ল্যুট্) স্পর্শ। ভক্ষণ। পরামর্শ। চিন্তা
আমর্ষ ⎭—বি, পুং ; (আ - মৃষ্ + ঘঞ্)
আমলক—বি, ক্লী; (আ + মল্ - কুন্) আমলকী ফল, আমলা। পুং ; আমলকী বৃক্ষ।
আমলকী—বি, স্ত্রী; আমলকীবৃক্ষ।
আমাত্যঃ—বি, পুং (অমাত্য-অণ্) মন্ত্রী। পরামর্শদাতা।
আমবাতঃ—বি, পুং ; রোগবিশেষ।
আমান্নম্—বি, ক্লী; অপক্ক খাদ্য। কাঁচা চাউল।
আমাবস্যা—বিণ, অমবস্যা সম্বন্ধীয়।
আমাশয়ঃ—বি, পুং; নাভির উর্দ্ধভাগ পাকস্থলী। রোগ বিং।
আমিক্ষা, আমীক্ষা—বি, স্ত্রী (আ - মিষ - সক্, আপ্) পক্ক উষ্ণদুগ্ধে দধিযোগ জন্য বিকার, ছানা।
আমিষম্—বি, ক্লী (আ-মিষ-ক) মাংস। উৎকোচ। লোভনীয় বস্তু। ভোগ্যবস্তু।
আমিষভুজ্ ⎫—(আমিষ-ভুজ্ -ক্বিপ্)
আমিষাশী(শিন্) ⎭—বি-ণ (আমিষ - অশ - ণিনি) মাংসভোজী।
আমীলনম্—বি, ক্লী (আ-মলী-ল্যুট্) চোখ বন্ধ করা।
আমুক্ত—বি-ণ (আ-মুচ-ক্ত) পরিহিত। পরিত্যক্ত।
আমুখম্—বি, ক্লী; নাটকের প্রস্তাবনা।
আমুষ্মিক—বিণ, ত্রি (অদস্+ঠক্) পারলৌকিক।
আমুষ্যায়ন—বিণ (আমুষ্য - ষ্ফায়ন, অলুক্) বিখ্যাতবংশজাত। সদ্বংশীয়।
আমৃষ্ট—বিণ (আ-মৃষ-ক্ত) ধর্ষিত, অবমানিত। মর্দ্দিত। (মৃজ-ক্ত) পরিমার্জ্জিত, পরিশোধিত।

আমোচনম্—বি, ক্লী (আ - মুচ - ল্যুট্) মুক্তি, পরিধানকরা।
আমোদঃ—বি, পুং (আ-মুদ-ঘঞ্) আনন্দ, প্রসন্নতা, সুগন্ধ।
আমোদিত—বিণ (আমোদ - ইত) আনন্দিত। সদ্‌গন্ধযুক্ত।
আমোদী (দিন্)—বিণ. সৌরভযুক্ত, হর্ষযুক্ত।
আম্নাত—বিণ (আ - ম্না - ক্ত) পুনঃ পুনঃ উচ্চারিত, অভ্যস্ত। কথিত। সম্যক্ অধীত বেদাদি শাস্ত্র।
আম্নায়ঃ—বি, পুং (আ - ম্না - ঘঞ্) বেদ। গুরুপরম্পরাপ্রাপ্ত উপদেশ, সম্প্রদায়। উপদেশ কুলাচার। অভ্যাস।
আম্বিকেয়ঃ—বি, পুং (অম্বিকা ঢক্) কার্তিকেয়, ধৃতরাষ্ট্র।
আম্র—বি, পুং ; (অম - রন্) আমগাছ। ক্লী ; আম্রফল।
আম্রাতক, আম্রাত—বি, পুং (আম্র - অত - অচ্) আমড়াগাছ। ক্লী ; আমড়া।
আম্রেড়নম্—বি, ক্লী (আ - ম্রেড় - ল্যুট্) পুনঃপুনঃ কথন।
আম্রেড়িত—বি-ণ (আ - ম্রেড় - ক্ত) পুনঃপুনঃ কথিত। ব্যকরণশাস্ত্রে দ্বিরুক্ত শব্দের দ্বিতীয়টি।
আম্লি/আম্লী/আম্লিকা—বি. তেতুলগাছ।
আয়ঃ—বি, পুং (আ - ই, বা অচ্) ধনাগম লাভ।
আয়ত—বিণ (আ - যম -ক্ত) দীর্ঘ। বিস্তৃত।
আয়তনম্—বি, ক্লী (আ - যত - ল্যুট্) যজ্ঞস্থান। আশ্রয়। দেবাদির বন্দনাস্থান।
আয়তিঃ—বি, স্ত্রী (আ - যা - ডতি) উত্তরকাল, ফলদানকাল, ভবিষ্যৎকাল। (আ - যম - ক্তি) দৈর্ঘ্য। মিলন। সংযম।
আয়তীগবম্—বি, ক্লী, গরুর গোষ্ঠ হইতে আগমনকাল, সায়ংকাল।
আয়ত্তঃ—বি-ণ (আ-যত-ক্ত) অধীন, বশীভূত।

আয়ত্তিঃ—বি, স্ত্রী (আ - যত - ক্তি) অধীনতা। স্নেহ। সামর্থ্য। সীমা শয়ন। প্রভাব। উপায়।
আয়সম্—বি, ক্লী (অয়স্ - ষ্ণ) লৌহ। বি-ণ; লৌহনির্ম্মিত।
আয়সী—বি, স্ত্রী; লৌহনির্ম্মিত বর্ম্ম, অঙ্গরক্ষিণী।
আয়স্ত—বি-ণ (আ - যস - ক্ত) তীক্ষ্ণীকৃত। নিক্ষিপ্ত। ক্লেশিত। কুপিত। আহত।
আয়াত—বি-ণ; (আ - যা + ক্ত) আগত। বি, ক্লী; আগমন।
আয়ামঃ—বি, পুং (আ - যম - ঘঞ্) দৈর্ঘ্য।
আয়াসঃ—বি, পুং (আ - যস - ঘঞ্) শ্রম। যত্ন। ক্লেশ।
আয়ু—বি, পুং, ক্লী (ই - উণ) জীবিতকাল। পুং; চন্দ্রবংশীয় রাজা, নহুষের পিতা।
আয়ুঃ(যুস্)—বি, ক্লী (ই - ণুস্) জীবিতকাল।
আয়ুক্ত—বি-ণ (আ-যুজ-ক্ত) কর্ম্মাধ্যক্ষ, ব্যাপৃত।
আয়ুধম্—বি, ক্লী; (আ - যুধ - ক) অস্ত্র ।
আয়ুধিক ⎫—(আয়ুধ - ঠঞ্)
আয়ুধীয় ⎭—(আয়ুধ - ণীয়) বি-ণ; শস্ত্রজীবী। শস্ত্রধারী। যোদ্ধা।
আয়ুর্বেদঃ—বি, পুং (আয়ুস্ - বিদ - করণ - ঘঞ্) যার দ্বারা আয়ুলাভ হয়, ধন্বন্তরি প্রণীত চিকিৎসা শাস্ত্র।
আয়ুর্ব্বেদী(দিন্)—বিণ; চিকিৎসক।
আয়ুষ্কর—বিণ (আয়ুস্-কৃ-ট) আয়ুবৃদ্ধি কারক।
আয়ুষ্মান্ (ষ্মৎ)—বিণ (আয়ুস্ - মতুপ্) দীর্ঘজীবী। স্ত্রী; ষ্মতী।
আয়ুষ্য—বিণ (আয়ুস্ - যৎ) আয়ুর্বৃদ্ধিকারক।
আয়োগঃ—বি, পুং (আ - যুজ - ঘঞ্) রোধ। গন্ধমাল্যোপহার। ব্যাপার।
আয়োগবঃ—বি, পুং (অয়োগব - ষ্ণ) শূদ্রের ঔরসে বৈশ্যার গর্ভজাত জাতি বিং। স্ত্রী; বী।
আয়োজনম্—বি, ক্লী (আ - যুজ - ল্যুট্) উদ্যোগ। সংগ্রহ।

আয়োজিত—বি-ণ (আ-যুজ-ণিচ্-ক্ত) সংগৃহীত।
আয়োধনম্—বি, ক্লী (আ - যুধ - ভাবে - ল্যুট্) যুদ্ধ। (অধি - ল্যুট্) যুদ্ধস্থান।
আরঃ—বি, পুং (ঋ - ঘঞ্) মঙ্গলগ্রহ। শনি। ক্লী; পিত্তল। গৃহাদির কোণ। প্রান্তভাগ।
আরকূট—বি, পুং, ক্লী, পিতলের আভরণ, পিতলরাশি।
আরক্ষঃ—বি, পুং (আ - রক্ষ - অন্) গজকুম্ভের অধোভাগ। হস্তিমস্তকচর্ম্ম। থানা, ঘাঁটি, সৈন্য। বি-ণ; রক্ষক।
আরগ্বধঃ—বি, পুং; (আরগ্ - হন্ - অচ্) সোঁদালি গাছ।
আরট্টজঃ—বি, পুং (আরট্ট - জন-ড) পাঞ্জাবীদের অশ্ব।
আরণিঃ—বি, পুং (আ - ঋ - অনি) জলের আবর্ত্ত, ঘূর্ণিত জল।
আরণ্য—বি-ণ (অরণ্য - ষ্ণ) বনজাত,বন্য।
আরণ্যক—বি-ণ (অরণ্য - কণ্) বনজাত। পুং; বনের পথ। বনহস্তী। ক্লী; বেদের অংশ বিং।
আরত্তি—বি, স্ত্রী (আ-রম-ক্তি) নিবৃত্তি। উপরম। প্রতিমাদির সম্মুখে দীপাদির আবর্ত্তন।
আরপঃ—বি, পুং; একটি অশ্বের দ্বারা গমনযোগ্য-রথ, এক্কা, বগীগাড়ি।
আরব্ধ—বি-ণ (আ - রভ - ক্ত) যাহা আরম্ভ করা হইয়াছে, উপক্রান্ত।
আরম্ভঃ—বি, পুং, (আ - রভ - ঘঞ্) উদ্যোগ। ত্বরা। কার্য্য। গর্ব্ব। বধ। উপায়।
আরম্ভক—বিণ, ত্রি, (আ - রভ্ - ণুল্) উৎপাদক, জনক।
আরম্ভবাদঃ—বি, পু, ন্যায়দর্শনে কার্যকারণ সম্বন্ধে মতবাদ বিশেষ।
আরব ⎫—(আ - রু - অপ্)
আরাব ⎭—(আ - রু - ঘঞ্) বি, পুং; শব্দ।
আরা—বি, স্ত্রী (ঋ - ঘঞ্) চর্ম্মকারের চর্ম্ম-বিদ্ধ করিবার অস্ত্র। ছুরিকা।

আরাৎ—অব্য (আ - রা + আতি) দূর। সমীপ।

আরাতিঃ—বি.পুং (আ-রা + ক্তিচ্) শত্রু।

আরাত্রিকম্—বি, ক্লী; (আরাত্রি + ঠঞ্) নীরাজন, আরতি।

আরাধনম্ —বি, ক্লী (আ - রাধ - ল্যুট্)
আরাধনা —বি, স্ত্রী (আ - রাধ + ণিচ্ + যুচ্ +টাপ্) উপাসনা, সেবা। অভ্যাস। প্রাপ্তি।

আরাধিত—বি-ণ (আ - রাধ + ণিচ্ + ক্ত) উপাসিত। অভ্যস্ত। প্রাপ্ত।

আরাধ্য—বি-ণ (আ - রাধ - ণ্যৎ) আরাধনার যোগ্য, উপাস্য, সেব্য।

আরামঃ—বি, পুং (আ - রম্ - ঘঞ্) উপবন, বাগান। বিশ্রাম।

আরামিকঃ—বি, পুং (আরাম + ঠক্) মালী।

আরালিক—বি-পুং (অরাল - ঠক্) পাচক, ক্লী. সূপকার। বক্রগামী।

আরিকা—বি, স্ত্রী (আর - কন্ - টাপ্) গতি। আহ্বান।

আরুঃ—বি, পুং (ঋ - উণ্) কর্কট। শূকর। বৃক্ষবিশেষ।

আরুরুক্ষু—বি-ণ (আ - রুহ্ - সন্ - উ) আরোহণ করিতে ইচ্ছুক।

আরূঢ়—বি-ণ (আ - রুহ্ - ক্ত) যে আরোহণ করেছে।

আরেচিত—বি-ণ (আ - রিচ - ণিচ্ - ক্ত) ঈষৎ বক্রীকৃত, আকুঞ্চিত।

আরোগ্যম্—বি, ক্লী (অরোগ - ষ্যঞ্) রোগাভাব, স্বাস্থ্য।

আরোগ্যশালা—বি, স্ত্রী; ধর্ম্মোদ্দেশে ঔষধ ও চিকিৎসক রেখে যে গৃহ সাধারণের চিকিৎসার জন্য স্থাপিত হয়, হাসপাতাল।

আরোপঃ—বি, পুং (আ - রুহ - ণিচ্ - ঘঞ্) এক বস্তুতে অন্য বস্তুর জ্ঞান, কল্পনা।

আরোপণম্—বি, ক্লী (আ - রুহ - ণিচ্ - ল্যুট্) আরোপকরণ। আরোহণ করান।

আরোপিত—বি-ণ (আ - রুহ - ণিচ্ - ক্ত) যার আরোপ করা হইয়াছে। আরোহিত। কল্পিত।

আরোহঃ—বি,পুং (আ - রুহ্ - ঘঞ্) উচ্চতা। দৈর্ঘ্য। আক্রমণ। অঙ্কুরাদির প্রাদুর্ভাব। নিতম্ব।

আরোহণম্—বি, ক্লী (আ - রুহ্ - ল্যুট্) উপরে উঠা। সোপান, সিঁড়ী।

আরোহণী—বি, স্ত্রী (আ-রুহ-ল্যুট্+ ঈপ্) সিঁড়ী।

আরোহী(হিন্)—বি-ণ (আ - রুহ - ণিনি,) যে আরোহণ করে। স্ত্রী; হিণী।

আর্কিঃ—বি.পুং; সূর্যপুত্র। শনি, যম, কর্ণ, সুগ্রীব।

আর্ক্ষ—বিণ, ত্রি, (ঋক্ষ + অণ্) নক্ষত্র সম্বন্ধীয়।

আর্চিক—বি, ত্রি,(ঋচ্ + ঠঞ্) ঋগ্বেদ সম্বন্ধীয়। ক্লী, সামবেদের সংজ্ঞা বিশেষ।

আর্জবম্—বি, ক্লী (ঋজু - ষ্ণ) সরলতা।

আর্ত্ত—বি-ণ (আ - ঋ - ক্ত) পীড়িত। দুঃখিত। কাতর।

আর্ত্তনাদঃ—বি, পুং; কাতরধ্বনি।

আর্ত্তব—বি-ণ (ঋতু - ষ্ণ) ঋতুসম্বন্ধী। স্ত্রী রজঃ। স্ত্রী—বী।

আর্ত্তিঃ—বি, স্ত্রী (আ-ঋ-ক্তি) পীড়া। মনোদুঃখ।

আর্ত্বিজম্ —(ঋত্বিজ্ - ষ্ণ)
আর্ত্বিজ্যম্ —(ঋত্বিজ্ - ষ্যঞ্) বি, ক্লী; পৌরোহিত্য।

আর্ত্বিজীন—বি-ণ (আর্ত্বিজ - খীন) পুরোহিত। ঋত্বিককর্মের যোগ্য।

আর্থ—বি, ত্রি, (অর্থ + অন) অর্থসম্বন্ধীয়।

আর্থিক—বি-ণ (অর্থ - ষ্ণিক) অর্থসম্বন্ধীয়। অর্থগ্রাহী। স্ত্রী; কী।

আর্দ্র—বি-ণ (অর্দ্দ - র) ভিজা, সজল। দ্রবীভূত, শিথিল। নূতন। মৃদু। স্ত্রী; দ্রা। নক্ষত্র বিং।

আর্দ্রকম্—বি, ক্লী; আদা।

আর্য্য—বিণ (ঋ + ণ্যৎ) মাননীয়। গুরু। জ্যেষ্ঠ। সদ্বংশজাত। স্ত্রী; র্য্যা। বি,পুং; বুদ্ধ। সুহৃৎ।

আর্য্যকঃ—বি,পুং; (আর্য + কন্) পিতামহ। মাতামহ। বি-ণ; মান্য।

আর্য্যগৃহ্য—বিণ; সাধুর পক্ষ।

আর্য্যপুত্রঃ—বি, পুং; পতি।

আর্য্যমিশ্র—বিণ; মান্য।

আর্য্যলিঙ্গী(ঙ্গিন্)—আর্যের লক্ষণযুক্ত।

আর্য্যা—বি, স্ত্রী; মান্যারমণী। ভগবতী। মাত্রা-দ্বারা নিয়মিত ছন্দো বিশেষ।

আর্য্যাবর্ত্তঃ—বি, পুং (আর্য্য - আবর্ত্ত) আর্য্যজাতির বাসস্থান, গিরি ও হিমালয় পর্ব্বত এই উভয়ের মধ্যবর্ত্তী দেশসমূহ।

আর্ষ—বিণ (ঋষি - ষ্ণ) ঋষিসম্বন্ধীয়। বিবাহ বিশেষ।

আর্হত—বি, পুং (অর্হৎ - ষ্ণ) বুদ্ধ বিং।

আল—বি, পুং; ক্লী (অল - ণিচ্ - অন) হরিতাল। বি-ণ; বহু।

আলভনম্—(আ - লভ্ + ল্যুট্) হিংসা, স্পর্শ, লেপন।

আলম্বঃ—বি, পুং (আ - লম্ব+ঘঞ্) আশ্রয়ণীয়।

আলম্বনম্—বি, ক্লী (আ - লম্ব - ল্যুট্) আশ্রয়ণীয় আশ্রয়। বিভাব বিশেষ, যাকে আশ্রয় করে রসের উদ্গম হয়, নায়ক-নায়িকাদি।

আলম্বিত—বি-ম (আ-লম্ব-ক্ত) আশ্রিত। ধৃত।

আলম্ভঃ—বি + , পুং (আ - লভ - ঘঞ্) হিংসা। স্পর্শ। বধ, যুদ্ধ।

আলয়ঃ—বি, পুং (আ - লী - অচ্) গৃহ। আধার। আশ্রয়। লয় পর্যন্ত।

আলর্ক—বি-ণ (অর্লক - ষ্ণ) ক্ষিপ্ত কুকুর সম্বন্ধীয় বিষ প্রভৃতি।

আলবণ্যম্—বি.ক্লী (আলবণ-ষ্যঞ্) কুরূপতা।

আলবালম্—বি, ক্লী (আ - লব + আ - লা + ক) মূলে জল সেচনার্থ মৃত্তিকাদি নির্ম্মিত সেতু বিং।

আলস্যম্—বি, ক্লী (অলস - ষ্যঞ্) সামর্থ্য থাকিতেও কার্যে অনুৎসাহ, জড়তা।

আলাতম্—বি, ক্লী (আলাত্+ অন্) জ্বলন্ত-অঙ্গার।

আলানম্—বি, ক্লী (আ - লী - ল্যুট্) হস্তিবন্ধনের স্তম্ভ বা রজ্জু। বন্ধন।

আলাপঃ—বি, পুং (আ - লপ - ঘঞ্) কথোপকথন। কথন। রাগরাগিণীর আলাপচারী।

আলি(লী)—বি, স্ত্রী (অল - ইন্) ক্ষেত্রের বেষ্টন। শ্রেণী। সখী। পুং ভ্রমর, বৃশ্চিক।

আলিঙ্গনম্—বি, ক্লী (আ-লিন্গ-ল্যুট্) আশ্লেষ. পরস্পর সংযোগ, কোলাকুলি।

আলিঙ্গিত—বি-ণ (আ - লিন্গ - ক্ত) যাকে আলিঙ্গন করা হয়েছে, আশ্লিষ্ট।

আলিন্দঃ—বি.পুং; গৃহের জানলা।

আলিম্পনম্—বি, ক্লী (আ - লিপ - ল্যুট্,) আলিপনা, পিটুলি দিয়া দেবতাদির স্থানে চিত্রকরণ।

আলীঢ়—বি-ণ (আ - লিহ - ক্ত) আস্বাদিত, যা চাটা হয়েছে। অস্ত্র দ্বারা ক্ষত। বি, ক্লী; বাণ নিক্ষেপকালে, দক্ষিণ চরণ সম্মুখে প্রসারিত এবং বামচরণ পশ্চাদ্ভাগে সঙ্কুচিত করে অবস্থিতি বিশেষ।

আলীন—বিণ, ত্রি (আ - লী + ক্ত) আশ্লিষ্ট বিগলিত।

আলুঃ—বি, স্ত্রী (আ - লূ - ডু) ঘটী, গাড়ু। বি, পুং, ক্লী; স্বনামপ্রসিদ্ধ মূল বিং। ভেলা। পুং; পেচক। চন্দ্র।

আলুলায়িত—বি-ণ (আলুল - ঙা - ক্ত) বন্ধনমুক্ত, আলু থালু।

আলেখ্যম্—বি, ক্লী (আ - লিখ - ণ্যৎ) চিত্রপট। চিত্রকার্য্য।

আলেখ্যশেষ—বিণ, ত্রি, মৃত, চিত্রাবশিষ্ট।

আলেপঃ } —বি.পুং (আ-লিপ্ + ঘঞ্)
আলেপনম্ } —বি. ক্লীং (আ-লিপ্ + ল্যুট্)
লেপন আলিপানা।

আলোকঃ— বি.পুং (আ-লোক্ + ঘঞ্) দর্শন, আলো, দীপ্তি, দৃষ্টিপথ, জয়শব্দ

আলোকনম্—বি, ক্লী (আ - লোক - ল্যুট্) দর্শন।

আলোচক—বিণ., আলোচনাকারী। বি. (ক্লীব্) দৃষ্টিশক্তি।

আলোচনম্ } —বি, ক্লী (আ - লোচ - ল্যুট্)
আলোচনা } —বি, স্ত্রী (আ - লোচ - ল্যুট্ + টাপ্) চর্চ্চা, আন্দোলন। দর্শন। নিরূপণ।

আলোড়নম্—বি, ক্লী (আ - লুড় - ল্যুট্) মন্থন, সঞ্চালন, মর্দ্দন। বিলোড়ন।

আলোড়িত—বি-ণ (আ - লুড় - ক্ত) যার আলোড়ন করা হয়েছে। মথিত, সঞ্চালিত, মর্দ্দিত।

আলোল—বিণ, ত্রি, চঞ্চল।

আলোলিকা—বি, স্ত্রী; উলুধ্বনি।

আবপনম্—বি, ক্লী (আ - বপ্ + ল্যুট্) ক্ষেত্রে বীজাদি বপন।

আবরকম্—বি, ক্লী (আ - বৃ - অন্ - কণ্) আচ্ছাদক। ঢাকনি।

আবরণম্—বি, ক্লী (আ - বৃ - ল্যুট্) আচ্ছাদন। ঢাল। ঢাকনি।

আবর্জ্জিত—বি-ণ (আ - বৃজ - ণিচ্ - ক্ত) দত্ত। আনমিত, নম্রীকৃত।

আবর্ত্তঃ—বি, পুং (আ - বৃৎ - ঘঞ্) জলের ঘূর্ণন, পাকজল। মেঘ বিশেষ। ঘোটকের ধ্রুবনামক দশপ্রকার লোমচিহ্ন।

আবর্ত্তনম্—বি, ক্লী (আ - বৃত - ল্যুট্) ফিরে আসা। আলোড়ন, আওটান। দ্রবীকরণ। গুণ করা, গুণন। পুনঃপুনঃ করণ। স্বর্ণাদি গলাইবার পাত্র, মুচী।

আবর্ত্তিত—বি-ণ (আ - বৃত - ণিচ্ - ক্ত) যার আবর্ত্তন করা হয়েছে। আলোড়িত। দ্রাবিত। গুণিত। অভ্যস্ত।

আবর্হঃ—বি.পুং (আ-বৃহ + ঘঞ্) উৎপাটন

আবর্হিত—বি-ণ (আ - বর্হ - ক্ত) উৎপাটিত, উন্মূলিত।

আবলিঃ (লী)—বি, স্ত্রী (আ - বল - ই) শ্রেণী।

আবল্গিত—বি-ণ (আ - বল্গ - ক্ত) যে লাফিয়ে যায়, চঞ্চল।

আবশ্যক—বি-ণ (অবশ্যম্ - ষ্ণ - কণ্) প্রয়োজনীয়। বি, ক্লী ; প্রয়োজন।

আবসথঃ—বি, পুং, ক্লী (আ - বস - অথচ্) বাসস্থান। আশ্রম। বিশ্রামস্থান। গ্রাম। ব্রতবিশেষ।

আবসথ্য—বি.ক্লী (অবসথ - ষ্ণ্য) গার্হস্থ্যাশ্রম।

আবস, আবসিত—বি-ণ (আ - অব-সো - ক্ত) সমাপ্ত। পক্কধান্য। শূর্পদ্বারা পরিষ্কৃত ধান্যরাশি।

আবহ—বিণ (আ - বহ - অন্) বহনকারী। জনক, কারক। বি, পুং; বায়ু বিশেষ।

আবহনম্—বি.ক্লী (আ - বহ - ল্যুট্) বহন, উৎপাদন।

আবহমান—বি-ণ (আ - বহ - শানচ্) যাহা বহুদিন হইতে চলিয়া আসিতেছে, চিরাগত।

আবাপঃ—বি, পুং (আ - বপ - ঘঞ্) চতুর্দ্দিকে বীজ বপন। আক্ষেপ, আকর্ষণ। আলবাল। শত্রুর রাজ্য বিষয়ক চিন্তা। ধান্যাদির পাত্র বিশেষ, থলে। উন্নতানত ভূমি।

আবাপনম্—বি, ক্লী (আ - বপ - ণিচ্ - ল্যুট্) সূত্রযন্ত্র, তাঁত।

আবালম্—বি, ক্লী (আ - বল - ণিচ্ - অল্) আলবাল, বৃক্ষাদির অধোভাগে মৃত্তিকাদি রচিত জলাধার বিং।

আবাসঃ—বি, পুং (আ-বস-ঘঞ্) গৃহ। বাসস্থান।

আবাহনম্—বি, ক্লী (আ - বহ - ণিচ্ - ল্যুট্) আহ্বান, দেবতার আহ্বান।

আবাহনী—বি, স্ত্রী (আ - বহ - ণিচ্ - ল্যুট্ - ঈপ্) দেবতার আহ্বানার্থ মুদ্রাবিশেষ। যথা—অঞ্জলি বন্ধন করে দুই অনামিকার মূলদেশে দুই অঙ্গুষ্ঠ যোগ করণ।

আবিক—বি-ণ (অবি-কণ্) মেষলোমজাত কম্বলাদি। বি, ক্লী; মেষ সমূহ।

আবিগ্ন—বিণ. (আ-বিজ্-ক্ত) উদ্বিগ্ন।

আবিদ্ধ—বি-ণ (আ - ব্যধ - ক্ত) আবদ্ধ, ছিদ্রিত। তাড়িত। বক্র। প্রেরিত। অভিভূত।

আবিধঃ—বি, পুং (আ - ব্যধ - ক) বিঁধিবার অস্ত্র, তূরপূন প্রভৃতি।

আবির্ভাবঃ—বি, পুং (আবিস্ - ভূ - ঘঞ্) প্রকাশ। জন্ম, উদ্ভব।

আবির্ভূত—বি-ণ (আবিস্ - ভূ - ক্ত) প্রকাশিত। অধিষ্ঠিত।

আবিল—বি-ণ (আ-বিল-ক) কলুষিত। আকুল।

আবিষ্কারঃ—বি, পুং (আবিস্ - কৃ - ঘঞ্)

আবিষ্ক্রিয়া—বি, স্ত্রী (আবিস্ - কৃ - শ - আপ্) নূতন প্রকাশ করণ।

আবিষ্কৃত—বি-ণ (আবিস্-কৃ-ক্ত) নূতন প্রকাশিত।

আবিষ্ট—বি-ণ (আ - বিশ - ক্ত) ভূতাদিগ্রস্ত। মনোযোগী। অধিষ্ঠিত। অপরিত্যক্ত।

আবিঃ(বিস্)—বি, অব্য; (আ - অব + ইসুন্) প্রকাশ।

আবীতম্—বি, ক্লী (আ - বী - ক্ত) দক্ষিণভাগে স্থাপিত। যজ্ঞসূত্র। অতীত, উৎক্ষেপণ করে ধৃত।

আবীরম্— (ক্লী) রঞ্জনদ্রব্য বিং, ফল্গু, ফাগ।

আবুক্ত—বি, পুং; নাট্যোক্তিতে পিতা।

আবুত্তঃ—বি, পুং; নাট্যোক্তিতে ভগিনীপতি।

আবৃৎ—বি, স্ত্রী (আ - বৃত্ - ক্বিপ্) পরিপাটি।

আবৃত—বি-ণ (আ - বৃ - ক্ত) আচ্ছাদিত। ব্যাপ্ত। বেষ্টিত। ব্রাহ্মণের ঔরসে উগ্রকন্যার গর্ভজাত জাতি বিশেষ।

আবৃতিঃ—বি, স্ত্রী (আ - বৃ - ক্তি) অবরণ। প্রাচীর। বেড়া।

আবৃত্ত—বি-ণ (আ - বৃত - ক্ত) অভ্যস্ত। গুণিত। নিবৃত্ত। প্রত্যাগত।

আবৃত্তিঃ—বি, স্ত্রী (আ - বৃত - ক্তি) পুনঃপুনঃ পঠন। অভ্যাস। গুণকরণ। প্রত্যাগমন।

আবেগঃ—বি, পুং (আ - বিজ - ঘঞ্) ত্বরা, শীঘ্রতা। মনের ব্যাকুলতা।

আবেদনম্—বি, ক্লী (আ - বিদ - ণিচ্ - ল্যুট্) বিজ্ঞাপন। প্রার্থনা।

আবেদিত—বি-ণ (আ - বিদ - ণিচ্ - ক্ত) বিজ্ঞাপিত। প্রার্থিত।

আবেশঃ—বি,পুং (আ - বিশ - ঘঞ্) আসক্তি, মনোযোগ। অধিষ্ঠান। গর্ব্ব।

আবেশনম্—বি, ক্লী (আ-বিশ-ল্যুট্) শিল্পশালা। ভূতাবেশ। কোপ। সূর্য্যাদির পরিধি।

আবেশিক—বি-ণ (আবেশ - ষ্ণিক) যে হঠাৎ এসে উপস্থিত হয়, আগন্তুক, অতিথি।

আবেশিত—বিণ, (আ-বিশ্+ণিচ্+ক্ত) প্রবেশিত।

আবেষ্টকঃ—বি, পুং (আ - বেষ্ট + ণ্বুল) প্রাচীর, বেড়া।

আশংসনম্ } —বি, ক্লী (আ - শন্স - ল্যুট্)
আশংসা } —বি, স্ত্রী (আ - শন্স - আপ্)
অপ্রাপ্তের প্রাপ্তিনিমিত্ত ইচ্ছা, আশা। কথন।

আশংসিত—বি-ণ (আ - শন্স্ - ক্ত) অভীষ্ট। কথিত।

আশংসিতা(তৃ)—বি, পুং; (আ - শন্স্ + তৃচ) বাচক, ইচ্ছুক।

আশংসু—বি-ণ (আ - শন্স - উ) ইচ্ছুক। যে বলে। কথক।

আশঙ্কা—বি, স্ত্রী (আ - শঙ্ক - অ - আপ্) ভয়। সন্দেহ। বিতর্ক। সঙ্কোচ।

আশনঃ—বি.পুং (আশন-অন্) বৃক্ষবিশেষ।
আশয়ঃ—বি, পুং (আ - শী - অল্) মনোগত ভাব, অভিপ্রায়। ইচ্ছা। আধার। মন। শয়নকক্ষ।
আশরঃ—বি, পুং (আ - শৃ + অচ্) অগ্নি। রাক্ষস।
আশা—বি, স্ত্রী (আ - অশ - অন্ - আপ্) ভবিষ্যদ্বিষয়ের আকাঙ্ক্ষা। দিক্। দৈর্ঘ্য।
আশাবন্ধঃ—বি, পুং; আশ্বাস। বিশ্বাস।
আশাস্য—বি-ণ (আ - শাস - ণ্যৎ) যাহা অভিলাষ করা যায়, অভিলষণীয়।
আশিত—বি-ণ (আ - অশ - ক্ত) তৃপ্তিযুক্ত। ভুক্ত। বি, ক্লী; তৃপ্তি। ভোজন।
আশিতঙ্গবীন—বি-ণ (আশিত - গো - খীন) যে ক্ষেত্রে বিচরণ করে গরু সকল তৃপ্তিলাভ করে।
আশিতম্ভব—বি-ণ (আশিত - ভূ - খচ্) তৃপ্তিকর খাদ্য। বি, ক্লী, পুং; তৃপ্ত হওয়া।
আশীঃ(শিস্)—বি, স্ত্রী (আ - শাস - ক্বিপ্) শুভাকাঙ্ক্ষা।
আশী—বি, স্ত্রী (আ - শৃ - ক্বিপ্,) সর্পদন্ত।
আশীর্ব্বাদঃ—ি, পুং (আশিস্ - বাদ) শুভাকাঙ্ক্ষাসূচক বাক্য।
আশীবিষঃ—বি, পুং; সর্প। স্ত্রী; ষী।
আশু—বি-ণ (অশ -উণ্) শীঘ্র। বি, পুং, ক্লী; আউশধান্য।
আশুকারী(রিন্)—বি-ণ, যে শীঘ্র কার্য্য করে; ক্ষিপ্রকারী। স্ত্রী; রিণী।
আশুগঃ—বি, পুং (আশু - গম - ড) বাণ। বায়ু। বি-ণ; শীঘ্রগামী।
আশুতোষঃ—বি, পুং; শিব। বিণ; যে শীঘ্র সন্তুষ্ট হয়।
আশুশুক্ষণিঃ—বি, পুং (আ - শুষ - সন্ - অনি) অগ্নি। বায়ু।
আশৌচম্—বি, ক্লী (অশুচি + অন্) অপবিত্রতা, অশুদ্ধি।

আশ্চর্য্যম্—বি, ক্লী (আ - চর - যৎ) বিস্ময়। বি-ণ; বিস্ময়জনক।
আশ্মনঃ—বি, পুং; (অশ্মন্-অন্) সূর্য্যের সারথি, অরুণ।
আশ্যান—বি-ণ (আ - শ্যৈ - ক্ত) অল্পশুষ্ক।
আশ্রমঃ—বি, পুং (আ - শ্রম - ঘঞ্) ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ, ভৈক্ষ্য এই চতুর্ব্বিধ অবস্থা। তপোবন। মঠ। মুনিদের আবাসস্থান।
আশ্রমিক —(আশ্রম - ষ্ণিক)
আশ্রমী(মিন্) —(আশ্রম - ইন্) বি-ণ; ব্রহ্মচর্য্য প্রভৃতি আশ্রমধারী। স্ত্রী; মিকী, মিণী।
আশ্রয়ঃ —বি, পুং (আ - শ্রি - অল্)
আশ্রয়ণম্ —বি, ক্লী (আ - শ্রি - ল্যুট্) অবলম্বন। আধার। গৃহ। রাজাদিগের সন্ধিপ্রভৃতি ষড়্বিধ গুণের অন্তর্গত গুণ বিং। আশ্রয়ণীয়। আশ্রয়কর্ত্তা।
আশ্রয়ণীয়—বি-ণ (আ - শ্রি - অনীয়) যাকে আশ্রয় করা হয়, অবলম্বনীয়।
আশ্রয়াশঃ—বি, পুং (আশ্রয় - অশ - অন্) অগ্নি। বি-ণ; আশ্রয়নাশক।
আশ্রয়সিদ্ধিঃ—বি, পুং ন্যায়শাস্ত্রে হেতুর দোষ বিশেষ।
আশ্রবঃ—বি, পুং (আ-শ্রু-অল্) স্বীকার। ক্লেশ। দোষ। বি-ণ; কথার বাধ্য, আজ্ঞাবহ।
আশ্রিত—বি-ণ (আ - শ্রি - ক্ত) যে আশ্রয় লাভ করিয়াছে, শরণাগত। স্থিত।
আশ্রুত—বি-ণ, ত্রি, (আ - শ্রু + ক্ত) অঙ্গীকৃত, শ্রুত।
আশ্লিষ্ট—বি-ণ (আ-শ্লিষ-ক্ত) যাহাকে আলিঙ্গন করা হইয়াছে, আলিঙ্গিত। সংলগ্ন। ব্যাপ্ত।
আশ্লেষঃ—বি, পুং (আ-শ্লিষ-ঘঞ্) আলিঙ্গন। মিলন। একদেশ।

আশ্ব—বি, ক্লী (অশ্ব + অন্) বিণ.ত্রি. অশ্বসমূহ। অশ্বসম্বন্ধীয়।
আশ্বযুজঃ—বি, পুং (অশ্বযুজ+অণ্) আশ্বিনমাস।
আশ্বলায়নঃ—বি, পুং (অশ্বল - ষ্ণায়ন) ধর্ম্মশাস্ত্রপ্রণেতা ঋষিবিশেষ।
আশ্বসিত—বি-ণ (আ - শ্বস - ক্ত) আশ্বাসপ্রাপ্ত।
আশ্বাসঃ—বি, পুং (আ - শ্বস - ঘঞ্) সান্ত্বনা, আশা দেওয়া। আখ্যায়িকার পরিচ্ছেদ। বিশ্রাম।
আশ্বাসিত—বি-ণ (আ - শ্বস - ণিচ্ - ক্ত) যাহাকে প্রবোধ দেওয়া হইয়াছে, প্রবোধিত।
আশ্বিনঃ—বি, পুং (অশ্বিনী - ষ্ণ) দ্বাদশ মাসের অন্তর্গত অশ্বিনী নক্ষত্রযুক্ত মাস বিশেষ।
আশ্বিনেয়ঃ—বি, পুং (অশ্বিনী - ঢেয়) অশ্বিনীকুমারদ্বয়, স্বর্গবৈদ্য। সংস্কৃত ভাষায় এই শব্দটি দ্বিবচনান্ত হয়ে প্রযুক্ত হয়।
আশ্বীন—বি-ণ (অশ্ব - খীন) একটি ঘোড়ার এক দিনে যতদূর যাওয়া যায়, সেই পরিমিত পথ, দেশ।
আশ্বীয়ম্—বি, ক্লী, (অশ্ব + ছ) অশ্বসমূহ।
আষাঢ়ঃ—বি, পুং (আষাঢ়ী - অণ্) মাসবিশেষ। পলাশদন্ড।
আসক্ত—বি-ণ (আ - সন্জ - ক্ত) অনুরাগবিশিষ্ট। সংলগ্ন।
আসক্তিঃ —বি, স্ত্রী (আ - সন্জ - ক্তি)
আসঙ্গঃ —বি, পু[illegible] - সন্জ - ঘঞ্) অনুরাগ। মিলন। সংলগ্নভাব। ভোগাভিলাষ।
আসঞ্জনম্—বি, ক্লী (আ - সন্জ - ল্যুট্) লগ্ন হওয়া। (ণিচ্ - ল্যুট্) বস্ত্রাদিপরিধান। সংলগ্নকরণ। উৎপাদন।
আসত্তিঃ—বি, স্ত্রী (আ - সদ - ক্তি) সমীপে অবস্থান। প্রাপ্তি। বাক্যার্থবোধের অবিচ্ছেদ।

আসনম্—বি, ক্লী (আস - ল্যুট্) উপবেশন। উপবেশনস্থান। জিগীষু ও শত্রুরাজার যুদ্ধোপযোগী সৈন্যাদির উৎকর্ষসাধনার্থ কাল প্রতীক্ষা করিয়া স্বরাজ্যে অবস্থিতি। হস্তিস্কন্ধ; অষ্টাঙ্গযোগের অন্তর্গত পদ্মাসন প্রভৃতি উপবেশনবিশেষ।
আসনবন্ধঃ—বি, পুং; করচরণাদি পরস্পর বন্ধন করে উপবেশনবিশেষ।
আসনী—বি, স্ত্রী, (আস্ + ল্যুট্ + ঙীপ্) বিপণি।
আসন্দী—রি, স্ত্রী; (আ - সদ্ + ঙীষ্) আসন। (আ-সদ্ ঙীষ্) ক্ষুদ্রখট্টা, চৌকী। আসন।
আসন্ন—বি-ণ (আ - সদ - ক্ত) নিকটবর্ত্তী।
আসবঃ—বি, পুং (আ—সু —অল) ইক্ষু, সোমলতা প্রভৃতি হইতে চোয়ান মদ। মদ্য।
আসবনীয়—বিণ. ত্রি (আ-সু + অনীয়) অভিষবনীয়।
আসাদনম্—বি, ক্লী (আ—সদ—ণিচ্—ল্যুট্) প্রাপ্তি, নিকটস্থকরণ, পঁহুছন। মর্দ্দন।
আসাদিত—বি.ণ (আ—সদ—ণিচ্—ক্ত) প্রাপ্ত, নিকটীকৃত।
আসারঃ—বি, পুং (আ—সৃ—ঘঞ্) মুষলধারায় বৃষ্টি, ধারাসম্পাত। চতুর্দ্দিকে বেষ্টন করিয়া শত্রুকে অবরোধকরণ। বিস্তার। মিত্ররাজার সৈন্য। দ্বাদশ-রাজ মণ্ডলের অন্তর্গত নৃপতি বিং।
আসিকঃ—বিণ. পুং; (অসি-ঠক্) খড়্গধারী।
আসিত—বিণ. ত্রি (আস্+ক্ত)উপবিষ্ট, নিষণ্ণ।
আসিধারম্—বি, ক্লী (অসিধারা—ষ্ণ) যুবা ও যুবতীর অবিকৃতচিত্তে একত্র অবস্থিতি রূপ ব্রত।
আসীন—বি.ণ (আস্—শানচ্) উপবিষ্ট। স্ত্রী; না।
আসুর—বি.ণ (অসুর—ষ্ণ) অসুরসম্বন্ধীয়। বিবাহ বিশেষ, কন্যা ক্রয় করিয়া বিবাহ। স্ত্রী; রী।

আসেচন — বি. ক্লী. (আ-সিচ্-ল্যুট্) ছিটান।

আসেচনক — (অসেচন—কণ্) বিণ, অতি তৃপ্তিকর, যাকে পুনঃ পুনঃ দেখিয়াও দর্শনলালসা নিবৃত্ত হয় না।

আসেদিবস্—বি.ণ.ত্রি. আসন্ন, প্রাপ্ত।

আসেধঃ—বি, পুং (আ—সিধ—ঘঞ্) বিচারকের আদেশানুসারে অপরাধীর অবরোধকরণ। প্রতিষেধ।

আসেবা—বি, স্ত্রী (আ—সেব—অ—আপ্) পুনঃ পুনঃ করণ, পৌনঃপুন্য। যথাবিধি সেবা।

আস্কন্দনম্—বি, ক্লী; (আ—স্কন্দ—ল্যুট্) যুদ্ধ। তিরস্কার। আক্রমণ। আস্ফালন। শোষণ।

আস্কন্দিত—বি.ণ (আস্কন্দ—ইত) তিরস্কৃত। আক্রান্ত। অশ্বের গতি বি, অশ্ব কুপিত হইয়া চারি পায়ে লাফাইয়া যে গমন করে।

আস্তরঃ —বি, পুং (আ—স্তৃ—অল্)
আস্তরণম্ —বি, ক্লী (আ—স্তৃ—ল্যুট্) শয্যা। প্রসারিত বস্ত্র, বিছানার চাদর, উত্তরীয় বস্ত্র। হস্তীর পৃষ্ঠস্থিত কম্বলাদি, ঝুল।

আস্তিক—বি.ণ (অস্তি—কণ্) পরলোকবাদী। ঈশ্বরবাদী। পুং, জরৎকারুমুনির পুত্র।

আস্তিকতা—বি, আস্তিকের ভাব স্ত্রী (আস্তিক—তল্—আপ্)

আস্তিক্য—বি, ক্লী (আস্তিক—ষ্যঞ) আস্তিকের ভাব, বেদোক্তধর্ম্মকার্য্যে বিশ্বাস।

আস্তীকঃ—বি, পুং (অস্তি—ষ্ণীক) মুনিবিশেষ, জরুৎকারু মুনির ঔরসে বাসুকির ভগিনী মনসা দেবীর গর্ভজাত। জনমেজয়ের সর্পযজ্ঞ ইহারই কথায় পরিশেষে নিবৃত্তি পায়।

আস্তীর্ণ—বিণ (আ—স্তৃ—ক্ত) ছড়ান, বিস্তীর্ণ।

আস্তৃত—বি.ণ (আ—স্তৃ—ক্ত) বিস্তীর্ণ।

আস্থা—বি, স্ত্রী (আ—স্থা—অঙ) শ্রদ্ধা। আদর, যত্ন। স্থিতি।

আস্থানম্—বি, ক্লী (আ—স্থা—ল্যুট্) সভা। স্থিতি।

আস্থানী—বি, স্ত্রী (আ—স্থা—ল্যুট্ - ঈপ্) সভা।

আস্থিত—বি.ণ(আ-স্থা-ক্ত) প্রাপ্ত। আরূঢ়। আশ্রিত।

আস্পদম্—বি, ক্লী (আ—পদ—ঘ) স্থান। প্রতিষ্ঠা। কার্য্য। প্রভুত্ব।

আস্পর্দ্ধা—বি, স্ত্রী (আ—স্পর্দ্ধ—অ—আপ্) অসম্ভবগর্ব্ব প্রকাশ, আস্ফালন। সমকক্ষতা। অভিভবেচ্ছা।

আস্পর্দ্ধীঃ—(ধিন্) (আ—স্পর্ধ + ণিনি) পরিভবেচ্ছু, স্পর্দ্ধাকারী।

আস্ফালঃ—বি, পুং (আ—স্ফল—ণিচ্—ঘঞ্) হস্তীর কর্ণচালনা।

আস্ফালনম্—বি, ক্লী (আ—স্ফল—ণিচ্—ল্যুট্) তাড়না। গর্ব্বপ্রকাশ। চালনা। সঙ্ঘর্ষ। কোপপ্রকাশ।

আস্ফোটঃ —বি, পুং (আ—স্ফুট—ণিচ্—অচ্)
আস্ফোটনম্ —বি, ক্লী (আ—স্ফুট—ণিচ্—ল্যুট্) প্রকাশকরণ। সঙ্ঘর্ষজনিত শব্দ, মল্লদিগের তালঠোকা। শূর্প প্রভৃতি দ্বারা ধান্যাদি ঝাড়া।

আস্যম্—বি, ক্লী (অস—ণ্যৎ) যাতে ভক্ষ্যবস্তু নিক্ষেপ করা হয়, মুখ।

আস্যপত্রম্—বি, ক্লী; পদ্ম।

আস্যলোম (মন্)—বি, ক্লী; শ্মশ্রু, দাঁড়ি গোঁফ।

আস্যা—বি, স্ত্রী (আস—ক্যপ্—আপ্) স্থিতি।

আস্রবঃ—বি, পুং (আ—স্রু—অল্) কষ্ট। ক্ষরণ।

আস্বনিত—বি.ণ. ত্রি. (আ—স্বন—ক্ত) শব্দিত।

আস্বাদঃ—বি, পুং (আ—স্বদ—ঘঞ্) রসানুভব। মধুরাদি রস। শৃঙ্গারাদি রস।

আস্বাদনম্—বিস ক্লী (আ—স্বদ—ল্যুট্) রসানুভব। পান। ভোজন।

আস্বাদিত—বি.ণ (আ—স্বদ + ক্ত) যাহার রস গ্রহণ করা হইয়াছে, গৃহীত স্বাদ।

আস্বান্ত—বি.ণ. ত্রি. (আ—স্বন+ক্ত) শব্দিত।

আহত—বি.ণ (আ—হন—ক্ত) আঘাতপ্রাপ্ত, তাড়িত। পুনঃ পুনঃ কৃত, গুণিত। অভ্যস্ত। জ্ঞাত। বি, ক্লী; ধৌত নূতন বস্ত্র। মিথ্যাবাক্য।

আহ(হি) তলক্ষণ—বি.ণ (আহত—পুনঃ পুনঃ কৃত লক্ষণ—নাম) গুণদ্বারা খ্যাত।

আহরঃ—বি. পুং (আ—হৃ + অচ্) আনয়ন।

আহরণম্—বি, ক্লী (আ—হৃ—ল্যুট্) সংগ্রহ। আনয়ন। আয়োজন।

আহর্ত্তা(র্তৃ)—বি.ণ (আ—হৃ—তৃচ্) যে আহরণ করে, সংগ্রহকারী। স্ত্রী; র্ত্রী।

আহবঃ—বি, পুং (আ—হ্বে/হু—অল্) যুদ্ধ। যজ্ঞ।

আহবনীয়—বি, পুং (আ—হু—অনীয়) হোমের নিমিত্ত সংস্কৃত অগ্নি।

আহারঃ—বি, পুং (আ—হৃ—ঘঞ্) ভোজন। ভক্ষ্যবস্তু। আহরণ।

আহার্য্য—বি.ণ (আ—হৃ—ণ্যৎ) আহরণের যোগ্য। আহারের যোগ্য, কৃত্রিম। আরোপিত।

আহাবঃ—বি, পুং (আ—হ্বে—ঘঞ্) পশ্বাদির জলপানার্থ কূপাদিসমীপে স্থিত ক্ষুদ্র জলাধার, চৌবাচ্চা। যুদ্ধ। আহ্বান।

আহিত—বি.ণ (আ—ধা—ক্ত) স্থাপিত। অর্পিত। জনিত। কৃত। ন্যস্ত, গচ্ছিত। যাহার আধানসংস্কার কৃত হইয়াছে, নিষিক্ত।

আহিতাগ্নিঃ—বি, পুং; সাগ্নিক। অগ্নিহোত্র ব্রতধারী।

আহিতুণ্ডিক—বি, পুং (অহিতুণ্ড—ঠিক) সাপুড়ে, ব্যালগ্রাহী।

আহিরী—স্ত্রী; গোপনারী বিশেষ, ব্রাহ্মণের ঔরসে অম্বষ্ঠার গর্ভজাত।

আহুত—বিণ, (আ—হু—ক্ত) হোমকরা হইয়াছে।

আহূত—বি.ণ (আ—হ্বে—ক্ত) যাকে আহ্বান করা হয়েছে, আকারিত।

আহুতিঃ—বি.স্ত্রী (আ-হু + ক্তি)হোম।

আহূতিঃ—বি, স্ত্রী (আ—হ্বে—ক্তি) আহ্বান।

আহৃত—বি.ণ (আ—হৃ—ক্ত) যাহা আহরণ করা হইয়াছে, সঞ্চিত সংগৃহীত।

আহেয়—বি.ণ (অহি—ঢঞ্) সর্পসম্বন্ধীয় বিষ চর্ম্মাদি।

আহো—অব্য,—বিকল্প, সংশয়। বিচার। প্রশ্ন।

আহোপুরুষিকা—বি, স্ত্রী (আহোপুরুষ—কঞ্—আপ্) আমিই একজন ইত্যাকার জ্ঞান, বাক্য দ্বারা প্রকাশ করা, আত্মশ্লাঘা।

আহোস্বিৎ—অব্য; প্রশ্ন। সংশয়।

আহ্নিক—বিণ.ত্রি. (অহন্—ঠিক) দিন সাধ্য, দৈনিক। বি, ক্লী; নিত্যকর্ম্ম। গ্রন্থের পরিচ্ছেদ।

আহ্লাদঃ—বি, পুং (আ—হ্লাদ—ঘঞ্) আনন্দ।

আহ্বয়ঃ —বি, পুং (আ—হ্বে—অল্)
আহ্বায়ঃ —বি, পুং (আ—হ্বে—ঘঞ্)
আহ্বা —বি, স্ত্রী (আ—হ্বে—ঙ—আপ্) সংজ্ঞা, নাম, আহ্বান।

আহ্বানম্—বি,ক্লী (আ—হ্বে—ল্যুট্) সম্বোধন, ডাকা।

আহ্বায়কঃ—বি.ণ (আ—হ্বে—ণক) আহ্বানকারী। বি, পুং ; দূত।

ইঃ—বি,পুং (অ—বিষ্ণু, তাঁহার অপত্য এই অর্থে অ—ঞি) কন্দর্প। তৃতীয় স্বরবর্ণ, ইকার। অব্য; খেদোক্তি। ক্রোধোক্তি। নিন্দা। দয়া। বিস্ময়। নিরাকরণ। সম্বোধন। ভেদ।

ইক্ষু—বি, পুং (ইষ—কসু) বৃক্ষ বিং, আক।
ইক্ষুকাণ্ডঃ—বি. পুং, ইক্ষুদণ্ড, কাশবৃক্ষ, মুঞ্জতৃণ।
ইক্ষুচ্ছায়ঃ—বি. ক্লীং, ইক্ষুসমূহের ছায়া।
ইক্ষুপ্রঃ—বি. পুং (ইক্ষু - পৃ + ক) শরবৃক্ষ।
ইক্ষুবাটিকা—বি.পুং ; ইক্ষুক্ষেত্র।
ইক্ষুশাকটঃ—বি. ক্লী (ইক্ষু—শাকট) ইক্ষুক্ষেত্র।
ইক্ষুসারঃ—বি. পুং; আকের গুড়।
ইক্ষ্বাকুঃ—বি, পুং (ইক্ষু—আ—কৃ—ডু) সুর্য্যবংশীয় প্রথম রাজা, বৈবস্বত মনুর ঔরসে শ্রদ্ধার গর্ভজাত। স্ত্রী; কটুতুম্বী।
ইঙ্গনম্—বি, ক্লী (ইন্‌গ—ল্যুট্) গমন। কম্পন। চেষ্টা।
ইঙ্গিতম্—বি, ক্লী (ইন্‌গ—ক্ত) মনোগত ভাব সূচক চেষ্টা বিং, ইসারা। চেষ্টা।
ইঙ্গুঃ—বি, পুং (ইঙ্গ+উণ) রোগ।
ইঙ্গুদঃ —বি, পুং;
ইঙ্গুদী —বি, স্ত্রী; বৃক্ষ বিশেষ, যাহার ফলে তৈল হয়। পূর্বকালে ঋষিরা ঐ তৈল ব্যবহার করিতেন। তাপসতরু।
ইচ্ছা—বি, স্ত্রী (ইব—শ-আপ) অভিলাষ।
ইচ্ছিত—বিণ.ত্রি. (ইচ্ছা+ইতচ্)—অভীষ্ট, বাঞ্ছিত।
ইচ্ছু —(ইষ্—উ,)
ইচ্ছুক —(ইচ্ছু—কণ্) বি.ণ; ইচ্ছাবিশিষ্ট, অভিলাষী।
ইজ্যঃ—বি, পুং (যজ—ক্যপ) বৃহস্পতি। অধ্যাপক বি.ণ; পূজনীয়।
ইজ্যা—বিণ.স্ত্রী (যজ—ক্যপ—আপ) যাগ। পূজা দান। সাঙ্গকরণ, মেলন।
ইড়া—বি, স্ত্রী (ইল—(ড) অন্—আপ) দেহমধ্যে বামভাগস্থিত রক্তবাহিকা প্রধাননাড়ী বিশেষ। অন্য অর্থ ইলা শব্দে দ্রষ্টব্য।
ইৎ—ত্রি.(ইন্+ক্বিপ) লোপ, ব্যাকরণে প্রক্রিয়া বিশেষ।

ইতর—বিণ. অন্য, নীচ, অপকৃষ্ট।
ইতরতঃ—অব্য, (ইতর+ তসিল)—অন্যভাবে.
ইতরবিশেষঃ—বি, পুং; প্রভেদ, ন্যূনাধিক্য।
ইতরেতর—বি.ণ; পরস্পর।
ইতরেতরাশ্রয়ঃ—বি, পুং; তর্কদোষ বিশেষ।
ইতরেদ্যুঃ (দ্যুস্)—অব্য; অন্য দিনে।
ইতঃ—(তস্) অব্য; (ইদম্—তস্) ইহা হইতে। ইহাতে। এদিকে।
ইতস্ততঃ—(স্)—অব্য (ইতঃ—ততঃ) এদিকে সেদিকে। চতুর্দ্দিকে, সমন্তাৎ।
ইতি—অব্য, এই। এই হেতু। প্রস্তাব। প্রাদুর্ভাব। প্রভৃতি। এই প্রকার। সমাপ্তি। নিদর্শন। উপক্রম। প্রকর্ষ।
ইতিকথা—বি, স্ত্রী; অর্থশূন্য বাক্য।
ইতিকর্ত্তব্য—বি. ণ ; প্রধান কার্য্যের অনুষঙ্গিক কর্ত্তব্য বিষয়, প্রধানের অঙ্গ।
ইতিকর্ত্তব্যতা—বি, স্ত্রী; ইহা এইরূপে করা কর্ত্তব্য ইত্যাকার জ্ঞান।
ইতিবৃত্তম্—বি, ক্লী; অতীত বৃত্তান্ত, ইতিহাস।
ইতিহ—অব্য ; পরম্পরাগত উপদেশ।
ইতিহাসঃ—বি, পুং (ইতি-হ—আস-ঘঞ্) যে গ্রন্থে পরম্পরাগত উপদেশ থাকে, পুরাবৃত্ত, রামায়ণ মহাভারতদি।
ইত্থম্—অব্য (ইদম্—থম্) এই প্রকার।
ইত্বর—বি.ণ (ইণ্—কর্ত্তৃ—ক্বরপ্) পথিক। নীচ। ক্রুরকর্ম্মকারী। স্ত্রী ; রী—অভিসারিকা স্ত্রী। কুলটা।
ইদম্—(ইন্দ্-কমিন্) এই, ইহা, ইনি, এ।
ইদানীম্—ব্য ; (ইদম্—দানীম্,) এক্ষণে, বর্ত্তমান কালে, সম্প্রতি।
ইদানীন্তন—বি.ণ (ইদানীম্—ট্নন) এখনকার, আধুনিক স্ত্রী; নী।
ইদ্ধ—বি.ণ (ইন্ধ—কর্ত্তৃ—ক্ত) দীপ্তিযুক্ত। অব্যাহত, প্রবল। নির্ম্মল। আশ্চর্য্য।
ইধ্ম(ম্)ঃ—বি, ক্লী (ইন্ধ— মক্) জ্বালানি কাষ্ঠ।

ইনঃ—বি, পুং (ই—নক্) সূর্য। প্রভু। পতি। নৃপতি বিং।
ইন্দি(ন্দী)—বি. স্ত্রী (ইন্দ—ই) লক্ষ্মী।
ইন্দিন্দিরঃ—বি, পুং, (ইন্দি + কিরচ্) ভ্রমর। স্ত্রী ; রী।
ইন্দিরা—বি, স্ত্রী (ইন্দ—কিরচ্—আপ্) লক্ষ্মী।
ইন্দিরালয়ম্—বি, পুং পদ্ম।
ইন্দীবরম্—বি, ক্লী (ইন্দী—লক্ষ্মী, বর—প্রিয়) নীলপদ্ম।
ইন্দীবরিনী—বি, স্ত্রী নীলকমল সমূহ।
ইন্দুঃ—বি, পুং (ইন্দ—উ) চন্দ্র। কর্পূর। চন্দ্রবাচক সমুদায় শব্দ, কর্পূরবাচকও হয়।
ইন্দুকলিকা—বি.স্ত্রী ; কেতকী।
ইন্দুকান্তঃ—বি. পুং ; চন্দ্রকান্তমণি, স্ত্রী—আ ; কেতকী, নিশা।
ইন্দুমতী—বি. স্ত্রী; বিদর্ভরাজের কন্যা, অজের স্ত্রী।
ইন্দুকিরীটঃ—বি. পুং ; শিব।
ইন্দুজঃ—বি.পুং (ইন্দ্র—জন্ ড) চন্দ্রপুত্র। বুধগ্রহ। স্ত্রী - জা।
ইন্দুনিভ—বিণ. ত্রি. ; চন্দ্রোপম।
ইন্দুলেখা—বি.স্ত্রী; চন্দ্রকলা সোমলতা।
ইন্দ্রঃ—বি. পুং (ইন্দ—কর্ত্তৃ—র) দেবরাজ। পরমেশ্বর। দ্বাদশ আদিত্যের অন্তর্গত আদিত্য বিং। প্রভু। কুটজবৃক্ষ। ভারতবর্ষের উপদ্বীপ বিশেষ। বিণ ; ঐশ্বর্য্যশালী। শ্রেষ্ঠ।
ইন্দ্রকম্—বি. ক্লী ; সভাগৃহ।
ইন্দ্রকীলঃ—বি, পুং ; পর্ব্বতবিশেষ।
ইন্দ্রকোষঃ—বি, পুং মঞ্চ , খট্টা।
ইন্দ্রজালম্—বি, ক্লী ; যাহা ইন্দ্র অর্থাৎ পরমেশ্বরের জাল অর্থাৎ মায়ার ন্যায়, ভোজবাজী, ভেল্কি, কুহক।
ইন্দ্রজালিক—বি.ণ (ইন্দ্রজাল—ষ্ণিক) বাজীকর, কুহককারী। ইন্দ্রজালসম্বন্ধী।
ইন্দ্রজিৎ—বি, পুং (ইন্দ্র—জি—কর্ত্তৃ—ক্বিপ্) রাবণপুত্র, মেঘনাদ।

ইন্দ্রতুলম্—বি, ক্লী ; আকাশপতিত সূত্র। আকাশ বুড়ির সূতা।
ইন্দ্রদারুঃ—বি, পুং দেবদারুবৃক্ষ।
ইন্দ্রদ্রুমঃ—বি, পুং ; অর্জ্জুনবৃক্ষ।
ইন্দ্রধনুঃ (নুস)—বি, ক্লী ; মেঘে ধনুকের ন্যায় আকৃতিবিশিষ্ট চিহ্ন বিশেষ।
ইন্দ্রধ্বজঃ— বি, পুং ; ইন্দ্রের ধ্বজ। রাজগণ স্ব স্ব রাজ্যে শস্যোৎপত্তির জন্য বৃষ্টিপ্রার্থনায় ভাদ্রশুক্লাদ্বাদশীতে নগরদ্বারে ধ্বজা উত্থাপিত করিয়া তাহাতে ইন্দ্রের পূজা করিতেন।
ইন্দ্রনীলঃ—বি, পুং ; মরকত মণি, পান্না।
ইন্দ্রপ্রস্থঃ—বি, ক্লী; খাণ্ডবপ্রস্থে যুধিষ্ঠিরনির্ম্মিত নগর, দিল্লী।
ইন্দ্রমহকামুকঃ—বি.পুং; কুকুর।
ইন্দ্রযব—বি, পুং, ক্লী; স্বনামখ্যাত যবাকৃতি তিক্ত বীজ বিশেষ।
ইন্দ্রলুপ্তম্—বি. ক্লী; টাক।
ইন্দ্রবজ্রা—বি, স্ত্রী; একাদশাক্ষর ছন্দো বিশেষ।
ইন্দ্রবংশা—স্ত্রী-দ্বাদশাক্ষর পাদবিশিষ্ট ছন্দোবিশেষ
ইন্দ্রশত্রুঃ—বি, পুং; বৃত্রাসুর। প্রহ্লাদ।
ইন্দ্রসাবর্ণিঃ—বি, পুং; চতুর্দ্দশ মনু।
ইন্দ্রসুতঃ—বি, পুং; জয়ন্ত। অর্জ্জুন। বালী। অর্জ্জুনবৃক্ষ।
ইন্দ্রাণী—বি, স্ত্রী (ইন্দ্র—ঙীপ্) ইন্দ্রপত্নী, শচী। সিন্দুবারবৃক্ষ। বড় এলাচ।
ইন্দ্রানুজঃ —(ইন্দ্র + অনুজ)
ইন্দ্রাবরজঃ —বি, পুং; বিষ্ণু, বামনদেব।
ইন্দ্রায়ুধম্—বি, ক্লী; ইন্দ্রধনু, মেঘে ধনুরাকার চিহ্ন বিশেষ।
ইন্দ্রিয়ম্—বি. ক্লী (ইন্দ্র-ইয়) ইন্দ্র অর্থাৎ আত্মার অনুমাপক শরীরস্থ পদার্থ বিং। জ্ঞানেন্দ্রিয় ও কর্মেন্দ্রিয় ভেদে ইন্দ্রিয় দ্বিবিধ। চক্ষুকর্ণ নাসিকা জিহ্বা ও ত্বক এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়। বাক্ পাণি পাদ পায়ু উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয়। মন উভয়াত্মক ইন্দ্রিয়। শুক্র, বীর্য্য।

ইন্দ্রিয়নিগ্রহঃ—বি. পুং ; ইন্দ্রিয়দমন।
ইন্দ্রিয়বৃত্তি—বি. স্ত্রী ; ইন্দ্রিয়ের বিষয়ের ব্যাপার। দর্শনাদি ক্রিয়া।
ইন্দ্রিয়াসঙ্গঃ—বি. পুং ; ইন্দ্রিয়ের বিষয়ে আসক্তি বা অনাসক্তি।
ইন্দ্রিয়ার্থঃ—বি, পুং; ইন্দ্রিয় জন্য জ্ঞান বিষয়, গোচর, বিষয়।
ইন্দ্রিয়ায়তনম্—বি, ক্লী; শরীর।
ইন্ধনম্—বি, ক্লী (ইন্ধ—ল্যুট্) অগ্নিসন্দীপন তৃণ কাষ্ঠাদি, জ্বালানী কাঠ।
ইভঃ—বি, পুং (ই—কর্ত্তৃ—ভক্) হস্তী। স্ত্রী; ভী।
ইভরাজঃ—বি, পুং; মহাগজ, ঐরাবত।
ইভ্য—বি.ণ (ইভ—ষ্ণ্য) ধনবান্।
ইয়ৎ—বি.ণ (ইদম্—মতুপ্) এই পরিমিত। পুং; ইয়ান্, স্ত্রী; ইয়তী, ক্লী; ইয়ৎ।
ইয়ত্তা—বি, স্ত্রী (ইয়ৎ—ত—আপ্) সীমা। সংখ্যা। পরিমাণ।
ইরম্মদঃ—বি, পুং (ইরা—মদ—কর্ত্তৃ—খশ্) বজ্রাগ্নি। বাড়বাগ্নি। হস্তী।
ইরা—বি, স্ত্রী (ই—কর্ত্তৃ—রক্-টাপ) জল। ভূমি। মদ্য। বাক্য। সরস্বতী। কশ্যপপত্নী বিং।
ইরাচর—বি. পুং (ইরা-চর+ট) করকা। ত্রি. জলচর।
ইরাবান্(বৎ)—বি, পুং (ইরা—মতুপ্) প্রশস্ত জলরাশি, সমুদ্র।
ইরাবতী—পাঞ্জাবের নদী বিশেষ।
ইরিণম্—বি, ক্লী (ঋ—ইনক্) ক্ষারভূমি, লোণা জায়গা। উষরভূমি। বি.ণ; শূন্য।
ইরেশঃ—বি.পুং; বরুণ. বাগীশ, বিষ্ণু,
ইর্ব্বারু—বি, স্ত্রী (ইরু—ঋ—উণ্) ভূমিপতি। কাঁকুড়। কর্কটী।
ইলবিলা—বি, স্ত্রী; কুবের মাতা।
ইলা—বি, স্ত্রী (ইল—কর্ম্ম—ক—আপ্) বৈবস্বত মনুর কন্যা, বুধের পত্নী, পুরূরবার জননী। ভূমি। গো। বাক্য। জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষ বিং।

ইলাবৃত—বি, ক্লী; জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষ বিং, পুর্ব্বদিকে মাল্যবান, পশ্চিমে গন্ধমাদন, উত্তরে নীলগরি এবং দক্ষিণে নিষধ এই সীমাচতুষ্টয়ের মধ্যবর্ত্তী ভুভাগ।
ইলী—বি, স্ত্রী; ছুরিকা, কাটারী, কর-বালিকা।
ইলীশঃ—বি, পুং (ইলা—শুভ—ড)
ইল্লি(ল্লী)শঃ—বি, পুং; মৎস্যবিশেষ।
ইল্বলঃ, ইল্বল—বি, পুং (ইল—কর্ত্তৃ—বল) বাতাপির ভ্রাতা দৈত্য বিং। মৎস্য বিং। স্ত্রী, বহু; মৃগশিরা নক্ষত্রের উর্দ্ধভাগে স্থিত পঞ্চ নক্ষত্র।
ইব—অব্য, সাদৃশ্য। উৎপ্রেক্ষা, সম্ভাবনা। বাক্যালঙ্কার। বৈদিক প্রয়োগে, ঈষদর্থ, অবধারণ।
ইষঃ—বি, পুং (ইষ—ক্বিপ্—অচ্) আশ্বিন মাস।
ইষিকা—ইষ—কর্ত্তৃ—কিকন্)
ইষীকী—(ইষ—কর্ত্তৃ—কীকন্) বি, স্ত্রী; হস্তীর অক্ষিগোলক। কাশতৃণ। তুলিকা।
ইষির—বিণ. ত্রি (ইষ্+কিরচ)—গতিশীল, বি, পুং—অগ্নি।
ইষুঃ—বি, পুং, স্ত্রী (ইষ—কু) বাণ। পাঁচ-সংখ্যাবোধক।
ইষুধিঃ—বি, পুং, স্ত্রী(ইষু—ধা + কি) বাণের আধার, তূণ।
ইষ্ট—বি-ণ (ইষ—কর্ম্ম—ক্ত) বাঞ্ছিত। প্রিয়। ক্লী (যজ—ভাবে—ক্ত) যাগ।
ইষ্টকঃ—বি, পুং (ইষ + তকন্)
ইষ্টকা—বি, স্ত্রী (ইষ + তকন্ + টাপ) ইট
ইষ্টকাপথঃ—বি, পুং; পাকারাস্তা।
ইষ্টগন্ধ—বি-ণ; সুগন্ধি দ্রব্য। ক্লী; বালুকা।
ইষ্টদেবঃ—বি, পুং; উপাস্য দেবতা। মন্ত্রদাতাগুরু।
ইষ্টা—বি, স্ত্রী (যজ্ + ক্ত + টাপ) শমীবৃক্ষ।
ইষ্টাপত্তিঃ—বি, স্ত্রী; ইষ্টলাভ। উপকার। প্রতিবাদীর আপত্তি যখন বাদীর ইষ্ট বা স্বীকৃত।

ইষ্টাপূর্ত্তম্—বি, ক্লী (ইষ্ট—পূর্ত্ত) অগ্নিহোত্র, সত্যকথন প্রভৃতি এবং জলাশয়-খনন, দেবালয় স্থাপনাদি সৎকার্য্য।
ইষ্টালাপঃ—বি, পুং; সদালাপ।
ইষ্টিঃ—বি, স্ত্রী (যজ্+ক্তি) যাগ। (ইষ+ক্তি) ইচ্ছা।
ইষ্বসনম্—বি, ক্লী (ইষু—অস্ + ল্যুট্)
ইষ্বাসঃ—বি, পুং (ইষু—অস + ঘঞ্) যাহার দ্বারা শরনিক্ষেপ করা হয়, ধনুক।
ইস্—অব্য, সন্তাপ। কোপ। দুঃখানুভব।
ইহ—অব্য (ইদম্ + হ,) ইহাতে, এই স্থানে, এই সময়ে।
ইহকালঃ—বি, পুং (ইদম্—হ + কাল) বর্ত্তমানকাল। এই জন্ম।
ইহত্য—বিণ. (ইহ-ত্যপ) এই স্থানের। হইলৌকিক।
ইহলোকঃ—বি, পু, (ইহ + লোক) এই জগৎ।
ইহামুত্র—অব্য, (ইহ + অমুত্র) ইহলোকে ও পরলোকে।

ঈ

ঈঃ—পুং; ৪র্থ স্বরবর্ণ। কন্দর্প। স্ত্রী; লক্ষ্মী। অব্য; বিষাদ। দুঃখভাবনা। কোপ। দয়া। প্রত্যক্ষ। সন্নিধি। সম্বোধন।
ঈক্ষক—বিণ-ত্রি (ঈক্ষ + ণ্বুল) দ্রষ্টা।
ঈক্ষণম্—বি, ক্লী (ঈক্ষ + ল্যুট্) দর্শন। (করণ—ল্যুট্) চক্ষু।
ঈক্ষণিক—বিণ (ঈক্ষণ—ঠন্) যারা গণনা করে শুভাশুভ দেখে, দৈবজ্ঞ।
ঈক্ষা—বি, স্ত্রী (ঈক্ষ—ভাবে—অ—টাপ্) দর্শন।
ঈক্ষিত—বিণ (ঈক্ষ + ক্ত) যাহা দেখা হইয়াছে, দৃষ্ট। বি, ক্লী; দর্শন।
ঈক্ষিতা(তৃ)—বিণ. (ঈক্ষ-তৃণ) দ্রষ্টা। বিচারক।
ঈডা—বি-স্ত্রী (ঈড্ + অ + টাপ) স্তুতি, স্তব।

ঈডিত—বিণ-ত্রি (ঈড + ক্ত) স্তুত।
ঈড্য—বি-ণ (ঈড—কর্ম্ম—য) স্তবের যোগ্য, স্তুত্য।
ঈড্যমান—বি-ণ (ঈড + শানচ্) স্তূয়মান
ঈতিঃ—বি, স্ত্রী (ঈ + ক্তি) ডিম্ব। প্রবাস। শস্যের ছয় প্রকার বিঘ্ন, যথা—অতিবৃষ্টি, অনাবৃষ্টি, পতঙ্গ, মূষিক, পক্ষী ও প্রত্যাসন্ন রাজা।
ঈদৃক্ (দৃশ্)—(ইদম্—দৃশ্ + ক্বিপ্)
ঈদৃশ—(ইদম্—দৃশ—টক্) বিণ; এইরূপ, এইপ্রকার, এবম্ভূত।
ঈদৃক্ষ—(ইদম্ + দৃশ্ + ক্স্) এরূপ।
ঈপ্সা—বি, স্ত্রী (আপ—সন্—ভাবে—অ—টাপ্) পাইবার ইচ্ছা।
ঋতিঃ—বি, স্ত্রী (ঋ + ক্তি) গতি। নিন্দা। স্পর্দ্ধা। ঘৃণা। সৌভাগ্য। পথ। শুভ।

ঋতিকর—বি.ণ. ত্রি. (ঋতি—কৃ + খচ্) পীড়াদায়ক।

ঋতীয়া—বি, স্ত্রী, (ঋত—ইয়ঙ্ + অ + টাপ্) ঘৃণা, লজ্জা। নিন্দা।

ঋতুঃ—বি, পুং (ঋ + তুক্) যে নিয়মানুসারে গতায়াত করে, হিম, শিশির, বসন্ত, গ্রীষ্ম, বর্ষা, শরৎ এই ছয় কাল। স্ত্রী রজঃ। দীপ্তি।

ঋতুমতী—বি, স্ত্রী (ঋতু + মতুপ্ + ঈপ্) রজস্বলা।

ঋতুরাজঃ—বি, পুং ; বসন্ত ঋতু।

ঋতে—অব্য, ব্যতিরেক, বিনা।

ঋত্বিক্ (জ)—বি, পুং (ঋতু—যজ + ক্বিপ্) পুরোহিত।

ঋদ্ধ—বি.ণ (ঋধ + ক্ত) সমৃদ্ধিযুক্ত ; সম্পন্ন। প্রচুর। সঞ্চিত। বি, ক্লী ; পরুমর্দ্দিতধান্য।

ঋদ্ধিঃ—বি, স্ত্রী (ঋধ্ + ক্তিন্) সম্পত্তি। সমৃদ্ধি।

ঋভুঃ—বি, পুং ; (ঋ-ভূ + ডু) দেবতা।

ঋভুক্ষঃ—বি, পুং (ঋভু—ক্ষি + ড) স্বর্গ। বজ্র।

ঋভুক্ষিন্—বি. পুং ; (ঋভুক্ষ + ইন্) ইন্দ্র।

ঋষভঃ—বি. পুং, (ঋষ + অভক্) বৃষ। স্বর বিশেষ। (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। ঔষধবিশেষ। কর্ণের ছিদ্র। কুমারপুচ্ছ। পর্ব্বতবিশেষ।

ঋষভধ্বজঃ—বি, পুং ; শিব।

ঋষভা—বি, স্ত্রী ; শ্মশ্রুবিশিষ্টা স্ত্রী। বিধবা।

ঋষিঃ—বি, পুং ; (ঋষ বা দৃষ + ইক্) যাঁহারা সাংসারিক বিষয় হইতে বিরত হইয়া ধর্ম্মচিন্তায় নিবিষ্ট, মুনি। শাস্ত্রপ্রণেতা। স্ত্রী ; (ষী) মুনিপত্নী।

ঋষ্টিঃ—বি, স্ত্রী (ঋষ + ক্তি) খড়্গবিশেষ। অশুভ।

ঋষ্যঃ—বি, পুং (ঋষ + ক্যপ্) শ্বেতপাদ মৃগ।

ঋষ্যমূকঃ—বি, পুং ; পম্পাতীরস্থিত পর্ব্বত বিশেষ।

ঋষ্যশৃঙ্গঃ—বি, পুং ; মুনিবিশেষ।

ৠ

ৠ—বি, পুং ; অষ্টম স্বরবর্ণ। শিব। স্বর্ণ। বাক্যারম্ভ। দৈত্য। স্ত্রী ; অদিতি। রক্ষা। স্মৃতি। অব্য ; ভয়।

ঌ—বি. পুং ; নবম স্বরবর্ণ। পর্ব্বত। স্ত্রী ; অদিতি। পৃথিবী।

এ—বি, পুং (ই + বিচ্); বিষ্ণু ! স্ত্রী—পৃথিবী। অব্য—স্মরণ। সম্বোধন। আহ্বান। অসূয়া। দয়া।

এক—বি, ক্লী (ই + কন্) একত্ব সংখ্যা। বি.ণ. ; একত্বসংখ্যাবিশিষ্ট। একাকী। প্রধান। অন্য। সমান। প্রথম। অনির্দ্দিষ্ট, কোন। যথা—এক গ্রামে ইত্যাদি।

একক—বিণ (এক-কণ্) একাকী, অসহায়

এককালীন—বি.ণ (এককাল + ঈন) একসময়ে যাহা ঘটে।

একগুরুঃ—বি, পুং ; একগুরুর শিষ্য, একপাঠী, সতীর্থ।

একচক্রঃ—বি, পুং ; সূর্য্যের রথ। গণ্ডার।

একচক্রা—বি, স্ত্রী ; নগরীবিশেষ।

একচর—বি.ণ (এক—চর + অন্) একাকী। বি, পুং ; গণ্ডার। স্ত্রী—রা।

একজাতিঃ—বি, পুং ; শূদ্র।

একজাতীয়—বি.ণ (এক—জাতীয়) তুল্যপ্রকার।

একতন্ত্রী—বি, স্ত্রী ; বাদ্যযন্ত্র বিং, একতারা। বি.ণ (তন্ত্রিন্) একমতাবলম্বী।

একতম—বি.ণ (এক+তম) অনেকের মধ্যে এক।

একতর—বি.ণ (এক + তর) দুয়ের মধ্যে এক।

একতঃ(তস্)—অব্য. (এক-তসিল) একদিকে, একদিক হইতে।

একতা—বি, স্ত্রী (এক—তা) অভেদ, ঐক্য।

একতান—বি.ণ.; এক বিষয়ে আসক্ত, তদগত চিত্ত, একাগ্র। বি, পুং ; একযোগ অর্থাৎ এক রকম স্বর।

একতালঃ—বি, পুং ; গান ও বাদ্যের একমিল, সমন্বিত লয়। স্ত্রী. লী-এক স্বর যুক্ত যন্ত্র।

একত্র—অব্য, (এক+ত্রল) একস্থানে। এক বিষয়ে।

একত্ব—বি. পুং ; (এক + ত্ব) ঐক্য, সংস্কৃতি, অভেদ।

একদন্তঃ—বি.পুং ; গণেশ।

একদংষ্ট্রঃ—বি.পুং ; গণেশ।

একদা—অব্য (এক—দা) একসময়ে।

একদৃক (শ)—বি, পুং ; কাক। বি.ণ ; কাণ।

একদেশঃ—বি, পুং ; একাংশ, অবয়ব।

একদেহঃ—বি, পুং; বুধগ্রহ। বি.ণ ; অভিন্ন শরীর।

একধা—অব্য। (এক + ধাচ্) একপ্রকার।

একধর্মা (র্মন)—বি.ণ. ; তুল্যধর্মবিশিষ্ট।

একধুরীণ—বি.ণ (একধুরা—খীন) একপ্রকার ভারবাহী।

একপত্নী—বি, স্ত্রী (এক—পতি) সপত্নী। পতিব্রতা, সাধ্বী।

একপদে—ক্রি, বি.ণ ; অকস্মাৎ। তৎক্ষণাৎ।

একপদী—বি, স্ত্রী; অতি সঙ্কীর্ণ পথ। বি.ণ (—দিন) একপেয়ে।

একপিঙ্গঃ—বি, পুং; কুবের। যক্ষ।

একযষ্টিকা—বি, স্ত্রী ; একনরী হার, একাবলী।

একরাজঃ—বি. পুং, সার্বভৌম

একল—বি.ণ (এক—লা + ড) একাকী।

একবিংশতিঃ—বি, স্ত্রী; একুশ সংখ্যা, ২১।

একশঃ—অব্য. (এক-শস্) এক এক করে।

একশফঃ—বি, পুং; অখণ্ডখুরযুক্ত জন্তু; অশ্ব, অশ্বতর প্রভৃতি।

একশৃঙ্গঃ—বি. পুং; বিষ্ণু, গণ্ডার।

একশেষঃ—বি, পুং; দ্বন্দ্ব সমাস বিং। আতিশয্য। যথা নিষ্ঠুরতার একশেষ।

একশ্রুতিঃ—বি. স্ত্রী, যে স্বরে উদাত্তাদির ভেদ লক্ষ্য করা যায় না।

একষষ্টিঃ—বি, স্ত্রী; একষট্টি, ৬১।

একসর্গঃ—বি.ণ (এক—সর্গ) একাগ্র চিত্ত।

একসূত্রম্—বি. ক্লী; ডমরু।

একহায়নী—বি, স্ত্রী; একবর্ষীয়া গো।

একাকী(কিন্)—বি.ণ (এক + আকিন্) অসহায়

একাক্ষঃ—বি. পুং; (এক—অক্ষি + পচ্) কাক। বি.ণ. তি. কাণা।

একাগ্র } —বি.ণ. একবিষয়ে আসক্ত।
একাগ্র্য } —বি পুং ;

একাগ্রতা—বি.স্ত্রী (একাগ্র - তন্ + টাপ্) একটি বিষয়ে আসক্তি।

একাঙ্গ—বি.পুং ; বুধ। ক্লীং ; গন্ধদ্রব্য বিশেষ।

একাত্মা(ত্মন্)—বি.ণ; অভিন্নহৃদয়।

একাদশ—বি.ণ (একাদশন্ + ডট্) এগার সংখ্যার পূরণ। স্ত্রী—শী।

একাদশ (শন্)—বি.ণ; ১১ সংখ্যা।

একাদশী—বি.স্ত্রী (একাদশ ঙীপ্) তিথিবিশেষ

একাদ্নবিংশতিঃ—বি.স্ত্রী (একাৎ-ন-বিংশতি) উনিশ।

একান্ত—বি.ণ; অতিশয়। নির্জ্জন।

একান্ততঃ—অব্য (একান্ত তসিল্) নিশ্চিতই একান্ত।

একান্তর—বি.ণ একের পর যে থাকে, যাহাদের মধ্যে একটিমাত্র ব্যবধান আছে।

একান্ন—বি.ণ; (এক+ অন্ন) একত্র অন্নভোক্তা, একপঞ্চাশৎ সংখ্যা।

একায়ন—বি.ণ (এক+অয়ন) একবিষয়ে আসক্ত, একাগ্র।

একাবলী—বি, স্ত্রী; একনরী হার। ছন্দো বিশেষ।

একাশ্রয়—বিণ.ত্রি ; যার অন্য আশ্রয় নাই।

একাহঃ—বি, পুং (এক + অহন্-টচ্) একদিন।

একীভাবঃ—বি.পুং ; (এক + চ্বি + ভূ + ঘঞ্) এক হওয়া।

একীয়—বিণ; (এক-ছ) একপক্ষ, সহায়, সহকারী।

একৈক—বিণ.ত্রি ; একা একা।

একৈকশঃ—অব্য ; এক একটি করিয়া।

একোদ্দিষ্টম্—বি, ক্লী; এক ব্যক্তির উদ্দেশ্যে বর্ষে বর্ষে যে শ্রাদ্ধ করা যায়, সাংবৎসরিক শ্রাদ্ধ। প্রেতশ্রাদ্ধ।

একোনবিংশতিঃ—বি, স্ত্রী; উনবিংশতি, ১৯।

এজনম্—বি.ক্লী ; (এজ + ল্যুট্) ; কম্পন।

এড়ঃ—বি, পুং (ইল্ + অচ্) মেষ। বি.ণ, বধির।

এড়কঃ } —(আ—ঈড়+— অল্) বধির। মেষ।
এড়মূকঃ } —বি.ণ; কালা ও বোবা।

এড়ূকম্—বি. ক্লী (ইড় + উ + ক) হিংসা

এড়ূকম—বি, ক্লী; ভিত্তিবিশেষ, যে ভিত্তির মধ্যে কাষ্ঠ, অস্থি প্রভৃতি কঠিন বস্তু নিহিত করা হয়। সমাধিমন্দির, গোর।

এণঃ—বি, পুং (ই + ণ) হরিণ।

এণী—বি. স্ত্রী (এণ-ঙীষ্) কালো হরিণী।

এত—বি.ণ (ই + তন্) কর্ব্বুরবর্ণযুক্ত, নানাবর্ণবিশিষ্ট। আগত। স্ত্রী—তা।

এতদ্ (মূলশব্দ)—বি.ণ; এই, ইহা, ইনি, এ।

এতদীয়—বিণ. (এতদ্-ছ) ইহার।

এতনঃ—বি. পুং; (আ-ই-তন) শ্বাস।

এতর্হি (অব্য)—(এতদ্—৭মী স্থানে হি) এক্ষণে।

এতাদৃক্ (শ) } —(এতদ্—দৃশ্ + ক্বিপ্)
এতাদৃশ } —(এতদ্—দৃশ+টক) বি.ণ; এই প্রকার।

এতাবান্(বৎ)—বি.ণ (এতদ্ + মতুপ্) এই পরিমাণ।

এতাবতা—ইহার দ্বারা। (এই শব্দটি অবিকল সংস্কৃত হইয়াই বঙ্গভাষায় প্রচলিত)।

এধঃ } —বি, পুং; (ইন্ধ + ঘঞ্)
এধঃ(স্) } —বি, ক্লী (ইন্ধ+অস্) যাহার দ্বারা অগ্নি বৃদ্ধি পায় , কাষ্ঠ, তৃণ ইন্ধন।

এধতুঃ—বি.পুং; (এধ্-চতু) মনুষ্য, অগ্নি।

এধা—বি. স্ত্রী (এধ্-ক্ত-টাপ্) হর্ষ।

এধিত—বি.ণ (এধ + ক্ত) বৃদ্ধিপ্রাপ্ত।

এনঃ (স্)—বি, ক্লী (ইন + অস্) পাপ। নিন্দা। অপরাধ।

এরকা—বি, স্ত্রী (ই + রক + টাপ্) গ্রন্থিহীন-তৃণ বিং, শরগাছ।

এরণ্ড—বি, পুং (ঈর + অণ্ডচ্) ভেরাণ্ডা গাছ।

এলকঃ—বি, পুং; (ইল্-অচ্-কন্) মেষ।

এলা—বি, স্ত্রী (ইল—কর্ম্ম—অল্) এলাইচ ফল ও লতা।

এলীকা—(আ-ইল-ইক্‌ন-টাপ্) ছোট এলাচ।

এব—অব্য; নিশ্চয়, অবধারণ। ব্যবচ্ছেদ, নিবারণ। নিয়ম। সাদৃশ্য। বাক্যপূরণ। পরিসংখ্যা।

এবং (ম্)—অব্য; স্বীকার। নিশ্চয়। প্রশ্ন। সাদৃশ্য।

এবমেব—(অব্য) এই প্রকারই।

এষণঃ—বি, পুং (এষ—ল্যুট্) লৌহময় বাণ। ক্লী (ভাবে—ল্যুট্) অনুসন্ধান।

এষণিকা—বি, স্ত্রী (এষণ + কন্ + টাপ্) স্বর্ণকারের নিক্তি, তুলাদণ্ড।

এষিতা—(তৃণ) বি.ণ ত্রি. (এষ + তৃন্) ইচ্ছুক।

ঐঃ—বি, পুং; (আ-ই-বিং) শিব। দ্বাদশ স্বরবর্ণ। অব্য স্মরণ। সম্বোধন। আহ্বান।

ঐকমত্যম্—বি, ক্লী (একমত—ষ্যঞ্) পরস্পর মতের একতা।

ঐকবাক্যম্—বি, ক্লী (একবাক্য—ষ্যঞ্) একমত অবলম্বন করা।

ঐকাগারিক—বি.ণ (এক—আগার—ঠঞ্) চোর, দস্যু। একগৃহবাসী।

ঐকাগ্র্যম্—বি, ক্লী (একাগ্র—ষ্যঞ্) এক বিষয়ে আসক্তি। একাগ্রতা।

ঐকাত্ম্য—বি. ক্লী (একাত্ম-ষ্যঞ্) অভেদ।

ঐকান্তিক—বি.ণ (একান্ত—ঠঞ্) নিশ্চিত। দৃঢ়।

ঐকাহিক—বি.ণ (একাহ—ঠঞ্) যাহা এক দিন অন্তর হয়; এক দিন সাধ্য।

ঐক্যম্—বি, ক্লী (এক—ষ্যঞ্) মিলন, অবিরোধ।

ঐক্ষব—বি.ণ (ইক্ষু—অণ্) ইক্ষু সম্বন্ধীয় গুড়, চিনি প্রভৃতি।

ঐক্ষ্বাক—বি.ণ (ইক্ষ্বা—অণ্) ইক্ষ্বাকু বংশ সম্ভূত। ইক্ষ্বাকু সম্বন্ধীয়।

ঐঙ্গুদম্—বি, ক্লী (ইঙ্গুদী + অন্) ইঙ্গুদীফল।

ঐণ —(এণ—অণ্) বি.ণ; মৃগ সম্বন্ধীয়।
ঐণেয় —(এণ—ঢক্)

ঐতিহাসিক—বি.ণ (ইতিহাস—ঠক্) ইতিহাস সম্বন্ধীয়। ইতিহাসবেত্তা।

ঐতিহ্যম্—বি, ক্লী (ইতিহ—ষ্যঞ্) পরম্পরাগত উপদেশবাক্য।

ঐনসম্—বি, ক্লী; (এনস্-অন্) পাপ।

ঐন্দব—বি.ণ (ইন্দু—অণ্) চন্দ্র সম্বন্ধীয়।

ঐন্দ্রঃ—বি. পুং (ইন্দ্র—অণ্) ইন্দ্রের পুত্র জয়ন্ত। অর্জ্জুন। বালী। সুগ্রীব। বিণ; ইন্দ্র সম্বন্ধীয়।

ঐন্দ্রজালিক—বি.ণ (ইন্দ্রজাল—ঠক্) বাজীকর, কুহকী।

ঐন্দ্রিঃ—বি.পুং (ইন্দ্র + ইঞ্) জয়ন্ত, সুগ্রীব, অর্জ্জুন, বালী।

ঐন্দ্রিয়ক—বিণ.ত্রি. (ইন্দ্রিয়+বুঞ্) ইন্দ্রিয় সম্বন্ধীয়।

ঐরাবণঃ—বি, পুং (ইরা বন—অণ্) ইন্দ্রহস্তী।

ঐরাবতঃ—বি, পুং (ইরাবৎ—অণ্) ইন্দ্রহস্তী।

ঐরেয়ম্—বি, ক্লী (ইরা—ঢক্) অন্ন হইতে জাত মদ্য।

ঐলঃ—বি, পুং (ইলা—অণ্) চন্দ্রবংশীয় পুরূরবা।

ঐলেয়ম্—বি.ক্লী (এলা + ঢক্) গন্ধদ্রব্য বিশেষ।

ঐলবিলঃ—বি, পুং (ইলবিলা—অণ্) কুবের।

ঐশানী—বি, পুং (ঈশান — ষ্ণ — ঈপ্) ঈশান কোণ।

ঐশ —(ঈশ-অন্)
ঐশিক —বি.■ (ঈশ—ঠক্) ঈশ্বর সম্বন্ধীয়।

ঐশ্বর্য্য—বি, ক্লী (ঈশ্বর—ষ্যঞ্) প্রভুত্ব। সম্পত্তি। অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কাম বসায়িতা এই অষ্টবিধ শক্তি।

ঐষমঃ (স)—অব্য; এই বৎসরে।

ঐষীকম্ —
ঐশীকম্ —বি.ক্লী (ইশীকা—অণ্) মহাভারতের অন্তর্গত পর্ব্ববিশেষ।

ঐহলৌকিক—বি.ণ ত্রি. (ইহলোক + ঠঞ্) এইলোকে জাত, এইলোক সম্বন্ধীয়।

ঐহিক—বি.ণ (ইহ—ঠঞ্) ইহলোক সম্বন্ধীয়।

ও—অব্য, (ও-বিচ্) পুং; ব্রহ্মা, ত্রয়োদশ স্বরবর্ণ। সম্বোধন। অভিপ্রায়। স্মরণ। দয়া। (প্রা) এবং। অগ্রবর্ত্তী। উনি।

ওক—বি, পুং (উচ + ক) পক্ষী। (অধি—ক) গৃহ, স্থান।

ওকঃ (স)—বি.ক্লী (উচ + অসুন্) স্থান, আশ্রয়।

ওঁকারঃ—বি, পুং (ওঁ—কার) প্রণব।

ওকোদনী—বি.স্ত্রী (ওক+ওদন+ঈপ্) উকুন।

ওঘঃ—বি.পুং (উচ্ + ঘঞ্) সমূহ। প্রবাহ, পরম্পরা।

ওজঃ (স)—বি, ক্লী (উব্জ + অস্) তেজঃ। বল। (ভাবে অল্) দীপ্তি। শোভা। কাব্যের গুণ বিশেষ।

ওজস্বী (স্বিন্)—বি.ণ (ওজস্—বিন্) ওজোগুণ বিশিষ্ট।

ওজিষ্ঠ—(প্রা) বিণ. (ওজস্বিন্-ইষ্ঠন্) তেজস্বী, বলবান্।

ওড়ী—বি.স্ত্রী (উ + ড + ঈপ্) নীবার ধান্য।

ওড্র—বি, ক্লী (আ—উড + — রক্) জবাপুষ্প। পুং, (বহু) উৎকলদেশ।

ওতঃ—বি.ণ (আ—বে + ক্ত) গ্রথিত। ক্লী ; বস্ত্রের দীর্ঘতন্তু, টানা।

ওতু—বি, পুং (অব + তুন্) বিড়াল।

ওদনম্—বি, পুং, ক্লী (উন্দ + যুচ্) অন্ন, ভাত।

ওম্—অব্য (অ ব—মন্) প্রণব। ব্রহ্ম। স্বীকার। আরম্ভ। মঙ্গল। অপাকরণ।

ওল—বি, ক্লী (আ—উন্দ-ক) মূল বিশেষ।

ওলণ্ড—(ভ্বাদি-ধাতু) উপরদিকে ছোঁড়া।

ওল্ল—বিণ. প্রতিভূ, জামিন হিসাবে আগত।

ওষঃ—বি, পুং (উষ—ভাবে ঘঞ্) দাহ।

ওষণঃ—বি.ণ (উষ—কর্ত্তৃ অন) দাহকারক। কটুরস, ঝাল।

ওষধিঃ— বি. পুং ফলপাকার সঙ্গে যে বৃক্ষ মরে যায়।

ওষধিপতিঃ—বি.পুং ; চন্দ্র।

ওষধিপ্রস্থ—বি, পুং ক্লী; হিমালয়ের নগর। গঙ্গা ব্রহ্মালোক হইতে সেই স্থানে পতিত হন এবং তাহারই অনতিদূরে শিব তপস্যা করিয়াছিলেন।

ওষধী(ধিঃ)—বি, স্ত্রী (ওষ—ধা—অধি—কি) যে সকল লতা রাত্রিতে দীপ্তি পায়, জ্যোতির্লতা। ফল পক্ক হইলে যে সকল তরু লতাদি বিনষ্ট হয়, যেমন—কদলীবৃক্ষ, কুষ্মাণ্ড লতা, ধান্য প্রভৃতি।

ওষধীশঃ—বি, পুং (ওষধি—ঈশ) চন্দ্র।

ওষ্ঠ—বি, পুং (উষ—কর্ম্ম—থন্) ঠোঁট।

ওষ্ঠ্য—বি.ণ (ওষ্ঠ—য) ওষ্ঠদ্বারা উচ্চার্য্যমাণ-বর্ণ।

ওষ্ণ—বিণ. ঈষৎ গরম।

ঔ—অব্য; (আ-অব্-ক্বিপ, ঊঠ) চতুর্দ্দশ স্বরবর্ণ। সম্বোধন। আহ্বান। নিষেধ। নির্ণয়। বিরোধ। স্ত্রী; পৃথিবী। পুং; অনন্ত।

ঔক্ষম্—বি, ক্লী (উক্ষন্—ষ্ণ) বৃষসমূহ।

ঔখ্য—বি.ণ (উখা—ষ্ণ্য) স্থালীপক্ক।

ঔচিতী —বি, স্ত্রী (উচিত—ষ্ণ—ঈপ্)
ঔচিত্যম্ —বি, ক্লী (উচিত—ষ্ণ্য) উপযুক্ততা, ন্যায্যতা।

ঔজসিক—বিণ. ত্রি (ওজস + ঠক্) তেজস্বী।

ঔডুম্বর—বিণ (উডুম্বর—ষ্ণ) উডুম্বর কাঠনির্ম্মিত। তাম্রনির্ম্মিত। বি, পুং; যম বিশেষ। মুনিবিশেষ। ক্লী; তাম্র।

ঔড্রঃ—বি.ণ (ওড্র—ষ্ণ) উৎকলবাসী।

ঔত্তানপাদিঃ—বি, পুং (উত্তানপাদ + ইঞ্) উত্তানপাদ রাজার পুত্র, ধ্রুব।

ঔৎপাতিক—বি.ণ (উৎপাত + ঠক্) দৈবসম্বন্ধীয়। অশুভসূচক।

ঔৎসুক্যম্—বি, ক্লী (উৎসুক + ষ্ণ) ব্যগ্রতা, উৎকণ্ঠা।

ঔদক—বিণ.ত্রি. (উদক + অন্) জলজ।

ঔদনিক—বি.ণ. তি. (উদন + ঠঞ্) পাচক।

ঔদানিক—বি.ণ (ওদন + ষ্ণিক) পাচক।

ঔদরিক—বি.ণ (উদর + ষ্ণিক) যে উদরমাত্র পোষণে রত, পেটুক, উদরম্ভরি।

ঔদার্য্যম্—বি.ক্লী (উদার + ষ্ণ্য) উদারতা, মহত্ব। দাতৃত্ব, বদান্যতা।

ঔদাসীন্যম্—(উদাসীন + ষ্যঞ্)

ঔদাস্যম্—(উদাস + ষ্যঞ্) বি, ক্লী ; উপেক্ষা। বৈরাগ্য। অমনোযোগ।

ঔদুম্বর—বি.ণ. ত্রি. উদুম্বর সম্বন্ধীয়।

ঔদ্দালক—বি, ক্লী (উদ্দাল + কঞ্) বল্মীক কীটজ মধু বিং। পুং, মুনি বিং।

ঔদ্ধত্যম্—বি. ক্লী (উদ্ধত + ষ্যঞ্) অনম্রতা, ধৃষ্টতা, প্রগল্‌ভতা।

ঔদ্বাহিক—বি.ণ (উদ্বাহ + ষ্ণিক) বিবাহকালে লব্ধ যৌতুক। বিবাহসম্বন্ধীয়।

ঔদ্ভিজ্জম্—বি, ক্লী. (উদ্ভিজ্জ + অন)

ঔদ্ভিদ্—বি. ত্রি. (উদ্ভিদ + অন) উদ্ভিদ্ সম্বন্ধীয়, সোরা।

ঔধস্যম্—বি,ক্লী (উধস্ + ষ্যঞ্) পশুর স্তন দুগ্ধ।

ঔপকর্ণিক—বি.ণ (উপকর্ণ + ষ্ণিক) কর্ণ পর্য্যন্ত গত।

ঔপগবক—বি.ক্লী (উপগু + অঞ্ + কপ্) উপগু গোত্রজ।

ঔপচারিক—বিণ.ত্রি. (উপচার + ঠক্) উপচার সম্বন্ধীয়।

ঔপচ্ছন্দসিকম্—বি.ক্লী (উপচ্ছন্দস্ + ঠক্) ছন্দোবিশেষ।

ঔপজানুক—বিণ.ত্রি. (উপজানু + বুঞ্) জানুপর্যন্ত বিলম্বিত।

ঔপনিষদ—বিণ.ত্রি (উপনিষৎ + অণ্) উপনিষদ সম্বন্ধীয়।

ঔপনীবিক—বি.ণ (উপনীবি + ষ্ণিক) নীবি সমীপে স্থিত।

ঔপম্য—বি, ক্লী (উপমা + ষ্যঞ্) সাদৃশ্য।

ঔপয়িক—বি.ণ (উপায় + ষ্ণিক) উপায়লব্ধ। যুক্তিসঙ্গত। বিস। ক্লী; উপায়।

ঔপস্থিক—বিণ. (উপস্থ-ঠক) ব্যাভিচার দ্বারা জীবিকা নির্ব্বাহ কারী।

ঔপল—বিণ.ত্রি (উপল + অণ্) উপল সম্বন্ধীয়।

ঔপসর্গিক—বিণ.ত্রি. (উপসর্গ + ঠঞ্) উপসর্গ সম্বন্ধী।

ঔপাধিক—বি.ণ (উপাধি + ষ্ণিক) উপাধি সম্বন্ধীয়। অস্থায়ী।

ঔপাধ্যায়ক—বিণ.ত্রি. (উপাধ্যায় + বুঞ্) উপাধ্যায় সম্বন্ধীয়।

ঔরস—বি.ণ (উরস্ + ষ্ণ) দ্বাদশ প্রকার। পুত্রের মধ্যে ধর্ম্মপত্নীর গর্ভে স্বয়ং উৎপাদিত সন্তান।

ঔরভ্রম্—বিণ.ক্লী, (উরভ্র + অণ্) কম্বল, মেষমাংস। ত্রি. মেষমাংস সম্বন্ধীয়।

ঔর্দ্ধদেহিক | —বি.ণ (ঊর্দ্ধদেহ + ষ্ণিক)
ঔর্দ্ধ্বদেহিক | —দেহান্তে কর্ত্তব্য প্রেতকর্ম্ম, অগ্নিসংস্কার, তর্পণাদি, অন্ত্যেষ্টিক্রিয়া।

ঔর্ব্ব—বি, পুং (উর্ব্ব + ষ্ণ) বাড়বানল।

ঔর্ব্বশেয়—বি, পুং (উর্ব্বশী + ঢক্ষ) উর্ব্বশী পুত্র। অগস্ত্য।

ঔর্ব্য—বি.পুং (উর্ব + ষ্যঞ্) মুনিবিশেষ।

ঔলু(লূ)ক্য—বি.ণ উলু (লূ) ক + ষ্যঞ্) উলুকপ্রণীত বৈশেষিক দর্শন।

ঔশনসম্—বি, ক্লী (উশস্ + ষ্ণ) শুক্রাচার্য্য প্রণীত নীতিশাস্ত্রাদি।

ঔশীরঃ—বি, পুং (উশীর + ষ্ণ) উশীর নির্ম্মিত চামরদণ্ড। ক্লী; উশীরময় শয্যা, চৌকী, কেদারা।

ঔষধম্—বি,ক্লী (ওষধি—ষ্ণ) রোগনাশক বস্তু, ভেষজ।

ঔষধাজীব—বি.ণ (ঔষধ—আজীব) ঔষধ বিক্রয়কারী।

ঔষধালয়ঃ—বি, পুং; যেখানে ঔষধ থাকে, ডাক্তারখানা।

ঔষর—বিণ.ত্রি. (উষর-অণ্) উষর ভূমিজাত।

ঔষস—বি.ণ (উষ + ষ্ণ) উষা সম্বন্ধীয়।

ঔষ্ট্র—বি.ণ. ত্রি. (উষ্ট্র + অন্) উষ্ট্রসম্বন্ধীয়।

ক

কঃ—বি,পুং (কচ্ + ড) ব্রহ্মা। বিষ্ণু। কন্দর্প। অগ্নি। বায়ু। যম। সূর্য্য। আত্মা। দক্ষ। রাজা। গ্রন্থি। ময়ূর। মন। শরীর। কাল। ধন। শব্দ। ১ম ব্যঞ্জনবর্ণ। ক্লী, মস্তক। জল।

ককন্দঃ—বি.পুং; (কক-অন্দচ্) স্বর্ণ, নৃপ।

কংশঃ | —(কম + শ) বি, পুং ;
কংসঃ | —(কম + স) অসুর বিং; যদুবংশীয় উগ্রসেন রাজার পুত্র, কৃষ্ণের মাতুল। (কর্ম—শ, স) পুং, ক্লী ; মদ্য পানাদি পাত্র। স্বর্ণ রজতাদি নির্ম্মিত পাত্র। আঢ়ক পরিমাণ। তাম্র রঙ্গ মিশ্রিত ধাতু বিশেষ, কাঁসা।

কংসকারঃ—বি, পুং (কংস—কৃ + অণ্) জাতি বিং, কাঁসারি, কাংসবণিক্।

কংসকৃষ্—বি. পুং, (কংস—কৃষ + ক্বিপ্) বাসুদেব।

কংসজিৎ—বি.পুং (কংস+জি+ক্বিপ্) শ্রীকৃষ্ণ।

কংসমতী—বি.স্ত্রী ; কংসভগিনী।

কংসহন্—বি.পুং (কংস—হন্ + ক্বিপ্) বিষ্ণু।

কংসাবতী—বি.স্ত্রী ; কংসভগিনী।

কংসারাতিঃ | —(কংস + অরাতি)
কংসারিঃ | —(কংস + অরি) বি, পুং। কংসের শত্রু, শ্রীকৃষ্ণ।

ককুঞ্জলঃ—বি.পুং (ক - কুজ্ + অলচ্) চাতকপক্ষী।

ককুৎস্থঃ—বি, পুং (ককুদ—স্থা + ড) সূর্য্যবংশীয় নৃপতি বিশেষ। ইনি বৃষরূপী ইন্দ্রের ককুদে আরোহণ করিয়া অসুর যুদ্ধে জয়লাভ করেন।

ককুদ্ | —(ক-কু-ক্বিপ) বি, স্ত্রী ;
ককুদ | —বি, পুং ক্লী ; বৃষের ঝুঁটি। ছত্র চামরাদি রাজ চিহ্ন। পর্ব্বতের শৃঙ্গ। বি.ণ; পুং; ক্লী ; শ্রেষ্ঠ।

ককুদ্মতী—বি, স্ত্রী (ককুদ—মতুপ্ + ঈপ্) কটিদেশ।

ককুদ্মী (দ্মিন্)—বি, পুং (ককুদ + মিন্) বৃষ। বলরাম ভার্য্যা রেবতীর পিতা।

ককুন্দরম্—বি.ক্লী (ক - কু - দৃ + খচ্) নিতম্বস্থ আবর্তাকার গর্তদ্বয়।

ককুভ্ (ভা)—(কক— উভ + আপ্) বি, স্ত্রী ; দিক্। রাগিনী বিং। শোভা। চম্পকমালা। শাস্ত্র।

ককুভঃ—বি, পুং (ক—স্কুনভ + ক) রাগ বিং। বীণার অলাবু, বীণার অগ্রস্থিত বক্রকাষ্ঠ। কুটজ বৃক্ষ। পক্ষি বিশেষ।

কক্কোলঃ—বি, পুং (কক + ক্বিপ্ + কুল + অচ্) গন্ধদ্রব্য বিশেষ, কাঁকলা।

কক্খট—বি.ণ (কক্খ + অটন্) কঠিন।

কক্খটা—বি, স্ত্রী ; খড়ী, কঠিনী।

কক্ষঃ—বি, পুং (কষ + স) বাহুমূল, বগল। কচ্ছ, কাছা। প্রকোষ্ঠ, কুঠরী, মহল। রোগবিশেষ। অঞ্চল, আঁচল। গ্রহগণের পরিভ্রমণের গোলাকার পথ। তৃণ। শুষ্ক বন। লতা। পার্শ্বভাগ। রাজান্তঃপুর। পাপ। স্পর্দ্ধাস্পদ, বিরোধী।

কক্ষা | — (কষ-স-টাপ্)
কক্ষ্যা | —বি, স্ত্রী ; হস্তিবন্ধন রজ্জু, স্ত্রীলোকের কটিবদ্ধ, চন্দ্রহার। কুঠরী, মহল। বাহুমূল। রথের অন্তর্গত স্থান বিশেষ, গৃহভিত্তি। বস্ত্রাঞ্চল। কচ্ছ, কাছা। প্রতিযোগিতা, বিরোধিতা।

কক্ষাবেক্ষকঃ—বি, পুং (কক্ষা + অবেক্ষক) দ্বারপাল। উদ্যানপাল। অন্তঃপুর রক্ষক। চিত্রকর। কবি। লম্পট।

কঙ্কঃ—বি, পুং (কন্‌ক+অন্) কাঁক। বিরাট সভায় অবস্থিতি কালে যুধিষ্ঠিরের নামান্তর। কপট ব্রাহ্মণ। যম। ক্ষত্রিয়। কংসের ভ্রাতা।

কঙ্কটঃ—বি, পুং (কন্ক+অটন্) ধর্ম্ম, সাঁজোয়া।

কঙ্কণম্—বি, ক্লী (ক—কণ্ +অচ্) করভূষণ। বিবাহকালে হস্তসূত্র। শেখর।

কঙ্কতম্ —বি, ক্লী (কন্ক+অতচ্) কঙ্কতিকা—
কঙ্কতী —বি, স্ত্রী ; চিরুণী, কাঁকুই, প্রসাধনী।

কঙ্কপত্রঃ—বি, পুং ; সাঁড়াশী, চিম্‌টা।

কঙ্করম্—বি, ক্লী (ক—কৃ + অচ্) কাঁকর। তক্র। বি.ণ; কঠিন।

কঙ্কালঃ—বি, পুং (কন্‌ক + কালন্) দেহের যথাস্থানে অবস্থিত অস্থিভাগমাত্র, অস্থি, পঞ্জরাস্থি। কাঁকাল, কটিদেশ।

কঙ্কালমালী (লিন্)—বি, পুং (কঙ্কালমালা—ইন্) রুদ্র।

কঙ্কেলিঃ (ল্লি)—বি.পুং ; (কম্ + কেলি) অশোকবৃক্ষ।

কঙ্গরাজ্যম্—বি, ক্লী ; উত্তরে কর্ণাটদেশ, দক্ষিণে সমুদ্র এবং পশ্চিমে কেরলদেশ ইহার মধ্যবর্ত্তী রাজ্য বিশেষ।

কঙ্গুঃ—বি, স্ত্রী ; ধান্য বিং, যাহার তণ্ডুল পীতবর্ণ, কাঙ্গনি ধান্য।

কচঃ—বি, পুং (কচ + অল্) কেশ। (কর্ত্তৃ—অল্) বৃহস্পতির পুত্র। মেঘ। শুষ্কব্রণ।

কচাচিত—বিণ.ত্রি. (কচ্ + অচিত) ব্যাপ্ত বা বিক্ষিপ্ত কেশ।

কচাকচি—(অব্য) চুলোচুলি।

কচু —(কচ + উ)
কচ্চী —বি, স্ত্রী ; কচুগাছ। কচুগাছের মূল।

কচ্চর—বি.ণ (কু—চর + অন্) মলিন। দুরাত্মা। ক্লী ; তক্র।

কচ্চিৎ—অব্য; (কম্-চি + ক্বিপ্) অভিপ্রায়-জ্ঞাপন। প্রশ্ন।

কচ্ছঃ—বি, পুং (কচ + ছ) বৃক্ষ বিং, তুঁদগাছ। নৌকার পশ্চাৎ ভাগ। জলাশয়ের সন্নিহিত ভূভাগ, তীর। পর্ব্বতের সন্নিহিত সমতল ভূমি। জলময়দেশ। পুং, স্ত্রী ; বস্ত্রাঞ্চল, কাছা।

কচ্ছটিকা—বি, স্ত্রী ; কাছা।

কচ্ছপঃ—বি, পুং (কচ্ছ—পা + ড) কূর্ম্ম। নিধি বিশেষ। মরুযুদ্ধের যুদ্ধ বিশেষ।

কচ্ছপী—বি, স্ত্রী ; স্ত্রী কচ্ছপ। সরস্বতীর বীণা।

কচ্ছু —
কচ্ছূ —বি, স্ত্রী (কষ্ + উ, ঊ) খোস রোগ, চুলকনা ; কণ্ডুরোগ।

কচ্ছুর—বি.ণ; কণ্ডুরোগবিশিষ্ট। পরস্ত্রীগামী। (স্ত্রী—রা) বেশ্যা।

কজ্জলম্—বি, ক্লী (কু + জল) কাজল, অঞ্জন। কালি, মসী। পুং; মেঘ।

কজ্জলী—বি, স্ত্রী ; পারা ও গন্ধক ঘটিত ঔষধ।

কঞ্চিঃ —
কঞ্চিকা —
কঞ্চী —বি, স্ত্রী ; বাঁশের শাখা।

কঞ্চুকঃ—বি. পুং (কনচ্ + উক) কবচ, সাঁজোয়া। কাঁচুলি, জামা। সাপের খোলস্, নির্ম্মোক।

কঞ্চুকালঃ—বি.পুং (কঞ্চুক-আলুচ্) সাপ।

কঞ্চুকী (কিন্)—বি, পুং (কঞ্চুক + ইন্) অন্তঃপুরের ক্লীব রক্ষক। রাজার অন্তঃপুরে নিযুক্ত গুণবান্ বৃদ্ধব্রাহ্মণ। সর্প। লম্পট। কবচধারী। চণক।

কঞ্চুলিকা —(কচ-উল্লচ-ঙীষ্)
কঞ্চুলী —বি, স্ত্রী, কাঁচুলী।

কঞ্জ—বি, পুং (কম্—জন + ড) ব্রহ্মা। কেশ। ক্লী; পদ্ম। অমৃত। বি.ণ; জলজাত।

কঞ্জকঃ —(কঞ্জ—কৈ+ড)।
কঞ্জলঃ —(কঞ্জ—লা+ড) বি, পুং; ময়না পাখী।

কঞ্জনাভঃ—বি, পুং (কঞ্জ=ব্রহ্মা—নাভি) যাহার নাভি হইতে ব্রহ্মা উৎপন্ন হন, বিষ্ণু।

কঞ্জিকা—বি, স্ত্রী ; বামনহাটীর গাছ।

কটঃ—বি, পুং (কট + অন্) হস্তীর গণ্ডস্থল। তৃণাসন, মাদুর। তৃণ। তক্তা। শব। (অধি—অল্) শ্মশান। (করণ—অল্) শবের রথ। (কর্ম্ম—অল্) কটিদেশ। (ভাবে—অল্) অতিশয়। সময়বদ্ধ।

কটকঃ—বি, পুং ক্লী (কট + বুণ) পর্ব্বতের নিতম্বদেশ, সানু। বলয়, পালা। সৈন্য। সেনা সন্নিবেশ, শিবির। সৈন্ধব লবণ। রাজধানী। চক্র। হস্তিদন্তমণ্ডল।

কটকোলঃ—বি, পুং ; পিকদানী (ত্রিকাণ্ড শেষ)।

কটঙ্কটঃ—বি. পুং; অগ্নি। শিব গণেশ; স্বর্ণ।

কটদানম্—বি, ক্লী; হরির পার্শ্বপরিবর্ত্তন।

কটপূতন—বি, পুং; প্রেতবিশেষ।

কটপ্রূ—বি, পুং (কট—প্র+—কর্ত্তৃ—ক্বিপ্)। শিব, যক্ষ, রাক্ষস, কটকার।

কটা—বি, রূক্ষ, গৌরবর্ণ।

কটাক্ষঃ—বি, পুং (কট + অক্ষি) চক্ষুর প্রান্তভাগ দ্বারা দর্শন অপাঙ্গদৃষ্টি, আড়চোখে চাওয়া।

কটাহঃ—বি, পুং (কট—আ—হন + ড) পাত্র বিশেষ, কড়া। কচ্ছপের খোলা। মহিষশিশু। দ্বীপ বিং। নরক বিশেষ।

কটিঃ —(কট-ইন)
কটী —বি,স্ত্রী (কট + ই) কোমর। হস্তীর গণ্ডস্থল।

কটিত্রম্—বি, ক্লী (কটি—ত্রৈ—ড) কটি বস্ত্র। কোমরবন্ধ। চন্দ্রাহার, ঘুনসী, গোট।

কটিপ্রোথঃ—বি, পুং ; নিতম্বের নিম্নস্থ মাংসপিণ্ড।

কটিবন্ধঃ—বি, পুং (কটি—বন্ধ + ঘঞ্) যে সূত্রাদি দ্বারা কটি বন্ধন করা যায়, কোমরবন্ধ। ভূগোলে পৃথিবীর মধ্যস্থান বেষ্টনকারি-কল্পিত রেখা।

কটিসূত্রম্—বি, ক্লীং, কটিবন্ধ, চন্দ্রহার

কটীতলঃ—বি, পুং ; কটিদেশে বহনযোগ্য অস্ত্রবিশেষ।

কটীরঃ —
কটীরকঃ —বি, পুং, ক্লী (কট + ঈরন, পক্ষে ক) কটিদেশ। পুং; জঘন। গিরিগুহা।

কটু—বি, ণ (কট + উ) ঝাল। তিক্ত। কষায়। অপ্রিয়, কর্ক্কশ। উষ্ণ। সুরভি। কুৎসিত। (কর্ম্ম—উ) অকার্য্য।

কটোরঃ(রম্)—বি. (কট্-ঈরন্) গুহা, গর্ত। গাছের গর্ত।

কটোরা—বি, স্ত্রী (কট + ওরন + টাপ্) ক্ষুদ্র মৃণ্ময়পাত্র, খুরী, কট্‌রা।

কটোলঃ—বি, পুং (কট + ওল) চণ্ডাল। কটুরস।

কট্টারঃ—বি, পুং (কট + ক্ত, ঋ—কর্ত্তৃ—অন) অস্ত্র বিং, কাটারি।

কঠ—বি, পুং (কঠ + অন্) মুনিবিশেষ। কঠশাখাধারী। স্ত্রী—ঠী। (কর্ম্ম—অন্) বেদের অংশবিশেষ।

কঠিন—বি-ণ, (কঠ + ইন) দৃঢ়। নিষ্ঠুর।

কঠিনিকা —
কঠিনী —বি, স্ত্রী (কঠ + ইন) খড়ী।

কঠোর—বি ণ (কঠ + ওরন্) কঠিন। পূর্ণ। জীর্ণ। দুষ্কর।

কড়—বি ণ (কড + অল) উন্মত্ত। মূর্খ। বঙ্গ ভাষায় গালা নির্মিত বলয়।

কড়ঙ্করঃ —(কড়—কৃ + খচ্)
কড়ঙ্গরঃ —(কড়—গৃ + খচ্) বি, পুং ; কুঁড়া, ভূষি, তুষ।

কড়ঙ্গরীয়—বি ণ (কড়ঙ্গর+ছ) যে জন্তু ভূষি খায়।

কড়ম্বঃ—বি, পুং ; শাকাদির ডাঁটা। অগ্রভাগ। অঙ্কুর। কদম্ব। (প্রা) বংশের অবলম্বন স্বরূপ শিশু।

কড়ত্রম্—বি.ক্লী (গড-অত্রন) জলাদি সেচের পাত্র বিং।

কড়ন্দিকা—(কলন্তিকা) বিজ্ঞান, শাস্ত্র।

কড়ার—বি, পুং ; পিঙ্গলবর্ণ, পীতের আভাযুক্ত গাঢ় নীল। বি-ণ ; পিঙ্গলবর্ণবিশিষ্ট।

কড়িতুলঃ—বি,পুং; তরবারি।
কণঃ—বি, পুং ; সূক্ষ্মাংশ। ধান্যাংশ।
কণা—বি, স্ত্রী ; সূক্ষ্মাংশ। জীরক। পিপুল।
কুম্ভীরমক্ষিকা।
কণভক্ষঃ—বি, পুং (কণ ভক্ষ-অচ) বৈশেষিক
দর্শন প্রণেতা মুনি। স্বর্ণকার
কণাটীরঃ—বি.পুং; (কণ-অট্-ঈরন্) খঞ্জন পক্ষী।
কণাদঃ —কণ—অদ + অন্)
কণভুক্ —(জ্) (কণ—ভুজ + ক্বিপ্) বি,
পুং ; বৈশেষিক দর্শন প্রণেতা মুনি।
স্বর্ণকার। চটক।
কণিকা—বি, স্ত্রী ; সূক্ষ্মাংশ।
কণিত—বি, ক্লী (কণ + ক্ত) আর্ত্তনাদ।
কণিশ—বি, ক্লী (কণ + শ) শস্যের শীষ।
কণে—অব্য ; (কণ-এ) তৃপ্তিসূচক অব্যয়
কন্টক—বি, পুং, ক্লী (কন্ট + ণক) কাঁটা।
মৎস্যের অস্থি। রোমাঞ্চ। নখ।
সূচাগ্র। পুং—ক্ষুদ্রশত্রু। ন্যায়ে—
দোষোক্তি। বিঘ্ন।
কন্টকদ্রুমঃ—বি, পুং ; কন্টকপ্রধান বৃক্ষ,
শাল্মলীবৃক্ষ।
কন্টকফল —. (বৃক্ষ অর্থে পুংলিঙ্গ ও ফল
কন্টকিফল — অর্থে ক্লীবলিঙ্গ)
কন্টকীফল —বি, পুং ; কাঁটাল গাছ। ধুতরা
গাছ। গোক্ষুর গাছ। ক্লী। কাঁটাল।
কন্টকাশনঃ—বি, পুং ; উষ্ট্র, উট।
কন্টকিত—বি-ণ (কন্টক + ইত) কন্টকযুক্ত।
রোমাঞ্চিত।
কন্টকী(কিন)—বি-ণ (কন্টক + ইন্)
কন্টকযুক্ত। বি, পুং ; মৎস্য বিং।
খর্জ্জুরাদি বৃক্ষ। বেউড় বাঁশ।
কণ্ঠ—বি, পুং, স্ত্রী, ক্লী (কণ + ঠ) গলদেশ।
কণ্ঠধ্বনি। পুং ; মদনবৃক্ষ।
কণ্ঠনালী—বি, স্ত্রী ; গলার নলী।
কণ্ঠমণিঃ—বি, পুং ; কণ্ঠে ধারণযোগ্য মণি।

কণ্ঠসূত্রম্—বি, ক্লী ; মাল্য। আলিঙ্গন বিশেষ।
কণ্ঠস্থ—বি-ণ (কণ্ঠ—স্থা + ড) গলদেশে
স্থিত। অভ্যস্ত, মুখস্থ।
কণ্ঠীরবঃ—বি, পুং ; সিংহ। মত্তহস্তী। কপোত।
কণ্ঠেকালঃ—বি, পুং ; শিব, নীলকণ্ঠ।
কণ্ঠ্য—বি-ণ, (কণ্ঠ + যৎ) বর্ণ বিং, কণ্ঠ হইতে
যে সকল বর্ণের উচ্চারণ হয়।
কণ্ডনম্—বি, ক্লী (কণ্ড + ল্যুট্) ধান্যাদি
কাঁড়ান, নিস্তুষীকরণ।
কণ্ডনী—বি, স্ত্রী (কণ্ড + ল্যুট-ঈপ্) ধান্যাদি
কাঁড়াইবার পাত্র, উথলি, উদুখল।
কণ্ডূঃ —(কণ্ড +উ)
কণ্ডূ —(কণ্ডু + ক্বিপ) বি. স্ত্রী.
কণ্ডুতিঃ —(কণ্ডু + ক্তি) বি, স্ত্রী ;
কণ্ডুয়নম্ —(কণ্ডুয় + ল্যুট) বি, ক্লী, চুলকান।
কণ্ডুল—বি. ণ (কণ্ডু + ল) যে গাত্রকণ্ডুয়ন
করে, কণ্ডুযুক্ত।
কণ্ডোলঃ—বি, পুং ; ধান্যাদি স্থাপন পাত্র বিশেষ।
কণ্বঃ—বি, পুং (কণ—কর্ত্তৃ—ব) মুনি বিশেষ;
ইনি শুক্ল যজুর্ব্বেদের এক শাখা
প্রণয়ণ করেন, তাহার নাম
কাণ্বশাখা। শকুন্তলার
পালকপিতা। ক্লী ; পাপ।
কতকঃ—বি, পুং ; জলপরিষ্কারক ফল বিং,
নির্ম্মলী ফল।
কতম—বি-ণ (কিম্ + ডতম) বহুর মধ্যে কে।
স্ত্রী ; মা।
কতর—বি-ণ (কিম্ + ডতর) দুয়ের মধ্যে
কে। স্ত্রী ; রা।
কতি—বি ণ (কিম্ + ডতি) কত।
কতিপয়—বি-ণ ; কতকগুলি। স্ত্রী ; য়া।
কতিবিধ—বি-ণ ; কতপ্রকার।
কথক—বি-ণ (কথ + ণক) যিনি পুরাণাদি
বর্ণনা করেন, বক্তা।
কথঙ্কারম্—অব্য (কথম্+চণম্) কেমন করিয়া।

কথঞ্চন —(কথম্ + চন) অব্য
কথঞ্চিৎ —(কথম্ + চিৎ) অব্য, কোনরূপে,
কোন প্রকারে।
কথনম্—বি, ক্লী (কথ + ল্যুট্) উক্তি, বলা।
কথনীয়—বি ণ (কথ + অনীয়) বলিবার
যোগ্য, বক্তব্য।
কথম্—অব্য; কি প্রকারে। কিজন্যে, কেন। প্রশ্ন।
সম্ভ্রম। নিন্দা। সম্ভাবনা। হর্ষ। ঘৃণা।
কথমপি—অব্য. অতি যত্নে। কষ্টে, গৌরব।
কথম্ভূত—বি-ণ; কি প্রকার।
কথা—বি, স্ত্রী (কথ + টাপ্) উচ্চারণ। উক্তি,
বাক্য। গল্প, উপাখ্যান।
সত্যমিশ্রকল্পিত গল্পগ্রন্থ।
কথাপ্রসঙ্গঃ—বি, পুং ; কথোপকথন, কথায়
কথায়। বিষবৈদ্য, সাপুড়ে।
কথান্তরম্—বি, ক্লী ; কথাবসর।
কথাসরিৎসাগরঃ—বি, পুং ; সোমদেবভট্টপ্রণীত
গ্রন্থবিশেষ, এই গ্রন্থ
কাশ্মীরাধিপতি শ্রীহর্ষদেবের
সময়ে রচিত হয়।
কথিত—বি-ণ (কথ + ক্ত) উক্ত।
কথিতপদতা—বি, স্ত্রী ; অলঙ্কার শাস্ত্রে
পুনরুক্তি দোষ।
কথীকৃত—বি-ণ (কথা—চ্বি—কৃ + ক্ত)
কথামাত্রাবশিষ্ট, যাহা কেবল
কথায় মাত্র থাকে।
কথোপকথনম্—বি, ক্লী, পরস্পর কথা বলা,
উক্তি প্রত্যুক্তি।
কদগ্নিঃ—বি, পুং ; (কু—অগ্নি) মন্দাগ্নি।
কদনম্—বি, ক্লী ; মারণ। পীড়ন। যুদ্ধ।
মর্দ্দন। পাপ।
কদন্নম্ —বি, ক্লী (কু—অন্ন) জঘন্য খাদ্য।
কদম্ব—বি, পুং, বৃক্ষ বিং। ক্লী ; উহার পুষ্প।
সমূহ।
কদম্বকম্—বি, ক্লী (কদম্ব + কন) সমূহ।

কদর্থনম্ —বি, ক্লী (কু—অর্থ যুচ্)
কদর্থনা —বি, স্ত্রী (কু—অর্থ + ণিচ্ + অন
+ টাপ্) বিড়ম্বনা। অবমাননা। দোষ।
ঘৃণা। বিফলীকরণ। পীড়ন।
কদর্থিত—বি-ণ (কু—অর্থ—ণিচ্ + ক্ত)
বিড়ম্বিত। অবমানিত। দূষিত।
ঘৃণিত। বিফলীকৃত। পীড়িত।
কদর্য—বি-ণ (কু + অর্য্য) কুৎসিত। ক্ষুদ্র।
কৃপণ। নীচ।
কদল—বি, পুং ; (কদ + কলচ্) কলাগাছ।
ক্লী ; তাহার ফল।
কদলী—বি, স্ত্রী ; কলগাছ। পতাকা।
মৃগীবিশেষ।
কদলীদণ্ডঃ—বি, পুং ; ঘোড়।
কদা—অব্য (কিম্ + দা) কখন, কবে।
কদাকার—বি-ণ (কু +আকার) বিশ্রী।
কদাচারঃ—বি, পুং ; মন্দব্যবহার। বি-ণ ; মন্দ
আচরণবিশিষ্ট।
কদাচিৎ—অব্য (কদা + চিৎ) কোন সময়ে।
কদাপি—অব্য, কখনও।
কদুষ্ণ—বি-ণ ; অল্পগরম, ঈষদুষ্ণ।
কদ্রুঃ—বি-ণ (কদ্ + রু) পিঙ্গলবর্ণ। বি, স্ত্রী ;
দ্রূ, দ্রু—কশ্যপপত্নী, সর্পজননী।
কনকম্—বি, ক্লী (কন + অক) সুবর্ণ। পুং ;
ধুতুরাগাছ।
কনকপত্রম্—বি, ক্লী ; সুবর্ণনির্ম্মিত কর্ণের
আভরণ।
কনকময়—বি-ণ (কনক—ময়ট্) স্বর্ণনির্ম্মিত।
স্ত্রী, য়ী।
কনকাচলঃ—বি, পুং; সুমেরুপর্ব্বত।
কনকাঞ্জলিঃ—বি, পুং ; সুবর্ণপূর্ণ অঞ্জলি।
বিবাহের পর বরকন্যার যাত্রাকালে কন্যা
কর্ত্তৃক পিতাকে দেয় দান বিশেষ।
কনকালুকা—বি, স্ত্রী ; স্বর্ণঘট। সুবর্ণনির্ম্মিত
ভৃঙ্গার ঝারি।

কনখলঃ—বি, পুং ; কুরুক্ষেত্রের উত্তরে গঙ্গা-তীরবর্তী তীর্থবিশেষ।

কনিষ্ঠ—বি-ণ (যুবন্, অল্প + ইষ্ঠ) বয়সে ছোট, অনুজ। অতিক্ষুদ্র। স্ত্রী ; কনিষ্ঠা অঙ্গুলি বিং।

কনীনিকা—বি, স্ত্রী (কন + ঈন + কণ + টাপ্) চক্ষুর তারা।

কনীয়ান্(য়স)—বি-ণ (যুবন, অল্প, ঈয়সু। অতিক্ষুদ্র, কনিষ্ঠ। স্ত্রী ; য়সী।

কনেরা—বি. স্ত্রী (কন-এরন-টাপ্) বেশ্যা। হস্তিনী।

কন্তুঃ—বি, পুং ; (কম্-তুন্) কন্দর্প।

কন্থা—বি, স্ত্রী (কম্-থল্-টাপ্) কাঁথা।

কন্দ—বি, পুং, ক্লী (কন্দ —অচ্) মূল, আলু প্রভৃতি।

কন্দর—বি, পুং স্ত্রী (রা, রী) (ক—দৃ অপ্) পর্ব্বতগুহা। পুং ; অঙ্কুশ। ক্লী ; আর্দ্রক, আদা।

কন্দর্পঃ—বি, পুং (কম্—দৃপ—কর্ত্তৃ—অন্) ব্রহ্মার মানসপুত্র, কামদেব।

কন্দলঃ—বি, পুং ; (কন্দ-অলট্) কলহ, বিবাদ। কপাল। স্বর্ণ। ক্লী ; কলধ্বনি। নবাঙ্কুর। স্ত্রী ; লী—মৃগ বিং। পতাকা। কদলী

কন্দুঃ—বি, পুং, স্ত্রী (ন্দু, ন্দূ) (স্কন্দ-উ) ভর্জ্জনপাত্রবিশেষ, কড়া, তাওয়া।

কন্দুকঃ —
কন্দূকঃ —বি, পুং ; গেণ্ডুক, খেলিবার গোলা ভাঁটা।

কন্ধরঃ —বি, পুং ; (ক—ধৃ—খ)
কন্ধরা —বি, স্ত্রী গ্রীবা, কাঁধ। পুং মেঘ।

কন্যকা —বি, স্ত্রী(কন্যা-কন্-টাপ্)
কন্যা —বি, স্ত্রী (কন + য-টাপ্) দশবর্ষবয়স্কা কুমারী। অবিবাহিতা নারী। নারী। আত্মজা। কন্যারাশি।

কন্যাকালঃ—বি, পুং ; অবিবাহিতা নারীর দশম বৎসর বয়স।

ক[illegible]দূষণম্—বি, ক্লীং ; কুমারীধর্ষণ।

কপট—বি, পুং, ক্লী (ক = মস্তক + পট = আচ্ছাদক) ছল। বঞ্চনা, মায়া।

কপটী(টিন)—বি-ণ ; যে বঞ্চনা করে বঞ্চক।

কপর্দঃ —(ক-পর-দৈপ-ক)
কপর্দকঃ —বি, পুং ; শিবের জটা। কড়ি।

কপর্দী(র্দিন্) —বি-ণ (কপর্দ্দ—ইন্) শিব।

কপাট—বি, পুং, ক্লী (ক— পট— ণিচ্— কর্ত্তৃ—অন) দ্বারের আবরণ।

কপালঃ—বি, পুং, ক্লী (ক—পাল + অন্) মাথার খুলি। ললাটদেশ। ভিক্ষাপাত্র। কলসের অর্দ্ধাংশ। খাপরা, খোলা।

কপালভৃৎ—বি, পুং (কপাল—ভৃ + ক্বিপ্) শিব।

কপালমালী(লিন)—বি, পুং ; শিব। স্ত্রী লিনী—দুর্গা।

কপালিকা—বি, স্ত্রী (কপাল + কন্ + টাপ্) ক্ষুদ্র কপাল।

কপালী(লিন)—বিণ, ত্রি পুং ; (কপাল + ইন্) কপালধারী, শিব, কপিলবন।

কপিঃ—বি, পুং (কপ—ই) বানর। বিষ্ণু।

কপিকেতনঃ—বি, পুং ; অর্জ্জুন।

কপিঞ্জলঃ—বি, পুং ; চাতকপক্ষী। মুনী বিং।

কপিধ্বজঃ—বি, পুং ; অর্জ্জুন।

কপিপ্রিয়ঃ—বি, পুং, আমড়াগাছ, কপিত্থবৃক্ষ।

কপিলঃ—বি, পুং ; পিঙ্গলবর্ণ। পীত আভাযুক্ত কৃষ্ণবর্ণ। সাঙ্খ্যদর্শন প্রণেতা মুনি। বিষ্ণু। দৈত্যবিশেষ। অগ্নি। কুক্কুর। স্ত্রী, বি. ণ ; পিঙ্গলবর্ণ বিশিষ্ট।

কপিশঃ—বি, পুং ; নীল পীত মিশ্র বর্ণ, পাঁশুটে-রং। স্ত্রী ; শা—নদী বিং। মাধবীলতা। বি.ণ ; পাঁশুটে বর্ণবিশিষ্ট।

কপীন্দ্রঃ—বি, পুং ; সুগ্রীব। হনুমান।

কপুষ্টিকা—বি, স্ত্রী ; মস্তকের উভয় পার্শ্বস্থ কেশ গুচ্ছ।

কপুচ্ছল—বি, ক্লী ; (ক + পুচ্ছ + লা + ক) চূড়াকরণ সংস্কার।

কপূয়—বিণ, (কু + পূয় + অচ্) দুর্গন্ধ কুৎসিত।

কপোতঃ—বি, পুং ; পায়রা, পারাবত। পক্ষী।

কপোতপালিকা—বি, স্ত্রী ; পায়রার খোপ। চিড়িয়াখানা।

কপোলঃ—বি, পুং ; গণ্ডস্থল।

কফ্ঃ—বি, পুং ; শ্লেষ্মা।

কফোণিঃ—বি, পুং, স্ত্রী; কনুই, বাহুর নিম্নস্থ গ্রন্থি।

কবন্ধঃ—বি, পুং, ক্লী ; ক্রিয়াযুক্ত মস্তকহীন দেহ। পু ; রাহু। জনস্থানস্থ রাক্ষস বিং।

কম্—অব্য, জল। মস্তক। সুখ।

কমঠঃ—বি, পুং (কম্—অঠ) কচ্ছপ। সাজারু। দৈত্য। পুং, ক্লী ; সন্ন্যাসীদের জলপাত্র বিং। স্ত্রী।

কমণ্ডলু—বি, পুং, ক্লী (ক—মণ্ড—লা + ডু) জলপাত্র বিং। পুং ; অশ্বত্থবৃক্ষ।

কমন—বিণ.(কম-ল্যুট্) বিষয়ী, লম্পট।

কমনঃ—বি. পুং; কামদেব, অশোক বৃক্ষ।

কমনীয়—বি ণ (কম + অনীয়) মনোহর, সুন্দর। স্পৃহণীয়।

কমলম্—বি, ক্লী (কম্ + অল + অন্) যে জলকে ভূষিত করে, পদ্ম। আশ্রয়। তাম্র। জল। ঔষুধ। পুং; সারসপক্ষী।

কমলযোনিঃ—বি, পুং ; বিষ্ণুর নাভিপদ্ম হতে উৎপন্ন ব্রহ্মা।

কমলষণ্ডম্ —বি, ক্লী; পদ্মসমূহ।

কমলা—বি, স্ত্রী ; লক্ষ্মী। সম্পত্তি। উত্তমা-স্ত্রী। কমলালেবু।

কমলাকরঃ—বি, পুং (কমল + আকর) বহুপদ্মযুক্ত সরোবর, পদ্মসমূহ।

কমলাপতিঃ—বি, পুং; বিষ্ণু।

কমলাসনঃ—বি, পুং; ব্রহ্মা, ক্লী; পদ্মাসন।

কমলালয়া—বি, স্ত্রী (কমল + আলয়) লক্ষ্মী।

কমলিনী—বি, স্ত্রী (কমল + ইন্ + ঈপ্) পদ্মের ঝাড়, পদ্মিনী।

কমিতৃ—বিণ, ত্রি (কম + তৃচ্) কামুক।

কম্পঃ —বি, পুং (কম্প + অল্)
কম্পনম্ —বি, ক্লী (কম্প + যুচ্) কাঁপানি। (ণিচ্—কর্ত্তৃ—অন) কম্পকারক।

কম্পমান—বিণ (কম্প —শানচ্) যে কাঁপিতেছে, কম্পিত।

কম্পিত—বিণ, (কম্প—ক্ত) কম্পযুক্ত। ভীত।

কম্বলঃ—বি, পুং (কম্ব—কলচ্) মেষাদির লোমরচিত আসন। সর্প বিং। উত্তরীয় বস্ত্র। কৃমি। মৃগ বিশেষ। গবাদির গলকম্বল ক্লী ; জল।

কম্বুঃ—বি, পুং, ক্লী (কম্ব—উ) শঙ্খ। পুং ; শম্বুক। হস্তী বলয়। অঙ্গুরীয়।

কম্বুকণ্ঠ—বি ণ ; যাহার গ্রীবা শঙ্খের ন্যায় রেখাত্রয়যুক্ত। স্ত্রী ; কণ্ঠী।

কম্বোজঃ—বি, পুং ; শঙ্খবিশেষ। দেশবিশেষ। হস্তি বিশেষ।

কম্র—বি ণ (কম + র) মনোহর।

করঃ—বি, পুং (কৃ বা কৄ—অপ) হস্ত। কিরণ। শুণ্ড। রাজস্ব। শুল্ক।

করকা—বি, স্ত্রী ; বর্ষোপল, শিল।

করঙ্কঃ—বি, পুং ; কমণ্ডলু। নারিকেলের মালা। মাথার খুলি। কৌটা, ডিপে, থুঙ্গি।

করজঃ—বি,পুং; (কর+জম+ড) নখ। করঞ্জ-বৃক্ষ।

করঞ্জঃ —বি, পুং
করঞ্জকঃ —বি, পুং ; করমচাগাছ।

করকোষ্ঠী—বি, স্ত্রী ; করস্থিত রেখা।

করটঃ—বি, পুং (ক—রট—অন) কাক। হস্তীর গণ্ডস্থল। আদ্যশ্রাদ্ধ। বাদ্যযন্ত্র বিং। বি ণ ; নাস্তিক। নিন্দাজীবী। স্ত্রী ; টা—যে গরু অতিকষ্টে দুগ্ধ দেয়।

করণম্—বি, ক্লী (কৃ + ল্যুট্) ক্রিয়ার প্রধান সাধন। কারণ। ইন্দ্রিয়। শরীর। স্থান। নৃত্যগীতাদিতে করাদির অভিনয়। বৈশ্যের ঔরসে শূদ্রার গর্ভজাত জাতি বিং, কায়স্থ, করণ কায়েত।

করণীয়—বিণ, ত্রি (কৃ + অনীয়র) কর্ত্তব্য।

করণ্ড—বি, পুং ; চুপড়ি, ঝুড়ি, সাজি, খুঙ্গী, কৌটা প্রভৃতি। খড়্গ। হংসবিং।

করতলঃ—বি, পুং ; ক্লী হস্ততল।

করতালম্—বি, ক্লী ; বাদ্যযন্ত্র বিং। স্ত্রী ; লী—হাততালী।

করতোয়া—বি, স্ত্রী ; নদীবিশেষ।

করদ—বি ণ (কর—দা + ড) যে অন্য কে কর দেয়।

করপত্রম্—বি, ক্লী ; করাত।

করপালন্—বি, পুং (কর—পল্ + ণিচ্ + অণ্) খড়্গ, তরবার। হস্তযষ্টি।

করপালী
করপালিকা —বি, স্ত্রী ; ক্ষুদ্রখড়্গ, ছোরা।

করপীড়নম্—বি, ক্লী, পাণিগ্রহণ।

করপুটঃ—বি, পুং; জোড়হাত।

করভ—বি, পুং (কর—ভা—ড, বা ক—অভচ্) হস্তিশাবক। উষ্ট্রশাবক। মণিবন্ধ হইতে কনিষ্ঠাঙ্গুলি পর্য্যন্ত করবহির্ভাগ।

করভীয়—বি ণ, ত্রি (করভ + ছ) হস্তিশাবক সম্বন্ধীয়, হস্তিশাবক পালক।

কররুহ—বি, পুং (কর—রুহ্ + ক্বিপ্) নখ।

করম্ভ—বি, পুং (কৃ + অম্ভচ্) মিশ্রণ।

করম্ভিত—বিণ, ত্রি (করম্ভ + ইতচ্) মিশ্রিত।

করম্ব—বি, পুং ; দধিমিশ্রিত ছাতু।

কররুহঃ—বি, পুং ; নখ।

করবালঃ—বি, পুং ; (কর—বল + ণিচ—অল) খড়্গ। তরবার। হস্তযষ্টি।

করবীরঃ—বি, পুং ; পুষ্প-বৃক্ষ বিং। দেশ বিং। দৈত্য বিং। শ্মশান। ক্লী ; পুষ্প বিং। স্ত্রী, রী—পুত্রবতী স্ত্রী। অদিতি।

করশাখা—বি, স্ত্রী ; অঙ্গুলি।

করশীকরঃ—বি, পুং হস্তিশুণ্ড বিকীর্ণ জলকণা।

করাঘাতঃ—বি, পুং ; চাপড় মারা।

করাল—বি ণ, (কর—অল—অান) বৃহৎ। উচ্চ। ভয়ানক। বিস্তৃত, ব্যাপ্ত। পুং ; তৈল বিং। স্ত্রী ; লী—চণ্ডিকা। অগ্নিজিহ্বা।

করিকা— বি. স্ত্রী. (কর-ঠন্-টাপ্) নখক্ষত।

করী (রিন্)—বি, পুং (কর + ইন্) হস্তী।

করীরঃ করিরঃ—বি, পুং ; বাঁশের কোঁড়া, বংশাঙ্কুর। পুং ; ঘট। বৃক্ষ বিং।

করীন্দ্রঃ—বি, পুং; ঐরাবত।

করীষঃ—বি, পুং, ক্লী (কৃ + ঈষন্) শুষ্ক গোময় ঘুঁটে।

করীষঙ্কষঃ—বি, পুং (করীষ + কষ্ + খচ্) শুষ্ক গোময় উৎক্ষেপক প্রখর বায়ু।

করীষাগ্নিঃ—বি, পুং ; ঘুঁটের আগুন।

করীষিণী—বি. স্ত্রী (করীষ-ইনি-ঈপ্) সম্পত্তির অধিষ্ঠাত্রী দেবী।

করুণ—বি ণ ; কাতর, শোকার্ত্ত। দয়ালু। বি, পুং ; রস বিং। স্ত্রী ; ণা—দয়া।

করুণাময়—বিণ, ত্রি (করুণা + ময়ট্) দয়াময়।

করেণুঃ—বি, পুং ; হস্তী। স্ত্রী—ণু, ণূ—হস্তিনী।

করেণুকা—বি, পুং ; হস্তিনী।

করোটঃ
করোটিঃ(টী) —বি, পুং (ক-রুট + অট্)। —বি, স্ত্রী ; মাথার খুলি।

কর্কঃ—বি, পুং ; (কর্ক + অচ্) বহ্নি, দর্পণ, কণ্টক, তিল, ঘটক, কাঁকুড়গাছ।

কর্কটঃ—বি, পুং ; কাঁকড়া। পক্ষিবিশেষ। ৪র্থ রাশি।

কর্কটিঃ—বি, স্ত্রী ; কাঁকুড়।

কর্কন্ধুঃ
কর্কন্ধূঃ —বি, পুং, স্ত্রী; —বি, স্ত্রী (কর্ক—ধা + ডু) কুলগাছ। কুল, বদরী।

কর্করঃ—বি, পুং ; কাঁকর। দর্পণ। স্ত্রী ; রী—গাড়ু, বদনা।

কর্কশ—বি ণ (কর্ক + শ) কঠিন, শ্রুতিকটু। নির্দ্দয়। ক্রুর।

কর্কারুঃ—বি, পুং ; কুষ্মাণ্ড।

কর্কোটঃ—বি, পুং ; নাগবিশেষ। কাঁকুড়গাছ।

কর্চূরঃ—বি, পুং ; স্বর্ণ। সুগন্ধিবৃক্ষ বিং।

কর্ণঃ—বি, পুং ; (কর্ণ + অল্) শ্রবণেন্দ্রিয়। নৌকার হাইল। অঙ্গরাজ, রাধেয়।

কর্ণক—বিণ, ত্রি ; (কর্ণ + ধৃন্) নিয়ন্তা।

কর্ণগূথম্—বি, ক্লী ; কর্ণমল, কাণের খইল।

কর্ণজাহম্—বি, ক্লী ; কর্ণমূল।

কর্ণধারঃ—বি, পুং ; (কর্ণ—ধৃ + ণ্যণ্) মাঝি, কাণ্ডারি।

কর্ণপরম্পরা—বি, স্ত্রী ; এক কাণ হইতে আর এক কাণ, কাণাকাণি।

কর্ণপালী—বি, স্ত্রী ; কানবালা।

কর্ণপূরঃ—বি, পুং ; কর্ণভূষণ, কানবালা।

কর্ণবংশঃ—বি, পুং ; মঞ্চ।

কর্ণবেধঃ—বি, পুং ; চূড়াকরণ, সংস্কার বিং।

কর্ণবেষ্টনম্—বি, ক্লী ; কর্ণভূষণ, কুণ্ডল, কাণবালা।

কর্ণশষ্কুলী—বি, স্ত্রী ; কর্ণের ছিদ্র।

কর্ণাকর্ণিঃ—বি; কানাকানি।

কর্ণাটঃ—বি, পুং ; দেশবিশেষ। স্ত্রী ; টী—কর্ণাটদেশীয় স্ত্রী। রাগিণী বিং।

কর্ণিকা—বি, স্ত্রী ; (কর্ণ—শক্—আপ্) কর্ণভূষণ। কেরাল পাতা। পদ্মের মধ্যস্থিত বীজকোষ। হস্তের মধ্যাঙ্গুলি।

কর্ণিকারঃ—বি, পুং ; সোদালিগাছ, ক্লী; উহার ফুল।

কর্ণীরথঃ—বি, পুং ; স্ত্রীলোকদিগের গমনযোগ্য স্কন্ধ বাহ্য যান, ডুলি, মহাপায়া।

কর্ণীসুত—বি, পুং; কংসাসুর। তস্কর, তস্করশাস্ত্র-প্রবর্ত্তক।

কর্ণেজপঃ—বি, পুং ; (কর্ণে—জপ—কর্ত্তৃ—অন্) গোয়েন্দা, সূচক। কুপরামর্শদাতা।

কর্ণোপকর্ণিকা—বি, স্ত্রী ; কাণাকাণি।

কর্ত্তনম্—বি, ক্লী ;(কৃত—ল্যুট্) ছেদন। সূত্রনির্মাণ, কাটনাকাটা।

কর্ত্তরী
কর্ত্তরিকা —বি, স্ত্রী ; (কৃত—করণ—অরন্ ঈপ্—ক—আপ্) কাটারি, ছুরি।

কর্ত্তব্য—বি-ণ (কৃ—কর্ম্ম—তব্য) করিবার যোগ্য, উচিত।

কর্ত্তা (কর্ত্তৃ)—বি ণ (কৃ—তৃণ্) কার্য্যকারক। প্রভু, অধ্যক্ষ।

কর্ত্রী—(কর্ত্তৃ-ঙীপ্) কার্যসম্পাদিকা। গৃহিণী। ছুরিকা।

কর্ত্তিত—বিণ (কৃত—স্বার্থে ণিচ্—কর্ম্ম—ত) ছিন্ন, যাহা কাটা গিয়াছে।

কর্দ্দমঃ—(কর্দ্দঃ)বি, পুং ;(কর্দ্দ—কর্ত্তৃ—অম) পঙ্ক, কাদা।

কর্পটঃ—বি, পুং;(কৃপ—কর্ম্ম—অটন্) জীর্ণবস্ত্র, বস্ত্রখণ্ড।

কর্পরঃ—বি, পুং; (কৃপ—কর্ত্তৃ—অরন্) মাথার খুলি। খাপরা। কূর্ম্মের পৃষ্ঠাস্থি। কটাহ।

কার্পাসঃ—বি, পুং, ক্লী ;(কৃ—কর্ম্ম—পাস) কাবাসতুলা। স্ত্রী ; সী—কাবাস গাছ।

কর্পূর—বি, পুং ;ক্লী (কৃপ—করণ—উর) স্বনামপ্রসিদ্ধ গন্ধদ্রব্যবিশেষ।

কর্ব্বুর
কর্ব্বূর —বি, ক্লী ;স্বর্ণ। জল। পুং ; রাক্ষস, পাপ। হরিদ্রা। বিণ ; নানা বর্ণযুক্ত।

কর্ম(ন্)—বি, ক্লী ;(কৃ—কর্ম—মন্) কার্য্য।

কর্মকর—বিণ, (কর্মন্-কৃ-ট) ভৃত্য, চাকর, কারিকর। স্ত্রী-রী-দাসী।

কর্মকাণ্ড —বি, পুং, ক্লী ;কর্মসমূহ। বেদের অংশবিশেষ।

কর্ম্মকারঃ—বি, পুং ;(কর্মন্—কৃ—কর্ত্তৃ—ষণ্) কামার। বি ণ ; যে কর্ম্ম করে ; কর্ম্মকারক। স্ত্রী ; রী।

কর্মক্ষম—বিণ, ত্রি ;কর্মকুশল, কর্মসমর্থ।

কর্মক্ষেত্রম্—বি, ক্লী ; ভারতবর্ষ। ভোগভুমি।

কর্মচারী (রিন্)—বি-ণ, (কর্মন—চর—কর্ত্তৃ—ণিন্) যে বেতনগ্রহণপূর্ব্বক অন্যের কর্ম্ম করে।
কর্মচোদনা—বি, স্ত্রী ; কর্মপ্রেরণা।
কর্মঠ—বি ণ; (কর্মন—ঠ) কার্য্যক্ষম।
কর্মণ্য—বি ণ (কর্মন—ষ্ণ্য) কর্মযোগ্য।
কর্মধারয়ঃ—বি, পুং ;সমাস বিশেষ।
কর্মন্দিনঃ—বি, পুং ;(কর্মন্দ—ইনি) সন্ন্যাসী, ভিক্ষু।
কর্মপ্রবচনীয়ঃ—বি. পুং; বিভক্তির ন্যায় কার্য করে এরূপ শব্দবিশেষ।
কর্মফলম্—বি, ক্লী;সুখ, দুঃখ প্রভৃতি।
কর্মভূমিঃ—বি, স্ত্রী; কার্যক্ষেত্র।
কর্মভোগঃ—বি, পুং; কর্ম্মের ফলভোগ। কোন বিষয়ে বৃথা কষ্ট পাওয়া।
কর্মযোগঃ—বি, পুং; কর্মরূপযোগ।
কর্মরঙ্গম্—বি, পুং, ক্লী; কামরাঙ্গা।
কর্মবিপাকঃ—বি, পুং ; কর্ম্মজন্য ফলভোগ।
কর্মশূর—বিণ, কার্যদক্ষ।
কর্মসংগ্রহঃ—বি, পুং ; ক্রিয়ার আশ্রয়।
কর্মসন্ন্যাসঃ—বি, পুং কর্মত্যাগ।
কর্মসঙ্গঃ—বি, পুং ; কর্মে আসক্তি।
কর্মসচিবঃ—বি, পুং ; কার্য্যবিষয়ে যে সহায়তা করে, সহকারী। মন্ত্রী
কর্মারঃ—বি, পুং ; (কর্ম—ঋ—অণ) কামার, বাঁশ।
কর্মী(র্মিন্)—বি ণ (কর্মন্—ইন্) কর্মকারী।
কর্মেন্দ্রিয়ম্—বি, ক্লী ; বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ এই পঞ্চ বাহ্যেন্দ্রিয়।
কর্বট—বি, পুং ; (কর্ব—অট্) গ্রাম, নগর।
কর্বরঃ—বি, পুং ; (কৃ—ত্বরচ্) রাক্ষস, ব্যাঘ্র।
কর্শিত—বি-ণ (কৃশ্—ণিচ্—কর্ম্ম—ক্ত) কৃশীকৃত, দুর্ব্বলীকৃত।
কর্ষঃ—বি, পুং ; ক্লী (কৃষ—অল্) কর্ষণ, চাষ। এক তোলা পরিমাণ।

কর্ষকঃ—বি, পুং ; (কৃষ—কর্ত্তৃ—ণক) কৃষক, চাষা।
কর্ষণম্—বি, ক্লী (কৃষ—ল্যুট্) কৃষিকর্ম্ম, চাষ। আকর্ষণ।
কর্ষী(র্ষিণ)—বিণ, ত্রি, যাহা আকর্ষণ করে। স্ত্রী-নী।
কর্ষূঃ—বি, পুং ; ঘুঁটের আগুন,বার্তা।
কর্হি—অব্য, কোন সময়ে, কখন, কবে।
কর্হিচিৎ—(অব্য) কোন সময়ে।
কলঃ—বি, পুং ; (কল—কর্ত্তৃ—অন্) অস্ফুট মধুরধ্বনি। ক্লী ; শুক্র।
কলকণ্ঠঃ—বি, পুং ; কোকিল। হংস। কপোত।
কলকলঃ—বি, পুং ; কোলাহল।
কলঘোষঃ—বি, পুং ; কোকিল।
কলঙ্কঃ—বি, পুং ; চিহ্ন। অযশ।
কলঙ্কিত—বি-ণ (কলঙ্ক—ইত) কলঙ্কযুক্ত।
কলঞ্জঃ—বি, পুং ; তাম্রকুট, তামাক। বি-ণ ; বিষলিপ্ত অস্ত্র দ্বারা বিদ্ধ মৃগাদি।
কলত্রম্—বি, ক্লী (কল—ত্রৈ + ক) ভার্য্যা। নিতম্বদেশ। দুর্গ।
কলধৌতম্—বি, ক্লী ; স্বর্ণ। রৌপ্য।
কলধ্বনিঃ—বি, পুং ; পারাবত, কোকিল।
কলনম্ }—বি, ক্লী ; (কল্ + ল্যুট্)
কলনা }—বি, স্ত্রী ; (কল + ল্যুট্ + টাপ্) ধারণ। গ্রহণ। গণনা। জ্ঞান। লঙ্ঘন। শব্দকরা। গ্রাসকরা। চিহ্ন। দোষ। ভ্রূণ।
কলন্দিকা—বি, স্ত্রী (কল-দা-কণ-কন্+টাপ) বুদ্ধিমত্তা। প্রজ্ঞা
কলভঃ—বি, পুং ; (কর—ভা + ক) হস্তি-শিশু। উষ্ট্রশাবক।
কলমঃ—বি, পুং ; (কল + কমচ) ধান্যবিশেষ। লেখনী। চৌর। মূলবিশিষ্ট বৃক্ষাদির শাখা।
কলম্বঃ—বি, পুং ; (কড + অম্বচ্) বাণ। কদম্ব বৃক্ষ। শাকের ডাঁটা। স্বী, স্ত্রী—কলমী শাক।

কলরবঃ—বি, পুং ; কলধ্বনি, কপোত, কোকিল।
কললঃ—বি, পুং ক্লী (কল—অলচ্) গর্ভাবরণ-চর্ম্ম, জরায়ু। ভ্রূণ।
কলবিঙ্কঃ—বি, পুং ; চড়ুই বা চতক পক্ষী। ইন্দ্রযববৃক্ষ।
কলশঃ —(কল—শো—ড)
কলসঃ —(ক—লস—অচ্) বি, পুং ; ঘট।
কলশি(শী) —(কল—শৃ+ডি) বি, স্ত্রী ; ঘট।
কলসি(সী) —(ক—লস্ + ঙীষ) ঘট।
কলহ—বি, পুং ; ক্লী (কল—হন্ + ড) বিবাদ। যুদ্ধ। পুং ; খড়্গকোষ। পথ। ভণ্ডতা।
কলহংসঃ—বি, পুং ; রাজহংস। বালিহাঁস। কাদম্ব। ব্রাহ্মণ। শ্রেষ্ঠ রাজা। ব্রহ্মা।
কলহকার—বিণ, ত্রি (কলহ + কৃ + অন্) যে বাগ্ যুদ্ধ করে।
কলহপ্রিয়—বি-ণ ; যে সর্বদা কলহ ভাল বাসে। স্ত্রী ; যা—সারিকা পক্ষী।
কলহান্তরিতা—বি, স্ত্রী ; নায়কের সহিত কলহ করিয়া অনুতাপিনী স্ত্রী।
কলা—বি, স্ত্রী (কল + অনচ্—আপ্) চন্দ্রে ষোল ভাগের একভাগ। নৃত্যগীতবাদ্য প্রভৃতি চতুঃষষ্টি প্রকার বিদ্যা। কালের পরিমাণ বিশেষ। অংশ। কপট। শৌর্য্যাদি গুণ। সামর্থ্য। বিভূতি। সুদ। নৌকা।
কলাঙ্কুরঃ—বি, পুং ; কংস, সারসপক্ষী।
কলাটী—(টিকা) বি, স্ত্রী ; কনুই থেকে আঙ্গুল পর্যন্ত।
কলাদঃ—বি, পুং ; (কল + আ + দা + ক) স্বর্ণকার।
কলাপঃ—বি, পুং ; (কলা—আপ্+অণ্) সমূহ। ময়ূরপুচ্ছ। ভূষণ। তূণ। কটীভূষণ, চন্দ্রাহার। ধনুক। গ্রাম বিশেষ। ব্যাকরণ বিশেষ।
কলাপকঃ—বি, পুং ; একটি বাক্য সমাপ্তির জন্য চারিটী শ্লোক। হস্তীর গলবন্ধ।
কলাপী(পিন)—বি, পুং ; (কলাপ + ইন্) ময়ূর।

কলাভৃৎ—বি, পুং ; (কলা—ভৃ—ক্বিপ্) চন্দ্র। শিল্পী। শিব।
কলায়ঃ—বি, পুং ; (কল—অ—অন্) কড়াই, শস্য।
কলালাপঃ—বি, পুং; মধুরালাপ, ভ্রমর, কোকিল।
কলাবৎ—বি, পুং ; (কলা + মতুপ্) চন্দ্র, কলাবিশিষ্ট।
কলাবতী—বি, স্ত্রী; (কলাবৎ + ঈপ) বীণা বিশেষ। রাজা বৃষভানুর পত্নী। নায়িকা বিশেষ।
কলাবিকঃ—বি, পুং; (কল—আ—বি-কৈ+ক) কুক্কুট, কুকুড়া।
কলিঃ—বি, পুং ; (কল—ই) চতুর্থ যুগ। দ্বেষ। কলহ। যুদ্ধ। শূর। স্ত্রী ; কোরক।
কলিকা—বি, স্ত্রী ; কোরক, অস্ফুট পুষ্প।
কলিঙ্গঃ—বি, পুং ; উৎকলের দক্ষিণ দ্রাবিড় পর্য্যন্ত সমুদ্রতীরস্থ দেশ বিং। বৃক্ষ বিং। বি-ণ ; কলিঙ্গদেশজাত।
কলিঞ্জঃ—বি. পুং; (ক-লঞ্জ-অণ) চাটাই, পর্দা।
কলিত—বি-ণ (কল + ক্ত) জ্ঞাত। গণিত। বিচারিত। গৃহীত। অনুরত। প্রাপ্ত। আশ্রিত। পৃথককৃত। বদ্ধ। দৃষ্ট।
কলিদ্রুমঃ—বি, পুং ; বয়ড়া গাছ, বিভীতক বৃক্ষ।
কলিন্দঃ—বি, পুং ; (কলি-দা + খচ্) সূর্য্য। পর্ব্বত বিং।
কলিন্দকন্যা— কলিন্দজা /কলিন্দনন্দিনী বি, স্ত্রী; যমুনা নদী, কলিন্দ পর্ব্বত হইতে এই নদী উৎপত্তি।
কলিপ্রিয়ঃ—বি, পুং ; নারদ, বানর ; বিণ— কলহপ্রিয়।
কলিল—বি ণ (কল—ইল) গহন, যাহার ভিতরে প্রবেশ করা যায় না। মিশ্রিত।

কলুষ—বি, ক্লী (কল—উষচ্) পাপ। পুং ; মহিষ। বি-ণ ; ঘোলা, আবিল। কষায়িত। অসমর্থ। দুঃখিত। নিন্দিত। ক্ষুব্ধ। পাপী।

কলুষিত—বি-ণ; (কলুষ—ইত) দূষিত। মলিন, ঘোলা।

কলেবরম্—বি. ক্লী (কলে-বৃ + অল্) শরীর।

কলালাপঃ—বি, পুং ; মধুরালাপ, ভ্রমর, কোকিল।

কলাবৎ—বি, পুং (কলা + মতুপ্) চন্দ্র, কলাবিশিষ্ট।

কল্কঃ—বি, পুং ; কী (কল + ক) খইল। মল। বস্তুর কাইট, শিটে। পাপ। ঘৃততৈলাদিপাত্রে দেয় দ্রব্য। অহঙ্কার।

কল্কনম্—বি, ক্লী, (কল্ক—ণিচ্—ল্যুট্) কলহ। অহঙ্কার। দম্ভ প্রতারণা। কাথ।

কল্কিঃ—বি. পুং; (কল্ক + ইনি)
কল্কী (কিন্)—বি, পুং ; কলিযুগের শেষে ভগবানের ভাবী দশম অবতার। শম্ভল গ্রামবাসী বিষ্ণুযশা নামক জনৈক ব্রাহ্মণের ঔরসে জন্ম গ্রহণ করবেন।

কল্পঃ—বি, পুং ; (কৃপ—ণিচ্ + অচ্) বেদাঙ্গ শাস্ত্র বিং, যে শাস্ত্র বৈদিক ক্রিয়াকাণ্ড বর্ণিত আছে। ব্রহ্মার অহোরাত্র। সংকল্প, প্রতিজ্ঞা। প্রলয়। পক্ষ। বৃক্ষ বিং। অভিপ্রায়।

কল্পতরুঃ—বি, পুং ; অভীষ্ট ফলপ্রদ স্বর্গীয় বৃক্ষ বিং।

কল্পনম্—বি, ক্লী (কৃপ্ + ল্যুট্)
কল্পনা—বি, ক্লী (কৃপ্ + ল্যুট + টাপ্) রচনা। কোন বিষয় ঘটাইয়া দেওয়া, উদ্ভাবন। সম্ভাবনা। মনন। সামর্থ্য। পর্য্যাপ্তি।

কল্পান্তঃ—বি, পুং; প্রলয়।

কল্পিত—বি-ণ (কৃপ—ণিচ + ক্ত) রচিত। দত্ত। আরোপিত। সজ্জিত। নিশ্চিত। সম্পাদিত।

কল্মষঃ—বি, ক্লী ; (কর্ম—সো + ক) পাপ। পুং ; নরক। বিং বি-ণ ; মলিন।

কল্মাষঃ—বি, পুং ; (কল—ক্বিপ + মষ্ + অচ্) শ্বেতকৃষ্ণ মিশ্রিত বর্ণ। কৃষ্ণবর্ণ। দৈত্য বিং। রাক্ষস। অগ্নি বিং। নাগ বিং; বি-ণ ; পুর্ব্বোক্ত বর্ণবিশিষ্ট।

কল্যম্—বি, ক্লী (কল + য) প্রাতঃকাল প্রত্যূষ; অব্যবহিত পূর্ব্ব বা পরদিন। (কলা—ষ্ণ্য) সজ্জিত। সুস্থ। সমর্থ। দক্ষ। উত্তম। কল্যাণকর। বোবা কালা।

কল্যবর্ত্তঃ—বি, পুং ; প্রাতর্ভোজন।

কল্যাণম্—বি, ক্লী (কল্য—অণ+ঘঞ্) মঙ্গল। স্বর্ণ। সুখ। হিত। সমৃদ্ধি। (কল্যাণ—ষ্ণ) সুখী। শুভযুক্ত। স্ত্রী ; ণী—বৎসতরী।

কল্যাণক—বিণ. সমৃদ্বিশালী, আনন্দদায়ক।

কল্যাণকৃৎ—বিণ, ত্রি (কল্যাণ—কৃ + ক্বিপ্) মঙ্গলকারী।

কল্ল—বি-ণ বধির, কলা।

কল্লোলঃ—বি, পুং ; (কল + ওলচ্) প্রবল তরঙ্গ। আনন্দ। বি-ণ ; শত্রু।

কল্লোলিনী—বি, স্ত্রী ; নদী।

কবচ—বিঁ, পুং ক্লী (ক— বনচ্ + ক) যে বায়ুকে বন্ধন করে, সাজোয়া, বর্ম্ম। তন্ত্রশাস্ত্রোক্ত মন্ত্র বিং । পুং ; বাদ্যযন্ত্র বিং, নাগরা।

কবরী—বি, স্ত্রী ; কই মাছ।

কবরী—বি, স্ত্রী; কেশবিন্যাস । ক্লী; লবণ। অম্ল।

কবর্গঃ—বি, পুং ; ক, খ, গ, ঘ, ঙ—এই পাঁচটি বর্ণ।

কবলঃ—বি, পুং ; (ক—বল—অচ্) গ্রাস। বেলেমাছ।

কবলিত—বি-ণ (কবল—ণিচ্—ক্ত) যাহা গ্রাস করা হইয়াছে, গ্রস্ত, ভক্ষিত। ব্যাপ্ত।

কবাট—বিং, পুং, স্ত্রী, ক্লী (ক—বট—অণ্) দ্বারের আবরণ, কপাট।

কবিঃ—বি, পুং (কু—ইন্) কাব্যকর্ত্তা, পণ্ডিত। বাল্মীকি। শুক্রাচার্য্য। ব্রহ্মা। সূর্য্য। স্ত্রী ; লাগাম, খলীন।

কবিকম্—বি, ক্লী ; (কবি + কন)
কবিকা—বি, স্ত্রী ; লাগাম। কইমাছ।

কবিতা—বি, স্ত্রী ; (কবি—তল—টাপ্) শ্লোক। কবিত্ব।

কবোষ্ণ—বি-ণ, (কু—উষ্ণ) ঈষদুষ্ণ।

কব্যম্—বি, ক্লী (কু—যৎ) পিতৃলোককে দেয় অন্নাদি।

কব্যবাহনঃ—বি, পুং ; অগ্নি।

কশা—(ষা/সা)—বি, স্ত্রী ; (কশ—অচ্—টাপ্) চাবুক।

কশিপুঃ—বি, পুং ; (কশ—পু) অন্নবস্ত্র। শয্যা। আসন বিং।

কশেরু—(ক—শৃ—উ)
কসেরু—বি, পুং ক্লী; পৃষ্ঠের অস্থি, মেরুদণ্ড। স্ত্রী ; তৃণমূল বিং।

কশেরুকা—বি, স্ত্রী ; মেরুদণ্ড।

কশ্ম(স্ম)ল—বি, ক্লী (কশ(স)—মলচ্) মোহ। পাপ। মন্দ আচার। বি-ণ ; পাপী। মলিন। কুৎসিত।

কশ্মীরঃ—বি, পুং ; (কশ—ঈরন্) দেশ বিং, কাশ্মীর দেশ।

কশ্মীরজঃ—বি, পুং ; (কশ্মীর—জন্—ড) কুঙ্কুম।

কশ্যম্—বি, ক্লী ; (কশ্—যৎ) মদ্য বিং। অশ্বের কটিদেশ।

কশ্যপঃ—বি, পুং ; (কশ্য-পা-ক) মুনি বিং। মৃগ বিং। মৎস্য বিং।

কষঃ—বি, পুং ; (কষ—অচ) কষ্টিপাথর।

কষায়ঃ—বি, পুং ক্লী; রস বিং। কাথ। নির্য্যাস। বিলেপন দ্রব্য। সৌরভ। বি-ণ ; অনুজ্জ্বল লোহিত, রক্তপীতমিশ্রিত বর্ণ। সুরভি। সুশ্রাব্য। অপটু।

কষায়িত—বি-ণ ; রঞ্জিত। বিলেপিত।

কষিত—বি-ণ (কষ—ইত) যাহা কষা গিয়াছে, যাহা পরীক্ষা করা গিয়াছে।

কষ্টম্—বি, ক্লী (কষ—ক্ত) ক্লেশ, দুঃখ। বি-ণ দুঃখজনক।

কষ্টিঃ—বি, স্ত্রী (কষ+ক্তি) স্বর্ণাদি কষিবার প্রস্তর।

কস্তুরিঃ—/কস্তুরিকা
কস্তূরী—বি, স্ত্রী; মৃগনাভি।

কহ্লারম্—বি, ক্লী (ক—হ্লাদ—অচ্) শ্বেতপদ্ম, সুঁদি।

কহ্বঃ—বি, পুং (ক— হ্বে—ড) বক।

কাংসীয়ম্—বি. ক্লী, দস্তা।

কাংসম্—(কংস—ষ্ণ)
কাংস্যম্—(কংস—ষ্ণ্য) বি, ক্লী ; তাম্ররঙ্গ মিশ্রিত ধাতু বিং, কাঁসা। পান পাত্র।

কাংস্যকারঃ—বি, পুং (কাংস্য—কৃ—ষণ) জাতি বিণ্—কাঁসারী।

কাংস্যতালঃ—বি. পুং, ঝাঁঝ, করতাল।

কাংস্যভাজনম্—বি. ক্লী, পিতলের বাসন।

কাকঃ—বি, পুং ; (কৈ + কান্) স্বনামপ্রসিদ্ধ পক্ষী। সংখ্যা বিং, এক কড়ার চতুর্থ ভাগ। দ্বীপ বিং। তিলক বিং।

কাকচিঞ্চা—বি, স্ত্রী ; কুঁচ, গুজা।

কাকতন্দ্রা—বি, স্ত্রী ; কাকের ন্যায় সতর্ক নিদ্রা।

কাকতলীয়—বি-ণ (কাক—তাল—তুল্যার্থে ণীয়) হঠাৎ কৃত। ন্যায়বিশেষ, অর্থাৎ কোন তালবৃক্ষের তাল পড়িবার সময় হইয়াছে ঠিক সেই সময় একটি কাকগিয়া তথায় বসিল অমনি তালও পড়িল। এরূপ স্থলে কাকের গমন ও তালের পতন এ উভয়ের যেরূপ কার্য্যকারণ ভাব কল্পনা করা হইয়া থাকে তদ্রূপ কার্য্য কারণ ভাব কল্পনা।

কাকপক্ষঃ—বি, পুং ; মস্তকের কেশরচনা বিং, ঝুঁটি। জুল্পী

কাকপুষ্টঃ—বি, পুং ; কোকিল। স্ত্রী ; ষ্টা।

কাকবন্ধ্যা—বি, স্ত্রী ; যে স্ত্রী কাকের ন্যায় যাবজ্জীবনের মধ্যে একবার মাত্র সন্তান প্রসব করে।

কাকলিঃ(লী)—বি, স্ত্রী ; (কা + কল + ইন্ + (ঙীষ্) সূক্ষ্ম অস্ফুট মধুর শব্দ।

কাকাক্ষি-গোলক—বি, ক্লী ; ন্যায়বিং। একের সহিত উভয়ের সম্বন্ধ। যেমন কাকের একমাত্র চক্ষুঃ উভয় গোলকেই চক্ষুর কার্য্য সম্পাদন করে।

কাকিণী(নী)—বি, স্ত্রী ; পাঁচ গণ্ডা কড়ি। কৃষ্ণপক্ষে ঋতুমতী স্ত্রী।

কাকুঃ—বি, স্ত্রী (কক্ + উন) শোক ভয় প্রভৃতি কারণবশতঃ বিকৃতকণ্ঠস্বর। বক্রোক্তি।

কাকুৎস্থঃ(স্থ্য)—বি, পুং ; (ককুৎস্থ + অণ্) সূর্য্যবংশীয় রাজা।

কাকুদম্—বি, ক্লী (কাকু—দা—ক) তালু।

কাকূক্তিঃ—বি, স্ত্রী ; খেদোক্তি।

কাকোদরঃ—বি, পুং ; সর্প।

কাকোলঃ—বি, পুং; কৃষ্ণবর্ণ স্থাবর বিষয়। পুং; দাঁড়কাক। শূকর বিং। সর্প বিং। কুলাল। ক্লী ; নরক বিং।

কাকোলূকিকা—বি., স্ত্রী (কাকোলুক—আপ্) কাক ও পেচকের স্বাভাবিক শত্রুতা।

কাক্ষঃ—বি, পুং; কটাক্ষ।

কাগঃ—বি, পুং; কাক।

কাঙ্ক্ষা—বি, পুং; কাক।

কাঙ্ক্ষিত—বি-ণ (কাঙক্ষ—ক্ত) বাঞ্ছিত। কাঙ্গাল, কাঙ্গাল।

কাচঃ—বি, পুং; (কচ—ঘঞ্) বালি ও এক প্রকার ক্ষার সংযোগে উৎপন্ন বস্তু বিং। শিকে। নেত্ররোগ বিং। ক্লী; মোম। কৃষ্ণবর্ণ লবণ বিং। (প্রা) কাল্পনিক বেস। ছল।

কাচর—বিণ, ত্রি, পীতবর্ণযুক্ত।

কাচনম্ —বি. ক্লী (কচ্-ণিচ্-ল্যুট)

কাচনকম্ —বিঃ ক্লী; (কচ্ - ণিচ্ - ল্যুট্ - কন্) কাগজের বাণ্ডিল বাঁধার দড়ি বা ফিতা।

কাচ্‌নকী (কিন্)—বি, পুং; হস্তলিখিত গ্রন্থ।

কাজলম্—বি. ক্লী, অল্পজল, স্বাদহীন জল।

কাঞ্চনম্—বি, ক্লী (কামচ্ + ল্যুট) স্বর্ণ। চম্পক ও কাঞ্চন পুষ্প। পুং; উহার বৃক্ষ। স্ত্রী; নী-হরিদ্রা। বি-ণ; স্বর্ণনির্ম্মিত।

কাঞ্চি(ঞ্চী)—বি, স্ত্রী (কানচ—ইন (ঙীষ) স্ত্রীদিগের কটিবন্ধ, চন্দ্রহার, গোট, মেখলা। (কর্ত্তৃ—ই) মাদ্রাজের কিঞ্চিৎ দক্ষিণ পশ্চিমভাগস্থিত নগরী বিং, ইহা দ্রাবিড় রাজ্যের রাজধানী।

কাঞ্চীপদম্—বি, ক্লী; জঘন।

কাঞ্জিকম্—বি, ক্লী; আমানি। কাঁজি।

কাঠিন্যম্—বি, ক্লী (কঠিন—ষ্যঞ্) দৃঢ়তা, কঠিনতা।

কাণভুজ্—বিণ. ত্রি (কাণ - ভাজ - ক্বিপ) কণাদমুনি সম্বন্ধীয়।

কাণেয়—বিণ, (কাণ - ঢক) কাণপুত্র।

কানেলী—স্ত্রী, অসতী, ব্যাভিচারিণী।

কাণেলীমাতৃ—পুং; অবিবাহিতামাতার পুত্র।

কাণ্ড—বি, পুং ক্লী; (কাণ ড) সোঁটা, বাণ। ঘোটক। সমূহ। অবসর। জল। গ্রন্থপরিচ্ছেদ। প্রকরণ। গুচ্ছ। গাছের গুঁড়ি। ব্যাপার, ঘটনা। বি-ণ; কুৎসিত।

কাণ্ডগ্রহরহিত—বি-ণ,; কোন সময়ে বা কোন বিষয়ে কিরূপ করা বা বলা উচিত তাদৃশ জ্ঞানশূন্য।

কাণ্ডজ্ঞানম্—বি, ক্লী; সাধারণ জ্ঞান, মোটামুটি জ্ঞান।

কাণ্ডপটঃ—বি, পুং; ব্যাধ। বি-ণ; নিন্দ্যজীবী।

কাণ্ডস্পৃষ্টঃ—বি. পুং; যোদ্ধা, সৈনিক।

কাণ্ডবান্(বৎ)—পুং, ধনুর্ধারী।

কাণ্ডীর—বি-ণ (কাণ্ড-ঈরন্) তীরন্দাজ। নিন্দ্যজীবী।

কাণ্ব—বি-ণ (কণ্ব—ষ্ণ) কণ্বসম্বন্ধীয়। যজুর্ব্বেদীয় শাখা বিং।

কাৎ—অব্য, তিরস্কারসূচক উদ্গার।

কাৎকৃ—(ধাতু) অপমানিত করা।

কাতর—বি-ণ (কু—তৃ—অচ) দুঃখিত। ব্যাকুল। ভীত। অভিভূত, বিবশ, বিহ্বল।

কাতর্য্যম্—বি, ক্লী (কাতর—ষ্যঞ্) দুঃখ। ভীরুতা।

কাতলঃ—বি, পুং; কাতলা মাছ।

কাতৃণ—বি, ক্লী (কু + তৃণ) কুৎসিৎ তৃণ।

কাত্যায়নঃ—বি, পুং (কাত্য—ষ্ণায়ন) মুনি বিং। ব্যাকরণের বার্তিককার বররুচি। স্ত্রী; নী—দুর্গা। অর্ধবৃদ্ধা রক্তবস্ত্রধারিণী বিধবা।

কাদম্বঃ—বি, পুং (কদ—ণিচ—অম্বচ) বালিহাঁস, কলহংস। বাণ। কদম্বসমূহ।

কাদম্বরম্—বি, ক্লী; (কাদম্ব—লা—ক) দধির সর। মদ্য বিং। ইক্ষুগুড়।

কাদম্বরী—বি, স্ত্রী; সরস্বতী। কোকিলা। শারিকা। বাণভট্টকৃত গ্রন্থ বিং, গৌড়ীমদিরা।

কাদম্বিনী—বি, স্ত্রী (কদম্ব—ইন—ঈপ্) মেঘশ্রেণী।

কাদাচিত্ক—বিণ, ত্রি (কদাচিৎ + ঠঞ্) কদাচিৎজাত।

কাদ্রবেয়ঃ—বি, পুং; (কদ্রু—ঢেয়) সর্প।

কাননম্—বি, ক্লী (কন ণিচ—ল্যুট্) বন। গৃহ।

কানীনঃ—বি. পুং (কন্যা—ীন) অবিবাহিত। কন্যার গর্ভজাত সন্তান। ব্যাসদেব। কর্ণ।

কান্ত—বি, পুং (কম—ক্ত) স্বামী। চন্দ্র। বসন্তকাল। ক্লী; কুঙ্কুম। লৌহ। স্ত্রী; ন্তা-ভার্য্যা। সুন্দরী, স্ত্বরী। বি-ণ; রমণীয় মনোহর।

কান্তারঃ—বি, পুং ক্লী (ক—অন্ত-ঋ-অন) দুর্গম-পথ। মহারণ্য গহ্বর। দুর্ভিক্ষ। ই[illegible] বিং।

কান্তিঃ—বি, স্ত্রী (কম—ক্তি) শোভা দীপ্তি। ইচ্ছা।

কান্তিকম্—বি, ক্লী (কান্তি—কৈ—ড) লৌহ বিং কান্তিলৌহ।

কান্তিভৃৎ/কান্তিমৎ—(কান্তি—ভৃ—ক্বিপ্) দীপ্তি।

কান্দবম্—বি, ক্লী (কন্দু + ষ্ণ) কন্দু পক্ক ভক্ষ্যদ্রব্য বিং, পক্কান্ন, মিঠাই প্রভৃতি।

কান্দবিক—বিণ (কান্দব—ষ্ণিক) পিষ্টকাদি বিক্রেতা। রুটিওয়ালা, মিঠাইকর।

কান্দিশীক—বিণ ত্রি (কাম—দিশ—ঠক্) ভয়ে পলায়িত।

কান্যকুব্জঃ—বি, পুং (কন্যাকুব্জ—ষ্ণ) কনোজ দেশ। বি-ণ; তদ্দেশবাসী।

কাপটিক—বিণ, দুষ্ট, কুটিল।

কাপট্যম্—বি, ক্লী (কপট—ষ্যঞ্) কপটতা, শঠতা।

কাপথঃ—বি, পুং, (কু—পথিন্) কুৎসিত পথ।

কাপিল—বিণ, সাংখ্যমতাবলম্বী।

কাপালিকঃ—বি, পুং (কপাল—ষ্ণিক) জাতি বিং, কপালি। বামাচারী তান্ত্রিকসম্প্রদায়।

কাপিশম্—বি, ক্লী, মদ্যবিশেষ।

কাপুরুষঃ—বি, পুং (কু—পুরুষ) অসারব্যক্তি। ভীত।

কাপেয়—বি-ণ, ত্রি (কপি—ঢক) বানর সম্বন্ধী।

কামঃ—বি, পুং (কম—ঘঞ্) কন্দর্প। ক্লী; রেতঃ, শক্র; পুং (কম্—ঘঞ্) ইচ্ছা। (কর্ম্ম—ঘঞ্) ভোগ্যবস্তু।

কামকলা—বি, স্ত্রী; রতি কন্দর্পপত্নী।

কামকার—বি-ণ; ইচ্ছানুরূপ কার্যকারী।

কামকেলিঃ—বি, স্ত্রী; রতিক্রীড়া।

কামচরঃ —বি-ণ; (কম—চর—ঘঞ্)

কামচারী(রিন) —বি-ণ (কাম—চর—ণিন্) স্বেচ্ছাচারী।

কামদুঘা —(কাম—দুহ—কর্ত্তৃ—টাপ্)

কামধেনুঃ —বি, স্ত্রী; অভষ্টদায়িনী, গবী। স্বর্গমাতা সুরভি।

কামপালঃ—বি, পুং, কন্দর্প।

কামম্—অব্য, যথেষ্ট, পর্য্যাপ্ত। অতিশয়। অনিচ্ছায় অনুমতি। অসূয়া।

কাময়ানঃ | —(কম - ণিঙ্ - শানচ্)
কাময়মানঃ | —বি-ণ, (কম্—ণিঙ্—কর্ত্তৃ—শানচ্) যে কামনা করে, কামুক।

কামরূপঃ—বি, পুং; ভারতবর্ষের পূর্ব্বভাগস্থিত দেশ। বিং। বি-ণ; সুন্দর। ইচ্ছামত রূপধারী।

কামলঃ—বি, পুং; বসন্তকাল। স্ত্রী; পিত্তবিকার জাত রোগ বিং। কামুক।

কামবৃত্ত—বি-ণ, যথেচ্ছাচারী।

কামশরঃ—বি, পুং; আম্রবৃক্ষ।

কামসখঃ—বি, পুং; (কাম—সখিন্—টচ্) বসন্তকাল, চন্দ্র।

কামসূ—বি, স্ত্রী; কন্দর্পমাতা, রুক্মিনী। বি-ণ; অভীষ্টদায়ক।

কামসূত্রম্—বি, ক্লী বাৎস্যায়ন প্রণীত গ্রন্থ।

কামাখ্যা—বি, স্ত্রী (কামা—আখ্যা) সতীদেবীর যোনিপীঠরূপ স্থান এবং তাহার অধিষ্ঠাত্রী দেবতা।

কামাত্মা(ত্মন্)—বি-ণ। কন্দর্পসক্তচিত্ত। কর্ম্মের ফলাকাঙ্খী।

কামানলঃ—বি, পুং; কামাগ্নি।

কামান্ধ—বিণ ত্রি, কামমুগ্ধ।

কামাবসয়িতা—বি, ক্লী (কাম—অব—সো নিন্—ভাবে তা) ঈশ্বরের ঐশ্বর্য্য বিং, সর্ব্বকামনা পূর্ণ করিবার ক্ষমতা। ইন্দ্রিয়নিগ্রহশক্তি।

কামিত—বিণ, ত্রি, (কাম—ণিচ্—ক্ত) প্রার্থিত।

কামিন্—বিণ, ত্রি (কাম—ণিঙ্ ণিনি) কামবিশিষ্ট।

কামীন—বি-ণ, ত্রি (কাম—খ) কামুক।

কামুক—বি-ণ (কম—কর্ত্তৃ—ঞুক) রমণাভিলাষী। অভিলাষী। বিং, পুং; অশোক বৃক্ষ। মাধবীলতা। চড়াইপক্ষী। স্ত্রী; কা— অভিলাষিণী। কী—মৈথুনেচ্ছাবতী।

কাম্পিলা | —
কাম্পিল্লঃ | —বি, পুং; দেশবিশেষ।

কাম্বল—ত্রিং কম্বলাবৃত।

কাম্বোজঃ—বি, পুং; যবনজাতি বিং। দেশ বিং। কম্বোজদেশীয় অশ্ব। নাগকেশর বৃক্ষ।

কাম্য—বি-ণ (কম—ণচ্ + য) ভোগ্যবস্তু। অভীষ্টকর্ম্ম।

কাম্যকবনম্—বি, ক্লী; ইহা সরস্বতী নদী তীরে অবস্থিত ছিল, পাণ্ডবেরা এই বনে বহুদিন বাস করিয়াছিলেন।

কাম্যমান—বিণ, ত্রি (কাম্য—ণিচ্—শানচ্) প্রার্থ্যমান।

কাম্ল—বিণ ত্রি, (কু + অম্ল) ঈষৎ অম্ল যুক্ত।

কায়ঃ—(ম্) বি, পুং, ক্লী (চি + ঘঞ্) শরীর। সমূহ। লক্ষ্য। স্বভাব। গৃহ। ব্রহ্মা। মূলধন। মনুষ্যতীর্থ অর্থাৎ করতলের কনিষ্ঠা ও অনামিকা অঙ্গুলির মূলদেশ।

কায়স্থঃ—বি, পুং (কায়—স্থা—কর্ত্তৃ—ড) শ্রেষ্ঠ শূদ্রজাতি বিং। বি-ণ; শরীর স্থিত।

কায়িক—বি-ণ (কায়—ষ্ণিক) শরীর সম্বন্ধীয়। শরীর দ্বারা নিষ্পাদিত।

কার—বিণ, (কৃ—ঘঞ্) কর্তা, নির্মাতা।

কারক—বি-ণ (কৃ—ণক) যে করে, কর্ত্তা। বি, ক্লী (কার—ক) ক্রিয়ার সহিত যাহার অন্বয় হয়।

কারণম্—বি, স্ত্রী (কৃ—ণিচ্—ল্যুট্) হেতু। সাধন। দেহ। ইন্দ্রিয়।

কারণমালা—বি, স্ত্রী, অর্থালঙ্কার বিশেষ।

কারণা—বি, স্ত্রী (কৃ—ণিচ্—অন্—টাপ্) অতিক্লেশ। তীব্র যন্ত্রণা।

কারণিক—বিণ, ত্রি, পরীক্ষক।

কারণ্ডবঃ—বি, পুং (করণ্ড—যা—বা—কর্ত্তৃ—ড) হংস বিং, খড়হাঁস।

কারবেল্লঃ—বি, পুং (কার—বেল্ল—অচ্) করেলা। উচ্ছে।

কারা | —বি, স্ত্রী (কৃ—ঘঞ্)
কারাগারঃ | —বি, ক্লী; বন্ধনস্থান, জেলখানা।

কারাপথম্—বি, ক্লী; দেশবিশেষ।

কারিঃ—বি, স্ত্রী (কৃ—কর্ম্ম—ণি) কার্য, শিল্প।

কারিকর—বি-ণ; যে শিল্পকর্ম্ম করে, শিল্পী।

কারিকা—বি, স্ত্রী (কৃ—ণক—আপ্) শ্লোকময় বৃত্তি।

কারীষম্—বি, ক্লী (করীষ-অণ্) শুখনা ঘুঁটে।

কারু—বি-ণ (কৃ—কর্ত্তৃ—উণ্) শিল্পকর।

কারুজম্—বি, ক্লী (কারু—জন—কর্ত্তৃ—ড) শিল্পজাতদ্রব্য, চিত্র প্রভৃতি। গাত্রস্থ-তিলাদি চিহ্ন। বল্মীক। গিরিমাটী। করিশাবক।

কারুণিক—বি-ণ (করুণা—ষ্ণিক) দয়ালু।

কারুণ্যম্—বি, ক্লী (করুণা—ষ্ণ্য) দয়া।

কারোত্তরঃ—বি, পুং, (কার—উৎ-কৃ—অচ) সুরামণ্ড, কূপ।

কার্কশ্যম্—বি, পুং, (কর্কশ—ষ্ণঞ্) কঠিনতা। নির্দয়তা।

কার্ত্তবীর্য্যঃ—বি. পুং (কৃতবীর্য্য—ষ্ণ) স্বর্ণ।

কার্ত্তান্তিকঃ—বি, পুং (কৃতান্ত—ষ্ণিক্) দৈবজ্ঞ।

কার্ত্তিকঃ—বি, পুং (কৃত্তিকা + ষ্ণ) মাস বিং। কার্ত্তিকেয়, ষড়ানন।

কার্ত্তিকেয়ঃ—বি, পুং (কৃত্তিকা—ষ্ণেয়) ষড়ানন।

কার্ৎস্ন্যম্—বি, ক্লী (কৃৎস্ন—ষ্যঞ্) সম্পূর্ণতা, সাফল্য।

কার্পণ্যম্—বি, ক্লী (কৃপণ—ষ্ণ্য) দীনতা, কৃপণতা।

কার্পাসঃ—বি, পুং; (কর্পাসী—অণ্) কার্পাস গাছ। ক্লী; কার্পাস তুলা।

কার্পাসী—বি, স্ত্রী; কার্পাসতুলা, কার্পাসগাছ।

কার্ম—বিণ, ত্রি (কর্ম—ণ) কর্মশীল।

কার্ম্মুকম্—বি, ক্লী (কর্ম্মন্ উ + কঞ্) ধনুক।

কার্যম্—বি, ক্লী (কৃ—ণ্যৎ) কর্ম্ম, কাজ হেতু। ফল।

কার্শ্যম—বি, ক্লী (কৃশ—ষ্ণ্য) কৃশতা। ক্ষীণতা।

কার্ষাপণ—বি, পুং, ক্লী (কর্ষ—ষ্ণ—আপণ) ১৬ পণ, এক কাহন।

কার্ষিকঃ—বি, পুং (কর্ষ + ষ্ণিক) এক কুড়ি, পাঁচগণ্ডা।

কার্ষ্ণ—বি-ণ তি (কৃষ্ণ-অণ্) কৃষ্ণসম্বন্ধী।

কার্ষ্ণিঃ—বি, পুং (কৃষ্ণ—ইঙ্) কৃষ্ণপুত্র।

কালঃ—বি, পুং (কু + অল + অচ্) অবসর। যম। মৃত্যু। শনি। কোকিল। শিব। বি-ণ; কৃষ্ণ। ক্লী; লৌহ।

কালকঃ—বি, পুং (কাল + ক) সর্পবিশেষ।

কালকঞ্জম্—বি, ক্লী; নীলপদ্ম।

কালকণ্ঠঃ—বি, পুং; শিব। ময়ূর। খঞ্জন। চড়ুই।

কালকূটঃ—বি, পুং; হলাহল বিষ বিশেষ।

কালকেয়ঃ—বি, পুং; বহু (কলকা—ষ্ণেয়) ষষ্ঠিসহস্র অসুর বিং।

কালখণ্ডম্—বি, ক্লী; যকৃৎ। রোগবিশেষ।

কালজ্ঞ—বি-ণ; যে সময় বুঝিয়া কার্য্য করে। বি, পু; কুক্কুট। দৈবজ্ঞ।

কালঞ্জরঃ—বি, পুং (কাল—জৃ—খচ্) শিব। পর্বতবিশেষ।

কালধর্ম্মঃ—বি, পুং; মৃত্যু।

কালনেমিঃ—বি, পুং; রাক্ষস বিং, রাবণের মাতুল।

কালপুরুষঃ—বি, পুং; যমের সহকারী ভৃত্য। পুরষাকৃতিনক্ষত্রসমূহ।

কালযবনঃ—বি, পুং; অসুরবিশেষ, যবনরাজ, মহাদেবের ঔরসে গার্গ্যমুনির ভার্য্যার গর্ভে ইহার উৎপত্তি হয়।

কালরাত্রিঃ—বি, স্ত্রী; সংহাররাত্রি, প্রলয়রাত্রি। দেবীর শক্তি বিং।

কালবেলা—বি, স্ত্রী; দিবা ও রাত্রিতে নির্দ্দিষ্ট অশুভ সময় বিং।

কালসর্পঃ—বি, পুং; কৃষ্ণসর্প, কেউটে সাপ।

কালসহ—বি-ণ; যাহাতে কালবিলম্ব সহ্য হয়।

কালসারঃ—বি, পুং; কৃষ্ণসারমৃগ।

কালসূত্রম্—বি, ক্লী; নরক বিং।
কালস্কন্ধঃ—বি, পুং; তমালবৃক্ষ, উদুম্বর বৃক্ষ।
কালা—বি, স্ত্রী, দুর্গার উপাধি।
কালাগুরু—বি-ণ, কৃষ্ণচন্দন।
কালাগ্নিঃ—বি, পুং; প্রলয়াগ্নি।
কালাত্যয়াপদিষ্টঃ—বি, পুং; ন্যায়দর্শনে হেত্বাভাসবিশেষ।
কালায়সম্—বি, ক্লী; (কাল + অয়স্ + অচ) লৌহবিশেষ।
কালাশৌচম্—বি, ক্লী; মহাগুরুনিপাতে সংবৎসরব্যাপী অশৌচ বিং।
কালিকা—বি, স্ত্রী; দেবীবিশেষ। মেঘমালা। কুজ্ঝটিকা। লোমাবলী। কাকী। শ্যামাপক্ষী। শৃগালী। বিচুটি। পটোলশাক। সুয়া। কিস্তিবন্দী।
কালিঙ্গঃ—বি, পুং (কলিঙ্গ—ষ্ণ) কলিঙ্গদেশের রাজা। হস্তী। সর্প। কাঁকুড়।
কালিদাসঃ—বি, পুং; বিক্রমাদিত্যের সভাপণ্ডিত কবি বিং।
কালিন্দী—বি, স্ত্রী (কলিন্দ—ষ্ণ—ঈপ্) যমুনা নদী
কালিন্দীকর্ষণঃ—বি, পুং
কালিন্দীভেদনঃ—বি, পুং; বলরাম।
কালিমা(মন)—বি, পুং (কাল—ইমন্) কৃষ্ণতা, মলিনতা।
কালিয়ঃ—বি, পুং; কালিন্দীহ্রদে স্থিত সর্প বিং। বি-ণ; কালসম্বন্ধীয়, কৃষ্ণবর্ণ।
কালী—বি, স্ত্রী; কালিকাদেবী। মৎস্যগন্ধা। নবমেঘশ্রেণী। কৃষ্ণপক্ষের রাত্রি। অগ্নিজিহ্বা বিং। লিখনের উপকরণ, মসী। দুর্গা।
কালীন—বিণ, ত্রি কালসম্বন্ধীয়।
কালীয়ঃ—বি, পুং (কাল ছ) সর্পবিশেষ।
কালীয়কম্—বি, ক্লী; কৃষ্ণচন্দন। দারুহরিদ্রা।
কালুষ্যম্—বি, ক্লী; (কলুষ + ষ্যঞ) কলুষতা।

কালেয়ম্—বি, ক্লী; যকৃৎ। কৃষ্ণচন্দন। বি-ণ; কালসম্বন্ধীয়।
কালোদকম্—বি, ক্লী; ভারতপ্রসিদ্ধ তীর্থ বিং।
কাল্পনিক—বিণ (কল্পনা—উঞ) যাহা বাস্তবিক নহে, আরোপিত।
কাল্যঃ—বি, পুং (কল - অণ) প্রভাত।
কাল্যা—বি, স্ত্রী; যে গরুর গর্ভগ্রহণকাল উপস্থিত হইয়াছে, উপসর্য্যা।
কাবচিকম্—বি, ক্লী (কবচিন্ + ঠঞ) কবচধারিসমূহ।
কাবারী—বি, স্ত্রী (ক—আ—বৃ—অণ—ঈপ্) ছত্র, টোকা, যাহা মস্তকে দিয়া কৃষকেরা রৌদ্র নিবারণ করে।
কাবুকঃ—ক্লী, পুং; চক্রবাক্ পক্ষী।
কাবেরম্—ক্লী, ক্ষুদ্র অঙ্গবিশিষ্ট কেসর।
কাবেরী—বি, স্ত্রী; দ্রাবিড় দশে প্রবাহিতা নদী বিশেষ। বেশ্যা।
কাব্য—বি, পুং (কবি—ষ্ণ্যঞ) শুক্রাচার্য্য। ক্লী; সরসবাক্য, কবিত্ব।
কাব্যলিঙ্গম্—বি, ক্লী অর্থালঙ্কার বিশেষ।
কাশ(স)ঃ—বি, পুং; রোগবিশেষ, কাসরোগ। কাশফুল। প্রকাশ। বি-ণ; শোভাযুক্ত।
কাশি—
কাশিকা—
কাশী—বি, স্ত্রী; বারাণসী।
কাশী(শি)রাজঃ—বি, পুং; নৃপতি বিং; দিবোদাস। ধন্বন্তরি।
কাশীশঃ—বি, পুং; কাশীরাজ।
কাশ্মীরঃ—বি, পুং (কশ্মীর—ষ্ণ) দেশবিশেষ। তদ্দেশবাসী। ক্লী; পদ্মের মূল। কুঙ্কুম। সোহাগা।
কাশ্মীরজম্—বি, ক্লী (কাশ্মীর—জন্ + ড) কুমকুম।
কাশ্যপঃ—বি, পুং; মুনি বিং। গোত্র বিং। অরুণ। ক্লী; মাংস।

কাশ্যপিঃ—বি, পুং (কশ্যপ—ষ্ণি) গরুড়। সূর্য্য-সারথি, অরুণ। স্ত্রী; পি, পী—পৃথিবী। পরশুরাম পৃথিবী একবিংশতিবার নিঃক্ষত্রিয়া করিয়া কশ্যপকে দান করিয়াছিলেন বলিয়া এই নাম হইল।
কাশ্যপেয়ঃ—বি, পুং (কশ্যপ—ঢেয়) সূর্য্য। গরুড়।
কাষায়—বি-ণ (কষায়—ষ্ণ) অনুজ্জ্বল রক্তবর্ণ রঞ্জিত।
কাষ্ঠম্—বি. ক্লী (কাশ—কথন্) যাহার দ্বারা অগ্নি দীপ্তি পায়, কাঠ।
কাষ্ঠকুট্টঃ—বি, পুং; কাঠঠোকরাপক্ষী।
কাষ্ঠকুড্যম—বি, ক্লী; কাষ্ঠনির্ম্মিত ভিত্তি।
কাষ্ঠকুদ্দালঃ—বি, পুং; নৌকাদির জলসেচনার্থ কাষ্ঠনির্ম্মিতপাত্র, কেঠো।
কাষ্ঠতক্ষঃ—বি, পুং (কাষ্ঠ—তক্ষ—ষণ্) সূত্রধর, ছুতার।
কাষ্ঠকলঙ্কম্—বি, ক্লী; কাষ্ঠনির্ম্মিত ফলক, পাটা, তক্তা, বোর্ড প্রভৃতি।
কাষ্ঠমল্লঃ—বি, পুং; শব লইয়া যাইবার খাট বা গাড়ি। শবযান।
কাষ্ঠা—বি, স্ত্রী; দিক্। অষ্টাদশ নিমেষাত্মক সূক্ষ্মকাল। সীমা। স্থিতি। উৎকর্ষ। দারুহরিদ্রা।
কাষ্ঠাম্বুবাহিনী—বি, স্ত্রী (কাষ্ঠ—অম্বু—বহ—ণিন্—ঈপ্) জলসেচনী, দ্রোণী।
কাষ্ঠিকা—বি, স্ত্রী; ক্ষুদ্র কাষ্ঠখণ্ড।
কাসমর্দ্দঃ—বি; পুং; কলকাসান্দাগাছ।
কাসরঃ—বি, পুং (ক—আ—সৃ—অচ্) মহিষ।
কাসারঃ—বি, পুং; (কাস্-আরন্) সরোবর।
কাসীস—(কাসী—সো + ক) হিরাকস।
কাসূ(শূ)—বি. স্ত্রী. (কাস-উ) অস্পষ্ট ভাষণ, ভক্তি।
কাসৃতিঃ—বি. স্ত্রী, কুৎসিৎ পথ, পাকদণ্ডী।
কাহলঃ—বি, পুং (কু—হল + অচ্) কুক্কুট। বিড়াল। বৃহৎ ঢক্কা। ক্লী; অব্যক্তশব্দ। বি-ণ; শুষ্ক। খল। অতিশয়। স্ত্রী; লা—বাদযন্ত্র বিং। লী অপ্সরা বিং। যুবতী।

কিংবদন্তী(ন্তি)—বি, স্ত্রী (কিম্—বদ—অন্তি) জনশ্রুতি, জনরব।
কিংবো—অব্য, অথবা, বিকল্প।
কিংশারুঃ—বি, পুং (কিম্—শৄ—এরুণ্) শস্যের শুঁয়া, শস্যশূক।
কিংশুকঃ—বি, পুং; পলাশবৃক্ষ। ক্লী; ঐপুষ্প।
কিংস্বিৎ—অব্য; প্রশ্ন। বিতর্ক। বিকল্প।
কিকীদিবিঃ—বি, পুং; পক্ষীবিশেষ, স্বর্ণচাতক।
কিখিঃ—বি, পুং; খেঁকশেয়াল।
কিঙ্করঃ—বি-ণ (কিম্—কৃ—ট) যে বেতন লইয়া অন্যের সেবা করে, ভৃত্য। স্ত্রী; রী।
কিঙ্কিণী(ণি)—বি, স্ত্রী; (কিম্ + ষণ + ইন + ঈপ্) ক্ষুদ্রঘণ্টা। ঘুঙুর। কটিভূষণ।
কিঙ্কিরঃ—বি, পুং; (কিম—কৃ-অ) কোকিল। ভ্রমর। অশ্ব। কন্দর্প। স্ত্রী; রী—রক্তবর্ণ।
কিঙ্কিরাত—বি, পুং (কিঙ্কির—অত—অন্) রক্তাশোকবৃক্ষ। কোকিল। কন্দর্প। শুকপক্ষী।
কিঞ্চ—অব্য, সমুচ্চয়, আরও কিছু। আরম্ভ। সাফল্য। সম্ভাবনা।
কিঞ্চন—(কিম্—চন)।
কিঞ্চিৎ—(কিম্—চিৎ) অব্য, অল্প, কিছু। কোনবস্তু।
কিঞ্চুলুকঃ—বি. পুং; কেঁচুয়া, মহীলতা।
কিঞ্জল্কঃ—বি, পুং (কিম-জল + ক্বিপ) পদ্ম প্রভৃতি পুষ্পের মধ্যস্থিত কেশের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র অংশ। কেশর।
কিটিঃ—বি, পুং (কিট + ইন) শূকর।
কিটিভঃ—বি, পুং; (কিটি-ভা-ক) ছারপোকা।
কিট্টম্—বি, ক্লী (কিট + ক্ত) ধাতুমল। তৈলাদির কাইট্।
কিণঃ—বি, পুং; (কণ + অচ্) ঘর্ষণচিহ্ন, কড়া, কালশিটে।
কিণ্বঃ—বি, পুং (কণ + ক্বন + ক) মদ্যবীজ, ক্লী—পাপ।

কিতব—বি-ণ; ধূর্ত্ত, প্রতারক। দ্যূতক্রীড়াকারী। বিদগ্ধ। মত্ত। পুং; ধুস্তর বৃক্ষ।
কিন্তু—অব্য, প্রথম কথিত বিষয়ে বৈপরীত্য বা সঙ্কোচ বোধক শব্দ।
কিন্ধিন্—বিন, পুং; কুবুদ্ধি সম্পন্ন, বি, ঘোড়া।
কিন্নরঃ—বি, পুং (কিম্ + নর) দেবযোনি বিং, দেবগায়ক, যক্ষ। ইহাদের অশ্বের ন্যায় মুখ এবং মনুষ্যের ন্যায় শরীর।
কিন্নরেশঃ—বি, পুং; কুবের।
কিন্নু—অব্য, (কিম—নু) প্রশ্ন। বিতর্ক। সাদৃশ্য।
কিম্—অব্য, (কু + ডিমু) নিন্দা। প্রশ্ন। নিষেধ। বিতর্ক। সংশয়। কুৎসিত।
কিম্(মূলশব্দ)—বি-ণ; কে, কি।
কিমপি—অব্য; অনিশ্চিত। অনির্ব্বচনীয়।
কিমিব—অব্য; কি, কিই। কিছু। কাহার ন্যায়।
কিমু—অব্য; (কে + ডিমু) সম্ভাবনা। বিতর্ক। বিকল্প।
কিমুত—অব্য, প্রশ্ন। বিতর্ক। বিকল্প। অতিশয়। সম্ভাবনা।
কিম্পচ—বি-ণ; (কিম্ + পচ্ + অচ্) কৃপণ।
কিম্পুরুষঃ—বি, পু; কিন্নর। নববর্ষের অন্তর্গত বর্ষ অর্থাৎ দেশ বিং।
কিয়দ্ভূত—বিণ, ত্রি, কীদৃশ।
কিয়ৎ—বিণ (কিম্—বতু, নিপা) কি পরিমাণ কত। অল্প পরিমাণ। (এই শব্দটি অব্যয়ও হয়)।
কিরঃ—বি, পুং; (কৄ + ক) শূকর। প্রান্তভাগ।
কিরণঃ—বি, পুং (কৄ + ক্যু) তেজ, অংশু।
কিরণমালী(লিন্)—বি, পুং; (কিরণ + মালা + ইন্) সূর্য্য।
কিরাতঃ—বি, পুং (কির—অত + অন্) যাহারা প্রান্তভাগে বাস করে, ব্যাধ, বন্যজাতি। অশ্বপাল, মলিন।
কিরি—বি, পুং (কৄ + ইক) শূকর, মেঘ।
কিরীট—বি, পুং, ক্লী (কৄ + কীটন্) শিরোভূষণ, মুকুট।

কিরীটী(টিন)—বি, পুং; অর্জ্জুন। বি ণ; কিরীটধারী।
কির্মীর—বি, পুং (কৃ+ইরন্) বকরাক্ষসের ভ্রাতা।
কিল—অব্য, প্রসিদ্ধি। বার্ত্তা। নিশ্চয়। সম্ভাবনা। অলীক, মিথ্যা। অনুনয়। হেতু। তিরস্কার।
কিলকিঞ্চিত—বি, ক্লী (কিল—কিম্ + চিত) স্ত্রীদিগের নায়ক সমীপে হর্ষভয়াদি সকল প্রকার ভাব বিং।
কিলকিলঃ—লা, বি (কি+ক+টাপ্) বানরাদির হর্ষধ্বনি।
কিলাটম্—বি, ক্লী; নষ্ট গোদুগ্ধ পাক করিলে যে পিণ্ডাকৃতি পদার্থ হয়, ক্ষীরবিকৃতি।
কিলাসম্—বি, ক্লী; রোগ বিং, ছুলি।
কিলিঞ্জকঃ—বি, পুং (কিলি + ইন্ + জন্ + ড ক) মাদুর পর্দা।
কিল্বিষম্—বি, ক্লী; পাপ। দোষ, অপরাধ। রোগ।
কিশ(স)লয়—বি, পুং, ক্লী (কিম্ + শল্ + অচ্) নবপল্লব।
কিশোর—বি-ণ (কশ + বরণ) শিশু, ১১ বৎসর হইতে ১৫ বৎসর পর্য্যন্ত বয়স্ক বালক। নবযুবা। সূর্য্য।
কিষ্কিন্ধ(স্কন্ধ)ঃ—বি, পুং; ওড্রদেশস্থ পর্ব্বত বিশেষ।
কিষ্কিন্ধা(স্কন্ধা)—বি, স্ত্রী; কিষ্কিন্ধ পর্ব্বতের গুহা, বালিরাজের রাজধানী।
কিষ্কু—বি, পুং, স্ত্রী (কিষ্ক + উন্) এক বিঘৎ, দ্বাদশ অঙ্গুলি পরিমাণ।
কীকটঃ—বি, পুং; (কী + কট্ + অচ্) অশ্ব। দেশ-বিশেষ, বিহার। বি-ণ; কৃপণ। দরিদ্র।
কীকশঃ—বি, পুং; (কী + কস্ + অচ্) চণ্ডাল।
কীকসম্—বি, ক্লী; (কী + কস্ + অচ্) অস্থি। পুং; কীটবিং। বি-ণ কঠিন।
কীচকঃ—বি, পুং (কী + চক্ + অচ্) পোকা। কৃমি। বি-ণ; কঠিন। বিরাট রাজার শ্যালক।
কীটকঃ—বি, পুং; (কীট-কণ্) ক্রীড়া, মগধজাতির ভাট।

কীটঘ্নঃ—বি, পুং (কীট—হন্—টক্) গন্ধক।
কীটজনম্—বি, ক্লী; (কীট—জন্ + ড) রেশম। স্ত্রী; জা—লাক্ষা।
কীটমণিঃ—বি, পুং; জোনাকি পোকা, খদ্যোত।
কীটাণুঃ—বি, পুং; চক্ষুর অগোচর ক্ষুদ্র কীট।
কীদৃক্(শ)—(কিম্—দৃশ—কর্ম্ম—ক্বিপ্)
কীদৃশ—(কিম্—দৃশ—কর্ম্ম—টক্) বি-ণ; কি প্রকার, কেমন।
কীনাশঃ—বি, পুং (কিম্—নশ—ণিচ্—অন্) যম। বানরবিশেষ, বি-ণ; ক্ষুদ্র, নীচ। পশুঘাতক। গুপ্তহত্যাকারী। কৃষক।
কীরঃ—বি, পুং (কী—ঈর + ণিচ্ + অচ্) শুকপক্ষী। কাশ্মীরদেশ। ক্লী; মাংস।
কীর্ণ—বি-ণ (কৃ—কর্ম্ম—ক্ত) বিক্ষিপ্ত। ব্যাপ্ত। হিংসিত।
কীর্ণিঃ—বি, স্ত্রী (কৃ + ক্তিন্) ব্যাপ্তি, বিক্ষেপ, হিংসা।
কীর্ত্তনম্—বি, ক্লী (কৃত+ল্যুট্) বর্ণনা। গুণকথন।
কীর্ত্তিঃ—বি, স্ত্রী (কৃৎ + ক্তি) দানাদি জন্য সুখ্যাতি, যশ।
কীর্ত্তিত—বি-ণ (কৃত + ক্ত) কথিত। বর্ণিত।
কীর্ত্তিশেষঃ—বি, পুং মৃত্যু, বিণ. ত্রি. মৃত।
কীলঃ (লা)—বি, পুং, স্ত্রী (কীল + ঘঞ্) গোঁজ, শঙ্কু। হুড়কা, খিল।
কীলকঃ—বি, পুং; (কীল + ঘঞ্ + ক) গোঁজ। তন্ত্রোক্ত দেবতা বিং। মন্ত্র বিশেষ।
কীলনম্—বি, ক্লী (কীল + ল্যুট্) দৃঢ়ীকরণ, স্থিরীকরণ। বন্ধন।
কীলালম্—বি, ক্লী (কীল—অল—অচ্)ল। রক্ত। অমৃত। মধু।
কীলিত—বি ণ. ত্রি (কীল + ক্ত) বদ্ধ, বন্ধন।
কীশঃ—বি, পুং (কি + ঈশ্) বানর। সূর্য্য। পক্ষী। বিণ; উলঙ্গ, নেঙটা।
কুঃ—বি, স্ত্রী; পৃথিবী। অব্য, নিন্দা। ঈষৎ। পাপ নিবারণ।

কুংশা(সা)—বি, স্ত্রী (কংশ + অণ + টাপ্) শোভা।
কুকভম্—বি. ক্লী; (কুক-ভা-ক) একপ্রকার মদিরা।
কুকীলঃ—বি, পুং; পাহাড়।
কুকুন্দরম্—বি, ক্লী (কু—কু—ছ + অণ্) নিতম্বের উপরিস্থ আবর্ত্তাকার গর্ত্তদ্বয়।
কুকরঃ—বি, পুং (কু—কুর + ক) যদুবংশীয় রাজাবিশেষ।
কুকুলম্—বি, ক্লী; শঙ্কুদ্বারা সঙ্কীর্ণ গর্ত্ত। বর্ম্ম। পুং। তুষানল।
কুক্কুটঃ—বি, পুং; (কুক্-কুট্ + ক্) বন্যকুক্কুট।
কুক্কুরঃ—বি, পুং (কুক্ + কুর + ক) কুকুর। স্ত্রী; কুক্কুরী।
কুক্ষিঃ—বি, পুং (কুষ + ক্সি) উদর গহ্বর, কোঁক। মধ্যভাগ।
কুক্ষিজ—বি-ণ (কুক্ষি—জন্ + ড) সন্তান।
কুক্ষিম্ভরি—বি-ণ (কুক্ষি—ভৃ + খি) যে সকলকে বঞ্চনা করিয়া কেবল আত্মোদর পূর্ণ করে, পেটুক।
কুঙ্কুমম্—বি, ক্লী (কুক্ + উমক্) কাশ্মীরদেশজাতগন্ধদ্রব্য বিং।
কুচঃ—বি, পুং (কুচ—ক) যুবতীর স্তন।
কুচক্রম্—বি, ক্লী; ষড়যন্ত্র, কুমন্ত্রণা।
কুজঃ—বি, পুং (কু—জন্ + ড) মঙ্গল গ্রহ। নরকাসুর, বৃক্ষ। স্ত্রী—সীতা, দুর্গা। বক্র। জলপাত্র বিং।
কুজ্ঝটি(কা)—বি, স্ত্রী (কু—ক্বিপ্ + ঝট্ + ইন) কুয়াসা।
কুঞ্চনম্—বি, ক্লী (কুঞ্চ—ল্যুট) সঙ্কোচন, বক্রকরণ। অনাদর।
কুঞ্চিঃ(ঞ্চী)—বি, স্ত্রী (কুনচ্ + ই) তণ্ডুলাদির অষ্টমুষ্টি পরিমাণ, খুঁচি।
কুঞ্চিকা— বি. স্ত্রী (কুনচ্ + ণ্বুল্ + টাপ্) কুঁচে মাছ। কুইট। কঞ্চী। চাবি।
কুঞ্চিত—বি-ণ (কুনচ—ক্ত) বক্র। সঙ্কুচিত। অনাদৃত।

কুঞ্জঃ—বি, পুং, ক্লী (কু—জন্ + ড) লতাগৃহ। হস্তিদন্ত। হস্তীর হনুদেশ।

কুঞ্জরঃ—বি, পুং (কুঞ্জ + রন্) হস্তী। (কোন শব্দের পরে থাকিলে শ্রেষ্ঠবোধক)। কেশ। পর্বত বিশেষ।

কুঞ্জরাশনঃ—বি, পুং; অশ্বত্থবৃক্ষ।

কুটঃ—বি, পুং (কুট + ক) গড়, দুর্গ। পাথরভাঙ্গা হাতুড়ি। পর্ব্বত। বৃক্ষ। পুং, ক্লী; ঘট।

কুটজঃ—বি, পুং (কুট—জন + ড) গিরিমল্লিকা বৃক্ষ, কুড়চীগাছ।

কূটপঃ—পু (কুট-পা-ক) শস্যেরমাপ। গৃহের নিকর্টস্থ উদ্যান।

কুটিঃ—বি, পুং (কুট + ই) বৃক্ষ। দেহ। জল।

কুটিচরঃ—বি, পুং (কুটি—চর + অচ্) সন্ন্যাসিবিশেষ।

কুটির |—
কুটীর |—বি, পুং, ক্লী (কুটি, কুটী + র) কুঁড়েঘর, পর্ণশালা, গৃহ।

কুটিল—বি-ণ (কুট + ইলচ্) বক্র। অসাধু। স্ত্রী; লা—নদী।

কুটিলগ—বিণ. ত্রি. (কুটিল + গম্ + ড) সর্প। বক্রগামী। স্ত্রী; কুটিলগা—নদী।

কুটুঙ্গকঃ—বি, পুং; লতাগৃহ। ছাদ। চাল। ধান্যাদিরক্ষণ। পাত্র বিং ডোল।

কুটুম্বঃ—বি, পুং (কুটুম্ব—কর্ত্তৃ + অন্) পোষ্যবর্গ।

কুটুম্বী(ম্বিন্)—বি, পুং; গৃহস্থ। স্ত্রী; নী গৃহিণী।

কুটুম্বিতা—বি, স্ত্রী (কুটুম্বিন্—তল্ + টাপ্) পারিবারিক সম্বন্ধ।

কুট্টনম্—বি, ক্লী (কুট্ট + ল্যুট্) ছেদন, কুটিয়া ফেলা। খোঁড়ন, খনন। স্ত্রী; নী—কুটনী, দূতী।

কুট্টমিত—বি, ক্লী (কুট্ট + অম্ + ইতচ্) স্ত্রীলোকদিগের মস্তকাদি সঞ্চালন; বিলাস বিশেষ।

কুট্টক |—(কুট্ট + ণ্বুল)
কুট্টাক |—(কুট্ট + যাকন্) বি-ণ; ছেদক। পুং; মৎস্যরঙ্গ।

কুট্টারঃ—বি, পুং; (কুট্ট-আরন) পাহাড়। ক্লী. মৈথুন।

কুট্টিত—বি-ণ (কুট্ট+ক্ত) যাহা ছেদন করা হইয়াছে, ছিন্ন।

কুট্টিমঃ—বি, পুং, (কুট্ট+ইমপ্) রত্নের খনি। পাকা মেজে। বদ্ধভূমি। চাতাল। মসৃণ ভূমি।

কুটাল |—(কুট + ক্মলচ্)
কুড়মল |—(কুড + ক্মলচ্) বি, পুং, ক্লী; ফুলের কুঁড়ি।

কুট্টিহারিকা—বি. স্ত্রী. সেবিকা, দাসী।

কুঠঃ—বি, পুং (কু-স্থা + ক) বৃক্ষ।

কুঠরঃ—বি, পুং (কুঠ + করণ) মন্থন দণ্ড, যে খুঁটিতে মডান বাঁধে।

কুঠাটঙ্কঃ—বি, পুং; কুড়ালি, বাইস।

কুঠারঃ—বি, পুং (কুঠ + আরন) কুড়ালি, বাইস। স্ত্রী; রী, রিকা।

কুড়পঃ |—
কুড়বঃ |—বি, পুং; পরিমাণ বিং, প্রস্থের ৪র্থ ভাগ। বৈদ্যমতে ৩২ তোলা।

কুড্যাম্—বি, ক্লী (কুড + ক্যপ্) ভিত্তি, দেওয়াল। বিলেপন।

কুর্ণপঃ—বি, পুং; ক্লী (কুণ+কপন্) শব। অস্ত্র বিং। দুর্গন্ধ। স্ত্রী; পী—গুয়েশালিক, বিট্‌শারিকা।

কুর্ণি—বি, পুং (কুণ + ইন্) বিকলাঙ্গ, তুঁতগাছ।

কুণ্ঠ |—(কুণ্ঠ + অন্)
কুণ্ঠিত |—বিণ. ত্রি (কুণ্ঠ+ক্ত) অলস, জড়, সঙ্কুচিত। ব্যাঘাতপ্রাপ্ত। ভোঁতা। কাতর। মুর্খ। অকর্ম্মণ্য।

কুণ্ডঃ—বি, পুং (কুন্‌ড + অল্) পতি বিদ্যমান থাকিতে উপপতির ঔরসজাত পুত্র। ক্লী; অগ্নিস্থাপনের গর্ত্ত। দেবজলাশয়। চৌবাচ্চা। পরিমাণপাত্র বিং। ক্লী, স্ত্রী; ণ্ডী—কমণ্ডলু। কলসী, ঘটী।

কুণ্ডলঃ—বি, ক্লী (কুনড + কলচ্) কর্ণভূষণ। বলয়, কঙ্কণ। বলয়াকৃতি বন্ধনী, গলার গলাসী। সমূহ।

কুণ্ডলনা—বি, স্ত্রী (কুণ্ডল + ণিচ্ + যুচ্ + টাপ্) বলয়াকারে বেষ্টন, বেড়া দেওয়া খাদ্য বিং, জিলাপি।

কুণ্ডলী(লিন)—বি, পুং (কুণ্ডল—ইন্) সর্প। ময়ূর। স্ত্রী; নী—শক্তি বিং। মিষ্টান্ন, জিলাপি। বি-ণ; কুণ্ডলধারী।

কুণ্ডিকঃ—বি, পুং; ধৃতরাষ্ট্রের পুত্র।

কুণ্ডিকাঃ—বি, স্ত্রী (কুণ্ড + ইল + টাপ্) কমণ্ডলু।

কুণ্ডিনম্—বি, ক্লী; বিদর্ভ নগর। পুং; অগ্নি। সূর্য। অতিথি। দৌহিত্র। ভাগিনেয়। ব্রাহ্মণ। বৃষ।

কুতপ—বি. পুং, ক্লী. দিবাভাগকে পনর ভাগ করিয়া তাহার অষ্টম ভাগ। পুং—দৌহিত্র, অগ্নি।

কুতঃ(স্)—অব্য. (কিম্ + তসিল্) কোথা হইতে, কোথায়।

কুতস্ত্য—বিণ. ত্রি (কুতস্ + ত্যপ্) কোথা হইতে আগত।

কুতুকম্—বি, ক্লী (কুতু—কৈ + ড) কৌতুহল। আনন্দ।

কুতুপঃ |—বি, পুং;
কুতূ |—বি, স্ত্রী; চর্ম্মনির্ম্মিত তৈলাদিপত্র মসক, কুপা।

কুতূহলম্—বি, ক্লী (কুতূ—হল্ + অচ্) কোন নূতন বিষয় জানিবার জন্য ব্যগ্রতা। বি-ণ; আশ্চর্য্যজনক, অদ্ভুত।

কুত্র—অব্য. (কিম্ + ত্রল) কোথায়। কোন বিষয়ে।

কুত্রচিৎ—অব্য; কোনস্থানে।

কুত্রাপি—অব্য; কোথাও।

কুৎসনম্ |—বি, ক্লী; (কুৎস + ল্যুট)
কুৎসা |—বি. স্ত্রী (কুৎস + অ + টাপ্) নিন্দা।

কুৎসিত—বি-ণ (কুৎস + ক্ত) নিন্দিত।

কুথ—বি, পুং, ক্লী; হস্তীর পৃষ্ঠস্থিত চিত্রিত কম্বলাদি, ঝুল। আস্তরণ।

কুদালঃ |—(কু—দল—অণ্)
কুদ্দালঃ |—বি, পুং, (কু—উৎ—দল + অণ্) কোদাইল।

কুদৃষ্টিঃ—বি, স্ত্রী; নাস্তিক মত, মিথ্যাদৃষ্টি। মন্দাদৃষ্টি।

কুধ্রঃ—বি, পুং, (কু—ধৃ + ক) পর্বত, ভূধর।

কুনখঃ—বি, পুং; নখরোগ বিং, কুনি।

কুন্তঃ—বি, পুং; (কু—উন্দ + ত) প্রাস, অস্ত্র, ভল্ল, খোঁচ। পক্ষবিশিষ্ট বাণ।

কুন্তলঃ—বি, পুং (কুন্ত—লা + ড) কেশ। পানপাত্র। যব দেশ বিং।

কুন্তি, কুন্তীঃ—বি. স্ত্রী; পাণ্ডুরাজার পত্নী। শূরসেন রাজার কন্যা পৃথা কুন্তি ভোজরাজ কর্ত্তৃক পালিতা হইয়া কুন্তি নাম প্রাপ্ত হন।

কুন্থনম্—বি, ক্লী (কুন্থ + ল্যুট্) কোঁথান, ক্লেশদ্যোতন।

কুন্দঃ—বি, পুং (কুম্—দা + ক) কুঁদফুল। পুং, ভ্রমিযন্ত্র। নিধি বিং।

কুন্দুরুকী—বি, স্ত্রী; কুঁদুরকীগাছ।

কুপতিঃ—বি, পুং; রাজা। বি-ণ; মন্দপতি।

কুপথঃ—বি, পুং (কু—পথিন্ + অচ্) কুৎসিত পথ।

কুপথ্যম্—বি, ক্লী; অহিতকর পানভোজনাদি।

কুপিত—বি-ণ (কুপ—কর্ত্তৃ—ক্ত) ক্রুদ্ধ।

কুপুরুষঃ—বি, পুং; কাপুরুষ, ভীরু, অপদার্থ ব্যক্তি।

কুপূয়—বি-ণ; (কু—পূয় + অচ্) জাতি ও আচারাদি দ্বারা নিন্দিত।

কুপোষ্য—বি-ণ; যে যে সকল নিরাশ্রয় আত্মীয় লোকের ভরণ পোষণের ভার লইতে হয়।
কুপ্যম্—লি, ক্লী (গুপ + ক্যপ্) স্বর্ণ রৌপ্য ভিন্ন ধাতু।
কুবেরঃ—বি, পুং (কু—বের = শরীর) যক্ষরাজ। ইহার তিন পা এবং আট দন্ত এজন্য কুৎসিত শরীরবিশিষ্ট বলা হইয়া থাকে।
কুব্জ—বিণ, ত্রি (কু + উব্জ) কুঁজো, উচ্চপৃষ্ঠ।
কুব্জা—বি, স্ত্রী; কংসের সৈরিন্ধ্রী বিং। কৃষ্ণের প্রণয়পাত্রী।
কুব্জিকা—বি, স্ত্রী; দেবীবিশেষ। অষ্টাবর্ষীয়া কন্যা।
কুব্রহ্ম—বি, পুং (কু—ব্রহ্মন্ + টচ্) অপকৃষ্ট ব্রাহ্মণ।
কুমারঃ—বি, পুং (কু—মৃ + ণিচ্ + অচ্) কার্ত্তিকেয়। যুবরাজ। ৫ম বর্ষীয় বালক। শুকপক্ষী। সিন্ধুনদ। স্ত্রী; রী—অবিবাহিতা কন্যা।
কুমারভৃত্যা—বি, স্ত্রী (কুমার—ভৃ + ক্যপ্ + টাপ্) বালচিকিৎসা।
কুমারিকা—বি, স্ত্রী (কুমারী—কন + টাপ্) অবিবাহিতা কন্যা। ভারতবর্ষের দক্ষিণস্থ অন্তরীপ বিং।
কুমুদম্—বি, ক্লী (কু—মুদ + ক্বিপ্) শ্বেতোৎপল, সুঁদিফুল। রক্তপদ্ম। রৌপ্য। কর্পূর। নৈঋত কোণের হস্তী। সর্প বিং। বানর বিং। দৈত্য বিং। কার্ত্তিকমাস।
কুমুদবান্ধবঃ —বি, পুং; চন্দ্র। কর্পূর।
কুমুদানন্দঃ —
কুমুদিনী —(কুমুদ—ইন্—ঈপ্)
কুমুদ্বতী —(কুমুদ—মতুপ্ + ঈপ্) বি, স্ত্রী; কুমুদের ঝাড়, কুমুদসমূহ।
কুমুদ্বান্—(কুমুদ্বৎ)—বি-ণ; কুমুদবহুলস্থান।
কুমুদ্বতী—কুমুদলতা।
কুমেরুঃ—বি, পুং; পৃথিবীর দক্ষিণ কেন্দ্র অর্থাৎ দক্ষিণ ধ্রুবতারার ঠিক নিম্নস্থান।
কুম্প—বি-ণ (কুন্‌প - অন্) যাহার হাত বাঁকা, বক্রহস্ত।
কুম্ভঃ—বি, পুং (কু—উন্‌ভ অল্) ঘট, কলস। হস্তীর মস্তকস্থিত পিণ্ডাকার অংশ। রাক্ষস বিং। পরিমাণ বিং। রাশি বিং। নিশ্বাস রোধক চেষ্টা বিং। বেশ্যাপতি। স্ত্রী; ম্ভা—বেশ্যা।
কুম্ভকঃ—বি, পুং (কুম্ভ + ক) শ্বাসরোধনকার্যবিশেষ।
কুম্ভকর্ণঃ—বি, পুং; রাবণের কনিষ্ঠ ভ্রাতা।
কুম্ভকারঃ—বি, পুং (কুম্ভ—কৃ + যণ্) কুলাল। জাতি বিং।
কুম্ভযোনিঃ —
কুম্ভজন্মা(জন্মন্) —
কুম্ভসম্ভবঃ —বি, পুং; অগস্ত্য। বশিষ্ঠ। দ্রোণাচার্য।
কুম্ভদাসী—বি, স্ত্রী; দূতী, কুটনী।
কুম্ভিলঃ—বি, পুং (কুম্ভ—ইলচ্) চৌর। যে পরের গ্রন্থ হইতে চুরী করিয়া আপন গ্রন্থ প্রকাশ করে। শ্যালক। শাল মৎস্য।
কুম্ভী(ম্ভিন)—(কুম্ভিকা) বি, পুং; হস্তী। কুম্ভীর। মৎস্য বিং।
কুম্ভীনসঃ—বি, পুং (কুম্ভী + নাসিক (নস্) ক্ষুদ্র, কলস, বৃহৎ ক্রূরসর্প। স্ত্রী; সী—রাবণের ভগিনী রাক্ষসী বিশেষ।
কুম্ভীপাকঃ—বি, পুং; নরক বিশেষ।

কুম্ভীর(ল)—(কুম্ভিন্—ঈর অন্) কুমীর।
কুম্ভীরমক্ষিকা—বি, স্ত্রী; কুমীরপোকা।
কুরঙ্গঃ —বি, পুং (কু—রঙ্গ অচ্)
কুরঙ্গমঃ —বি, পুং (কু—রঙ্গ মা-ড) হরিণ।
কুরন্টঃ—বি, পুং (কুর্ অন্টক্) ঝিন্টীবৃক্ষ।
কুরণ্ডঃ—বি, পুং (কু—রম ড) যে বীর্য নষ্ট করে, কোরণ্ড।
কুরবঃ —বি, পুং (কুর্ + অরন্)
কুরবক —
কুরুবক —বি, পুং (কু—রব-ক) ঝিন্টীবৃক্ষ, ঝাঁটী ফুলের গাছ।
কুরুঃ—বি, পুং (কুর + কু) চন্দ্রবংশীয় নৃপতি বিং, সূর্য্যকন্যা তপতীর গর্ভে সম্বরণের ওরসজাত। দেশ বিশেষ। কুরুবংশীয়।
কুরুক্ষেত্রম্—বি, ক্লী; দিল্লীর নিকটবর্ত্তী স্থান বিং, কুরুপাণ্ডবের যুদ্ধস্থল। মাষকলাই।
কুরুস্বম্—বি, ক্লী; কমলালেবু।
কুরুবিন্দঃ—বি, পুং (কুরু—বিদ + শ) মুস্তা, মুস্থা। পদ্মরাগমণি। মাষকলাই। দর্পণ। হিঙ্গুল। শস্য। পাষাণ। নীলগুচ্ছ।
কুরুবিস্তঃ—বি, পুং; ৪ ভরি সোনা।
কুরুবৃদ্ধঃ—বি, পুং; ভীষ্ম।
কু(কূ)র্পরঃ—বি, পুং (কুর্—ক্বিপ্ - অচ্) কনুই, কফোণি। জানু।
কু(ক)র্পাস—বি, পুং, ক্লী; কাঁচুলি, কঞ্চুলিকা।
কুর্বৎ —(কৃ শতৃ)
কুর্বাণ —(কৃ শানচ্) কর্মকর্তা, ফলোন্মুখ।
কুলম্—বি, ক্লী (কু—লা - ড) বংশ। সজাতীয় দল। গৃহ। দেহ। দেশ। ক্ষেত্র বিং।
কুলকম্—বি, ক্লী (কু—লী-ড-কন্) চতুরধিক শ্লোকের দ্বারা একটি বাক্য শেষ হইলে তাকে কুলক বলে।
কুলকামিনী—বি, স্ত্রী; সদ্বংশজাত কন্যা।
কুলকুণ্ডলিনী—বি, স্ত্রী; মূলাধারে অর্থাৎ গুহ্য ও লিঙ্গের মধ্যবর্ত্তী অঙ্গুলিদ্বয় পরিমিত স্থানে স্থিত সর্পীর ন্যায় আকৃতিবিশিষ্ট তন্ত্রশাস্ত্র প্রসিদ্ধ শক্তি বিং।
কুলঘ্ন—বি-ণ (কুল—হন্-টন্) বংশনাশক।
কুলচণ্ডী—বি, স্ত্রী; যিনি বিপদ সমূহ নষ্ট করেন—দেবী বিং।
কুলজ—বি-ণ (কুল—জন-ড) সদ্বংশজাত কুলীন।
কুলটঃ—বি, পুং (কুল - অট - অচ্) কুলান্তরগামীপুত্র।
কুলটা—বি, স্ত্রী (কুল—অট + অচ্ + টাপ্) অসতী স্ত্রী, বেশ্যা।
কুলতন্তুঃ—বি, পুং; সন্তান, অপত্য।
কুলখঃ—বি. পুং, কলাই বিশেষ।
কুলপতিঃ—বি, পুং; যিনি অন্ন দান করিয়া দশ সহস্র শিষ্যের অধ্যাপনা করেন। বি-ণ; কুলশ্রেষ্ঠ।
কুলপর্বতঃ—বি, পুং; মহেন্দ্র, মলয়, সহ্য, শক্তিমান, ঋক্ষ, বিন্ধ্য ও পারিযাত্র (পারিপাত্র) এই সপ্ত পর্ব্বত। হিমালয়সমেত ৮ কুল পর্ব্বত।
কুলপালকঃ—বিণ. ত্রি; বংশরক্ষক।
কুলপালিকা—বি, স্ত্রী; সাধ্বী স্ত্রী।
কুলপাংসল—বি-ণ; কুলমর্যাদানাশক।
কুললক্ষণম্—বি, ক্লী; আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, বৃত্তি, তপস্যা ও দান এই নয় প্রকার গুণ।

কুলবতী, কুলবধূ | —
কুলবালা, কুলস্ত্রী | —বি, স্ত্রী ; যে স্ত্রী কুলের নিয়মানুসারে চলে, সচ্চরিত্রা স্ত্রী।

কুলবারঃ—বি, পুং ; মঙ্গল ও শুক্রবার।

কুলাঙ্গার—বি, পুং ক্লী ; কুলের কলঙ্ককারী, বংশাধম।

কুলাচারঃ—বি, পুং ; বংশের নিয়মানুযায়ী কর্ম্ম।

কুলাচার্য্যঃ—বি, পুং ; ঘটক। পুরোহিত।

কুলাদর্শঃ—বি; পুং ; বংশপরিচায়কশাস্ত্র।

কুলায়ঃ—বি, পুং (কুল—অয় + ঘঞ্) পাখীর বাসা। বাসস্থান।

কুলায়িকা—বি, স্ত্রী (কুলায়—সমূহার্থে—কশ্+ আপ্) চিড়িয়াখানা।

কুলালঃ—বি, পুং (কু—লাল + অন্) কুম্ভকার, কুমার। পক্ষিবিশেষ।

কুলিশঃ—বি, পুং, ক্লী (কুলিন্—শো + ড) ইন্দ্রের বজ্র। অগ্রভাগ।

কুলীন—বি-ণ (কুল—গীন) সদ্বংশজাত।

কুলীরঃ—বি, পুং (কুল—ঈরক্) কর্কট, কাঁকড়া।

কুলূতঃ—দেশবিশেষ এবং তার শাসকের নাম।

কুলোদ্বহ—বি-ণ (কুল—উদ্বহ) কুলশ্রেষ্ঠ।

কুল্মাষম্—বি, ক্লী (কুল—মষ + কশ) আমানি; কাঞ্জিক।

কুল্যম্—বি, ক্লী (কুল + ক্যপ্) অস্থি। মাংস। অষ্ট দ্রোণ পরিমাণ। সূর্প, কুলা।

কুল্যকন্দঃ—বি, পুং ; অস্থিঅবশিষ্ট।

কুল্যা—বি, স্ত্রী ; কৃত্রিম ক্ষুদ্র নদী, গড়পাই।

কুবম্—বি. ক্লী; (কু-বা-ক) পুষ্প, পদ্ম।

কুবলম্—বি, ক্লী (কু—বল + অচ্) উৎপল। মুক্তাফল বদরীফল। পুং, স্ত্রী ; লী—বদরীবৃক্ষ।

কুবলয়ম্—বি, ক্লী ; পদ্ম। শ্বেতপদ্ম। নীলপদ্ম।

কুবলয়াপীড়ঃ—বি, পুং ; কংসের হস্তিরূপী দৈত্য বিং।

কুবলয়াশ্বঃ—বি, পুং ; রাজাবিশেষ।

কুবিন্দঃ—বি, পুং (কু—বিদ + শ) তাঁতি, তন্তুবায়।

কুবেণী—বি, স্ত্রী ; মাছের চুবড়ি, খালুই।

কুশ—বি, পুং, ক্লী (কু—শী + ড) স্বানামখ্যাত তৃণ বিং। দ্বীপ বিং। ক্লী ; জল। পুং ; (কু—শো + ড) রামচন্দ্রের পুত্র। (কুশ + ক) যোতদড়ি, যোক্ত। স্ত্রী ; শী—লাঙ্গলের ফাল। লোহবিকার। শা—রজ্জু। লাগাম।

কুশণ্ডিকা—বি, স্ত্রী ; হোমকার্যে প্রাথমিক ক্রিয়া।

কুশলী(লিন্)—বিণ. ত্রি (কুশন + ইনি) কল্যাণযুক্ত।

কুশধ্বজ—বি, পুং ; জনকরাজার কনিষ্ঠ ভ্রাতা।

কুশলম্—বি, ক্লী (কুশ + কলন্) মঙ্গল। বি-ণ ; কল্যাণ বিশিষ্ট । (কুশ—লা—কর্ত্তৃ + ড) দক্ষ, নিপুণ।

কুশস্থলম্—বি, ক্লী। কনোজদেশ, কান্যকুব্জ। স্ত্রী; লী—দ্বারকাপুরী।

কুশাগ্রীয়—বি-ণ (কুশাগ্র + সাদৃশার্থে ছ) কুশাগ্র সৃদৃশ সূক্ষ্ম, অতি তীক্ষ্ম।

কুশাবতী—বি, স্ত্রী ; কুশরাজার রাজধানী।

কুশিকঃ—বি পুং (কুশ + ঠন্) বিশ্বামিত্র ও জমদগ্নির পিতা মুনি বিং। শালবৃক্ষ। বিভীতকবৃক্ষ।

কুশিতম্—বি, ক্লী; (কুশ + তচ্) দেশবিশেষ, ঈষৎ শুভ্র, যুক্ত।

কুশীদ | —
কুসীদ | —বি, ক্লী (কু—শদ /সদ + শ) সুদ, বৃদ্ধিজীবিকা।

কুশী—স্ত্রী (কুশ-ঙীষ) লাঙ্গলের ফাল।

কুশীদব্যবহারঃ—বি, পুং ; সুদকষা। সুদ লইয়া টাকা কর্জ্জ দেওয়া।

কুশীলবঃ—বি, পুং (কুশ—লব) নট, নর্ত্তক। কবি। ভারতমুনি। যাচক। দ্বিবচনান্ত হইলে রামের পুত্রদ্বয়।

কুশুম্ভঃ—বিং. পুং; (কু-শুম্ভ-অচ্) সন্ন্যাসীরজলপাত্র, কমণ্ডলু।

কুশূলঃ | —
কুসূলঃ | —বি, পুং (কুশ + কুলচ্) ধান্যাদি রাখিবার ঘর,গোলা। তুষের আগুন।

কুশেশয়ম্—বি, ক্লী (কুশে—শী + অচ্) পদ্ম। পুং ; সারসপক্ষী। কর্ণিকার বৃক্ষ।

কুষাকুঃ—বি, পুং ; সূর্য, অগ্নি, বানর।

কুষ্ঠম্—বি, ক্লী (কুষ + কৃথন্) রোগ বিশেষ মহাব্যাধি। কুড়্বৃক্ষ। বিষবিশেষ।

কুষ্ঠী(ষ্টিন্)—বি-ণ ; কুষ্ঠরোগগ্রস্ত।

কুষ্মাণ্ডঃ—বি, পুং, স্ত্রী (ণ্ডী)—কুমড়া। কাঁকুড়। গণদেবতা বিশেষ। জরায়ু।

কুসীদিক—বি-ণ (কুসীদ—ষ্ঠিক) যে সুদের জন্য টাকা কর্জ্জ দেয়।

কুসুমম্—বি, ক্লী (কুস + উমক্) পুষ্প। ফল স্ত্রীদিগের ঋতু। চক্ষুর রোগ বিং।

কুসুমপুরম্—বি, ক্লী ; পাটলিপুত্রনগর, পাটনা।

কুসুমাকরঃ | —
কুসুমাগমঃ | —বি, পুং ; বসন্তকাল।

কুসুমায়ুধঃ—বি, পুং (কুসুম—আয়ুধ) কন্দর্প।

কুসুমিত—বি-ণ ; যাহার কুসুম হইয়াছে, পুষ্পিত।

কুসুমেষুঃ—বি, পুং (কুসুম—ইষু) কন্দর্প।

কুসুম্ভ—বি, ক্লী ; কুসুম ফুল। স্বর্ণ। পুং ; কমণ্ডলু।

কু সৃতিঃ—বি, স্ত্রী (কু—সৃ + ক্তিন্)) কুপথ, কপট।

কু স্তুভঃ—বি, পুং; (কু + স্তুন্ভ + ক) সমুদ্র, বিষ্ণু।

কুহকঃ—বি, ক্লী (কুহ—কর্ত্তৃ—ণক) যে বিস্ময়াপন্ন করে, ভেলকী, ইন্দ্রজাল। মায়া। শঠতা, প্রতারণা।

কুহকী(কিন্)—বি-ণ (কুহক + ইন্) ইন্দ্র জালিক, মায়াবী।

কুহনম্—বি, ক্লী (কু—হন্ + অপ্) কাচপাত্র। মৃত্তিকার ভাণ্ড। পুং ; চোর। মূষিক। সর্প। বি-ণ ; পরশুভদ্বেষী।

কুহরম্—বি, ক্লী (কু—হৃ + অচ্) গহ্বর। ছিদ্র। কণ্ঠধ্বনি। কণ্ঠ। কর্ণ। সমীপ। পুং ; নাগ বিং।

কুহরিত—বি-ণ (কুহর—ণিচ্ + ক্ত) শব্দযুক্ত, ধ্বনিত।

কুহলী—বি, স্ত্রী (কু—হল্ + ইন্) পানের খিলি, বীটিকা।

কুহুঃ, কুহূ—বি, স্ত্রী ; অমাবস্যা। কোকিলধ্বনি।

কুহেলিকা—বি, স্ত্রী ; কুয়াসা, কুজ্ঝটিকা।

কূকুদঃ—বি, পুং ; যে ব্যক্তি কন্যাকে অলঙ্কৃতা করিয়া যথাবিধি সৎপাত্রে দান করে।

কূচিকা—বি, স্ত্রী ; তুলিকা, তুলি।

কূজনম্ | —(কূজ + ল্যুট্) ল্যুট।
কূজিতম্ | —বি, ক্লী (কূজ + ক্ত) পক্ষীর শব্দ। অব্যক্ত শব্দ।

কূট—বি, পুং, ক্লী (কূট + অচ্) পর্ব্বতের শৃঙ্গ। মৃগাদির বন্ধন যন্ত্র, ফাঁদ, জাল। কপট, মায়া। সমূহ। দুর্বোধ। লৌহপিণ্ড বিং। দম্ভ। বন্ধন। কলস। লাঙ্গলের ফাল। নিশ্চল। তুচ্ছ। বি-ণ ; মিথ্যাকল্পিত। পুং ; গৃহ।

কূটকৃৎ—বি-ণ (কূট—কৃ—ক্বিপ্) জালকারী। পুং ; কায়স্থ।

কূট তুলা—বি, স্ত্রী ; কৃত্রিম তুলা, ওজন বিষয়ে শঠতা।

কূটপালকঃ—বি, পুং ; কুম্ভকারের পোয়া।

কূটবন্ধঃ—বি, পুং ; ফাঁদ, বন্ধনী।

কূটমুদ্রা—বি, স্ত্রী ; কৃত্রিম টাকা।

কূটযন্ত্রঃ—বি, ক্লী ; ফাঁদ, বন্ধনী।

কূটযোদ্ধা(দ্ধৃ)—বি-ণ ; যে কপটতা বিস্তার করিয়া যুদ্ধ করে, কপটযোধী।

কূটশাল্মলিঃ—বি, পুং ; কন্টকীবৃক্ষ। স্ত্রী ; অস্ত্র বিং।

কূটসংক্রান্তিঃ—বি, স্ত্রী ; যে সংক্রান্তি দিবসে সূর্য্য অর্দ্ধরাত্রের পর অন্য রাশিতে গমন করে।

কূটসাক্ষী(ক্ষিন্)—বি-ণ ; মিথ্যাসাক্ষী।

কূটস্থ—বি-ণ (কূট—স্থা—ড) যে একভাবে চিরকাল থাকে, কখন কোন বিকৃতি হয় না যেমন আকাশ, আত্মা ইত্যাদি। মূলপুরুষ। উদাসীন।

কূটাগারঃ—বি, ক্লী ; প্রাসাদের সর্ব্বোপরিস্থ গৃহ।

কূনি—বি-ণ (কুণ—ই) নখরোগবিশিষ্ট।

কূণিত—বি-ণ (কূণ—ক্ত) সঙ্কোচিত।

কূপঃ—বি, পুং (কু—পক্) পাৎকুয়া। গর্ত্ত, ছিদ্র। মাস্তুল। স্ত্রী ; পী, পিকা—তৈলপাত্র, কুঁপো। জলমধ্যস্থ প্রস্তর রাশি বৃক্ষ।

কূপকঃ—বি, পুং ; মাস্তুল, গুণবৃক্ষ। কুঁপো। কুকন্দর। চিতা। উদপান।

কূপদণ্ডঃ—বি, পুং ; মাস্তুল।

কূপমণ্ডুকঃ—বি-ণ ; অদূরদর্শী, অল্পজ্ঞ, কুণো।

কূপমাণ্ডুকঃ—বি, পুং ; কূপমণ্ডুকের পুত্র।

কূপ্যঙ্কঃ—বি, পুং ; রোমাঞ্চ।

কূপারঃ—বি, পুং (কূপুর + অচ্) সমুদ্র।

কূরঃ—বি, পুং (কূ—লা + ক) ভাত।

কূর্চ্চ—বি, পুং, ক্লী ; ভ্রূদ্বয়ের মধ্যস্থান। কঠিন শ্মশ্রু, দাড়ী। ছল। দম্ভ। তুলি। পুং, মস্তক। ক্লী, ব্রত।

কূর্চ্চিকা—বি, স্ত্রী (কূর্চ্চ + ঠন্ + আপ্) তুলি। পেনসিল। কুঁচি, কুঞ্চিকা। সূচিকা। শলাকা। কুঁড়ি। গাঢ়দুগ্ধ, ক্ষীর বিকৃতি বিং।

কূর্দনম্—বি, ক্লী (কূর্দ + ল্যুট্) ক্রীড়া, লম্ফ।

কূর্পরঃ—বি, পুং (কূর—পৃ + অচ্) জানু, কনুই।

কূর্পাসঃ—বি, পুং, ক্লী (কূর্পার—অস্ + ঘঞ্) কঞ্চুক।

কূর্ম্মঃ—বি, পুং (কু—উর্ম্মি + অ) কচ্ছপ। অবতার বিং।

কূলম্—বি, ক্লী (কূল + ক) জলাশয়ের তীর। সৈন্য পৃষ্ঠ। রাশি। সমীপস্থান। তড়াগ।

কূলঙ্কষ—বি, পুং (কূল—কষ + খশ্) সমুদ্র। স্ত্রী ; ষা—নদী।

কূবর—বি, পুং ক্লী (কূ + বরট্) রথের অবয়ব বিশেষ, যে স্থানে যুগকাষ্ঠ সংলগ্ন থাকে, যুগন্ধর। বি-ণ ; রমণীয় পুং, স্ত্রী ; কুব্জ।

কৃকঃ—বি, পুং (কৃ + ক) গলদেশ।

কৃকলাসঃ—বি, পুং (কৃক= গলদেশ—লাস—কর্ত্তৃ—যণ্) কাঁকলাস, সরীসৃপ বিশেষ।

কৃকবাকুঃ—বি, পুং (কৃক—বচ + ঞুণ্) কুক্কুট। ময়ূর। কাঁকলাস।

কৃকাটিকা—বি, স্ত্রী (কৃ + অট্ + ণ্বুল্ + টাপ্) গ্রীবার উন্নত প্রদেশ, ঘাড়।

কৃচ্ছ্রম্—বি, ক্লী (কৃৎ—রক্) কষ্ট, শারীরিক ক্লেশ। প্রায়শ্চিত্ত।, পাপ। বিণ ; কষ্টদায়ক। পাপিষ্ঠ।

কৃৎ—বি, পুং (কৃ-ক্বিপ্) ধাতুর উত্তর প্রযোজ্য প্রত্যয় বিশেষ।

কৃত—বি, ক্লী (কৃ—কর্ম্ম—ক্ত) সত্যযুগ। কার্য্য। প্রয়োজন। ফল। হিংসা। বি-ণ ; রচিত। সম্পাদিত। বিহিত। হিংসিত। শিক্ষিত। অভ্যস্ত। উপযুক্ত। ব্যাহত।

কৃতক—বি-ণ (কৃত—কণ্) কৃত্রিম। ক্লী ; কৃত্রিম লবণ।

কৃতকর্ম্মা(র্ম্মন্)—বি-ণ ; কার্য্যক্ষম। কৃতকার্য্য।

কৃতকৃত্য—বি-ণ কৃতকার্য্য। বিদ্বান্।

কৃতঘ্ন—বি-ণ (কৃত—হন্ + টক্) যে উপকারীর উপকার মানে না। স্ত্রী ; ঘ্নী।

কৃতজ্ঞ—বি-ণ (কৃত—জ্ঞা + ড) যে উপকারীর উপকার স্বীকার করে, প্রত্যুপকারক। পুং ; কুক্কুর।

কৃততীর্থ—বি-ণ ; কৃতোপায়। কৃতাবতরণ। নিয়োজিত সচিব।

কৃতদার—বি, পুং ; বিবাহিত।

কৃতধী—বি-ণ ; স্থিরচিত্ত। জ্ঞানী।

কৃতপূর্বী(র্বিন)—বি-ণ (কৃত+ পূর্ব্ব—ইন্) যে পূর্ব্বে করিয়াছে।

কৃতম্—অব্য ; পর্য্যাপ্ত। ব্যর্থ। নিষেধ।

কৃতমালঃ—বি, পুং ; কর্ণিকার বৃক্ষ, সোঁদাল।

কৃতমুখ—বি-ণ ; বিজ্ঞ। কৃতকর্ম্মা।

কৃতলক্ষণ—বি-ণ ; গুণদ্বারা বিখ্যাত, লব্ধ-প্রতিষ্ঠ।

কৃতবিদ্য—বি-ণ ; শিক্ষিতবিদ্য, বিদ্বান্।

কৃতবীর্য্য—বি, পুং ; নৃপতিবিশেষ।

কৃতবেদী(দিন্)—বি-ণ ; কৃতজ্ঞ।

কৃতসাপত্নিকা—বি, স্ত্রী ; যে স্ত্রীর স্বামী পুনর্ব্বার বিবাহ করিয়াছে, অধিবিন্ন।

কৃতহস্ত—বি-ণ ; শরনিক্ষেপে সুপণ্ডিত। যে ব্যক্তি সকল কার্য্য শীঘ্র শীঘ্র করিতে পারে, ক্ষিপ্রহস্ত।

কৃতাকৃত—বি-ণ ; আরব্ধ কিন্তু অপরিসমাপ্ত কার্য্য। বি, ক্লী ; কার্য্যকারণ।

কৃতাঞ্জলি—বি-ণ ; যে অঞ্জলি বন্ধন করিয়াছে, বদ্ধাঞ্জলি।

কৃতাত্মা(ত্মন)—বি-ণ (কৃত—আত্ম) শুদ্ধচিত্ত, সংস্কৃতচিত্ত। শিক্ষিতবুদ্ধি।

কৃতান্ত—বি, পুং (কৃত—অন্ত) যম। দৈব। শনি। সিদ্ধান্ত। বি-ণ ; জ্ঞাতসিদ্ধান্ত।

কৃতার্থ—বি-ণ ; কৃতকার্য্য।

কৃতার্থম্মন্য—বি-ণ (কৃতার্থ—মন + খশ্) যে আপনাকে কৃতার্থ বোধ করে।

কৃতাস্ত্র—বি-ণ ; শিক্ষিতাস্ত্র।

কৃতিঃ—বি, স্ত্রী ; কার্য্য। যত্ন। রচনা। নির্ম্মাণ।

কৃতী(তিন্)—বি-ণ (কৃত—ইন্) পণ্ডিত। পুণ্যবান্। সমর্থ। কৃতার্থ। কুশল।

কৃতে—অব্য. ; নিমিত্ত।

কৃতোদক—বিণ ; যে স্নানতর্পণাদি করিয়াছে।

কৃত্ত—বিণ, (কৃৎ + ক্ত) ছিন্ন। বিভক্ত। বেষ্টিত। অভিপ্রেত।

কৃত্তিকা—বি-স্ত্রী ; নক্ষত্র বিশেষ।

কৃত্তিবাসঃ(সস্)—বি, পুং ; শিব।

কৃত্যম্—বি, ক্লী (কৃ + ক্যপ্) কার্য্য। ব্যাকরণে প্রত্যয় বিং, তব্য হইতে কেলিম পর্য্যন্ত প্রত্যয়।

কৃত্যবিৎ(বিদ্)—বি-ণ (কৃত্য—বিদ—কর্ত্তৃ—ক্বিপ্) কার্য্যজ্ঞ।

কৃত্রিম—বি-ণ (কৃ—ত্রিমক্) ক্রিয়া দ্বারা নিষ্পন্ন। কল্পিত। পুং ; পুত্র বিশেষ।

কৃৎস্ন—বি-ণ (কৃৎ—কর্ত্তৃ—স্নক্) সকল। সম্পূর্ণ। ক্লী ; জল। কুক্ষি।

কৃন্তনম্—বি, ক্লী (কৃৎ—ভাবে—ল্যুট্) ছেদন।

কৃপঃ—বি, পুং (কৃপ—কর্ত্তৃ—ক) শরদ্বান মুনির পুত্র, কৃপাচার্য্য। স্ত্রী ; পী—দ্রোণপত্নী।

কৃপণ—বি-ণ (কৃপ + ক্যুন্) ব্যয়কুণ্ঠ। ক্ষুদ্র, নীচ। কাতর।

কৃপা—বি, স্ত্রী (কৃপ + অঙ্ + টাপ্) দয়া।

কৃপাণঃ—বি, পুং (কৃপা—নুদ + ড) খড়্গ। স্ত্রী ; ণী ণিকা—ছুরি, ছোরা।

কৃপালু—বি-ণ (কৃপা—আলু) দয়ালু।

কৃপীটম্—বি, ক্লী (কৃপ + কীটন্) উদর।জল। কাষ্ঠ। বন।

কৃপীটযোনিঃ—বি, পুং ; অগ্নি।

কৃমিঃ—বি, পুং (ক্রম + ই) কীট।

কৃমিকোশোত্থ—বি-ণ (কৃমিকোশ) রেশমী কাপড়। কৌষেয়।

কৃমিঘ্ন—বি-ণ (কৃমি—হন্ + টক্) বিড়ঙ্গ। পলাণ্ডু। পারিভদ্র, ভল্লাতক, ভেলা।

কৃমিল—বি-ণ ; কৃমিযুক্ত। স্ত্রী ; লা—বহুসন্তান প্রসবিনী স্ত্রী।

কৃমিশৈলঃ—বি, পুং ; বল্মীক, উয়ের ঢিপি।

কৃবিঃ—বি, পুং (কৃ + ক্বিন্) কাপড় বুনিবার যন্ত্র, তাঁত।

কৃশ—বি-ণ (কৃশ + ক্ত) ক্ষীণ, দুর্ব্বল। ক্ষুদ্র। অল্প। লঘু পাতলা। অসম্পূর্ণ। দরিদ্র। বিরল।

কৃশ(স)রঃ—বি, পুং (কৃশ + সরক্) তিলমিশ্রিত অন্ন, তিলবাউ। খিচুরী, দ্বিদলান্ন।

কৃশানুঃ—বি, পুং (কৃশ + আনুক্) অগ্নি।

কৃশানুরেতাঃ(তস্)—বি, পুং ; যাঁহার শুক্র অগ্নিতে নিক্ষিপ্ত হইয়াছিল, শিব।

কৃশাশ্বঃ—বি, পুং ; মুনি বিশেষ।

কৃষকঃ—বি, পুং (কৃষ + অক) চাষী।

কৃষিঃ—বি, স্ত্রী (কৃষ + ইক্) চাষ, কৃষিকার্য্য। বি, পুং ; চাষা।

কৃষীবলঃ—বি, পুং (কৃষি + বলচ্) চাষী।

কৃষ্ট—বি-ণ (কৃষ + ক্ত) চাষ দেওয়া ভূমি। আকৃষ্ট।

কৃষ্টপচ্য—বি-ণ (কৃষ্ট—পচ + ক্যপ) চাষ দেওয়া ভূমিতে পক্ক ধান্যাদি, কৃষিজ।

কৃষ্টিঃ—বি, স্ত্রী (কৃষ + ক্তি) কৃষিকর্ম্ম।

কৃষ্ণঃ—বি, পুং (কৃষ + ণক্) বাসুদেব। কোকিল। কাক। ব্যাস। অর্জ্জুন। নীলবর্ণ। ক্লী ; লৌহ। স্ত্রী ; ষণ ; দ্রৌপদী।

কৃষ্ণকর্ম্মা (র্ম্মন)—বি-ণ ; পাপী।

কৃষ্ণকলিঃ—বি, পুং ; স্বনামপ্রসিদ্ধ পুষ্পবৃক্ষবিশেষ।

কৃষ্ণগতিঃ—বি, পুং ; যাহার চরমাবস্থা কৃষ্ণবর্ণ, অগ্নি।

কৃষ্ণদ্বৈপায়নঃ—বি, পুং ; বেদব্যাস।

কৃষ্ণপক্ষঃ—বি, পুং ; চন্দ্রের ক্ষয়কর পক্ষ।

কৃষ্ণলকঃ—বি, পুং (কৃষ্ণ—লা + ড + কণ্) কুঁচ।

কৃষ্ণবর্ত্মা(ন্)—বি, পুং ; অগ্নি। রাহু। বি-ণ ; দুরাচার।

কৃষ্ণসা(শা)রঃ—বি, পুং ; মৃগবিশেষ। শিংশপাবৃক্ষ। স্নুহীবৃক্ষ।

কৃষ্ণাগুরুঃ—বি, ক্লী ; কৃষ্ণবর্ণ চন্দন।

কৃষ্ণাজিনম্—বি, ক্লী (কৃষ্ণ—অজিন) কৃষ্ণসারমৃগের চর্ম্ম।

কৃষ্ণায়স্—বি, ক্লী (কৃষ্ণ + অয়স্) চুম্বকলৌহ।

কৃষ্ণার্চ্চিঃ—বি, পুং (কৃষ্ণ—অর্চ্চিস্) অগ্নি।

কৃষ্য—বি-ণ (কৃষ + ক্যপ্) কর্ষণযোগ্য।

ক্লৃপ্ত— বিণ. (ক্লৃপ্ত-ক্ত) নির্মিত, সুসজ্জিত।

কেকয়ঃ—বি, পুং ; পঞ্জাবের অন্তর্গত বিপাশানদীর পশ্চিমস্থ পর্ব্বতময় দেশবিশেষ।

কেকর—বি-ণ ; যাহার চক্ষুবক্র, টেরা।

কেকা—বি, স্ত্রী (কে—কৈ + ড + টাপ্) ময়ূরের ধ্বনি।

কেকাবলঃ —(কেকা + বল + অচ্)
কেকিনঃ —বি, পুং (কেকা + ইন্) ময়ূর।

কেতঃ—বি. পু. (কিৎ-ঘঞ) গৃহ, আবাস।

কেতকঃ —বি, পুং
কেতকী —বি, স্ত্রী (কিত-ণ্বুল) কেয়াফুলগাছ। ক্লী; কেয়াফুল।

কেতনম্—বি, ক্লী (কিত্—ল্যুট্) গৃহ। পতাকা। ধ্বজ। কার্য্য। চিহ্ন।

কেতুঃ—বি, পুং (কায় + তু) গ্রহবিশেষ। পতাকা। চিহ্ন। ধূমকেতু। ইন্দ্র। রোগ।

কেতুমালম্—বি, ক্লী ; জম্বুদ্বীপের নববর্ষের অন্তর্গত বর্ষ বিশেষ।

কেদারঃ—বি, পুং ; পর্ব্বত বিং। শিব। ক্ষেত্র। ক্ষেত্রের আলবাল।

কেনারঃ—বি, পুং ; (কে—নৃ + ঘঞ্) মস্তক। কপোল। সন্ধিস্থান।

কেনিপাতঃ—বি, পুং ; হাল, দাঁড়।

কেন্দ্রম্—বি, ক্লী ; লগ্ন। পৃথিবীর উত্তর দক্ষিণ প্রান্ত। সূর্য্য হইতে গ্রহদির দূরত্ব। বৃত্তমধ্য।

কেয়ূরম্—বি (কে—য়া + উর) বাহুভূষণ। বাজু। পুং ; রতিবন্ধনবিশেষ।

কেয়ূরবন্ধঃ—বি, পুং ; অঙ্গদ (বাজু) পরিধানের স্থান।

কেরলঃ—বি, পুং মালাবার দেশ।

কেলকঃ—বি.পুং; (কেল-ণ্বুল) নর্তক।

কেলিঃ—বি,পুং, স্ত্রী (কিল—ভাবে + ই) ক্রীড়া। পরিহাস। স্ত্রী ; পৃথিবী।

কেলিকলা—বি, স্ত্রী ; সরস্বতীর বীণা। রতিক্রীড়া।

কেলিকুঞ্জিকা—বি, স্ত্রী ; স্ত্রীর ভগিনী, শালী।

কেবল—বি-ণ (কেব্, কর্ত্তৃ—কলচ্) একমাত্র, অদ্বিতীয়। কৃৎস্ন। ক্লী ; অবধারিত। বি, ক্লী ; তত্ত্বজ্ঞান।

কেবলম্—(অব্য.) একমাত্র, নিতান্ত, সর্বথা।

কেশঃ—বি, পুং (ক্লিশ + অল্, অথবা কে—শী—ড) চুল। বরুণ। বিষ্ণু। দৈত্য বিং। স্ত্রী ; শী—শিখা।

কেশপক্ষঃ —
কেশপাশঃ —
কেশহস্তঃ —বি, পুং ; কেশগুচ্ছ। ভূষিতকেশ।

কেশপাশী—বি, স্ত্রী ; শিখা।

কেশমার্জ্জনম্(ক)—বি, ক্লী ; চিরুণী, কঙ্কতিকা। কেশসংস্কার বিং।

কেশ(স)র—বি, পুং ক্লী (কে—শ্(স্) + অল্) পুষ্পের মধ্যস্থলে কেশের মত যে সূক্ষ্ম পদার্থ থাকে, কিঞ্জল্ক। পুং ; সিংহাদির স্কন্ধকেশ। বকুলগাছ। নাগকেশরবৃক্ষ।

কেশরী(রিন)—বি, পুং (কেশর + ইন্) সিংহ। অশ্ব। বানর বিং। (শব্দের পরে থাকিলে শ্রেষ্ঠার্থ বোধক।

কেশবঃ—বি, পুং (ক—ঈশ্—বা + ড) বিষ্ণু। (কেশ—ব) বি-ণ ; প্রশস্তকেশযুক্ত।

কেশবিমর্ষণম্—বি, ক্লী ; কেশাকর্ষণ।

কেশাকেশি—বা (কেশ—কেশ) পরস্পর কেশ গ্রহণপূর্ব্বক যুদ্ধ, চুলচলি।

কেশান্তঃ—বি, পুং (কেশ + অন্ত + অন্) সংস্কারবিশেষ।

কেশী(শিন্)—বি-ণ ; প্রশস্তকেশযুক্ত। বি, পু ; দৈত্য বিং। সিংহ। বিষ্ণু।

কেশিমথনঃ—বি.পুং; কেশী নামক দৈত্য নিহন্তা।

কেশিসূদনঃ—বি, পুং ; কৃষ্ণ।

কৈকেয়ঃ—বি, পুং (কেকয় + অণ্) কেকয় দেশের রাজা।

কৈকয়ী —(কেকয় + ষ্ণ + ঈপ্)
কৈকেয়ী —বি, স্ত্রী ; কেকয়বংশজা, ভরতমাতা।

কৈটভঃ—বি, পুং ; দৈত্য বিশেষ।

কৈটভজিৎ—বি, পুং (কৈটভ—জি + ক্বিপ্) বিষ্ণু।

কৈটভদ্বিষ্ —বি, পুং (কৈটভ + দ্বিষ্ + ক্বিপ্)
কৈটভারিঃ —বি, পুং ; বিষ্ণু।

কৈতবম্—বি, ক্লী (কিতব + ষ্ণ) ছল। দ্যূতক্রীড়া।

কৈমুতিকম্—বি, ক্লী (কিমুত + ষ্ণিক) দুর্ব্বল যে ভার বহন করিতে পারে তাহা যে বলবান ব্যক্তি বহন করিতে পারিবে সেবিষয়ে আর বক্তব্য কি এইরূপ ন্যায় বিং।

কৈরব—বি, ক্লী (কেরব + ষ্ণ) কুমুদ। পুং; ধূর্ত। শত্রু। স্ত্রী ; বী—জ্যোৎস্না।

কৈরবিণী—বি, স্ত্রী (কৈরব + ইনি + য়্) কুমুদের ঝাড়।

কৈলাসঃ—বি, পুং (কৈল = কেলিসমূহ—আস + ঘঞ্) পর্ব্বত বিশেষ।

কৈবর্ত্তঃ—বি, পুং (কেবর্ত্ত—ষ্ণ) ধীবর, নিষাদের ঔরসে অয়োগবীর গর্ভজাত জাতি বিং।

কৈবল্যম—বি, ক্লী (কেবল + ষ্যঞ্) মোক্ষ।
কৈশোরঃ—বি, ক্লী (কিশোর + ষ্ণ) বাল্যাবস্থা। পঞ্চবর্ষ হইতে দশমবর্ষ পর্য্যন্ত।
কোক—বি, পুং (কুক + দশ + অচ্) চক্রবাক্। ভেক। বিষ্ণু। বুক। জ্যেষ্ঠী।
কোকনদঃ—বি, ক্লী (কোক—নদ + অচ্) রক্তপদ্ম।
কোকনদচ্ছবি—বিণ, রক্তবর্ণযুক্ত।
কোকবন্ধুঃ—বি, পুং ; সূর্য্য।
কোকিলঃ—বি, পুং (কুক + ইলষ্) পক্ষী বিং।
কোচঃ—বি, পুং (কুচ—কর্ত্তৃ—অন্) নীচি জাতি বিং।
কোটঃ—বি, পুং (কুট + ঘঞ্) দুর্গ, গড়, কুটীর। কুটিলতা।
কোটরঃ—বি, পুং, ক্লী (কোট—রা + ক) বৃক্ষস্থ গহ্বর। স্ত্রী ; রী—বিবস্ত্রা—স্ত্রী। কালী।
কোটি(টী)—বি, স্ত্রী ; খড়্গাদির প্রান্তভাগ, ধার। ধনুকাদির অগ্রভাগ। উৎকর্ষ। শতলক্ষ সংখ্যা ১০০০০০০০।
কোটিরঃ—বি, পুং ; ইন্দ্র। ইন্দ্রগোপকীট। নেউল।
কোটিশঃ—বি, পুং (কোটি—শো + ড) লোষ্ট্রভেদক অস্ত্র, সিধকাটি, মই।
কোটীরঃ—বি, পুং (কোটি + ঈর + অন্) জটা। কিরীট।
কোট্টঃ—বি, পুং ; দুর্গ। রাজধানী বিং।
কোট্টরী—বি, স্ত্রী ; বিবস্ত্রা স্ত্রী। কালী।
কোট্টারঃ—বি, পুং (কোট্ট—ঋ + ঘঞ্) কূপ। পুষ্করিণ্যাদির সোপান বা পাড়।
কোণঃ—বি, পুং (কুণ + অচ্) দুইদিকের সন্ধিস্থল, বিদিক। অস্ত্রের ধার। বীণাদির বাদনদণ্ড। মঙ্গলগৃহ। শনি।
কোণাঘাতঃ—বি, পুং ; এক এক লক্ষ ঢক্কানিনাদ এবং দশসহস্র ভেরীর শব্দ।
কোদণ্ডঃ—বি, পুং, ক্লী (কুণ + অণ্ডচ্) ধনুক। পুং ; ভ্রূ লতা।

কোপঃ—বি, পুং (কুপ + অল্) ক্রোধ।
কোপন—বি-ণ (কুপ + যুচ্) ক্রুদ্ধস্বভাব।
কোমল—বি-ণ (কম + কল) মৃদু, নরম। মনোহর। ক্লী-জল।
কোযষ্টিকঃ—বি, পুং (কু—যষ্টি + কন্) টিটিভ পক্ষী।
কোরক—বি, পুং ক্লী (কুর—কর্ত্তৃ + ণক) মুকুল, কুঁড়ি। মৃণাল। কন্দোল।
কোলঃ—বি, পুং (কুল + অচ্) শূকর। কুলগাছ। জাতি বিং। শনিগ্রহ। ক্লী ; কুলফল। পুং ; ভেলা, মাড়। স্ত্রী ; লা—দেশ বিং।
কোলাপুরঃ—বি, পুং ; দক্ষিণদেশ প্রসিদ্ধ লক্ষ্মী দেবীর স্থান।
কোলাবিধ্বংসী(সিন্)—বি, পুং ; ম্লেচ্ছ বিশেষ।
কোলাহলঃ—বি, পুং (কোল—আ—হল + অচ্) কলকলধ্বনি।
কোলিঃ | —বি, পুং, স্ত্রী (কুল + ইন্)
কোলী | —বি, স্ত্রী ; কুলগাছ। কুলফল।
কোবিদঃ—বি, পুং (কো = বেদ—বিদ + ক্বিপ্) পণ্ডিত। নিপুণ।
কোবিদারঃ—বি, পুং (কু—বি + দৃ + অণ্) কাঞ্চন গাছ।
কোশ | —(কুশ + ঘঞ্)
কোষ | —বি, পুং, ক্লী ; কুটীল। আবরণ। যোনি, খড়্গাদির খাপ। ধনাগার। পানপাত্র। পোকার গুটি। মঞ্জুষা। অভিধান। মধ্যভাগ। শপথ। মুষ্ক। ডিম্ব। ক্লী ; কোষকাব্য।
কোশ(স)লঃ | —বি, পুং (কোশ্ + লা + ক)
কোশ(স)লা | —বি, স্ত্রী (কুশ(স)—অল) অযোধ্যা।
কোশাতক—বি, পুং (কোশ—অত + কুন্) স্ত্রী ; কী—ঝিঙ্গা। ঝিঙ্গাগাছ। পুং ; কেশ।

কোশী(ষী)—বি, স্ত্রী ; ক্ষুদ্রকোষা। জুতা, পাদুকা। শস্যের শুঁয়া। শিম্বিকা।
কোষ্ঠঃ—বি, পুং (কুশ + থন্) শস্যাগার, গোলা। গৃহমধ্য। উদরমধ্য। উদরমধস্থিত মলভাণ্ড। মল, বিষ্ঠা। আত্মীয়
কোষ্ঠিকা | —
কোষ্ঠী | —বি, স্ত্রী (কুশ + থন্ + ঈপ্) জন্মপত্রিকা। পাশকাদি ক্রীড়াপাত্র।
কোষ্ণ—বি-ণ (কু—উষ্ণ) অল্প গরম, ঈষদুষ্ণ।
কোহলঃ—বি, পুং (কু—হল্ + অচ্) বাদ্যযন্ত্র বিশেষ, মদ্যবিশেষ।
কৌক্কুটিকঃ—বি, পুং (কুক্কুটী + ঠক্) সন্ন্যাসীবিশেষ।
কৌক্ষেয়কঃ—বি, পুং (কুক্ষি—ঢেয়—কণ্) কুক্ষিবদ্ধ খড়্গ।
কৌট—বি-ণ (কূট + অঞ্) স্বাধীন। বি, পুং; কূটজবৃক্ষ।
কৌটতক্ষঃ—বি, পু (কোট—তক্ষ + টচ্) স্বাধীন সূত্রধর।
কৌটিক—বি-ণ ত্রি (কূট + ঠক্) ব্যাধ, কূটধারী।
কৌটিল্যঃ—বি, পুং (কুটিল + ষ্যঞ্) চাণক্য। ক্লী ; কুটিলতা, ক্রুরতা।
কৌণপঃ—বি, পুং (কুণপ + ষ্ণ) রাক্ষস।
কৌতুকঃ—বি, ক্লী (কুতুক + ষ্ণ) কুতূহল। হস্তসূত্র। উৎসব। হর্ষ। পরিহাস।
কৌতুকী(কিন্)—বিণ. ত্রি কৌতুকযুক্ত। স্ত্রী—নী ; নায়িকাবিশেষ।
কৌতূহলম্—বি, ক্লী (কুতূহল + অণ্) ঔৎসুক্য। অভিলাষ।
কৌন্তেয়ঃ—বি, পুং (কুন্তী + ঢক্) কুন্তীপুত্র।
কৌপ—বি-ণ, ত্রি (কূপ + অন্) কূপ সম্বন্ধীয়
কৌপীনঃ—বি, ক্লী ; পরিধেয় বস্ত্রখণ্ড, চীরবসন। পাপ। গুহ্যদেশ।
কৌমারঃ—বি, ক্লী (কুমার + অঞ্) বাল্যকাল।

কৌমুদঃ—বি, পুং ; কার্তিকমাস।
কৌমুদী—বি, স্ত্রী (কুমুদ + ষ্ণ + ঈপ্) জ্যোৎস্না। কার্ত্তিকী পূর্ণিমা। কার্ত্তিকী পূর্ণিমাতে উৎসব।
কৌমোদকী—বি, স্ত্রী (কু—মোদক—ষ্ণ + ঈপ) বিষ্ণুর গদা।
কৌরব(ব্য)ঃ—বি, পুং (কুরু—ষ্ণ, ষ্যঞ্) কুরুবংশীয়।
কৌল—বি-ণ ; কুলক্রমাগত। তন্ত্রোক্ত কুলাচার রত। ক্লী ; তন্ত্রোক্ত কুলাচার।
কৌলটেয়ঃ—বি, পুং (কুলটা—ক) কুলটার সন্তান।
কৌলিক—বি-ণ (কুল—ষ্ঠক) কুলক্রমাগত। বি, পুং ; বামাচার মতানুসারে শক্তির উপাসক। তন্তুবায়।
কৌলীনম্—বি, ক্লী (কুল + ণীন) জনাপবাদ।
কৌলীন্যম্—বি, ক্লী (কুলীন + ষ্যঞ্) বংশমর্য্যাদা।
কৌলেয়—বি ণ.ত্রি (কুল + ঢক্) পুং (কুল + ঢক + ষ্ণ) সংকুলজাত, কুক্কুর (পুং)।
কৌবের—বিণ.ত্রি (কুবের + অণ) কুবের সম্বন্ধীয়। স্ত্রী ; রী—উত্তরদিক, কুবেরশক্তি, মাতৃবিশেষ।
কৌশলম্—বি, ক্লী (কুশল + ষ্ণ) মঙ্গল। নৈপুণ্য। যুক্তি। ছল।
কৌশলেয়ঃ—বি, পুং (কৌশল্যা + ঢক্) রামচন্দ্র।
কৌশ(স)ল্যা—বি, স্ত্রী ; কোশলরাজার কন্যা, রামমাতা।
কৌশাম্বী—বি, স্ত্রী (কুশম্ব + অণ্ + ঙীষ্) বৎসরাজনগরী।
কৌশিকঃ—বি, পুং (কুশিক + ষ্ণ) বিশ্বামিত্র। ইন্দ্র। কোষকার। পেচক। বেজী। সাপুড়ে। স্ত্রী ; কী—নদী বিং। নাট্যে বৃত্তিবিশেষ।

কৌশে(যে)য়ম্—বি-ক্লী (কোশ (ষ্ণ) + ঢেঞ্) রেসমী বস্ত্রাদি।
কৌস্তুভঃ—বি, পুং (কুস্তুভ=বিষ্ণু + ষ্ণ) বিষ্ণুর বক্ষঃস্থলস্থিত মণি বিং।
ক্রকচঃ—বি, পুং, ক্লী (ক্র—কচ + অন্) করাৎ, করপত্র।
ক্রকচচ্ছদম্ | —বি, ক্লী
ক্রকচপত্রম্ | —বি, ক্লী ; কেতকী পুষ্প।
ক্রতুঃ—বি, পুং (কৃ + কতু) সোমরসসাধ্য যজ্ঞ। যজ্ঞ। পুজা। বৈশ্বদেব বিং। মুনি বিং।
ক্রতুদ্বিট্(ষ্)—বি, পুং (ক্রতু—দ্বিষ + ক্বিপ্) অসুর।
ক্রতুধ্বংসী(সিন্)—বি, পুং ; শিব।
ক্রতুভুক্(জ)—বি, পুং (ক্রতু—ভুজ + ক্বিপ্) দেবতা।
ক্রতুরাজঃ—বি,পুং ; যজ্ঞশ্রেষ্ঠ।
ক্রথকৌশিকঃ—বি, পুং ; বিদর্ভদেশ।
ক্রথনম্—বি, ক্লী (ক্রথ + ল্যুট্) মারণ। ছেদন।
ক্রন্দঃ | —বি,পুং (ক্রন্দ + অচ্)
ক্রন্দনম্ | —বি, ক্লী (ক্রন্দ + ল্যুট্) রোদন। আহবান।
ক্রমঃ—বি, পুং (ক্রম্ + ঘঞ্) পর্য্যায়, অনুক্রম। অবিচ্ছেদ। পদ্ধতি। আক্রমণ। সঙ্কল্প। নিয়ম।বিক্রম। ব্যবহার। অতিক্রম। পাদবিক্ষেপ।
ক্রমশঃ(স্)—অব্য ; (ক্রম—চশস্) ক্রমেক্রমে।
ক্রমায়াত—বিণ, ত্রি, পরম্পরাগত।
ক্রমুকঃ—বি, পুং (ক্রম—উন + কন) সুপারিগাছ, পুগবৃক্ষ। ক্লী ; সুপারি।
ক্রমেলঃ | —বি, পুং (ক্রম—ইল অচ্)
ক্রমেলকঃ | —বি, পুং (ক্রম-ইল + ক) উষ্ট্র।
ক্রয়ঃ—বি, পুং (ক্রী + অচ্) মূল্য দিয়া বস্তু গ্রহণ।
ক্রয়লেখ্যম্—বি, ক্লী ; কোবালা।
ক্রয়বিক্রয়িকঃ—বি, পুং ; বণিক।
ক্রয়িকঃ—বি, পুং (ক্রয় + ঠন্) বণিক।
ক্রব্যঃ—বি, ক্লী (ক্লব + যৎ) মাংস।
ক্রব্যাদ্ | —(ক্রব্য—অদ্—কর্ত্তৃ—কিপ্)
ক্রব্যাদ | —বি, পুং (ক্রব্য—অদ—কর্ত্তৃ + অল্) রাক্ষস। মাংসাশী জন্তু।
ক্রশিমা(মন্)—বি, পুং (কৃশ + ইমচ্) কৃশতা।
ক্রশিষ্ঠ—বিণ. ত্রি (কৃশ + ইষ্ঠ) অত্যন্ত কৃশ।
ক্রান্ত—বি-ণ (ক্রম + ক্ত) আক্রান্ত। সংক্রান্ত। ব্যাপ্ত।
ক্রান্তিঃ—বি, স্ত্রী (ক্রম + ক্তি) আক্রমণ। গতি। রাশিচক্রের মধ্য রেখা।
ক্রান্তিপাতঃ—বি, পুং ; বিষুবরেখা ও অয়ন মণ্ডলের সংযোগস্থান ; পৃথিবী এইস্থানে আসিলে দিবা ও রাত্রি সমান হয়।
ক্রায়ক—বিণ. ত্রি (ক্রী + ণ্বুল) ক্রয়জীবী, ক্রেতা।
ক্রিমিঃ—বি, পুং ; (ক্রম্ + ইন্) কীট।
ক্রিয়া—বি, স্ত্রী (কৃ + শ + আপ্) কার্য্য। অনুষ্ঠান। প্রয়োগ। শিক্ষা। পূজা। চিকিৎসা। চেষ্টা।
ক্রিয়াযোগঃ—বি, পুং ; ভগবৎ প্রীত্যর্থে করণীয় ক্রিয়া বিশেষ।
ক্রিয়াবৎ—বিণ.ত্রি (ক্রিয়া + মতুপ্) ক্রিয়াবিশিষ্ট।
ক্রিয়াসমভিহারঃ—বি, পুং ; ক্রিয়ার পৌনঃপুন্য।
ক্রীড় | —বি, পুং (ক্রীড় + অচ্)
ক্রীড়াঃ | —বি, স্ত্রী (ক্রীড়া + অ + আপ্) খেলা। পরিহাস। অবজ্ঞা.
ক্রীড়ৎ—বিণ. ত্রি (ক্রীড় + শতৃ) যে খেলা করিতেছে।
ক্রীত—বি-ণ (ক্রী + ক্ত) ক্রয় করা বস্তু।
ক্রীতকঃ—বি, পুং ; ক্রীতপত্র।
ক্রুঞ্চ—বি, পুং, ক্লী (ক্রনচ্ + অচ্) কোঁচবক। ক্রৌঞ্চপর্বত।

ক্রুদ্ধ—বি-ণ (ক্রুধ্ + ক্ত) কুপিত।
ক্রুধ্—বি, (কুধ + ক্বিপ্) ক্রোধ।
ক্রুষ্ট—বি, ক্লী (ক্রুশ্ + ক্ত) রোদনের শব্দ। বিণ. ত্রি-আহূত ভর্ৎসিত।
ক্রুর—বি-ণ (কৃত + রক্) নির্দ্দয় নৃশংস। কঠিন। ঘোর।
ক্রূরকর্মা(কর্মন্)—বিণ. ত্রি ; যাহার কর্ম নিষ্ঠুর নির্দয়।
ক্রূরদৃশ্—বিণ. ত্রি (ক্রূর + দৃশ্ + ক্বিন্) খল, শনিগ্রহ।
ক্রেতা(তৃ)—বি-ণ (ক্রী + তৃন্) ক্রয়কারী।
ক্রেয়—বি-ণ (ক্রী + য) ক্রয়ের যোগ্য।
ক্রোড়ঃ—বি,পুং (কুড + অন্) শূকর। শনি
ক্রোড়ীকৃতঃ—বি. (ক্রোড়—চ্বি—কৃ—কর্ম্ম + ক্ত) বশীকৃত।
ক্রোড়ীকৃতিঃ—বি, স্ত্রী (ক্রোড় + চ্বি + কৃতি) আলিঙ্গন।
ক্রোধঃ—বি, পুং (ক্রুধ + অল্) কোপ।
ক্রোধন—বিণ. ত্রি (ক্রুধ্ + যুচ) কোপনশীল।
ক্রোশঃ—বি, পুং (ক্রুশ + অল্) পথের পরিমাণ বিং, ৮০০০ হস্ত। রোদন। আহ্বান।
ক্রোশনম্—বি, ক্লী (ক্রুশ + ল্যুট্) রোদন। আহ্বান।
ক্রোষ্টুঃ—বি, পুং (ক্রুশ + তুন্) শৃগাল। স্ত্রী ; ষ্ট্রী।
ক্রৌঞ্চঃ—বি, পুং (ক্রুঞ্চ—অণ্) বক, কোঁচবক। পর্ব্বত বিং। দৈত্য বিং। সপ্তদ্বীপের মধ্যে এক দ্বীপ।
ক্রৌঞ্চদারণঃ—বি, পুং ; কার্ত্তিকেয়।
ক্রৌঞ্চপদা—বি, স্ত্রী ; ছন্দোবিশেষ।
ক্লমঃ—বি, পুং (ক্লম + অল্) গ্লানি, সন্তাপ।
ক্লান্ত—বি-ণ (ক্লম + ক্ত) ক্লান্তিবিশিষ্ট। ম্লান।
ক্লান্তিঃ—বি, স্ত্রী (ক্লম + ক্তি) শ্রম, আয়াস। উৎকট পরিশ্রম করিয়া গ্লানি বোধ করা।
ক্লিন্ন—বি-ণ (ক্লিদ্ + ক্ত) ভিজা, আর্দ্র। ক্লেদযুক্ত।
ক্লিশিত, ক্লিষ্ট—বি-ণ (ক্লিশ + ক্ত) ক্লেশযুক্ত।
ক্লীবঃ—বি, পুং (ক্লীব + ক) নপুংসক, হিজরা। ক্লী ; পাপ। বি-ণ ; অক্ষম। কাতর। পৌরুষহীন, কাপুরষ। ব্যর্থ।
ক্লেদঃ—বি, পুং (ক্লিদ + ঘঞ্) মল। মলযুক্তজল। ক্লিন্নতা।
ক্লেশঃ—বি, পুং (ক্লিশ + ঘঞ্) দুঃখ। অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ, অভিনিবেশ এই পঞ্চবিধ।
ক্লৈব্যম্—বি, ক্লী (ক্লীব্ + ষ্যঞ্) পুরুষত্বহীনতা, নপুংসক)
ক্লোম(ন্)—পুং, ক্লী (ক্লু + মনিন্)
ক্লোমম্—ক্লী, বি ; পিত্তকোষ। ফুসফুস। মূলাধার। হৃদয়ের পার্শ্বস্থ পিপাসাস্থান।
ক্ব—অব্য. (কিম-অ) কোথায়।
ক্বণঃ | —বি, পুং (ক্বণ + অপ্)
ক্বণনম্ | —বি, ক্লী (ক্বণ + ল্যুট)
ক্বাণঃ | —বি, পুং (ক্বণ + ঘঞ্) ধ্বনি।
ক্বণিতম্—বি,, ক্লী (ক্বণ + ক্ত) ধ্বনিত, ত্রি, শব্দিত।
ক্বথিত—বি-ণ (ক্বথ + ক্ত) অতিপক্ক। কর্শিত।
ক্বাথঃ—বি. পুং (ক্বথ + ঘঞ্) অগ্নিদ্বারাপাক, বস্তুর সারাংশ, নির্যাস।
ক্ষঃ—বি, পুং (ক্ষি + ড) ক্ষত্রিয়। নৃসিংহ। রাক্ষস। বিদ্যুৎ। অধি—ড) প্রলয়।
ক্ষণঃ—বি, পুং (ক্ষণ—কর্ত্তৃ + অন্) ত্রিংশকলা রূপ কালের পরিমাণ বিং। সূক্ষ্মকাল। অবসর। পর্ব্ব। উৎসব।
ক্ষণদঃ—বি, পুং (ক্ষণ—দা + ক) গণক। ক্লী ; জল।
ক্ষণদা—বি, স্ত্রী ; রাত্রি।
ক্ষণদাচরঃ—বি, পুং ; রাক্ষস।

ক্ষণপ্রভা—বি, স্ত্রী ; বিদ্যুৎ।

ক্ষণভঙ্গুর—বি-ণ ; যে বস্তু অল্প সময়ের মধ্যে নষ্ট হয়, ক্ষণস্থায়ী।

ক্ষণিক—বি-ণ (ক্ষণ + ষ্ণিক) ক্ষণমাত্র স্থায়ী।

ক্ষতম্—বি, ক্লী (ক্ষণ + ক্ত) ব্রণ, ঘা। প্রহার। ঘর্ষণ। বি-ণ ; ভগ্ন। বিদারিত। ব্যথিত। দষ্ট। বিদ্ধ। নিষ্পিষ্ট। নষ্ট।

ক্ষতজম্—বি, ক্লী (ক্ষত—জন + ড) রুধির।

ক্ষতব্রত—বি-ণ ; যাহার নিয়ম ভঙ্গ হইয়াছে, অবকীর্ণী।

ক্ষতিঃ—বি, স্ত্রী (ক্ষণ + ক্তি) ক্ষয়। নাশ। হানি। অস্ত্রাদির চিহ্ন।

ক্ষত্তা(ত্তৃ)—বি, পুং (ক্ষদ্+তৃচ্) সারথি। ক্ষত্রিয়া বা বৈশ্যার গর্ভে শূদ্রের ঔরসজাত সন্তান। দাসীপুত্র, বিদুর। দ্বারপাল। কোষাধ্যক্ষ—বি-ণ ; নিযুক্ত।

ক্ষত্রঃ |—
ক্ষত্রম্ |—বি, পুং (ক্ষৎ—ত্রৈ—ড) ক্ষত্রিয় জাতি। ক্লী ; শরীর।

ক্ষত্রবন্ধুঃ—বি, পুং ; অপকৃষ্ট ক্ষত্রিয়।

ক্ষত্রিয়ঃ—বি, পুং (ক্ষত্র + ঘ) দ্বিতীয় বর্ণ, ক্ষত্রিয় জাতি। স্ত্রী; য়া, আণী—ক্ষত্রিয় জাতি স্ত্রী। য়ী—ক্ষত্রিয়ের পত্নী।

ক্ষন্তা—বিণ. ত্রি (ক্ষণ + তৃচ্) ক্ষমাশীল।

ক্ষন্তব্য—বি-ণ (ক্ষম্ + তব্য) ক্ষমার যোগ্য।

ক্ষপণঃ—বি, পুং (ক্ষপ + ল্যু) ত্যাগ। বি-ণ নির্লজ্জ। বৌদ্ধসন্ন্যাসী।

ক্ষপণকঃ—বি, পুং; বৌদ্ধসন্ন্যাসী।

ক্ষপা—বি, স্ত্রী (ক্ষপ + অন—আপ্) রাত্রি। হরিদ্রা।

ক্ষপাকরঃ—বি, পুং (ক্ষপা—কৃ—ট) ক্ষপানাথ। চন্দ্র। কর্পূর।

ক্ষপিত—বি-ণ (ক্ষপ + ণিচ্ + ক্ত) বিনাশিত। যাপিত। ক্ষিপ্ত।

ক্ষম—বি, ক্লী (ক্ষম + অল্) যোগ্যতা, উপযুক্ততা। (কর্ত্তৃ—অন্) বি-ণ ; সমর্থ। সহিষ্ণু। হিত। উপযুক্ত।

ক্ষমতা—বি, স্ত্রী (ক্ষম + তল + টাপ্) যোগ্যতা।

ক্ষমা—বি, স্ত্রী (ক্ষম + অল্ + আপ্) শান্তি, নিবৃত্তি। মার্জ্জনা। তিতিক্ষা। সহিষ্ণুতা। পৃথিবী। দুর্গা। রাত্রি।

ক্ষমী(মিন্) |—বি-ণ (ক্ষম + ঘিনুণ্) ক্ষমাশীল।
ক্ষমিতা |—বিণ (ক্ষম্ + তৃচ্)

ক্ষম্য—বি-ণ (ক্ষম্ + য) ক্ষমার যোগ্য।

ক্ষয়ঃ—বি, পুং (ক্ষি + অল্) নাশ। হ্রাস। ক্ষয়রোগ। নিবাসস্থান। প্রলয়। নাশ বিং। বৎসর বিং।

ক্ষয়পক্ষঃ—বি, পুং ; কৃষ্ণপক্ষ।

ক্ষয়িত—বি-ণ (ক্ষয় - ণিচ্ + ক্ত) নাশিত। হ্রাসিত। ক্ষয়প্রাপ্ত।

ক্ষয়ী(য়িন্)—বি-ণ (ক্ষয়—+ ইন্) ক্ষয়শীল, নশ্বর।

ক্ষয্য—বি-ণ (ক্ষি + যৎ) ক্ষয়যোগ্য।

ক্ষরঃ—বি, পুং (ক্ষর + অচ্) স্যন্দন, ক্ষরণ। স্বেদন। নাশ। মেঘ। ক্লী ; জল। বি-ণ নশ্বর।

ক্ষরণম্—বি, ক্লী (ক্ষর—ল্যুট) দ্রবদ্রব্যের পতন, মদাদিস্রবণ নিঃসরণ। চোঁয়ান। নাশ।

ক্ষরিত—বি-ণ (ক্ষর + ক্ত) নিঃসৃত।

ক্ষব |—(ক্ষু + অল্)
ক্ষবথু |—(ক্ষু + অথু) বি, পুং। হাঁচি। কাসি।

ক্ষাত্র—বি, ক্লী (ক্ষত্র + ষঙ) ক্ষত্রিয় কর্ম্ম। বি-ণ; ক্ষত্রিয়সম্বন্ধীয়।

ক্ষান্ত—বি-ণ (ক্ষম + ক্ত) ক্ষমাশীল, সহিষ্ণু। নিবৃত্ত, বিরত।

ক্ষান্তিঃ—বি, স্ত্রী (ক্ষম + ক্তি) ক্ষমা। নিবৃত্তি। প্রতীক্ষা।

ক্ষাম—বি-ণ (ক্ষৈ + ক্ত) ক্ষীণ, দুর্ব্বল। শুষ্ক। রুক্ষ।

ক্ষারঃ—বি, পুং (ক্ষর—ণ) লবণরস। যবক্ষার খাঁড়গুড়। ভস্ম। কবচ। ক্লী ; লবণ। বি-ণ ধূর্ত্ত।

ক্ষারকঃ—বি, পুং (ক্ষর + ণক্) ফুলের কুঁড়ি, জালি। মৎস্যাদির খালুই। রঞ্জক।

ক্ষারমৃত্তিকা—বি, স্ত্রী ; সাজিমাটি।

ক্ষারিত—বি-ণ (ক্ষর—ণিচ্ + ক্ত) দূষিত। অপবাদগ্রস্ত। গলান, স্রাবিত।

ক্ষালনম্ |—বি, ক্লী (ক্ষল + ল্যুট)
ক্ষালনা |—বি, স্ত্রী (ক্ষল + অন + আপ্) ধৌতকরণ।

ক্ষালিত—বি-ণ (ক্ষল + ক্ত) ধৌত। শোধিত। নিরাকৃত।

ক্ষি—বি. স্ত্রী (ক্ষি + ডি) নিবাস, ক্ষয়, গতি।

ক্ষিত—বিণ (ক্ষি + ক্ত) হিংসিত, ক্ষয়প্রাপ্ত।

ক্ষিতিঃ—বি, স্ত্রী (ক্ষি + ক্তি) পৃথিবী। বাসস্থান। প্রলয়কাল। ভাবে (ক্ত) ক্ষয়।

ক্ষিতিধরঃ—বি, পুং ; পর্বত, ভূধর।

ক্ষিতিপঃ |—বি, পুং (ক্ষিতি—পা + ক)
ক্ষিতিপতিঃ |—বি, পুং ; ভূপ, রাজা।

ক্ষিতিভৃৎ—বি, পুং (ক্ষিতি—ভৃ + ক্বিপ্) রাজা। পর্ব্বত। অনন্তদেব।

ক্ষিতিরূহঃ—বি, পুং (ক্ষিতি + রুহ + ক) বৃক্ষ ক্ষিতিতে জাত।

ক্ষিতিবর্দ্ধনঃ—বি, পুং ; শব, মৃতদেহ।

ক্ষিতীশঃ—বি, পুং (ক্ষিতি—ঈশ) রাজা।

ক্ষিপ্ত—বি-ণ (ক্ষিপ + ক্ত) নিক্ষিপ্ত। হত। পরিত্যক্ত। নিন্দিত। অনাদৃত। বায়ুরোগগ্রস্ত।

ক্ষিপ্তনিবাসঃ—বি, পুং ; পাগলাগারদ।

ক্ষিপ্র—বি-ণ (ক্ষিপ—কর্ত্তৃ + রক্) শীঘ্র।

ক্ষিপ্রকারী(রিন্)—বি-ণ ; শীঘ্রকারী, লঘু হস্ত।

ক্ষিয়া—বি, স্ত্রী (ক্ষি + অঙ্ + টাপ্) ক্ষয়।

ক্ষীণ—বি-ণ (ক্ষি + ক্ত) দুর্ব্বল। সূক্ষ্ম। জীর্ণ। শুষ্ক। কৃশ।

ক্ষীব—বি-ণ (ক্ষীব + ক্ত) মাতাল, মত্ত।

ক্ষীরঃ—বি, ক্লী (ঘস + কর্ম্ম + ঈরন্) দুগ্ধ। জল। নির্যাস, আটা।

ক্ষীরকণ্ঠঃ—বি, পুং ; স্তন্যপায়ী শিশু।

ক্ষীরদ্রুমঃ—বি, পুং ; অশ্বত্থবৃক্ষ।

ক্ষীরনীরম্—বি, ক্লী ; দুগ্ধ ও জল (আলিঙ্গন)।

ক্ষীরশরঃ—বি, পুং ; দুগ্ধের শর।

ক্ষীরসারঃ—বি, পুং ; নবনীত। (আমিক্ষা)

ক্ষীরাব্ধিঃ—বি, পুং ; ক্ষীরসমুদ্র।

ক্ষীরাব্ধিজঃ—বি, পুং (ক্ষীরাব্ধি—জন্ + ড) চন্দ্র, স্ত্রী ; জা—লক্ষ্মী।

ক্ষীরাব্ধিতনয়া—বি, স্ত্রী ; লক্ষ্মী।

ক্ষীরিকা—বি, স্ত্রী (ক্ষীর + ঠন্ + টাপ্) শশা পরমান্ন, পিণ্ডখর্জুর।

ক্ষীরী(রিন্)—বি, পুং ; বৃক্ষ বিং—বট, অশ্বত্থ, ডুম্বুর, আকন্দ, শশা, সোমলতা প্রভৃতি। স্ত্রী ; রিণী—দুগ্ধবতী গাভী।

ক্ষীরোদঃ—বি, পুং (ক্ষীর—উদ) ক্ষীরসমুদ্র।

ক্ষুণ্ণ—বিণ (ক্ষুদ্ + ক্ত) চূর্ণীকৃত। আহত। অভ্যস্ত। কুণ্ঠিত। নিপুণ।

ক্ষুৎ |—বি, স্ত্রী (ক্ষু + ক্বিপ্)
ক্ষুত |—বি, ক্লী (ক্ষু + ক্ত) হাঁচি।

ক্ষুদ্র—বি-ণ (ক্ষুদ + রক্) ছোট। নীচ। অল্প। অপ্রশস্ত। ক্রূর। কৃপণ। স্ত্রী ; দ্রা—মধুমক্ষিকা, বেশ্যা। কন্টকারি।

ক্ষুধ্, ক্ষুধা—বি, স্ত্রী ; ভোজনেচ্ছা, বুভুক্ষা।

ক্ষুধার্ত—বি-ণ (ক্ষুধা—ঋত) ক্ষুধায় কাতর।

ক্ষুধিত—বি-ণ (ক্ষুধ + ক্ত) ভোজনেচ্ছু।

ক্ষুপঃ—বি, পুং (ক্ষুপ্ + ক) ক্ষুদ্রশাখাযুক্ত ক্ষুদ্রবৃক্ষ।

ক্ষুব্ধ—বি-ণ (ক্ষুভ + ক্ত) ক্ষোভপ্রাপ্ত। বিচলিত। ভীত। দুঃখিত। বি; পুং ; মন্থনদণ্ড।

ক্ষুভিত—বি-ণ (ক্ষুভ + ক্ত) ক্ষোভপ্রাপ্ত। ব্যাকুল। ক্রুদ্ধ। বিচলিত। ভীত। আলোড়িত। সংবদ্ধ।

ক্ষুমা—বি, স্ত্রী (ক্ষু + মক্ + টাপ্) মসিনা গাছ। অতসী বৃক্ষ। নীলগাছ। রেশম। শণ। পাট।

ক্ষুরঃ—বি, পুং (ক্ষুর—ক) অস্ত্র বিং। অশ্বাদির ক্ষুর। খাট প্রভৃতির পায়া। স্ত্রী ; রী—ছুরী।

ক্ষুরধানম্ —বি, ক্লী (ক্ষুর + ধা + ল্যুট্)
ক্ষুরধানী —বি, স্ত্রী ; নাপিতের অস্ত্রাধার, ক্ষুরভাড়।

ক্ষুরধারঃ—বি, পুং ; নরকবিশেষ।

ক্ষুরপত্র—বি, পুং ; বাণ। ত্রি—শরবণ।

ক্ষুরপ্রঃ—বি, পুং (ক্ষুর + পৃ + ক) অৰ্দ্ধচন্দ্রাকৃতি বাণ। খুরপো।

ক্ষুরী(রিন্)—বি, পুং ; নাপিত।

ক্ষুল্ল—বি-ণ (ক্ষুদ—লা + ক) ক্ষুদ্র। অল্প। লঘু। কনিষ্ঠ।

ক্ষেত্রম্—বি, ক্লী (ক্ষি + ষ্ট্রন্) ভূমি, ক্ষেত। ইন্দ্রিয়। মন। শরীর। পত্নী। সিদ্ধস্থান।

ক্ষেত্রজ—বি, পুং (ক্ষত্র—জন + ড) স্বীয় পত্নীতে অন্য পুরুষের দ্বারা উৎপাদিত সন্তান। বি-ণ ; যাহা ক্ষেত্রে জন্মায়।

ক্ষেত্রজ্ঞ—বি, পুং ; (ক্ষেত্র—জ্ঞান + ড) অন্তর্যামী পুরুষ, জীবাত্মা। কৃষক। বি-ণ ; কামুক। নিপুণ, বিদগ্ধ।

ক্ষেত্রপতিঃ—বি, পুং ; ক্ষেত্রপাল। কৃষক। রুদ্র।

ক্ষেতপপটী—বি, স্ত্রী ; ক্ষেতপাবড়া।

ক্ষেত্রবিৎ(দ)—বি, পুং ; জীবাত্মা। যিনি দেহের সমস্ত তত্ত্ব জানেন। তত্ত্বজ্ঞ।

ক্ষেত্রাজীবঃ—বি, পুং ; কৃষক।

ক্ষেত্রিয়ঃ—বি, পুং (ক্ষেত্র + ঘ) পরদার রত-ব্যক্তি। অসাধ্যরোগ। ক্লী ; ক্ষেত্রজাততৃণ। বি-ণ ; ক্ষেত্রসম্বন্ধীয়। দেহান্তরে চিকিৎসা।

ক্ষেত্রিকঃ—পুং (ক্ষেত্র + ঠন্) (ক্ষেত্রী—ত্রি (ক্ষত্র + ইনি) ক্ষেত্রস্বামী।

ক্ষেপঃ—বি, পুং (ক্ষিপ—ভাবে + অল্) নিক্ষেপ। অপসারণ। গৰ্ব্ব। ত্যাগ। নিন্দা। বিলম্ব। যাপন। প্রেরণ। চালন। লঙ্ঘন। লেপন। বঞ্চনা।

ক্ষেপণম্—বি, ক্লী (ক্ষিপ + ল্যুট্) ক্ষেপ। প্রেরণ। যাপন। স্ত্রী ; নীনৌকাদণ্ড, দাঁড়। ধ্বজি। খেপলা জাল। ফাঁদ বিং।

ক্ষেপণীয়—বিণ, ত্রি (ক্ষিপ + অনীয়) ক্ষেপণের অস্ত্র। ক্লী, ভিন্দিপাল। খড়্গ। বাণ।

ক্ষেপিষ্ঠ—বি-ণ (ক্ষিপ্র—ইষ্ঠ) অতিদ্রুতগামী।

ক্ষেম—বি, পুং, ক্লী (ক্ষি + মন্) কল্যাণ। প্রাপ্ত বস্তুর রক্ষণ। স্ত্রী ; মাতা—কাত্যায়নী।

ক্ষেমকার —বিণ. (ক্ষম—কৃ + ষণ্)
ক্ষেমঙ্কর —(ক্ষেম—কৃ + খচ্) বি-ণ ; মঙ্গলকর।

ক্ষৈত্রম্—ক্লী ; (ক্ষেত্র + অন্) ক্ষেত্রসমূহ।

ক্ষৈরেয়—বি-ণ (ক্ষীর—যেঞ্) ক্ষীরসংস্কৃত। ক্ষীরসম্বন্ধীয়।

ক্ষোড়ঃ—বি, পুং ; হস্তী বাঁধিবার শৃঙ্খলাদি, আলান।

ক্ষোদঃ—বি, পুং (ক্ষুদ—কর্ম্ম + অল্) ক্ষুদ, চূর্ণ। (ভাবে অল্) পেষণ।

ক্ষোণিঃ(নী)—বি, স্ত্রী (ক্ষৈ + ডোনি + ঙীষ) পৃথিবী।

ক্ষোদনম্—বি, ক্লী (ক্ষুদ + ল্যুট্) চূর্ণকরণ। অক্ষরাঙ্কন।

ক্ষোদিত—বি-ণ (ক্ষুদ + ণিচ্ + ক্ত) চূর্ণিত। উৎকীর্ণ।

ক্ষোদিষ্ঠ—(ক্ষুদ্র—ইষ্ঠ) ক্ষুদ্রতম।

ক্ষোদীয়ান্(য়স্)—(ক্ষুদ্র—ঈয়স্) বি-ণ ; ক্ষুদ্রতর।

ক্ষোভঃ—বি, পুং (ক্ষুভ + ঘঞ্) বাধা। ধর্ষণ। চাঞ্চল্য। আঘাত। স্খলন। উদ্বেগ। মনস্তাপ। সঞ্চালন। বিলোড়ন।

ক্ষোভণম্—বি, ক্লী (ক্ষুভ্ + ণিচ্ + ল্যুট্) কন্দর্পের বাণ বিং। সাংখ্যমতের পুরুষ। শিব। বিষ্ণু। বি-ণ ; ক্ষোভকারী।

ক্ষোভিত—বি-ণ (ক্ষুভ + ণিচ্ + ক্ত) ধর্ষিত। চলিত। আলোড়িত। ত্রাসিত।

ক্ষৌণিঃ(ণী)—বি, স্ত্রী (ক্ষু—কর্ত্তৃ + নি) পৃথিবী।

ক্ষৌদ্র—বি, ক্লী (ক্ষুদ্র—ষ্ণ) জল। মধু। পুং ; চম্পকবৃক্ষ। বি-ণ ; ক্ষুদ্রা অর্থাৎ মধুমক্ষিকা সম্বন্ধীয়।

ক্ষৌদ্রপটলম্—বি, ক্লী ; মৌচাক।

ক্ষৌম—বি, পুং, ক্লী (ক্ষু-মন্ + ষ্ণ) রেশমী বস্ত্র, দুকুল। ক্লী ; পট্টবস্ত্র। শণ। অট্টালিকা।

ক্ষৌরম্—বি, ক্লী (ক্ষুর + ষ্ণ) ক্ষুর কর্ম্ম, মুণ্ডন।

ক্ষ্ণুত—বি-ণ (ক্ষ্ণু—কর্ম্ম—ক্ত) শাণিত, তীক্ষ্ণীকৃত।

ক্ষ্মা—বি, স্ত্রী (ক্ষম + অন্—আপ্) পৃথিবী।

ক্ষ্মাভৃৎ—বি, পুং (ক্ষ্মা—ভৃ + ক্বিপ্) পৰ্ব্বত। রাজা। অনন্ত।

ক্ষ্বেড়ঃ—বি, পুং (ক্ষ্বিড + অন্) বিষ। অব্যক্তধ্বনি, বি-ণ ; কুটিল। নিষ্ঠুর। কুৎসিত। স্ত্রী ; ড়া—বংশশলাকা। পুং, স্ত্রী ; সিংহনাদ। অশ্লীল গান। ধ্বনি।

ক্ষ্বেড়িতম্—বি, ক্লী (ক্ষ্বিড় + ক্ত) বীরগণের সিংহনাদ।

ক্ষ্বেলনম্—বি, ক্লী (ক্ষ্বেল্ + ল্যুট্) সঞ্চালন, ক্রীড়া।

ক্ষ্বেলা—বি, স্ত্রী (ক্ষ্বেল—ভাবে + অ) ক্রীড়া। সঞ্চালন।

ক্ষ্বেলিত—বিণ. ত্রি (ক্ষ্বেল + ক্ত) চালিত।

খ

খঃ—বি, পুং ; (খর্ব্-ড) সূৰ্য্য। ক্লী ; আকাশ। স্বর্গ। সুখ। ইন্দ্রিয়। দেহ। ব্রহ্ম। পুর। ক্ষেত্র। অভ্রধাতু, জ্যোতিষে লগ্ন হইতে দশমস্থান।

খগঃ—বি, পুং (খ—গম + ড) পক্ষী। বাণ। সূৰ্য্য। বায়ু। দেবতা। গ্রহ। বি-ণ ; আকাশগামী।

খগান্তকঃ—বি, পুং (খগ—অন্তক) শ্যেনপক্ষী। ব্যাধ।

খগেশ্বরঃ —
খগেন্দ্রঃ —
খগপতিঃ —
খগরাজঃ —বি, পুং ; গরুড়।

খগোলঃ—বি, পুং ; আকাশমণ্ডল। তৎপ্রতিরূপক কৃত্রিম গোলক।

খগেন্দ্রধ্বজঃ—বি, পুং ; বিষ্ণু।

খচরঃ—বি, পুং (খ—চর + টক্) পক্ষী। মেঘ। রাক্ষস। বায়ু। গ্রহ। স্ত্রী ; রী।

খচিত—বি-ণ (খচ—কর্ম্ম + ক্ত) রচিত। জড়িত। ব্যাপ্ত। মিশ্রিত। যোজিত।

খজাকঃ—বি, পুং (খজ + আকন্) পক্ষী।

খজঃ—বি, পুং (খজ + অন্) মন্থনদণ্ড। হাতা।

খঞ্জ—বি-ণ (খনজ-অন্) খোঁড়া।

খঞ্জনম্ —(খন্জ + অন)
খঞ্জরীটঃ —(খঞ্জ—খ্ব + কীটন্) বি, পুং ; স্বনামখ্যাত পক্ষিবিং।

খটঃ—বি, পুং (খট + অল্) তৃণ। লাঙ্গল। কফ। প্রহার বিং, ঘুসি। অন্ধকূপ।

খটিকঃ—বি, পুং (খট + ষ্ঠিক) মুষ্টি।
খটিকা —
খটিনী —
খটী —বি, স্ত্রী ; খড়ী, কঠিনী।
খট্টাশ(স)ঃ—বি, পুং ; বন্যজন্তু বিং, খাটাশ। গন্ধগোকুল।
খট্টা—বি, স্ত্রী (খট্ট + অচ্ + টাপ্)
খট্টা—বি, স্ত্রী (খট + কুন + টাপ্) খাট, পর্য্যঙ্ক।
খট্টাঙ্গম্—ক্লী ; খাটের অঙ্গ। শিবের অস্ত্র বিং। মুদ্গর। নৃপবিশেষ।
খট্টারূঢ়—বি-ণ ; অলস। দুরাচার। খট্টায়শয়িত। প্রমত্ত।
খট্টিকা—বি, স্ত্রী (খট্ট + কন্) ক্ষুদ্র খাট, খাটিয়া।
খট্টাঙ্গভৃৎ—পুং (খট্টাঙ্গ—ভৃ + ক্বিপ) শিব।
খড়—বি, পুং (খড় + অচ্) খড়।
খড়ক্কী —স্ত্রী (খড়ক্ + কৃ + ড + ঙীষ্)
খড়ক্কিকা —স্ত্রী (খড়ক্কী + ক + টাপ) খিড়কীর দ্বার।
খড়্গঃ—বি, পুং (খড্ + গন্) খাঁড়া, অসি। গণ্ডারশৃঙ্গ। ক্লী ; লৌহ।
খড়্গকোষঃ—বি, পুং ; খড়্গের খাপ।
খড়্গধেনুঃ—স্ত্রী ; ছোটখড়্গা। স্ত্রী গণ্ডার।
ছদ্মবেশী(শিন্)—বি-ণ; কপট বেশধারী।
ছন্দঃ—বি, পুং (ছদি—ভাবে—অল) অভিপ্রায়। ইচ্ছা। তাৎপর্য। আশয়।
ছন্দঃ(স্)—বি, ক্লী (ছদি + অসুন) পদ্যবন্ধ। বেদ। ইচ্ছা। স্বৈরাচারী।
ছন্দোগঃ—বি, পুং (ছন্দস্—গৈ—কর্ত্তৃ—ড) সামবেদগায়ক।
ছন্ন—বি-ণ (ছদ—ণিচ্ + ক্ত) আচ্ছাদিত। নির্জ্জন, গুপ্ত।
ছর্দিঃ/ছর্দনম্/ছর্দঃ/ছর্দিস্—বি, স্ত্রী, ক্লী, পুং (ছৃর্দ—ভাবে—ই) বমন। উদগার।
ছলম্—বি, ক্লী (ছো—ভাবে—কল) চাতুরী, প্রতারণা।
ছলনম্/ছলনা—বি, ক্লী, স্ত্রী ; (ছল—ণিচ্ + অন) প্রতারণা।
ছল্লিঃ(ল্লী)—বি, স্ত্রী (ছেদ্ + ক্বিপ + লা + কি) বল্কল। লতা।
ছবিঃ(বী)—স্ত্রী (ছো—করণ—ইন্) + দীপ্তি। শোভা। চলিত ভাষায় প্রতিমূর্ত্তি।
ছাগঃ —(ছো—কর্ম্ম—গক্)
ছাগলঃ —(ছগল—ষ্ণ), বি, পুং; স্বনাম-খ্যাত পশু।
ছগবাহনঃ/ছাগরথঃ—বি, পুং; অগ্নি।
ছাত—বি-ণ, (ছো—কর্ম্ম—ক্ত) ছিন্ন। দুর্ব্বল। ক্ষীণ। সূক্ষ্ম।
ছাত্রঃ—বি, পুং (ছত্র—গুরুর দোষ আবরণ করা + ষ্ণ) অন্তেবাসী, শিষ্য।
ছাদঃ—বি, পুং (ছদ—ণিচ্ + ঘঞ্) ছাত। ছাল।
ছাদনম্—বি, ক্লী (ছদ—ণিচ্ + ল্যুট) ঘর ছাওয়া। আচ্ছাদন। ঘরের ছাদ প্রস্তুত করা।
ছাদিত—বি-ণ, (ছদ—ণিচ্ + ক্ত) আবৃত।
ছাদ্মিকঃ—বি. পু. (ছন্দন্ + ঠক্) ধূর্ত। কপটী।
ছান্দসঃ—বি, পুং (ছন্দস্—ষ্ণ) বেদাধ্যায়ী।
ছন্দোগ্যম্—বি, ক্লী (ছন্দোগ—ষ্ণ) + সাম-বেদের উপনিষদ্ বিং।
ছায়া—বি, স্ত্রী (ছো + য—আপ্) অনাতপ, রৌদ্রাভাব। প্রতিবিম্ব। কান্তি, শোভা। সূর্য্যপত্নী।
ছায়াপথঃ—বি, পুং; জ্যোতিশ্চক্র মধ্যবর্ত্তী মণ্ডলাকার নক্ষত্রশ্রেণী।
ছায়াপুরুষঃ—বি, পুং; আকাশস্থ ছায়াত্মক পুরুষ।
ছিক্কা—বি, স্ত্রী (ছিক্ + কৈ + ড + টাপ্) হাঁচি।
ছিত—বিণ, স্ত্রী (ছা + ক্ত) ছিন্ন।
ছিত্বর—বিণ, স্ত্রী (ছিদ্ + ত্বরপ) ছেদক। শত্রু। ধূর্ত।

ছিদ্—বিণ, স্ত্রী (ছিদ্ + ক্বিপ্) ছেদনকর্তা।
ছিদা—বি, স্ত্রী (ছিদ্ + অঙ্ + টাপ্) ছেদন।
ছিদিরঃ—বি, পুং (ছিদ—কর্ত্তৃ—কির) খড়গ। কুঠার।
ছিদুর—বিণ, (ছিদ্ + কুরচ্) ছেদনশীল। ধূর্ত। শত্রু।
ছিদ্রম্—বি, ক্লী (ছিদ্ + কর্ম্ম—রক) খণ্ডিত, ছেঁড়া।
ছিন্নমস্তা—বি, স্ত্রী; দশমহাবিদ্যার অন্তর্গত দেবী বিং।
ছুছুন্দরঃ(রী)—বি, পুং, স্ত্রী (ছুছু—দৃ + খ + ঈপ্) গন্ধমুষিক, ছুঁচা।
ছুপঃ—বি, পুং; (ছুপ + কর্ত্তৃ—ক) ঝোপ। বিণ, চপল।
ছুরিত—বি-ণ, (ছুর + কর্ম্ম—ক্ত) লিপ্ত। ব্যাপ্ত। রঞ্জিত।
ছুরিকা—বি, স্ত্রী; প্রসিদ্ধ অস্ত্র।
ছেক—বি, ত্রি; (ছো + ডেকন) পণ্ডিত। পুং-অনুপ্রাস বিং।
ছেত্তা(ত্তৃ)—বি-ণ; (ছিদ্ + কর্ত্তৃ—তৃন্) ছেদনকারী।
ছেদঃ—বি, পুং; (ছিদ + ঘঞ্) ছেদন। খণ্ড।
ছেদক—বি-ণ, (ছিদ + কর্ত্তৃ—ণক) ছেদনকারী।
ছেদনম্—বি, ক্লী; (ছিদ + ভাবে—ল্যুট্) কর্ত্তন, কাটা।
ছেদিত—বি-ণ, (ছিদ + ণিচ্—ক্ত) খণ্ডিত, দ্বিধাকৃত।
ছেদ্য—বি-ণ, (ছিদ্ + ণ্যৎ) ছেদনযোগ্য।
ছোটিকা—বি, স্ত্রী; (ছুট—ণক—আপ) অঙ্গুলিধ্বনি, তুড়ি।
ছোটী (টিন্)—বি, পুং; (ছুট + ণিনি) কৈবর্ত।
ছোরণম্—বি, ক্লী; (ছুর + ল্যুট্) পরিত্যাগ।

জ

জঃ—বি, পুং; (জি / জন্ / জু + ড) ৮ম-ব্যঞ্জনবর্ণ। শিব। বিষ্ণু। উৎপত্তি। বেগ। দীপ্তি।
জকুটঃ—বি. পুং, মলয়পতি। কুকুর।
জগচ্চক্ষুস্—বি, পুং; সূর্য।
জগৎ—বি, ক্লী; (গম্ + ক্বিপ—(নি) বিশ্ব। লোক। শরীর। পুং; বায়ু।
জগৎপ্রাণঃ—বি, পুং; বায়ু।
জগৎসাক্ষী(ক্ষিন্)—বি, পুং; ঈশ্বর। সূর্য।
জগতী—বি, স্ত্রী; (জগৎ—ঈপ্) পৃথিবী ভুবন। লোক। দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ।
জগদম্বা—বি, স্ত্রী; দুর্গা। জগদম্বিকা।
জগদ্গৌরী—বি, স্ত্রী; মনসাদেবী।
জগদ্দ্রুহ(হ্)—বিণ, ত্রি.; (জগৎ—দ্রুহ + ক্বিপ্) জগতের অনিষ্টকারী।
জগদ্ধাত্রী—বি, স্ত্রী; দুর্গা। চতুর্ভুজা, সিংহরূঢ়া, নাগযজ্ঞোপবীতিনী দেবী বিশেষ। কার্তিকী শুক্ল নবমীতে অথবা সপ্তমী অষ্টমী ও নবমীতে ইহার পূজা হয়।
জগদ্যোনিঃ—বি, পুং; ব্রহ্মা, বিষ্ণু। শিব। স্ত্রী-পৃথিবী।
জগন্নাথঃ—বি, পুং; বিষ্ণু। পরমেশ্বর। নীলাচলে ইহা বিশেষ মূর্তিতে প্রতিষ্ঠিত।
জগন্নিবাসঃ—বি, পুং; বিষ্ণু। পরমেশ্বর।
জগন্মোহিনী—বি, স্ত্রী; দুর্গা। মহামায়া।
জগন্বস/জগ্মিবস্—বিণ, স্ত্রী; (গম্ + ক্বসু) যে গমন করিয়াছে।
জগরঃ—বি, পুং; (জাগৃ + অচ্) কবচ।
জগলঃ—বি, পুং; (জন্—ড + গল + অচ্) বৃক্ষ বিং। মদ্য বিং। ত্রি-ধূর্ত।
জগ্ধ—বি-ণ, (অদ—কর্ম্ম—ক্ত) ভক্ষিত।
জঘনম্—বি, ক্লী; (হন—যঙলুক—কর্ত্তৃ—অন) কটিদেশের সম্মুখভাগের নিম্নদেশ।

জঘন্য— বি-ণ, (জঘন—য্য) নীচ, অধম। ঘৃণার্হ।

জঘন্যজ— বি, পুং; (জঘন্য—জন—কর্ত্তৃ—ড) শূদ্র। বি-ণ; কনিষ্ঠ।

জঘন্বস্/জঘ্নিবস্— বিণ, ত্রি; (হন্ + ক্বসু) যে হনন করিয়াছে।

জঙ্গম— বি-ণ, (গম—যঙলুক্—কর্ত্তৃ—অন্) গমনশীল। অস্থাবর।

জঙ্গলম্— বি, ক্লী; (গল্ - যঙ্ - অচ্) বন। নির্জ্জন।

জঙ্গালঃ— বি. পুং, বাঁধ। সীমাচিহ্ন।

জঙ্ঘা— বি, স্ত্রী; গুলফ হইতে জানু পর্য্যন্ত।

জঙ্ঘাকারিক— বিণ, (জঙ্ঘা-কৃ + অপ্ + ঠন) ধাবক। হরকরা।

জঙ্ঘাল— বি-ণ, ধাবক। মৃগবিশেষ।

জঙ্ঘিল— বিণ, (জঙ্ঘা + ইলচ্) দ্রুতগামী।

জঞ্জপূক— বিণ, (জপ্ + যঙ্ + উক) পুনঃপুনঃ জপকারী।

জঞ্জালঃ— বি, পুং; আবর্জ্জনা ওঁচলা। উৎপাত, ঝঞ্ঝাট।

জটা— বি, স্ত্রী; (জট্ - অচ্ - টাপ্) সংলগ্নকেশ, জট। কেশর। গাছের ঝুরি। বেদপাঠ বিং।

জটাজুটঃ— বি, পুং; জটাসমূহ।

জটায়ুঃ(স্)— বি, পুং; প্রসিদ্ধ পক্ষী।

জটাল— বি-ণ, (জটা—ল) জটাযুক্ত।

জটী — (জট + ইনি) জটাযুক্ত।
জটিঃ — বি, স্ত্রী; সংঘাত, সমুচ্চয়।

জটিল— বি-ণ, (জটা—ইল) জটাধারী। দুর্ব্বোধ।

জটুলঃ— বি, পুং; (জট্ + উলচ্) শরীরস্থ চিহ্ন বিং।

জঠর— বি, পুং; ক্লী; উদর। গর্ভ, জরায়ু।

জঠরাগ্নিঃ— বি, পুং; জঠরস্থিত অগ্নি, যাহা দ্বারা ভুক্তদ্রব্যের পরিপাক হয়।

জড়— বি-ণ, (জল + অচ্) শীতল। মূর্খ। অচেতন। নিস্তেজ। অপটু। নিস্পন্দ। মোহ-প্রাপ্ত। মুক। ক্লী ; জল।

জড়তা— বি, স্ত্রী; (জড + তল্ + টাপ্) মূর্খতা। অস্পষ্টতা। অপটুতা। স্ফূর্ত্তিনা থাকা।

জড়পিণ্ড— বি, পুং; ক্লী; স্থূল জড়পদার্থ।

জড়িত— বি-ণ, বেষ্টিত। ব্যাপ্ত।

জতু— বি, ক্লী; (জন + কর্ত্তৃ—উ) লাক্ষা। অলক্ত।

জতুকম্— বি, ক্লী; হিঙ্গু। স্ত্রী-জতুকা-চামচিকা।

জত্রু— বি, ক্লী; কণ্ঠের উভয়পার্শ্বস্থ অস্থিদ্বয়।

জনঃ— বি, পুং; (জন + কর্ত্তৃ—অন্) লোক। সপ্তস্বর্গের অন্তর্গত স্বর্গ বিং।

জনকঃ— বি, পুং; (জন + ণিচ্ + র্ত্তৃ—ণক) পিতা। মিথিলারাজ। বি-ণ; উৎপাদক।

জনকসুতা— বি, স্ত্রী; সীতা।

জনঙ্গমঃ— বি, পুং; (জন্ + গম্ + খচ্) চণ্ডাল।

জনতা— বি, স্ত্রী; (জন + তল্ + টাপ্) জনসমূহ।

জনন— বি-ণ, (জন—ণিচ্ + অন) উৎপাদক। ক্লী; (জন—ভাবে—ল্যুট্) উৎপত্তি।

জননিঃ— বি, স্ত্রী; (জন + ভাবে—অনি) উৎপত্তি। গন্ধদ্রব্য বিং।

জননী— বি, স্ত্রী; (জন + অধি—অনট্ + ঈপ্) মাতা।

জনপদঃ— বি, পুং; লোকলয়।

জনমেজয়ঃ — (জন্ম—এজ—ণিচ্ + খশ্)
জন্মেঞ্জয়ঃ — (জন্ম—এজ—ণিচ্—খশ্) বি, পুং; পরীক্ষিতের পুত্র।

জনয়িতা(তৃ)— বি, পুং; (জন—ণিচ্ + তৃন্) পিতা। স্ত্রী; ত্রী—মাতা। বি-ণ; উৎপাদক।

জনরবঃ — বি, পুং
জনশ্রুতিঃ — বি, স্ত্রী; লোকে যাহা বলে, কিংবদন্তী।

জনস্থানম্— বি, ক্লী; দণ্ডকারণ্যমধ্যস্থ স্থান বিং। লোকালয়।

জনাতিগ— বি-ণ, (জন—অতি—গম + ড) লোকাতীত, অলৌকিক।

জনান্তিকম্— বি, ক্লী; অন্য কেহ বুঝিতে না পারে এই ভাবে পরস্পরের কথোপকথন।

জনাপবাদঃ— বি, পুং; লোকনিন্দা।

জনার্দ্দনঃ— বি, পুং; (জন—অসুর বিং—অর্দ্দ + ল্যু) বিষ্ণু।

জনাশ্রয়ঃ— বি, পুং; কোন কার্য্যের জন্য কিছুদিনের নিমিত্ত নির্মিত গৃহ। লোকালয়।

জনিঃ
জনী — বি, স্ত্রী; উৎপত্তি। মাতা। জায়া। পুত্রবধূ।

জনিত— বি-ণ, (জন—ণিচ্ + ক্ত) যহা উৎপন্ন করা হইয়াছে উৎপাদিত।

জনিতৃ— (জন + তৃচ্) পিতা। স্ত্রী, জনিত্রী-মাতা।

জনু
জনুঃ(স্) — বি, ক্লী; উৎপত্তি, জন্ম।

জন্তুঃ— বি, পুং; (জন—কর্ত্তৃ—তুন্) প্রাণী, জীব।

জন্তুফলঃ— বি, পুং; উদুম্বর বৃক্ষ।

জন্ম(ন্)— বি, ক্লী; (জন—ভাবে—মন্) উৎপত্তি।

জন্মান্তরম্— বি, ক্লী; অন্যজন্ম।

জন্মান্তরীণ— বি-ণ, (জন্মান্তর—ীন) যাহা অন্যজন্মে ঘটে, জন্মান্তর সম্বন্ধীয়।

জন্মান্ধ— বি-ণ, জন্মকাল হইতে যে দৃষ্টিহীন।

জন্মাবচ্ছিন্ন— বি-ণ, যাবজ্জীবন সময়।

জন্মাষ্টমী— বি, স্ত্রী; ভাদ্রের কৃষ্ণাষ্টমী তিথি।

জন্মী(ন্মিন্)— প্রাণী।

জন্য— বি-ণ; (জন—কর্ত্তৃ—ণ্যৎ) যে জন্মায়, জায়মান। বি, পুং; (জন—ঞ) বরের বয়স্য। ক্লী. জনন, যুদ্ধ, হাট।

জন্যা— বি, স্ত্রী; মাতৃসখী।

জন্যুঃ— বি. পুং (জন - যুচ্) প্রাণী, অগ্নি, বিধাতা।

জপঃ — (জপ—ভাবে—অল্)
জাপঃ — (জপ—ভাবে—ঘঞ্) বি, পুং; মন্ত্রাদির যথাবিধি পুনঃ পুনঃ উচ্চারণ।

জপা— বি. স্ত্রী (জপ্ - টাপ্) জবা বৃক্ষ ও পুষ্প।

জপ্য— বিণ, (জপ্ + যৎ) জপনীয়।

জমজঃ— যমজ।

জমদগ্নিঃ— বি, পুং; পরশুরামের পিতা।

জমনম্— বি. ক্লী. (জম্ - ল্যুট্) ভোজন।

জম্পতী— বি, পুং; দ্বি (জায়া + পতি) স্ত্রী-পুরুষ। দম্পতী।

জম্বালঃ— বি, পুং; (জম্ — বল + ষণ) কর্দ্দম। শৈবাল।

জম্বালিনী— বি, স্ত্রী; (জম্বাল + ইনি + ঙীপ) নদী।

জম্বীরঃ— বি, পুং; (জম + ঈরন) লেবুগাছ। ক্লী; লেবু।

জম্বুঃ/জম্বূ— বি, পুং; (জম + কূ) জামগাছ। স্ত্রী, ক্লী; জাম।

জম্বুকঃ— বি, পুং; (জম + উক) শৃগাল। বরুণ। নীচব্যক্তি।

জম্বুদ্বীপঃ— বি, পুং; ভারতবর্ষ। নীল পর্ব্বতের দক্ষিণ ও নিষধের উত্তর ভাগে সুদর্শন নামে এক সনাতন জম্বুবৃক্ষ আছে, তজ্জন্য এই নাম হইয়াছে।

জম্ভঃ— বি, পুং; (জম্ভ + অচ্) দৈত্য বিং, মহিষাসুরের পিতা। ইন্দ্র ইহাকে বধ করেন।

জম্ভনম্— বি, ক্লী; (জন্ভ + ল্যুট) রমণ।

জম্ভভেদী(দিন্)— বি, পুং; (জম্ভ-ভিদ্ + ণিনি) ইন্দ্র।

জম্ভর(ল)ঃ— বি, পুং; (জম্ভ + রা ক) জম্বীর বা লেবুগাছ।

জম্ভারাতিঃ— বি, পুং; ইন্দ্র।

জম্ভলা— বি, স্ত্রী; রাক্ষসী বিং।

জয়ঃ— বি, পুং; (জি + অচ্) শত্রুপরাভব; বশীকরণ। (কর্ত্তৃ—অন্) বিষ্ণুর পার্শ্বচর। বিরাট ভবনস্থি যুধিষ্ঠির।

জয়ঢক্কা— বি, স্ত্রী; জয়ঢাক।

জয়দ্রথঃ— বি, পুং; দুর্য্যোধনের ভগিনীপতি, সিন্ধুরাজ।

জয়নম্—বি, ক্লী; (জি + ল্যুট্) বিজয়। বশীকরণ।

জয়ন্তঃ—বি, পুং; (জি + অন্ত) ইন্দ্রের পুত্র। বিরাট ভবনস্থ ভীম। চন্দ্র। শিব। গ্রাম বিং, যে স্থানে শকুনির সহিত যুধিষ্ঠিরের পাশা খেলা হয়।

জয়ন্তিকা—বি, স্ত্রী; হরিদ্রা।

জয়ন্তী—বি, স্ত্রী; দুর্গা। পতাকা।

জয়পত্রম্—বি, ক্লী; জয়সূচক পত্র।

জয়পালঃ—বি, পুং; বৃক্ষ বিশেষ।

জয়লক্ষ্মীঃ, জয়শ্রী—বি, স্ত্রী; জয়লাভজনিত শোভা। জয়ের অধিষ্ঠাত্রী দেবতা।

জয়া—বি, স্ত্রী; (জি + অঙ + টাপ্) হরীতকী। পার্ব্বতী। পার্ব্বতীর সহচরী। ভাঙ।

জয়ী (য়িন্)—বিণ; যে জয়লাভ করে।

জয্য—বি-ণ (জি—কর্ম্ম—য) যাহাকে জয় করিতে পারা যায়।

জরঠ—বি-ণ (জৃ—কর্তৃ—অঠ) জীর্ণ। কর্কশ। কঠিন। বৃদ্ধ। পাণ্ডুবর্ণ।

জরণ—বি-ণ (জৃ—কর্তৃ—ল্যু) বৃদ্ধ। জীর্ণ। পুং—জীরক।

জরৎ—ত্রি (জৃ + অতৃ) জীর্ণ। বৃদ্ধ।

জরৎকারুঃ—বি, পুং, মুনিবিশেষ। মনসাদেবীর স্বামী। স্ত্রী. মনসাদেবী।

জরদ্গবঃ—পুং; (জরৎ—গো + টচ্) বৃদ্ধ বৃষ।

জরন্ত—ত্রি (জৃ + অচ্) পুং-মহিষ। জীর্ণ, বৃদ্ধ।

জরা—বি, স্ত্রী (জৃ—অঙ্—টাপ্) বার্দ্ধক্য। জীর্ণতা। (কর্তৃ—অন্) রাক্ষসী বিং।

জরায়ুঃ—বি, পুং (জরা—ই—কর্তৃ—এুণ্) গর্ভবেষ্টন চর্ম্ম। নির্মোক।

জরায়ুজ—বি-ণ (জরায়ু—জন্—কর্তৃ—ড) জরায়ু হইতে জাত, গো, মনুষ্য প্রভৃতি।

জরাসন্ধঃ—বি, পুং; (জরা—সন্ধা) মগধদেশীয় নৃপতি বিং।

জরূথন্—বি, ক্লী; (জৃ + উথন) মাংস।

জর্জর—বিণ (জর্জ—কর্তৃ—অরণ্) জীর্ণ। বিশীর্ণ। ছিন্নভিন্ন।

জর্জরিত—বি-ণ; যাহাকে জর্জর করা হইয়াছে।

জলম্—বি, ক্লী (জল—কর্তৃ—অচ) পানীয়, বারি। বি-ণ; জড়, শীতল।

জলকন্টকম্—বি, পুং, কুম্ভীর, পাণিফল।

জলকাকঃ—বি, পুং; পানকৌড়ি।

জলকুন্তলঃ—বি, পুং; শৈবাল।

জলচর—বি-ণ (জল—চর—কর্তৃ—টক্) যাহারা জলে বাস করে, জলজন্তু। স্ত্রী; রী।

জলজম্—বি, ক্লী (জল—জন্—কর্তৃ—ড) পদ্ম। পুং, ক্লী; শঙ্খ। বি-ণ; জলজাত।

জলদঃ—বি, পুং (জল—দা—কর্তৃ—ড) মেঘ। বি-ণ; জলদাতা।

জলদাগমঃ—বি, পুং; বর্ষাকাল।

জলধরঃ—বি, পুং; (জল-ধৃ-অচ্) মেঘ। সমুদ্র। বি-ণ; যে জল ধারণ করে।

জলধিঃ—বি, পুং (জল—ধা—কি) সমুদ্র।

জলনালী—বি, স্ত্রী; নর্দ্দমা।

জলনিধিঃ—বি, পুং; সমুদ্র।

জলনীলী—বি, স্ত্রী; শৈবাল।

জলপ্রপাতঃ—বি, পুং; ঝরণা, নির্ঝর।

জলপ্রায়ম্—বি, ক্লী; জলময়দেশ।

জলপ্লাবনম্—বি, ক্লী; জলে দেশ মগ্ন হওয়া, বন্যা।

জলবুদ্বুদম্—বি, ক্লী; জলবিম্ব।

জলমুক্ (চ্)—বি, পুং (জল—মুচ্—কর্তৃ—ক্বিপ্) মেঘ।

জলমার্জারঃ—বি, পুং; উদ্বিড়াল।

জলযন্ত্রম্—বি, ক্লী; ফোয়ারা, ধারাযন্ত্র।

জলরুহম্—বি, ক্লী; পদ্ম। বি-ণ; জলজাত।

জলবিষুবম্—বি, ক্লী; কার্ত্তিক মাসের সংক্রান্তি।

জলব্যালঃ—বি, পুং; জলঢোঁরা সাপ।

জলস্তম্ভঃ—বি, পুং; স্তম্ভাকারে পতিত বা উত্থিত জলরাশি।

জলশায়ীন(য়িন্)—বি, পুং (জল—শী + ণিনি) নারায়ণ।

জলশুক্তিঃ—বি, স্ত্রী, শামুক।

জলশুকম্—বি, ক্লী, শৈবাল।

জলসর্পিনী—বি, স্ত্রী (জল—সৃপ্ + ণিনি + ঙীপ্) জলৌকা (জোঁক)।

জলহস্তী (স্তিন্)—বি, পুং; জলজন্তু বিং।

জলহাসঃ—বি, পুং, ফেন।

জলাঞ্চলম্—বি, ক্লী, শৈবাল।

জলাঞ্জলিঃ—বি, পুং; অঞ্জলি পরিমিত জল।

জলার্দ্রা—বি, স্ত্রী; ভিজাপাখা, জলসিক্ত ব্যজন।

জলাধারঃ—বি, পুং; জলাশয়, জলপাত্র।

জলাধিপঃ/জলাধিপতিঃ—বি, পুং, বরুণ।

জলাবর্ত্তঃ—বি, পুং; ঘূর্ণিজল, জলভ্রম।

জলাশয়ঃ—বি, পুং; জলের আধার, নদী পুষ্করিণী প্রভৃতি।

জলেন্ধনঃ—বি, পুং, বাড়বানল। বিদ্যুৎ।

জলোচ্ছ্বাসঃ—বি, পুং; প্রবল বেগে জল স্ফীত হওয়া, জোয়ার পরীবাহন।

জলোদরী—বি, স্ত্রী; রোগ বিং।

জলাকা, জলালুকা, জলিকা, জলুকা, জলূকা—জোঁক।

জলৌকাঃ (কস্)—বি, পুং, স্ত্রী (জল—ওকস্) জোঁক।

জল্পঃ—পুং (জল্প + ঘঞ্)
জল্পনম্—বি, ক্লী (জল্প + ল্যুট্)
জল্পনা—বি, স্ত্রী (জল্প—অন + আপ্) কথন। অধিক কথা বলা; বাচালতা।

জল্পাক—বি-ণ (জল্প + ষাক) যে অধিক কথা বলে, বাচাল। স্ত্রী; কী।

জল্পিত—বি-ণ (জল্প + ক্ত) কথিত।

জবঃ—বি, পুং (জু—ভাবে—অল্) বেগ।

জবনঃ—বি, পুং (জু—কর্তৃ—ল্যুট্) বেগবান্ অশ্ব। জাতি বিং। ক্লী- বেগ।

জবনিকা, জবনী—বি, স্ত্রী; পরদা। জবন স্ত্রী।

জবস—বি, পুং, ক্লী (জু—কর্তৃ—অসচ্) তৃণ।

জবা—বি, স্ত্রী (জু + অচ্ + আপ্) প্রসিদ্ধ পুষ্প ও বৃক্ষ।

জহ্নুঃ—বি, পুং (হা—কর্তৃ—নু) রাজর্ষি বিশেষ, যিনি গঙ্গা পান করিয়াছিলেন।

জহ্নুকন্যা—বি, স্ত্রী; গঙ্গানদী।

জহ্নুসপ্তমী—স্ত্রী; বৈশাখের শুক্লা সপ্তমী।

জাগরণম্—বি, ক্লী (জাগৃ—ভাবে—ল্যুট্) অনিদ্রা, নিদ্রাভঙ্গ। সাবধানতা।

জাগরিত—বি-ণ (জাগৃ + ক্ত) যাহার নিদ্রাভঙ্গ হইয়াছে, বিনিদ্র।

জাগৃবিঃ—বি, পুং, (জাগৃ + ক্বিন) অগ্নি। স্ত্রী, জাগরণশীল।

জাঘনী—বি, পুং (জঘন + অণ্ + ঙীপ) লাঙ্গুল। উরু।

জাঙ্গলঃ—বি, পুং (জঙ্গল + অণ্) পক্ষিবিশেষ, দেশবিশেষ।

জাঙ্গুলম্—বি, ক্লী, (গম্ + যঙ্ + ভুল) বিষ।

জাঙ্গুলিকঃ—বি, পুং (জাঙ্গুলি + ঠঞ্) বিষবৈদ্য।

জাঙ্গুলী—বি, স্ত্রী (জাঙ্গুল + অণ্ + ঙীপ্) বিষবিদ্যা।

জাঙ্ঘিক—বিণ, (জঙ্ঘা + ঠঞ্) ধাবক। বি, পুং, উষ্ট্র।

জাজ্বল্যমান—(জ্বল্—যঙ্ + শানচ্) অতিশয় উজ্জ্বল। দেদীপ্যমান।

জাড্যম্—বি, ক্লী (জড় + ষ্যঞ্) জড়তা। মুর্খতা। স্তম্ভীভাব। আলস্য।

জাত—বি-ণ (জন + ক্ত) উৎপন্ন। (ভাবে—ক্ত) উৎপত্তি। সমূহ।

জাতক—ক্লী, (জাত + অণ্ + কন) জাতশিশুর শুভাশুভনির্নীয়ক গ্রন্থ। পুং, সদ্যোজাত শিশু।

জাতকর্ম্ম (র্ম্মন্)—বি-ক্লী; সন্তানের জন্মকালে কর্ত্তব্য সংস্কার বিং।

জাতরূপম্—বি, ক্লী; সুবর্ণ।

জাতবেদাঃ (দস্)—বি, পুং (জাত—বিদ + অসুন্) যে জাত প্রার্থীকে জঠরানল রূপে প্রাপ্ত হয়। অগ্নি।

জাতিঃ—বি, স্ত্রী (জন + ক্তি) জন্ম। প্রকার, শ্রেণী। বংশ, ব্রাহ্মণাদি বর্ণ। একজাতীয় যাবতীয় পদার্থের অসাধারণ ধর্ম্ম, গোত্ব, মনুষ্যত্ব প্রভৃতি। মালতী পুষ্প।

জাতিফলম্—বি, ক্লী; জায়ফল।

জাতিস্মর—বি-ণ; যে পূর্ব্বজন্মবৃত্তান্ত জানে।

জাতিব্রাহ্মণঃ—পুং; তপঃস্বাধ্যায়রহিত ব্রাহ্মণ।

জাতী—বি, স্ত্রী; মালতীপুষ্প।

জাতীয়—বি-ণ (জাতি—ীয়) জাতিসংক্রান্ত।

জাতু—অব্য; কদাচিৎ। সম্ভাবনা। নিন্দা। নিষেধ।

জাতুকর্ণঃ—মুনিবিশেষ।

জাতকর্ণী পুত্রঃ—পুং; ভবভূতি।

জাতুধানঃ—বি, পুং; রাক্ষস।

জাতুষ—বি-ণ (জতু + অণ্ [+ সুক])

জাতেষ্টিঃ—বি, স্ত্রী (জাত + ইষ্টি) বালকের জাতকর্ম্ম।

জাত্যন্ধ—বি-ণ; জন্মান্ধ।

জানকী—বি, স্ত্রী (জনক + ষ্ণ + ঈপ্) জনকরাজের কন্যা, সীতা।

জানপদ—বি-ণ (জনপদ—ষ্ণ) জনপদ হইতে আগত। জনপদবাসী।

জানুঃ—বি, পুং, ক্লী (জন + এুণ্) হাঁটু, উরুসন্ধি।

জাপঃ—পুং (জপ + ঘঞ্) জপ

জাপক—বি-ণ (জপ—কর্ত্তৃ—ণক) জপকারী।

জাবালঃ—বি, পুং, সত্যকাম ঋষি।

জামদগ্ন্যম্—বি, পুং; (জমদগ্নি—ষ্ণ্য) পরশুরাম।

জামাতা (তৃ)—বি, পুং; (জায়া—মা + তৃচ্) জামাই।

জামিঃ—স্ত্রী, (জম্ + ইন্) ভগিনী। দুহিতা। কুলস্ত্রী।

জামিত্রম্—ক্লী, লগ্নের সপ্তম স্থান।

জামেয়ঃ—বি. পুং (জামি - ঢঞ্) ভাগিনেয়।

জাম্ববম্—বি, ক্লী; (জম্বু + অণ্) জাম। স্বর্ণ।

জাম্ববান্ (বৎ)—বি, পুং (জাম্ব—মতুপ্) ভল্লুকরাজ। স্ত্রী; তী কৃষ্ণের পত্নী।

জাম্বুনদম্—বি, ক্লী (জম্বুনদী—ষ্ণ) সুবর্ণ।

জায়ক—ক্লী, (জি + ণ্বুল) পীতবর্ণ সুগন্ধ কাষ্ঠ।

জায়মান—বি-ণ (জন + শানচ্) যে জন্মিতেছে।

জায়া—বি, স্ত্রী (জন + য + আপ্) পত্নী।

জায়ানুজীবী/জায়াজীবঃ—বি, পুং (জায়া—আজীব) বেশ্যা পতি।

জায়াপতী—বি, পুং, দ্বি; স্ত্রীপুরুষ। দম্পতী।

জায়ুঃ—পুং (জি + উণ্) ঔষধ। ত্রি, জয়শীল।

জারঃ—বি, পুং (জৃ + ঘঞ্) উপপতি।

জারক—বি-ণ (জৃ—কর্ত্তৃ—ণক) জীর্ণকারক।

জারজ—বি-ণ ; উপপতিজাত সন্তান।

জারণম্—বি, ক্লী (জৃ + ণিচ্ + ল্যুট্) জীর্ণকরা।

জালম্—বি, ক্লী (জল—কর্ত্তৃ—ণ) মৎস্যাদি ধরিবার যন্ত্র ফাঁদ। গবাক্ষ, জানালা। সমূহ। দম্ভ। কপট। ইন্দ্রজাল। প্রতারণা। বিণ; কৃত্রিম।

জালকম্—বি, ক্লী (জাল—কণ্) অস্ফুট পুষ্প, কলিকা। সমূহ। গবাক্ষ। ভূষণ বিং, সিঁথি। জাল। কুলায়।

জালকারকঃ—বি, পুং, মাকড়সা।

জালপাৎ (দ)—বি, পুং; যাহার পায়ের অঙ্গুলি চর্ম্ম দ্বারা পরস্পর যোজিত, হংস প্রভৃতি।

জালিকা—বি-ণ (জাল + ষ্ঠিক্) ব্যাধ। মাকড়সা। জেলে, ধীবর। মর্কট। জালকারী, প্রতারক। স্ত্রী; লিকা—মুখাবরণ বস্ত্র বিং। বিধবা। জোঁক।

জাল্ম—বি-ণ (জল—কর্ত্তৃ—মক্) নীচ। মূর্খ। ক্রূর। জড়।

জাহ্নবী—বি, স্ত্রী (জহ্নু + ষ্ণ + ঈপ্) গঙ্গা।

জিগমিষা—স্ত্রী; (গম্ + সন্ + অ + টাপ্) যাইবার ইচ্ছা।

জিগীষা—বি, স্ত্রী, (জি + সন্ + ভাবে—অ—আপ্) জয় করিবার ইচ্ছা।

জিগীষু—বি-ণ (জি + সন্ + কর্ত্তৃ—উ) যে জয় করিতে ইচ্ছুক।

জিঘৎসা—স্ত্রী (অদ্ + সন্ + অ + টাপ্) ভোজনেচ্ছা।

জিঘৎসু—বি-ণ (অদ + সন্ + কর্ত্তৃ—উ) ভোজনেচ্ছু। বুভুক্ষু।

জিঘাংসা—বি-ণ (হন + সন্ + ভাবে—অ)—আপ্) বধ করিবার ইচ্ছা।

জিঘাংসু—বি-ণ (হন + সন্ + কর্ত্তৃ—উ) করিতে ইচ্ছু।

জিঘৃক্ষা—বি, স্ত্রী (গ্রহ—সন্—ভাবে—অ—আপ্) গ্রহণ করিবার ইচ্ছা।

জিঘৃক্ষু—বিণ (গ্রহ্ + সন্ + উ) গ্রহণেচ্ছু।

জিঘ্র—বিণ. (ঘ্রা - শ) গন্ধগ্রহণকারী।

জিজ্ঞাসমান—বিণ, (জ্ঞা + সন্ + শানচ্) জানিতে ইচ্ছুক।

জিজীবিষা—বি, স্ত্রী (জীব—সন্—ভাবে—অ—আপ্) বাঁচিবার ইচ্ছা।

জিজ্ঞাসা—বি, স্ত্রী (জ্ঞা—সন্—ভাবে—অ—আপ্) জানিবার ইচ্ছা।

জিজ্ঞাসু—বি-ণ (জিজ্ঞাস—কর্ত্তৃ—উ) জানিতে ইচ্ছুক।

জিজ্ঞাস্য—বি-ণ (জিজ্ঞাসা—কর্ম্ম—য) জিজ্ঞাসার যোগ্য।

জিত—বি-ণ (জি—কর্ম্ম—ক্ত) যাহাকে পরাজয় করা হইয়াছে, পরাভূত। বশীকৃত। জয়লব্ধ।

জিতকাশী—বিণ (জিত + কাশ + ণিনি) জয়যুক্ত। জয়োদ্ধত।

জিতাত্মা (ত্মন্)—বি ণ; জিতেন্দ্রিয়।

জিতিঃ—বি. স্ত্রী (জি - ক্তিন্) বিজয়, দিগ্বিজয়।

জিতেন্দ্রিয়—বি-ণ; যে ইন্দ্রিয়গণকে বশে রাখিয়াছে, বশী।

জিত্য—বিণ, (জি + ক্যপ্) জেয়। স্ত্রী-জিত্যা-লাঙ্গলফলা।

জিত্বর—বি-ণ (জি—কর্ত্তৃ—ক্বরপ্) জয়শীল। স্ত্রী; রী।

জিনঃ—বি, পুং (জি—কর্ত্তৃ—নক্) বুদ্ধ। বিষ্ণু।

জিবাজিবঃ—বি. পুং চকোরপক্ষী।

জিষ্ণুঃ—বি, পুং (জি—কর্ত্তৃ—ষ্ণুক্) অর্জ্জুন। ইন্দ্র। সূর্য্য। বিষ্ণু। বি-ণ; জয়শীল।

জিহীর্ষা—বি, স্ত্রী (হৃ—সন্—অ—আপ্) হরণেচ্ছা।

জিহীর্ষু—বিণ. (হৃ - সন্ - উ) হরণেচ্ছুক।

জিহ্ম—বি-ণ; (হা + মন্) বক্র। কুটিল। কপট। খল। মন্দ। অপ্রসন্ন।

জিহ্মগ—বিণ (জিহ্মী + গম + ড) বক্রগামী। পুং-সর্প।

জিহ্মিত—বি-ণ (জিহ্ম + ণিচ্—ক্ত) ঘূর্ণিত। বক্রীকৃত। নমিত।

জিহ্বা—বি, স্ত্রী (লিহ্—করণ—কন্—আপ্) জিভ, রসনা।

জীন—বি-ণ (জ্যা—কর্ত্তৃ—ক্ত) জীর্ণ, বৃদ্ধ।

জীমূতঃ—বি, পুং (জী—জল + মূত—বদ্ধ যাহাতে) মেঘ।

জীমূতবাহনঃ—বি, পুং; ইন্দ্র। দায়ভাগ নামক গ্রন্থের প্রণেতা।

জীরঃ/জীরকঃ—বি, পুং; (জ্যা + রক্) জীরা।

জীর্ণ—বি-ণ (জ—কর্ত্তৃ—ক্ত) বৃদ্ধ। পুরাতন। যাহার পরিপাক হইয়াছে।

জীর্ণোদ্ধারঃ—বি, পুং; মেরামত, সংস্করণ।

জীবঃ—বি, পুং ; দেহাবস্থিত আত্মা, বৃহস্পতি, প্রাণী, প্রাণ।

জীবক—বিণ (জীব + ণিচ্ + ণ্বুল) সেবক। সুদজীবী পুং অহিতুণ্ডিক। ক্ষপণক।

জীবজীবঃ/জীবঞ্জীবঃ—বি, পুং (জীব—জীব—ণিচ্—কর্ত্তৃ—খশ্) চকোর।

জীবৎ—বিণ (মূলশব্দ) যে বাঁচিয়া থাকে।
জীবদ্দশা—বি, স্ত্রী ; জীবিত অবস্থা।
জীবন—বি, ক্লী (জীব + ল্যুট্) প্রাণধারণ। জল। পুং ; বায়ু। পুত্র।
জীবনীশক্তিঃ—বি, স্ত্রী ; যে শক্তি দ্বারা জীবগণ জীবিত থাকে।
জীবন্ত—বি-ণ; যে জীবিত আছে।
জীবন্তিকা—বি, স্ত্রী ; পরগাছা, বৃক্ষোপরিজাত বৃক্ষ।
জীবন্মুক্ত—বি-ণ (জীবৎ—মৃত) জীবিত অবস্থায় মৃতকল্প।
জীবলোকঃ—বি, পুং ; সংসার।
জীবা—বি, স্ত্রী (জীব + অচ্ + টাপ্) ধনুকের গুণ। ভূমি, জীবিকা, শিঞ্জিত।
জীবাতু—বি, পুং ; ক্লী (জীব—ভাবে আতু) জীবন (করণ—আতু)জীবনৌষধ।
জীবাধারঃ—বি. পুং, দেহ, হৃদয়।
জীবাত্মা(ত্মন্)—বি, পুং ; দেহের অধিষ্ঠাতা চেতনপদার্থ।
জীবিকা—বি, স্ত্রী (জীব—কন্—আপ্) জীবনোপায়।
জীবিত—বি-ণ যে বাঁচিয়া আছে। বি, ক্লী জীবন।
জীবিতেশঃ—বি, পুং ; গম। চন্দ্র। সূর্য বি-ণ; প্রাণেশ্বর।
জীবী—(বিন্) বি-ণ (জীব—ণিন্) যে বাঁচিয়া থাকে।
জুগুপ্সা—বি, স্ত্রী (গুপ—সন্—অ—আপ্) নিন্দা। ঘৃণা।
জুগুপ্সিত—বি-ণ (গুপ—সন্—কর্ম্ম—ক্ত) নিন্দিত। ঘৃণিত।
জুটিকা—বি, স্ত্রী (জুট—কর্ত্তৃ—ণক—আপ্) চুলের ঝুঁটি।
জুষ্ট—বি-ণ (জুব—কর্ম্ম—ক্ত) সেবিত, উপাসিত। অধিষ্ঠিত। পূজিত। উপকৃত।
জুহূঃ—বি, স্ত্রী (হু—করণ—ক্বিপ্) যজ্ঞপাত্র বিং।
জুটঃ—বি, পুং ; সমূহ। জটা। ঝুঁটি। বন্ধন।
জুষঃ—বি, পুং ; কাথ ঝোল।
জৃম্ভক—বি-ণ (জৃন্ভ—কর্ত্তৃ—ণক্) যে হাইতোলে। প্রকাশক। নিদ্রাকারক।
জৃম্ভঃ, জৃম্ভা } —বি, পুং, স্ত্রী (জৃন্ভ—অল)
জৃম্ভণম্ } —বি, ক্লী (জৃন্ভ—ল্যুট্) হাই-তোলা, মুখবিকাশ। পুষ্পাদির বিকাশ, স্ফুটন।
জৃম্ভকাস্ত্রম্—বি, ক্লী ; শত্রুনিদ্রাকারক অস্ত্র বিং।
জৃম্ভিত—বি,-ণ (জৃন্ভ—ক্ত) স্ফুটিত, প্রকাশিত।
জেতা(তৃ)—বি-ণ (জি—কর্ত্তৃ—তৃন্) জয়কারী।
জেন্তাকঃ—বি, পুং, উষ্ণগৃহ, শুষ্ক উষ্ণ স্নান।
জেমনম্—ক্লী, (জিম্ + ল্যুট) ভক্ষণ।
জেয়—বি-ণ (জি—কর্ম্ম—যৎ) জয়ের যোগ্য।
জৈনঃ—বি, পুং (জিন—ষ্ণ) জৈন সন্ন্যাসী।
জৈমিনিঃ—বি, পুং ; মীমাংসাদর্শন প্রণেতা মুনি বিং।
জৈবাতৃকঃ—বি, পুং (জীব + ণিচ্ + আতৃ + কন্) চন্দ্র। পুত্র। ঔষধি। কর্পূর। বি-ণ, দীর্ঘজীবী।
জোষঃ—বি, পুং (জুষ—অল্) সন্তোষ।
জোষম্—অব্য, চুপ করিয়া থাকা, তূষ্ণীম্ভাব। সুখ। সম্যক্। প্রশংসা।
জোষা } —বি, স্ত্রী ; (জুষ + ইতি) নারী।
জোষিৎ }
জ্ঞঃ—বি, পুং (জ্ঞা—কর্ত্তৃ—ক) পণ্ডিত।
জ্ঞপ্তিঃ—বি, স্ত্রী (জ্ঞপ্—ভাবে—ক্তি) জ্ঞান।
জ্ঞাত—বি, (জ্ঞা—কর্ত্তৃ—ক্ত) বিদিত।
জ্ঞাতিঃ—বি, পুং (জ্ঞা—কর্ত্তৃ—ক্তিন্) সপিণ্ড। সগোত্র।
জ্ঞাতা(তৃ)—বি-ণ (জ্ঞা—কর্ত্তৃ—তৃন্) বোদ্ধা।
জ্ঞাতেয়ম্—বি, ক্লী (জ্ঞাতি—ষ্ণেয়) জ্ঞাতির ধর্ম্ম বা ব্যবহার।
জ্ঞানম্—বি, ক্লী (জ্ঞা—ভাবে—ল্যুট্) বোধ।
জ্ঞানতঃ—অব্য ; জ্ঞানপূর্ব্বক।

জ্ঞানযোগঃ—বি, পুং ; ব্রহ্মপ্রাপ্তির উপায় বিং। জ্ঞানবিষয়ক যোগ।
জ্ঞানলক্ষণা—বি, স্ত্রী ; ন্যায়দর্শনে জ্ঞানজনক অলৌকিক সন্নিকর্ষ বিং।
জ্ঞানবান্(বৎ)—বি-ণ (জ্ঞান—মতুপ্) যাহার জ্ঞান আছে, জ্ঞানী। স্ত্রী ; তী।
জ্ঞানবাপী—বি, স্ত্রী ; কাশীস্থ কূপ বিং।
জ্ঞানসাধনম্—বি, ক্লী ; ইন্দ্রিয়।
জ্ঞানাপন্ন—বি-ণ ; জ্ঞানবান্।
জ্ঞানাপোহঃ—বি, পুং (জ্ঞান—অপোহ) জ্ঞান-লোপ। বিস্মরণ।
জ্ঞানাভ্যাসঃ—বি, পুং। জ্ঞেয় বিষয়ের চিন্তন কথন প্রবোধনাদি।
জ্ঞানী(নিন্)—বি-ণ (জ্ঞান—ইন্) জ্ঞানবান্।
জ্ঞানেন্দ্রিয়ম্—বি, ক্লী ; যে ইন্দ্রিয় দ্বারা জ্ঞান জন্মে—চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহবা, ত্বক্ ও মনঃ।
জ্ঞাপক—বি-ণ (জ্ঞা—ণিচ্ + ণক) যে জানায়।
জ্ঞাপিত—বি,-ণ (জ্ঞা ণিচ্ —কর্ম্ম—ক্ত) যাহা বা যাহাকে জানান হইয়াছে, আবেদিত।
জ্ঞেয়—বি-ণ (জ্ঞা+কর্ম্ম—যৎ) জানিবার যোগ্য।
জ্যা—বি, স্ত্রী (জ্যা + কর্ত্তৃ + ক্বিপ্) পৃথিবী। ধনুকের ছিলা। মাতা।
জ্যানিঃ—বি, স্ত্রী (জ্যা ভাবে—ক্তি) হানি। জীর্ণতা।
জ্যামিতি—বি, ক্লী (জ্যা—ভূমি + মিতি—পরিমাণ) ক্ষেত্রতত্ত্ব।
জ্যায়ান্(য়স্)—বি-ণ (বৃদ্ধ—ঈয়স্) জ্যেষ্ঠ। অধিকবয়স্ক। শ্রেষ্ঠ। স্ত্রী ; য়সী।
জ্যেষ্ঠ—বি-ণ (বৃদ্ধ/ প্রশস্য + ইষ্ঠন্) অগ্রজ, শ্রেষ্ঠ।
জ্যেষ্ঠতাতঃ—বি, পুং ; পিতার জ্যেষ্ঠ, জ্যেঠা।
জ্যেষ্ঠা—বি, স্ত্রী ; নক্ষত্র বিং। মধ্যমাঙ্গুলি। টিকটিকী।
জ্যেষ্ঠাশ্রমী—বি, পুং; গৃহস্থ।
জ্যৈষ্ঠঃ—বি, পুং ; (জ্যোষ্ঠা - অণ্) মাস বিং।
জ্যৈষ্ঠী—বি, স্ত্রী (জ্যেষ্ঠা—ষ্ণ—ঈপ্) জ্যেষ্ঠা নক্ষত্রযুক্তা পূর্ণিমা।
জ্যৈষ্ঠ্যম্—বি, ক্লী (জ্যেষ্ঠ + ষ্যঞ) জ্যেষ্ঠত্ব।
জ্যোতিঃ(স্)—বি, ক্লী (দ্যুত—কর্ত্তৃ—ইস্) তেজঃ। আলোক, দীপ্তি। গ্রহ-নক্ষত্রাদি। চৈতন্য। শাস্ত্র বিং।
জ্যোতিরিঙ্গঃ—বি, পুং (জ্যোতিস্—ইন্গ—কর্ত্তৃ—অন) জোনাকী পোকা, খদ্যোত।
জ্যোতির্ময়—বি-ণ (জ্যোতিস্—ময়ট্) জ্যোতিতে পূর্ণ। স্ত্রী ; য়ী।
জ্যোতির্বিৎ(দ) } —(জ্যোতিস্—বিদ—ক্বিপ্)
জ্যোতির্বেত্তা(ত্তৃ) } —(জ্যোতিস্—বিদ—কর্ত্তৃ—তৃন্) বি, পুং ; জ্যোতিষশাস্ত্রজ্ঞ।
জ্যোতির্বিদ্যা—বি, স্ত্রী ; যে শাস্ত্রে গ্রহাদির বিবরণ জানা যায়।
জ্যোতিশ্চক্রম্—বি, ক্লী ; রাশিচক্র।
জ্যোতিষম্—বি, ক্লী (জ্যোতিস্—ষ্ণ) জ্যোতিঃশাস্ত্র।
জ্যোতিষিকঃ } —বি, পুং (জ্যোতিষ—ষ্ণিক) জ্যোতিঃশাস্ত্রজ্ঞ।
জ্যৌতিষিকঃ }
জ্যোতিষ্কঃ—বি, পুং (জ্যোতিস্—কণ্) গ্রহনক্ষত্রাদি।
জ্যোতিষ্পদঃ—বি, পুং ; আকাশ।
জ্যোতিষ্মান্(ষ্মৎ)—বি-ণ (জ্যোতিস্—মতুপ্) যাহার জ্যোতি আছে।
জ্যোৎস্না—বি, স্ত্রী (জ্যোতিস্—ন—আপ্) চন্দ্রের আলোক, চন্দ্রিকা।
জ্যোৎস্নী—বি, স্ত্রী (জ্যোৎস্না—ষ্ণ—ঈপ্) চন্দ্রিকাযুক্তরাত্রি।
জ্বরঃ—বি, পুং (জ্বর—কর্ত্তৃ—অন্) রোগ বিশেষ, গাত্র সন্তাপ।
জ্বরঘ্ন } —(জ্বর—হন্—কর্ত্তৃ—টক্)
জ্বরান্তক } —(জ্বর—অন্তক) বি-ণ ; জ্বরনাশক।
জ্বরিত—বি-ণ (জ্বর—ইত) জ্বরযুক্ত।

জ্বলনম্—বি, ক্লী ; (জ্বল + যুচ্)জ্বলিত হওয়া, দীপন। পুং ; অগ্নি।
জ্বলিত—বি-ণ (জ্বল—কর্ত্তৃ—ক্ত) দীপ্ত। দগ্ধ।
জ্বালঃ —বি, পুং (জ্বল্ + ণ)
জ্বালা —বি, স্ত্রী (জল—কর্ত্তৃ—ণ) অগ্নিশিখা।
জ্বালামুখী—বি, স্ত্রী ; তীর্থবিশেষ।
জ্বালাবক্ত্রঃ—বি, পুং ; শিব।
জ্বালিত—বি-ণ (জ্বল—ণিচ—কর্ম্ম—ক্ত) যাহা জালান হইয়াছে।

ঝ

ঝঃ—বি, পুং; (ঝট্ - ড) নবম ব্যঞ্জনবর্ণ। ঝঞ্ঝাবাত। ধ্বনি। দৈত্যরাজ। বৃহস্পতি।
ঝগতি (গিতি)—অব্য, সত্বর, তাড়াতাড়ি।
ঝঙ্কারঃ—বি, পুং ; ভ্রমরাদির শব্দ।
ঝঞ্ঝা—বি, স্ত্রী (ঝম্—ঝট—কর্ত্তৃ—ড—আপ্) ঝড়। বৃষ্টি। ধ্বনি বিং।
ঝঞ্ঝাবাতঃ—বি, পুং ; প্রচণ্ড বায়ু।
ঝটিতি—অব্য; (ঝট্ + ক্বিপ্ + ইণ + ক্তিন্) শীঘ্র, তাড়াতাড়ি।
ঝনৎকারঃ—বি, পুং ; অলঙ্কারাদির ঝন্ ঝন্ শব্দ।
ঝম্পঃ—বি, পুং (ঝম্ + পৎ + ড) ঝাঁপ, লক্ষ।
ঝঞ্ঝানিলঃ/ঝঞ্ঝামারুতঃ—বি, পুং ; প্রচণ্ডবায়ু।
ঝরঃ—বি, পুং (ঝৃ + অচ্) নির্ঝর। সমূহ।
ঝরা/ঝরী—বি. স্ত্রী (ঝৃ - অচ - টাপ্/ঈপ্) ঝর্ণা, নির্ঝর, নদী।
ঝর্ঝরঃ—বি, পুং ; বাদ্যযন্ত্র বিং, ঝাড়া। উচ্চ হইতে জল পতনের শব্দ।
ঝলজ্ঝলা—বি, স্ত্রী; হস্তীর কর্ণাস্ফালন
ঝল্লঃ—বি, পুং ; জাতি বিং।
ঝল্লক—বি, পুং, ক্লী (ঝল্ল + ক) কাংস্যবাদ্য।
ঝল্লরী—বি, স্ত্রী ; বাদ্য বিং।
ঝষঃ—বি, পুং (ঝষ্ + কর্ত্তৃ—অন্) মৎস্য।
ঝষকেতনঃ/ঝষকেতুঃ/ ঝষধ্বজঃ—বি, পুং ; মীনকেতন, কামদেব।
ঝঙ্কৃতম্—বি, ক্লী ; নূপুরাদির ধ্বনি। ঝাঁ ঝাঁ শব্দ।
ঝাটঃ—বি, পুং (ঝট্ + ণিচ্ + অচ্) নিকুঞ্জ, বন।
ঝামকম্—বি, ক্লী (ঝম + ণক) ঝামা।
ঝাবুঃ—বি, পুং ; ঝাউগাছ।
ঝিঙ্গী—বি. ; ঝিঙা।
ঝিঞ্ঝী—বি, স্ত্রী ; ঝিঁ ঝিঁ পোকা।
ঝিন্টী—বি, স্ত্রী ; ঝাঁটী বৃক্ষ।
ঝিল্লিকা/ঝিল্লি—বি, স্ত্রী ; ঝিঁঝিঁ পোকা। তেজঃ ঝাঁঝাঁ। পাতলা চর্ম্ম।
ঝুন্টঃ—বি, পুং; গুল্ম, ঝোপ।

ঞ

ঞঃ—বি, পুং; দশম ব্যঞ্জনবর্ণ। বৃষ। শুক্রাচার্য্য। ঘর্ঘর ধ্বনি। বি-ণ; ক্রূর। স্বধর্ম্মভ্রষ্ট।

ট

টঃ—বি, পুং; ১১শ ব্যঞ্জনবর্ণ। টঙ্কারধ্বনি। শিব। পাদ। বামন। করঙ্ক।
টঙ্কঃ—বি, পুং (টনক্—অল্) প্রস্তর ভেদ করিবার অস্ত্র, টাঙ্গী। খড়্গ। বিদীর্ণ প্রস্তর। খড়্গকোষ। কোপ। পুং, ক্লী ; মুদ্রা, টাকা।
টঙ্কনম্—বি, ক্লী (টন্ক—ভাবে—ল্যুট্) উল্লেখ। বন্ধন।
টঙ্কশালা—বি, স্ত্রী; টাকশাল।
টঙ্কারঃ—বি, পুং ; ধনুকের ছিলার শব্দ। বিস্ময়। প্রসিদ্ধি।
টঙ্কিত—বি-ণ (টন্ক—কর্ম্ম—ক্ত) উল্লিখিত। বদ্ধ।
টঙ্গঃ—বি, পুং, ক্লী ; টাঙ্গী খনিত্র। জঙঘা।
টঙ্গণঃ (ণম্)—বি, পুং, ক্লী, সোহাগা।
টলনম্—বি, ক্লী (টল—ভাবে+ল্যুট) বিচলিত হওয়া, স্খলন। বিহ্বলতা।

টলিত—বি-ণ (টল—কর্ত্তৃ—ক্ত) যে টলিয়াছে।
টহরী—বি, স্ত্রী (টহ্ - রা - ক - ঙীষ) বাদ্যযন্ত্র বিং, পরিহাস, ঠাট্টা।
টিটিভঃ/টিট্টিভঃ—বি, পুং (টিটি + ভণ্ ড) পক্ষিবিশেষ।
টিটিভঃ/টিট্টিভ ঃ—তিতিরপক্ষী, স্ত্রী-ভী।
টিপ্পনী—বি, স্ত্রী(টিপ্—পন—কর্ত্তৃ—অন্—ঈপ্) তাৎপর্য্য ব্যাখ্যা, টীকা।
টীকা—বি, স্ত্রী (টীক—ভাবে—অ—আপ্) সবিস্তর ব্যাখ্যা। বিবৃতি।
টন্টুকঃ—বি, পুং (টুটু - কৈ - ক) ছোট ঘোড়া (টাট্টু ঘোড়া) ক্রূর।

ঠ

ঠঃ—বি, পুং; ১২শ ব্যঞ্জনবর্ণ। মণ্ডল। চন্দ্রবিম্ব। শূন্য। শিব। উচ্চধ্বনি।
ঠক্কুরঃ—বি, পুং ; দেবতার প্রতিমা, ঠাকুর।

ড

ডঃ—বি, পুং; ১৩শ ব্যঞ্জনবর্ণ। শব্দ। শিব। বাড়বাগ্নি।
ডমঃ—বি, পুং (ড - মা - ক) এক মিশ্রজাতি ডোম।
ডমরঃ—বি, পুং (ডম্ + ঋ ভাবে—অল্) দাঙ্গা, মারামারি। আক্রমণ।
ডমরুঃ—বি, পুং ; (ডম - ঋ - কু) বাদ্যযন্ত্র বিং, ডুগডুগি।
ডম্বর—বি, পুং (ডম্ব + অরন্) উৎকর্ষ। আড়ম্বর। বিস্তরসমূহ। বি-ণ ; উদ্ধত। বিখ্যাত।
ডয়নম্—বি, ক্লী (ডী—ভাবে—ল্যুট্) উড়িয়া যাওয়া, নভোগতি। ডুলি, পাল্কী।
ডবিত্থঃ—বি, পুং; কাষ্ঠময় মৃগ।
ডহুঃ—বি, পুং (দহ + উ) মান্দার গাছ।
ডল্লকম্—বি, ক্লী ; ডালা।
ডাকঃ—বি, পুং (ড + অক্ + অচ্) পিশাচ বিশেষ।
ডাকিনী—বি, স্ত্রী ; পিশাচী বিং, ডাইন।
ডাঙ্কৃতিঃ—বি, স্ত্রী (ডাম্ - ক্ - ক্তিন্) ঘণ্টা বাজানর শব্দ।
ডামর—বি-ণ ; ভয়নক তন্ত্রশাস্ত্রবিশেষ।
ডাহূকঃ—বি, পুং (ডা - হ্বে - ডুক) ডাকপক্ষী।
ডিঙ্গরঃ—বি, পুং ; ধূর্ত, বন, সেবক।
ডিণ্ডিমঃ—বি, পুং ; বাদ্যযন্ত্র বিং, ঢোল।
ডিণ্ডিরঃ/ডিণ্ডীরঃ—বি, পুং (ডিণ্ডি - র) সমুদ্র ফেনা।
ডিত্থঃ—বি, পুং, কাষ্ঠময়গজ।
ডিমঃ—বি. পুং (ডিম্ - ক) দৃশ্যকাব্য বিশেষ।
ডিম্বঃ—বি, পুং (ডিন্ব—কর্ত্তৃ—অন্) ডিম, অণ্ড। শিশু। ভয়। বিপ্লব।
ডিম্বাহবঃ—বি, পুং ; সামান্য যুদ্ধ, যে যুদ্ধে রাজা নাই।
ডিম্বিকা—বি, স্ত্রী, (ডিম্ব - ণ্বুল - টান্) কামুকী স্ত্রী।
ডিম্ভ—বি, পুং (ডিনভ্—কর্ত্তৃ—অন্) শিশু। বি-ণ ; মূর্খ।
ডীন—বি-ণ (ডী—কর্ত্তৃ—ক্ত) যে উড়িয়া যায়, উড্ডয়মান।
ডুণ্ডুভঃ—বি, পুং (ডেণ্ডু - ভণ - ড) ঢোঁড়া সাপ।
ডুলিঃ—বি, পুং ছোট ঢোলক।
ডোরম্ —(দোষ্ - রা - ড)
ডোরকম্ —বি, ক্লী ; হস্তাদিতে বন্ধন সূত্র, তাগা প্রভৃতি।
ডোমঃ—বি, পুং ডোম নামক নীচ জাতি।

ঢঃ—বি, পুং; ১৪শ ব্যঞ্জনবর্ণ। ঢক্কা। কুক্কুর। ধ্বনি।

(ঢক্ - কৈ - ক - টাপ্) ঢাক।

ঢক্কা—বি, স্ত্রী (ঢক্ - কৈ - ক - টাপ্) ঢাক।

ঢালম্—বি, ক্লী, যুদ্ধে ব্যবহার্য ঢাল।

ঢালী (লিন্)—বি, পুং (ঢাল - ইনি) ঢালধারী যোদ্ধা।

ঢুণ্ঢনম্—বি, ক্লী (ঢুনঢ়—ল্যুট্) অন্বেষণ।

ঢুণ্ঢিঃ—বি, পুং (ঢুণ্ঢ - ইন) কাশীস্থগণেশ বিং।

ঢোলঃ (ঢৌলঃ)—বি, পুং; বড় ঢোলক, মৃদঙ্গ, বাদ্যযন্ত্র বিশেষ।

ঢৌকনম্—বি, ক্লী (ঢৌক—ল্যুট্) গমন। উৎকোচ।

ণ

ণঃ—বি, পুং; ১৫শ ব্যঞ্জনবর্ণ। নির্ণয়। জ্ঞান। ভূষণ। জলাশয়। বি-ণ; নির্গুণ।

ত

তঃ—বি, পুং; ১৬শ ব্যঞ্জনবর্ণ। ক্রোড়। পুচ্ছ। চোর। অমৃত। ম্লেচ্ছ।

তকিল—বিণ (তেক - ইলচ্) চালাক, ধূর্ত।

তক্রম্—বি, ক্লী (তন্চ + রক্) ঘোল, যে দধিতে চারি ভাগের এক ভাগ জল আছে।

তক্রকূর্চিকা/তক্রপিণ্ডঃ— স্ত্রী, পুং, ছানা।

তক্রাটঃ—পুং (তক্র + অট্ + অচ্) মন্থন দণ্ড।

তক্ব—বিণ (তক + ব) গমনশীল।

তক্ষঃ—বি. পুং, ভরতের পুত্র।

তক্ষকঃ—বি, পুং; (তক্ষ + ণ্বুল) সর্প বিং। সূত্রধর।

তক্ষণম্—বি, ক্লী (তক্ষ + অনট্) অস্ত্র দ্বারা কাষ্ঠকে পরিষ্কার করা, চাঁচা, বেঁদা করা।

তক্ষা(ক্ষন)—বি, পুং (তক্ষ—কর্ত্তৃ—কনিন্) সূত্রধর। বিশ্বকর্ম্মা।

তগর—বি, পুং; টগরগাছ। ক্লী; তাহার ফুল। মদনবৃক্ষ।

তঙ্কনম্—বি, ক্লী (তক্ + ল্যুট) দুঃখময় জীবন।

তচ্ছীল—বি-ণ (তৎ + শীল) সেই স্বভাববিশিষ্ট।

তটঃ—বি, পুং, ক্লী, স্ত্রী (টী) (তট + অচ্)—জলাশয়ের তীর। পর্ব্বতের কোন এক প্রদেশ, সানু। ক্লী; ক্ষেত্র, উচ্চভূমি।

তটস্থ—বি-ণ (তট—স্থা—কর্ত্তৃ—ড) তীরস্থ। সমীপস্থ। উদাসীন, নিরপেক্ষ।

তটাকঃ—বি, পুং (তট + আকন) পদ্মপুষ্করিণী। তড়াগ।

তটাঘাতঃ—বি, পুং; তটাদিতে হস্তীর দন্তাঘাত, বপ্রক্রীড়া।

তটিনী—বি, স্ত্রী (তট—ইন্—ঈপ্) নদী।

তড়াগকঃ/তড়াগঃ—বি, পুং, ক্লী (তড়—কর্ত্তৃ—আগ) বৃহৎ পুষ্করিণী।

তড়িৎ—বি, স্ত্রী; (তড—ইতি) বিদ্যুৎ।

তড়িৎপ্রভ—বিণ, বিদ্যুতের ন্যায় দীপ্তিযুক্ত।

তড়িত্বান(ত্বৎ)—বি, পুং (তড়িৎ—মতুপ্) মেঘ।

তড়িদ্গর্ভঃ—বি, পুং; মেঘ।

তণ্ডকঃ—বি, পুং (তড—কর্ত্তৃ—ণক) খঞ্জন-পক্ষী। ফেন। সমাস বহুল বাক্য। বৃক্ষের স্কন্দদেশ। বি-ণ, বহুরূপী।

তণ্ডুঃ—বি, পু; মহাদেবের দ্বারপালবিশেষ।

তণ্ডুলঃ (লম্)—বি, পুং, ক্লী (তড - উলচ্) চাল।

তণ্ডুলীয়ঃ—বি, পুং (তণ্ডুল - ছ) শাকবিশেষ।

তৎ—অব্য (তদ্ - ক্বিপ) সেজন্য, সেইরূপ, তবে।

তত—বি-ণ, (তন—কর্ম্ম—ক্ত) বিস্তৃত। বীণাদিবাদ্যযন্ত্র, বায়ু।

ততঃ (স্)—অব্য; তাহার পর। তথা হইতে, তথায় তবে।

ততস্ত্য—বি-ণ (ততস্—ত্য) তাহা হইতে জাত।

ততি—বি, স্ত্রী; (তন—ভাবে—ক্তি) শ্রেণী। সমূহ। বি-ণ, বহু; সেই পরিমিত।

তৎকালঃ—বি, পুং, সেই সময়। বর্তমানকাল।

তৎকালধী—বি-ণ; প্রত্যুৎপন্নমতি।

তৎক্রিয়—বিণ; বিনা বেতনে তৎকর্ম কারক।

তৎক্ষণাৎ—অব্য, তখনি, অবিলম্বে।

তত্ত্বম্—বি, ক্লী (তদ্—ত্ব) স্বরূপ, প্রকৃতি। অবস্থা। ব্রহ্ম। পদার্থ। সত্য। সাঙ্খ্যমতে মূল প্রকৃতি, মহৎ, অহঙ্কার, মনঃপঞ্চতন্মাত্র, পঞ্চমহাভূত, পঞ্চজ্ঞানেন্দ্রিয়, পঞ্চকর্মেন্দ্রিয় এই চতুর্ব্বিংশতি পদার্থ। (প্রা)—অনুসন্ধান।

তত্ত্বজ্ঞানম্—বি, ক্লী; ব্রহ্মবিষয়ক জ্ঞান। যথার্থ জ্ঞান।

তত্ত্বতঃ—ক্রি, বি-ণ, বস্তুতঃ, যথার্থরূপে।

তত্ত্বদর্শী(র্শিন্)—বিণ, বিচক্ষণ, জ্ঞানী।

তত্ত্ববিধানম্—বি, ক্লী; অধ্যক্ষতা করা।

তত্ত্ববিধায়ক—বি-ণ; অধ্যক্ষ।

তত্ত্ববিধারণম্—বি, ক্লী; যথার্থ জ্ঞান।

তৎপর—বি-ণ; আসক্ত। সচেষ্ট। নিপুণ।

তৎপরায়ণ—বিণ, তদাসক্ত। তদাশ্রিত।

তৎপুরুষ—ব্যাকরণে সমাসবিশেষ।

তত্র—অব্য, তথায়। তদ্বিষয়ে।

তত্রত্য—বিণ (তত্র—তান্) সেই স্থান - স্থিত। সেই স্থান - জাত।

তত্রভবান্(বৎ)—বি-ণ; মান্য, পূজনীয়।

তত্রাপি—অব্য; তথাপি, তবু।

তথা—অব্য (তদ্—থাচ্) সেই প্রকার। স্বীকার। সাদৃশ্য। সেই হেতু। নিশ্চয়। এবং, সমুচ্চয়।

তথাগত—বি-ণ, সেই ভাবাপন্ন, তদবস্থ। বি ; পুং, বুদ্ধদেব।

তথাচ—অব্য, পূর্ব্বোক্ত বাক্যের সমর্থন অর্থাৎ দৃঢ়ীকরণ। (প্রা) তবু, তথাপি।

তথাপি—অব্য; তবুও।

তথাবিধ—বি-ণ (তথা—বিধা) সেই প্রকার।

তথাস্তু—(এই অবিকল সংস্কৃত বাক্য) তাহাই হউক।

তথাহি—অব্য, পূর্ব্বোক্ত অর্থের দৃঢ়ীকরণ, সমর্থন। নিদর্শন; দৃষ্টান্ত। প্রসিদ্ধি। বিবরণ।

তথৈবচ—অব্য, সেইরূপই।

তথ্যম্—বি, ক্লী; (তথা—যৎ) যাথার্থ্য, প্রকৃত-অবস্থা। বি-ণ; সত্য, যথার্থ।

তদ্(মূলশব্দ)—বি-ণ; তাহা, তিনি, সে। প্রসিদ্ধ। ক্লী; ব্রহ্ম।

তদর্থ—বিণ, সেই অর্থ যাহার।

তদবস্থ—বি-ণ, (তদ্—অবস্থা) সেইরূপ অবস্থায় স্থিত।

তদা } —অব্য
তদানীম্ } —(তদ্—দা, দামীম্) তখন।

তদানীন্তন—বি-ণ (তদানীম্—ষ্টন) তৎকালীন। স্ত্রী; নী।

তদাপ্রভৃতি— অব্য, সেই অবধি।

তদীয়—বি-ণ (তদ্—ীয়) তৎসম্বন্ধীয়, তাহার।

তদগত—বি-ণ; একাগ্র, তাহাতে অভিনিবিষ্ট।

তদ্গুণ—বি, পুং; কাব্যর অর্থালঙ্কার বিং।

তদ্গুণসংবিজ্ঞানঃ—বি, পুং; ব্যাকরণশাস্ত্রে বহুব্রীহিসমাস।

তদ্ধন—বিণ, কৃপণ।

তদ্রূপ, তদ্বিধ—বি-ণ; সেই প্রকার, তথাবিধ।

তনয়ঃ—বি, পুং (তন—কর্ত্তৃ—কয়ন্) পুত্র।

তনয়া—বি, স্ত্রী; কন্যা।

তনিকা—বি, স্ত্রী (তদ্ + কন্ + টাপ) বন্ধনরজ্জু।

তনিমা(মন)—বি, পুং; (তনু—ইন্) ক্ষীণতা, কৃশতা।

তনু—বি, স্ত্রী (তন—করণ—উ) শরীর। বি-ণ; কৃশ। সূক্ষ্ম। অল্প কোমল।

তনুচ্ছদ—বি, পুং (তনু—ছদ—ণিচ্—কর্ত্তৃ—ঘ) গাত্রাবরণ, কবচ, বর্ম।

তনুজ } —বি, পুং (তনু, নূ—জন—কর্ত্তৃ—ড)
তনূজ } পুত্র। স্ত্রী; জা—কন্যা।

তনুত্যজ্—বিণ, (তনু—ত্যজ্ + ক্বিপ) মুমূর্ষু, দেহত্যাগী,

তনুত্রম্ } —(তনু—ত্রৈ—কর্ত্তৃ—ড)
তনুত্রাণম্ } —বি, ক্লী সাঁজোয়া। বর্ম্ম।

তনুভৃৎ—বি, পুং; (তনু—ভৃ+ ক্বিপ্) দেহী, জীব।

তনু(নূ)রুহ—বি, পুং; ক্লী (তনু, নূ—রুহ—কর্ত্তৃ—ক) লোম। পাখীর পালখ।

তনুল—বিণ, ত্রি. (তন্ + উলচ্) বিস্তৃত।

তনুবারঃ—বি, পুং; (তনু-বৃ+ অন্) কবচ। বর্ম।

তনূ—বি, স্ত্রী; (তন—কর্ত্তৃ—উ) শরীর।

তনূনপাৎ(দ্)—(তনু—উন—পা—ণ্রিঃ—ক্বিপ্) বি, পুং; অগ্নি।

তন্তিঃ—বি, স্ত্রী (তন + ক্তিন) দীর্ঘপ্রসারিত রজ্জু।

তন্তিপালঃ—বি, পুং; (তন্—তি—পাল অন) অজ্ঞাতবাস কালে সহদেবের নাম।

তন্তুঃ—বি, পুং; (তন—কর্ত্তৃ—তুন্) সূত্র।

তন্তুকীটঃ—বি, পুং; গুটীপোকা।

তন্তুনাভঃ—বি, পুং (তন্তু—নাভি) মাকড়সা।

তন্তুবাপঃ—(তন্তু—বপ—কর্ত্তৃ—যশ্) তাঁতি।

তন্তুবায়ঃ—(তন্তু—যে—কর্ত্তৃ—ষণ্) বি, পুং; তাঁতি। মাকড়সা।

তন্ত্রম্—বি, ক্লী (তন—ষ্ট্রন্) শাস্ত্র বিং। বেদের শাখা বিং। সিদ্ধান্ত। পরিচ্ছদ। সমূহ। রাজ্যশাসন। সম্প্রদায়, দল। কুটুম্বভরণ। বি-ণ; অধীন।

তন্ত্রকম্—বি, ক্লী (তন্ত্র—কণ্) নূতনবস্ত্র।

তন্ত্রতা—বি, স্ত্রী; (তন্ত্রা+তল+টাপ্) অনেককে উদ্দেশ করিয়া একবার অনুষ্ঠান।

তন্ত্রী—বি, স্ত্রী (তন্ত্র—করণ—ঈ) বীণার তার। বীণা। রজ্জু।

তন্দ্রা—বি, স্ত্রী (তন্দ্র—ভাবে—অ) অল্পনিদ্রা আলস্য।

তন্দ্রিঃ/তন্দ্রী/তন্দ্রিকা—বি, স্ত্রী; অল্পনিদ্রা। আলস্য। মূর্চ্ছা।

তন্দ্রিত—বি-ণ, (তন্দ্র—কর্ত্তৃক্ত) অল্পনিদ্রা-যুক্ত। অলস।

তন্নিষ্ঠ—বিণ, ত্রি, তদ্‌যুক্ত।

তন্ময়—বি-ণ, (তদ—ময়ট্) তৎস্বরূপ।

তন্মাত্র—বি-ণ; সেইমাত্র, কেবল তাই। বি, ক্লী (তদ্—মাত্রা) অমিশ্রভুতপঞ্চক। সাঙ্খ্যমতে।

তন্বৎ—বিণ, (তন - শতৃ) প্রসারক, প্রকাশক।

তন্বী/তন্বঙ্গী—বি, স্ত্রী; কৃশাঙ্গী।

তপঃ—বি, পুং (তপ—কর্ত্তৃ—অন) গ্রীষ্মঋতু। সূর্য্য। রৌদ্র।

তপঃ(স্)—বি, ক্লী (তপ—করণ—অস্) তপস্যা। মাঘমাস। শিশিরঋতু।

তপৎ—বিণ, (তপ + শতৃ) তাপদায়ক।

তপতী—বি, স্ত্রী; সূর্যপত্নী। সূর্য্যকন্যা। নদী বিং।

তপনঃ—বি, পুং (তপ—কর্ত্তৃ—অন) সূর্য। গ্রীষ্মঋতু। বি-ণ; তাপজনক।

তপনীয়ম্—বি, ক্লী; (তপ—কর্ম্ম—অনীয়) স্বর্ণ।

তপনেষ্টম্—বি, ক্লী; তাম্র।

তপস্যঃ—বি, পুং (তপস্—ষ্য) ফাল্গুন মাস।

তপস্যা—বি, স্ত্রী (তপস্—ক্য—ভাবে—অ—আপ্) পুণ্যোদ্দেশে ক্লেশজনক কর্ম্ম, ব্রতাচরণ। কোনরূপ অভীষ্ট সাধনের জন্য কঠোর নিয়মে দেব আরাধনা।

তপস্বী(স্বিন্)—বি-ণ, (তপস্—বি-ণ্) যে তপস্যা করে। ধার্ম্মিক। দয়ার পাত্র। নির্দোষ।

তপাত্যয়ঃ—বি, পুং (তপ—অত্যয়) বর্ষা কাল।

তপোধনঃ, তপোনিধিঃ—বি, পুং; তপস্বী।

তপোমূর্ত্তিঃ—বি, পুং; পরমেশ্বর। তপসী।

তপোযজ্ঞ—বিণ, তপস্যাই যার যজ্ঞ।

তপোবনম্—বি, ক্লী; (তপস্—বন) তপস্যার বন। পুণ্যাশ্রম।

তপ্ত—বি-ণ (তপ—কর্ত্তৃ—ক্ত) উষ্ণ। খেদযুক্ত।

তপ্তকাঞ্চনম্—বি, ক্লী; বিশুদ্ধস্বর্ণ।

তপ্তরহসম্—বি, ক্লী; বহ্নিতপ্তের ন্যায় নির্জ্জন, অন্যের অগম্যস্থান। অকথাবাক্য।

তম/তমঃ—বি, ক্লী; (তম—অস্) অন্ধকার। তমোগুণ। মোহ। পাপ। শোক। পুং, ক্লী; রাহু।

তমসঃ—বি, পুং, (তম - অসচ্) কূপ, অন্ধকার।

তমসা—বি, স্ত্রী; নদী বিং।

তমস্বিনী—বি, স্ত্রী (তমস্—বিন্—ঈপ্) অন্ধকারময়ী রাত্রি।

তমালঃ—বি, পুং; স্বনামখ্যাত প্রসিদ্ধ বৃক্ষ বিং।

তমালপত্রম্—বি, ক্লী; তিলক, ফোঁটা, টিপ। তেজপাতা।

তমিঃ/তমী—অন্ধকার রাত্রি, মোহ।

তমিস্রম্—বি, ক্লী; (তমস্—র, নি) অন্ধকার। অজ্ঞান। বি-ণ অন্ধকারযুক্ত।

তমিস্রা—বি, স্ত্রী; অন্ধকারময়ী রাত্রি।

তমিস্রপক্ষঃ—বি, পুং কৃষ্ণপক্ষ।

তমোঘ্নঃ—বি, পুং (তমস্ - হন - টক্) সূর্য, চন্দ্র, বহ্নি, বিষ্ণু, শিব।

তমোনুদঃ—বি, পুং (তমস্—নুদ—কর্ত্তৃ—ক্বিপ্)

তমোপহঃ—(তমস্—আপ—হন্—কর্ত্তৃ—ড) বি, পুং; সূর্য। চন্দ্র। অগ্নি। জ্ঞান।

তমোমণিঃ—বি, পুং; খদ্যোত।

তমোময়—বি-ণ, (তমস্—ময়ট্) অন্ধকারে আচ্ছন্ন। অজ্ঞানাবৃত।

তমোহন্—(তমস্—হন্ + ক্বিপ) পুং,

তমোহরঃ—(তমস—হৃ অচ্) পুং, সূর্য, চন্দ্র, অন্ধকার নাশক। অজ্ঞাননাশক।

তরক্ষুঃ—বি, পুং (ত—ক্ষি—কর্ত্তৃ—ডু) নেকড়ে বাঘ।

তরঙ্গঃ—বি, পুং (তৃ—কর্ম্ম—অঙ্গচ্) কম্প, ঢেউ, কাপড়ের চুনাট্।

তরঙ্গিণী—বি, স্ত্রী (তরঙ্গ—ইন্—ঈপ্) নদী।

তরঙ্গিত—বি-ণ, (তরঙ্গ—ইত) তরঙ্গযুক্ত। ভঙ্গি বিশিষ্ট। চঞ্চল।

তরণম্—বি, ক্লী (তৃ—ভাবে—অনট্) পারগমন, প্লবন। পুং, ভেলা, স্বর্গ।

তরণিঃ—বি, পুং (তৃ—অনি) সূর্য্য। কিরণ। স্ত্রী; নি, ণী—নৌকা। ভেলা।

তরণ্ডঃ—বি, পুং, ক্লী (তৃ—করণ—অণ্ডন্) ভেলা, মাড়। মৎস্য ধরিবার সূত্রে বদ্ধ ফাতা।

তরতম—বি-ণ; ন্যূনাধিক।

তরপণ্যম্—বি, ক্লী; পারের পয়সা।

তরন্তঃ—বি., পুং (তৃ - শতৃ) সমুদ্র, রাক্ষস।

তরম্বুজম্—বি, ক্লী; তরমুজ।

তরল—বি-ণ (তৃ—কর্ত্তৃ—অল) চঞ্চল। কম্পমান। পাতলা। উজ্জ্বল। পুং; হারের মধ্যমণি, ধুক্‌ধুকি।

তরলিত—বিণ, (তরল + ণিচ্ + ক্ত) আন্দোলিত।

তরবারিঃ—বি, পুং (তর - বৃ - ণিচ্ - ইন্) খড়্গ, তরবার।

তরস্—বি, ক্লী (তৃ + অসচ্) বেগ। বল। তীর। বানর। রোগ।

তরসা—অব্য, শীঘ্র।

তরস্বী (স্বিন্)—বি-ণ (তরস্—বিন্) বেগবান। বলিষ্ঠ।

তরিঃ, তরী—বি, স্ত্রী (তৃ—করণ—ই) নৌকা।

তরুঃ—বি, পুং (তৃ—করণ—উ) বৃক্ষ।

তরুণ—বি-ণ (তৃ—কর্ত্তৃ—উনন্) যুবা। নূতন। স্ত্রী, ণী।

তরুরুহ—বিণ (তরু—রুহ + ক) বৃক্ষারোহী। পরগাছা।

তরুমৃগঃ—বি, পুং; শাখামৃগ। বানর।

তর্কঃ—বি, পুং (তর্ক—ভাবে—অল্) বাদানুবাদ; বিচার। সম্ভাবনা। শঙ্কা। ন্যায়শাস্ত্র।

তর্কিত—বি-ণ (তর্ক—কর্ম্ম—ক্ত) বিচারিত। সম্ভাবিত, অনুমিত।

তর্কুঃ—বি, স্ত্রী; (তর্ক + উ) সূতা কাটিবার যন্ত্র বিং, টেকো।

তর্কুলাসকঃ—বি, পুং (তর্কু + লস্ + ণ্বুল) তর্কুচালকযন্ত্র, চরকা।
তর্জ্জনম্—বি, ক্লী (তর্জ্জ—ভাবে—ল্যুট্)। ভর্ৎসনা। ভয়প্রদর্শন। আস্ফালন।
তর্জ্জনী—বি, স্ত্রী (তর্জ্জ—করণ—ল্যুট্—ঈপ্) অঙ্গুষ্ঠের পার্শ্বস্থিত হস্তী।
তর্ণ (র্ণক)—বি, পুং (তৃণ + অচ্) গোবৎস। সদ্যোজাতশিশু।
তর্দুঃ—বি, স্ত্রী (তর্দ + উ) কাঠের হাতা।
তর্ষঃ—বি, পুং; তৃষ্ণা। অভিলাষ।
তর্হি—অব্য, তাহা হইলে। তখন।
তর্পণম্—বি, ক্লী (তৃপ—ভাবে—ল্যুট্) তৃপ্তি। (ণিচ্—করণ—ল্যুট্) পিতৃ-যজ্ঞ, পিতৃলোকের প্রীতি নিমিত্ত জলদান। বিণ (ণিচ্—কর্ত্তৃ—অন) তৃপ্তিজনক।
তর্মনম্—বি, ক্লী (তৃ + মনিন্) যূপকাষ্ঠের অগ্রভাগ।
তল—বি, পুং ক্লী (তল—কর্ত্তৃ—অন্) অধোভাগ, তলা। উপরিভাগ। পৃষ্ঠদেশ। তেলো। টালি। স্বরূপ।
তলপ্রহারঃ—বি, পুং; চপেটাঘাত।
তলবারণম্—বি, ক্লী, (তল - বার - ল্যুট্) বর্মবিশেষ।
তলাতলম্—বি, ক্লী; চতুর্থ পাতাল।
তলিতম্—বি, ক্লী (তল - ইতচ্) সিদ্ধমাংস বিং।
তলিন—বি, ক্লী; (তল্ - ইনন্) দুর্ব্বল, শয্যা।
তল্পঃ—বি, পুং (তল - পক) শয্যা। ভার্য্যা। অট্টালিকা।
তল্লজঃ—বি, পুং (তৎ + লজ্ + অচ্) প্রশস্ত।
তল্লী—বি, স্ত্রী (তৎ—লস্ + উ + ঙীষ্) তরুণী।
তষ্ট—বিণ, (তক্ষ - ক্ত) তনুকৃত, দ্বিধাকৃত, তাড়িত।
তষ্টা (ষ্টৃ)—বি, পুং (তক্ষ—কর্ত্তৃ—তৃন্) বিশ্বকর্ম্মা। সূত্রধর।
তস্করঃ—বি, পুং (তৎ—কৃ—কর্ত্তৃ—টচ্) চোর। শাকবিং, মদনবৃক্ষয।
তস্করতা—বি, স্ত্রী (তস্কর - তল - টাপ) চৌর্য।
তস্থিবম্—বিণ (স্থা - ক্বসু) স্থিত।
তাচ্ছীলিকঃ—বি, পুং (তচ্ছীল - ঠঞ্) বিশেষ প্রবৃত্তি।
তাচ্ছীল্যম্—বি. ক্লী (তৎ - শীল - য্যঞ্) নিয়ত; তৎস্বভাব, তৎশীলতা।
তাড়(ট)কা—বি, স্ত্রী; রাক্ষসী বিং, মারীচের মাতা।
তাটঙ্কম্—বি, ক্লী; কর্ণভূষণ।
তাটস্থ্যম্—বি, ক্লী, ঔদাসীন্য।
তাড়ঃ—বি, পুং (তড় - অচ্) তাড়ন, প্রহার, শব্দ।
তাড়নম্ —বি, ক্লী (তড়—ণিচ্—ভাবে—ল্যুট্)
তাড়না —বি, স্ত্রী (তড়—ণিচ্—ভাবে—অন) প্রহার।
তাড়নী—বি, স্ত্রী (তড়—ণিচ্—ভাবে—ল্যুট্—ঈপ্) তাড়ন দণ্ড, চাবুক।
তাড়িত—বিণ (তড়—ণিচ্—কর্ম্ম—ক্ত) আহত। বিদ্ধ (তড়িৎ—ষ্ণ) বিদ্যুৎ সম্বন্ধীয়।
তাড়িতাবার্ত্তাবহঃ—বি, পুং; বৈদ্যুতিক যন্ত্র বিং, যে যন্ত্রে শীঘ্র সংবাদ আসে।
তাণ্ডব—বি, পুং, ক্লী (তণ্ডু—ষ্ণ) উদ্ধত নৃত্য।
তাতঃ—বি, পুং (তন—কর্ত্তৃ—ক্ত) পিতা। পূজ্য। স্নেহপাত্র।
তাৎপর্যম্—বি, ক্লী (তৎপর—ষ্যঞ্) অভিপ্রায়। মর্ম্ম। নিষ্কর্ষ।
তাতিঃ—বি, পুং (তায় - ক্তিচ্) পুত্র। স্ত্রী (তায় - ক্তিন) বৃদ্ধি।
তাদর্থ্যম্—বি, ক্লী (তদর্থ + য্যঞ্) তন্নিমিত্ত।
তাদাত্ম্যম্—বি, ক্লী (তদাত্মন্—ষ্যঞ্) অভেদ; তৎস্বরূপতা।
তাদৃক্(শ্) —(তদ্—দৃশ—ক্বিন্ বা ক্বিপ্)
তাদৃশ —(তদ্—দৃশ—কঞ্) বি-ণ;
তাদৃক্ষ — সেইপ্রকার। তৎতুল্য দর্শন।
তানঃ—বি, পুং (তন—কর্ম্ম—ঘঞ্) গানের অঙ্গস্বর বিং। লক্ষ্য, উদ্দেশ্য।

তান্ত—বিণ (তম্ + ক্ত) ম্লান। ক্লান্ত।
তান্তবম্—বি, ক্লী, (তন্তু + ঘঞ্) তন্তুনির্মিত বস্ত্র।
তান্ত্রিক—বি-ণ (তন্ত্র—ষ্ণিক) তন্ত্রশাস্ত্র মতাবলম্বী। তন্ত্রজ্ঞ। স্ত্রী; কী।
তাপঃ—বি, পুং (তপ—ভাবে—ঘঞ্) জ্বর। উষ্ণতা। দুঃখ।
তাপনঃ—বি, পুং, সূর্য, অর্কবৃক্ষ। বিণ, ত্রি-তাপক।
তাপমান-যন্ত্রম্—বি, ক্লী; উত্তাপের পরিমাণ নিরূপণ যন্ত্র বিং।
তাপস—বি-ণ (তপস্—ষ্ণ) তপস্বী।
তাপসতরুঃ—বি, পুং; ইঙ্গুদীবৃক্ষ। এই বৃক্ষের তৈলে তপস্বীদিগের যাবতীয় কার্য্য নির্বাহ হইত।
তাপিচ্ছঃ —(তাপিন—ছদ্ + ড)
তাপিঞ্ছঃ —
তাপিঞ্জঃ —বি, পুং; (তাপিন্—জি + ড) তমালবৃক্ষ।
তাপী (পিন্)—বিণ (তপ + ণিনি) তাপযুক্ত।
তাপিত—বি-ণ (তপ—ণিচ্—কর্ম্ম—ক্ত) তাপযুক্ত। ক্লেশিত।
তামঃ—বি, পু (তম - ঘঞ্) ভয়ের বিষয়, চিন্তা, ইচ্ছা।
তামরসম্—বি, ক্লী (তামর = জল + মস = বাস-করা—কর্ত্তৃ—ড) পদ্ম। তাম্র। স্বর্ণ।
তামস—বি-ণ; (তমস্—ষ্ণ) তমোগুণসম্বন্ধীয়। তমঃপ্রধান। অন্ধকারময়।
তামসিক—বি-ণ (তমস্—ষ্ণিক) তমোগুণযুক্ত।
তামসী—বি, স্ত্রী; অন্ধকারময়ী রাত্রি।
তামিস্রঃ—বি, পুং (তমিস্র—ষ্ণ) নিশাচর। ক্লী, অন্ধকারময় নরক বিং।
তাম্রম্—বি, ক্লী (তম—কর্ত্তৃ—র) ধাতু বিং, তামা। বি-ণ; রক্তবর্ণ।
তাম্রকর্ণী—বি, স্ত্রী; পশ্চিমদিকের দিগ্‌গজের হস্তিনী।
তাম্রকারঃ—বি, পুং (তাম্র + কৃ + অন) কাঁসারি।
তাম্রকুটম্—বি, ক্লী; তামাক।
তাম্রচূড়ঃ —বি, পুং; কুক্কুট।
তাম্রত্রপুজম্—বি, ক্লী (তাম্র—ত্রপু + জন্ + ড) কাঁসা।
তাম্রপট্টম্ —বি, ক্লী; তাম্রফলক।
তাম্রপত্রম্ —লেখার জন্য তামার পাত।
তাম্রশিখী (খিন্)—বি, পুং, কুক্কুট।
তাম্রসারঃ—বি, পুং রক্তচন্দন বৃক্ষ।
তাম্রলিপ্তঃ—বি, পুং; তমলুকপ্রদেশ।
তাম্রিকা—বি, স্ত্রী; সময় নিরূপণ জন্য যে সচ্ছিদ্র বাটী জলে ভাসাইয়া দেওয়া হয়।
তাম্বূলম্ —বি, ক্লী; (তম + উলচ্)
তাম্বূলী —বি, স্ত্রী; পাণ, নাগবল্লী।
তাম্বূলকরঙ্কঃ—বি, পুং; পানের বাটা বা ডিপে।
তাম্বূলিক—বি-ণ (তাম্বূল—ষ্ণিক) তাম্বূল বিক্রেতা। বি, পুং; তামলীজাতি।
তারঃ—বি, পুং; (তৃ- ণিচ্ - অচ্) হারের মধ্যস্থিত মণি। উচ্চ স্বর। রজ্জু। প্রণব। বি-ণ; স্থূল। দীপ্তিযুক্ত। পরিষ্কৃত। বিস্তৃত।
তারকঃ—বি, পুং (তৃ—ণিচ্+ণক) অসুরবিশেষ। কর্ণধার। বি-ণ; রক্ষাকর্ত্তা।
তারকজিৎ —বি, পুং; (তারক + জি + ক্বিপ)
তারকারিঃ কার্ত্তিকেয়।
তারকা—বি, স্ত্রী; চক্ষুর তারা। নক্ষত্র।
তারকিত—বি-ণ; (তারকা—ইত) নক্ষত্রযুক্ত।
তারণঃ—বি, পুং (তৃ + ণিচ + ল্যু) বিষ্ণু, মহাদেব, ভেলা তারণী, স্ত্রী, নৌকা।
তারতম্য—বি, ক্লী (তরতম—ষ্যঞ্) ন্যূনাধিক্য। ইতরবিশেষ।
তারল্যম্—বি, ক্লী (তরল + ষ্যঞ্) তরলতা, চঞ্চলতা।
তারা—বি, স্ত্রী; নক্ষত্র। চক্ষুর তারা। দুর্গা। বুদ্ধ দেবী। বালীর ভার্য্যা। বৃহস্পতির ভার্য্যা।

তারাপতিঃ—বি, পুং; চন্দ্র, শিব, বৃহস্পতি, বালী, সুগ্রীব।
তারাপথঃ—বি, পুং; আকাশ।
তারাপীড়ঃ—বি, পুং; চন্দ্র। কাদম্বরী কাব্যে বর্ণিত নৃপ।
তারিণী—বি, স্ত্রী (তৃ—ণিচ্ + ণিন্ - ঙীপ্) দুর্গা। বি-ণ; ত্রাণকর্ত্রী।
তারুণ্যম্—বি, ক্লী (তরুণ—ষ্যঞ্) যৌবন।
তার্কিক—বি-ণ (তর্ক—ষ্ণিক) তর্কশাস্ত্রজ্ঞ।
তার্ক্ষ্যঃ—বি, পুং (তার্ক্ষ—কশ্যপ + ষ্য) গরুড়। অরুণ। সর্প। বৃক্ষ বিং। অশ্ব।
তালঃ—বি, পুং (তল—ভাবে—ঘঞ্) গানবাদ্য বিষয়ে কাল ও ক্রিয়ার পরিমাণ। বাদ্যযন্ত্র বিং, করতাল। স্বনামখ্যাত বৃক্ষ বিং। ক্লী; তালফল।
তালকম্—বি, ক্লী (তল—কর্ত্তৃ—ণক) কুলুপ, তালা।
তালধ্বজঃ—বি, পুং; বলদেব।
তালনবমী—স্ত্রী; ভাদ্রের শুক্লানবমীতে সাধ্য ব্রত বিশেষ।
তালপত্রম্—বি, ক্লী; কর্ণভূষণ বিশেষ।
তালবৃন্তম্—বি, ক্লী; পাখা, ব্যজন।
তালব্য—বি-ণ (তালু—ষ্যঞ্) তালু হইতে উচ্চারিত বর্ণ।
তালাঙ্কঃ—বি, পুং; বলদেব।
তালিকঃ —বি, পুং; (তাল + ঠক্)
তালিকা —বি, স্ত্রী; করতালি। চপেট। বিবরণপত্র, ফর্দ্দ।
তালী—বি, স্ত্রী; তালগাছ। তাড়ী। ভুঁইআমলা।
তালু—বি, ক্লী (তৃ-উণ্) জিহ্বার নিম্নস্থ স্থান। টাকরা।
তাবক —বিণ (যুষ্মদ + অণ)
তাবকীন —বিণ (যুস্মদ + খঞ) ত্বৎসম্বন্ধীয়।
তাবৎ—অব্য; সমুদায়, সাফল্য। সেই পর্য্যন্ত, সীমা। পরিমাণ। নিশ্চয়। বাক্যালঙ্কার। বি-ণ; তৎপরিমিত। স্বল্প।

তিক্ত—বি, পুং (তিজ—কর্ত্তৃ—ক্ত) তিতরস। বি-ণ; তদ্বিশিষ্ট, বিস্বাদ। সুগন্ধি।
তিক্তকঃ—বি, পুং (তিক্ত - কন্) চিরতা। নিম্ব। পটোল। পলতা। কৃষ্ণখদির।
তিক্তসারঃ—বি, পুং; খদির।
তিগ্ম—বি-ণ (তিজ—কর্ত্তৃ—মক্) তীক্ষ্ম, উগ্র, উদ্ধত। উষ্ণ। বি, ক্লী; তীক্ষ্মতা।
তিতউ—বি, পুং; ক্লী (তন্ + তউ) চালনী।
তিতিক্ষা—বি, স্ত্রী (তিজ—সন্—ভাবে—অ + টাপ্) ক্ষমা। সহিষ্ণুতা।
তিতীর্ষু—বি-ণ (তৃ—সন্—কর্ত্তৃ—উ) পার হইতে ইচ্ছুক।
তিত্তিরিঃ—বি, পুং; পক্ষী বিং।
তিথিঃ—বি, পুং; স্ত্রী (অত—কর্ত্তৃ—ইথিন্) প্রতিপদ আদি চান্দ্র দিন।
তিথিক্ষয়ঃ—বি, পুং; অমাবস্যা।
তিথিপ্রণী—বি, পুং (তিথি—প্র—নী + ক্বিপ্) চন্দ্র।
তিন্তিড়ী (লী) (ডীক)—বি, স্ত্রী; (তিম্ + ইক) তেঁতুলগাছ। তেঁতুল।
তিন্দুঃ (কঃ)—বি, পুং; (তিজ + কু [কন্]) গাবগাছ।
তিমিঃ—বি, পুং; (তিম্ + ইন্) বৃহৎ মৎস্য বিং।
তিমিত—বি-ণ (তিম—কর্ত্তৃ—ক্ত) নিশ্চল, স্থির। ভিজা, আর্দ্র।
তিমিরম্—বি, ক্লী (তিম—করণ—কিরচ্) অন্ধকার। নেত্ররোগবিং।
তিরশ্চীন—বি-ণ (তির্য্যচ—ঈন) বক্র। কুটিল।
তিরঃ (স্)—অব্য, (তৃ + অসুন্) অনাদর। অন্তর্দ্ধান। বক্র।
তিরস্কর (রি)ণী—বি, স্ত্রী; (তিরস্—কৃ + ণিনি + ঙীপ্) পর্দ্দা। আচ্ছাদনী। বিদ্যা বিং। যাহার দ্বারা আত্মগোপন করা হয়।
তিরস্কারঃ—বি, পুং (তিরস্—কৃ—ঘঞ্) অবজ্ঞা। ভৎর্সনা। নিন্দা। আচ্ছাদন করা।

তিরস্কৃত—বি-ণ (তিরস্—কৃ—কর্ম্ম—ক্ত) অবজ্ঞাত। ভৎর্সিত। নিন্দিত। আচ্ছাদিত।
তিরোধানম্—বি, ক্লী (তিরস্—ধা—ভাবে—ল্যুট্) অন্তর্দ্ধান। আচ্ছাদন।
তিরোহিত—বি-ণ (তিরস্—ধা—ক্ত) অন্তর্হিত, অদৃষ্ট।
তির্য্যক্ (চ্)—(তির্যঞ্চ) বি, পুং (তিরস্—অন্চ—কর্ত্তৃ—ক্বিপ্) পশু। পক্ষী। বি-ণ; বক্রগামী।
তিলঃ—বি, পুং (তিল—কর্ত্তৃ—ক) শস্য বিং। শরীরস্থ তদাকার চিহ্ন বিং।
তিলক—বি, পুং, ক্লী (তিল—কশ্) ফোঁটা। পুং; তিলবৃক্ষ। বি-ণ; শ্রেষ্ঠ।
তিলকল্কঃ—বি, পুং; তিলের খইল।
তিলশঃ—অব্য, (তিল - সম) তিল তিল করে।
তিলোত্তমা—বি, স্ত্রী; স্বর্গের বেশ্যা বিং।
তিষ্ঠদ্গু—অব্য, গোদোহন কাল। সন্ধ্যাকাল।
তিষ্যঃ—বি, পুং (তুষ্ + ক্যপ্) পুষ্যানক্ষত্র। পৌষমাস। স্ত্রী; তিষ্যা আমলকী।
তীক্ষ্ণ—বি-ণ (তিজ—কর্ত্তৃ—ক্স্ন) শাণিত। প্রখর। উগ্র। ক্ষিপ্রকারী। বি, ক্লী; উগ্রতা। বিষ যুদ্ধ। শীঘ্র।
তীক্ষ্ণরসঃ—বি, পুং, জবক্ষার, বিষাক্ত জল।
তীরম্—বি, ক্লী (তীর—কর্ত্তৃ—অন্) নদীর কূল।
তীরভুক্তিঃ—বি, স্ত্রী; তীরহুত দেশ।
তীর্ণ—বি-ণ (তৃ—কর্ত্তৃ—ক্ত) উত্তীর্ণ। আপ্লুত।
তীর্থ—বি, পুং, ক্লী (তৃ—কর্ম্ম—থক্) পুণ্যস্থান। ঘাট। অধ্যাপক। ঋষিসেবিত জল। উপায়। সৎপাত্র। দর্শনশাস্ত্র।
তীর্থকর (ঙ্কর)—ত্রি, দর্শনশাস্ত্রকার। পুং; জিনদেব।
তীর্থকাকঃ—বি, পুং; তীর্থে কাকতুল্য লোলুপ।
তীর্থোদকম্—বি, ক্লী; তীর্থের জল।
তীবর—বি, পুং; (তৃ + ষ্বরচ্) সমুদ্র। তিয়রজাতি। ব্যাধ।

তীব্র—বি-ণ (তীব—কর্ত্তৃ—রক্) দুঃসহ। তীক্ষ্ণ। মহৎ। অধিক। বি, ক্লী; তীক্ষ্মতা। আধিক্য। উষ্ণতা।
তু—অব্য; প্রভেদ, পক্ষান্তর। কিন্তু। সমুচ্চয়। অবধারণ। শ্লোকের পাদপূরণ।
তুঙ্গ—বি-ণ (তুন্জ—কর্ত্তৃ—ঘঞ্) উন্নত। বৃহৎ।
তুঙ্গভদ্রঃ—বি, পুং; মত্তহস্তী। স্ত্রী; আ-নদীবিশেষ।
তুঙ্গী (ঙ্গিন্)—বিণ, রাশিচক্রে উচ্চস্থানেস্থিত গ্রহ।
তুচ্ছ—বি-ণ; অল্প। অসার। হেয়। শূন্য। বি, ক্লী; তুষ।
তুণ্ডম্, (তুণ্ডি)—বি, ক্লী (তুন্ড—কর্ত্তৃ—অন্) মুখ। ঠোঁট।
তুত্থম্—বি, ক্লী; (তুদ + থক্) তুঁতে।
তুন্দম্ (তুন্দি)—বি, ক্লী; (তুদ—কর্ত্তৃ—ক) উদর, ভুঁড়ি।
তুন্দপরিমৃজ—বি-ণ (তুন্দ—পরি—মৃজ—কর্ত্তৃ—ক) অলস, দীর্ঘসূত্রী।
তুন্দিভ, তুন্দিল—বি-ণ, (তুন্দি—উদর—ভ, ল) যাহার উদর স্থূল।
তুন্দিল ফলা—বি, স্ত্রী; শশা।
তুন্ন—বিন (তুদ্ + ক্ত) ব্যথিত। ছিন্ন।
তুন্নবায়ঃ—বি, পুং; (তুন্ন—বে—কর্ত্তৃ—ঘঞ্) দরজী।
তুমুলম্—বি, ক্লী; (তু + মুলন্) মিশ্রযুদ্ধ, হুড়াহুড়ি, রণসঙ্কুল। বি-ণ; ভয়ানক। ব্যাকুল। বিশৃঙ্খল। উৎকট।
তুম্বঃ —বি, পুং; (তুম্ব + অচ্)
তুম্বিঃ, তুম্বী —বি, স্ত্রী; লাউ। অলাবু।
তুম্বুরু—বি, পুং; ঋষি বিং।
তুরম্ —বি, ক্লী; (তুর্ + ক)
তুরা —বি, স্ত্রী; বেগ। শীঘ্র।
তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম—বি, পুং (তুর্—গম—ড, খ) অশ্ব। ক্লী, চিত্ত।
তুরঙ্গবক্ত্রঃ, তুরঙ্গবদনঃ—বি, পুং, কিন্নর।
তুরঙ্গিন্—বি, পুং (তুরঙ্গ + ইনি) অশ্বারোহী।

তুরায়ণম্—বি, ক্লী (তুর - ফক) অনাসক্তি, একপ্রকার যজ্ঞ।

তুরাসাট্(হ্)—বি, পুং (তুরা—সাহন—ক্বিপ্) ইন্দ্র।

তুরি (রী)—বি, স্ত্রী (তুর—কর্ত্তৃ—ই) তন্তুবায়ের যন্ত্র বিং, মাকু।

তুরীয়—বি-ণ (চতুর—ছ) চতুর্থ। ক্লী; পরব্রহ্ম।

তুরুস্কঃ—বি, পুং (তুর—অধি—উস্—কণ্) দেশ বিং, তুর্কিস্থান।

তুর্য—বি-ণ (চতুর্—যৎ, নি) চতুর্থ।

তুর্বসুঃ—বি, পুং (চতুর + বসু) রাজা যযাতির পুত্র।

তুলনা—বি, স্ত্রী (তুল—ভাবে—অন—আপ্) সাদৃশ্য।

তুলসী—বি, স্ত্রী (তুলা—সো—কর্ত্তৃ—অন্—ঈপ্) স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ।

তুলা—বি, স্ত্রী; (তুল + অঙ্ + টাপ্) পরিমাণ দণ্ড, তুলা সাদৃশ্য। পরিমাণ, ওজন। ৭ম রাশি।

তুলাদণ্ডঃ—বি, পুং; পরিমাণ দণ্ড, দাঁড়ী, নিক্তি।

তুলাপুরুষঃ—বি, পুং; মহাদান বিং, আপনার ভারের পরিমাণ স্বর্ণাদি।

তুলামানম্—বি, ক্লী; তুলাদণ্ডে পরিমাণ করণ।

তুলিত—বি-ণ (তুল—কর্ম্ম—ক্ত) উৎক্ষিপ্ত। উপমিত। চালিত। পরিমিত।

তুলিম—বিণ (তুল + ইমনিচ্) ওজন করিয়া বিক্রেয়।

তুল্য—বি-ণ (তুলা—য্য) সদৃশ।

তুল্যযোগিতা—বি, স্ত্রী, অলঙ্কারবিশেষ।

তুবরঃ—বি, পুং (তু—ষ্বরচ্) বিং। কষায়রস।

তুষ(স)ঃ—বি, পুং; ধানের খোসা, তুঁষ।

তুষানলঃ—বি, পুং; তুষের আগুন। প্রায়শ্চিত্তবিং।

তুষারঃ—বি, পুং; (তুষ্ + আরন্) হিম। বরফ। জলকণা। বি-ণ; শীতল।

তুষারমূর্ত্তিঃ, তুষারাংশুঃ—বি, পুং, চন্দ্র।

তুষিতঃ—বি, পুং (তুষ্ + ক্বিপ্ + ইতচ্) গণদেবতা বিশেষ।

তুষ্টঃ—বিণ (তুষ—কর্ত্তৃ—ক্ত) আহ্লাদিত। তৃপ্তিযুক্ত।

তুষ্টি—বি, স্ত্রী (তুষ—ভাবে—ক্তি) সন্তোষ।

তুহিনম্—বি, ক্লী (তুহ—কর্ত্তৃ—ইন) হিম। চন্দ্রকিরণ। বি-ণ; শীতল।

তুহিনকরঃ, তুহিনাংশুঃ—বি, পুং (তুহিন—অংশু) চন্দ্র।

তূণঃ, তূণীরঃ—বি, পুং; (তুণ্ + ঘঞ্) যাহাতে বাণ রাখে, শরধি।

তূর্ণকম্—বি, ক্লী, (তূণ + খুল) পঞ্চদশ অক্ষরবিশিষ্ট ছন্দ।

তূরী—বি, স্ত্রী; (তূর + অচ্ + ঙীষ্) বাদ্যযন্ত্র বিং।

তূর্ণম্—ক্লী, বি (ত্বর—কর্ত্তৃ—ক্ত) শীঘ্র।

তূর্যম্—বি, ক্লী (তূর—যৎ) বাদ্যযন্ত্র।

তূর্য্যাচার্য্যঃ—বি, পুং; বাদ্যবিষয়ক শিক্ষাদাতা।

তূর্য্যাজীবঃ—বি, পুং; বাদ্যব্যবসায়ী।

তূল—বি, পুং, ক্লী (তুল—কর্ত্তৃ—ক) কার্পাস। শিমূল তূল। আকাশ।

তূলিঃ, তূলিকা—বি, স্ত্রী; যে শলাকা দ্বারা চিত্র করা হয়, তুলি, বর্ত্তিকা।

তূলনালী—বি, স্ত্রী, তুলার পাঁজ।

তূষ্ণীক—বি-ণ, যে চুপ্ করিয়া থাকে।

তূষ্ণীম্—অব্য, (তূষ্ + নীম্) মৌন।

তূষ্ণীম্ভাবঃ—বি, পুং; চুপ্ করিয়া থাকা, মৌন।

তূস্তম্—বি, ক্লী, (তুস—কর্ত্তৃ—তন্) পাপ। রেণু। জটা।

তৃণম্—বি, ক্লী; (তৃহ + ণক্) ঘাস, খড় ইত্যাদি।

তৃণজীবী (বিন্)—বি-ণ; যাহারা তৃণ ভক্ষণ করিয়া জীবন ধারণ করে।

তৃণদ্রুমঃ—বি, পুং, নারিকেল, তাল বা সুপারি বৃক্ষ।

তৃণধান্যম্—বি, ক্লী; নীবার ধান্য, উড়ীধান।

তৃণবিন্দুঃ—বি, পুং, মুনিবিশেষ। ঋষি বিং।

তৃণ্যা—বি, স্ত্রী, (তৃণ + য + টাপ) তৃণসমূহ।

তৃতীয়—বি-ণ, (ত্রি—তীয়) তিনের পূরণ। স্ত্রী; য়া—তিথি বিং।

তৃতীয় প্রকৃতি—বি, স্ত্রী; নপুংসক।

তৃতীয়াকৃত—বিণ, তিনবার কৃষ্টভূমি।

তৃপ্ত—বি-ণ (তৃপ—কর্ত্তৃ—ক্ত) সন্তুষ্ট।

তৃপ্তিঃ—বি, স্ত্রী (তৃপ্—ভাবে—ক্তিন্) সন্তোষ। আকাঙ্খা নিবৃত্তি।

তৃষা—বি, স্ত্রী (তৃষ্—ভাবে—ক্বিপ—আপ্) পান করিবার ইচ্ছা, পিপাসা। ইচ্ছা, লোভ।

তৃষিত—বি-ণ (তৃষা—ইত) তৃষ্ণাযুক্ত। ইচ্ছু। লোভী।

তৃষ্ণজ—বিণ (তৃষ - নজিক) তৃষ্ণার্ত্ত, লুব্ধ।

তৃষ্ণা—বি, স্ত্রী (তৃষ—ভাবে—ণক্—আপ্) তৃষা দ্রষ্টব্য।

তেজঃ(স)—বি, ক্লী, (তিজ—ভাবে—অস্) দীপ্তি, আলোক। প্রতাপ। তাপ, উষ্ণতা। পরাক্রম। তীক্ষ্ণতা। রেতঃ। স্বর্ণাদি ধাতু। অগ্নি সূর্য্যাদি। ঘৃত।

তেজনম্—বি, ক্লী (তেজ—ণিচ্ + ল্যু) তীক্ষ্ণীকরণ।

তেজপত্রম্—বি, ক্লী; তেজপাত।

তেজস্কর—বি-ণ, (তেজস্—কৃ—কর্ত্তৃ—ট) পুষ্টিকর, বলকারক। দীপ্তিজনক।

তেজস্বী (স্বিন্)—বি-ণ, (তেজস্—বিন্) দীপ্তিযুক্ত। প্রভাবশালী। অপমানাসহিষ্ণু। স্ত্রী; স্বিনী।

তেজিত—বিণ্ (তেজ—ণিচ্ + ক্ত) শাণিত, তীক্ষ্ণীকৃত।

তেজিষ্ঠ—বিণ (তেজ + ইষ্ঠন্) অধিকতম তেজস্বী।

তেজীয়ান্—বি-ণ (তেজস্বিন্—ঈয়সু) অধিকতর তেজস্বী। স্ত্রী; য়সী।

তেজোময়—বি-ণ (তেজস্—ময়ট্) দীপ্তিশীল। তেজঃপূর্ণ। স্ত্রী; ময়ী।

তেন—অব্য, (তদ্ + এন) সেজন্য।

তেমঃ—বি, পুং (তিম্ + ঘঞ্) আর্দ্রীভাব।

তেমনম্—বি, ক্লী (তিম—ভাবে—ল্যুট্) আর্দ্রকরণ, ভিজান। আর্দ্রীভাব।

তেমনী—বি, স্ত্রী (তেমন—ঈপ্) ধুম নির্গমন পথ, চিম্‌নী। চুল্লী।

তেবনম্—বি, ক্লী (তেব - ল্যুট্) খেলা, আমোদপ্রমোদ।

তৈক্ষ্ণ্য—বি, ক্লী (তীক্ষ্ণ + ষ্যঞ্) তীক্ষ্ণতা।

তৈজস—বি-ণ (তেজস—ষ্ণ) তেজোবিকার। পিত্তলাদিধাতুনির্ম্মিত বস্তু।

তৈজসাবর্ত্তনী—বি, স্ত্রী, মুচী।

তৈলম্—বি, ক্লী (তিল—ষ্ণ) তিলাদির স্নেহ, তেল।

তৈলকরঃ—বি, পুং (তৈল—কৃ—কর্ত্তৃ—ষণ্) কলু।

তৈলঙ্গঃ—বি, পুং; দেশ বিং। কর্ণাটকপ্রদেশ।

তৈলপর্ণিকম্—বি, ক্লী, হরিচন্দন।

তৈলপায়িকা—বি, স্ত্রী (তৈল—পা—কর্ত্তৃ—ণক—আপ্) তেলাপোকা।

তৈলবটঃ—বি, পুং (তৈল—বট—কড়ি) তেলের কড়ি, পণ্ডিতের নিকট হইতে ব্যবস্থা লইয়া তাঁহাকে যাহা দেওয়া হয়।

তৈলিকঃ, তৈলী (লিন্)—(তৈল—ষ্ঠিক) —বি, পুং; কলু।

তৈষঃ—বি, পুং (তৈষী—ষ্ণ) পৌষমাস।

তোকঃ—বি, পুং (তু—কর্ত্তৃ—ক) শিশুসন্তান।

তোটকম্—বি, ক্লী দ্বাদশাক্ষর ছন্দ বিং।

তোড়নম্—বি, ক্লী (তুড্ - ল্যুট) খণ্ড খণ্ড করা।

তোত্রম্—বি, ক্লী (তুদ—করণ—ষ্ট্রন্) গো প্রভৃতির তাড়ন দণ্ড, পাঁচনবাড়ী, অঙ্কুশ।

তোদঃ—বি, পুং (তুদ্ - ঘঞ্) পীড়া, বেদনা।

তোদনম্—বি, ক্লী (তুদ্ + ল্যুট্) ব্যথা, তাড়ণ-দণ্ড।

তোমরঃ—বি, পুং; (তু—বিচ্ + মৃ + অপ্) অস্ত্র বিং, শাবল প্রভৃতি।

তোয়ম্—বি, ক্লী (তু—যা—ক) জল।

তোয়দঃ—বি, পুং (তোয়—দা—কর্ত্তৃ—ক) মেঘ। বি-ণ; যে জলদান করে।

তোয়ধরঃ—বি, পুং, (তোয়+ ধৃ + অচ্)
তোয়ধিঃ—বি,পুং (তোয়—ধা—অধি—কি) সমুদ্র।

তোয়াধারঃ—বি, পুং; জলাশয়।

তোরণ—বি, পুং ক্লী (তুর—অধি—ল্যুট্) বহির্দ্বার, গেট, ফটক।

তোলক—বি, পুং, ক্লী; ১ তোলা। ১ ভরি, ১৬ মাষা।

তোলনম্—বি, ক্লী (তুল—ল্যুট্) ওজন করা। উঠান।

তোষঃ—বি, পুং (তুষ—ভাবে—অল) তৃপ্তি। হর্ষ।

তোষণম্—বি, ক্লী (তুষ্ + ল্যুট্) তৃপ্তি, আনন্দ।

তোষলম্—বি, ক্লী (তোষ - লু - ড) মূষল।

তোষিত—বি-ণ (তুষ—ণিচ্ + ক্ত) যাহাকে সন্তুষ্ট করা হইয়াছে, সন্তোষিত, তর্পিত।

তৌর্যম্—বি,ক্লী (তুর্য+অণ) মুরজাদিবাদ্যধ্বনি।

তৌর্য্যত্রিকম্—বি, ক্লী; নৃত্য,গীত, বাদ্য এই তিনটি একত্রে।

তৌলম্—বি, ক্লী (তুলা + অণ্) তুলাদণ্ড। তুলারাশি।

তৌলিকঃ—বি, পুং (তুলি—ষ্ণিক) চিত্রকর। (তুলা—ষ্ণিক) পরিমাণকারী, কয়াল।

ত্যক্ত—বি-ণ (ত্যজ—কর্ম্ম—ক্ত) যাহা ত্যাগ করা হইয়াছে, বিসৃষ্ট, দত্ত। (প্রা) বিরক্ত।

ত্যক্তসর্বপরিগ্রহ—বিণ, ত্রি, যিনি সকল ভোগ্যবস্তু পরিত্যাগ করিয়াছেন।

ত্যাগঃ—বি, পুং (ত্যজ—ভাবে—ঘঞ্) বিসর্জ্জন। বর্জ্জন। নিক্ষেপ। দান।

ত্যাগী (গিন্)—বিণ (ত্যজ—কর্ত্তৃ—ঘিনুন্) ত্যাগশীল, বৈরাগী, বিবেকী।

ত্যাজ্য—বি-ণ (ত্যজ—কর্ম্ম—ণ্যৎ) ত্যাগযোগ্য।

ত্রপা—বি, স্ত্রী (ত্রপ + অঙ্ + টাপ্) লজ্জা।

ত্রপু—(ত্রপ + উন্)
ত্রপুঃ (স্)—বি, ক্লী; রাঙ্। সীসক, সীসা। টিন। দস্তা।

ত্রপুষম্—বি, ক্লী, (ত্রপুষ - অণ্) শশা।

ত্রয়ম্—বি, ক্লী (ত্রি—অয়ট্) তিন সংখ্যা।

ত্রয়ী—বি, স্ত্রী; ঋক্, যজুঃ, সাম এই তিন বেদ। ব্রহ্মা, বিষ্ণু ও শিব—এই তিন দেবতা।

ত্রয়ীধর্মঃ—বি, পুং; বেদবিহিত ধর্ম।

ত্রয়োদশ—বি-ণ (ত্রয়োদশন্—ডট্) ১৩ সংখ্যার পূরণ। স্ত্রী; শী।

ত্রয়োদশ (দশন্)—বি-ণ (ত্রি—অধিক—দশন্) ১৩ সংখ্যা।

ত্রস—বিণ, (ত্রস + ক) জঙ্গম।

ত্রসরেণুঃ—বি, পুং; স্ত্রী; ছয় পরমাণু সমষ্টি।

ত্রস্ত—বি-ণ (ত্রস—কর্ত্তৃ—ক্ত) ভীত। চকিত।

ত্রস্নু—বি-ণ (ত্রস—কর্ত্তৃ—ক্নু) যে স্বভাবতঃ ভীত, ভয়শীল।

ত্রাণম্—বি, ক্লী (ত্রৈ—ভাবে—ল্যুট) রক্ষা, দুঃখমোচন, বিপদ হইতে উদ্ধার। (—কর্ম্ম—ক্ত) বি-ণ; রক্ষিত।

ত্রাত—বি-ণ (ত্রৈ—কর্ম্ম—ক্ত) যাহার ত্রাণ করা হইয়াছে, রক্ষিত।

ত্রাতা(তৃ)—বি-ণ (ত্রৈ—কর্ত্তৃ—তৃন্) রক্ষাকর্ত্তা। স্ত্রী; ত্রী।

ত্রাপুষ—বিণ (ত্রপুষ - অণ্) রঙ্গমা পাত্রাদি।

ত্রাস—বি, পু; (ত্রস—ভাবে—ঘঞ্) ভয়। মণিদোষ।

ত্রাসিত—বি-ণ (ত্রস—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহাকে ভয় দেখান হইয়াছে, ভীষিত।

ত্রাহি—(সংস্কৃত পদ) রক্ষা কর।

ত্রি—(মূলশব্দ) (তৃ + ড়ি) তিন সংখ্যা।

ত্রিংশ—বি-ণ (ত্রিংশৎ—ডট্) ৩০ সংখ্যার পূরণ।

ত্রিংশৎ—বি, স্ত্রী; ত্রিশ সংখ্যা।

ত্রিকম্—বি, ক্লী; (ত্রি + ক) মেরুদণ্ড-নিম্নদেশ। তেমাথা রাস্তা। ত্রিকটু।

ত্রিকটু—বি, ক্লী; শুঁঠ, পিপুল, মরীচ এই তিন।

ত্রিকালম্—বি,ক্লী; ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমানকাল। প্রাতঃ, মধ্যাহ্ন, সায়ংকাল।

ত্রিকূটঃ—বি, পুং; কেরলদেশীয় পর্ব্বত বিং।

ত্রিকোণ—বি ণ; তিন কোণা। জ্যোতিষে লগ্নের ৫ম ও ৯ম স্থান।

ত্রিগণঃ—বি, পুং; ধর্ম্ম, অর্থ, কাম।

ত্রিগর্ত্তঃ—বি, পুং; লাহোর সন্নিহিত দেশ বিং।

ত্রিগুণম্—বি, ক্লী; সত্ত্ব, রজঃ, তমঃ এই তিন গুণ।

ত্রিগুণাকৃত—বি-ণ (ত্রিগুণ—ডাচ্—কৃত) তিন বার চাষ দেওয়া ক্ষেত্রাদি।

ত্রিগুণাত্মক—বি-ণ (ত্রিগুণ—আত্মন্—ক) সত্ত্ব, রজঃ, তমঃ এই তিন গুণবিশিষ্ট।

ত্রিচক্রঃ—বি, পুং; অশ্বিনীকুমারদ্বয়ের রথ।

ত্রিজগৎ—বি, ক্লী; স্বর্গ, মর্ত্ত্য, পাতাল এই তিন ভুবন।

ত্রিজটা—বি, স্ত্রী; রাবণালয়ে সীতার পক্ষপাতিনী রাক্ষসী বিং।

ত্রিজাতকম্—বি, ক্লী (ত্রি—জাত + ক) জয়িত্রী, এলাচ ও তেজপাতা একত্রে।

ত্রিণাচিকেত—বি, পুং, যর্জুবেদের অংশবিশেষ।

ত্রিতয়—বি-ণ; (ত্রি—তয়ট্) তিন সংখ্যা বিশিষ্ট।

ত্রিতল—বি-ণ; তেতলা।

ত্রিতাপঃ—বি, পুং, আধ্যাত্মিক, আধিভৌতিক আধিদৈবিক এই দুঃখত্রয়।

ত্রিদশঃ—বি, পুং (যাহাদের চিরদিনই তৃতীয় দশা অর্থাৎ যৌবন আছে। অথবা যাহারা তিন অধিক তিন গুণিত দশ অর্থাৎ ৩৩ সংখ্যাবিশিষ্ট) দেবতা। ১২ আদিত্য, ১১ রুদ্র, ৮ বসু, ইন্দ্র ও প্রজাপতি এই ৩৩।

ত্রিদশালয়ঃ—বি, পুং; স্বর্গ।

ত্রিদিব—বি, পুং; (ত্রি—দিব—অধি—ক); যে স্থানে তিন অর্থাৎ ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, দিব অর্থাৎ ক্রীড়া করেন, স্বর্গ। আকাশ।

ত্রিদিবেশ—বি, পুং (ত্রিদিব—ঈশ) দেবতা।

ত্রিদণ্ডম্—ক্লী, দণ্ডত্রয়। বাক্, মনঃওকায়

ত্রিদণ্ডিন্—বি, পুং, সন্ন্যাসী।

ত্রিদোষঃ—বি, পুং; বায়ু, পিত্ত, কফ এই তিনের দোষ।

ত্রিধা—অব্য (ত্রি—ধাচ) তিন প্রকার, তিন বার।

ত্রিনেত্র, ত্রিনয়ন—বি, শিব, স্ত্রী; না—দুর্গা।

ত্রিপতাকা—(ত্রি—পতাকা) উর্দ্ধ রেখাত্রয় বিশিষ্ট ললাট। মধ্যমা ও অনামিকা অঙ্গুলিকে নমিত করিয়া অপর অঙ্গুলিত্রয় উর্দ্ধীকৃত করিলে সেইরূপ হস্তকে ত্রিপতাক কহে। বি-ণ; পতাকা ত্রয়বিশিষ্ট।

ত্রিপথম্—বি, ক্লী (ত্রি—পথিন্—অ) তেমাথা রাস্তা। স্বর্গ, মর্ত্ত্য, পাতাল।

ত্রিপথগা—বি,স্ত্রী (ত্রিপথ—গম—কর্ত্তৃ—ড)গঙ্গা।

ত্রিপদী—বি, স্ত্রী (ত্রি—পাদ—ঈপ্) বাঙ্গালার ছন্দোবিং, যে ছন্দে শ্লোকের পূর্ব্বার্দ্ধ ও পরার্দ্ধ তিন তিন ভাগে বিভক্ত থাকে। তেপায়া।

ত্রিপাদঃ—বি, পুং, বিষ্ণু, জ্বর। ত্রিপাদবিশিষ্ট।

ত্রিপিষ্টপম্—বি, ক্লী; স্বর্গ।

ত্রিপুণ্ড্রম্—বি, ক্লী; ললাটস্থ রেখাত্রয়বিশিষ্ট ফোঁটা।

ত্রিপুর—বি, পুং; অসুর বিং। ক্লী; ময়দানব নির্ম্মিত স্বর্ণ, রৌপ্য ও লৌহময় তিনটি পুরী, ইহা অসুরদিগের বাসস্থান। স্ত্রী; রা—দেবী বিং। প্রাচীন চেদিরাজ্য।

ত্রিপুরারিঃ—বি, পুং (ত্রিপুর—অরি) শিব।

ত্রিপুষ্করম্—বি, ক্লী; তিথি নক্ষত্র বার বিশেষের সম্মেলনে যোগ বিং।

ত্রিফলা—বি, স্ত্রী; হরীতকী, আমলকী, বয়েড়া এই তিন।

ত্রিবলিঃ (লী)—বি, স্ত্রী; উদর প্রভৃতি স্থানে মাংসের সঙ্কোচ জনিত রেখাত্রয়।

ত্রিভুজম্—বি, ক্লী; ত্রিকোণ ক্ষেত্র।

ত্রিভুবনম্—বি, ক্লী; স্বর্গ, মর্ত্ত্য, পাতাল।

ত্রিমধু—বি, ক্লী, ঘৃত, মধু ও চিনি।

ত্রিযামা—বি, স্ত্রী; রাত্রি।

ত্রিলোকী—বি, স্ত্রী; ত্রিভুন।

ত্রিলোচনঃ—বি, পুং; শিব।

ত্রিবর্ণকম্—ক্লী, ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য।

ত্রিবর্গঃ—বি, পুং; ধর্ম্ম, অর্থ ও কাম এই তিন।

ত্রিবিক্রমঃ—বি, পুং; বামনরূপী বিষ্ণু।

ত্রিবিধ—বি-ণ; তিন প্রকার।

ত্রিবিষ্টপঃ—বি, ক্লী; স্বর্গ।

ত্রিবৃত্ত—বি-ণ; ত্রিগুণিত।

ত্রিবেণী—বি, স্ত্রী; যমুনা ও সরস্বতীর সহিত মিলিত গঙ্গা।

ত্রিবেদী (দিন্)—বি, পুং; যে তিন বেদ জানে তাহার উপাধি বিং, তেওয়ারী।

ত্রিশঙ্কুঃ—বি, পুং, নৃপতি বিং, শলভ, চাতক।

ত্রিশিখ—বি, পুং, রাক্ষস বিং। ত্রিশূল।

ত্রিশূলম্—বি, ক্লী; তিনফলাযুক্ত অস্ত্র বিং।

ত্রিশূলী (লিন্)—বি, পুং; শিব। বিণ; ত্রিশূলধারী।

ত্রিশৃঙ্গঃ—বি, পুং, ত্রিকূট পর্বত।

ত্রিসন্ধ্যা—বি, ক্লী; প্রাতঃকাল, মধ্যাহ্নকাল, সায়ংকাল।

ত্রিসবনম্—বি, ক্লী; তিন কালে স্নান।

ত্রিস্রোতাঃ (তস্)—বি, স্ত্রী; গঙ্গা

ত্রুটি (টী)—বি, স্ত্রী (ত্রুট—কর্ম্ম—কি) ন্যূনতা। ক্ষতি। টুকরা। পঞ্চক্ষণপরিমিত কাল।

ত্রেতা—বি, স্ত্রী; দ্বিতীয় যুগ। দক্ষিণ, গার্হপত্য ও আহবনীয় এই তিন অগ্নি।

ত্রেধা—ব্য (ত্রি—ধাচ) তিন প্রকার। তিনবার।

ত্রৈকায়িক—ভূত, ভবিষ্যৎ ও বর্তমান এই তিনকাল স্থায়ী।

ত্রৈগুণ্যম্—বি, ক্লী (ত্রিগুণ—ষ্ণ্য) সত্ত্ব, রজঃ, তমঃ এই তিন গুণ।

ত্রৈমাতুরঃ—বি, পুং (ত্রি—মাতৃ—ষ্ণ) লক্ষ্মণ। পুত্রেষ্টি নামক যজ্ঞে সুমিত্রা যেমন আপন চরু ভক্ষণ করেন সেইরূপ কৌশল্যা এবং কৈকেয়ী প্রদত্ত চরুও ভক্ষণ করিয়াছিলেন, তাহাতে লক্ষ্মণের জন্ম হয় এজন্য লক্ষ্মণকে ত্রৈমাতুর কহে।

ত্রৈরাশিকম্—বি, ক্লী (ত্রিরাশি—কণ্) তিনটি রাশি লইয়া চতুর্থ রাশি নির্ণয় করিবার প্রণালী।

ত্রৈলোক্যম্—বি, ক্লী (ত্রিলোকী—ষ্ণ্য) ত্রিভুবন।

ত্রৈবার্ষিক—বিণ (ত্রিবর্ষ—ষ্ণিক) তিন বৎসর ব্যাপী।

ত্রোটকম্—দৃশ্যকাব্য বিশেষ।

ত্রোটিঃ—বি, স্ত্রী (ত্রুট—কর্ত্তৃ—ইন্) পাখীর ঠোঁট, চঞ্চু।

ত্র্যম্বকঃ—বি, পুং (ত্রি—অম্বক = চক্ষুঃ) শিব।

ত্র্যম্বকসখঃ—বি, পুং (ত্র্যম্বকসখি—অঞ্) কুবের।

ত্র্যহস্পর্শঃ—বি, পুং (ত্রি—অহন্—স্পর্শ) এক দিনে তিন তিথি স্পর্শ। অথবা এক তিথির দিনত্রয় স্পর্শ।

ত্র্যহিক—বি-ণ (ত্র্যহ—ষ্ণিক) তিন দিন অন্তর যাহা হয়।

ত্ব—বি-ণ (তন্ - ব) অন্য, ভিন্ন।

ত্বক্সারঃ—বি, পুং; বাঁশ। দারুচিনি।

ত্বক্ (চ্) —বি, স্ত্রী;
ত্বচঃ —বি, পুং; চর্ম্ম। বল্কল, ছাল।

ত্বৎ—বি-ণ; অন্য, ভিন্ন।

ত্বদীয়—বি-ণ (যুষ্মদ্—ঈয়) তোমার।

ত্বরা—বি, স্ত্রী (ত্বর+অঙ্+টাপ) বেগ। শীঘ্রতা।

ত্বরিত—বি-ণ (ত্বর—কর্ত্তৃ—ক্ত) শীঘ্র, সত্বর।

ত্বষ্টা (ষ্টৃ)—বি, পুং (ত্বক্ষ—তৃন্) বিশ্বকর্ম্মা। ছুতার।

ত্বাচ—বি-ণ (ত্বচ্—ষ্ণ) ত্বগিন্দ্রিয় দ্বারা যাহা সম্পন্ন হয়।

ত্বাদৃক্ (শ্)—(যুষ্মদ্—দৃশ্—কর্ম্ম—ক্বিপ্)

ত্বাদৃশ—(যুষ্মদ্—দৃশ্—কর্ম্ম—টক্) বি-ণ; তোমার সদৃশ।

ত্বিট্ (ষ্)—বি, স্ত্রী (ত্বিষ—কর্ত্তৃ—ক্বিপ্) তেজঃ। কান্তি।

ত্বিষাম্পতিঃ—বি, পুং; সূর্য্য।

ৎসরুঃ—বি, পুং, (ৎসর—কর্ত্তৃ—উ) খড়্গাদির মুষ্টি, অস্ত্রের বাঁট, হাতোল।

ৎসারুক—বিণ (ৎসরু + কন্ + অণ) অসিযুদ্ধে নিপুণ।

থ

থঃ—বি, পুং; (থুঙ্ - ড) ১৭শ ব্যঞ্জন বর্ণ। পর্ব্বত। রোগ বিং। ক্লী; ভয়। মঙ্গল। রক্ষা। (প্রা) নিশ্চেষ্ট। বিস্ময়াপন্ন।

থুৎকারঃ—বি, পুং; থুথু ফেলা, নিষ্ঠীবন।

থৈ থৈ—অব্য, বাদ্যযন্ত্রে করা শব্দের অনুকারাত্মক ধ্বনি।

থোড়নম্—বি, ক্লী (থুড্ + ল্যুট্) সংবরণ।

দঃ—বি, পুং; ১৮শ ব্যঞ্জনবর্ণ। (দা/দো + ক) পর্ব্বত। দান। ছেদন। ক্লী, কলত্র।

দংশঃ—বি, পুং (দন্শ—কর্ত্তৃ—অন্) ডাঁশ, বনমক্ষিকা। (ভাবে—ঘঞ্) দংশন। খণ্ডন।

দংশকঃ—বি,পুং (দনশ—কর্ত্তৃ—ণক) মশা। ডাঁশ। বি-ণ; দংশনকারী।

দংশনম্—বি, ক্লী (দন্শ—ল্যুট্) দন্তাঘাত।

দংশিত—বি-ণ (দংশ—ইত) যাহাকে দংশন করিয়াছে, দন্তাহত।

দংষ্ট্রা—বি, স্ত্রী; (দন্শ—করণ—ত্র—আপ্) বড় দাঁত।

দংষ্ট্রী (ষ্ট্রিন)—বি-ণ (দংষ্ট্রা—ইন্) বৃহদ্দন্তযুক্ত, দাঁতাল। বি, পুং; সর্প। শূকর।

দক্ষঃ—বি, পুং (দক্ষ—কর্ত্তৃ—অন্) ব্রহ্মার পুত্র প্রজাপতি বিং। সংহিতাকার মুনি বিশেষ, শিব, বিষ্ণু। বিণ, সমর্থ। পটু চতুর।

দক্ষতা—বি, স্ত্রী; নৈপুণ্য।

দক্ষিণ—বি-ণ (দক্ষ—কর্ত্তৃ—ইন) যে পরের মতাবলম্বী হইয়া চলে, অনুকূল। সরল। উদার। নিপুণ। ডান, বামেতর। উত্তরের বিপরীত দেশ বা দিক্। সকল নায়িকাতে তুল্যনুরাগী নায়ক বিং।

দক্ষিণ কালিকা—স্ত্রী; দেবী বিশেষ।

দক্ষিণতঃ—অব্য, (দক্ষিণ + তসিল) দক্ষিণ দিকে, দক্ষিণ দেশে।

দক্ষিণস্থ—বি, পুং (দক্ষিণ + স্থা + ক) সারথি। বিণ. দক্ষিণ ভাগে স্থিত।

দক্ষিণকেন্দ্রম্ —বি, ক্লী;
দক্ষিণমেরুঃ —বি, পুং; পৃথিবীর দক্ষিণ প্রান্ত।

দক্ষিণা—বি, স্ত্রী; (দক্ষিণ + টাপ্) অনুষ্ঠিত কর্ম্মের সফলতা জন্য পুরোহিতকে যাহা দেওয়া হয়। দক্ষিণ দিক্। যজ্ঞপত্নী। দেবী বিং। অব্য; দক্ষিণ দিকে।

দক্ষিণাগ্নিঃ—বি. পুং; যজ্ঞীয় অগ্নিবিশেষ।

দক্ষিণাচলঃ—বি, পুং; মলয়পর্বত।

দক্ষিণাৎ—অব্য, দক্ষিণদিকে। দক্ষিণদিক হইতে।

দক্ষিণাপথঃ—বি, পুং; দক্ষিণ দেশ।

দক্ষিণায়নম্—বি, ক্লী; (দক্ষিণ—অয়ন) বিষুব রেখা অর্থৎ পৃথিবীর ঠিক মধ্যস্থান হইতে সূর্যের দক্ষিণ দিকে গমন, শ্রাবণাদি ছয়মাস।

দক্ষিণাবর্ত্ত—বি, পুং; শঙ্খ বিং। যাহার মুখ ডান দিকে খোলা। বিন্ধ্যাচলের দক্ষিণ দেশ।

দক্ষিণাহি—অব্য, ডান দিক।

দক্ষিণীয়—বিণ, (দক্ষিণ + ছ) দক্ষিণা প্রাপ্তির যোগ্য।
দক্ষিণেন—অব্য, (দক্ষিণ + এনপ্) ডানদিকে।
দক্ষিণের্ম্মন্—বি, পুং, দক্ষিণ পার্শ্বে আহত মৃগ।
দগ্ধ—বি-ণ, (দহ—কর্ম্ম—ক্ত) ভস্মীকৃত। (কর্তৃ—ক্ত) সন্তপ্ত।
দণ্ড—বি, পুং, ক্লী; (দণ্ড—করণ—অল্) যষ্টি, লাঠী। সৈন্য। ৬০ পল বা ২৪ মিনিট পরিমিত সময়।
দণ্ডকঃ—পুং, ক্লী; নৃপ বিশেষ। ছান্দোবিশেষ।
দণ্ডকা—বি, স্ত্রী; দেশ বিং, জনস্থান। দণ্ডকারণ্য।
দণ্ডধরঃ—বি, পুং; (দণ্ড + ধৃ + অচ্) যম। রাজা। কুম্ভকার। বি-ণ; যষ্টিধারী।
দণ্ডনায়কঃ—বি, পুং; সেনানী, নৃপ, দণ্ডপ্রণেতা।
দণ্ডনীতিঃ—বি, স্ত্রী; রাজনীতি শাস্ত্র, যাহাতে রাজ্যশাসনসংক্রান্ত নিয়মাদি থাকে।
দণ্ডনীয়—বি-ণ, (দণ্ড—কর্ম্ম—অনীয়) দণ্ড দিবার যোগ্য, শাসনীয়।
দণ্ডপাণিঃ—বি, পুং; যম, ভৈরব বিশেষ।
দণ্ডপারুষ্যম্—বি, ক্লী. শাস্তিবিশেষ।
দণ্ডপালঃ—বি, পুং; (দণ্ড—পালি অন) শাসনকর্তা। মৎস্য বিশেষ।
দণ্ডযাত্রা—বি. স্ত্রী. শত্রুদমনের জন্য যাত্রা। জয়লাভের জন্য যাত্রা।
দণ্ডবৎ—অব্য, দণ্ডের ন্যায়। সাষ্টাঙ্গ প্রণাম।
দণ্ডবিধিঃ—বি, পুং; অসৎকার্য্য নিবারণার্থ নিয়মাবলী।
দণ্ডাদণ্ডি—অব্য, (দণ্ড + দণ্ড + ইক্) পরস্পর দণ্ডযুদ্ধ, লাঠালাঠী।
দণ্ডাপূপ ন্যায়—বি, পুং; ন্যায় অর্থাৎ যুক্তি বিং। যে ব্যক্তি কোন কঠিন কার্য্য সম্পাদন করিতে পারে সে তদপেক্ষা সহজ কর্ম্ম নিশ্চয়ই সম্পন্ন করিতে পারে ইহাই এই ন্যায়ের তাৎপর্য্য।

দণ্ডায়মান—বি-ণ (দণ্ড + কঙ্ + শানচ্) যে দাঁড়াইয়া থাকে।
দণ্ডার—বিণ (দণ্ড + ঋ + অন) দণ্ডপ্রাপ্ত। পুংমত্তহস্তী, কুলালচক্র।
দণ্ডিত—বি-ণ, (দণ্ড—কর্ম্ম—ক্ত) যাহাকে দণ্ড দেওয়া হইয়াছে, শাসিত।
দণ্ডী(ণ্ডিন্)—বি, পুং (নৃপতি বিং)। যিনি যথাশাস্ত্র দণ্ড গ্রহণ করেন, চুতর্থাশ্রমী। দম। বি-ণ, দণ্ডবিশিষ্ট।
দণ্ড্য—বি-ণ, (দণ্ড—ক্য) দণ্ডের যোগ্য।
দৎ—বি, পুং; দন্ত।
দত্ত—বি-ণ (দা—কর্ম্ম—ক্ত) ত্যক্ত। বি, পুং; উপাধি বিং।
দত্তক—বি, পুং (দত্ত—কণ্) পোষ্যপুত্র।
দত্তাত্রেয়—বি, পুং; (দত্ত আত্রেয়) অত্রিমুনির পুত্র ঋষি বিং।
দত্তাপহারী(রিন্)—বি-ণ, যে দান করিয়া পুনরায় ফিরাইয়া লয়।
দত্তাপ্রদানিক—ক্লী, (দত্ত + অপ্রদান + ঠন) দান করিয়া ফিরাইয়া লওয়া।
দত্তি—বি, স্ত্রী (দা + ক্তিন্) দান।
দত্রিম—বি, পুং; (দা—কর্ম্ম—ত্রিমক) দত্তক পুত্র। বি-ণ; দান দ্বারা নিস্পন্ন।
দদন—বি, ক্লী; (দা + ল্যুট্) দান।
দদ্রু, দদ্রূ—বি, পুং; (দদ—কর্তৃ—রু) রোগ বিং, দাদ্।
দদ্রুণ—বি-ণ; (দদ্রু + ন) দদ্রুযুক্ত।
দধন্বৎ—বিণ (দধি মতুপ্) দধিবিশিষ্ট।
দধি—বি, ক্লী (ধা—কর্তৃ—কি) দুগ্ধ বিকার, দৈ।
দধিমণ্ডম্—বি, ক্লী; দধির মাড়।
দধিসারঃ—বি, পুং; নবনীত, ননী।
দধীচি—বি, পুং; মুনি বিং। বৃত্রাসুরবধের সময় ইহার অস্থি দ্বারা বজ্র নির্মিত হয়।
দধৃষ—বিণ (ধৃষ - ক্বিন) ধৃষ্ট।
দধ্নঃ—বি, পুং; (দধ - ন) যম।

দনুঃ—বি, স্ত্রী (দন—অধি—উ) কশ্যপের স্ত্রী বিং। দানবজননী।
দনুজঃ—বি, পুং (দনু—জন—কর্তৃ—ড) অসুর।
দন্তঃ—বি, পুং; (দম—কর্তৃ—তন) দাঁত, দশন। পর্ব্বতের নিতম্ব। ৩২ সংখ্যা।
দন্তকঃ—বি, পুং; নাগদণ্ড।
দন্তচ্ছদঃ—বি, পুং; (দন্ত—ছদ্ + ণিচ্ + ঘ) ঠোঁট, ওষ্ঠ।
দন্ত ধাবনম্—বি, ক্লী; (দন্ত—ধাব + ল্যু) দন্তমার্জ্জন। পুং; দন্তমার্জ্জন সামগ্রী।
দন্তপত্রম্—বি, ক্লী; কর্ণাভরণ বিং।
দন্তবক্রঃ—বি, পুং; কৃষ্ণের বিদ্বেষী নৃপতি বিশেষ।
দন্তবাসঃ(সস্)—বি, ক্লী; ওষ্ঠ।
দন্তাদন্তি—অব্য, পরস্পর দাঁতে দাঁতে যুদ্ধ।
দন্তালিকা, দন্তালী—(দন্ত—অল + ণ্বুল + টাপ্)—বি, স্ত্রী; লাগাম।
দন্তী(ন্তিন্)—বি, পুং; (দন্ত + ইনি) হস্তী।
দন্তুর—বি-ণ (দন্ত—উর) বহির্গত বৃহদ্দন্তবিশিষ্ট। উচ্চনীচ স্থান। কুটিল।
দন্ত্য—বি-ণ (দন্ত—যৎ) দন্ত দ্বারা উচ্চারিত।
দন্দশূকঃ—বি, পুং; (দন্‌শ—যঙলুক—উক) সর্প রাক্ষস। বি-ণ; হিংস্র।
দভ্র—বিণ, (দন্ভ + রক্) অল্প।
দমঃ—বি, পুং (দম—ভাবে—অল্) দমন, শাসন। দণ্ড। ইন্দ্রিয়ের বশীকরণ।
দমঘোষঃ—বি, পুং; শিশুপালের পিতা।
দমনম্—বি, পুং; (দম্ + ল্যুট) শাসন, বশীকরণ। পুষ্প বিং। ঋষি বিং।
দমী(মিন্)—বিণ, (দম - ঘিনুন) দমন শীল।
দময়ন্তী—বি, স্ত্রী (দম—ণিচ্—কর্তৃ—শতৃ—ঈপ্) ভীমরাজের কন্যা, নলের পত্নী।
দমিত—বি-ণ (দম—কর্ম্ম—ক্ত) যাহাকে শাসন করা হইয়াছে। শাসিত। নির্ধারিত।

দম্পতী—বি, পুং (জায়া—পতি) স্ত্রী পুরুষ। (সংস্কৃত ভাবায় এই শব্দটি দ্বিবচনান্ত)
দম্ভঃ—বি, পুং (দন্ভ—ভাবে—ঘঞ) অহঙ্কার, আত্মশ্লাঘা। শঠতা।
দম্ভোলিঃ—বি, পুং; বজ্র।
দম্য—বি-ণ (দম—যৎ) যাহাকে দমন করিতে হইবে, দমনীয়। বি, পুং; ভারবহনের যোগ্য বৎস।
দয়মান—বি-ণ (দয়—কর্তৃ—শানচ্) যে দয়া করিতেছে, সদয়।
দয়া—বি, স্ত্রী (দয়—ভাবে + অঙ + টাপ্) পরের দুঃখে দুঃখিত হইয়া তাহার দুঃখ দূর করিবার ইচ্ছা, অনুগ্রহ।
দয়াময়—(দয়া + ময়ট), দয়ালু—(দয়া আলুচ) বি-ণ; যাহার অধিক দয়াগুণ আছে, দয়াবান্।
দয়ারত্নম্—বি, ক্লী; বৌদ্ধদিগের ধর্ম্মশাস্ত্র।
দয়াবীরঃ—বি, পুং; যিনি পরের দুঃখ দূর করিতে নিজ প্রাণ পর্য্যন্ত দিতেও কাতর নহেন।
দয়িত—বি-ণ (দয় + কর্ম্ম—ক্ত) যাহার প্রতি দয়া করা হয়, প্রিয়। বি, পুং; পতি।
দয়িতা—বি, স্ত্রী; পত্নী।
দর—বি, পুং (দৃ + ভাবে + অল্) ভয়। কম্প; ক্লী; শঙ্খ।
দরদ্—বি, ক্লীং; পর্ব্বতের অনুচ্চ স্থান। পর্ব্বত। ম্লেচ্ছজাতি বিং। দেশ বিং।
দরদ—বিণ, (দর—দা ক) ভয়দায়ক, পুং জাতি বিং।
দরিত—বিণ, (দর + ইতচ্) ভীত, কম্পিত, বিদীর্ণ।
দরিদ্র—বি-ণ (দরিদ্রা—কর্তৃ—অন্) ধনহীন, দীন।
দরিঃ, দরী—বি, স্ত্রী (দৃ + ঈপ্) পর্ব্বতের গুহা, কন্দর।

দরিন্—বিণ, (দৃ + ইনি) ভীরু।

দর্দুর—বি, পুং; (দৃ+ উরচ্) ভেক। মেঘ। পর্ব্বত বিং। বাদ্যযন্ত্র বিং। ক্লী, গ্রামসমূহ।

দদ্রুঃ—বি, পুং; (দরিদ্রা - উ) দাদরোগ

দর্পঃ—বি, পুং (দৃপ + ভাবে + অল্) অহঙ্কার। গর্ব।

দর্পকঃ—বি, পুং; (দৃপ + ণিচ্ + ণ্বুল) কন্দর্প। সদন।

দর্পণঃ—বি, পুং (দৃপ + কর্ত্তৃ + অন) আর্শি, মুকুর।

দর্ভঃ —বি, পুং (দৃন্ভ + কর্ত্তৃ—ঘঞ) কুশ, কেশে।

দর্ব্বিঃ, দর্ব্বী—বি, স্ত্রী (দৃ কর্ত্তৃ—বি) হাতা। সর্পের ফণা।

দর্ব্বীকরঃ—বি, পুং; সর্প।

দর্শঃ—বি, পুং (দৃশ+ঘঞ) অমাবস্যা। যাগ- বিং।

দর্শক—বি-ণ (দৃশ কর্ত্তৃ—ণক) যে দেখে, দৃষ্টিকর্ত্তা। (—ণিচ্—ণক) যে দেখায়, দর্শয়িতা। দ্বারপাল।

দর্শনম্—বি, ক্লী (দৃশ ভাবে—ল্যুট্) দেখা, অবলোকন। জ্ঞান। (—করণ—ল্যুট্) চক্ষুঃ। আর্শি। সাঙ্খ্য, পাতঞ্জল, ন্যায়, বৈশেষিক, মীমাংসা ও বেদান্ত এই ছয় শাস্ত্র।

দর্শনপ্রতিভূঃ —বি, পুং; হাজির জামিন।

দর্শনী—বি, স্ত্রী(দৃশ - ল্যুট্ - ঙীপ্) উপহার, ভেট, নজর।

দর্শনীয়—বি, স্ত্রী (দৃশ কর্ম্ম—অনীয়) দর্শনযোগ্য। সুন্দর।

দর্শিত—বি-ণ (দৃশ—ণিচ্—ক্ত) যাহা দেখান হইয়াছে।

দর্শী(শিন্)—বি-ণ (দৃশ + কর্ত্তৃ + ণিন্) যে দেখে, দর্শক।

দল—বি, পুং, ক্লী (দল+কর্ম্ম+অল্) পত্র। ফুলের পাপড়ি। সমূহ। শ্রেণী, সম্প্রদায়। খণ্ড।

দলনম্—বি, ক্লী (দল + ভাবে + ল্যুট) মর্দ্দন, মাড়ান, চূর্ণ করা। ভেদন। বিকাশ।

দলিত—বি-ণ (দল + কর্ম্ম—ক্ত) মর্দ্দিত। খণ্ডিত। বিকসিত।

দবঃ—বি, পুং; (দু + কর্ত্তৃ—অন্) বন। বনের অগ্নি, দাবানল। (—ভাবে—অল্) সন্তাপ।

দবথুঃ—বি, পুং; (দু + অথুচ্) সন্তাপ। উদ্বেগ।

দবাগ্নিঃ—বি, পুং; (দব + অগ্নি) বনাগ্নি।

দবিষ্ঠ —(দুর—ইষ্ঠন্)
দবীয়ান্(য়স্) —(দুর—ইয়সুন্) বি-ণ; অতি দুরবর্ত্তী।

দশকম্ —বি, ক্লী (দশন্ + কন্)
দশ(ন্) —বি-ণ; দশ সংখ্যা।

দশকর্ম্ম—বি, ক্লী; গর্ভাধানাদি দশবিধ সংস্কার।

দশকণ্ঠঃ/দশকন্ধরঃ/দশমুখঃ—বি, পুং; (দশন্—কণ্ঠ, কন্ধর, মুখ) রাবণ।

দশধা—অব্য, (দশন্—ধাচ্) দশ প্রকার। দশ বার।

দশনঃ—বি, পুং, ক্লী (দন্শ করণ ল্যুট্) দন্ত।

দশনচ্ছদঃ—বি, পুং; ওষ্ঠাধর।

দশবলঃ—বি, পুং; বুদ্ধদেব।

দশভুজা—বি, স্ত্রী. (দশ—ভুজ + টাপ্) দুর্গা।

দশম—বি-ণ (দশন্ - ডট্ + মট্) দশ সংখ্যার পুরণ। স্ত্রী; মী।

দশমদশা—বি, স্ত্রী; জীবনের অন্ত্য অবস্থা।

দশমহাবিদ্যা—বি, স্ত্রী; কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মতঙ্গী ও কমলা এই দশবিধ দেবী।

দশমিক—বি-ণ, যার দ্বারা কোন অখণ্ড রাশির দশাংশের একাংশ ব্যক্ত করা যায়।

দশমী(মিন্)—বি-ণ, (দশমী + ইন্) জীবনের শেষাবস্থা প্রাপ্ত অতিবৃদ্ধ।

দশমূলম্—বি, ক্লী; পাচন বিং।

দশরথঃ—বি, পুং; অযোধ্যপতি, অজেরপুত্র,

দশহরা—বি, স্ত্রী, জ্যৈষ্ঠ মাসের শুক্লা দশমী, পৃথিবীতে গঙ্গার আগমন দিন।

দশা—বি, স্ত্রী; (দন্শ ভাবে—আপ্) যে যে ভাবে আছে তাহার সেই ভাব, অবস্থা। দীপবর্ত্তিকা, শলিতা। বস্ত্রের প্রান্তভাগ, দশী। বাল্য প্রভৃতি বয়স্।

দশাকর্ষঃ—বি, পুং; প্রদীপ, বস্ত্রাঞ্চল।

দশার্ণঃ—বি, পুং; (দশ—ঋণ—দুর্গ) বিন্ধ্যপর্ব্বতের পূর্ব্বদক্ষিণস্থ দেশ বিং।

দশার্হঃ—পুং; দেশ, বিশেষ।

দশাবতারঃ—বি, পুং; বিষ্ণু—মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম রামচন্দ্র, কৃষ্ণ, বুদ্ধ, কল্কী এই ১০ অবতার।

দশাশ্বঃ—বি, পুং; চন্দ্র।

দশাশ্বমেধঃ—বি, পুং; কাশীধামস্থ তীর্থ বিশেষ।

দশাহঃ—বি, পুং; (দশন্—অহন্—ষ) দশ দিন।

দশেন্ধনঃ—বি, পুং; (দশা ইন্ধন) প্রদীপ।

দশেরঃ—বি, পুং; (দশ - এরক) হিংস্র পশু।

দশেরকঃ—বি, পুং; (দশের + কন্) মরুভূমি।

দষ্ট—বি-ণ (দন্শ কর্ম্ম—ক্ত) যাহাকে দংশন করা হইয়াছে, দন্তাহত।

দস্যুঃ—বি, পুং; (দস + কর্ত্তৃ + যু) চোর, ডাকাত। শত্রু। ধর্ম্মচ্যুত।

দস্যুবৃত্তি—বি, স্ত্রী; চুরি, ডাকাইতি।

দস্রঃ—বি, পুং; (দস + রক) অশ্বিনীকুমারদ্বয়। গর্দ্দভ। পালন, রক্ষন।

দহন—বি, পুং; (দহ—কর্ত্তৃ—অন) অগ্নি। চিতাগাছ। (—ভাবে—অনট্) ক্লী; দাহ। বি-ণ যে দগ্ধ করে।

দহ্যমান—বি-ণ (দহ—কর্ম্ম—শানচ) যাহা দগ্ধ হইতেছে।

দহ্র—বি, পুং; (দহ + রক) দাবাগ্নি।

দাক্ষায়ণী—বি, স্ত্রী; (দক্ষ—ষ্ণায়ন—ঈপ্) দক্ষপ্রজাপতির কন্যা।

দক্ষিণাত্য—বি-ণ, (দক্ষিণা—ত্যক্) দক্ষিণ দেশীয়। স্ত্রী; ত্যা।

দাক্ষিণ্য—বি, ক্লী; (দক্ষিণ—ষ্যঞ) সরলতা। (দক্ষিণা—ষ্যঞ) বি-ণ; দক্ষিণা পাইবার যোগ্য।

দাক্ষী—বি, স্ত্রী; (দক্ষ + ইঞ + ঙীষ্) পাণিনির জননী।

দাক্ষীসুতঃ—বি, পুং; পাণিনি মুনি।

দাক্ষ্যম্—বি, ক্লী. (দক্ষ + ষ্যঞ) কৌশল।

দাড়িমঃ—বি, পুং; (দল্ + ঘঞ + ইমপ্)
দাড়িম্বী—বি, স্ত্রী;
দাড়িম্বঃ—বি, পুং; (দা + ডিম্ব) ডালিম্‌গাছ। ক্লী; তাহার ফল।

দাঢ়া —বি, স্ত্রী (দহ—করণ—ঢ, ঢি) দীর্ঘ দন্ত,
দাঢ়িঃ — হূল।

দাত—বিণ, ত্রি; (দৈপ + ক্ত) পূত।

দাতব্য—বি-ণ, (দা + তব্য) দানের যোগ্য।

দাতা(তৃ)—বি-ণ,(দা + কর্ত্তৃ—তৃণ্) যে দান করে, দানশীল।

দাতৃত্বম্—বি, ক্লী; দানশক্তি, বদান্যতা।

দাত্যূহঃ—বি, পুং; (দাপ + ণিচ+ উহ + অণ) ডাকপাখী।

দাত্রম্—বি, ক্লী (দো + ষ্ট্রন্) অস্ত্র বিং, দা, কাটারি।

দাদঃ—বি, পুং (দদ্ - ঘঞ) উপহার, দান।

দানম্—বি, ক্লী; (দা + ল্যুট) বিতরণ। হস্তীর মদ জল। (দো + ভাবে + ল্যুট) ছেদন।

দানপত্রম্—বি, ক্লী; কোন বস্তু দান করিতে হইলে যে পত্রে লিখিয়া দেওয়া হয়।

দানবঃ—বি, পুং; (দনু + ষ্ণ)দৈত্য, অসুর।

দানবারিঃ—বি, পুং (দানব + অরি) দেবতা। ক্লী; হস্তীর মদজল।

দানবীরঃ
দানশীলঃ —বি-ণ; দানে মত্ত, অতিশয় দাতা।
দানশৌণ্ডঃ

দানবেয়ঃ—বি, পুং (দনু - উঙ্ - ঢক্) দানব।

দানীয়—বি-ণ (দা + কর্ম্ম—অনীয়) দানের যোগ্য। (দান + যৎ) দানের পাত্র।

দান্ত—বিণ (দম + কর্ম্ম—ক্ত) যাহাকে দমন করা হইয়াছে, দমিত। বশীকৃত। (দম্—কর্ত্তৃ—ক্ত) যে দমন করিয়াছে, জিতেন্দ্রিয়। শান্ত। সৌম্য।

দান্তিঃ—বি, স্ত্রী, (দম্ - ক্তিন্) আত্মসংযম।

দাপিত— বিণ (দা + ণিচ্ + ক্ত) দণ্ডিত। সাধিত।

দাপ্য—বিণ। (দা + ণিচ্ + যৎ) যাহা দেওয়া যায়।

দাম (ন্)—বি, ক্লী, স্ত্রী (দো—কর্ম্ম—মন্) রজ্জু, দড়ী। মাল্য। সূত্র।

দামাঞ্চলম্—বি, ক্লী (দামন্ + অঞ্চল) পাদবন্ধন-রজ্জু।

দামিনী—স্ত্রী, (দামন্ + ইনি + ঙীপ্) বিদ্যুৎ।

দামোদরঃ—বি, পুং (দামন্—উদর) কৃষ্ণ। যশোদা রজ্জু দ্বারা উদরে বন্ধন করিয়াছিলেন, অথবা রজ্জু দ্বারা বন্ধন করিয়া-ছিলেন কিন্তু কৃষ্ণ সেই রজ্জু হরণ করেন।

দাম্পত্যম্—বি, ক্লী (দম্পতি—ষ্ণ্য) স্ত্রীপুরুষ সম্বন্ধীয়। স্ত্রীপুরুষের প্রণয়।

দাম্ভিক—বিণ (দম্ভ—ষ্ণিক) অহঙ্কারী।

দায়ঃ—বি, পুং; (দা—কর্ম্ম—ঘঞ্) পৈতৃক ধন। বিভাগের যোগ্যধন। ধন। (প্রা) বিপদ্।

দায়ক—বি-ণ (দা—কর্ত্তৃ + ণক) দাতা। ক্ষতিপূরক।

দায়ভাগঃ—বি, পুং; পৈতৃক ধন বিভাগ।

দায়াদঃ—বি, পুং; (দায়—আ—দা—কর্ত্তৃ—ড) উত্তরাধিকারী। জ্ঞাতি। সপিণ্ড।

দায়ী (য়িন্)—বিণ (দা—কর্ত্তৃ—ণিন্) দাতা। ক্ষতিপূরক।

দারঃ—বি, পুং, (দৃ—কর্ত্তৃ—ঘঞ্) যে ভ্রাতৃস্নেহ ভেদ করে, পত্নী।

দারকঃ—বি, পুং; (দৃ—কর্ত্তৃ—ণক) পুত্র। বিণ; যে বিদীর্ণ করে।

দারকর্ম্ম (র্ম্মন্) —বি, ক্লী;
দারপরিগ্রহঃ —বি, পুং; বিবাহ।

দারণম্—বি, ক্লী (দৃ—ণিচ + যুচ) বিদারণ।

দারদঃ—বি, পুং, (দরদ + অণ) পারদ। বিষ বিশেষ।

দারিকা—বি, স্ত্রী; কন্যা।

দারিত—বিণ (দৃ—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহাকে বিদীর্ণ করা হইয়াছে, বিদারিত।

দারিদ্র্য—বি, ক্লী (দরিদ্র—ষ্ণ্য) নির্ধনতা, দৈন্য।

দারুঃ—বি, পুং, ক্লী (দৃ + উন্) কাষ্ঠ। পিত্তল। দেবদারু।

দারুকঃ—বি, পুং; (দারু + কন্) কৃষ্ণের সারথি। দেবদারু বৃক্ষ। ক্লী; কাষ্ঠ।

দারুকা—বি, স্ত্রী; কাষ্ঠপুত্তলিকা।

দারুণ—বিণ (দৃণিচ্—কর্ত্তৃ উনন্) ভয়ানক। কঠিন। দুঃসহ। উৎকট।

দারুময়—বিণ (দারু—ময়ট্) কাষ্ঠনির্ম্মিত।

দার্ঢ্যম্—বি, ক্লী (দৃঢ়—ষ্ণ্য) স্থিরতা। কাঠিন্য।

দার্বটম্—বি, ক্লী, (দারু + অট্ + ক) মন্ত্রণাগৃহ।

দার্শনিক—বিণ (দর্শন—ষ্ণিক) দর্শনশাস্ত্রজ্ঞ। দর্শনশাস্ত্রসংক্রান্ত।

দার্ষদ—বিণ, (দৃষদ্ + অণ) পাষাণ নির্মিত।

দার্ষ্টান্ত —বিণ, (দৃষ্টান্ত + অণ)
দার্ষ্টান্তিক —বিণ, (দৃষ্টান্ত + ঠঞ্) দৃষ্টান্তযুক্ত। উপমেয়।

দালঃ—বি, পুং; (দল + অণ) দলন।

দাবঃ—বি, পুং (দু—কর্ত্তৃ-ণ) বন। বনাগ্নি। (ভাবে—ঘঞ্) তাপ।

দাশঃ—বি, পুং; (দংশ—ট) ধীবর। ভৃত্য।

দাশরথঃ —(দশরথ—ষ্ণ)
দাশরথিঃ —(দশরথ —ষ্ণি) বি, পুং; দশরথের পুত্র।

দাশার্হঃ—বি, পুং; (যদুবংশীয়, যাদব)।

দাসঃ—বি, পুং; (দাস—অচ্) ভৃত্য। ধীবর। শূদ্রজাতি। স্ত্রী; সী।

দাসেয়ঃ—বি, পুং (দাসী—ঢেয়) দাসীগর্ভজাত পুত্র। স্ত্রী; য়ী—সত্যবতী।

দাসেরঃ—বি, পুং; উষ্ট্র। দাসীপুত্র। শূদ্র। কৈবর্ত।

দাস্যং—বি, ক্লী; (দাস—ষ্ণ্য) দাসত্ব।

দাহঃ—বি, পুং; (দহ—ভাবে + ঘঞ্) ভস্মীকরণ। আভ্যন্তরিক যাতনা।

দাহক—বিণ, (দহ—কর্ত্তৃ—ণক) যে দগ্ধ করে, দহনকর্ত্তা। বি, পুং; রাংচিতা।

দাহনম্—বি, ক্লী; (দহ + ণিচ + ল্যুট্) সন্তাপ।

দাহ্য—বি, (দহ—কর্ম্ম—ঘ্যণ্) দাহ-যোগ্য।

দিক্(শ্) —(দিশ—ক্বিপ্)
দিশা —(দিশ্—আপ্) বি, স্ত্রী; পূর্বাদি দিক্। রীতি।

দিক্করঃ—বি, পুং; (দিক্ + কু + টচ্) যুবা, শিব। স্ত্রী. দিক্করী-যুবতী।

দিক্পতিঃ —বি, পুং; পূর্ব্বাদিদিকের রক্ষক,
দিক্পালঃ ইন্দ্র, অগ্নি, যম, নৈঋত, বরুণ, বায়ু, কুবের মহাদেব ব্রহ্মা ও অনন্ত এই দশ।

দিক্শূলম্—বি, ক্লী; যাত্রাকালে গ্রহাদির অশুভ অবস্থা।

দিগম্বরঃ—বি, পুং; (দিক্—শূন্য, অম্বর—বস্ত্র) শিব। বৌদ্ধ বিং। বিণ; বিবস্ত্র, উলঙ্গ।

দিগম্বরী—বি, স্ত্রী; কালী।

দিগ্‌গজঃ—বি, পুং; ঐরাবত পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, পুষ্পদন্ত, ও সুপ্রতীক-এই আটটি দিক্হস্তী।

দিকদর্শনযন্ত্রম্—বি, ক্লী; যে যন্ত্র দ্বারা দিক্ নিরূপিত হয়, কম্পাস।

দিগ্ধ—বিণ, (দিহ—কর্ম্ম—ক্ত) লিপ্ত। মিশ্রিত। বি, পুং; বিষাক্ত বাণ।

দিগ্বিদিক্(শ)—বি, স্ত্রী; দিক্ ও দুই দিকের মধ্যবর্ত্তী দিক্। চলিত ভাষায় ভালমন্দ বিবেচনার অভাবস্থলে এই শব্দের প্রয়োগ হয়; যথা—তাঁহার দিগ্বিদিক্ জ্ঞান নাই।

দিঙ্মাত্রম্—বি, ক্লী; (দিশ্—মাত্রা) একদেশ। বিণ; অল্পমাত্র।

দিতিঃ—বি, স্ত্রী; (দো—কর্ত্তৃ-তিক্) কশ্যপপত্নী, দৈত্যমাতা।

দিতিজঃ—বি, পুং; (দিতি—জন—কর্ত্তৃ—ড) দৈত্য, অসুর।

দিৎসা—বি, স্ত্রী; (দা—সন্—ভাবে—অ - আপ্) দানেচ্ছা।

দিদৃক্ষমাণ—বিণ, (দৃশ্য + সন্ + শানচ্) দর্শনেচ্ছু।

দিদৃক্ষা—বি, স্ত্রী; (দৃশ—সন্—ভাবে—অ—আপ্) দর্শনেচ্ছা।

দিধিঃ—বি, পুং; (ধা + কি) ধৈর্য।

দিধিষূ(ষু)ঃ—বি, স্ত্রী (ধিষ—কর্ম্ম—কু) দুই বার বিবাহিতা স্ত্রী, পুনর্ভু। জ্যেষ্ঠা ভগিনী অবিবাহিতা থাকিতে কনিষ্ঠার বিবাহ হইলে ঐ জেষ্ঠা ভগিনীকে দিধিষু কহে। পুং; দিধিষু—পুনর্ভূপতি।

দিনম্—বি, ক্লী (দী—কর্ত্তৃ—নক) দিবাভাগ, দিবস।

দিনকরঃ—বি, পুং; (দিন—কৃ—কর্ত্তৃ—ট) সূর্য্য।

দিননাথঃ—বি, পুং; সূর্য।

দিনপাতঃ—বি, পুং; দিনযাপন।

দিনমণিঃ—বি, পুং; সূর্য্য।

দিনাদিঃ—বি, পুং; প্রাতঃকাল।

দিনান্তঃ—বি, পুং; সায়ংকাল।

দিলীপঃ—বি, পুং; রঘুরাজার পিতা।

দিব্ —বি, স্ত্রী; (দিব্—অধি-ক্বিপ্)
দিবম্ —বি, ক্লী; (দিব্—ক) স্বর্গ। আকাশ।

দিবসঃ—পুং; ক্লী; (দিব—অধি-অসচ্) দিন।

দিবস্পতিঃ—বি, পুং; (দিবঃ—পতি) ইন্দ্র।

দিবা—অব্য; দিন।

দিবাকরঃ—বি, পুং (দিবা—কৃ—ট) সূর্য্য।

দিবাতন—বিণ, দিবসে যাহা ঘটে, দিবসীয় স্ত্রী নী।

দিবান্ধঃ—বি, পুং; পেচক।

দিবাভীতঃ—বি, পুং; পেচক। চোর।
দিবাশয়ঃ—বিণ, (দিবা +শো + অচ্) দিবসে নিদ্রালু।
দিবিসৎ(দ্)—(দিবি—সদ—কর্ত্তৃ—ক্বিপ্)
দিবৌকাঃ(কস্)—(দিব—ওকস্); বি, পুং; স্বর্গবাসী, দেবতা।
দিবোদাসঃ—বি, পুং; কাশীরাজ।
দিব্য—বিণ, (দিব্—যৎ) স্বর্গীয়। মনোহর। বি, ক্লী; শপথ।
দিব্যচক্ষুঃ(ক্ষুস্)—বিণ, অতীন্দ্রিয় পদার্থদর্শী।
দিশ(শা)—বি, স্ত্রী; (দিশ্—ক্বিন্ + টাপ) পূর্বদিদিক, রীতি।
দিশ্য—বিণ, (দিশ্ - যৎ) দিগ্‌ভব।
দিষ্ট—বি, ক্লী; (দিশ—কর্ম্ম—ক্ত) ভাগ্য। পুং; কাল। বিণ; যাহা আদেশ করা হইয়াছে, আদিষ্ট।
দিষ্টান্তঃ—বি, পুং; (দিষ্ট—অন্ত) মৃত্যু।
দিষ্ট্যা—অব্য; আনন্দে। ভাগ্যক্রমে।
দীক্ষা—বি, স্ত্রী; (দীক্ষ—ভাবে—অ—আপ্) মন্ত্রগ্রহণ। উপদেশ। সংস্কার। যজ্ঞ। ব্রতাদি কর্ম্মে প্রবৃত্তি।
দীক্ষান্ত, দীক্ষিত—বিণ, (দীক্ষ—কর্ম্ম—ক্ত) উপদিষ্ট। সংস্কৃত। যজ্ঞাদি কার্যে সঙ্কল্পপূর্ব্বক প্রবৃত্ত।
দীধিতিঃ—বি, স্ত্রী; (দীধী—ভাবে—ক্তিন্) কিরণ।
দীধিতিমান্(মৎ)—বি, পুং; (দীধিতি—মতুপ) সূর্য্য।
দীন—বিণ, (দী—কর্ত্তৃ—ক্ত) দরিদ্র। দুঃখিত। কাতর।
দীননাথঃ—বি, পুং; দরিদ্রের আশ্রয়।
দীনারঃ—বি, পুং; (দী—আরক) স্বর্ণ মুদ্রা, মোহর। স্বর্ণালঙ্কার।
দীপঃ—বি, পুং; (দীপ—ণিচ্ - অচ্) প্রদীপ।
দীপক—বি-ণ, (দীপ—ণিচ্—ণ্বুল্) প্রকাশক। উত্তেজক। বি, পুং; রাগ বিং। বি, ক্লী; কুঙ্কুম। কাব্যালঙ্কার বিং।

দীপন—বিণ, (দীপ—ণিচ্—ল্যু) উত্তেজনকারী, উদ্দীপক। বি, ক্লী; কুঙ্কুম।
দীপান্বিতা, দীপালী—বি, স্ত্রী; কার্ত্তিকী অমাবস্যা, দেওয়ালী।
দীপিত—বিণ, (দীপ—ণিচ্+ কর্ম্ম—ক্ত) প্রকাশিত। উত্তেজিত। জ্বালিত।
দীপ্ত—বিণ, (দীপ—কর্ত্তৃ+ক্তন) জ্বলিত। দীপ্তিযুক্ত। বি, পুং; সিংহ। ক্লী; স্বর্ণ।
দীপ্তাগ্নি—বি, পুং; অগস্ত্য। বিণ; প্রবল-জঠরাগ্নিযুক্ত।
দীপ্তিঃ—বি, স্ত্রী; (দীপ—ভাবে—ক্তি) তেজঃ। শোভা, কান্তি।
দীপ্যমান—বিণ, (দীপ—কর্ত্তৃ—শানচ্) যাহা দীপ্তি পাইতেছে, শোভমান।
দীপ্র—বিণ, (দীপ—কর্ত্তৃ—র) যাহা স্বভাবতঃ দীপ্তিবিশিষ্ট, দীপ্তিশীল। তীক্ষ্ণ।
দীর্ঘ—বিণ, (দৃ—কর্ত্তৃ—ঘঞ্) লম্বা, আয়ত। বি, পুং; দুইমাত্রা বিশিষ্ট স্বরবর্ণ। শালবৃক্ষ।
দীর্ঘকণ্ঠঃ—বি, পুং; বক, দীর্ঘকণ্ঠ যাহার।
দীর্ঘকন্দঃ—বি, ক্লী; মূলা।
দীর্ঘগ্রীবঃ—বিণ, (দীর্ঘ—গ্রীবা) বিস্তৃতগ্রীবা-যুক্ত। বি, পুং; উষ্ট্র। বক।
দীর্ঘজঙ্ঘঃ—বি, পুং; উষ্ট্র, বক, দীর্ঘজঙ্ঘা যাহার।
দীর্ঘজিহ্বঃ—বি, পুং; সর্প।
দীর্ঘতপা(পস্)—বি, পুং; গোতম ঋষি।
দীর্ঘদশী(শিন্)—বিণ, দূরদর্শী। পণ্ডিত।
দীর্ঘদৃষ্টিঃ—বিণ, পণ্ডিত।
দীর্ঘনাদঃ—বি, পুং; শঙ্খ। ত্রি; দীর্ঘশব্দকারী।
দীর্ঘমাত্রা—বি, স্ত্রী; বন্ধনী, ব্রাকেট চিহ্ন।
দীর্ঘমারুতঃ—পুং; হস্তী।
দীর্ঘসত্রম্—বি, ক্লী; বহুকালসাধ্য যজ্ঞ। বিণ; ঐরূপ যজ্ঞকারী।
দীর্ঘরাগা—স্ত্রী; হরিদ্রা।

দীর্ঘসূত্র, দীর্ঘসূত্রী(ত্রিন্)—বিণ, যে বিলম্বে কার্য্য করে, চিরক্রিয়।
দীর্ঘিকা—বি, স্ত্রী; (দীর্ঘ-টাপক্) বৃহৎ পুষ্করিণী, দীঘী।
দীর্ণ—বিণ, (দৃ + ক্ত) বিদারিত, ভীত,
দুঃ(র,স্)—অব্য; দুষ্ট। নিন্দিত। নিষিদ্ধ। দুঃখ। কোপ।
দীব্যমান—বিণ, (দিব - শানচ) অক্ষক্রীড়া।
দুঃখম্ —(দুঃ - খন - ড) দুঃখ। বি, ক্লী (দুঃখ—ভাবে—অল্) ক্লেশ। মনস্তাপ। বিণ; দুঃখ জনক।
দুঃখত্রয়ম্—বি, ক্লী; আধ্যাত্মিক, আধিদৈবিক, আধিভৌতিক এই ত্রিবিধ দুঃখ।
দুঃখাসিকা—স্ত্রী, (দুঃখ + আস্ + ণ্বুল + টাপ্) দুঃখাবস্থিতি।
দুঃখিত—বিণ (দুঃখ—ইত) দুঃখযুক্ত।
দুঃশাস্—বিণ (দুর্ + শাস + খল্) যাকে অতিকষ্টে শাসন করা যায়।
দুঃশাসনঃ—বি, পুং (দুর্—শাস—কর্ম্ম অন) দুর্য্যোধনের ভ্রাতা। বিণ; যাহাকে অতি কষ্টে শাসন করিতে হয়, দুর্দ্দম্য।
দুঃশীল—বিণ; অসৎ স্বভাববিশিষ্ট, দুর্বৃত্ত।
দুঃষম—বিণ; নিন্দনীয়।
দুঃসহ—বিণ; (দুর্—সহ—কর্ম্ম খল) যাহা কষ্টে সহ্য করিতে হয়, কষ্ট সহ্য।
দুঃসাধ্য—বিণ; কষ্টে সম্পাদনীয়, দুষ্কর।
দুঃসাহসম্—বি, ক্লী; অনুচিত সাহস।
দুঃসাহসিক—বিণ (দুঃসাহস—ষ্ণিক) যে অনুচিত সাহস প্রকাশ করে।
দুঃস্থ, দুস্থ—বিণ (দুর্—স্থা—কর্ত্তৃ ড) দরিদ্র। দুরবস্থাপন্ন।
দুঃস্থিতিঃ—বি, স্ত্রী, দুরবস্থা। অস্থিরতা।
দুঃস্পর্শ—বিণ, (দুর্—স্পৃশ্ + খল) দুঃখে স্পর্শনীয়।

দুঃস্বপ্নঃ—বি, পুং; যে স্বপ্ন দেখিলে অমঙ্গল ঘটে, অশুভস্বপ্ন।
দুকূল—বি, ক্লী, ক্ষৌমবস্ত্র। সূক্ষ্মবস্ত্র।
দুগ্ধম্—বি, ক্লী (দুহ—কর্ম্ম ক্ত) দুধ, ক্ষীর। বিণ; পুরিত।
দুগ্ধপোষ্য—বিণ; যে কেবল দুগ্ধ পান করিয়া জীবনধারণ করে, অতি শিশু।
দুত—বিণ (দু + ক্ত) পীড়িত। দুর্গত।
দুন্দুভিঃ—বি, পুং (দুন্দু—ভা—কর্ত্তৃ ডি) বৃহৎ ঢক্কা, নাগরা। দৈত্য বিং।
দুন্বৎ—বিণ (দু + শতৃ) পীড়াদায়ক।
দুর্(স্)— অব্য, (দু + র-ক্ [সুক্]) দুষ্ট, নিন্দা দুঃখ, ঈষৎ, কৃচ্ছ্র, কপট।
দুর—বিণ, (দু + কুর্) দাতা।
দুরক্ষঃ—বি, পুং (দুর্ - অক্ষ) কপটপাশক, দুষ্টনেত্র।
দুরতিক্রম—বিণ (দুর—অতি—ক্রম—কর্ম্ম খল্) যাহা অতিক্রম করা দুঃসাধ্য। দুর্জ্জয়। দুস্তর।
দুরতয়—বিণ; (দুর্—অতি + ই + খল্) দুর্ব্বিনাশ্য। দুরতিক্রম।
দুরদৃষ্টম্—বি, ক্লী; দুর্ভাগ্য। পাপ।
দুরধিগম—বিণ; (দুর—অধি—গম—কর্ম্ম খল্) দুর্ব্বোধ্য। দুর্গম। দুষ্প্রাপ্য।
দুরধ্ব—বিণ (দুর + অধ্বন + অচ) দুষ্টমার্গ।
দুরন্ত—বিণ; দুর্বৃত্ত। পরিণামে কষ্টদায়ক। দুর্জ্জেয়। গভীর।
দুরপনেয়—বিণ (দুর—অপ—নী—কর্ম্ম য) দুর্নিবার।
দুরভিসন্ধিঃ—বি, পুং; মন্দ অভিপ্রায়।
দুরবগাহ—বিণ (দুর—অব—গাহ—কর্ম্ম খল্) দুর্ব্বোধ্য। দুষ্প্রবেশ।
দুরাগ্রহঃ—বি, পুং; মন্দ অভিনিবেশ। বিণ; তদ্বিশিষ্ট।
দুরাকাঙ্ক্ষ—বিণ (দুর—আকাঙ্ক্ষা) যাহার আকাঙ্ক্ষার নিবৃত্তি হয় না, অতিলোভী।

দুরাকাঙক্ষা—বি, স্ত্রী; দুষ্প্রাপ্য বিষয়ের অভিলাষ।
দুরাচারঃ—বি, পুং; মন্দব্যবহার। বিণ; তদ্বিশিষ্ট।
দুরাত্মা (ত্মন্)—বিণ; দুষ্টস্বভাববিশিষ্ট, দুর্বৃত্ত।
দুরাধর্ষ—বিণ, (দুর—আ—ধৃষ্ + খল) যাহা ধর্ষণ করা দুঃসাধ্য। পুং, শ্বেতসর্ষপ।
দুরানম—বিণ, (দুর্—আ—নম্ + ণিচ্ + খল্) যাহাকে কষ্টে নত করা যায়।
দুরাপ—বিণ, (দুর্—আপ্ + খল্) দুষ্প্রাপ্য।
দুরারোহ—বিণ (দুর—আ—রুহ—কর্ম্ম খল্) অতিশয় উন্নত।
দুরালভ—বিণ, (দুর - আ - লভ - খল) দুঃস্পর্শনীয়।
দুরাশয়—বিণ; মন্দ অভিপ্রায়যুক্ত।
দুরাশা—বি স্ত্রী; দুষ্ট আশা।
দুরাসদ—বিণ (দুর—আ—সদ—কর্ম্ম খল্) দুষ্প্রাপ্য। দুর্দ্ধর্ষ। দুঃসহ।
দুরিতম্—বি, ক্লী (দুর্—ইত) পাপ। অনিষ্ট। বিণ; পাপী।
দুরুক্তম্—বি, ক্লী; দুর্ব্বাক্য। গালি।
দুরুধরা—বি, স্ত্রী; সূর্য্য ও গ্রহান্তরের মধ্যস্থলে চন্দ্রের অবস্থিতিরূপ যোগ বিং।
দুরূহ—বিণ (দুর—উহ—কর্ম্ম খল্) কঠিন, দুর্ব্বোধ। কষ্টসাধ্য।
দুরোদরঃ—বি, পুং; দ্যূতকার, জুয়ারী। পণ। ক্লী; পাশাখেলা।
দুর্গ—বি, ক্লী (দুর—গম—কর্ম্ম ড) গড়। পুং; অসুর বি বিণ; দুর্গম।
দুর্গত—বিণ; দরিদ্র। দুরবস্থাপন্ন।
দুর্গতিঃ—বি, স্ত্রী; দুরবস্থা। দারিদ্র্য। নরক।
দুর্গন্ধ—বি, পুং; মন্দগন্ধ। বিণ; তদ্যুক্ত।
দুর্গম—বিণ (দুর—গম—কর্ম্ম খল্) দুষ্প্রবেশ। দুর্ব্বোধ।
দুর্গসঞ্চরঃ—বি, পুং; (দুর্গ—সম্—চির্ + অপ্) সেতু, সাঁকো।
দুর্গা—বি,স্ত্রী, পার্ব্বতী।

দুর্গানবমী—বি, স্ত্রী; কার্তিকমাসের শুক্লানবমী, জগদ্ধাত্রী পূজার তিথি।
দুর্ঘট—বিণ (দুর—ঘট—কর্ম্ম খল্) যাহা অতিকষ্টে ঘটে, কঠিন।
দুর্ঘটনা—বি, স্ত্রী; অশুভঘটনা, বিপদ।
দুর্জ্জনঃ—বি, পুং; খল। নিষ্ঠুর।
দুর্জ্জয়—বিণ (দুর—জি—কর্ম্ম খল্) যাহাকে জয় করা কঠিন।
দুর্জাত—বি, ক্লী; দুর্ভাগ্য। ব্যসন। বিণ; যাহার জন্ম দোষযুক্ত।
দুর্জ্ঞেয়—বিণ, (দুর + জ্ঞা + যৎ) যাহা অতিকষ্টে জানা যায়।
দুর্দম্য, দুর্দান্ত—বিণ, দুর্বৃত্ত, অশান্ত।
দুর্দশা—বি, স্ত্রী, মন্দ অবস্থা, দুরবস্থা।
দুর্দর্শ—বিণ (দুর—দৃশ—কর্ম্ম খল্) যাহা কষ্টে দেখিতে হয়।
দুর্দান্ত—বিণ, দুঃখে দমনীয়। অশান্ত। পুং, শিব।
দুর্দিনম্—বি, ক্লী; মেঘাচ্ছন্ন দিন। বর্ষণ। দুঃসময়।
দুর্দৈবম্—বি, ক্লী; দুর্ভাগ্য। দুর্ঘটনা।
দুর্ধর—বিণ, (দুর্—ধৃ + খল) বিণ, দুধর্ষ। পু, নরক বিং, ঋষভ, পারা, ভেলা, মহিষাসুর।
দুর্দ্ধর্ষ—বিণ (দুর—দৃশ—কর্ম্ম খল্) যাহাকে পরাভব করিতে পারা যায় না, অনভিভবনীয়। অক্ষোভ্য।
দুর্নয়ঃ—বি, পুং (দুর্—নী + অচ্) দুষ্ট নীতি।
দুর্নাম (মন্)—বি, ক্লী; অখ্যাতি, কলঙ্ক।
দুর্নামা—বি, স্ত্রী (দুর—নামন্—টাপ্) ঝিনুক।
দুর্নিমিত—বিণ; অতিকষ্টে উত্তোলিত, দুরুৎক্ষিপ্ত।
দুর্নিমিত্তম্—বি, ক্লী; অশুভচিহ্ন।
দুর্নিরীক্ষ্য—বিণ (দুর—নির্—ঈক্ষ + যৎ) যাহা অতিকষ্টে দেখা যায়।
দুর্বল—বিণ; বলশূন্য। কৃশ। অশক্ত।
দুর্বুদ্ধি—বিণ; কুবুদ্ধিশালী, বি, স্ত্রী; দুষ্টমতি।

দুর্ভক্ষ্যম্—বি, ক্লী (অব্যয়ী) খাদ্যদ্রব্যের অভাব। কষ্টে ভক্ষণীয়।
দুর্ভগ—বিণ; ভাগ্যহীন। অপ্রিয়।
দুর্ভর—বিণ; (দুর—ভৃ—কর্ম্ম খল্) যাহা দুঃখে বহন করা হয়। দুর্বহ, গুরু। দুঃসহ।
দুর্ভাগ্যম্—বি, ক্লী, দুরদৃষ্ট। বিণ; তদ্যুক্ত।
দুর্ভিক্ষম্—বি, ক্লী, অব্যয়ী, (দুর—ভিক্ষা) ভিক্ষার অভাব, দেশে খাদ্য বস্তুর অভাব, অকাল।
দুর্ভেদ্য—বিণ (দুর—ভিদ—কর্ম্ম ণ্যৎ) যাহা ভেদ করা দুঃসাধ্য, কঠিন।
দুর্মতি—বিণ; দুর্বুদ্ধি।
দুর্মদ—বিণ; অতিমত্ত। দুর্দ্ধর্ষ।
দুর্মনাঃ (নস্)—
দুর্মনায়মান—বিণ (দুর্মনস্—অঙ—শানচ্) উদ্বিগ্নচিত্ত। দুঃখিত।
দুর্মুখ—বিণ; কটুভাষী। বি, পুং; অশিক্ষিত অশ্ব। রামচন্দ্রের গুপ্তচর।
দুর্মূল্য—বিণ; যাহার মূল্য অধিক, অক্রেয়।
দুর্মেধাঃ (ধস্)—বিণ (দুর—মেধা) নির্ব্বোধ, মন্দবুদ্ধি।
দুর্যোগ—বি, পুং; দুর্দিন। দুঃখজনকযোগ।
দুর্য্যোধনঃ—বি, পুং (দুর—যুধ—যুচ্) ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠপুত্র।
দুর্লক্ষ্য—বিণ; যাহা অতি কষ্টে দেখা যায়, অদৃশ্য।
দুর্লভ—(দুর—লভ—কর্ম্ম খল্)
দুর্লভ্য—(দুর—লভ—কর্ম্ম যৎ) বিণ; দুষ্প্রাপ্য। বহুমূল্য।
দুর্ললিতম্—বি, ক্লী; দুশ্চেষ্টিত, আব্দার। বিণ; যে আব্দার করে, আব্দেরে।
দুর্বচ—বিণ, (দুর্—বচ্ + খল্) দুঃখে কথনীয়।
দুর্বচস্—বি, ক্লী, গর্হিতবচন।
দুর্বর্ণ—বি ক্লী, রজত। ত্রি, মলিন। পুং, দুষ্ট অক্ষর।
দুর্বস—বিণ্—(দুর—বস+খল্) বাসের অযোগ্য।
দুর্বহ—বিণ (দুর—বহ—কর্ম্ম খল্) অতিকষ্টে বহনীয়, অতিভার। দুঃসহ।

দুর্বাক্যম্—বি, ক্লী; কটুবাক্য। অশ্লীলবাক্য।
দুর্বার—বিণ (দুর—বৃ—ণিচ্—কর্ম্ম খল্) অনিবার্য্য।
দুর্বাসাঃ (সস্)—বি, পুং; মুনি বিং। বিণ; কুৎসিতবস্ত্রধারী।
দুর্বিধ—বিণ (দুর—বিধা) দরিদ্র। খল। মূর্খ।
দুর্বিদগ্ধ, দুর্বিনীত—বিণ; উদ্ধত। দুষ্ট।
দুর্বিপাকঃ—বি, পুং; মন্দ পরিণাম। দুর্ঘটনা। বিণ; যাহা পরিণামে মন্দ।
দুর্বিসহ—বিণ; (দুর—বি—সহ্ + খল) অতি অসহ্য।
দুর্বৃত্ত—বিণ; দুশ্চরিত্র। উদ্ধত।
দুর্হৃৎ (দ)—বি, পুং; শত্রু।
দুর্হৃদয়—বিণ; দুষ্টচিত্ত।
দুলিঃ(লী)—বি, স্ত্রী, (দুল - কি - ঙীষ) ছোট কচ্ছপ, কচ্ছপী, পুং-মুনিবিশেষ।
দুশ্চর—বিণ (দুর—চর—কর্ম্ম খল্) যাহা দুঃখে সম্পন্ন করিতে হয়, দুঃসাধ্য। দুর্গম।
দুশ্চেষ্টিতম্—বি, ক্লী; মন্দ আচরণ।
দুশ্চ্যবনঃ—বি, পুং (দুর—দুঃসহ, চ্যবন—মুনি বিং) ইন্দ্র। ইন্দ্র চ্যবনের প্রতি বজ্র উত্তোলন করিলে তাঁহার অভিশাপে ইন্দ্রের হস্ত স্তম্ভিত হইয়াছিল।
দুষ্কর—বিণ (দুর—কৃ—কর্ম্ম খল্) যাহা কষ্টে করা হয়। দুশ্চর।
দুষ্কর্ম্ম (র্ম্মন্)—বি, ক্লী; অসৎকর্ম্ম, পাপ। বিণ; র্ম্মা—পাপী।
দুষ্কুলম্—বি, ক্লী; অসৎবংশ।
দুষ্কৃতম্—বি, ক্লী;
দুষ্কৃতিঃ—বি, স্ত্রী; দুষ্কর্ম্ম। দুর্ভাগ্য।
দুষ্ট—বিণ(দুষ+ক্ত) দোষযুক্ত। দুর্জ্জন। অপবিত্র।
দুষ্ঠু—অব্য; (দুর - স্থা - কু) মন্দ, কুৎসিত।
দুষ্পুর—বিণ (দুর্—পূর—কর্ম্ম খল্) যাহা পূরণ করা দুঃসাধ্য।

দুষ্প্রধর্ষ—বিণ, (দুর—প্র—ধৃষ—কর্ম্ম খল্) যাহাকে পরাভব করা দুঃসাধ্য।

দুষ্প্রবৃত্তি—বি, স্ত্রী; মন্দ ইচ্ছা।

দুষ্প্রাপ—(দুর—প্র—আপ—কর্ম্ম খল)
দুষ্প্রাপ্য—(দুর—প্র—আপ—ণ্যৎ) বিণ; দুর্লভ।

দুষ্মন্তঃ / **দুষ্যন্তঃ** —বি, পুং; ভরতরাজার পিতা, শকুন্তলার পতি।

দুস্তর—বিণ; (দুর—তৃ—কর্ম্ম খল্) যাহা পার হওয়া কঠিন।

দুস্ত্যাজ্য—বিণ (দুর—ত্যজ—কর্ম্ম ণ্যৎ) যাহা ত্যাগ করা কঠিন।

দুহিতা (তৃ)—বি, স্ত্রী (দুহ—কর্ত্তৃ তৃচ্) কন্যা। কেহ বলেন, পূর্ব্বকালে কন্যাগণ গাভীদোহন করিত বলিয়া দুহিতা নাম হইল।

দুহ্য—বিণ (দুহ—কর্ম্ম ক্যপ্) দোহনযোগ্য, দোহনীয়।

দুহ্যমান—বিণ (দুহ—কর্ম্ম শানচ্) যাহাকে দোহন করা হইতেছে।

দূ—বি, স্ত্রী, (দূ + ক্বিপ্) দুঃখ।

দূতঃ—বি, পুং (দূ—কর্ত্তৃ ক্ত) বার্ত্তাবহ, সংবাদদাতা। চর।

দূতিঃ / **দূতী** —বি, স্ত্রী (দূ—কর্ত্তৃ তিক্) বার্ত্তাহারিণী। কুট্টনী।

দূত্যম্—বি, ক্লী (দূত, তী—ষ্ণ্য) দূত বা দূতীর কার্য্য।

দূন—বিণ (দূ—কর্ত্তৃ ক্ত) ক্লিষ্ট। শ্রান্ত। পরিতপ্ত।

দূর—বিণ; যাহা নিকট নয় অসন্নিকট। অগোচর। অতাজ্য। দীর্ঘ।

দূরদর্শী (র্শিন্)—বিণ, পণ্ডিত, পরিণামদর্শী। বি. পুং—গৃধ্র।

দূরবীক্ষণম্—বি, ক্লী; যন্ত্র বি, যে যন্ত্রে দূরস্থ বস্তু দেখা যায়, দূরবীণ।

দূরস্থ—বিণ (দূর—স্থা—কর্ত্তৃ ড) যে দূরে থাকে, দূরবর্ত্তী।

দূরীকরণম্—বি, ক্লী (দূর—চ্বি—কৃ—ল্যুট্) তাড়াইয়া দেওয়া।

দূরীভূত—বিণ (দূর—চ্বি—ভূ—কর্ত্তৃ ক্ত) যে দূর হইয়া গিয়াছে।

দূর্ব্বা—বি, স্ত্রী (দুর্ব্ব—কর্ত্তৃ—অন্ + টাপ্) স্বনামপ্রসিদ্ধ তৃণ।

দূর্বাষ্টমী—ভাদ্র মাসের শুক্লা অষ্টমী।

দূষক—(দূষ্—ণিচ্—কর্ত্তৃ ণক) যে দোষারোপ করে, অপবাদকারী।

দূষণ—বি, পুং; (দুষ—ণিচ্ + কর্ত্তৃ অন) রাক্ষস বিং। বিণ; যে দোষারোপ করে। (ভাবে ল্যুট) বি, ক্লী; দোষ দেওয়া। দোষ।

দূষিকা—বি, স্ত্রী; চক্ষুর পিচুটি।

দূষিত—বিণ (দুষ—ণিচ্ + কর্ম্ম ক্ত) দোষযুক্ত। নিন্দিত।

দূষ্য—বিণ (দুষ—ণিচ্—কর্ম্ম যৎ) নিন্দনীয়। ত্যাগযোগ্য।

দৃক্ (শ্)—বি, স্ত্রী (দৃশ্—ক্বিপ্) দর্শন। জ্ঞান। নেত্র। বিণ; যে দেখে, দর্শক।

দৃক্‌পথম্—বি, ক্লী (দৃশ—পথিন + অচ্) দৃষ্টিযোগ্যস্থান।

দৃঢ়—বিণ (দৃহ—কর্ত্তৃ ক্ত) কঠিন। সমর্থ। স্থির। অত্যন্ত। গাঢ়।

দৃঢ়মুষ্টি—বিণ; কৃপণ। বি, পুং; খড়্গ।

দৃঢ়লোমন্—বি, পু, শূকর।

দৃঢ়ব্রত—বিণ, ফলোদয় পর্য্যন্ত। যিনি কার্য করেন।

দৃতিঃ—বি, স্ত্রী (দৃ—কর্ম্ম ক্তিন্) চর্ম্ম। ভিস্তী। ভস্ত্রা। মৎস্য বিং।

দৃতিহরিঃ—বি, পুং (দৃতি—হৃ—কর্ত্তৃ ই) কুক্কুর।

দৃন্‌ভূঃ—বি, পুং, (দৃন—ভূ + ক্বিপ্) বজ্র। সর্প। সূর্য্য। চক্র। নৃপ।

দৃপ্ত—বিণ (দৃপ—কর্ত্তৃ ক্ত) গর্ব্বিত। উদ্ধত। দুষ্ট।

দৃশা—বি, স্ত্রী; দর্শন। জ্ঞান। নেত্র।

দৃশৎ (দ) / **দৃষৎ (দ)** —বি, স্ত্রী; প্রস্তর।

দৃশ (দ্ব)স্বতী—বি, স্ত্রী; নদী বিং। আর্য্যাবর্ত্তের পূর্ব্বসীমা।

দৃশ্য—বিণ (দৃশ্—কর্ম্ম ক্যপ্) দর্শনযোগ্য। সুশ্রী।

দৃশ্বন্—বিণ (দৃশ্ + কনিপ্) দর্শক।

দৃষ্ট—বিণ (দৃশ—কর্ম্ম ক্ত) যাহা দেখা হইয়াছে। জ্ঞাত। লৌকিক।

দৃষ্টান্তঃ—বি, পুং; উদাহরণ। কাব্যালঙ্কার বিং। উপমান।

দৃষ্টিঃ—বি, স্ত্রী (দৃশ—ভাবে ক্তিন্) দর্শন। (করণ—ক্তি) চক্ষুঃ।

দৃষ্টিনিক্ষেপঃ—বি, পুং; কটাক্ষ।

দৃষ্টিপথঃ—বি, পুং (দৃষ্টি - পথিন - অব্) যতদূর দৃষ্টি চলে। দৃষ্টিবিষয়।

দৃষ্টিবিজ্ঞান—বি, ক্লী; আলোক ও দর্শনবিষয়ক বিদ্যা।

দৃষ্টিবিভ্রমঃ—বি, পুং অনুরাগপূর্ণ দৃষ্টি। হাব-ভাব যুক্ত দৃষ্টি।

দৃষ্টিবিষঃ—বি পুং, সর্প বিং।

দেদীপ্যমান—বিণ (দীপ—যঙ্—কর্ত্তৃ শানচ্) যে অতিশয় দীপ্তি পাইতেছে, জাজ্বল্যমান।

দেয—বিণ (দা—কর্ম্ম যৎ) দানযোগ্য।

দেবঃ—বি, পুং (দিব—কর্ত্তৃ অন্) ঈশ্বর। দেবতা। রাজা। ব্রাহ্মণ। মেঘ। ক্লী ইন্দ্রিয়। দীপ্তি।

দেবকঃ—পুং, (দিব্ + ণ্বুল) কৃষ্ণের মাতামহ।

দেবকী / **দৈবকী** —বি, স্ত্রী; দেবকরাজের কন্যা। কৃষ্ণের মাতা।

দেবখাতম্—বি, ক্লী; (দেব—খন্ + ক্ত) অকৃত্রিম জলাশয়।

দেবগিরিঃ—বি, পুং; পর্ব্বত বিং, দক্ষিণাত্যে হায়দ্রাবাদের অন্তর্গত।

দেবগুরুঃ—বি, পুং; বৃহস্পতি।

দেবচ্ছন্দঃ—পুং, বহুনরী মুক্তাহার।

দেবতরুঃ—বি, পুং; পারিজাতবৃক্ষ।

দেবতা—বি, স্ত্রী; (দেব—স্বার্থে তল্—আপ্) দেব, অমর।

দেবতালঃ—বি, পুং, বৃক্ষবিশেষ।

দেবত্র—বিণ (দে—ত্রৈ—কর্ত্তৃ ড) দেবসেবার্থ ভূম্যাদি।

দেবদত্ত—বিণ; দেবতাকে বা দেবতা কর্ত্তৃক দত্ত। বি, পুং; ব্যক্তি বিং। অর্জ্জুনের শঙ্খ।

দেবদারু—বি, পুং; স্বনামখ্যাত বৃক্ষ।

দেবদেবঃ—বি, পুং; ব্রহ্মা। বিষ্ণু। শিব।

দেবনম্—বি, ক্লী (দিব—ল্যুট্) ক্রীড়া। স্তুতি। ব্যবহার। জিগীষা। দীপ্তি। দুঃখ। ক্রীড়াস্থান। পুং; পাশক। স্ত্রী-না।

দেবনদী—বি, স্ত্রী; গঙ্গা।

দেবভূয়ম্—বি, ক্লী (দেব—ভূ—ভাবে ক্যপ্) দেবত্ব।

দেবমণিঃ—বি, পুং; অশ্বের গলদেশে রোমাবর্ত্ত। কৌস্তুভমণি।

দেবমাতা (তৃ)—বি, স্ত্রী; অদিতি, কশ্যপপত্নী।

দেবমাতৃক—বিণ; বৃষ্টিজলদ্বারা উৎপন্ন শস্যে পালিত দেশ।

দেবযজিঃ—বি, পুং; দেবপূজক, মুনিপ্রভৃতি।

দেবযানম্—বি, ক্লী; দেবতাদের রথ, বিমান।

দেবযানি(নী)—বি, স্ত্রী; শুক্রাচার্য্যের কন্যা, যযাতি রাজার পত্নী।

দেবযোনিঃ—বি, পুং; উপদেবতা, বিদ্যাধর প্রভৃতি।

দেবরঃ—বি, পুং (দিব—কর্ত্তৃ অরন্) স্বামীর কনিষ্ঠভ্রাতা।

দেবরাজঃ—বি, পুং (দেব—রাজন্) ইন্দ্র।

দেবরাট্(জ)—বি, পুং (দেব—রাজ—কর্ত্তৃ ক্বিপ্) ইন্দ্র।

দেবরাতঃ—বি, পুং (দেব—রা—কর্ম্ম ক্ত) পরীক্ষিৎ রাজা। বিশ্বামিত্রপুত্র বিং। বিণ; দেবদত্ত।

দেবর্ষিঃ—বি,পুং (দেব—ঋষি) দেবতা অথচ ঋষি, নারদাদি।

দেবলঃ—বি,পুং (দেব—লা—কর্ত্তৃ ড) দেবতা পূজা করিয়া যে জীবনধারণ করে, পূজারী ব্রাহ্মণ। মুনি বিং।

দেবলোকঃ—বি, পুং; স্বর্গ।

দেবব্রতঃ—বি, পুং; দেব অর্থাৎ ইন্দ্রিয় সংযম যাহার ব্রত, ভীষ্ম।

দেবসাৎ—অব্য (দেব—চসাৎ) দেবতাকে দেয়।

দেবসাযুজ্যম্—বি, ক্লী; দেবতার সহযোগ। দেবসাদৃশ্য।

দেবসেনা—বি, স্ত্রী; ইন্দ্রের কন্যা, কার্ত্তিকেয়পত্নী। দেবসৈন্য।

দেবশর্ম্মা(র্ম্মন্)—বি, পুং; (দেব—শর্ম্মা) অশুভ নাশক ব্রাহ্মণের উপাধি বিং।

দেবস্বম্—বি, ক্লী; দেবসেবার জন্য নিয়োজিত ধন। যাজ্ঞিক ধন।

দেবহূতিঃ—বি, স্ত্রী; স্বায়ম্ভুব কন্যা।

দেবাজীবঃ—বি, পুং; (দেব—আজীব) পূজারী-ব্রাহ্মণ।

দেবাত্মা(ত্মন্)—পুং; অশ্বত্থ বৃক্ষ। দেবতাস্বরূপ।

দেবাপিঃ—বি, পুং; (দেব—আপ—কর্ত্তৃ—ই) চন্দ্রবংশীয় নৃপতি বিং।

দেবা(বৃ)—বি, পুং; (দিব—কর্ত্তৃ-ঋ) দেবর।

দেবায়ুধম্—ক্লী, ইন্দ্রধনু। বজ্র।

দেবী—বি, স্ত্রী; (দেব-ণিচ্-অচ-ঙীষ্) স্ত্রীদেবতা। দুর্গা। মহিষী। ব্রাহ্মণী।

দেশঃ—বি, পুং; (দিশ—কর্ম্ম—অল্) ভুমির অংশ বিং, স্থান।

দেশান্তরম্—বি, ক্লী; অন্যদেশ, দূরদেশ।

দেশী(শিন)—বিণ (দেশ—ইন্) দেশজাত।

দেশিনী—বি, স্ত্রী; (দিশ—কর্ত্তৃ—ণিন্—ঈপ্) তর্জ্জনী অঙ্গুলী।

দেশীয়—বিণ (দেশ—ণীয়) দেশ-(দেশ+ণ্যৎ) দেশসম্বন্ধী। দেশজাত।

দেহ—বি, পুং; ক্লী; (দিহ—কর্ম্ম—অল্) শরীর। পুং; (ভাবে—অল্) লেপন।

দেহভৃৎ—বি, পুং; (দেহ—ভৃ—কর্ত্তৃক্বিপ্) প্রাণী।

দেহযাত্রা—বি, স্ত্রী; জীবনযাপন।

দেহলি(লী)—বি, স্ত্রী; (দেহ—লেপন—লা—কর্ত্তৃ—ড—ঈপ্) চৌকাঠের অধঃস্থিত কাষ্ঠ।

দেহাত্মবাদী(দিন্)—বি, পুং; যাহাদের মতে দেহই আত্মা, চার্ব্বাক, বৌদ্ধ বিং।

দেহী(হিন্)—বি, পুং; (দেহ—ইন্) প্রাণী। আত্মা।

দৈতেয়ঃ—(দিতি—ঢেয়)
দৈত্য—(দিতি—ষ্ণ্য) বি, পুং; অসুর।

দৈত্যগুরুঃ—বি, পুং; শুক্রাচার্য্য।

দৈত্যনিসূদনঃ—বি, পুং; (দৈত—নি—সূদ্ ণিচ্ ল্যু) বিষ্ণু।

দৈত্যারিঃ—বি, পুং; বিষ্ণু।

দৈনন্দিন—বিণ, (দিন দিন—ষ্ণ) প্রতিদিন যাহা হয়, প্রাত্যহিক।

দৈনিক—বিণ, (দিন—ষ্ণক) দারিদ্র্য। কাতরতা। কৃপণতা।

দৈর্ঘ্যম্—বি, ক্লী; (দীর্ঘ—ষ্ণ্য) লম্বা পরিমাণ দীর্ঘতা।

দৈবম্—বি, ক্লী; (দেব—ষ্ণ) ভাগ্য, অদৃষ্ট। অঙ্গুলীর অগ্রভাগ রূপ দেবতীর্থ। পুং; বিবাহ বিং। বিণ; দেবসম্বন্ধী। স্ত্রী; বী।

দৈবজ্ঞঃ—বি, পুং (দৈব—জ্ঞা—কর্ত্তৃ—ড) যে শুভাশুভ গণনা করে, গণক।

দৈবত—বি. পুং; ক্লী; (দেবতা—স্বার্থে—ষ্ণ) দেবতা। ক্লী; দেবসমূহ। বিণ; দেবসম্বন্ধী।

দৈববাণী—বি, স্ত্রী; দেবতার প্রত্যাদেশ, আকাশবাণী।

দৈবাৎ—অব্য, হঠাৎ। দৈববশতঃ।

দৈবিক—বিণ, (দেব—ষ্ণিক) দেবঘটিত। দেবসম্বন্ধীয়।

দৈশিক—বিণ, (দেশ + ঠঞ্) দেশসম্বন্ধীয়, দেশকৃত।

দৈষ্টিক—বিণ, (দিষ্ট—ষ্ণিক) যে কেবল ভাগ্যের উপর নির্ভর করে, যন্ত্রবিষ্য।

দৈহিক—বিণ (দেহ—ষ্ণিক) দেহসম্বন্ধীয়; শারীরিক।

দোঃ(ষ)—বি, পুং; (দস—করণ ক্বিপ্) বাহু।

দোগ্ধা(গ্ধৃ)—বিণ, (দুহ—কর্ত্তৃ—তৃন্) দোহা কর্ত্তা। বি, পুং; বৎস। গোপাল।

দোগ্ধ্রী—বি, স্ত্রী; (দুহ—কর্ম্ম—তৃন্—ঈপ্) দোহনশীলা, দুগ্ধবতী ধেনু।

দোদুল্যমান—বিণ, (দুল—যঙ্—কর্ত্তৃ—শানচ্) যে পুনঃ পুনঃ দুলিতেছে।

দোধুয়মান—বিণ, (ধু—যঙ্—কর্ত্তৃ—শানচ্) পুনঃ পুনঃ কম্পমান, ধৃধূকারী।

দোর্দণ্ডঃ—বি, পুং; (দোষ্—দণ্ড) বাহুরূপ দণ্ড।

দোলঃ—বি, পুং;
দোলা(লা)—বি, স্ত্রী (দুল—কর্ত্তৃ—অন্) যাহাতে রাখিয়া দোলায়, দোল্না। ডুলি। ধান্যাদি রাখিবার পাত্র, ডোল।

দোলনম্—বি, ক্লী; (দুল—ভাবে—ল্যুট) ইতস্ততঃ চলন, দোলা। কম্পন।

দোলায়মান—বিণ, (দোলা—ঙ্য—কর্ত্তৃ—শানচ্) যাহা পুনঃপুনঃদুলিতেছে, দোদুল্যমান।

দোষ্—বি, পুং; (দুষ + বিচ্) বাহু।

দোষঃ—বি, পুং; (দুষ—ভাবে—অল্) পাপ। অপরাধ। অনিষ্ট। কুকর্ম্ম। কলঙ্ক। ত্রুটি। অনিয়ম।

দোষগ্রাহী(হিন্)—বিণ, দুর্জ্জন।

দোষজ্ঞ—বি, পুং; (দোষ—জ্ঞা—কর্ত্তৃ—ড) পণ্ডিত। চিকিৎসক। বিণ; দোষ বিৎ।

দোষত্রয়ম্—বি, ক্লী; বাত, পিত্ত, কফ।

দোষা—অব্য, রাত্রি। স্ত্রী-বাহু।

দোষাকরঃ—বি, পুং; (দোষা—কৃ—কর্ত্তৃ—ট) চন্দ্র। (দোষ—আকর) বহুদোষযুক্ত।

দোষাবহ—বিণ, (দোষ—আবহ) দোষজনক।

দোষী(যিন্)—বিণ, (দোষ—ইন্) দোষযুক্ত, অপরাধী।

দোষৈক দর্শী(র্শিন্)
দোষৈক দৃক্(শ) } —বিণ, যে কেবল দোষ দেখে।

দোস্—বি, পুং; (দম্ + ডোস্) বাহু।

দোহঃ—বি, পুং; (দুহ—অল) দুধ। তৃপ্তি। দোহনপাত্র। স্ত্রী; হা—মাত্রাচ্ছন্দো বিং।

দোহদম্—বি, ক্লী; (দোহ—দা—কর্ত্তৃ—ড) গর্ভিণীর স্পৃহা, সাধ। গর্ভ। ইচ্ছা। চিহ্ন। বৃক্ষাদির পোষক ঔষধাদি।

দোহদী (দিন্)—বিণ. (দোহদ-ইনি) কামী।

দোহনম্—বি, ক্লী; (দুহ—ভাবে—ল্যুট) দুগ্ধাকর্ষণ সংগ্রহকরণ।

দোহনী—বি, স্ত্রী (দুহ—অধি ল্যুট—ঈপ্) দোহনপাত্র।

দোহলঃ—বি, পুং; ইচ্ছা, অভিলাষ।

দোহলী—বি, স্ত্রী (দোহল-ঙীষ) অশোক বৃক্ষ।

দৌত্যম্—বি, ক্লী (দূত—ষ্ণ্য) দূতের কার্য্য।

দৌরাত্ম্যম্—বি, ক্লী; (দুরাত্মন্—ষ্ণ্য) অত্যাচার। নিষ্ঠুরতা।

দৌর্ভাগিনেয়ঃ—বি, পুং; (দুর্ভগা—ঢেয়) দুর্ভগার পুত্র। স্ত্রী; য়ী—কন্যা।

দৌর্মনস্যম্—বি, ক্লী; (দুর্মনস্—ষ্ণ্য) দুঃখ। উদ্বেগ। দুর্ভাবনা। মনঃক্ষোভ।

দৌর্হৃদ—বি, ক্লী; (দুহৃদয়া—ষ্ণ) গর্ভ। গর্ভিণীর ইচ্ছা। মানসিক দুরবস্থা।

দৌবারিকঃ—বি, পুং; (দ্বার—ঠক্) দ্বারপাল। স্ত্রী; কী।

দৌষ্কুলেয়—বিণ, (দুষ্কুল—ঢেয়) নিন্দিত বংশোৎপন্ন।

দৌহিত্রঃ—বি, পুং; (দুহিতৃ—ষ্ণ) কন্যার পুত্র)

দ্যাবাপৃথিবী—বি, স্ত্রী, (দ্যৌ—পৃথিবী) পৃথিবী ও স্বর্গ।

দ্যু—বি, ক্লী; (দিব্ + ক্বিপ্) দিন। আকাশ স্বর্গ। পুং; অগ্নি। সূর্য্য।

দ্যুতিঃ—বি, স্ত্রী (দ্যুত + ইন্) দীপ্তি। শোভা। প্রকাশ।

দ্যুমণিঃ/দ্যুপতিঃ—বি, পুং; সূর্য্য।
দ্যুম্ন—বি, ক্লী; (দ্যু—ম্না—কর্ত্তৃ—ড) স্বর্ণ। ধন। সামর্থ্য।
দ্যুলোকঃ—বি, পুং; স্বর্গ।
দ্যুসৎ(দ্)—বি, পুং; (দিব্—সদ্—কর্ত্তৃক্বিপ্) দেবতা।
দ্যূত—বি, পুং; ক্লী; (দিব—কর্ত্তৃ—ক্ত) পাশকাদি ক্রীড়া, জুয়াখেলা।
দ্যূতকরঃ—(দ্যুত—কৃ—কর্ত্তৃ—ষণ্) বি, পুং; যে পাশকাদি দ্বারা ক্রীড়া করে, জুয়ারি।
দ্যূতপ্রতিপদ্—বি, স্ত্রী; কার্ত্তিক মাসের শুক্লা প্রতিপদ।
দ্যূন—বিণ, (দিব্ + ক্ত) ক্রীড়ক।
দ্যো—বি, স্ত্রী; (দিব্—অধি—ড্যো) স্বর্গ। আকাশ।
দ্যোতঃ—বি, পুং; (দ্যু—ভাবে—অল্) দীপ্তি, আলোক। প্রকাশ। আতপ, রৌদ্র।
দ্যোতক—বিণ. (দ্যুত + ণিচ্ + ণক) ব্যঞ্জক, সূচক। প্রকাশক।
দ্যোতিত—বিণ, (দ্যুত + ণিচ্ + কর্ম্ম ক্ত) প্রকাশিত। শোভিত।
দ্রঢ়িমা(মন্)—বি, পুং; (দৃঢ় + ইমনিচ্) দৃঢ়তা, কাঠিন্য। স্থৈর্য্য।
দ্রম্ম—পুং, এককাহন।
দ্রঢ়ীয়স্—বিণ. (দৃঢ় + ঈয়সনু); দ্রঢ়িষ্ঠ (দৃর + ইষ্ঠন্) অতিদৃঢ়।
দ্রবঃ—বি, পুং; (দ্রু—ভাবে—অল্) ক্ষরণ, গলন বেগ। অতি। (কর্ত্তৃ—অন্)
দ্রবণম্—ক্লী. (দ্রু ল্যুট) ক্ষরণ, গতি।
দ্রবিড়—বি, পুং; (দ্রু—কর্ত্তৃ—ইড়) ম্লেচ্ছ বিং।
দ্রবিণম্—বি, ক্লী; (দ্রু—কর্ত্তৃ—ইন) ধন। স্বর্ণ। পরাক্রম।
দ্রব্য—বি, ক্লী; (দ্রু—কর্ম্ম—য) বস্তু।
দ্রষ্টা(ষ্টৃ)—বিণ, (দৃশ—কর্ত্তৃ—তৃচ) যে দেখে, দর্শক। সাক্ষী। বিচারক।
দ্রাক্—অব্য; শীঘ্র, ঝটিতি।

দ্রাক্ষা—বি, স্ত্রী; (দ্রাক্ষ—কর্ম্ম—অল্—আপ্) কিসমিস্। মনাক্কা। আঙ্গুর।
দ্রাঘিমা(মন্)—বি, পুং; (দীর্ঘ—ইমনিচ্) দৈর্ঘ্য।
দ্রাঘীয়ান্(য়স্)—বিণ, (দীর্ঘ—ঈয়সুন) অতিদীর্ঘ। স্ত্রী; য়সী।
দ্রাবক—বিণ, (দ্রু—ণিচ্—কর্ত্তৃ—ণক) যে গলায়, দ্রবকারক। বি, পুং; রস বিং। (দ্রু—কর্ত্তৃ—ণক) লম্পট। চোর। চন্দ্র কান্তমণি।
দ্রাবণম্—বি, ক্লী (দ্রু—ণিচ্—ভাবে ল্যুট্) দ্রবীকরণ। তাড়াইয়া দেওয়া।
দ্রাবিড়ঃ—বি, পুং (দ্রাবিড়—ষঃ) দাক্ষিণাত্যের পূর্ব্ব কলিঙ্গের দক্ষিণ কন্যাকুমারী পর্য্যন্ত দেশ বিং। বিণ; তদ্দেশীয় লোক।
দ্রাবিড়ী—বি, স্ত্রী; ছোট এলাইচ।
দ্রুঃ—বি, পুং (দ্রু—র্ত্তৃ ডু) বৃক্ষ। শাখা।
দ্রুঘণঃ—বি পুং (দ্রু—হন—করণ অল্) মুদগর। কুঠার। ব্রহ্মা।
দ্রুণী—স্ত্রী, ত্রি, (দ্রুহ + ক) দ্রোহকাটক। কেন্নুই।
দ্রুহিণঃ—বি, পুং (দ্রুহ—কর্ত্তৃ কিন) ব্রহ্মা।
দ্রোণ—বি, পুং, ক্লী (দ্রু—কর্ত্তৃ ন) পরিমাণপাত্র বিং, আঢ়কচতুষ্টয়. ৩২ সের পরিমাণ। পুং; কুরুবংশের গুরু, দ্রোণাচার্য্য। দাঁড়কাক। পুষ্প বিং, ঘলঘসিয়া ফুল।
দ্রোণি (ণী)—বি, স্ত্রী (দ্রু—কর্ত্তৃ নি) ডিঙ্গী। ডোঙ্গা। জলসেচনী। জলের গাম্‌লা। গরুর গাম্‌লা। দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী স্থান।
দ্রোণীদল—পুং, কেতকবৃক্ষ। ক্লী, কেতকপুষ্প।
দ্রোহ—বি, পুং (দ্রুহ—ভাবে—অল্) অপকার করা, অনিষ্টাচরণ। অনিষ্টচিন্তা। পরাভব।
দ্রোহী (হিন্)—বি-ণ, (দ্রুহ—কর্ত্তৃ—ণিন্) অনিষ্টকারী।
দ্রৌণায়নঃ—(দ্রোণ—ষ্ণায়ন)
দ্রৌণায়নিঃ—(দ্রোণ—ষ্ণায়নি)
দ্রৌণিঃ—(দ্রোণ—ষ্ণিও) বি, পুং; দ্রোণপুত্র, অশ্বত্থামা।

দ্রৌপদী—বি, স্ত্রী (দ্রুপদ—ষ্ণ—ঈপ্) দ্রুপদরাজের কন্যা, পাণ্ডবপত্নী।
দ্বন্দ্বঃ—বি, ক্লী যুগ্ম। স্ত্রীপুরুষ, মিথুন। শীতোষ্ণ, সুখদুঃখ, রাগদ্বেষ ইত্যাদি বিরুদ্ধ যুগ্ম। বিবাদ, কলহ। যুদ্ধ। পুং; সমাস বিং।
দ্বন্দ্বচরঃ—পু, চক্রবাকপক্ষী।
দ্বয়—বি, ক্লী (দ্বি—অয়ট্) দুইসংখ্যা। যুগ্ম। বি-ণ; দ্বিত্বসংখ্যাবিশিষ্ট। স্ত্রী; য়ী।
দ্বাঃস্থ দ্বাস্থ—(দ্বার্—স্থা—কর্ত্তৃ—ড)
দ্বাঃস্থিত, দ্বাস্থিত—(দ্বার—স্থিত) বি, পুং; দ্বারপাল। বি-ণ; দ্বারস্থিত।
দ্বাচত্বারিংশৎ—বি, স্ত্রী (দ্বি—অধিক—চত্বারিংশৎ) ৪২ সংখ্যা।
দ্বাত্রিংশৎ—বি, স্ত্রী (দ্বি—অধিক—ত্রিংশৎ) ৩২ সংখ্যা।
দ্বাদশ—বি-ণ (দ্বাদশন্—ডট্) ১২ সংখ্যার পূরণ। স্ত্রী; শী। (দ্বাদশন্) ১২ সংখ্যা।
দ্বাদশাত্মা(ত্মন্)—বি, পুং; সূর্য্য।
দ্বাপরঃ—বি, পুং (দ্বি—পর) তৃতীয় যুগ। সন্দেহ।
দ্বার্—বি, স্ত্রী; (দ্বৃ - ক্বিপ্)
দ্বার—বি, ক্লী; (দ্বৃ - ণিচ্ - অচ্) দুয়ার। উপায়। সম্মুখ।
দ্বারকা—বি, স্ত্রী (দ্বার—কৈ—কর্ত্তৃ ড আপ্) কৃষ্ণের নগরী।
দ্বারপাল—বি, পুং (দ্বার—পা + ণিচ্ + অন্) দ্বাররক্ষক।
দ্বারবর্তী—
দ্বারাবতী—(দ্বার—মতুপ—ঈপ্)
দ্বারিকা—(দ্বার—কণ্—আপ্) বি, স্ত্রী; দ্বারকাপুরী।
দ্বারিক—(দ্বার—ষ্ণিক)
দ্বারী (রিন্)—বি, পুং; দ্বারপাল। বি-ণ; দ্বারে স্থিত।
দ্বাবিংশতি—বি, স্ত্রী (দ্ব—অধিক—বিংশতি) ২২ সংখ্যা। বি-ণ: তৎসংখ্যাবিশিষ্ট।

দ্বিঃ—(দ্বি + ড)
দ্বিকঃ—বি, পুং; (দ্বি + অকচ্) দুই সংখ্যা। বিণ; দুই সংখ্যাবিশিষ্ট।
দ্বিককুদ্—পুং, উষ্ট্র।
দ্বিগুঃ—পুং; (দ্বি + গো) সমাস বিশেষ। ত্রি, যাহার দুইটি গরু আছে।
দ্বিগুণ, দ্বিগুণিত—বি-ণ; যাহাকে দুই দিয়া গুণ করা হইয়াছে।
দ্বিগুণাকৃত—বি-ণ (দ্বিগুণ—ডাচ্—কৃ—কর্ম্ম—ক্ত) যে ক্ষেত্রাদি দুইবার কর্ষণ করা হইয়াছে।
দ্বিজঃ—(দ্বি—জন—কর্ত্তৃ—ড)
দ্বিজন্মা(জন্মন্)—
দ্বিজাতিঃ—বি, পুং; ব্রাহ্মণ। ক্ষত্রিয়। বৈশ্য। দন্ত। অণ্ডজ, পক্ষী প্রভৃতি।
দ্বিজরাজঃ—বি, পুং; চন্দ্র। ব্রাহ্মণ। গরুড়। অনন্ত।
দ্বিজবন্ধু/দ্বিজব্রুবঃ—অধম দ্বিজ।
দ্বিজিহ্বঃ—বি, পুং (দ্বি—জিহ্বা) সর্প। খল। সূচক। চোর।
দ্বিতয়ম্—বি, ক্লী; (দ্বি—তয়ট্) দুই সংখ্যা। বি-ণ; দুই সংখ্যা বিশিষ্ট। স্ত্রী; তয়ী।
দ্বিতল—বি-ণ; দোতলা গৃহাদি।
দ্বিতয়ম্—(দ্বি + তয়প্) ক্লী, দুই সংখ্যা।
দ্বিতীয়—বি-ণ (দ্বি—তীয়) দুই সংখ্যার পূরণ। স্ত্রী; য়া।
দ্বিদল—বি, পুং; কলাই প্রভৃতি দাইল। বি-ণ; দুই পত্র বিশিষ্ট, কুশ প্রভৃতি।
দ্বিদেহ—বি. পুং; দুই পত্র বিশিষ্ট, কুশ প্রভৃতি।
দ্বিধা—ব্য (দ্বি—ধাচ্) দুই প্রকার। দুইবার।
দ্বিপ—বি, পুং (দ্বি—পা—কর্ত্তৃ—ড) যে দুইবার পান করে অর্থাৎ একবার শুণ্ড দ্বারা পরে মুখ দ্বারা, হস্তী।
দ্বিপদঃ—বি, পুং; মনুষ্য। দেবতা। পক্ষী। রাক্ষস।

দ্বিপদী—বি, স্ত্রী; ছন্দো বিং।
দ্বিপায়ী (য়িন্)—(দ্বি + পা + নিনি) গজ।
দ্বিমাতৃকঃ—বি, পুং; গণেশ। জরাসন্ধ।
দ্বিমুখঃ—পুং, রাজসর্প। কৃমিরোগ বিশেষ।
দ্বিমুর্দ্ধ—বি-ণ (দ্বি—মুর্দ্ধন্—য) দুই মস্তকবিশিষ্ট।
দ্বিরাগমনম্—বি, ক্লী (দ্বিঃ—আগমন) দুইবার কথিত।
দ্বিরুক্ত—বি-ণ (দ্বিঃ—উক্ত) দুইবার কথিত।
দ্বিরুক্তিঃ—বি, স্ত্রী; দুইবার বলা।
দ্বিরূঢ়া—বি, স্ত্রী (দ্বিঃ—ঊঢ়া) দুইবার বিবাহিতা স্ত্রী, পুনর্ভূ।
দ্বিরেফঃ—বি, পুং; ভ্রমর।
দ্বিবার্ষিক—বি-ণ (দ্বি—বর্ষ—ষ্ণিক) যাহা দুই বৎসরে সম্পন্ন। যাহা দুই বৎসরে সম্পন্ন হইবে এইরূপ ভবিষ্যৎকাল বুঝাইলে দ্বৈবার্ষিক হয়।
দ্বিবিধ—বি-ণ; দুই প্রকার।
দ্বিশফঃ—পু, দ্বিধাবিভক্ত খুরযুক্ত প্রাণী।
দ্বিশঃ (স্)—অব্যয়, দুজন দুজন।
দ্বিট্(ষ্)—(দ্বিষ—কর্ত্তৃ—ক্বিপ)
দ্বিষন্ (ৎ)—দ্বিষ—কর্ত্তৃ—শতৃ) বি, পুং; শত্রু। বি-ণ; দ্বেষকারী।
দ্বিষ্ট—বি-ণ (দ্বিষ—কর্ম্ম—ক্ত) যাহাকে দ্বেষ করা হয়।
দ্বিষ্ঠ—ত্রি, (দ্বি—স্থা + ক) উভয়স্থ।
দ্বিস্ (ঃ)—অব্য, দুইবার।
দ্বিসপ্ততিঃ—বি, স্ত্রী (দ্বি—অধিক—সপ্ততি) ৭২ সংখ্যা। বি-ণ; তৎসংখ্যাবিশিষ্ট।
দ্বিহায়নী—বি, স্ত্রী; (দ্বি—হায়ন + ঙীষ) দ্বিবর্ষা গবী।
দ্বীপ—বি, পুং, ক্লী (দ্বি—অপ্—অ) চতুর্দ্দিকে জলবেষ্টিত স্থল। সপ্ত মহাদ্বীপ এবং একাদশ উপদ্বীপ, সর্ব্বসমেত অষ্টাদশ দ্বীপ। ক্লী; নানাবর্ণ চর্ম্ম, ব্যাঘ্রচর্ম্ম।
দ্বীপী (পিন্)—বি, পুং (দ্বীপ—ইন্) ব্যাঘ্র।
দ্বেধা—অব্য (দ্বি—ধাচ্) দুই প্রকার। দুইবার।
দ্বেষঃ—বি, পুং (দ্বিষ—ভাবে—অল্) শত্রুতা। ঈর্ষ্যা। বিরাগ। ক্রোধ।
দ্বেষণঃ—পুং (দ্বিষ্ + যুচ্) শত্রু।
দ্বেষী (ষিন্)—বি-ণ (দ্বেষ—ইন) দ্বেষকারী।
দ্বেষ্টা—বিণ্ (দ্বিষ্ + তৃচ্) দ্বেষকর্তা।
দ্বেষ্য—বি-ণ (দ্বিষ—কর্ম্ম—যৎ) যাহাকে দ্বেষ করা হয়, দ্বেষের বিষয়।
দ্বৈত—বি, ক্লী (দ্বি—ইত = দ্বীত—ভাবার্থেষ্ণ) দ্বিতীয়ত্ব, দুই পদার্থের অস্তিত্ব। বি-ণ, দ্বিত্বশূন্য।
দ্বৈতবন—বি, ক্লী; সরস্বতী নদীতীরস্থ শোক মোহ রহিত বন বিং।
দ্বৈতবাদী (দিন্)—বি-ণ (দ্বৈত—বদ—কর্ত্তৃ—ণিন্) যাহারা জীবাত্মা ও পরামাত্মা এই দুই পদার্থ ভিন্ন বলিয়া স্বীকার করে।
দ্বৈধম্—বি, ক্লী (দ্বিধা—ষ্ণ) সন্দেহ। মতভেদ।
দ্বৈধম্—অব্য, একের সহিত সন্ধি, অপরের সহিত বিগ্রহ এই দুই প্রকার। প্রবল শত্রুর প্রতি মৌখিক আত্মসমর্পণ। দ্বিধা।
দ্বৈপায়নঃ—বি, পুং (দ্বীপ—অয়ন—জন্মভূমি—ষ্ণ) ব্যাসদেব।
দ্বৈমাতুরঃ—বি, পুং (দ্বি—মাতৃ—ষ্ণ) গণেশ। জরাসন্ধ।
দ্বৈরথম্—ক্লী (দ্বি—রথ + অণ) দুই রথীর যুদ্ধ।
দ্ব্যঙ্গুলম্—বি, ক্লী (দ্বি—অঙ্গুলি—অ) দুই অঙ্গুলি। বি-ণ; দুই অঙ্গুলি পরিমিত।
দ্ব্যণুকম্—বি, ক্লী (দ্বি—অণু—কণ্) দুই পরমাণুর সমষ্টি।
দ্ব্যর্থ—বিণ; দুই অর্থযুক্ত।
দ্ব্যামুষ্যায়ণঃ—বি, পুং (দ্বি—অমুষ্যায়ণ) দত্তকপুত্র। পুত্র বিং, যে পুত্র উভয়ের সম্মতিক্রমে গৃহীত হইয়া জনক ও গ্রহীতা উভয়ের পিণ্ডদান ও ধন গ্রহণ করে।

দ্ব্যাহিক—বি-ণ (দ্বি—অহন্—ষ্ণিক) দুই দিন পরে যাহা হয়, দিনদ্বয়ান্তরিত।
দ্ব্যোপশঃ—বি, পুং (দ্বি—আ + উপ + শে + ড) দুইটি শৃঙ্গ বিশিষ্ট।

ধ

ধঃ—বি, পুং; (ধা - ড) উনবিংশ ব্যঞ্জনবর্ণ। ধর্ম্ম। ব্রহ্মা। কুবের। ক্লী; ধন।
ধটঃ—বি, পুং; (ধন + ট) নিক্তি দাঁড়ি। তুলারাশি।
ধটকঃ—বি, পুং (ধট + ক) পরিমাণ বিশেষ।
ধটিকা, ধটি—বি, স্ত্রী; বস্ত্রখণ্ড, কৌপীন, ধড়া।
ধটী (টিন্)—বিণ, পু, শিব, তুলরাশি।
ধনম্—বি, ক্লী (ধন—কর্ত্তৃ অন্) স্থাবর অস্থাবর সম্পত্তি। প্রিয়বস্তু। স্নেহ। যোগচিহ্ন। ধনিষ্ঠা নক্ষত্র।
ধনঞ্জয়ঃ—বি, পুং (ধন—জি—কর্ত্তৃ খচ্) অগ্নি। অর্জ্জুন। সর্প বিং। শরীরস্থ বায়ু।
ধনদঃ—বি, পুং (ধন—দা—কর্ত্তৃ ড) কুবের। (দা—কর্ত্তৃ ড) বিণ; ধনদাতা।
ধনপতিঃ—বি, পুং; কুবের। ধনী।
ধনবান্ (বৎ)—(ধন—মতুপ্)
ধনী (নিন্)—(ধন—ইন্) বিণ; ঐশ্বর্য্যশালী। স্ত্রী; বতী, নিনী।
ধনাঢ্য—বিণ; যাহার প্রচুর ধন আছে।
ধনিক—বি, পুং (ধনিন্—কৈ—কর্ত্তৃ ড) ধনিয়া। বিণ; উত্তমর্ণ, মহাজন। ধনাঢ্য। স্ত্রী; ধনিকা—সুন্দরী স্ত্রী। বঙ্গভাষায় পদ্যস্থলে সুন্দরীকে ধনী বলা হইয়া থাকে।
ধনিষ্ঠা—বি, স্ত্রী (ধনবৎ—ইষ্ঠ—আপ্) নক্ষত্রবিশেষ।
ধনুঃ—(ধন—কর্ত্তৃ উ) বি, পুং;
ধনুঃ (স্)—(ধন—কর্ত্তৃ উস্) বি, পুং, ক্লী; ধনুক। নবমরাশি।
ধনুর্ধর—(ধনুস্—ধৃ—কর্ত্তৃ অন)
ধনুর্ভৃৎ—(ধনুস্—ভৃ— কর্ত্তৃ ক্বিপ্)
ধনুষ্মান্ (ষ্মৎ)—(ধনুস্—মতু) বিণ; ধনুর্ধারী।
ধনুর্বেদঃ—বি, পুং (ধনুস—বেদ) শস্ত্রবিদ্যা।
ধনুষ্টঙ্কারঃ—বি, পুং; ধনুকের ছিলার শব্দ। রোগ বিং।
ধনেশ্বর—বি, পুং, কুবের, ত্রি-ধনস্বামী।
ধন্য—বিণ (ধন—ষ্ণ্য) ভাগ্যবান্। কৃতার্থ। প্রশংসনীয়। স্ত্রী; ন্যা।
ধন্যাকম্—বি, ক্লী; ধনিয়া।
ধন্ব—বি, ক্লী (ধন্ব-করণ-অল্) ধনুক। পুং; মরুভূমি।
ধন্বনম্—(ধণ্ব + কনিন্) ধনুক, মরুভূমি।
ধন্বন্তরিঃ—বি, পুং (ধন্ব—অন্ত—ঋ—কর্ত্তৃ—ই) দেবচিকিৎসক।
ধন্বী (ন্বিন্)—বি-ণ (ধন্ব—ইন্) ধনুর্ধারী।
ধমনঃ—বি, পুং (ধম—কর্ত্তৃ—অন্) নল, চোঙ্গা।
ধমনিঃ (নী)—বি, স্ত্রী (ধম—কর্ত্তৃ—অনি) নাড়ী, শিরা।
ধম্মিল্লঃ—বি, পুং; (ধম্—বিচ্ + মিল + ক) চুলের খোঁপা, সংযতকেশ।
ধরণম্—বি, ক্লী (ধৃ—কর্ত্তৃ—ল্যুট্) ধারণ। চলিত ভাষার প্রণালী, পদ্ধতি।
ধরণিঃ (ণী)—বি, স্ত্রী (ধৃ—কর্ত্তৃ—অনি) পৃথিবী।
ধরণীধরঃ—বি, পুং; পর্ব্বত। অনন্ত। কূর্ম্মরাজ।
ধরা—বি, স্ত্রী (ধৃ—কর্ত্তৃ—অন্—আপ্) পৃথিবী।
ধরাতলম্—বি, ক্লী (ধরা—তল স্বার্থে) পৃথিবী।
ধরাধরঃ—পুং, (ধরা—ধৃ + অচ) পর্বত, অনন্ত।
ধরামরঃ—বি, পুং (ধরা—অমর) ব্রাহ্মণ।
ধরিত্রী—বি, স্ত্রী (ধৃ—কর্ত্তৃ—ইত্র ঈপ্) পৃথিবী।
ধর্ত্তব্য—বি-ণ (ধৃ—কর্ম্ম—তব্য) ধারণযোগ্য, বিবেচ্য।
ধর্ম্মঃ—বি, পুং, (ধৃ—কর্ত্তৃ—মম্) সৎকার্য্যের অনুষ্ঠান জন্য গুণ বিং, পুণ্য, শুভাদৃষ্ট। শাস্ত্রানুমোদিত কার্য্য। স্বভাব। রীতি। অহিংসা। সাদৃশ্য। যম।

ধর্ম্মক্ষেত্রম্—বি, ক্লী; পুণ্যস্থান। কুরুক্ষেত্র।

ধর্ম্মঘটঃ—বি, পুং; বৈশাখ মাসে দাতব্য সভোজ্য জলপূর্ণ কলস। কোনরূপ প্রতিজ্ঞা পালনার্থ সভা।

ধর্ম্মচারী (রিন্)—বি-ণ (ধর্ম্ম—চর—কর্ত্তৃ—ণিন্) যে ধর্ম্মপথে চলে, ধার্ম্মিক। স্ত্রী; রিণী।

ধর্ম্মজ্ঞ—বি-ণ (ধর্ম্ম—জ্ঞা—কর্ত্তৃ—ড) ধর্ম্ম জানে।

ধর্ম্মতঃ—ত্রি, বি-ণ; ধর্ম্মানুসারে।

ধর্ম্মদানম্—ক্লী, ধর্মার্থে দান।

ধর্ম্মদ্রবী—বি, স্ত্রী (ধর্ম্ম—দ্রু—কর্ত্তৃ—অন্—ঈপ্) গঙ্গা।

ধর্ম্মধ্বজী (জিন)—বি, পুং (ধর্ম্মধ্বজ—ইন) যে জীবিকার জন্য ধার্ম্মিকের চিহ্ন জটা কৌপীনাদি ধারণ করে, লিঙ্গবৃত্তি।

ধর্ম্মনিষ্ঠা—বি, স্ত্রী; ধর্ম্মবিষয়ে আন্তরিক আস্থা।

ধর্ম্মপত্নী—বি, স্ত্রী; যে পত্নী ধর্ম্মাচরণের নিমিত্ত, সহধর্ম্মিণী।

ধর্ম্মপরায়ণ—বি-ণ; ধর্ম্মনিষ্ঠ। স্ত্রী; ণা।

ধর্ম্মপ্রমাণ—বি-ণ; ধর্ম্ম যার সাক্ষী।

ধর্ম্মরাজঃ—বি, পুং; যম। যুধিষ্ঠির। বুদ্ধ।

ধর্ম্মলক্ষণম্—বি, ক্লী; ধৃতি, ক্ষমা, দম, অস্তেয়, শৌচ, ইন্দ্রিয়-নিগ্রহ, ধী, বিদ্যা, সত্য, অক্রোধ, এই দশবিধ।

ধর্ম্মশালা—বি, স্ত্রী; ধর্ম্মার্থগৃহ। বিচারালয়। অতিথিশালা।

ধর্ম্মসংহিতা—বি, স্ত্রী; ধর্ম্মশাস্ত্র, স্মৃতিশাস্ত্র।

ধর্মসভা—ধর্ম বিষয়ক আলোচনাস্থল।

ধর্ম্মশীল }
ধর্ম্মাত্মা (ত্মন্) } —বি-ণ; ধার্ম্মিক।

ধর্ম্মাধিকরণম্—বি, ক্লী (ধর্ম্ম—অধিকরণ) যে স্থানে ন্যায় অন্যায়ের বিচার হয়, আদালত। পুং; বিচারক।

ধর্ম্মাধ্যক্ষঃ—বি, পুং; বিচারক, প্রাড়্‌বিবাক।

ধর্ম্মারণ্যম্—বি, ক্লী; তপোবন।

ধর্ম্মাসনম্—বি, ক্লী; বিচারাসন।

ধর্মী (ইন্)—ধার্মিক।

ধর্ম্মিষ্ঠ—বি-ণ (ধর্ম্ম—ইষ্ঠ) অতি ধার্ম্মিক।

ধর্ম্ম্য—বি-ণ (ধর্ম্ম—যণ্) ধর্ম্মযুক্ত, ধর্ম্মের অবিরুদ্ধ। স্ত্রী; র্ম্ম্যা।

ধর্ষণম্—বি, ক্লী (ধৃষ—ভাবে—ল্যুট্) পরাভব। অবজ্ঞা। অপবাদ। বলাৎকার।

ধর্ষিত—বি-ণ (ধৃষ—ণিচ্—কর্ম্ম—ক্ত) পরাভূত। অনাদৃত। বলাৎকৃত।

ধবঃ—বি, পুং (ধু—কর্ত্তৃ—অন্) পতি। ধূর্ত্ত। মনুষ্য। বৃক্ষ বিং। কম্প।

ধবল—বি, পুং (ধু—কর্ম্ম—কলচ্) শুক্লবর্ণ। বি-ণ; শুক্লবর্ণযুক্ত। চলিত ভাষায় শ্বেতকুষ্ঠ।

ধবলিত—বি-ণ (ধবল—ইত) যাহাকে ধবল করা হইয়াছে।

ধবিত্রম্—বি, ক্লী (ধূ—করণ—ইত্র) মৃগচর্ম্মনির্ম্মিত ব্যজন, পাখা।

ধাতা (তৃ)—বি, পুং (ধা—কর্ত্তৃ—তৃন্) ব্রহ্মা। বি-ণ; ধারণকর্ত্তা। স্ত্রী; ত্রী।

ধাতু—বি, পু (ধা—কর্ত্তৃ—তুন্) শরীরস্থ বাত পিত্ত কফ শুক্র শোণিতাদি। স্বর্ণ, রৌপ্য, কাংস্য, পিত্তল, তাম্র, সীস, রঙ্গ, লৌহ এই অষ্টবিধ তৈজস ধাতু। ইন্দ্রিয়। পারদ, হরিতাল, হিঙ্গুল, গন্ধক, অভ্রক, গৈরিক, মনঃশিলা। ভু, স্থা, গম প্রভৃতি ক্রিয়াবাচক প্রকৃতি। স্বভাব, প্রকৃতি।

ধাত্রী—বি, স্ত্রী (ধা—কর্ত্তৃ—তৃন্—ঈপ্) মাতা। উপমাতা, ধাই। পৃথিবী। আমলকী।

ধাত্রেয়ী—বি, স্ত্রী (ধাত্রী—ঢেয়—ঈপ্) উপমাতা, ধাই।

ধানম্—ক্লী, (ধা + ল্যুট্) ধারণ, পোষণ, আধার।

ধানী—বি, স্ত্রী (ধা—অধি—অনট্—ঈপ্) স্থান আধার।

ধানুষ্ক—বিণ (ধনুস্—কণ্) ধনুর্দ্ধর।

ধান্যম্—বি, ক্লী (ধা—কর্ত্তৃ—যৎ) সতুষতণ্ডুল, ধান। পরিমাণ বিং।

ধাম (ন্)—বি, ক্লী (ধা—কর্ত্তৃ—মন্) গৃহ। স্থান। দেহ। তেজঃ।

ধামনিধিঃ—বি, পুং, সূর্য।

ধায্য—পু, (ধা + ণ্যৎ) পুরোহিত।

ধার—বি, পুং (ধৃ—কর্ম্ম—ঘঞ) ঋণ। প্রান্তভাগ। ক্লী (ধারা—ষ্ণ) অবিচ্ছেদে পতিত দ্রবদ্রব্য।

ধারক—বি-ণ (ধৃ—কর্ত্তৃ—ণক) যে ধারণ করে। পাত্র।

ধারণম্—বি, ক্লী (ধৃ—ণিচ+ ল্যুট্) গ্রহণ। রক্ষণ। স্থাপন। বহন।

ধারণা—বি, স্ত্রী (ধৃ—ণিচ + যুচ + টাপ্) মেধা, স্মরণ রাখা। স্থিরতা, নিশ্চয়। চিত্তের একাগ্রতা।

ধারা—বি, স্ত্রী (ধৃ—ভাবে = অ—আপ্) জলের অবিচ্ছেদ পতন। রীতি, পদ্ধতি। ভেদ, প্রকার। শ্রেণী। সমূহ। অস্ত্রাদির তীক্ষ্ম প্রান্তভাগ। পরিচ্ছেদ, অধ্যায়।

ধারাটঃ—পু, (ধারা + অট + অচ্) চাতকপক্ষী, অশ্ব, মেঘ।

ধারাধরঃ—বি, পুং; মেঘ। অস্ত্র।

ধারাযন্ত্রম্—বি, ক্লী; ফোয়ারা।

ধারাবাহিক } —(ধারাবহ—ষ্ণিক)
ধারাবাহী (হিন্) } —(ধারা—বহ + ণিনি) যাহা অবিচ্ছেদে চলিয়া আসিতেছে, চিরাগত। স্ত্রী; হিকী, হিণী।

ধার্ত্তরাষ্ট্রঃ—বি, পুং (ধৃতরাষ্ট্র—ষ্ণ) কৃষ্ণবর্ণ ওষ্ঠ ও চরণবিশিষ্ট শ্বেতহংস। ধৃতরাষ্ট্র-পুত্র। সর্প বিং।

ধার্ম্মিক—বিণ (ধর্ম্ম—ষ্ণিক) যে ধর্ম্মকার্য্যের অনুষ্ঠান করে, ধর্ম্মপরায়ণ। স্ত্রী; কী।

ধার্য্য—বিণ (ধৃ—কর্ম্ম—ণ্যৎ) ধারণ যোগ্য, গ্রাহ্য। যাহা স্থির করা উচিত।

ধার্ষ্ট্যম্—বি, ক্লী (ধৃষ্ট—ষ্যঞ) ধৃষ্টতা, প্রগল্‌ভতা, চাপল্য। নির্লজ্জতা।

ধাবক—বি, পুং (ধাব—কর্ত্তৃ—ণক) ধোপা। কবি বিং। বিণ; পরিষ্কারক। দ্রুতগামী।

ধাবনম্—বি, ক্লী (ধাব—ভাবে—ল্যুট্) ধৌতকরণ, ক্ষালন। দ্রুতগমন।

ধাবিত—বিণ (ধাব—কর্ত্তৃ—ক্ত) যে বেগে চলিয়াছে, দ্রুতগত।

ধিক্—অব্য, নিন্দা। ভর্ৎসনা। অবজ্ঞা।

ধিক্কারঃ—বি, পুং; ধিক্‌শব্দ বলিয়া ভর্ৎসনা করা। নিন্দা।

ধিষণঃ—বি, পুং (ধৃষ—কর্ত্তৃ—কন) বৃহস্পতি।

ধিষণা—বি, স্ত্রী; (ধৃষ—করণ—কন্—টাপ্) বুদ্ধি।

ধিষ্ট্য }
ধিষ্ণ্য } —বি, (ধৃষ্ + ণ্য) স্থান। গৃহ। আসন।

ধীঃ—বি, স্ত্রী (ধ্যৈ—করণ—ক্বিপ্) বুদ্ধি।

ধীত—বিণ্ (ধে + ক্ত) পীত, আরাধিত, অনাবৃত।

ধীমান্ (মৎ)—বিণ (ধী—মপ্) বুদ্ধিবিশিষ্ট।

ধীর—বিণ (ধী—রা—কর্ত্তৃ—ড) শান্তস্বভাব, শিষ্ট। পণ্ডিত। স্থিরবুদ্ধি। সমর্থ। সহিষ্ণু।

ধীরতা—বি, স্ত্রী; ধৈর্য্য। শিষ্টতা।

ধীরপ্রশান্ত }
ধীরললিত } —অলঙ্কারশাস্ত্রের নায়কবিশেষ।

ধীরোদ্ধত্তঃ } —
ধীরোদ্ধতঃ } — ”

ধীরাধীরা—নায়িকাবিশেষ

ধীবরঃ—বি, পুং (ধা—কর্ত্তৃ—বরচ্) জালিয়া, কৈবর্ত্ত।

ধীবা (বন্)—বি, পুং (ধ্যৈ—কর্ত্তৃ—ক্বনিপ্) ধ্যানযুক্ত। ধৈর্যযুক্ত।

ধীসচিবঃ—বি, পুং; মন্ত্রী।

ধুত—বিণ (ধু—কর্ম্ম—ক্ত) কম্পিত। পরিত্যক্ত।

ধুনিঃ, ধুনী—বি, স্ত্রী (ধু—কর্ত্তৃ—নিক্) নদী।

ধুন্ধুমারঃ—বি, পুং; কুবলয়াশ্বরাজ। ইন্দ্রগোপকীট। গৃহস্থিতধূম, ঝুল।

ধুঃ (র্)—বি, স্ত্রী (ধুর্ব—করণ ক্বিপ্) চিন্তা। ভার। অগ্রভাগ। শকটাদির অগ্রভাগ।
ধুরা

ধুরন্ধর—(ধুর্—ধৃ—কর্ত্তৃ—খ)
ধুরীণ—(ধুর্—ঈন)
ধুর্য্য—(ধুর—য্য) বিণ; ভারবাহক। শ্রেষ্ঠ।

ধুবিত্রম্—বি, ক্লী (ধূ—করণ—ইত্র) ব্যজন।

ধুস্তুরঃ, ধুস্তূরঃ—বি, পুং; ধুতুরাগাছ।

ধূত—বিণ (ধূ—কর্ম্ম—ক্ত) কম্পিত। নিরস্ত্র। ভর্ৎসিত।

ধূনকঃ—বি, পুং (ধূ—ণিচ্—কর্ত্তৃ—ণক) ধূনা।

ধূননম্—বি, ক্লী (ধূ—ণিচ্—ভাবে—ল্যুট্) কম্পন। চালন।

ধূপঃ—বি, পুং (ধূপ—কর্ত্তৃ—অন্) গন্ধদ্রব্য। বিং।

ধূপনম্—বি, ক্লী (ধূপ—ভাবে—ল্যুট্) ধূপ দ্বারা সুগন্ধীকরণ। তাপ দেওয়া, তাপন।

ধূপায়িত, ধূপিত—বিণ (ধূপ—কর্ম্ম—ক্ত) ধূপগন্ধে আমোদিত। তাপিত।

ধূমঃ—বি, পুং (ধূ—কর্ত্তৃ—মক্) ধোঁয়া।

ধূমকেতনঃ—বি, পুং; অগ্নি।

ধূমকেতুঃ—বি, পুং; জ্যোতিঃপদার্থ বিং, উৎপাতসূচক কেতুগ্রহ। অগ্নি।

ধূমযোনিঃ—বি, পুং; মেঘ। অগ্নি।

ধূম্রলঃ—বি, পুং (ধূম—লা—কর্ত্তৃ—ড) কৃষ্ণলোহিতমিশ্র বর্ণ। বিণ; ঐ বর্ণবিশিষ্ট।

ধূমাবতী—বি, স্ত্রী; দশমহাবিদ্যার অন্তর্গত দেবী বিং।

ধূমিকা—বি, স্ত্রী, (ধূম—কণ্—আপ্) কুয়াসা।

ধূম্রঃ—বি, পুং (ধূম—রা—কর্ত্তৃ—ড) ধূম্রল বর্ণ। বিণ; ঐ বর্ণবিশিষ্ট।

ধূম্রলোচন—বি, পুং; অসুর বিং। কপোত।

ধূর্জটিঃ—বি, পুং (ধুর্—জট—কর্ত্তৃ—ইন্) শিব।

ধূর্ত্ত—বিণ (ধূর্ব্ব—কর্ত্তৃ—তন্) শঠ। প্রতারক।

ধূলিঃ—বি, পুং, স্ত্রী;
ধূলী—বি, স্ত্রী; ধূলা, রেণু।

ধূলিধ্বজঃ—পুং বায়ু।

ধূসর—বি, পুং (ধূ—কর্ত্তৃ—সরক্) শুক্ল ও কৃষ্ণ উভয়ের মিশ্রণে উৎপন্ন বর্ণ, ঈষৎ পাণ্ডুবর্ণ। গর্দ্দভ। উষ্ট্র। কপোত। বিণ; ঐ বর্ণবিশিষ্ট।

ধূসরিত—বিণ (ধূসর—ইত) যাহা ধূসর বর্ণ হইয়াছে।

ধৃত—বিণ (ধৃ—কর্ম্ম—ক্ত) গৃহীত। স্থাপিত।

ধৃতরাষ্ট্রঃ—বি, পুং; পাণ্ডুরাজের জ্যেষ্ঠ ভ্রাতা। হংস বিং। সর্প বিং।

ধৃতিঃ—বি, স্ত্রী (ধৃ—ভাবে—ক্তি) ধৈর্য্য। সুখ। ধারণ। সন্তোষ। উৎসাহ। উদ্ধার। পুং; যাগ।

ধৃষ্ট—বিণ (ধৃষ—কর্ত্তৃ—ক্ত) নির্লজ্জ। যে কোন বিষয়ে সঙ্কোচ করে না, উদ্ধতস্বভাব, প্রগল্‌ভ।

ধৃষ্টদ্যুম্নঃ—বি, পুং; দ্রুপদরাজার পুত্র।

ধৃষ্ণজ—বিণ (ধৃষ্ণ + নজিজ্) ধৃষ্ট। প্রগল্‌ভ।

ধৃষ্ণু—বিণ (ধৃষ—কর্ত্তৃ—ক্নু) প্রগল্‌ভ। সহিষ্ণু।

ধৃষ্ণিঃ—বি, পুং (ধৃষ—করণ—নি) কিরণ।

ধেনুঃ—বি, স্ত্রী (ধে—কর্ত্তৃ—নু) সবৎসা দুগ্ধবতী গো।

ধেনুকঃ—পুং (ধেনু + কন্) অসুরবিশেষ।

ধৈর্য্যম্—বি, ক্লী (ধীর—ষ্য) গুণ বিং, যাহাতে ক্রোধ এবং শোকবশতঃ বিচলিত হয় না, ধীরতা, সহিষ্ণুতা।

ধৈবতঃ—বি, পুং; (ধীমৎ - অণ্) স্বর বিং।

ধোরণম্—(ধোর + ল্যুট্) হস্তী, অশ্ব, বৃষ প্রভৃতি।

ধোরণি (নী)—স্ত্রী, পরম্পরা।

ধৌত—বিণ (ধাব—কর্ম্ম—ক্ত) ক্ষালিত। মার্জ্জিত। শাণিত।

ধৌরিতকম্—বি, ক্লী (ধোর—ভাবে—ক্ত—ষ্ণ—কণ্) অশ্বের গতি বিং।

ধৌরেয়—বিণ (ধূর্—ঢেয়) ভারবাহক। অগ্রবর্ত্তী।

ধ্মাত—বিণ (ধ্মা—কর্ম্ম—ক্ত) যাহাকে শব্দযুক্ত করা হইয়াছে, শব্দিত, বাদিত। দগ্ধ। উদ্দীপিত, জ্বালিত।

ধ্যাত—বিণ (ধ্যৈ—কর্ম্ম—ক্ত) চিন্তিত। স্মৃত। আলোচিত।

ধ্যান—বি, ক্লী (ধ্যৈ—ভাবে—ল্যুট্) চিন্তা। স্মরণ।

ধ্যেয়—বিণ (ধ্যৈ—কর্ম্ম—য) ধ্যানের যোগ্য, চিন্তনীয়। স্মরণীয়।

ধ্রুবঃ—বি, পুং (ধ্রু—কর্ত্তৃ—অন্) নিশ্চল নক্ষত্র বিং। উত্তানপাদ রাজার পুত্র। মুড়াগাছ, স্থাণু। শঙ্কু। ক্লী; উৎপ্রেক্ষা। নিশ্চিত। স্ত্রী; বা—গানের ধূয়া। বিণ; নিশ্চিত। স্থির। নিত্য।

ধ্রৌব্য—বি, ক্লী (ধ্রুব + ষ্যঞ্) স্থিরতা, নিত্যতা। ত্রি, স্থির, নিত্য।

ধ্বংসঃ—বি, পুং (ধ্বন্স্—ভাবে—অ) নাশ। ক্ষয়। পতন। খণ্ডন।

ধ্বংসিত—বিণ (ধ্বন্স্—ণিচ্—কর্ম্ম—ক্ত) নাশিত। খণ্ডিত।

ধ্বংসী (সিন্)—বিণ (ধ্বংস—ইন্) যাহার বিনাশ আছে, নশ্বর।

ধ্বজঃ—বি, পুং, ক্লী (ধ্বজ—কর্ত্তৃ—অন্) পতাকা। চিহ্ন।

ধ্বজভঙ্গঃ—বি, পুং; পুরুষের অসাধারণ ইন্দ্রিয়ের শক্তিলোপ।

ধ্বজী (জিন্)—বি, পুং (ধ্বজ—ইন্) ব্রাহ্মণ। পর্ব্বত। অশ্ব। রথ। রাজা। ময়ূর। সর্প।

ধ্বজিনী—বি, স্ত্রী; সেনা।

ধ্বনঃ—বি, পুং (ধ্বন্ + অচ্) অব্যক্ত শব্দ।

ধ্বনিঃ—বি, পুং (ধ্বন—ই) শব্দ। উত্তমকাব্য। ব্যঙ্গ্যার্থ।

ধ্বনিতম্—বি, ক্লী; শব্দ। বিণ; শব্দযুক্ত। ব্যঞ্জনাবৃত্তির দ্বারা প্রতিপাদিত।

ধ্বস্ত—বিণ (ধ্বন্স্—ক্ত) নষ্ট। পতিত।

ধ্বাঙ্ক্ষঃ—বি, পুং (ধ্বাঙ্ক্ষ—কর্ত্তৃ—অন্) কাক। ভিক্ষুক। তক্ষক।

ধ্বানঃ—বি, পুং (ধ্বন—ভাবে—ঘঞ্) শব্দ।

ধ্বান্তম্—বি, ক্লী (ধ্বন—অধি—ক্ত) অন্ধকার।

ধ্বান্তারিঃ—বি, পুং (ধ্বান্ত—অরি) সূর্য্য।
ধ্বান্তারাতিঃ—চন্দ্র, অগ্নি।

ধ্বান্তোন্মেষঃ—বি, পুং; জোনাকি।

ন

ন—বি পুং; বিংশতিতম ব্যঞ্জনবর্ণ। বন্ধন। দান। গণেশ। যুদ্ধ। অব্য; সাদৃশ্য। অভাব। ভেদ। অল্পতা। অপ্রশস্ততা। বিরোধ।

নকুটম্—বি, ক্লী, (ন - কুঠ - ক) নাসিকা।

নকুলঃ—বি, পুং; বেজী। শিব। ৪র্থ পাণ্ডব।

নকুলেশঃ, নকুলেশ্বরঃ—ভৈরববিশেষ।

নক্তম্—বি, ক্লী; রাত্রি।

নক্তঞ্চর—বি, পুং (নক্তম্—চর—কর্ত্তৃ—ট) রাক্ষস। পেচক। বিড়াল। চোর। বিণ; রাত্রিচর।

নক্তন্দিবম্—ক্লী (নক্তম্ + দিবা) রাত্রিদিন।

নক্তম্—অব্য; রাত্রিতে।

নক্তমালঃ—বি, পুং; (নক্তম্—আ + অল্ + অচ্) বৃক্ষবিশেষ।

নক্তব্রতম্—বি, ক্লী; দিবসে ভোজন না করিয়া রাত্রিতে ভোজনরূপ নিয়ম।

নক্রঃ—বি, পুং (ন—ক্রম—কর্ত্তৃ—ড) কুম্ভীর। জলজন্তু।

নক্ষত্রম্—বি, ক্লী (ন—ক্ষি—অত্রন্) তারকা।

নক্ষত্রেশঃ—বি, পুং; চন্দ্র।

নখ —(ন—খন + ড)
নখর —বি, পুং, ক্লী (নখ—রা + ক) অঙ্গুলির অগ্রস্থিত অস্থি বিং কররুহ।

নখকুট্টঃ —বি, পুং, নাপিত।
নখকৃন্তনম্ —

নখরঞ্জনী—বি, স্ত্রী; নরুন।

নখায়ুধঃ—বি, পুং; যে সকল জন্তু নখাঘাতে শিকার করিয়া থাকে, সিংহ ব্যাঘ্র গৃধ্র-কুক্কুটাদি।

নখী (খিন্)—বিণ (নখ—ইন্) যাহারা নখ দ্বারা হিংসা করে।

নগঃ—বি, পুং (ন-গম—কর্ত্তৃ—ড) পর্ব্বত। বৃক্ষ।

নগজঃ—বি, (নগ—জন + ড) পর্বতজাত, হস্তী।

নগরম্—ক্লী (নগ + র) শহর।

নগরী—বি, স্ত্রী; যে স্থানে বহুসংখ্যক লোকের বাস। সহর।

নগোকাঃ (কস্)—বি, পুং (নগ—ওকস্) পক্ষী। বানর। সিংহ।

নগ্ন—বিণ (নজ—কর্ত্তৃ—ক্ত) উলঙ্গ, বিবস্ত্র। বৌদ্ধ সন্ন্যাসি বিং।

নগ্নিকা—বি, স্ত্রী; যাহার ঋতু হয় নাই, অপ্রাপ্ত বয়স্কা স্ত্রী।

নচেৎ—অব্য; নতুবা।

নট্ট—বি, পুং (নট—কর্ত্তৃ—অন্) যে নৃত্য ব্যবসায় দ্বারা জীবিকানির্ব্বাহ করে, নর্ত্তক। অভিনয়কারী। স্ত্রী; টী।

নটবর—বিণ; নৃত্যকর্ম্মে পটু।

নড়ঃ—পুং, (নড + অচ্) নলতৃণ।

নড়্বল—বিণ (নড—বল) যে স্থানে অনেক নল হয়, নল বহুল দেশ।

নত—বিণ (নম—কর্ত্তৃ—ক্ত) নম্রীভূত। নিম্ন। ঈষৎ বক্র।

নতিঃ—বি, স্ত্রী (নম—ভাবে—ক্তি) নম্রীভাব। নমস্কার।

নতুবা—অব্য; ইহা যদি না হয়, নচেৎ।

নদঃ, নদী—বি, পুং, স্ত্রী; ৪ ক্রোশের অধিক দূরগামী জলপ্রবাহ। ব্রহ্মপুত্র শোণভদ্র প্রভৃতি নদশব্দ বাচ্য। গঙ্গাযমুনাসরস্বতী প্রভৃতি নদীশব্দবাচ্য।

নদীকান্তঃ—বি, পু, সমুদ্র।

নদীজঃ—বি, পু, (নদী—জন্ + ড) ভীষ্ম, অর্জুনবৃক্ষ।

নদীনঃ—বি,পুং (নদী—ইন = পতি) সমুদ্র। বরুণ।

নদীমাতৃকঃ—বিণ; যে দেশে নদীর জলে কৃষিকার্য্য সম্পন্ন হয়।

নদীষ্ণঃ—বিণ (নদী—স্না—কর্ত্তৃ—ড) যে নদীর সম্বন্ধে বিশেষজ্ঞ। নদীতে স্নান দর্শন।

নদীসর্জ্জঃ—বি, পুং, অর্জুনবৃক্ষ।

নদ্ধ—বিণ (নহ—কর্ম্ম—ক্ত) বদ্ধ। ব্যাপ্ত।

নদ্ধ্রী—বি, স্ত্রী, (নহ—করণ—ত্র—ঈপ্) চর্ম্মনির্ম্মিত রজ্জু।

ননন্দা (ন্দৃ)—

ননান্দা (ন্দৃ)—বি,স্ত্রী (ন—নন্দ—কর্ত্তৃ—ঋ) স্বামীর ভগিনী, ননদ।

ননু—অব্য, প্রশ্ন, স্বীকার। অনুজ্ঞা। সম্মতি। সন্দেহ। সম্ভাবনা। নিশ্চয়। অনুনয়। বিরোধ। সম্বোধন। আমন্ত্রণ।

নন্দঃ—বি, পুং (নন্দ—নিচ্—কর্ত্তৃ—অন্) কৃষ্ণের পিতা। নৃপতি বিং। কুবেরের রত্ন বিং।

নন্দকঃ—বি, পুং (নন্দ—নিচ্—কর্ত্তৃ—ণক) বিষ্ণুর খড়্গ। বিণ; আনন্দজনক।

নন্দকী(কিন্)—পু, (নন্দক + ইন্) বিষ্ণু।

নন্দথুঃ—বি, পু, (নন্দ + অথুচ্) আনন্দ।

নন্দন—বি, পুং, (নন্দ—নিচ্—কর্ত্তৃ—অন) পুত্র। ক্লী; ইন্দ্রের উদ্যান।

নন্দা—বি, স্ত্রী; জলাধার, দুর্গা। প্রতিপদ, ষষ্ঠী ও একাদশী—এই তিন তিথি।

নন্দি—বি, পুং, ক্লী (নন্দ—ভাবে—ই) আনন্দ। পুং; (কর্ত্তৃ—ই) শিবের প্রধান অনুচর। জামাতার মিত্র।

নন্দিকেশ্বরঃ—বি, পুং, (নন্দিকা = ইন্দ্রের উদ্যান + ঈশ্বর) শিবের প্রধান অনুচর।

নন্দিঘোষঃ—বি, পুং; অর্জ্জুনের রথ।

নন্দী (ন্দিন্)—বি, পুং, (নন্দ—কর্ত্তৃ—ণিন্) শিবের প্রধান অনুচর।

নন্দিনী—বি, স্ত্রী (নন্দ—ণিচ্—কর্ত্তৃ—ণিন্—ঈপ্) কন্যা। দুর্গা। গঙ্গা। বশিষ্ঠের ধেনু। অযোধ্যা।

নন্দ্যাবর্ত—পু, গৃহবিশেষ, মৎস্যবিশেষ।

নপুংসক—বি, পুং, ক্লী (ন স্ত্রী, ন পুমান এই অর্থে পুংসক আদেশ, নি) ক্লীব।

নপ্তা (প্তৃ)—বি, পুং (ন—পত—করণ—তৃন্) পৌত্র। দৌহিত্র। স্ত্রী; প্ত্রী।

নভঃ(স্)—বি,ক্লী, (নভ—কর্ত্তৃ—অস্) আকাশ। পুং; শ্রাবণ মাস। মেঘ।

নভশ্চর—বি, পুং (নভস্—চর—কর্ত্তৃ—ট) পক্ষী। সূর্য্যাদিগ্রহ। রাক্ষস। বায়ু। মেঘ। বি-ণ। আকাশগামী।

নভস্য—বি, পুং (নভস্—যৎ) ভাদ্রমাস।

নভস্বান্()—বি, পুং (নভস্—মতুপ্) বায়ু।

নভঃসদ্—পুং দেবতাপক্ষী।

নভোমণিঃ—পুং, সূর্য।

নভোরজঃ—ক্লীং, অন্ধকার।

নভোরেণু—স্ত্রী, কুজ্ঝটিকা।

নমঃ(স্)—অব্য। (নম - অসুন্) নমস্কার।

নমনম্—বি, ক্লী (নম—ভাবে—ল্যুট্) নত হওয়া। নোয়ান।

নমস্কৃত—(নম—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহাকে নমস্কার করা হইয়াছে।

নমস্য—বি, ত্রি, বি-ণ (নমস—ক্য—নমস্য—কর্ম্ম—য) প্রণামের যোগ্য পূজনীয়।

নমস্যা—বি, স্ত্রী (নমস্য—ভাবে—অ—টাপ্) পূজা। প্রণাম।

নমিত—বি-ণ (নম্—ণিচ্—কর্ম্ম—ক্ত) বক্রীকৃত।

নমুচিসূদনঃ—বি, পুং, ইন্দ্র।

নমেরুঃ—বি, পুং। রুদ্রাক্ষ। সুরপুন্নাগবৃক্ষ।

নম্র—বি-ণ (নম—কর্ত্তৃ—র) নত। বিনীত।

নম্রতা—বি, স্ত্রী; বিনয়।

নয়ঃ—বি, পুং (নী—অল্)নীতি। নীতি শাস্ত্র। দ্যূৎ বিং।

নয়নম্—বি,ক্লী (নী—করণ—ল্যুট্) নেত্র (ভাবে—অনট্) পাওয়ান, প্রাপণ। যাপন।

নরঃ—বি, পুং (নৃ—কর্ত্তৃ—অন্) মনুষ্য। পুরুষ। ঋষি বিং।

নরকঃ—বি,পুং (নৃ—অধি—অক) দুঃখ ভোগের স্থান অসুর বিং।

নরদেবঃ—বি, পুং ; রাজা। ব্রাহ্মণ।

নরনারায়ণঃ—বি, পুং দ্বি; বদরিকাশ্রমস্থিত ঋষিদ্বয়, কৃষ্ণার্জ্জুন।

নরপতিঃ—বি, পুং; রাজা।

নরমেধঃ—বি, পুং ;যজ্ঞ বিং, যাহাতে নরহত্যা করিয়া আহুতি দেওয়া হয়।

নরবাহনঃ—বি, পুং ;কুবের।

নরহরিঃ—বি, পুং ; নৃসিংহ অবতার

নরোত্তমঃ—বি, পুং ; নারায়ণ।

নর্ত্তকঃ—বি, পুং (নৃত—কর্ত্তৃ—ণক) নৃত্যব্যবসায় নট। স্ত্রী ; কী।

নর্ত্তনম্—বি, ক্লী (নৃত—ভাবে—ল্যুট্) নৃত্য।

নর্ত্তিত—বি-ণ (নৃত—ণিচ—কর্ম্ম—ক্ত) যাহাকে নাচান যায়। কম্পিত দোলিত।

নৰ্দ্দিত—বি-ণ (নৰ্দ্দ—কর্ম্ম—ক্ত) শব্দযুক্ত, শব্দিত।

নর্দ্দী(র্দ্দিন)—বি-ণ (নর্দ্দ—কর্ত্তৃ—ণিন্) শ্লাঘাকারী। শব্দায়মান।

নর্মদ—বি-ণ (নর্ম—দা + ক) ক্রীড়াসচিব।

নর্ম্ম(ন্)—বি, ক্লী (ন—করণ—মন্) ক্রীড়া। পরিহাস।

নর্ম্মঠ—বি-ণ (নর্ম্ম—স্থা—কর্ত্তৃ—ড) ক্রীড়াকুশল। পুং-লম্পট।

নর্ম্মদা—বি, স্ত্রী; নদী বিং।

নর্ম্মসচিবঃ—বি, পুং ; ক্রীড়াসহচর। মোসাহেব।

নলঃ—বি, পুং (নল—কর্ত্তৃ—অন্) তৃণ বিং। শর, খাক্‌ড়া। নিষধরাজ। চোঙ্গা। বানর বিং।

নলকম্—বি,ক্লী (নল—কৈ—কর্ত্তৃ—ড) শাকাদির ডাঁটা। সচ্ছিদ্র অস্থি। পর্ব্ব। চলিত ভাষায় নাসিকাভরণ বিং।

নলকুবরঃ—বি, পুং ; কুবেরের পুত্র।

নলিকা, নলী—বি, স্ত্রী ; চোঙ্গা। ডাঁটা। নাড়ী। তৃণ।

নলদম্—ক্লী (নল + দো + ক) উশীর, বেণারমূল, পুষ্পরস।

নলিতঃ —বি, পুং;
নলিতা —বি, স্ত্রী ; নালিতা শাক।

নলিনম্—বি,ক্লী (নল—কর্ত্তৃ—ইন)পদ্ম। জল। স্ত্রী; নী—পদ্মলতা।

নল্বঃ—বি, পুং ; ৪০০শ হস্ত পরিমাণ।

নব—বি-ণ (নু—অল্) নূতন। পুং; স্তব।

নবতিঃ—বি, স্ত্রী ; ৯০ সংখ্যা।

নবগ্রহঃ—পুং, সূর্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু—এই নয়টি গ্রহ।

নবদ্বারম্—বি,ক্লী ; দুইকর্ণ; দুইচক্ষু, দুই নাসিকা, মুখ, পায়ু, উপস্থ শরীরস্থ এই নয় দ্বার।

নবধা—ব্য (নবন্—ধাচ্)নয়প্রকার। নয়বার।

নব(ন্)—বি-ণ ; নয়সংখ্যা।

নবনীতম্—বি,ক্লী ; ননী।

নবম—বিণ (নবন্—মট্) নয়সংখ্যার পূরণ। স্ত্রী; মী।

নবমল্লিকা
নবমালিকা —বি, স্ত্রী ; পুষ্প বিং। লতা বিং।

নবদূর্গা—বি, শৈলপুত্রী, ব্রহ্মচারিণী, চন্দ্রঘন্টা, কুস্মাণ্ডা, স্কন্দমাতা, কাত্যায়নী, কালরাত্রি, মহাগৌরী, সিদ্ধিদা—এই নয়টি দেবী।

নবরত্ন—বি, ক্লী, মুক্তা, মাণিক্য বৈদুর্য, গোমেদ হীরক, বিদ্রুম, পদ্মরাগ মরকত, নীলা—এই নয়টি ধাতু।

নবরাত্রম্—বি, ক্লী ; আশ্বিন মাসের শুক্লপ্রতিপদ হইতে নবমী পর্যন্ত তিথি।

নবাম্বিকা/নবশক্তি—ব্রাহ্মী, মাহেশ্বরী, কৌমারী, বৈষ্ণবী, বারাহী নারসিংহী, মাহেন্দ্রী, চণ্ডিকা, মহালক্ষ্মী—এই নয়প্রকার দেবী।

নবশায়ক—বি, পুং; নবশাকজাতি বিং। সদগোপ, মালাকার, তেলি, তাঁতি, ময়রা, বারুই, কুম্ভকার, কর্ম্মকার, নাপিত এই নয় প্রকার সঙ্করজাতি।

নবান্নম্—বি, ক্লী, নূতন অন্ন। শ্রাদ্ধবিশেষ।

নবীকৃত—বি-ণ ; যাহা নূতন করা হইয়াছে।

নবীন—বি-ণ (নব—ঈন) নূতন।

নবোঢ়া—বি, স্ত্রী (নব—ঊঢ়া) নূতন বিবাহিতাস্ত্রী।

নব্য—বি-ণ (নব—যৎ)নূতন। স্ত্রী; ব্যা।

নশ্বর—বি-ণ (নশ—কর্ত্তৃ—ক্বরপ) বিনাশী অনিত্য। স্ত্রী; রী।

নষ্ট—বি-ণ (নশ—কর্ত্তৃ—ক্ত) বিনাশপ্রাপ্ত। অদর্শনপ্রাপ্ত। পলায়িত। দুষ্ট। স্বাভাবিকগুণরহিত।

নষ্টচন্দ্রঃ—বি, পুং ; ভাদ্র মাসের চতুর্থীতে উদিত চন্দ্র।

নষ্টেন্দুকলা—বি, স্ত্রী অমাবস্যা।

নস্য—বি-ণ (নস্—নাসিকা—য) নাসিকাতে দেয় চূর্ণাদি।

নহনম্—ক্লী, (নহ্ + ল্যুট্) বন্ধনরজ্জু।

নহি—অব্য, ; নিষেধ ; না।

নহুষঃ—বি,পুং (নহ—কর্ত্তৃ—উষন্) যযাতির পিতা। ইনি ইন্দ্রত্ব পাইয়াছিলেন, পরে ব্রাহ্মণের অবমাননা করায় অগস্ত্যমুনির শাপে সর্পযোনি প্রাপ্ত হন।

না—অব্য ; নিষেধ।

নাকঃ—বি, পুং (ন—অক) স্বর্গ। আকাশ। রাজ্যবিশেষ, ত্রি, মুখকর।

নাকসৎ(দ)—বি, পুং (নাক—সদ্—কর্ত্তৃ—ক্বিপ) দেবতা।

নাকুঃ—বি, পুং (নম - উ) পর্বত মুনি বিশেষ।

নাগঃ—বি, পুং (নগ—ষ্ণ) হস্তী। সর্প শব্দের পরবর্ত্তী হইলে শ্রেষ্ঠবাচক। স্ত্রী ; গী।

নাগকেশ্বরঃ—বি, পুং ; পুষ্পবৃক্ষ বিং।

নাগদন্তঃ—বি, পুং; গৃহাদির ভিত্তিতে প্রোত কাষ্ঠদ্বয়, দাণ্ডা। হস্তিদন্ত।

নাগপাশঃ—বি, পুং ; বরুণের অস্ত্র। বিং।

নাগপুরম্—বি, ক্লী ; নগর বিং। হস্তিনাপুর।

নাগযষ্টি—বি,স্ত্রী ; পুষ্করিণীর মধ্যে প্রোত কাষ্ঠ, যূপ কাঠ।

নাগর—বি,-ণ (নগর—ষ্ণ) নগর সম্বন্ধীয়, নগরবাসী। রসজ্ঞ। ক্লী ; দেবনাগর অক্ষর। নারেঙ্গালেবু।

নাগরক—(নগর + বুঞ) চোর, নগররক্ষী।

নাগরাজ—বি,, পুং ; অনন্ত। ঐরাবত।

নাগবল্লী—বি, স্ত্রী ; তাম্বুলী লতা, পানের গাছ।

নাগরঙ্গঃ—বি, পুং কমলা।

নাগসম্ভবম্—বি, ক্লী, সিন্দূর।

নাগান্তকঃ/নাগারতিঃ/নাগগণঃ—পুং, গরুড়। সিংহ, ময়ূর।

নাচিকেতঃ—পুং, অগ্নি। ঋষি বিশেষ।

নাটঃ—বি, পুং (নট—ভাবে—ঘঞ্) নৃত্য। রঙ্গ ভঙ্গী, অভিনয়। (নট—ষ্ণ) কর্ণাট দেশ।

নাটকম্—বি, ক্লী (নট—কর্ত্তৃ—ণক) দৃশ্য কাব্য বিং।

নাটকী—বি, স্ত্রী ; ইন্দ্রসভা।

নাটারঃ —বি,
নাটেয়ঃ —বি,
নাটেরঃ —বি, পুং (নটী—ঢেয়) নটীর পুত্র।

নাটিকা—বি, স্ত্রী; ক্ষুদ্র দৃশ্যকাব্য বিং।

নাট্যম্—বি, ক্লী (নট—ষ্যঞ্) নৃত্য, গীত বাদ্য এই তিন।

নাট্যশালা—বি, স্ত্রী ; নাটমন্দির, নাচঘর, রঙ্গগৃহ।

নাট্যাচার্য্য—বি, পুং ; নাট্যের শিক্ষক। রঙ্গভূমির অধ্যক্ষ।

নাড়ি (ড়ী)—বি, স্ত্রী (নড়—ণিচ্—কর্ত্তৃ—ই) শিরা। ডাঁটা। চুঙ্গী। জলবাহিনী সূর্য্যরশ্মি। এক দণ্ড পরিমতিকাল। নালী ঘা।

নাড়িকেলঃ—পুং, নারিকেল।

নাড়ীন্ধমঃ—বি, পুং (নাড়ী—ধ্মা—কর্ত্তৃ—খশ) স্বর্ণকার।

নাড়ীচক্রম্—বি, ক্লী ; নাভিস্থিত ইড়া, পিঙ্গলা প্রভৃতি নাড়ীমূল।

নাড়ীজঙ্ঘঃ—বি, পুং ; কাক। বক। মুনি বিং।

নাণক—বি, ক্লী (ন—অণক) মুদ্রা, মোহর প্রভৃতি। পুং ; ধর্ম্মপ্রচারক ব্যক্তি বিং।

নাথঃ—বি, পুং (নাথ—অপা—অল্) স্বামী, প্রভু। নাসাপ্রোত রজ্জু।

নাথবান্(বৎ)—বি-ণ (নাথ—মতুপ্) পরাধীন।

নাথহরিঃ—পুং (নাথ + হৃ + ইন) পশু।

নাদঃ—বি, পুং (নদ—ভাবে—ঘঞ্) শব্দ।

নাদিত—বি-ণ (নদ—ণিচ্—কর্ম্ম—ক্ত) শব্দিত।

নাদেয়—বি-ণ (নদী—ঢেয়) নদীজাত।

নানা—অব্য ; ভিন্ন। অনেক।

নানাবিধ—বি-ণ ; অনেক প্রকার।

নাস্তরীয়ক—বি-ণ ; ব্যাপ্ত। অবশ্যকারী।

নান্দী—বি, স্ত্রী (নন্দ—ণিচ্—কর্ত্তৃ—ই—ঙীপ্) সমৃদ্ধি, অভ্যুদয়। নাটকাদির প্রারম্ভে কর্ত্তব্যমঙ্গলাচরণ।

নান্দীমুখ—বি-ণ; বৃদ্ধিশ্রাদ্ধভোক্তা মাতাপিতৃগণ। ক্লী, শ্রাদ্ধ বিং। স্ত্রী ; খী।

নাপিতঃ—বি, পুং (ন—আপ—কর্ত্তৃ—ক্ত) ক্ষৌরকারজাতি।

নাভিঃ—বি, পুং, স্ত্রী; অঙ্গ বিং, সম্রাট। প্রধান। ক্ষত্রিয়। চক্রের মধ্যমণ্ডল। স্ত্রী ; কস্তুরী।

নাম—অব্য, সম্ভাবনা। বিতর্ক। নিশ্চয়। বিস্ময়। স্মরণ। স্বীকার। অলীক। কোপ। নিন্দা। প্রসিদ্ধি।

নাম(ন্) —(ম্ন—মনিন্)
নামধেয় —(নামন্—ধেয়) বি, ক্লী ; যে শব্দ দ্বারা বস্তু বা ব্যক্তির নির্দ্দেশ করা হয় আখ্যা।

নামশেষঃ—বি, পুং। মৃত্যু। বি-ণ ; মৃত।

নায়ঃ—পু (নী - ঘঞ্) নীতি। ত্রি. নেতা।

নায়কঃ—বি, পুং (নী—কর্ত্তৃ—ণক) কাব্যনাটকে বর্ণনীয় প্রধান পুরুষ। স্ত্রীলোকের প্রণয়ী পুরুষ। অধ্যক্ষ। হারমধ্যমণি।

নায়িকা—বি, স্ত্রী ; গ্রন্থের প্রধানবর্ণনীয় স্ত্রী। প্রণয়িনী স্ত্রী।

নারঃ—বি, পু (নর—ষ্ণ) জল। বৎস। ক্লী। নরসমূহ।

নারক—(নরক + অণ্) নরক। ত্রি, নরকস্থিত।

নারকী(কিন্)—বি-ণ (নারক = নরক—ইন্) নরকভোগী।

নারঙ্গ—বি, পুং ; লেবু বিং। বিট, গাজর।

নারদঃ—বি, পুং (নার—দা—ক) ব্রহ্মার পুত্র, দেবর্ষি বিং।

নারাচঃ—বি, পুং (নার—আ—চম্—ড) লৌহময়বাণ।

নারাচী—বি, স্ত্রী ; নিক্তি।

নারায়ণঃ—বি, পুং (নার—অয়ণ) বিষ্ণু। স্ত্রী নী—গঙ্গা। লক্ষ্মী। দুর্গা।

নারায়ণক্ষেত্রম্—বি, ক্লী ; গঙ্গা প্রবাহ হইতে ৪ হস্ত পরিসর তীর।

নারিকেলঃ—বি, পুং ; স্বনামখ্যাত বৃক্ষ। ক্লী; উহার ফল।

নারী—বি, স্ত্রী (নর—ঈপ্) নরজাতি স্ত্রী।

নালিঃ —বি, স্ত্রী
নালা —বি, স্ত্রী ; ডাঁটা শিরা। নল।

নালীকঃ—বি, পুং (নালী—কৈ—কর্ত্তৃ—ড) শরীর। বাণ শল্যাস্ত্র। নারিকেল কমণ্ডলু। কী। পদ্মসমূহ।

নাবিকঃ—বি, পুং (নৌ—ষ্ণিক) যে নৌকা চালায়। কর্ণধার।

নাব্য—বি-ণ (নৌ—ষ্ণ্য) নৌকা দ্বারা পার হইবার যোগ্য।

নাশঃ—বি, পুং (নশ—ভাবে ঘঞ্) ধ্বংস। অদর্শন। পলায়ন।

নাশনম্—বি, ক্লী (নশ + ণিচ্ + ল্যুট) নাশকরা। বি-ণ (কর্ত্তৃ—অন) যে নাশ করে। নাশক।

নাশিত—বি-ণ (নশ—ণিচ্ + কর্ম্ম—ক্ত) যাহা নষ্ট করা হইয়াছে, নিহত।

নাশী(শিন্)—বি-ণ (নশ—ণিচ্ ণিন্) বিনাশকারী। স্ত্রী ; নী।

নাসত্য—বি, পুং দ্বি(ন—অসত্য) স্বর্গবৈদ্য, অশ্বিনীকুমারদ্বয়।

নাসাদারু—দ্বারে উর্দ্ধস্থ কাষ্ঠখণ্ড।

নাসা —(নাস—অন্—আপ্)
নাসিকা —(নাসা—কণ—আপ্) বি, স্ত্রী; ঘ্রাণেন্দ্রিয়, নাক।

নাস্তি—অব্য ; নাই, অবিদ্যমান।

নাস্তিক—বি-ণ (নাস্তি—কণ্) যে ঈশ্বরের বা পরলোকের অস্তিত্ব স্বীকার করে না, বেদনিন্দক, নিরীশ্বরবাদী।

নাস্তিকতা —বি, স্ত্রী (নাস্তিক—তা)
নাস্তিক্যম্ —বি, ক্লী (নাস্তিক—ষ্ণ্য) বেদ বা বেদমূলক শাস্ত্রের প্রামাণ্য অস্বীকার করা।

নাসীরম্—ক্লী (নাস + ঈর + ক) অগ্রবর্ত্তী সৈন্য।

নাহঃ—বি, পুং (নহ—ঘঞ্) বন্ধন। রজ্জু।

নি—অব্য, নিষেধ। অভাব। নিশ্চয়। নিকৃষ্ট। সংশয়। সামীপ্য। নিন্দা।

নিঃশঙ্ক—বি-ণ (নির্—শঙ্কা) ভয়শূন্য।

নিঃশলাক—বি-ণ (নির্—শলাকা) নির্জ্জন প্রতিবন্ধকশূন্য।

নিঃশেষ—বি-ণ ; শেষরহিত, সম্পূর্ণ।

নিঃশ্রয়নী—স্ত্রী, সিঁড়ি। খেঁজুরগাছ।

নিঃশ্রেণি(ণী)—বি, স্ত্রী ; সিঁড়ি, অধিরোহণী।

নিঃশ্রেয়সম্—বি, ক্লী (নির—শ্রেয়স্—অ) মুক্তি। সুখ। মঙ্গল। জ্ঞান। ভক্তি। প্রত্যয়।

নিঃশ্বসনম্ —বি, ক্লী ;
নিঃশ্বাসঃ —বি, পুং ; নাসিকা হইতে নির্গত বায়ু।

নিঃসঙ্গ—বি-ণ;সম্পর্কশূন্য। বিষয়বাসনা রহিত।

নিঃসত্ত্ব—বি-ণ ; বলশূন্য। ধৈর্য্যশূন্য। প্রাণিশূন্য।

নিঃসম্পাতঃ—পুং নিশীথ।

নিঃসরণম্—বি, ক্লী ; বাহির হওয়া, নির্গমন। মৃত্যু। দ্বার।

নিঃসহ—বি-ণ ; যে সহ্য করিতে পারে না, অসহিষ্ণু।

নিঃসারণম্—বি, ক্লী (নির্—সৃ—ণিচ্ ল্যুট)। বহিষ্করণ, নির্ব্বাসন।

নিঃসারিত—বি-ণ (নির্—সৃ—ণিচ্ + ক্ত) বহিষ্কৃত, নির্ব্বাসিত।

নিঃসৃত—বি-ণ (নির্—সৃ—কর্ত্তৃ—ক্ত) নির্গত।

নিঃস্রবঃ —(নির্—স্রু—অল্) বি, পুং।
নিঃস্রাবঃ —(নির্—স্রু—ঘঞ্) গলিয়া পড়া, ক্ষরণ। অন্নের মাড়। গলিত দ্রব্য।

নিকট—বি-ণ (নি—কট—কর্ত্তৃ—অন্) সমীপ।

নিকরঃ—বি, পুং (নি—কৃ—কর্ম্ম—অল্) সমূহ। সার। ন্যায্য দেয়ধন।

নিকষঃ—বি, পুং (নি—কষ—অধি—অল্) কষ্টিপাথর।

নিকষা—বি, স্ত্রী ; রাক্ষসমাতা। অব্য ; নিকটে। মধ্যে।

নিকাম—বি-ণ ; সাতিশয়। স্বেচ্ছাপূর্ব্বক।

নিকায়ঃ—বি, পুং (নি—চি—কর্ম্ম—ঘঞ্) সমূহ। বাসস্থান। গৃহ। লক্ষ্য।

নিকারঃ—বি, পুং (নি—কৃ—ভাবে—ঘঞ্) পরাভব। তিরস্কার। অপকার।

নিকাশঃ—পুং (নি—কশ্ + ঘঞ্) প্রকাশ, সমীপ।

নিকাষঃ—পুং (নি + কষ + ঘঞ্) কর্ষণ।

নিকাস—বি-ণ (নি—কাস—কর্ত্তৃ—অন) কোন শব্দের পরবর্ত্তী হইলে তুল্য অর্থ বোধক হয়।

নিকুঞ্জঃ—বি, পুং , ক্লী (নি—কু—জন্ + ড) লতা প্রভৃতি দ্বারা আবৃত গৃহাকার স্থান, লতাগৃহ, কুঞ্জ।

নিকুম্ভঃ—বি, পুং ; কুম্ভকর্ণের পুত্র।

নিকুম্ভিলা—বি, স্ত্রী ; লঙ্কাস্থিত গুহা বিং।

নিকুরম্বম্—বি, ক্লী ; (নি - কুর - অম্বচ্) সমূহ।

নিকৃত—বি-ণ (নি—কৃ—কর্ম্ম—ক্ত) অবমানিত। তিরস্কৃত। পরাভূত।

নিকৃতিঃ—বি, স্ত্রী ; শঠতা। ভর্ৎসনা। নিন্দা। নিষ্ঠুরতা।

নিকৃত্ত—বি-ণ (নি—কৃত—কর্ম্ম—ক্ত) ছিন্ন। খণ্ডিত।

নিকৃষ্ট—বি-ণ (নি—কৃষ—কর্ম্ম—ক্ত) মন্দ। নীচ। অধম। তুচ্ছ।

নিকেতঃ—পুং (নি—কিৎ + ঘঞ্) গৃহ।

নিকেতনম্—বি, ক্লী (নি—কিত + ল্যুট্) গৃহ।

নিক্বণ, নিক্কাণ—বি, পুং (নি—ক্বণ—অল্—ঘঞ্) শব্দ। বীণাদির ধ্বনি।

নিক্ষিপ্ত—বি-ণ (নি—ক্ষিপ—কর্ম্ম—ক্ত) যাহা ফেলিয়া দেওয়া হইয়াছে, পরিত্যক্ত। যাহা গচ্ছিত রাখা হইয়াছে, ন্যস্ত। অর্পিত।

নিক্ষেপঃ—বি, পুং (নি—ক্ষিপ—ভাবে—অল্) ফেলিয়া দেওয়া ত্যাগ। গচ্ছিত রাখা। অর্পণ। গচ্ছিত বস্তু।

নিখর্ব্ব—বি, ক্লী ; দশসহস্রকোটি সংখ্যা।

নিখাত—বি-ণ (নি—খন—কর্ম্ম—ক্ত) যাহা খনন করা হইয়াছে, খাত। যাহা পোতা হইয়াছে, প্রোথিত।

নিখিল—বি-ণ ; সমস্ত, সম্পূর্ণ।

নিগড়—বি, পুং, ক্লী (নি—গল—অচ্)শৃঙ্খল। বেড়ি, পাদবন্ধনী।

নিগড়িত—বি-ণ (নিগড়—ইত) শৃঙ্খলবদ্ধ। বদ্ধ।

নিগদিত—বি-ণ (নি—গদ—কর্ম্ম—ক্ত) কথিত।

নিগমঃ—বি, পুং (নি—গম—করণ—অল্) বেদাদি শাস্ত্র। নগর। পথ। নিশ্চয়। প্রতিজ্ঞা।

নিগরঃ —(নি—গৃ + অপ্) নিগার।

নিগরণম্ —বি, ক্লী (নি—গ—ল্যুট্) ভক্ষণ। গেলা। অর্ন্তভাবিত।

নিগালঃ—পু, (নি - গৃ - ঘঞ) অশ্বের গলদেশ।

নিগীর্ণ—বি-ণ (নি—কর্ম্ম—ক্ত) ভক্ষিত। গিলিত। অন্তর্ভাবিত।

নিগূঢ়—বি-ণ (নি—গুহ—কর্ম্ম—ক্ত) গুপ্ত। আচ্ছাদিত।

নিগৃহীত—বি-ণ ; দণ্ডিত। বশীকৃত। রুদ্ধ। উপশিমত। নিবারিত।

নিগ্রহঃ—বি, পুং ; (নিগ্রহ - অপ্) দণ্ড। প্রহার। অকৃপা। তিরস্কার। রোধ। নিবারণ। যন্ত্রণা।

নিগ্রাহঃ—(নি - গ্রহ - ঘঞ্) অভিশাপ।

নিগ্রাহক—বি-ণ (নি-গ্রহ—কর্ত্তৃ—ণক্) নিগ্রহকারী।

নিঘন্টুঃ—বি, পুং (নি—ঘন্ট—উ) বৈদিক, অভিধান।

নিঘসঃ—পুং, (নি—অদ্ + অপ্) ভেজাল।

নিঘাতঃ—পুং (নি—হন্ + ঘঞ্) ব্যাকরণশাস্ত্রে অনুদাত্ত।

নিঘ্নঃ—পুং (নি—হন্ + ক্ত) আয়ত্ত। অধীনগুণিত।

নিচয়ঃ—পুং (নি—চি + অচ্) সমূহ। নিশ্চয়।

নিচায়—পুং (নি—চি + ঘঞ্) রাশীকৃত ধান্যাদি।

নিচিত—বি-ণ(নি—চি - ক্ত) ব্যাপ্ত। রচিত। সঞ্চিত।

নিচুল—বি, পুং (নি—চুল—কর্ত্তৃ—ক) স্থলবেতস। কবি বিং।

নিচোলম্—বি, ক্লী ; ঘাঘরা। সাঁজোয়া।

নিজ—বিণ (নি—জন—কর্ত্তৃ—ড) স্বকীয়। স্বাভাবিক।

নিজস্বম্—বি, ক্লী নিজের আয়ত্তে, বস্তু।

নিটলম্—ক্লী নি—টল—অচ্) ললাট।

নিতম্বঃ—পুং (নি—তম্ব + অচ্) স্ত্রীলোকের কটি দেশের পশ্চাদভাগ। কটিদেশ। পর্বতের ফাটক। স্কন্ধ।

নিতম্বিনী—স্ত্রী (নিতম্ব + ইনি + ঙীষ্) প্রশস্ত নিতম্ববতী নারী।

নিতরাম্—অব্য, (নি—তরপ + থামু) সুতরাং অবশ্য। অত্যন্ত। অতিশয়।

নিতলম্—ক্লী, পাতালবিশেষ।

নিতান্তম্—ক্লী (নি—তম্ + ক্ত) একান্ত। অত্যন্ত।

নিত্যম্—ক্লী (নি + ত্যপ্) সতত। অহরহ ; ত্রি. শাশ্বত পুং সমুদ্র।

নিত্যকর্ম/নিত্যকৃত্যম্—ক্লী, যে কর্ম না করলে প্রত্যবায় হয়; সন্ধ্যাবন্দনাদি।

নিত্যদা—অব্য (নিত্য + দাচ) সদা, সর্বদা।

নিত্যপ্রলয়ঃ—পুং সুষুপ্তি। নিদ্রা।

নিত্যসমাসঃ—পুং; সমাস বিশেষ।

নিত্যশঃ(স্)—অব্য (নিত্য + শস্) সর্বদা।

নিদর্শক—ত্রি (নি + দৃশ + ণ্বুল) প্রদর্শক।

নিদর্শনম্—ক্লী (নি—দৃশ + ল্যুট্) দৃষ্টান্ত, উদাহরণ

নিদাঘঃ—পুং (নি—দহ + ঘঞ্) গ্রীষ্মকাল, ঘর্ম, উষ্ণ।

নিদাঘকরঃ—পুং ; সূর্য।

নিদানম্—ক্লী (নি—দে + ল্যুট্) আদিকারণ, কারণমাত্র রোগনির্ণায়কগ্রন্থ, বৎসবন্ধনরজ্জু, শুদ্ধি।

নিদিগ্ধ—ত্রি (নি—দিহ + ক্ত) বর্ধিত ; উপচিত।

নিদিধ্যাসনম্—ক্লী (নি + ধ্যৈ + সন্ + ল্যুট) শ্রুতার্থের নিরন্তর চিন্তা।

নিদেশঃ—পুং (নি—দিশ + ঘঞ্) আদেশ। শাসন।

নিদ্রা—স্ত্রী (নি—দ্রা + অ + টাপ্) ঘুম।

নিদ্রাণ—ত্রি (নি—দ্রা + ক্ত) নিদ্রিত।

নিদ্রালু—ত্রি. (নিদ্রা + আলুচ) নিদ্রাশীল।

নিদ্রিত—ত্রি (নিদ্রা + ইতচ্) সুপ্ত।

নিধনম্—পুং ক্লী (নি—ধা + ল্যুট্) মৃত্যু, নাশ, কুল।

নিধানম্—বি, ক্লী ; (নি—ধা + ল্যুট্) নিধি, আধার; রত্ন। স্থাপন

নিধিঃ—বি,পুং (নি—ধা—কি) রত্ন। অস্বামিক ধন। গচ্ছিত বস্তু। আধার।

নিধুবনম্—বি, ক্লী ; রমণ। অত্যন্ত কম্পন।

নিধ্যানম্—বি, ক্লী ; দর্শন।

নিধ্বানঃ—পুং (নি—ধ্বন + ঘঞ্) ধ্বনি।

নিনাদঃ—বি, পুং ; ধ্বনি।

নিনীষা—স্ত্রী (নী + সন + অ + আপ) নয়নেচ্ছা।

নিন্দক—বিণ (নিন্দ—কর্ত্তৃ—ণক) নিন্দাকারী, গর্হক।

নিন্দনীয়—(নিন্দ + অনীয়) নিন্দ্য (নিন্দ + যৎ) নিন্দার যোগ্য।

নিন্দা—স্ত্রী (নিন্দ + অ + টাপ্) কুৎসা। অপবাদ।

নিন্দিত—ত্রি (নিন্দ + ক্ত) গর্হিত দূষিত, নীচ।

নিপ—পুং ক্লী (নি—পা + ক) কলস।

নিপতিত—ত্রি (নি—পত + ক্ত) সম্যকপতিত।

নিপত্যা—স্ত্রী (নি—পত + ক্যপ্ + টাপ্) পিচ্ছিলভূমি। যুদ্ধক্ষেত্র।

নিপাত—পুং (নি—পত + ঘঞ্) মরণ, পতন, ব্যাকরণ শাস্ত্রে 'চ' এবং প্রাদি অব্যয় পদ।

নিপাতনম্—ক্লী (নি—পত + ণিচ্ + ল্যুট) অধঃক্ষেপণ, বধ, ব্যাকরণ শাস্ত্রে সূত্র দ্বারা অসিদ্ধ পদের সাধনোপায়।

নিপাতিত—বি-ণ (নি—পত + ণিচ্ + ক্ত) অধোনীত। বিনাশিত।

নিপানম্—বি, ক্লী (নি—পা—অধি—ল্যুট্) কূপসমীপস্থ জলাধার, চৌবাচ্চা।

নিপীড়নম্—বি, ক্লী (নি—পীড় + ল্যুট্) মর্দ্দন। অভিবাদন। নিংড়ান।

নিপীড়িত—বি-ণ ; (নি—পীড় + ক্ত) ক্লেশিত। মর্দ্দিত। অভিবাদিত।

নিপীত—বি-ণ (নি—পা + ক্ত) নিঃশেষে পীত।

নিপুণঃ—বি-ণ (নি—পুণ—কর্ত্তৃ—ক)পটু, দক্ষ।

নিবদ্ধঃ—বি, পুং (নি—বন্ধ + ক্ত) যাহা বাঁধা গিয়াছে, বন্ধ। রচিত, প্রণীত। গ্রথিত। নিবেশিত।

নিবন্ধঃ—বি, পুং (নি—বন্ধ + ঘঞ্) গ্রন্থ, প্রস্তাব। সময় বিশেষে নিয়মিতরূপে দেয় বা প্রাপ্যবস্তু, বৃত্তি, বার্ষিক।

নিবন্ধকারঃ—বিণ ; গ্রন্থকর্ত্তা।

নিবন্ধনম্—বি, ক্লী (নি—বন্ধ + ল্যুট্) হেতু, কারণ। নিয়ম, ব্যবস্থা। রচনা, সঙ্কলন। সময়বিশেষে দানের স্থিরীকরণ।

নিবন্ধা(ন্ধৃ)—বিণ (নি—বন্ধ—কর্ত্তৃ—তৃণ্) গ্রন্থকর্ত্তা। টীকাকার।

নিবর্হনম্—বি, ক্লী (নি—বর্হ + ল্যুট্) বধ। উচ্ছেদ।

নিভ—বি-ণ (নি—ভা + ক) শব্দের পরবর্ত্তী হইলে সাদৃশ্য অর্থবোধক।

নিভালনম্—ক্লী (নি—ভল্ + ল্যুট্) দর্পন।
নিভৃত—ত্রি, (নি + ভৃ + ক্ত) গুপ্ত নির্জন। নিশ্চল, বিনীত, একান্ত।
নিমগ্ন—ত্রি (নি—মস্জ + ক্ত) অন্তঃপ্রবিষ্ট নিবিষ্ট। ডুবে যাওয়া।
নিমজ্জথুঃ —পুং (নি—মস্জ + অথুচ্)
নিমজ্জনম্ —ক্লী (নি—মস্জ + ল্যুট্) অবগাহন।
নিমন্ত্রণম্—ক্লী (নি—মন্ত্র + ল্যুট্) ভোজনাদির জন্য আহ্বান।
নিমানম্—ক্লী (নি—মা + ল্যুট্) মূল্য।
নিমিঃ—পুং, ইক্ষ্বাকুবংশীয় রাজা। দত্তাত্রেয়-পুত্র।
নিমিত—ত্রি (নি—মা + ক্ত) প্রক্ষিপ্ত, তুল্য
নিমিত্তম্—ক্লী (নি—মিদ্ + ক্ত) কারণ হেতু, প্রয়োজন
নিমিষঃ/নিমেষঃ—পুং (নি—মিষ + ঘঞ্) কালবিশেষ, চক্ষুর স্পন্দন।
নিমীলনম্—ক্লী (নি—মীল + ল্যুট)মরণ, সংকোচন।
নিমীলা—স্ত্রী (নি—মীল + অ + টাপ্) নেত্রমুদ্রণ, নিদ্রা।
নিমীলিত—ত্রি (নি—মীল + ক্ত) মুদ্রিত, সংকুচিত, মৃত।
নিম্ন—বি-ণ (নি—ম্না—কর্ত্তৃ—ড) নত, নীচ। গভীর। অধঃ
নিম্নগ—বি-ণ (নিম্ন—গম—কর্ত্তৃ—ড) যাহা নিম্নদিকে যায়, নিম্নগামী। স্ত্রী ; গা—নদী।
নিম্নোন্নত—ত্রি ; বন্ধুর।
নিম্বঃ—বি, পুং (নিম্ব + অচ্) নিমগাছ।
নিম্বুঃ—বি, স্ত্রী (নিম্ব - উ) লেবুগাছ।
নিয়ত—বি-ণ (নি—যম—ক্ত) নিশ্চিত। বদ্ধ। বশীকৃত। অবশ্যম্ভাবী। নিত্য, অবিশ্রান্ত।
নিয়তিঃ—বি, স্ত্রী (নি— যম + ক্তিন্) ঐশিকনিয়মানুসারে জন্মান্তরীণ শুভাশুভ কর্ম্মের পরিণাম, ভাগ্য, অদৃষ্ট। নিয়ম।
নিয়ন্তা (ন্তৃ)—বি, পুং (নি—যম্ + তৃচ্) সারথি। বি-ণ ; নিয়মকর্ত্তা, শাসনকর্ত্তা।
নিয়ন্ত্রিত—বি-ণ (নি—যন্ত্র—কর্ম্ম—ক্ত) যাহার শাসন বা দমন করা গিয়াছে, দমিত। নিবারিত। যাহার সঙ্কোচ করা হইয়াছে। সঙ্কোচিত।
নিয়মঃ—বি, পুং (নি—যম—ভাবে—অল্) ব্যবস্থা, রীতি। নিশ্চয়। অবশ্য। নিবারণ। ব্রতউপবাসাদি ধর্ম্মানুষ্ঠান।
নিয়মনম্—বি, ক্লী (নি—যম—ভাবে—ল্যুট্) নিয়ম করিয়া দেওয়া, ব্যবস্থাপন। বন্ধন। দমন।
নিয়মিত—বি-ণ (নি—যম্—ণিচ্—কর্ম্ম—ক্ত) যে বিষয়ে নিয়ম করা হইয়াছে, নিয়মবদ্ধ। দমিতা। নিষিদ্ধ। বদ্ধ।
নিয়ম্য—ত্রি (নি—যম্ + যৎ) নিয়মনের যোগ।
নিয়ামক—ত্রি (নি—যম + ণিচ্ + ণ্বুল) নিয়ন্তা, শাসক। কর্ণধার।
নিযুক্ত—ত্রি. (নি—যুজ্ + ক্ত) ব্যাপৃত, নিয়োজিত।
নিযুতম্—ক্লী ; দশলক্ষসংখ্যা।
নিযুদ্ধম্—ক্লী (নি—যুধ + ক্ত) বাহুযুদ্ধ।
নিযোক্তা(ক্তৃ)—নি—যুজ্ + তৃণ্) বাহুযুদ্ধ।
নিয়োগঃ—পুং (নি—যুজ + ঘঞ্) প্রেরণ, আজ্ঞা অবধারণ।
নিয়োগ্য—বি-ণ (নি—যুজ + ণ্যৎ) যে নিয়োগ করে। প্রভু।
নিয়োজিত—বি-ণ (নি—যুজ্ + ক্ত) যাহাকে নিয়োগ করা হইয়াছে।
নিয়োজ্য—বি-ণ (নি—যুজ্ + ণ্যৎ) ভৃত্য।
নিঃ(র্, স্)—অব্য; নিষেধ। বিয়োগ। নিশ্চয়। আদেশ।

নিরংক্ষঃ—বি, পুং ; জ্যোতিষ শাস্ত্রে ভোগাংশ হইতে মুক্ত স্থান।
নিরঙ্কুশ—বি-ণ ; যে সকল প্রকার বাধাশূন্য যথেচ্ছাচারী। অনিবার্য।
নিরঞ্জন—বি-ণ (নির) নিষ্কলুষ, যাহার কোন প্রকার মালিন্য নাই।
নিরত—বি-ণ (নি—রম্ + ক্ত) আসক্ত।
নিরতিশয়—বি-ণ ; অত্যুৎকৃষ্ট।
নিরত্যয়—বি-ণ ; বিঘ্নশূন্য। নির্দ্দোষ।
নিরন্তর—বি-ণ ; সর্ব্বদা। বি-ণ ; নিশ্ছিদ্র। নিবিড়।
নিরন্বয়—বিণ, সম্পর্কশূন্য, নির্বংশ।
নিরপত্রপ—ত্রি. বিণ, নির্লজ্জ।
নিরভ্র—বিণ, নির্মেঘ।
নিরয়ঃ—বি, পুং (নির—অয়)নরক।
নিরর্গল—বিণ, বাধাহীন
নিরর্থক—বি-ণ (নির—অর্থ—কণ্) ব্যর্থ, বিফল। অর্থশূন্য।
নিরবকাশ—বিণ, অবকাশশূন্য।
নিরবগ্রহ—বি-ণ ; প্রতিবন্ধক রহিত। স্বতন্ত্র স্বাধীন।
নিরবচ্ছিন্ন—বি-ণ ; নিরন্তর। কেবল।
নিরবধি—বি-ণ ; সতত। অসীম।
নিরবদ্য—বিণ, নির্দোষ । উৎকৃষ্ট।
নিরবলম্ব / নিরলম্বনম —বি-ণ ; নিরাশ্রয়, অসহায়।
নিরবশেষ—বি-ণ ; নিঃশেষ, সমস্ত।
নিরসনম্—বি,ক্লী (নির্—অস—ল্যুট্) নিক্ষেপ। নিরাকরণ। নিষ্কাশন। খন্ডন। নিবারণ বধ।
নিরস—বিণ, রসহীন
নিরসনম্—বি, ক্লী, (নির্ - অস্- ল্যুট্) পরিত্যাগ, বধ, প্রত্যাখ্যান।
নিরসনীয়—বি-ণ (নির্—অস্—কর্ম্ম—অনীয়) খণ্ডনীয়। নিরাকরণীয়। নিবারণীয়। নিরবর্ত্তনীয়।
নিরস্ত—বি-ণ (নির্—অস—কর্ম্ম—ক্ত) নিক্ষিপ্ত। নিরাকৃত। খণ্ডিত। হত। শীঘ্রোচ্চারিত। নিবারিত।
নিরাকরণম্—বি, ক্লী (নির্—আ—কৃ ল্যুট্) নিবারণ। দূরীকরণ। প্রত্যাখ্যান, অস্বীকার।
নিরাকরিষ্ণু—ত্রি. প্রত্যাখ্যানকারী।
নিরাকৃত—বি-ণ ; নিবারিত। প্রত্যাখ্যাত।
নিরাপৎ(দ্)—বি-ণ ; বিপদ হইতে মুক্ত।
নিরাময়—বি-ণ (নির্—আময়) নীরোগ। সুস্থ।
নিরামিষ—বি-ণ ; আমিষ শূন্য।
নিরালম্ব—বি-ণ ; নিরাশ্রয়।
নিরাশ—বি-ণ (নির্—আশা) আশারহিত।
নিরাশ্রয়—বি-ণ অসহায়।
নিরাসঃ—বি, পুং (নির—অস—ঘঞ্) নিরাকরণ। খণ্ডন। নিবারণ।
নিরীক্ষণম্—বি, ক্লী (নির্—ঈক্ষ + ল্যুট্)দর্শন।
নিরীক্ষিত—বি-ণ (নির্—ঈক্ষ—কর্ম্ম—ক্ত) দৃষ্ট।
নিরীতি—বি-ণ (নির্—ঈতি) অতিবৃষ্টি প্রভৃতি ছয় প্রকার ঈতি শূন্য।
নিরীশ্বর—বি-ণ ; যে ঈশ্বর মানেনা।
নিরীহ—বি-ণ (নির—ঈহা) নিশ্চেষ্ট। নিস্পৃহ। চলিত ভাষায় শান্ত প্রকৃতি।
নিরুক্তম্—বি, ক্লী ; বেদাঙ্গ গ্রন্থ বিং, যে শাস্ত্রে বেদের অন্তর্গতদুরূহ পদের ব্যাখ্যা আছে। বি-ণ ; নির্ম্মিত। মীমাংসিত।
নিরুক্তিঃ—বি, স্ত্রী ; নিঃশেষে কথন, নির্বর্চন, নির্ণয়। মীমাংসা।
নিরুচ্ছাস—বি-ণ; সংকীর্ণস্থান। বহুজনাকীর্ণ স্থান।
নিরুদ্ধ—বি-ণ (নি—রুধ—কর্ম্ম—ক্ত) নিবারিত, নিবর্ত্তিত। কারারুদ্ধ। ধৃত।
নিরুপম—বি-ণ (নির্—উপমা) তুলনারহিত।
নিরুপাখ্য—বি-ণ (নির্—উপ—আখ্যা) অনির্ব্বচনীয়। আকাশপুষ্পাদি অসৎ পদার্থ। বি, ক্লী ; পরব্রহ্ম।

নিরুপাধি—বি-ণ (নির্—উপাধি) যাহাতে অন্য কোন উদ্দেশ্য নাই, পরিশুদ্ধ। অকপট।

নিরূঢ়ঃ—বি, পুং ; (নি - রুহ - ক্ত) রূঢ়ি লক্ষণা দ্বারা অর্থপ্রতিপাদক শব্দ। স্ত্রী ; ঢ়া— রূঢ়িহেতুক লক্ষণা। বি-ণ প্রসিদ্ধ। উৎপন্ন।

নিরূঢ়িঃ—বি, স্ত্রী ; (নি - রূহ - ক্তিন্) প্রসিদ্ধি।

নিরূপক—বি-ণ (নি—রূপ—কর্ত্তৃ—ণক) যে নিরূপণ করে, নির্ণায়ক।

নিরূপণম্—বি, ক্লী (নি—রূপ + ল্যুট্) নির্ণয়। দর্শন। বিতর্ক। বিবরণ।

নিরূপিত—বি-ণ (নি—রূপ—কর্ম্ম—ক্ত) নির্ণীত, স্থিরীকৃত, নিশ্চিত।

নির্ঋতিঃ—পুং দক্ষিণ পশ্চিম দিকের দেবতা। স্ত্রী. অধর্মের কন্যা। মৃত্যুর পত্নী, অলক্ষ্মী। ত্রি. নিরুপদ্রব।

নিরোধ—বি, পুং (নি—রুদ্ধ—ঘঞ্) বেষ্টন, অবরোধ। নিগ্রহ। নাশ। নিবারণ।

নিরোধনম্—বি, ক্লী, (নি - রুধ্ - ল্যুট্) বাধা, গতিরোধ।

নির্গত—বি-ণ (নির্—গম—কর্ত্তৃ—ক্ত) বহির্গত, নিঃসৃত।

নির্গমঃ —বি, পুং (নির্—গম ভাবে—অল্)
নির্গমনম্ —বি, ক্লী (নির—গম—ভাবে ল্যুট্) বাহিরে যাওয়া, বহির্গমন।

নির্গুণ—বি-ণ ; বিদ্যা বিনয়াদি গুণহীন।

নির্গ্রন্থঃ—পুং, ক্ষপণক, দিগম্বর, মুনিববিশেষ, ত্রি. নির্ধন, মূর্খ।

নির্গ্রন্থনম্—ক্লী (নির্—গ্রন্থ + ল্যুট্) বধ।

নির্গুণ্ডী—স্ত্রী, (নির্-গুড়্-ক-ঈপ) নীল শেফালিকা।

নির্ঘণ্টঃ—বি, পুং (নির্—ঘণ্ট—করণ—অল্) সূচীপত্র, অনুক্রমণিকা। মীমাংসা। চলিত ভাষা, তন্ন তন্নরূপে অণ্বেষণ করা।

নির্ঘাতঃ—বি, পুং ; প্রবল বায়ুর পরস্পর আঘাত জনিত শব্দ। বজ্র। চলিত ভাষায়, নিষ্ঠুর, ভয়ানক।

নির্ঘৃণ—বি-ণ নির্—ঘৃণা) ঘৃণারিহত নির্দ্দয়।

নির্ঘোষঃ—বি,পুং (নির্ + ঘুষ + ঘঞ্) শব্দ।

নির্জ্জন—বি-ণ ; জনশূন্য, নিভৃত।

নির্জরঃ—বি, পুং (নির্—জরা) দেবতা। বি-ণ ; জরাশূন্য। ক্লী ; অমৃত।

নির্জিত—ত্রি. (নির্ + জি + ক্ত) পরাজিত।

নির্ঝরঃ—বি, পুং ; (নির - ঝৃ - অপ্) যে জলপ্রবাহ পর্ব্বত হইতে বেগে পতিত হয়, ঝরণা।

নির্ঝরিণী—বি, স্ত্রী (নির্ঝর—ইন্—ঈপ্)

নির্ণয়ঃ—বি, পুং (নির—নী—অল্) নিশ্চয়।

নির্ণিক্ত—বি-ণ (নির্—নিজ—কর্ম্ম—ক্ত) ধৌত, ক্ষালিত। শোধিত, বিগতপাপ।

নির্ণীত—বি-ণ (নির্—নী—কর্ম্ম—ক্ত) নিশ্চিত, অবধারিত।

নির্ণিক্তিঃ—স্ত্রী (নির্—নিজ—ক্তিন্) ক্ষালন

নির্ণেজক—বি-ণ (নির্—নিজ—কর্ত্তৃ—ণক) পরিষ্কারক। বি, পুং ; রজক।

নির্ণেয়—বি-ণ (নির্—নী—কর্ম্ম—য) নির্ণয়করিবার যোগ্য।

নির্দ্দয়—বি-ণ (নির্—দয়া)দয়াহীন, নিষ্ঠুর।

নির্দ্দিষ্ট—বি-ণ (নির্—দিশ—কর্ম্ম—ক্ত) নিরূপিত। উল্লিখিত। কথিত। আদিষ্ট। প্রদর্শিত।

নির্দ্দেশঃ—বি, পুং (নির্—দিশ—ভাবে—অল্) নিরূপণ। উল্লেখ। শাসন, উপদেশ।

নির্দ্ধারঃ —বি, পুং (নির্—ধৃ—ভাবে—ঘঞ)
নির্দ্ধারণম্ —বি, ক্লী (নির্—ধৃ + ল্যুট) নিরূপণ। অনেকের মধ্যে একের অবধারণ।

নির্দ্ধারিত—বি-ণ (নির্—ধৃ—কর্ম্ম—ক্ত) নিশ্চিত।

নির্দ্ধার্য্য—বি-ণ (নির্—ধৃ—কর্ম্ম—ঘ্যণ্) নির্দ্ধারণের যোগ্য।

নির্দ্ধূত—বি-ণ (নির্—ধূ—কর্ম্ম—ক্ত) বর্জ্জিত, ত্যক্ত। দূরীকৃত।

নির্দ্বন্দ্ব—বি, পুং ; শীতোষ্ণাদি বা সুখদুঃখাদি দ্বন্দ্ব রহিত।

নির্বন্ধঃ—বি, পুং ; অতিশয় যত্ন, আগ্রহ, অভিনিবেশ, নিয়ম। সংযোগ ঘটনা।

নির্বাধ—বি-ণ (নির্—বাধা) বাধা রহিত।

নির্বোধ—বি-ণ ; জ্ঞানহীন।

নির্ভর—বি-ণ (নির্—ভৃ—কর্ম্ম—অল্) অতিরিক্ত। বি, ক্লী ; আধিক্য (প্রা) আশ্রয় করা।

নির্ভিন্ন—বি-ণ ; নিদীর্ণ, খণ্ডিত। বিকসিত।

নির্মক্ষিক—বি-ণ (নির্—মক্ষিকা) মক্ষিকাশূন্য। জনশূন্য।

নির্মদ—বিণ, নিরভিমান, নিরানন্দ

নির্মন্থন—বি, ক্লী ; ঘর্ষণ। মর্দ্দন। নিংড়ন।

নির্মম—বি-ণ ; যাহার কোন পদার্থে আমার বলিয়া আসক্তি নাই। মমতাশূন্য।

নির্মল—বি-ণ ; মলহীন, পরিষ্কৃত।

নির্মাণম্—বি, ক্লী (নির্—মা—ভাবে + ল্যুট্) গঠন, রচনা, প্রস্তুতকরণ।

নির্ম্মাতা(তৃ)—বি-ণ (নির্—মা—কর্ত্তৃ—তৃন্) নির্ম্মাণ কর্তা। স্ত্রী ; ত্রী।

নির্মাল্যম্—বি, ক্লী ; দেবতার নিকট হইতে নির্গত মাল্য, দেবনিবেদিত পুষ্পাদি।

নির্মাল্যা—বি, স্ত্রী ; জলপরিষ্কারক ফল, নির্ম্মলীফল।

নির্ম্মিত—বি-ণ (নির্—মা—কর্ম্ম—ক্ত) গঠিত; রচিত, প্রস্তুত।

নির্ম্মোকঃ—বি, পুং (নির—মুচ—কর্ম্ম—ঘঞ্) সাপের খোলস।

নির্যাণম্—বি, ক্লী ; নির্গমন। পশুর পৃষ্ঠাসন।

নির্যাতক—বি-ণ (নির—যত—ণিচ্—ণক) যে অনিষ্টকারীর অনিষ্ট করে, বৈরপরিশোধক।

নির্যাতনম্—বি, ক্লী (নির্—যত—ণিচ্—ল্যুট্) প্রতিহিংসা, বৈরশোধন। প্রহার, নিগ্রহ। বধ। প্রত্যর্পণ। পরিশোধন।

নির্যাসঃ—বি, পুং (নির্—যস—কর্ম্ম—ঘঞ্) আঠা। নিস্যন্দ। ক্বাথ।

নির্লজ্জ—বিণ, লজ্জাহীন।

নির্লেপ—বি-ণ ; লেপশূন্য। সম্পর্কশূন্য স্বতন্ত্র।

নির্বচনম্—বি, ক্লী ; বিশেষরূপে কথন, নিরুক্তি।

নির্বপনম্—বি, ক্লী ; পিতৃগণের উদ্দেশ্যে দান। দান। অন্নাদিপরিবেশন।

নির্বহণম্—বি, ক্লী ; নাটকে সন্ধি বিং।

নির্বর্ত্তিত—বি-ণ (নির্—বৃত—ণিচ্—কর্ম্ম—ক্ত) সম্পাদিত।

নির্ব্বাচনম্—বি, ক্লী (নির—বচ—ণিচ্—ল্যুট্) বাছিয়া বাহির করা, স্থিরীকরণ।

নির্ব্বাণম্—বি, ক্লী (নির্—বা—ভাবে—ল্যুট্) মোক্ষ। নিবিয়া যাওয়া। নাশ। অস্ত-গমন। শান্তি। বি-ণ; যে মুক্তি পাইয়াছে। যাহা নিবিয়া গিয়াছে। শান্ত। অস্তগত।

নির্বাসনম্—বি, ক্লী (নির্—বস—ণিচ্ ল্যুট্—ল্যুট্) দেশ হইতে দূরীকরণ।

নির্ব্বাসিত—বি-ণ (নির্—বস—ণিচ্ - ক্ত) দেশ হইতে বহিষ্কৃত।

নির্বাহঃ—বি, পুং (নির্—বহ—ভাবে—ঘঞ্) সম্পাদন।

নির্বিকল্প—বি-ণ ; ভেদশূন্য। বি, ক্লী; অখণ্ডজ্ঞান।

নির্বিঘ্ন—বি, ক্লী ; বিঘ্নাভাব। বি-ণ ; বিঘ্নশূন্য।

নির্বিদ/নির্বিণ্ণ—বি-ণ (নির্—বিদ্—কর্ত্তৃ—ক্ত) ভয়শোকাদির দ্বারা কাতর। দুঃখিত। হতাশ। দরিদ্র।

নির্বিশেষ—বি-ণ ; অভিন্ন।

নির্বিষ্ট—বি-ণ (নির্—বিশ্—কর্ম্ম—ক্ত) যাহা ভোগ করা হইয়াছে, উপভুক্ত। অনুভূত। লব্ধ। বিবাহিত। পুষ্ট।

নির্বৃত—বি-ণ ; (নির্—বৃ—কর্ম্ম—ক্ত) সন্তুষ্ট। সুখিত।

নির্বিন্ধ্যা—স্ত্রী, নদীবিশেষ।

নির্বৃতিঃ—বি-স্ত্রী (নির্—বৃ—ভাবে—ক্তি) মুক্তি। মৃত্যু। সন্তোষ। শান্তি। সিদ্ধি। অভয়। অক্ষয়।

নির্বৃত্ত—বি-ণ (নির্—বৃত—কর্ত্তৃ—ক্ত) নিষ্পন্ন। জাত।

নির্বেদঃ—বি, পুং ; আপনাকে ধিক্কার দেওয়া। স্বাবমাননা। বৈরাগ্য। ঔদাসীন্য। অনুতাপ।

নির্বেশঃ—বি, পুং ; বেতন। ভোগ। লাভ। বিবাহ।

নির্ব্যথনম্—বি, ক্লী (নির্—ব্যথ + ল্যুট্) ছিদ্র, ত্রি. ব্যথাশূন্য।

নির্ব্যপেক্ষ—বিণ, নিরপেক্ষ।

নির্ব্যূঢ়—বি-ণ (নির্—বি—বহ্—কর্ম্ম—ক্ত) প্রমাণ দ্বারা স্থিরীকৃত, নিশ্চিত। সম্যক্। পর্য্যাপ্ত। সমাপ্ত। যথেষ্ট বিনিয়োগের অর্থাৎ ইচ্ছামত দান বিক্রয়ের যোগ্য।

নির্হরণম্ —বি, ক্লী ;
নির্হারঃ —বি,পুং ; (নির - হৃ - ঘঞ্) শবদেহাদি দূরে লইয়া যাওয়া। বহির্নয়ন। শবদাহ। দূরীকরণ। উদ্ধরণ। শল্যাদির উদ্ধার। মলমূত্রাদি ত্যাগ। যথেষ্ট বিনিয়োগ।

নির্হারী(রিন্)—বি-ণ (নির্ - হৃ—কর্ত্তৃ—ণিন্) অতি বিস্তৃত। দূরগামী।

নির্হ্রাদ—বি, পুং (নির্—হ্রদ—ঘঞ্) শব্দ।

নিলয়—বি, পুং (নি—লী—অধি—অল্) গৃহ। বাসস্থান।

নিলিম্প—পুং (নি—লিপ্ + শ) দেব। স্ত্রী, আ-গাভী।

নিলীন—বি-ণ (নি—লী—কর্ত্তৃ—ক্ত) যে মিশিয়া গিয়াছে, বিলীন। সংলগ্ন। অবস্থিত। নিমগ্ন। বেষ্টিত।

নিবর্ত্তনম্—বি, ক্লী (নি—বৃত + ল্যুট্) নিবৃত্তি। (ণিচ্ + ল্যুট) ফিরাইয়া আনা, প্রত্যাবর্ত্তন। নিবারণ।

নিবর্ত্তিত—বি-ণ (নি—বৃত—ণিচ্ + ক্ত) নিবারিত।

নিবহঃ—বি, পুং (নি—বহ + অচ্) বায়ুবিশেষ। সমূহ।

নিবাত—বি-ণ বায়ুশূন্য। দৃঢ়।

নিবাতকবচঃ—বি, পুং ; সমুদ্রতীরবাসী দৈত্য বিং, ইহারা হিরণ্যকশিপুর পুত্র সংহ্লাদের তনয়।

নিবাপঃ—বি, পুং ; পিতৃলোকোদ্দেশে দান, শ্রাদ্ধতর্পণাদি। দান।

নিবারণম্—বি, ক্লী (নি—বৃ—ণিচ্ + ল্যুট্) নিষেধ।

নিবাসঃ—বি, পুং ; (নি—বস্ + ঘঞ্) বাসস্থান। গৃহ। আধার।

নিবিড়—বি-ণ (নি—বিড়—কর্ত্তৃ—ক) ঘন। দৃঢ়। স্থূল। পুরু।

নিবিদ্—স্ত্রী (নি—বিদ্ + ক্বিপ) মন্ত্রের পদবিশেষ।

নিবিষ্ট—বি-ণ (নি—বিশ—কর্ত্তৃ—ক) প্রবিষ্ট। মনোযোগী।

নিবীতম্—বি ক্লী (নি—বী—কর্ত্তৃ—ক্ত) মালার ন্যায় কণ্ঠলম্বিত যজ্ঞসূত্র।

নিবৃত—বি-ণ (নি—বৃ—করণ—ক্ত) উত্তরীয় বস্ত্র।

নিবৃত্ত—বিণ, ত্রি, (নি—বৃত + ক্ত) বিরত। প্রত্যাবৃত্ত।

নিবৃত্তি—বি-স্ত্রী (নি—বৃত—ভাবে—ক্তি) বিরাম। বিশ্রাম।

নিবেদ—পুং (নি—বিদ্ + ঘঞ্) জ্ঞাপন, সমর্পণ।

নিবেদনম্—বি, ক্লী (নি—বিদ + ল্যুট্) বিজ্ঞাপন। বিনীতভাবে জানান। সমর্পণ।

নিবেদিত—বি-ণ (নি—বিদ—ণিচ্+ক্ত) বিজ্ঞাপিত। সমর্পিত।

নিবেশঃ—বি, পুং (নি—বিশ—অধি—অল্) আগন্তুক সেনাদিগের বাসস্থান, শিবির। স্থান। (ভাবে—অল্) সৈন্যবিন্যাস। প্রবেশ।

নিবেশনম্—বি, ক্লী (নি—বিশ + ল্যুট্) গৃহ। স্থান। (ণিচ্ + ভাবে—ল্যুট্) স্থাপন।

নিবেশিত—বি-ণ (নি—বিশ্ - ণিচ্—কর্ম্ম—ক্ত) স্থাপিত। সংক্রমিত।

নিশা—বি, স্ত্রী (নি—শো—কর্ত্তৃ—ক—আপ্) রাত্রি।

নিশমনম্/নিশামনম্—ক্লী (নি—শম্—ণিচ্—ল্যুট্) দর্শন। শ্রবণ।

নিশাকরঃ—বি, পুং (নিশা—কৃ—কর্ত্তৃ—ট) চন্দ্র।

নিশাচরঃ—বি, পুং (নিশা—চর—কর্ত্তৃ—টক্) রাক্ষস। শৃগাল। সর্প। চৌর। স্ত্রী ; রী।

নিশাত—বি-ণ (নি—শো—কর্ম্ম—ক্ত) তীক্ষ্ণীকৃত। শাণিত।

নিশান্তম্—বি, ক্লী ; গৃহ। পুং ; রাত্রির অবসান।

নিশারণম্—ক্লী (নি—শৃ + ণিচ্+ ল্যুট্) মারণ।

নিশিত—বি-ণ (নি—শো—কর্ম্ম—ক্ত) শাণিত।

নিশীথ—বি, পুং (নি—শী—অধি—থক্) অর্দ্ধরাত্রি।

নিশীথিনী—বি, স্ত্রী ; রাত্রি।

নিশুম্ভঃ—বি, পুং ; অসুর বিং। বধ। মর্দ্দন। বমন।

নিশ্চয়ঃ—পুং (নির্—চি + অচ্) সিদ্ধান্ত, নিঃশংয় জ্ঞান। নির্ণয়। অবধারণ।

নিশ্চল—বি-ণ ; স্থির।

নিশ্চায়ক—বি-ণ (নির্—চি—কর্ত্তৃ—ণ্বক) যে নিশ্চয় করে। নির্ণেতা।

নিশ্চিত—বি-ণ (নির্—চি—কর্ম্ম—ক্ত) নির্ণীত, অবধারিত।

নিশ্চেষ্ট—বি-ণ (নির্—চেষ্টা) স্পন্দনরহিত, স্থির। ব্যাপারশূন্য।

নিশ্বাসঃ —বি, পুং (নি—শ্বস—ঘঞ্)
নিশ্বসিতম্ —বি, ক্লী (নি—শ্বস—ভাবে—ক্ত) নাসিকা হইতে নির্গত বায়ু।

নিষঙ্গঃ—বি, পুং (নি—সন্জ—অধি—ঘঞ্) বাণাধার, তূণীর।

নিষণ্ণ—বি-ণ (নি—সদ—কর্ত্তৃ—ক্ত) উপবিষ্ট। শয়িত। স্থিত।

নিষদ্যা—বি, স্ত্রী (নি—সদ—অধি—ক্যপ্+ আপ্) শ্রেণীবদ্ধ দোকান, নাট, পণ্যবীথিকা।

নিষধঃ—বি, পুং ; দেশ বিং। নৃপতি বিং। তদ্দেশীয় লোক।

নিষদ্বরঃ—পুং (নি—সদ্ + ক্বিপ্ + বৃ + অচ্) কর্দম। পঙ্ক। স্ত্রী নিষদ্বরী—নিশা।

নিষাদঃ—বি, পুং (নি—সদ—কর্ত্তৃ—ঘঞ্) চণ্ডাল। স্বর বিং।

নিষাদী(দিন্)—বি, পুং (নি—সদ—কর্ত্তৃ—ণিন্) মাহুত। হস্ত্যারোহী।

নিষিক্ত—বি-ণ (নি—সিচ—কর্ম্ম—ক্ত) সিক্ত। ক্ষরিত।

নিষিদ্ধ—বি-ণ (নি—সিধ—কর্ম্ম—ক্ত) যাহা নিবারণ করা হইয়াছে, নিবারিত।

নিষূদনম্—বি, ক্লী (নি—সূদ+ল্যুট্) বধ (কর্ত্তৃ—অন) বি-ণ ; যে নাশ করে, বিনাশক।

নিষেকঃ—বি, পুং (নি—সিচ—ভাবে—ঘঞ্) ক্ষরণ। গর্ভাধান।

নিষেধঃ—বি, পুং (নি—সিধ—ভাবে—অল্) নিবারণ।

নিষ্ক—বি, পুং, ক্লী (নির—কৈ—কর্ত্তৃ—ড) মোহর। মুদ্রা। ৩২ রতি স্বর্ণ। ১০৮ সুবর্ণ, ১৫ মাষা পরিমিত স্বর্ণকে সুবর্ণ কহে। কণ্ঠভূষণ।

নিষ্কন্টক—বি-ণ ; কন্টকশূন্য। শত্রুশূন্য।

নিষ্কর্ষঃ—বি, পুং (নির্—কৃষ—অল্) ইহার এই পর্য্যন্ত শেষ এইরূপে নিশ্চয়, ইয়ত্তা পরিচ্ছেদ। সার ভাগ।

নিষ্কল—বি-ণ (নিয—কলা) নিষ্ফল। নষ্টবীর্য্য। কলাশূন্য। বৃদ্ধি। বি, কলী ; পরব্রহ্ম।

নিষ্কাশিত —নির্—কাশ—ণিচ্—কর্ম্ম—ক্ত)
নিষ্কাসিত —নির্—কাস—ণিচ্—কর্ম্ম—ক্ত) বি-ণ ; বহিষ্কৃত।

নিষ্কুটঃ—পুং (নিস্—কুট + ক) প্রমোদোদ্যান। রাজার অন্তঃপুর।

নিষ্কুষিত—বি-ণ (নির্—কুষ—কর্ম্ম—ক্ত) নিঃসারিত। যাহার ছাল ছাড়ান হইয়াছে, বিক্ষত ; খণ্ডিত।

নিষ্কৃতিঃ—বি, স্ত্রী ; উদ্ধার। মুক্তি।

নিষ্কৃষ্ট—ত্রি (নির—কৃষ+ক্ত) সারভূত। নিশ্চিত।

নিষ্কোষণম্—বি, ক্লী (নির্—কুষ + ল্যুট্) বহিঃনিঃসারণ।

নিষ্ক্রমণম্—বি, ক্লী ; বহির্গমন। ৪র্থ মাসে কর্ত্তব্য শিশুর গৃহ নির্গমন রূপ সংস্কার।

নিষ্ক্রয়ম্—বি, ক্লী ; বেতন। ভাড়া। মূল্য। ঋণ পরিশোধ।

নিষ্ক্রান্ত—বি-ণ (নির্—ক্রম—কর্ত্তৃ—ক্ত) নির্গত।

নিষ্ঠা—বি, স্ত্রী (নি—স্থা—ভাবে + ক + আপ্) ভক্তি। দৃঢ়তা। ব্রতাদিক্লেশ। উৎকর্ষ। নিষ্পত্তি। নাশ। নিশ্চয়। স্থিতি। অন্ত। যাচ্ঞা। ব্যাকরণে ক্ত, ক্তবতু প্রত্যয়।

নিষ্ঠানম্—বি, ক্লী (নি—স্থা—অধি + ল্যুট্) ব্যঞ্জন। তরকারী। (ভাবে—ল্যুট্) মৃত্যু।

নিষ্ঠীবনম্ }
নিষ্ঠেবনম্ } —বি, ক্লী ; থুথু। থুথুফেলা। ফেলা। বমন।

নিষ্ঠুর—বি-ণ (নি—স্থা—কর্ত্তৃ—ডুর) নিদ্দয়। কঠিন। নিশ্চল। বি, ক্লী ; কর্কশবাক্য।

নিষ্ঠ্যুত—বি-ণ (নি—ষ্ঠিব—কর্ম্ম—ক্ত) নিক্ষিপ্ত। উদগীর্ণ।

নিষ্ণ —(নি—স্না—কর্ত্তৃ—ড)
নিষ্ণাত —(নি—স্না—কর্ত্তৃ—ক্ত) বি-ণ ; নিপুণ। প্রধান।

নিষ্পত্তিঃ—বি, স্ত্রী ; সমাপ্তি। সিদ্ধি।

নিষ্পন্ন—বি-ণ (নির্—পদ—কর্ম্ম—ক্ত) সম্পন্ন। সমাপ্ত।

নিষ্পাদনম্—বি, ক্লী (নির্—পদ—ণিচ্—ভাবে—ল্যুট্) সম্পাদন।

নিষ্পিষ্ট—বি-ণ ; চূর্ণিত। মর্দ্দিত।

নিষ্পেষঃ—বি, পুং (নির্—পিষ—ভাবে—অল) চূর্ণন। মর্দ্দন। ঘর্ষণ।

নিষ্প্রতিভ—জড়। অজ্ঞ। অপ্রগল্ভ।

নিষ্প্রভ—বি-ণ ; প্রভাশূন্য।

নিসর্গঃ—বি, পুং ; স্বভাব। ত্যাগ। সাফল্য। সৃষ্টি।

নিসৃষ্ট—বি-ণ ; প্রেরিত। স্বত্ত।

নিসৃষ্টার্থঃ—বি, পুং ; দূত বিং, যে দূত উভয়ের অভিপ্রায় বুঝিয়া স্বয়ং উত্তরাদি করিতে সমর্থ।

নিস্তত্ত্ব—ত্রি, অসৎপদার্থ।

নিস্তারঃ—বি, পুং ; উদ্ধার। পার হওয়া। উপায়।

নিস্তল—ত্রি. বর্তুল। ক্লী. অতল।

নিস্ত্রিংশঃ—বি, পুং ; ত্রিংশৎ অঙ্গুলির অধিক পরিমাণ অস্ত্র বিং। খড়্গা।

নিস্ত্রৈগুণ্য—ত্রি. কামাদিশূন্য, সংসারাতীত।

নিস্পৃহ—বি-ণ (নির্—স্পৃহা) নিরাকাঙ্ক্ষ।

নিস্যন্দঃ—বি, পুং (নি—স্যন্দ + ঘঞ্) ক্ষরণ। গলন। চুয়ান।

নিস্রবঃ—বি, পুং (নি—স্রু—ভাবে—অল্) ক্ষরণ, নির্গমন।

নিস্বনঃ —বি, পুং।
নিস্বানঃ —বি, পুং ; শব্দ।

নিহিত—বি-ণ (নি—ধা—কর্ম্ম—ক্ত) স্থাপিত। গুপ্ত। অর্পিত।

নিহ্নবঃ—বি, পুং (নি—হ্নু—ভাবে—অল্) অপলাপ।

নিহ্লাদঃ—বি, পুং ; শব্দ।

নীকারঃ—বি, পুং (নি—কৃ + ঘঞ্) ন্যক্কার, অবহেলা।

নীকাশঃ—বিণ ; (নি - কশ্ - ঘঞ্) কোন শব্দের পরবর্ত্তী হইলে তুল্যার্থবোধক হয়।

নীচ—বি-ণ ; নিকৃষ্ট ইতর। বামন। নিম্ন।

নীচৈঃ(স্)—অব্য ; অল্প। ক্ষুদ্র। অধোভাগ

নীড়—বি, পুং ; ক্লী (নি—ইল—অধি—ক) পক্ষীর বাসা, কুলায়।

নীত—বি-ণ (নী—কর্ম্ম—ক্ত) যাহাকে লইয়া যাওয়া হইয়াছে, প্রাপিত। যাপিত।

নীতিঃ—বি, স্ত্রী (নী—কর্ম্ম—ক্তিন্) হিতাহিত বিবেচনার শাস্ত্র, শুক্রাচার্য্যাদি প্রণীত শাস্ত্র। রীতি।

নীথ—ত্রি. (নীর + কথন্) নেতা, প্রাপক, স্তোত্র।

নীধ্রঃ—বি, ক্লী (নী—ধৃ—কর্ত্তৃ—ক) ঘরের চালের ছাঁইচ। বন। নেমি।

নীপঃ—বি, পুং (নী—করণ—পক্) কদম্ববৃক্ষ। নৃপতি বিং। ক্লী ; কদম্বপুষ্প।

নীয়মান—বি-ণ (নী—কর্ম্ম—শানচ্) যাহা লইয়া যাওয়া হইতেছে।

নীরম্—বি, ক্লী (নী—কর্ত্তৃ—রক্) জল। রস।

নীরজম্—বি, ক্লী (নীর্—জন—কর্ত্তৃ—ড) পদ্ম। বি-ণ ; জলজাত।

নীরদঃ—বি, পুং (নীর—দা—কর্ত্তৃ—ড) মেঘ। বি-ণ (নির্—রদ) দন্তহীন।

নীরধিঃ }
নীরনিধিঃ } —বি, পুং (নীর—ধা—অধি—কি) সমুদ্র।

নিরন্ধ্র—বি-ণ ; ছিদ্ররহিত। নিবিড়, ঘন।

নীরস—বি-ণ (নির + রস) শুষ্ক, রসহীন।

নীরাজনম্ —বি, ক্লী (নির্—অজ + ল্যুট্)

নীরাজনা —বি, স্ত্রী (নির্—অজ + ল্যুট্ + আপ) আরাত্রিক।

নীরুজ—বি-ণ (নির্—রুজ) রোগীবিহীন।

নীলঃ—বি, পুং ; বর্ণ বিং। পর্ব্বত বিং। মণি বিং।

নীলকণ্ঠঃ—বি, পুং ; শিব। ময়ূর। খঞ্জন পক্ষী।

নীলকান্তঃ—বি, পুং ; নীলবর্ণ-মণি বিং। ইন্দ্রনীল প্রস্তর।

নীললোহিতঃ—বি, পুং ; শিব, ইহাঁর কণ্ঠে নীল, কেশে লোহিত।

নীলাম্বরঃ—বি, পুং ; বলরাম। বি, ক্লী ; নীলবস্ত্র।

নীলাভ—ত্রি. নীলবর্ণ।

নীলাঞ্জনম্—বি, ক্লী ; তুঁতে। সৌবীরাঞ্জন।

নীলিমা(মন্)—বি, পুং (নীল—ভাবে—ইমনিচ্) শ্যামত। নীলত্ব।

নীলী—বি, স্ত্রী ; বর্ণ বিং, নীলরং।

নীলোৎপলম্—বি, ক্লী ; নীলপদ্ম।

নীবারঃ—বি, পুং (নি—বৃ—কর্ম্ম—ঘঞ্) উড়িধান্য, তৃণধান্য।

নীবিঃ }—
নীবী } —বি, স্ত্রী (নি—ব্যে—করণ—ই) কটীদেশের উপর বস্ত্রগ্রন্থি। মূলধন।

নীহারঃ—বি, পুং (নি—হৃ—কর্ম্ম—ঘঞ্) হিম। বরফ।

নীবৃৎ—পুং (নি - বৃ - ক্বিপ) জনপদ।

নু—অব্য ; সম্বোধন। প্রশ্ন। বিতর্ক। বিকল্প। সংশয়। অনুনয়।

নুত—ত্রি (নু + ক্ত) পূজিত।

নুতিঃ—বি. স্ত্রী (নু—ভাবে—ক্তিন্) স্তব। পূজা। প্রণাম।

নুত্ত—
নুন্ন—বি-ণ (নুদ—কর্ম্ম—ক্ত) প্রেরিত। নিরস্ত। ছিন্ন।

নূতন—বিণ (নব—তন) নবীন।

নূনম্—অব্য, নিশ্চয়। বিতর্ক। সম্ভাবনা। স্মরণ।

নূপুর—বি, পুং, ক্লী; (নূ-ক্বিপ-পুর-ক) পাদভূষণ বিং।

নৃ—বি, পুং; (নী - ঋন্) মনুষ্য। পুরুষ।

নৃচক্ষসঃ—পু, (নৃ + চক্ষ + অসুন্) রাক্ষস।

নৃজগ্ধঃ—পুং, নরখাদক।

নৃত্যম্—বি, ক্লী (নৃত—ভাবে—ক্যপ্) নাচা, নর্ত্তন।

নৃপঃ—বি, পুং (নৃ—পা—কর্ত্তৃ—ড) রাজা।

নৃযজ্ঞঃ—বি, পুং; অতিথিসেবা।

নৃশংস—বিণ (নৃ—শন্স—কর্ত্তৃ—অন্) নিষ্ঠুর, নির্দ্দয়।

নৃসিংহঃ—বি, পুং; বিষ্ণুর অবতার বিং। বিণ; মনুষ্যশ্রেষ্ঠ।

নৃসেনম্—ক্লী, মনুষ্যসৈন্য।

নৃসোমঃ—বি, পুং; নরশ্রেষ্ঠ।

নেজকঃ—বি, পুং (নিজ—কর্ত্তৃ—ণক) ধোপা। বিণ; যে পরিষ্কার করে, শোধক।

নেজনম্—বি, ক্লী (নিজ—ভাবে—ল্যুট্) ধৌতকরা, শোধন।

নেতা(তৃ)—বিণ (নী—কর্ত্তৃ—তৃন্) নায়ক। প্রেরক। স্বামী।

নেত্রম্—বি, ক্লী (নী—করণ—ত্র) চক্ষুঃ। রথ। বৃক্ষমূল।

নেত্রচ্ছদঃ—বি, পুং; চক্ষুর পাতা।

নেত্ররঞ্জনম্—বি, ক্লী; কজ্জল।

নেদিষ্ঠ—বিণ (অন্তিক—ইষ্ঠন্) অতি নিকটবর্ত্তী।

নেদীয়স্—বিণ (অন্তিক + ঈয়সুন্) অধিকতর নিকটবর্ত্তী।

নেপথ্যম্—বি, ক্লী; সজ্জাগৃহ, সাজঘর।

নেমঃ—বি, পু (নী - মন্) কাল, অবধি, খণ্ড, প্রাকার, অর্ধ।

নেমিঃ—বি, পু (নী - মি)
নেমী—বি, স্ত্রী (নী—করণ—মি) চক্রের প্রান্তভাগ।

নৈকটিক—পু, (নিকট + ঠক) গ্রামের নিকট বসবাসকারী ভিক্ষুক। ত্রি. নিকটবর্ত্তী।

নৈগমঃ—পু, (নিগম + অণ) বেদের উপনিষদ ভাগ। বণিক। নাগর। নীতি। ত্রি. নিগম সম্বন্ধীয়।

নৈচিকী—স্ত্রী (নীচ + ঠক্ + ঙীপ্) উৎকৃষ্ট গাভী।

নৈত্যিক্—বিণ (নিত্য—ষ্ণিক) যে সকল কার্য্য প্রত্যহ করিতে হয়, দৈনিক।

নৈপুণ্যম্—বি, ক্লী (নিপুণ—ষ্ণ্য) দক্ষতা।

নৈমিত্তিক—বিণ (নিমিত্ত—ষ্ণিক) কোন কারণবশতঃ কর্ত্তব্য কার্য্য, কারণসম্ভূত।

নৈয়ায়িক—বিণ (ন্যায়—ঠক) ন্যায়শাস্ত্রজ্ঞ।

নৈরাশ্যম্—বি, ক্লী (নিরাশ—ষ্ণ্য) আশাশূন্যতা।

নৈর্ঋত—বি, পুং (নির্ঋতি—ষ্ণ) রাক্ষস। দক্ষিণ পশ্চিম কোণের অধিপতি।

নৈবেদ্যম্—বি, ক্লী (নিবেদ—ষ্ণ্য) দেবোদ্দেশে দেয় বস্তু।

নৈয়গ্রোধঃ—পু, বটফল।

নৈষধঃ—বি, পুং (নিষধ—ষ্ণ) নলরাজা। বিণ; নিষধ সম্বন্ধীয়।

নৈষ্ঠিক—বি, পুং (নিষ্ঠা—ষ্ণিক) যে দ্বিজ যাবজ্জীবন গুরুগৃহে থাকিয়া ব্রহ্মচর্য্য অবলম্বনপূর্ব্বক অধ্যয়ন করে।

নৈসর্গিক—বিণ (নিসর্গ—ষ্ণিক) স্বাভাবিক।

নৈস্ত্রিংশিক—বি, পুং (নিস্ত্রিংশ—ষ্ণিক) খড়্গাধারীযোদ্ধা।

নো—অব্য; নিষেধ, না।

নোদনম্—বি, ক্লী (নুদ + ল্যুট্) প্রেরণ।

নৌ—(নুদ—কর্ম্ম—ডৌ)

নৌকা—(নৌ—কশ্—আপ্) বি, স্ত্রী; জলযান, তরী।

ন্যক্—অব্য, নীচ, ঘৃণার্হ। নিম্ন।

ন্যক্কারঃ—বি, পুং; অবজ্ঞা, ঘৃণা। নীচকরণ।

ন্যক্ষঃ—পুং, (নি + অক্ষিণ + অ) মহিষ। জামদগ্ন্য পরশুরাম।

ন্যগ্রোধ—বি, পুং (ন্যক্—রুধ—কর্ত্তৃ—অন্) বটবৃক্ষ।

ন্যঞ্জনম—ক্লী, (নি—অন্চ + ল্যুট) অত্যন্ত নমন।

ন্যস্ত—বিণ (নি—অস—কর্ম্ম—ক্ত) নিক্ষিপ্ত। অর্পিত। ত্যক্ত। রচিত।

ন্যায়ঃ—বি, পুং (নি—ই—ঘঞ্) যাথার্থ্য। নীতি। তর্কশাস্ত্র। উদাত্ত, অনুদাত্ত স্বরিত এই ত্রিবিধ স্বর।

ন্যায়পরতা—বি, স্ত্রী; যথার্থ পথে থাকা, ঠিক ঠিক কার্য্য করা।

ন্যায্য—বিণ (ন্যায়—ষ্ণ্য) যথার্থ। উচিত।

ন্যাসঃ—বি, পুং (নি—অস—ভাবে—ঘঞ্) নিক্ষেপ। অর্পণ। নিশ্বাসের পূরণ স্থিরীকরণ ও রেচনপূর্ব্বক মন্ত্রপ্রয়োগ। গচ্ছিতবস্তু। পাণিনি ব্যাকরণের বৃত্তিব্যাখ্যাগ্রন্থ বিং।

ন্যুব্জ—বি-ণ (নি—উব্জ—কর্ত্তৃ—অন্) কুব্জ, কুঁজো। বক্র। উপুড়।

ন্যূন—বি-ণ; (নি—ঊণ + অচ্) অল্প। ক্ষুদ্র। নীচ।

ন্যূনাধিক—বি-ণ; কমবেশী।

ন্যোচনী—স্ত্রী, (নি—উচ্ + ল্যু + ঙীপ) দাসী।

ন্যোজস্—(নি—উঞ্জ + অসি) আর্জবশূন্য। কুটিল।

প

পঃ—বি, পুং; (পা - ক) ২১শ তম বর্ণ ব্যঞ্জন। পর্ণ। পত্র। পবন। পান। পাতন। চরিত্র।

পক্কণঃ—বি, পুং (পচ্ + ক্বিপ্ + কণ + অচ) গৃহ, ব্যাধের বাড়ি।

পক্ক—বিণ (পচ্ + ক্ত) পরিণত। যাহা পাক করা হইয়াছে।

পক্তিঃ—বি, স্ত্রী (পচ্ + ক্তিন) পাক। গৌরব পরিণাম।

পক্ত্রিম—বিণ (পচ্—ক্ত্রি + মপ্) পক্ক।

পক্ষঃ—বি, পু, (পক্ষ + অচ্) মাসের অর্ধ। সমূহ। পার্শ্ব, গৃহ, ন্যায়শাস্ত্রে সন্দিগ্ধ। সাধ্যবান স্থল। বিরোধ। বল সহায়।

পক্ষকঃ—পু, (পক্ষ—কৈ + ক) পার্শ্বদ্বার। খিড়কীদ্বার।

পক্ষচরঃ—পু, (পক্ষ—চর—ট) গজ। চন্দ্র।

পক্ষতিঃ—স্ত্রী, পক্ষের আরম্ভ। প্রতিপদ তিথি।

পক্ষদ্বারম্—ক্লী, খিড়কীদ্বার।

পক্ষপাতঃ—পু, অনুগ্রহ। অন্যায়, সাহায্য, স্নেহ, আসক্তি, পক্ষের পাতন।

পক্ষপাতিতা—স্ত্রী, অনুকূলবর্তিতা।

পক্ষপাতী (ত্রিন)—অনুগ্রাহক। পক্ষপাতযুক্ত।

পক্ষাঘাতঃ—পু, রোগবিশেষ।

পক্ষান্তঃ—পু, পূর্ণিমা, অমাবস্যা।

পক্ষান্তরম্—ক্লী, অন্যপক্ষ।

পক্ষী (ক্ষিন্)—বি, পুং (পক্ষ—ইন) পাখী।

পক্ষ্ম (ক্ষ্মন্)—বি, ক্লী (পক্ষ—কর্ত্তৃ—মন্) নেত্রলোম। পুষ্পাদির কেশর।

পঙ্কঃ—বি, পুং, ক্লী (পন্চ—কর্ত্তৃ—ঘঞ্) কর্দ্দম। পাপ।

পঙ্কজম্—বি, ক্লী (পঙ্ক—জন—কর্ত্তৃ—ড) পদ্ম।

পঙ্কজিনী—বি, স্ত্রী (পঙ্কজ—ইন—ঈপ্) পদ্মের ঝাড়, পদ্মিনী। পুষ্করিণী।

পঙ্কশূরণঃ—পুং, শালুক

পঙ্কিল—বিণ (পঙ্ক—ইল) পঙ্কযুক্ত।

পঙ্কেরুহম্—বি, ক্লী (পঙ্কে—রুহ—কর্ত্তৃ—ক) পদ্ম। সারসপক্ষী।

পঙ্ক্তিঃ—বি, স্ত্রী (পন্চ—কর্ম্ম—ক্তি) শ্রেণী। পঞ্চাক্ষর ও দশাক্ষর ছন্দোবিং।

পঙ্ক্তিপাবনঃ—বি, পুং; পঙ্ক্তিশোভাজনক সর্ব্ববেদজ্ঞ ব্রাহ্মণ।

পঙ্গু—বিণ (খন্জ—কর্ত্তৃ—কু) খোঁড়া। পদবিকল্প্য। পুং, শনিগ্রহ।

পচ—বিণ (পচ্ + অচ্) পাককর্তা।

পচনম্—বি, ক্লী, (পচ্ + ল্যুট্) পাক, রন্ধন, পুং-অগ্নি।

পচা—স্ত্রী (পচ্ + অ + টাপ্) পাক। পাককর্ত্রী।

পচেলিম—বিণ, (পচ্ + কেলিমর) স্বয়ংপক্ক। পু, অগ্নি, সূর্য।

পজ্জ—পু, (পদ + জন্ + ড) শূদ্র। বিণ, পদজাত।

পঞ্চকম্—ক্লী (পঞ্চন + কন) পাঁচ। পঞ্চপরিমিত।

পঞ্চকষায়ঃ—পুং জম্বু, শাল্মলী, বাট্যাল, বকুল ও বদর এই পাঁচটির ক্বাথ।

পঞ্চকোলম্—ক্লী, চৈ, চৈতা, পিপুল, পিপুলমূল ও শুঁঠ—এই পাঁচ।

পঞ্চগব্যম্—ক্লী গোমূত্র, গোময়, দুগ্ধ, দধি ও ঘৃত—এই পাঁচটি।

পঞ্চগঙ্গা—স্ত্রী, ভাগীরথী, গোমতী, কৃষ্ণবেণী, পিনাকিনী ও কাবেরী।

পঞ্চগুপ্তঃ—পু, কচ্ছপ। ক্লী, চার্বাকদর্শন।

পঞ্চচামরম্—ক্লী, ষোড়শাক্ষর ছন্দোবিশেষ।

পঞ্চজনঃ—পু, মনুষ্য, অসুরবিশেষ, প্রজাপতিবিশেষ।

পঞ্চজনী—স্ত্রী, বিশ্বাবসু দুহিতা—ভরতপত্নী।

পঞ্চতত্ত্বম্—ক্লী, পঞ্চমকার, ক্ষিত্যাদি পঞ্চভূত।

পঞ্চতপঃ—পু, পঞ্চাগ্নির মধ্যে যিনি তপস্যা করেন।

পঞ্চতা/পঞ্চত্বম্—মৃত্যু।

পঞ্চদশ—বিণ, পনের সংখ্যার পূরণ।

পঞ্চদশী—স্ত্রী, পঞ্চদশ বর্ষীয়া কন্যা। পূর্ণিমা। অমাবস্যা। বেদান্তদর্শনের গ্রন্থবিশেষ।

পঞ্চধা—অব্য, (পঞ্চন্ + ধাচ) পাঁচপ্রকার।

পঞ্চন্—ত্রি, (পচ + কনিন্) পাঁচ বা পাঁচসংখ্যা বিশিষ্ট।

পঞ্চনখ—বিণ; পঞ্চনখযুক্ত—শশক, শজারু, গোসাপ। গণ্ডার। কূর্ম্ম।

পঞ্চতন্মাত্রম্—বি, ক্লী; পৃথিব্যাদি সূক্ষ্ম পঞ্চ ভূত।

পঞ্চনদঃ—বি, পুং (পঞ্চন্—নদী—অ) শতদ্রু, বিপাশা, ইরাবতী, চন্দ্রভাগা, বিতস্তা—এই পঞ্চনদীযুক্ত দেশ। পঞ্জাবদেশ।

পঞ্চপল্লবম্—বি, ক্লী; আম্র, অশ্বত্থ, বট, প্লক্ষ, যজ্ঞডুমুর এই পঞ্চ পল্লব। তন্ত্রশাস্ত্র মতে—পনস, আম্র, অশ্বত্থ, বট, বকুল এই পঞ্চ পল্লব।

পঞ্চপাত্রম্—বি, ক্লী; দেবপক্ষদ্বয় এবং পিতৃপক্ষত্রয় এই পঞ্চপাত্রশ্রাদ্ধ।

পঞ্চপিতা(তৃ)—বি, পুং; জনক, শিক্ষাগুরু, শ্বশুর, অন্নদাতা, ভয়ত্রাতা এই পাঁচ জন। "জনকশ্চোপনেতা চ যশ্চ কন্যাং প্রযচ্ছতি অন্নদাতা ভয়ত্রাতা পঞ্চৈতে পিতরঃ স্মৃতাঃ।"

পঞ্চভদ্রঃ—পুং, অশ্ববিশেষ।

পঞ্চভূতম্—ক্লী, ক্ষিতি, অপ, তেজঃ, মরুৎ ও ব্যোম—এই পাঁচটি।

পঞ্চম—ত্রি (পঞ্চ + ডট্ + মট্) পাঁচের পূরণ। পু, উচ্চস্বর বা রাগ বিশেষ। স্ত্রী পঞ্চমী দ্রৌপদী। তিথিবিশেষ।

পঞ্চমকারঃ—মৎস্য, মাংস, মদ্য, মুদ্রা ও মৈথুন।

পঞ্চমহাযজ্ঞঃ—বি, পুং, বেদাধ্যয়ন, অগ্নিহোত্র, পিতৃতর্পণ, ভূতবলি, পূজা।

পঞ্চরত্নম্—বি, ক্লী; স্বর্ণ, হীরক, নীলা, পদ্মরাগ, মুক্তা।

পঞ্চলৌহকঃ—বি, ক্লী; স্বর্ণ, রজত, তাম্র, লৌহ। সীসক এই পঞ্চধাতু।

পঞ্চবটী—বি, স্ত্রী; অশ্বত্থ, বিল্ব, বট, অশোক, আমলকী এই পাঁচ বৃক্ষ। পূর্ব্বে অশ্বত্থ, উত্তরে বিল্ব, পশ্চিমে বট, দক্ষিণে আমলকী এবং অগ্নিকোণে অশোকবৃক্ষ স্থাপন করিয়া মধ্যে চতুর্হস্ত পরিমিত বেদী নির্ম্মাণ করিলে পঞ্চবটী হয়। দণ্ডকারণ্যস্থ বন বিং।

পঞ্চবক্ত্রঃ—বি, পুং; শিব।

পঞ্চবাণঃ }—বি, পুং।
পঞ্চশরঃ }—বি, পুং; পঞ্চবাণধারী কন্দর্প। পঞ্চবাণ যথা—সম্মোহন, উন্মাদন শোষণ, তাপন, স্তম্ভন। অথবা পঞ্চশর শব্দে যাহার শর পঞ্চ ইন্দ্রিয়ের গোচর এইরূপ অর্থ বুঝায়।

পঞ্চশস্য—বি, ক্লী; ধান্য, মুদগ, মায, যব, তিল।

পঞ্চশাখ—বি, পুং (পঞ্চন—শাখা) হস্ত।

পঞ্চসুন্ধিকম্—বি, ক্লী, কর্পূর, কক্কোল, লবঙ্গ, গুবাক, জাতীফল এই পাঁচ প্রকার গন্ধদ্রব্য।

পঞ্চসূনা—বি, স্ত্রী, বহু; গৃহস্থের গৃহস্থিত পাঁচটি হিংসা স্থান—উনুন, শিল নোড়া, ঝাঁটা, ঢেঁকির গড়, কলসী।

পঞ্চাগ্নিঃ—বি, পুং; দক্ষিণ, গার্হপত্য, আহবনীয়, সভ্য, আবসথ্য এই পাঁচ অগ্নি।

পঞ্চাঙ্গম্—ক্লী, সহায়, সাধনোপায়, দেশকাল-বিভাগ, বিপৎ প্রতীকার এবং সিদ্ধি—রাজনীতির পঞ্চ অঙ্গ। বার, তিথি, নক্ষত্র, যোগ ও করণ—পঞ্জিকায় পাঁচটি অঙ্গ, জপ, হোম, তর্পণ, স্নান ও ব্রাহ্মণ ভোজন—পুরশ্চরণের পঞ্চ অঙ্গ, চণ্ডীপাঠ, দুর্গাজপ, শিবপূজা, মধুসূদন মন্ত্রজপ ও তুলসীদান স্বস্ত্যয়নের পঞ্চঅঙ্গ।

পঞ্চামৃতম্—বি, ক্লী; দুগ্ধ, দধি, ঘৃত, মধু, চিনি।

পঞ্চালঃ—বি, পুং (পন্চ—কর্ত্তৃ—কালন্) দেশ বিং।

পঞ্চালিকা—
পঞ্চালী—বি, স্ত্রী; হস্তিদন্ত বা বস্ত্রাদি। পাঁচালী গীতি।

পঞ্চাশৎ—বি, স্ত্রী (পঞ্চন্ + দশন্) পঞ্চাশ সংখ্যা। পঞ্চাশ সংখ্যক।

পঞ্চাস্যঃ—বি, পুং, শিব।

পঞ্চিকা—বি, স্ত্রী (পঞ্চন্ + কন্ + টাপ্) দ্যূতক্রীড়া।

পঞ্চীকরণম্—ক্লী, (পঞ্চন্ + চ্বি + কৃ + ল্যুট্) বেদান্ত সম্মত পঞ্চভূতের মিলন।

পঞ্চেন্দ্রিয়ম্—ক্লী, চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্—এই পাঁচটি জ্ঞানেন্দ্রিয়। বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ—পাঁচটি কর্মেন্দ্রিয়।

পঞ্চেষুঃ—পু, কন্দর্প।

পঞ্চোপচারঃ—পুং, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য—এই পাঁচটি পূজার দ্রব্য।

পঞ্জরঃ—পু, (পজ্ + অরন্) কঙ্কাল। পিঞ্জর। অস্থিমাত্রাকার শরীর।

পঞ্জিঃ (ঞ্জী)—স্ত্রী (পজ + ইন [ঙীষ]
পঞ্জিকা—স্ত্রী, (পঞ্জি + ক + টাপ্) পাঁজি প্রস্তাবনা, কলাপ ব্যাকরণের ত্রিলোচন দাস কৃত টীকা, পাণিনীর সূত্রবিশেষ।

পটঃ—বি. পু, (পট + ক) বস্ত্র, পিয়ালবৃক্ষ। ক্লী, চাল, ছাদ।

পটচ্চর—ক্লী (পট + শতৃ + চরট্) জীর্ণবস্ত্র, পু, চোর।

পটমণ্ডপঃ—পু, বস্ত্রগৃহ। তাঁবু।

পটলম্—ক্লী (পট + কলচ্) চাল, ছাদ, সমূহ, পরিচ্ছেদ, তিলক, পরিবার, নেত্ররোগ বিশেষ।

পটবাসঃ—পু, তাঁবু, কুমকুম চূর্ণ।

পটহ—পু, ক্লী (পট—হন্ + ড) ঢক্কা, নাগরা, পু, সমরারম্ভ। বধ।

পটীয়স্—বিণ (পট + ঈয়সুন্) দক্ষতর।

পটীরম্—ক্লী (পট + ঈরন) চালনী, খদির, উদরক্ষেত্র, পু, কন্দর্প।

পটু—বিণ (পট + উন) নিপুণ, চতুর, নীরোগ, তীক্ষ্ম, প্রস্ফুটিত, নিষ্ঠুর, পু, পলতা, ক্লী, ছত্রাক।

পটোলঃ—পুং (পট + ওলচ) পলতাগাছ, ক্লী-বস্ত্রবিশেষ।

পটোলী—স্ত্রী (পটোল + ঙীপ) ঝিঙ্গা।

পট্টম্—ক্লী (পট + ক্ত) নগর, চৌমাথা, পাট্টা ঢাল, রাজসিংহাসন, উত্তরীয় বস্ত্র, কৌশেয় বস্ত্র, রেশম, পু, পেষণ প্রস্তর।

পট্টনম্—ক্লী (পট + তনন্) নগর।

পট্টদেবী/পট্টমহিষী—স্ত্রী, পাটরানী, কৃতাভিষেক। রাজ্ঞী।

পট্টাবাসঃ—পু, তাঁবু।

পট্রিকা—স্ত্রী, (পট্টি—কৈ + ক + টাপ) পটি।
পট্রিশ (স)—পু, (পট্টি + শো + ক) অস্ত্রবিশেষ।
পঠনম্—ক্লী, (পঠ + ল্যুট্) পাঠ।
পঠিত—বিণ, (পঠ + ক্ত) অধীত।
পণঃ—পু, (পণ + অপ) প্রতিজ্ঞা, বাজিরাখা, দ্যূত, বিক্রেয়বস্তু, বেতন, মূল্য, কুড়ি গণ্ডা কার্ষাপন, ধন, তাম্র, পয়সা, বরাটক।
পণনম্—ক্লী, (পন + ল্যুট্) ক্রয় বিক্রয়।
পণবন্ধঃ—পু, সন্ধি, প্রতিজ্ঞাবদ্ধ, ফলসিদ্ধি।
পণবঃ—পু, (পণ + বা + ক) পটহ।
পণাঙ্গনা—স্ত্রী, বেশ্যা।
পণায়ঃ—পু, (পণ + আয় + অ)
পণায়া—স্ত্রী, (পণায় + টাপ) ক্রয় বিক্রয়। ব্যবহার।
পণায়িত—বিণ, (পনায় + ক্ত)
পণিত—বিণ, (পণ + ক্ত) বর্ণিত, স্তুত, ক্রীত, বিক্রীত।
পণিতব্য—বিণ, (পণ + তব্য) বিক্রেতব্য। ব্যবহার্য। স্তোতব্য।
পণিতা (তৃ)—বিণ, (পণ + তৃচ) বিক্রেতা।
পণ্ড—পু, ক্লী (পণ + ড) ক্লীব, ত্রি, নিষ্ফল। স্ত্রী, পণ্ডা—শাস্ত্রজ্ঞান।
পণ্ডিত—বিণ, (পণ্ডা + ইতচ) বিদ্বান্। শাস্ত্রজ্ঞ নিপুণ।
পণ্ডিতম্মন্য—(পণ্ডিত + মন + খচ্) পণ্ডিতাভিমানী।
পণ্য—বিণ, (পণ + যৎ) বিক্রেয়।
পণ্যবীথিকা / পণ্যবীথিঃ —স্ত্রী, বিপণি
পণ্যস্ত্রী/পণ্যাঙ্গনা—স্ত্রী, বেশ্যা।
পতম্—ক্লী, (পত + অচ্) পুষ্ট, ত্রি, পতনকর্তা
পতগঃ—পু, (পত—গম + ড) পক্ষী।
পতঙ্গঃ/পতঙ্গমঃ—পু, (পত + গম + খচ্) পক্ষী, সূর্য। শলভ। শর। ক্লী, পারা, চন্দন।

পতঙ্গিকা—স্ত্রী, (পতঙ্গ—কন্ + টাপ্) মধুমক্ষিকা।
পতঞ্জলিঃ—পু, (পতৎ + অঞ্জলি) মুনিবিশেষ।
পতৎ—পু, (পত + শতৃ) পক্ষী, ত্রি, পতনশীল।
পতত্র —ক্লী, (পত + অত্রন্)
পতৎত্র —ক্লী, (পতৎ + ত্রৈ + ক) পাখীর ডানা।
পতত্রিঃ —পুং (পত + অত্রিন্)
পতত্রী(ত্রিন) —পুং (পতত্র + ইনি) পক্ষী।
পতদ্গ্রহঃ—পুং (পতৎ + গ্রহ + অচ্) পিকদানি।
পতনম্—ক্লী (পত + ল্যুট্) চলন, স্খলন, ভ্রংশ, পাতিত্য।
পতয়ালু—বিণ (পতি + আলু) পতনশীল।
পতাকা—স্ত্রী (পত + আক + টাপ্) ধ্বজ, ধ্বজপট, সৌভাগ্য। চিহ্ন নাটকের অঙ্গবিশেষ।
পতাকী(কিন্)—বি-ণ (পতাকা + ইনি) পতাকাধারী। পুং; রথ।
পতাপত—বি-ণ (পত + য্ঙলুক্ + অচ) পুনঃপুনঃ বা অতিশয় পতনশীল।
পতিঃ—পুং (পা + ডতি) ভর্তা, স্বামী। প্রভু রক্ষক। নায়ক।
পতিঘ্নী—স্ত্রী (পতি—হন্ + টক্ + ঈপ্) পতিঘাতিনী।
পতিত—বি-ণ (পত + ক্ত) চলিত, গলিত অধোগত। ধর্মভ্রষ্ট। পাপী।
পতিতোৎপন্ন—বিণ ; ধর্মভ্রষ্ট হইতে জাত।
পতিদেবতা—স্ত্রী ; পতিপ্রাণা। পতিব্রতা
পতিবান্ধবঃ—পুং ; পত্যুর্মাতাপিতাভ্রাতা পত্যুর্ভাতুঃস্বসুঃসুতা। পত্যুঃ পিতুঃ সোদরাশ্চ বিজ্ঞেয়াঃ পতিবান্ধবাঃ।
পতিংবরা—স্ত্রী (পতি + বৃ + খচ্ + টাপ্) স্বেচ্ছায় পতিবরণকারিণী।
পতিব্রতা—স্ত্রী ; সতী। পতিপরায়ণা নারী।

পতিবত্নী—স্ত্রী (পতি + বতু + ঈপ্) সধবা।
পতীয়ন্তী—স্ত্রী (পতি + ক্যচ্ + শতৃ + ঈপ্) পতিকামা।
পৎকাষিন্—বি-ণ (পাদ + কষ + ণিনি) পাদচারী।
পত্তনম্—ক্লী (পত + তন) নগর। মৃদঙ্গ।
পত্তি—পুং (পদ + তিন্) সেনা, পদাতি। (ক্ত) হস্তী১, রথ ১ অশ্ব ৩ ও পদাতিক এই সংখ্যক সেনা।
পত্নী—স্ত্রী (পতি + ঙীষ্) ভার্যা।
পত্রম্—ক্লী (পত + ষ্ট্রন) পাতা, বাহন, পাখনা। অশ্বশকটাদি, পক্ষ, পালখ, বাণের পাখা গ্রন্থাদির পাতা, স্বর্ণাদিক পাত, লেখনাধার।
পত্রদারকঃ—পুং (পত্র + দারি + ণ্বুল্) করাত
পত্ররেখা/পত্রলেখা/পত্রবল্লী—স্ত্রী. পত্রাবলী রচনা, তিলকাদি
পত্রবেষ্টঃ—পুং (পত্র—বেষ্ট + ঘঞ্) কর্ণভূষণ বিশেষ।
পত্রবিশেষকম্—ক্লী ; পত্রাবলীরচনা।
পত্রী(ত্রিন্)—পুং (পত্র + ইনি) পক্ষী, বাণ, পর্বত। রথ। তালবৃক্ষ, ত্রি. পত্রাবিশিষ্ট।
পত্রি(ত্রী)কা—স্ত্রী ; লিপি।
পত্রোর্ণম্—ক্লী (পত্র + ঊর্ণ + অচ্) রেশমীবস্ত্র। পুং বৃক্ষ বিশেষ।
পথঃ—পুং (পথ + ক) রাস্তা, উপায়।
পথিক—বি-ণ (পথিন্ + কন্) ভ্রমণকারী, পুং পান্থ।
পথিন্—পুং (পথ + ইনি) পথ, উপায়, স্বভাব। রীতি।
পথ্য—বি-ণ (পথিন্ + যৎ) হিত, যোগ্য, রোগীর যোগ্যভক্ষ্য। হিতকারক-ভোগ্য, হরীতকী।
পদ্—ক্লী (পদ + ক্বিপ্) চরণ. কিরণ।

পদম্—ক্লী (পদ + অচ্) পাদ, চিহ্ন, স্থান, ব্যবসায়, ঘ্রাণ সুবন্ত ও তিবন্ত শব্দ। শ্লোকের চরণ, শ্লোকপাদং পদং কেচিৎ সুপতি-ঙন্তমথাপরে। পরেঅবান্তরবাক্যঞ্চ পদমাহুর্বিশারদাঃ। পুং; কিরণ।
পদগঃ—পুং (পদ + গম + ড) পদাতি।
পদবিঃ(বী)—স্ত্রী ; পথ, ব্যবসায়। ধর্মাচার।
পদাজি —(পদ + অজ + ইনি)
পদাতি —পুং (পদ + অত + ঙীষ্) পদাতিক।
পদার্থ— শব্দের দ্বারা অভিধেয় বস্তু। দর্শনমতে দ্রব্য, গুণ, কর্ম, সামান্য। বিশেষ, সমবায়-এই সপ্ত।
পদিকঃ —পুং (পদ + ষ্টন্)
পদগঃ —পুং (পদ + গম + ড) পদাতি।
পদ্ধতিঃ(তী)—স্ত্রী (পদ + হন্ + ক্তি) পথ, শ্রেণী, রেখা, রীতি, আচার পূজাদির নির্দেশক গ্রন্থবিশেষ।
পদ্ম—পুং, ক্লী (পদ + মল্) কমল। নিধি বিং, সংখ্যা বিং ব্যূহ বিং, দেহস্থ নাড়ীচক্র বি সর্প বিং হস্তীর মস্তকে চিত্রিত চিহ্ন বিং।
পদ্মকম্—ক্লী. (পদ্ম + কশ) হস্তীর মস্তকাদিতে চিত্রিত বিন্দু বিন্দু চিহ্ন। পদ্মকাষ্ঠ।
পদ্মনাভঃ—পুং (পদ্ম—নাভি + ড) বিষ্ণু, ধৃতরাষ্ট্রের পুত্র বিং। নাগ বিং।
পদ্মপুরাণম্—ব্যাস প্রণীত মহাপুরাণ বিং।
পদ্মবন্ধঃ—পুং শব্দালঙ্কার বিং।
পদ্মবন্ধুঃ—পুং সূর্য, ভ্রমর, অর্কবৃক্ষ।
পদ্মভূঃ / পদ্মযোনিঃ / পদ্মসম্ভবঃ —(পদ্ম—ভূ + ক্বিপ্) পুং ব্রহ্মা।
পদ্মরাগঃ—পুং ; রক্তবর্ণ মণিবিশেষ।
পদ্মলাঞ্ছনঃ—পুং ; নৃপ, ব্রহ্মা, সূর্য, কুবের। স্ত্রী. (না) লক্ষ্মী, সরস্বতী, তারা।

পদ্মবাসা —স্ত্রী
পদ্মবাসিনী —স্ত্রী ; লক্ষ্মী।

পদ্মা—স্ত্রী (পদ্ম + অচ্ + টাপ্) লক্ষ্মী। মনসা। লবঙ্গ, নদী বিং কুসুম্ভপুষ্প।

পদ্মাকরঃ—পুং ; পদ্মযুক্ত জলাশয়।

পদ্মালয়া—স্ত্রী ; লক্ষ্মী।

পদ্মাবতী—স্ত্রী (পদ্ম + মতুপ্ + ঈপ্) মনসা, নদী বিং।

পদ্মাসনম্—ক্লী ; যোগশাস্ত্র নির্দিষ্ট আসন বিং। পুং ; ব্রহ্মা।

পদ্মী(মিন্)—পুং ; হস্তী বিষ্ণু, পদ্মযুক্ত দেশ। ত্রি.পদ্মবিশিষ্ট। স্ত্রী (নী) কমলিনী। পদ্মসমূহ, নায়িকা বি.।

পদ্মিনীকান্তঃ/পদ্মিনীবল্লভঃ—পুং ; সূর্য।

পদ্মেশয়ঃ—পুং ; বিষ্ণু

পদ্মোদ্ভবঃ—পুং ; ব্রহ্মা।

পদ্যম্—ক্লী (পদ + ক্ত) ছন্দোবদ্ধ পদ। স্তুতি। পুং শূদ্র। স্ত্রী (দ্যা) পথ। শর্করা।

পনস্—পুং স্ত্রী. (পন + অসচ) কপি বিং পুং কণ্টক। কাঁঠাল। কাঁঠালগাছ।

পনায়িত/পনিত—বি-ণ স্তুত। বর্ণিত।

পন্ন—বি-ণ (পদ + ক্ত) চ্যুত। স্খলিত, গত। ক্লী-নীচগমন।

পন্নগঃ—পুং (পদ + ন + গম + ড) সর্প ক্লী; সীসক।

পন্নগারিঃ
পন্নগাশনঃ —পুং গরুড়।

পম্পা—স্ত্রী. নদী বং-সরোবর বিং।

পয়স্—ক্লী (পয় + অস্) দুগ্ধ। জল।

পয়স্য—বি-ণ দুগ্ধবিকার, দধি প্রভৃতি। পুং বিড়াল। স্ত্রী (সী) কুট্টিনী (স্যা) আমিক্ষা।

পয়স্বিনী—স্ত্রী (পয়স্ + বিনি + ঙীপ্) দুগ্ধবতীগাভী। নদী। রাত্রি।

পয়োজন্—ক্লী (পয়স্ + জন্ + ড) পদ্ম।

পয়োদঃ—পুং (পয়স্ + দা + ক) মেঘ।

পয়োধরঃ—পুং (পয়স + ধৃ + অচ্) মেঘ। স্ত্রী; স্তন। নারিকেল।

পয়োধিঃ
পয়োনিধিঃ, পয়োরাশিঃ —(পয়স্+ধা+কি) —পু; সমুদ্র

পয়োমুচ্—পুং (পয়স্ + মুচ্ + ক্বিপ) মেঘ।

পর—বি-ণ (পৃ + অল্) অন্য। ভিন্ন। উত্তর। দূর। শ্রেষ্ঠ। মোক্ষ। পুং ; শত্রু।

পরঃশতম্—ক্লী ; শতাধিক সংখ্যক।

পরশ্বঃ(স্)—অব্য. আগামীদিনের পরদিন।

পরঃসহস্র—ত্রি. সহস্রাধিক।

পরকীয়—ত্রি. (পর + ছ) পরসম্বন্ধীয়। স্ত্রী (য়া). স্বানুরক্তাস্ত্রী।

পরচ্ছন্দ, পরচ্ছন্দানুবর্তী, পরতন্ত্র—ত্রি। পরাধীন।

পরত্রম্—ক্লী (পর + ত্র) পরকালে।

পরত্বম্—ক্লী (পর + ত্ব) দিক ও কালকৃত দূরত্ব। ন্যায়শাস্ত্রে গুণবিশেষ।

পরধর্মঃ—পুং ; জাতিভেদে বিভিন্ন ব্যক্তির ধর্ম।

পরনিপাতঃ—পুং ; সমাসের নিয়ম বি.।

পরন্তপ—ত্রি (পর + তপ্ + খচ) শত্রুতাপন জিতেন্দ্রিয়।

পরন্তু—অব্য. কিন্তু। অপরঞ্চ।

পরপিণ্ডাদ—ত্রি (পর—পিণ্ড—অদ + ঘঞ্) পরান্নভোজী।

পরপুষ্টঃ—পুং ; কোকিল। অন্যপালিত। স্ত্রী (ষ্টা) বেশ্যা।

পরপূর্বা—স্ত্রী ; যে স্ত্রীলোক একপতিকে ত্যাগ করিয়া অন্যপতি গ্রহণ করে।

পরভাগঃ—পুং ; উৎকর্ষ। শ্রেষ্ঠাংশ।

পরভৃৎ—পুং (পর—ভৃ + ক্বিপ্) কাক।

পরভৃত—ত্রি. অপরকর্তৃক পালিত। পুং; কোকিল।

পরম্—অব্য. কেবল। অনন্তর, নিয়োগ, কিন্তু।

পরম—ত্রি. (পর—মা + ক) শ্রেষ্ঠ। প্রধান। মহৎ আদ্য। প্রণব।

পরমম্—অব্য(পর—মা+ডমি) অনুমতি। সম্মতি।

পরমর্ষিঃ—পুং ; শ্রেষ্ঠঋষি।

পরমহংসঃ—পুং ; শ্রেষ্ঠঋষি।

পরমাণুঃ—পুং (পরম + অণু) ন্যায়শাস্ত্রে অতিসূক্ষ্মকরণ পদার্থ বি।

পরমাত্মা(ত্মন্)—পরেমশ্বর।

পরমান্নম্—ক্লী ; পায়সান্ন।

পরমায়ুঃ—ক্লী ; শেষাবধি জীবিতকাল।

পরমার্থঃ—পুং ; যথার্থ শ্রেষ্ঠ বস্তু।

পরমার্থবিদ্
পরমার্থবিন্দঃ —ত্রি. (পরমার্থ—বিদ্ + ক্বিপ্) —তত্ত্বজ্ঞানী।

পরমেশ্বরঃ—পুং ; শিব, ব্রহ্মা, বিষ্ণু, সম্রাট।

পরমেষ্ঠী(ষ্ঠিন্)—পুং (পরমে+স্থান+ঠনি) ব্রহ্মা, শালগ্রাম বিং, গুরুবিং।

পরম্পরা—স্ত্রী (পরম + পৃ + অচ) সন্ততি। অনুক্রম। অন্বয়। বধ।

পরম্পরীণ—ত্রি. ক্রমাগত। ধারাবাহিক।

পরলোকঃ—পুং পরকাল। লোকান্তর। মৃত্যু।

পরবৎ—(পর + মতুপ) পরাধীন।

পরশু—পুং (পর—শৃ + কু) পরশু।

পরশুরামঃ—পুং জমদগ্নিপুত্র, অবতার বিং।

পরশ্ব—অব্য. আগামী দিনের পরদিন। পরশু।

পরশ্বধ(স্বধ)—অব্য. পরশু।

পরস্তাৎ—অব্য. পশ্চাৎ, পরে।

পরস্পর—ত্রি(পর+সুট্+পর) অন্যোন্য ইতরেতর।

পরস্মৈপদম্—ব্যাকরণশাস্ত্রে তিপ্ প্রভৃতি লকার।

পরা—অব্য. (পৃ + আ) প্রাধান্য। আভিমুখ্য। বিক্রম। ধর্ষণ। ত্যাগ। গতি। ভঙ্গ। অনাদর। তিরস্কার। বধ। স্ত্রী—ব্রহ্মবিদ্যা।

পরাকঃ—পুং (পরা—অক্ + অল) ১২ দিন উপবাস সাধ্য প্রায়শ্চিত্তরূপ ব্রত।

পরাকৃত—ত্রি. ত্যক্ত। ন্যক্কৃত।

পরাক্রমঃ—পুং; বিক্রম। পুরুষকার।

পরাগঃ—পুং (পরা + গম + ড) ধূলি, পুষ্পরেণু, স্নানীয় গন্ধচূর্ণ, উপরাগ। চন্দন। খ্যাতি। পর্বত বিং।

পরাগত—ত্রি (পরা + গম্ + ক্ত) মৃত। ব্যাপ্ত।

পরাঙ্মুখ—ত্রি. বিমুখ। কার্যে বিরুদ্ধাচারী।

পরাচ্ —ত্রি. (পরা—অঞ্চ ক্বিন্)
পরাঞ্চ —ত্রি. (পরা—অঞ্চ + ক্বিপ্) বিমুখ পরাঙ্মুখ

পরাচিত—ত্রি. (পরা—আ—চি + ক্ত) পরপালিত। সম্যগ্ ব্যাপ্ত।

পরাচীন—ত্রি. (পরাচ + ণীন) প্রাচীন, পরাঙ্মুখ, পশ্চাদ্ভাবী।

পরাজয়—পুং (পরা—জি + অচ্) পরাভব।

পরাজিত—ত্রি. (পরা—জি + ক্ত) পরাস্ত।

পরাধীন—ত্রি. (পরা—অধি + খ) পরতন্ত্র। পরবশ। পরায়ত্ত।

পরান্ন—ত্রি. পরপিণ্ডভোজী. ক্লী. পরকীয় অন্ন।

পরাতপৎ—ত্রি (পরা—আ—পত্ + শতৃ) যে শীঘ্র আসিয়া পড়িতেছে।

পরাভবঃ—পুং (পরা—ভূ + অপ) পরাজয়। অভিভব, তিরস্কার। বিনাশ।

পরাভূত—ত্রি (পরা—ভূ + ক্ত) পরাজিত, তিরস্কৃত।

পরামর্শঃ—পুং (পরা—মৃশ + ঘঞ্) যুক্তি বিবেচনা। ন্যায়শাস্ত্রে ব্যাপ্তিবিশিষ্টের পক্ষধর্মতাজ্ঞান।

পরামর্ষঃ—পুং (পরা—মৃষ + ঘঞ্) সহন।

পরায়ণ—ত্রি (পর + অয়ন) অভীষ্ট, তৎপর। অত্যন্ত আসক্ত। ক্লী ; শ্রেষ্ঠাশ্রয়।

পরারি—অব্য. (পূর্বতর + অরি) পূর্বতর বর্ষে, পুং; অতিশত্রু

পরার্ধম্—ক্লী (পর—ঋধ + অচ্) শেষার্ধ। চরমসংখ্যা বিশেষ।

পরার্ধ্য—ত্রি. (পরার্ধ + যৎ) শ্রেষ্ঠ পুং ; স্বর্লোক।

পরাবর—ত্রি. (পর + অবর) দূর ও অন্তিক। উচ্চ ও নীচ।

পরাবরবিদ্—ত্রি. (পরাবর + বিদ্ + ক্বিপ) ব্রহ্মজ্ঞ।

পরাবর্ত্তঃ— পুং (পরা + বৃত + ঘঞ্) প্রত্যাবৃত্তি। বিনিময়। পরিবর্ত্ত।

পরাবহঃ— পুং (পরা—বহ—অচ্) উপরিবিদ্যমান সপ্তবায়ুমধ্যে অন্যতম।

পরাশর— পুং (পরা—আ—শৃ + অচ্) ব্যাসদেবের পিতা। ইন্দ্র।

পরাসনম্—ক্লী, (পরা + অস্ + ল্যুট্) হত্যা, মারণ।

পরাসু— ত্রি. (পরা + অসু) মৃত, গতপ্রাণ।

পরাসুতা— স্ত্রী (পরাসু + তল্ + টাপ্) মৃত্যু।

পরাস্কন্দী(ন্দিন্)— পুং (পর—আ—স্কন্দ + ণিনি) দস্যু। চোর। ডাকাত।

পরাস্ত— ত্রি. (পরা + অস্ + ক্ত) পরাজিত। নিরস্ত।

পরাহঃ— পুং (পরা—অহন্ + টচ্) পরদিন।

পরাহত— ত্রি. (পরা—হন্ + ক্ত) পরাভূত, আহত ব্যাহত। তিরস্কৃত।

পরাহ্নঃ— পুং (পরা—অহন্ + টচ্) অপরাহ্ন।

পরি— অব্য. (পৃ + ইন্) সমন্তাৎ, ব্যাপ্তি। শেষ। ব্যাধি। ইত্থম্ভাব। বীপ্সা। আখ্যান। পূজা। ভূষণ। শোক। অতিশয় ত্যাগ। নিয়ম। পরিদেবন। মর্যাদা। আচ্ছাদন। উপরস। চিহ্ন।

পরিকরঃ— পুং (পরি—কৃ + অপ্) পরিবার, সমারম্ভ। পর্য্যঙ্ক। সহচর। সমূহ। বিবেক। নিষ্পত্তি। কটিবন্ধ। হস্তী, অশ্ব প্রভৃতি উপকরণ। কাব্যালঙ্কার বিং। নাট্যে-মুখসন্ধির অঙ্গ বিশেষ।

পরিকর্ম্মন্— ক্লী (পরি—কৃ + মনিন) প্রসাধন। সংস্কার। সাজান। ত্রি. পরিচারক।

পরিকর্ম্মী(র্ম্মিন্)— পুং (পরি—কর্ম্মন্ + ইনি) পরিচারক, প্রসাধক, পরিকর্ম্মকারক।

পরিকল্পিত— ত্রি. অনুষ্ঠিত, সজ্জিত।

পরিকীর্ণ— ত্রি. ব্যাপ্ত। বিস্তৃত। সমর্পিত।

পরিকীর্ত্তিত— ত্রি. ঘোষিত। কথিত। গীত।

পরিক্রম— পুং (পরি—ক্রম + অচ) গমন ইতস্ততঃ পাদচারণ, প্রদক্ষিণীকরণ।

পরিক্রয়— পুং (পরি—ক্রী + অচ্) বিনিময়ে ক্রয়। বিক্রীতবস্তুর পুনঃক্রয়। বেতনগ্রহণ পূর্ব্বক পরিমিতকালে কর্ম্মস্বীকরণ।

পরিক্রিয়া— স্ত্রী. পরিখাদির দ্বারা নগরাদির বেক্ষণ। সংস্করণ।

পরিক্লিষ্ট— ত্রি, অতিক্লিষ্ট, পরিক্ষিত।

পরিক্ষত— ত্রি, আহত।

পরিক্ষিৎ— পু, (পরি—ক্ষি + ক্বিপ্) অভিমন্যুর পুত্র।

পরিক্ষিপ্ত— ত্রি. বেষ্টিত, প্রক্ষিপ্ত।

পরিক্ষীণ— ত্রি-ক্রমে ক্ষয়প্রাপ্ত।

পরিক্ষেপঃ— পু, (পরি—ক্ষেপ্) বেষ্টন। প্রক্ষেপ।

পরিখা— স্ত্রী (পরি—খন + ড + আপ্) শত্রুর দুষ্প্রবেশতা সিদ্ধির জন্য নগরের চতুর্দ্দিকে বেষ্টনাকার খাত, গড়খাই।

পরিখেদঃ— পু (পরি—খিদ + ঘঞ্) ক্লেশ, শ্রম।

পরিগণিত— ত্রি, (পরি—গণ + ক্ত) সংখ্যাত, বিবেচিত।

পরিগত— ত্রি, (পরি—গম + ক্ত) ব্যাপ্ত, জ্ঞাত। স্মৃত। বেষ্টিত। গত।

পরিগমিত— ত্রি. (পরি—গম + ক্ত) অতিবাহিত। চালিত।

পরিগৃহীত— ত্রি, (পরি—গ্রহ + ক্ত) স্বীকৃত, উপাত্ত।

পরিগ্রহঃ— পু, (পরি—গ্রহ + অপ) স্বীকার, পত্নী পরিজন, শপথ, সৈন্যের পশ্চাদ্ভাগ, মূল, কমণ্ডলু, শিখা, গ্রহণ, মিলন।

পরিঘঃ— পু, (পরি—হন্ + অপ্) লৌহমুদ্গর, গৃহ, জ্যোতিষশাস্ত্রে যোগ বিং, দ্বার, তোরণ, জলপাত্র, অর্গল, কুম্ভ, কাচের ঘট। আঘাত।

পরিঘবাহু— ত্রি. (পরিঘবৎ) দীর্ঘবাহু, মহাবাহু।

পরিঘট্টিত— ত্রি. (পরি—ঘট্ট + ক্ত) চালিত সম্যক ঘর্ষিত।

পরিঘাত— পু, (পরি—হন্ + ঘঞ্) লৌহমুখমুদগর। অর্গল। ক্লী-আঘাত।

পরিচয়ঃ— পু, (পরি—চি + অচ্) জানাবিষয়ের বারবার অভ্যাস। প্রণয়।

পরিচরঃ— পু, (পরি—চর + ট) পরিচারক, অনুচর।

পরিচর্য্যা— স্ত্রী, (পরি—চর + ক্যপ্ + টাপ্) সেবা, পূজা।

পরিচারকঃ— পু(পরি—চর+ণ্বুল) সেবক। দাস।

পরিচায্য— পু (পরি—চি + ণ্যৎ) যজ্ঞাগ্নি যজ্ঞাগ্নিযুক্ত।

পরিচিত— ত্রি. (পরি—চি + ক্ত) অভ্যস্ত। জ্ঞাত। পরিচয়যুক্ত।

পরিচ্ছদঃ— পু, (পরি—ছিদ্ + ণিচ্ + ঘ) পোষাক। আচ্ছাদন। উপকরণ। পরিবার।

পরিচ্ছন্ন— ত্রি. (পরি—ছদ + ক্ত) সজ্জিত। ভূষিত।

পরিচ্ছিন্ন— ত্রি. (পরি—ছিদ্ + ক্ত) নির্ণীত, পরিমিত, বিভক্ত, নিয়মিত।

পরিচ্ছেদ— পু, (পরি—ছিদ্ + ঘঞ্) নির্ণয়। বিভাগ।

পরিচ্ছেদ্য— ত্রি. (পরি—ছিদ্ + ণ্যৎ) নির্ণেয় বিভাজ্য।

পরিজনঃ— বি, পু, পরিবার।

পরিজ্ঞাতা (তৃ)— ত্রি. (পরি—জ্ঞা + তৃচ্) জ্ঞাতা।

পরিণতঃ— ত্রি. (পরি—নম্ + ক্ত) পরিপক্ব। অবস্থান্তর প্রাপ্ত। গজবিশেষ।

পরিণতিঃ— স্ত্রী (পরি—নম + ক্ত) অবস্থান্তর প্রাপ্তি। পরিপাক। শেষ।

পরিণদ্ধ— ত্রি. (পরি—নহ + ক্ত) বদ্ধ। পরিহিত।

পরিণয়— পু, (পরি—নী + অচ্)
পরিণয়নম্— ক্লী (পরি—নী + ল্যুট্) বিবাহ।

পরিণামঃ— পু, (পরি—নম + ঘঞ্) পরিপাক। অবস্থান্তর প্রাপ্তি। শেষ। বিকার।

পরি(ণী)ণায়— বি, পুং (পরি—নী—ঘঞ্) পাশার গুটি চালা, শারি চালন। বিবাহ।

পরিণায়কঃ— পু, (পরি—নী + ণ্বুল) সেনাপতি। স্বামী।

পরীণাহঃ— বি, পুং (পরি—নহ—ঘঞ্) বিশালতা। বিস্তার।

পরিণাহী(হিন্)— ত্রি. (পরি—নাহ + ইনি) বিশাল। বিপুল।

পরিণীত— বি-ণ, ত্রি, (পরি—নী—কর্ম্ম—ক্ত) বিবাহিত।

পরিণেতা(তৃ)— বি-ণ (পরি—নী—তৃচ্) বিবাহকর্ত্তা।

পরিতঃ(তস্)— অব্য, (পরি + তসিল) চারিদিকে, সর্ব্বতোভাবে।

পরি(রী)তাপ— বি, পুং (পরি—তপ—ঘঞ্) দুঃখ। অত্যন্ত উত্তাপ।

পরিতোষঃ— বি, পুং (পরি—তুষ—ঘঞ্) সন্তোষ। তৃপ্তি।

পরিণামদর্শী(র্শিন্)— বি-ণ; যে উত্তরকাল বিবেচনা করিয়া কার্য্য করে।

পরিত্যজনম্— ক্লী, (পরি—ত্যজ্ + ল্যুট্) সম্পূর্ণরূপে বর্জন।

পরিত্যাগঃ— পু, (পরি—ত্যজ্ + ঘঞ্) বর্জন।

পরিত্রাতা(তৃ)— বিণ (পরি—ত্রৈ + তৃচ্) রক্ষাকর্ত্তা। স্ত্রী ; ত্রী।

পরিত্রাণম্— ক্লী (পরি + ত্রৈ + ল্যুট) রক্ষণ, উদ্ধার।

পরিদানম্— বি, ক্লী; বিনিময়, বদল।

পরিদেবনম্— বি, ক্লী; (পরি—দিব্ + ল্যুট্)

পরিদেবনা— বি, স্ত্রী; বিলাপ, খেদোক্তি।

পরিদেবী—(বিন্)— বিণ (পরি—দিব—ইনি) যে বিলাপ করে।

পরিধানম্—বি, ক্লী (পরি—ধা—ল্যুট) আচ্ছাদন। (কর্ম্ম অনট্) পরিধেয় বস্ত্র।

পরিধারণম্—ক্লী, ধরিয়া রাখা।

পরিধিঃ—বি, পুং (পরি—ধা—কর্ম্ম কি) ভূমির সীমা, বেড়। চন্দ্র সূর্য্যমণ্ডল।

পরিধিস্থ—ত্রি, (পরিধি—স্থা + ক) পরিচারক যুদ্ধে চতুর্দ্দিকে থাকা সৈন্যাদি।

পরিনির্বপনম্—বি, ক্লী (পরি-নির্-বপ্-ল্যুট্) দান।

পরিনিবিপ্সা—স্ত্রী, (পরি—নিব—বপ্ + সন + অ + টাপ্) দান করিবার ইচ্ছা।

পরিপণম্—বি, পুং, ক্লী (পরি—পণ—অল্) মূলধন, পুঁজি।

পরিপন্থী—(ন্থিন্)—বিণ (পরি—পন্থ—ণিন্) শত্রু। প্রতিকূল।

পরিপাকঃ—বি, পুং (পরি—পচ—ঘঞ্) পরিণাম, শেষাবস্থা। উত্তমপাক। পুণ্য। উৎকর্ষ।

পরিপাটি (টী)—বি, স্ত্রী (পরি—পট—ণিচ্—ইন্) সুশৃঙ্খলা। অনুক্রম।

পরিপূত—বি-ণ; শুদ্ধ, পবিত্র।

পরিপূর্ণ—বিণ (পরি—পূর—ণিচ্—কর্ম্ম—ক্ত, ন) সম্পূর্ণ। ব্যাপ্ত।

পরিপ্লব—বিণ (পরি—প্লু—কর্ত্তৃ—অল্) কম্পমান। আকুল। বি, পুং, প্লাবন। উপদ্রব।

পরিপ্লুত—বি-ণ (পরি—প্লু—কর্ত্তৃ ক্ত) মগ্ন। আর্দ্র। চঞ্চল।

পরিবর্হঃ—বি, পুং; (পরি—বর্হ + ঘঞ্) পরিচ্ছদ। গৃহসামগ্রী।

পরিভবঃ —বি, পুং; (পরি—ভূ + অপ্) পরাজয়। অবজ্ঞা। তিরস্কার।
পরিভাবঃ —(পার—ভূ + ঘঞ্)

পরিভাষা—বি, স্ত্রী; (পরি—ভাস + অ + টাপ্) গ্রন্থের সংক্ষেপ নিমিত্ত সঙ্কেত বিং, সংজ্ঞা বিং।

পরিভূত—বি-ণ; (পরি—ভূ + ক্ত) তিরস্কৃত। অবজ্ঞাত। অভিভূত।

পরিভোগঃ—বি, পুং; সম্ভোগ। ভোগ-দখল।

পরিভ্রমঃ—পু, (পরি—ভ্রম্ + ঘঞ্) ভুল।

পরিমলঃ—বি, পুং; সুগন্ধিদ্রব্যের মর্দ্দনজনিত গন্ধ। মনোহর গন্ধ। সম্ভোগ।

পরিমাণম্—বি, ক্লী (পরি—মা + ল্যুট) হস্তাদিদ্বারা মাপ করা। ওজন। সংখ্যাকরণ।

পরিমার্গঃ —বি, পুং, (পরি + মৃগ্ + অপ) অন্বেষণ।
পরিমার্গনম্ —বি. ক্লী. (পরি—মৃগ্ + ল্যুট্)

পরিমিত—বিণ (পরি—মা—কর্ম্মক্ত) যাহার পরিমাণ করা হইয়াছে, পরিচ্ছিন্ন। যথাযোগ্য পরিমাণযুক্ত।

পরিমিতিঃ—বি, স্ত্রী (পরি—মা—ভাবে ক্তি) পরিমাণ।

পরিমৃদিত—(পরি—মৃদ—কর্ম্ম ক্ত)

পরিমৃষ্ট—(পরি—মৃজ—কর্ম্ম ক্ত) বিণ; যাহা ঘর্ষণ করা হইয়াছে, ঘৃষ্ট। মার্জ্জিত। আলিঙ্গিত।

পরিমেয়—বিণ (পারি—মা—কর্ম্ম য) পরিমাণের যোগ্য।

পরিরক্ষণম্—বি, ক্লী; রক্ষা। অপেক্ষা।

পরি(রী)রম্ভঃ —বি, পুং (পরি—রভ—ভাবে ঘঞ্)
পরিরম্ভণম্ —বি, ক্লী (পরি—রভ + ল্যুট্) আলিঙ্গন। রমণ।

পরিলেখনম্—বি, ক্লী (পরি—লিখ + ল্যুট্) যজ্ঞস্থানে চতুর্দ্দিকে রেখাদিকরণ।

পরিবর্জ্জনম্—বি, ক্লী; পরিত্যাগ।

পরি(রী)বর্ত্তঃ—বি, পুং (পরি—বৃত—ভাবে অল্)

পরিবর্ত্তনম্—বি, ক্লী (পরি—বৃত—ভাবে ল্যুট্) বিনিময়, বদল। লুণ্ঠন। পাশফেরা। যুগান্ত। নিবৃত্তি।

পরিবর্ত্তিত—বি-ণ (পরি—বৃত + ণিচ্ + ক্ত) যাহা বদল করা হইয়াছে।

পরিবর্দ্ধিত—বিণ (পরি—বৃধ + ণিচ্ + ক্ত) যাহাকে বাড়ান হইয়াছে, পরিপোষিত।

পরিবহ—বি, পুং (পরি—বহ—কর্ত্তৃ অন্) বায়ু বিং।

পরি(রী)বাদঃ—বি, পুং; (পরি-বদ্-ঘঞ্) অপবাদ, নিন্দা।

পরিবাদিনী—বি, স্ত্রী; সপ্ততন্ত্রীযুক্ত বীণা।

পরি(রী)বাপঃ—বি, পুং (পরি—বপ—ভাবে ঘঞ্) মুণ্ডন। বপন।

পরি(রী)বারঃ—বি, পুং (পরি—বৃ—করণ ঘঞ্) পোষ্যবর্গ, পরিজন। পরিচ্ছদ। খড়্গাদির কোষ।

পরি(রী)বাহঃ—বি, পুং (পরি—বহ—ঘঞ্) জলপ্লাবন, জলোচ্ছ্বাস। জলনির্গম প্রণালী। রাজোপহারযোগ্যবস্তু।

পরিবিত্তিঃ —(পরি—বিদ—কর্ম্ম তিক্)
পরিবিন্ন(ণ্ণ) —(পরি—বিদ—কর্ম্ম ক্ত) বি, পুং; অগ্রে কনিষ্ঠের বিবাহ হইলে তাহার অবিবাহিত জ্যেষ্ঠভ্রাতা।

পরিবীত—(পরি—বি—ই—কর্ম্ম ক্ত)

পরিবৃত—(পরি—বৃ—কর্ম্ম—ক্ত) বি-ণ; বেষ্টিত। আচ্ছাদিত।

পরিবৃতিঃ —বি, স্ত্রী; বেষ্টন। আবরণ।
পরিবৃত্তিঃ —বি, স্ত্রী (পরি—বৃত—ভাবে ক্তি) বদল, বিনিময়।

পরিবেত্তা(ত্তৃ)—বি, পুং (পরি—বিদ—কর্ত্তৃ তৃন্) জ্যেষ্ঠ অবিবাহিত থাকিতে কৃতবিবাহ কনিষ্ঠ।

পরিবেদনম্—বি, ক্লী (পরি—বিদ + ল্যুট্) জ্যৈষ্ঠ অবিবাহিত থাকিতে কনিষ্ঠের বিবাহ।

পরিবেদনা—বি, স্ত্রী (পরি—বিদ—অন+আপ্) বুদ্ধি। বিবেচনা। সম্যক্ বেদনা।

পরিবেদিনী—স্ত্রী, পরিবেত্তার স্ত্রী।

পরিবেশ(ষ)ঃ—বি, পুং; পরিধি। চন্দ্রসূর্য্যের মণ্ডল।

পরিবেষণম্—বি, ক্লী (পরি—বিষ + ল্যুট্) খাদ্যবস্তু ভাগ করিয়া দেওয়া।

পরিব্রাট্(জ্)—(পরি—ব্রজ—কর্ত্তৃ ক্বিপ্, নি)

পরিব্রাজকঃ—(পরি—ব্রজ—কর্ত্তৃণাক) বি, পুং; ভিক্ষু, চতুর্থাশ্রমী। স্ত্রী; জিকা।

পরিব্রজ্যা—(পরি—ব্রজ + ক্যপ্ + টাপ্) তপস্যা।

পরিশিষ্ট—বিণ; অবশিষ্ট। গ্রন্থসমাপ্তির যে অংশ ঐ গ্রন্থে সন্নিবেশিত করা হয়।

পরিশীলনম্—বি, ক্লী; (পরি—শীল+ল্যুট্) চর্চ্চা, অনুশীলন। আলিঙ্গন। অবগাহন।

পরিশেষঃ—বি, পুং; উপসংহার। বি-ণ; অবশিষ্ট।

পরিশোধ—বি, পুং; ঋণশোধন। শুদ্ধি।

পরিশ্রম—বি, পুং; শ্রান্তি। আয়াস।

পরিশ্রয়—পু, (পরি—শ্রি + অচ্) আশ্রয়, সভা।

পরিশ্রান্ত—বি-ণ; শ্রান্তিযুক্ত। ক্লান্ত।

পরিষৎ(দ্)—(পরি—সদ—অধি—ক্বিপ্)

পর্ষৎ(দ্)—(পরি—সদ—অধি ক্বিপ্, নি) বি, স্ত্রী; সভা।

পরিষীবনম্—বি, ক্লী; গ্রন্থিকরণ, গাঁইট দেওয়া। সেলাই করা।

পরিষ্ক(স্ক)ন্দ—(পরি—স্কন্দ—কর্ম্ম অল্)
পরিষ্ক(স্ক)ন্ন—(পরি—স্কন্দ—কর্ম্ম ক্ত) বি-ণ পরিপালিত। বি, পুং; অন্তঃপুররক্ষক ভৃত্য।

পরিষ্কারঃ—বি, পুং (পরি—কৃ—ঘঞ্) নির্মলীকরণ। নির্দ্দোষ। শোধন।

পরিষ্কৃত—বি-ণ (পরি—কৃ—কর্ম্ম ক্ত) পরিশোধিত।

পরিষঙ্গঃ—বি, পুং (পরি—স্বন্‌জ—ঘঞ্) আলিঙ্গন।

পরিসংখ্যা—স্ত্রী, গণনা। অলঙ্কার বিশেষ।

পরিসরঃ—বি, পুং (পরি—সৃ—অধি ল্যুট) প্রদেশ। নদী পর্ব্বতাদির সন্নিহিত স্থান, পর্য্যন্তভূমি। বিস্তার।

পরিসর্পঃ—পুং, (পরি—সৃপ্ + ঘঞ্) জলাদি দ্বারা বেষ্টিত স্থান।

পরিসর্য্যা—বি, স্ত্রী (পরি—সৃ—ভাবে য + আপ্) সর্ব্বতোভাবে গমন।

পরিস্তোমঃ—বি, পুং; হস্তীর পৃষ্ঠাবরণ।

পরিস্রুৎ—বি, স্ত্রী (পরি—স্রু—কর্ত্তৃ ক্বিপ্) মদিরা। ক্ষরণ।

পরি(রী)হারঃ—বি, পুং; পরিত্যাগ, এড়ান। উপেক্ষা।

পরিহার্য্য—বি-ণ্ (পরি—হৃ—কর্ম্ম ঘ্যণ্) পরিত্যাগের যোগ্য।

পরি(রী)হাসঃ—বি, পুং; কৌতুক, তামাসা, কেলি।

পরিহিত—বি-ণ (পরি—ধা—কর্ম্ম ক্ত) যাহা পরিধান করিয়াছে, আমুক্ত। আচ্ছাদিত।

পরিহীন—বি-ণ; পরিত্যক্ত। ক্ষয়প্রাপ্ত। বঞ্চিত।

পরিহৃত—বিণ; পরিত্যক্ত।

পরীক্ষক—বিণ (পরি—ঈক্ষ—কর্ত্তৃ ণক) যে গুণ দোষ বিচার করে, সদসদ্বিচারক। স্ত্রী; ক্ষিকা।

পরীক্ষা—বি, স্ত্রী (পরি—ঈক্ষ—অ) গুণ দোষ বিচার।

পরীক্ষিত—বিণ (পরি—ঈক্ষ—কর্ম্ম ক্ত) যাহা পরীক্ষা করা হইয়াছে।

পরীত—বি-ণ (পরি—ই—কর্ম্ম ক্ত) ব্যাপ্ত। বেষ্টিত। যুক্ত।

পরীষ্টিঃ—স্ত্রী (পরি—ঈষ্ + ক্তিন্) অন্বেষণা পরিচর্য্যা।

পরুঃ—পু, (পৃ + উন) সমুদ্র। পর্ব্বত। গ্রন্থ, স্বর্গ।

পরুৎ—ব্য; পূর্ব্ববৎসরে।

পরুত্ন—ত্রি. গতবর্ষীয়।

পরুষ—বিণ (পৃ—কর্ত্তৃ—উষন্) কর্কশ। নিষ্ঠুর। উদ্ধত। নানাবর্ণ। বি, ক্লী; কর্কশতা।

পরেত—বিণ (পরা—ই—কর্ত্তৃ ক্ত) মৃত। বি, পুং; ভূতযোনি বিং।

পরেতরাট্(জ্)—বি, পুং; যম।

পরেদ্যবি —
পরেদ্যুঃ(স্) —ব্য; পরদিনে।

পরেষ্টুকা—স্ত্রী (পর—ইষ + তু + ক + টাপ্) বহুপ্রসবিনী গাভী।

পরোক্ষম্—বি, ক্লী (পরস্—অক্ষি—অ) অসাক্ষাৎ। বিণ, (পরোক্ষ—অ) অক্ষির অগোচর, অপ্রত্যক্ষ।

পরোরজাঃ(জস্)—বিণ (পরস্—রজস্) রজোগুণাতীত।

পরোষ্ণী—বি, স্ত্রী; তেলাপোকা, তৈলপায়িকা।

পর্কটিঃ(টী)—বি, স্ত্রী; পাকুড়গাছ, প্লক্ষ।

পর্জ্জন্যঃ—বি, পুং (পৃষ—কর্ত্তৃ অন্য, নি) মেঘ।

পর্ণম্—বি, ক্লী; পত্র। তাম্বূল।

পর্ণলতা—বি, স্ত্রী; তাম্বূলী লতা।

পর্ণশালা—বি, স্ত্রী; পত্রনির্ম্মিত গৃহ।

পর্দ্দনম্—বি, ক্লী (পর্দ্দ—ভাবে + ল্যুট্) অপান-বায়ু-ত্যাগ, বায়ুনিঃসারণ।

পর্পটঃ—বি, পুং; ক্ষেতপাপড়া গাছ। পিষ্টক বিং, পাপর।

পর্য্যঙ্কঃ—বি, পুং; খট্টা। উপবেশন বিং।

পর্য্যঙ্কবন্ধঃ—বি, পুং; বীরাসন, দুই উরুদেশে দুই চরণ বিন্যাস পূর্ব্বক উপবেশন। বস্ত্রাদি দ্বারা পৃষ্ঠ ও জানুদ্বয় বন্ধন, ফাঁড় বাঁধা।

পর্য্যটক—বিণ (পরি—অট—অন্—কন্) ভ্রমণকারী। স্ত্রী; টিকা।

পর্য্যটনম্—বি, ক্লী (পরি—অট—ভাবে ল্যুট্) ইতস্ততঃ ভ্রমণ।

পর্য্যন্তঃ—বি, পুং; প্রান্ত। সীমা। পার্শ্ব। নিকট। অবসান।

পর্য্যন্তভূমিঃ—বি, স্ত্রী; নদী পর্ব্বতাদির নিকটবর্ত্তী স্থান।

পর্যনুযোগঃ—পু, দূষণার্থ প্রশ্ন।

পর্য্যবসানম্—বি, ক্লী (পরি—অবসান) সমাপ্তি। শেষ।

পর্য্যবসিত—বিণ (পরি—অব—সো—ক্ত) সমাপ্ত। নিঃশেষিত।

পর্য্যবস্থাতা(তৃ)—বিণ (পরি—অব—স্থা—কর্ত্তৃ তৃন্) প্রতিকূল। ব্যাঘাতক। শত্রু।

পর্য্যস্ত—বিণ (পরি—অস—কর্ম্ম ক্ত) বিক্ষিপ্ত। প্রসারিত। উদ্বর্ত্তিত। হত।

পর্য্যস্তিকা—বি, স্ত্রী; শয্যা। কেদারা।

পর্য্যাটক—বিণ (পরি—অট—কর্ত্তৃ ণক) ইতস্ততঃ ভ্রমণকারী।

পর্য্যাণম্—বি, ক্লী (পরি—যান) পশুর পৃষ্ঠের আসন, জিন প্রভৃতি।

পর্য্যাপ্ত—বিণ (পরি—আপ্ত) পরিমিত। প্রচুর। সমর্থ।

পর্য্যাপ্তিঃ—বি, স্ত্রী; প্রাচুর্য্য। সামর্থ্য। নিবারণ। পরিচ্ছেদ।

পর্য্যায়ঃ—বি, পুং (পরি—ই—ভাবে ঘঞ্) ক্রম। পালা। প্রাচুর্য্য। প্রকার। একার্থবোধক শব্দ। অর্থালঙ্কার বিং।

পর্য্যালোচনা—বি, স্ত্রী (পরি—আলোচনা) বিশেষরূপে আলোচনা বা অনুশীলন।

পর্য্যুদস্ত—বিণ (পরি—উৎ—অস—কর্ম্ম ক্ত) নিষিদ্ধ।

পর্য্যুদাসঃ—বি, পুং (পরি—উৎ—অস ভাবে ঘঞ্) নিষেধ বিং।

পর্য্যুষিত—বিণ (পরি—বস—ক্ত) পূর্ব্বদিবসীয়, বাসি।

পর্য্যুদিঞ্চনম্—ক্লী (পরি—উৎ + অন্‌চ্ + ল্যুট্) ঋণ। উদ্ধার।

পর্ব(ন্)—বি, ক্লী (প—কর্ত্তৃ—বনিপ্) গ্রন্থি, সন্ধি, পাব। উৎসব। অধ্যায়। অষ্টমী, চতুর্দ্দশী, অমাবস্যা, পূর্ণিমা, সংক্রান্তি।

পর্ব্বতঃ—বি, পুং (পর্ব্বন্—অস্ত্যর্থে ত) পাহাড়, গিরি।

পর্ব্বতীয়—বিণ (পর্ব্বত—ঈয়) পর্ব্বত সম্বন্ধীয়। পর্ব্বতবাসী, পাহাড়িয়া।

পর্ব্বসন্ধিঃ—বি, পুং; প্রতিপদ্ ও পঞ্চদশীয় মধ্যকাল।

পর্ব্বাহঃ—বি, পুং; উৎসবের দিন।

পর্শুঃ—পু, (স্পৃশ + শুন্) অস্ত্রবিশেষ, পরশু।

পর্শুকা—স্ত্রী (স্পৃশ + কৈ + ক + টাপ্) পার্শ্বাস্থি।

পর্ষদ্বল—ত্রি. (পর্ষদ্ + বলচ্) সভাসদ।

পলম্—বি, ক্লী (পল—করণ অল্) চারিতোলা পরিমাণ। মাংস। আমিষ। বি, পুং; সূক্ষ্মকাল। শস্যশূন্য তৃণ বিং, পোয়াল।

পলঙ্কষা—বি, স্ত্রী; লাক্ষা। মক্ষিকা। গোক্ষুর।

পললম্—বি, ক্লী (পল—কর্ত্তৃ কল) মাংস। পঙ্ক, নদী প্রভৃতির পলি। তিলচূর্ণ।

পলবঃ—বি, পুং; মৎস্যধারণ যন্ত্র, পলো।

পলাণ্ডুঃ—বি, পুং; (পল + অণ্ড + ক্বিপ্ + কু) পেঁয়াজ।

পলান্নম্—বি, ক্লী (পলমিশ্রিত—অন্ন) মাংসান্ন, পলাও।

পলায়নম্—বি, ক্লী (পরা—অয়—ল্যুট্) ভয়াদিহেতু প্রস্থান, পালান।

পলায়মান—বিণ (পরা—অয়—কর্ত্তৃ শানচ্) যে পলায়ন করিয়াছে।

পলায়িত—বি-ণ (পরা—অয়—কর্ত্তৃ ক্ত) যে পলায়ন করিয়াছে, প্রস্থিত।

পলালম্—বি, পুং, ক্লী, (পল—কর্ত্তৃ কালন্) শস্যশূন্য তৃণ বিং, পোয়াল।

পলাশঃ—বি, পুং (পল—অশ—কর্ত্তৃ অন্) পত্র। পুং ; কিংশুকবৃক্ষ। রাক্ষস।

পলিতম্—বি, ক্লী (পল—করণ ক্ত) বার্দ্ধক্যহেতু কেশের শুক্লতা; বি-ণ; বৃদ্ধ।

পল্যঙ্কঃ—বি, পুং (পরি—অঙ্ক) খট্টা, পালঙ্ক। কেদারা। মঞ্চ।

পল্যয়নম্—বি, ক্লী (পরি—অয়ন, নি) অশ্ব প্রভৃতির পৃষ্ঠাসল, পালান।

পল্লঃ—বি, পুং (পল্ল্ / অচ্) শস্যভাণ্ডার, ক্ষেত্র।

পল্লব—বি, পুং, ক্লী (পদ=স্থান—লূ—কর্ম্ম—অল্) নূতনপত্রযুক্ত ছোট ডাল। নূতন পত্র। বিস্তার। আলতা। বন।

পল্লবকঃ—বি, পুং (পল্লব - কৈ - ক) স্বেচ্ছাচারী, অশোকবৃক্ষ।

পল্লবগ্রাহিতা—বি, স্ত্রী; নানাবিষয়ের কিঞ্চিৎ কিঞ্চিৎ জ্ঞান থাকা।

পল্লবিত—বি-ণ (পল্লব—ইতচ্) পল্লবযুক্ত। বিস্তৃত।

পল্লি(ল্লী)—বি, স্ত্রী; গ্রামের অংশ, পাড়া।

পল্বল—বি, পুং, ক্লী (পল—কর্ত্তৃ বল) ক্ষুদ্র জলাশয়, ডোবা।

পবনঃ—বি, পুং (পূ—কর্ত্তৃ—অন) বায়ু। (অধি—ল্যুট্) কুম্ভকারের পোয়ান।

পবনব্যাধিঃ—বি, পুং; (উদ্ধব, কৃষ্ণের সখা। বায়ুরোগ।

পবনাশনঃ—বি, পুং (পবন—অশন) সর্প।

পবনাশনাশঃ—বি, পুং (পবন + অশন + অশ্ + অ) গরুড়। ময়ূর।

পবমান—বি-ণ (পূ—কর্ত্তৃ শানচ্) পবিত্রকারক। বি, পুং; বায়ু। অগ্নি।

পবিঃ—বি, পুং (পূ—কর্ত্তৃ ইন্) বজ্র। বাক্য।

পবিত—ত্রি. (পূ + ক্ত) পবিত্র, শুদ্ধ। ক্লী, মরিচ।

পবিত্র—বি-ণ (পূ—কর্ত্তৃ ইত্র) বিশুদ্ধ। বি, ক্লী (করণ—ইত্র) যজ্ঞোপবীত। কুশ বিং। স্ত্রী; ত্রা—তুলসী। কুশ বিং।

পবিত্রারোপণম্—তিথিবিশেষে নারায়ণাদি পবিত্রারোহণ দেবতাদিকে যজ্ঞোপবীত দান।

পশব্য—ত্রি. (পশু + যৎ) পশু সম্বন্ধীয়।

পশুঃ—বি, পুং (দৃশ—কর্ত্তৃ কু, নি) লোমযুক্ত লাঙ্গুলবিশিষ্ট জন্তু। দেবযোনি, শিবের অনুচর।

পশুঘ্ন—বিণ (পশু - হন্ - ক) পশু হন্তা, ব্যাধ।

পশুপতিঃ—বি, পুং; শিব।

পশুরাজঃ—বি, পুং; সিংহ।

পশ্চাৎ—অব্য (পশ্চিম—স্তাৎ, নি) পশ্চিমে। পরে। পিছে।

পশ্চাত্তাপঃ—পু, অনুতাপ, অনুশোচনা।

পশ্চার্দ্ধঃ—বি, পুং (অপর—অর্দ্ধ, নি) পা হইতে নাভি পর্য্যন্ত।

পশ্চিম—বি-ণ (পশ্চাৎ—ডিম) চরম, শেষ। অনন্তর। ক্লী; পৃষ্ঠদেশ। স্ত্রী; মা—যেদিকে সূর্য্য অস্ত যায়।

পশ্যতোহরঃ—বি, পুং (পশ্যৎ—অনাদরার্থ ৬ষ্ঠী = পশ্যতঃ—হর) যে দর্শকের সম্মুখে অপহরণ করে, স্বর্ণকার।

পশ্বাচারঃ—বি, পুং; তন্ত্রশাস্ত্রসম্মত বেদোক্ত আচার, পশুভাব।

পস্পশঃ—পুং, উপোঘাত। মহাভাষ্যের অংশ বিশেষ।

পহ্নবঃ—বি, পুং; ম্লেচ্ছজাতি বিং।

পাঙ্ক্তেয়—বিণ, (পঙক্তি - ঢক্) একপঙক্তিতে ভোজনের যোগ্য।

পাংশবঃ—বি, পুং; (পাংশু + অণ) লবণ বিং। বিণ; ধূলিসম্বন্ধীয়।

পাংশু(সু)—বি, পুং; ধূলি। পাপ। চিরসঞ্চিত গোময়, সার। লবণ বিং। স্থাবর সম্পত্তি।

পাংশুল—বি-ণ (পাংশু—লচ্) ধূলিযুক্ত। পাপিষ্ঠ।

পাংশুলা—বি, স্ত্রী; অসতী স্ত্রী।

পাংসন—বি-ণ (পন্স—কর্ত্তৃ—অন) দোষজনক। পাপিষ্ঠ।

পাকঃ—বি, পুং (পচ—ঘঞ্) রন্ধন। পরিণাম। নিষ্পত্তি। কেশের শুক্লতা। ফল, শস্য। অসুর বিং। (পা—কর্ম্ম—ক) যাহাকে পালন করা হয়, শিশু।

পাকলঃ—বি, পুং (পাক—লা—কর্ত্তৃ—ড) হস্তীর জ্বর। ক্লী; ঔষধ বিং, কড়।

পাকশাসন—বি, পুং (পাক = অসুর—শাস—কর্ত্তৃ—অন) ইন্দ্র।

পাকশাসনিঃ—পুং (পাকশাসন + ইঞ্) জয়ন্ত, অর্জুন। ইন্দ্রপুত্র।

পাকস্থলী—বি, স্ত্রী; উদরের যে অংশে ভুক্তবস্তু জীর্ণ হয়।

পাকিম—ত্রি. (পাক + ইমন) পাকনিষ্পন্ন। পাকোন্মুখ।

পাক্ষিক—বি-ণ (পক্ষ—ষ্ণিক) পক্ষসম্বন্ধীয়।

পাখণ্ডঃ—বি. পুং; (পা—খণ্ড—অচ্) বিধর্মী, নাস্তিক।

পাগল—বিণ. (পা—গল্—অচ্) বিক্ষিপ্ত, নাস্তিক।

পাঙ্ক্তেয়—বিণ (পঙ্ক্তি—ষ্যঞ্) যাহার সহিত এক পঙ্ক্তিতে ভোজন করিতে পারা যায়।

পাচক—বি-ণ (পচ—কর্ত্তৃ—ণক) যে পাক করে। জীর্ণকারক। ক্লী; উদরস্থ রস বিং।

পাচনম্—বি, ক্লী (পচ—ণিচ্—কর্ত্তৃ—অন) ঔষধ বিং, বস্তুর ক্বাথ।

পাচলঃ—বি. পুং (পচ্—ণিচ্—কলন) আগুন, পরিপক্ক করা।

পঞ্চন্—বিণ. (পচ্—কনিন্) পাঁচ সংখ্যা, পাঁচ সংখ্যা বিশিষ্ট।

পাঞ্চনখ—ত্রি. অজচর্মজাত।

পাঞ্চজন্যঃ—বি, পুং (পঞ্চজন = অসুর বিং—ণ্য) বিষ্ণুর শঙ্খ।

পাঞ্চভৌতিক—ত্রি. (পঞ্চভূত—ঠক্) পঞ্চভূতময়।

পাঞ্চাল—বি-ণ (পঞ্চাল—অণ্) পঞ্চালদেশীয়। পুং, তদ্দেশীয় রাজা।

পাঞ্চালী—বি, স্ত্রী; দ্রৌপদী। কাষ্ঠাদি নির্ম্মিত পুত্তলি।

পাটনম্—ক্লী, (পট্ + ল্যুট্) বিদারণ।

পাটলঃ—বি, পুং (পট—ণিচ—কর্ত্তৃ—কলচ্) শ্বেতরক্তমিশ্রবর্ণ, পাটকিলা রং। বি-ণ; ঐ বর্ণবিশিষ্ট। বি, ক্লী; পারুলগাছের ফুল।

পাটলা(লিঃ)(লী)—বি, স্ত্রী; পারুল গাছ। তাহার ফুল।

পাটলিপুত্রম্—বি, ক্লী; পাটনা নগর।

পাটবঃ—বি, পুং (পটু—অণ্) পটুতা। আরোগ্য।

পাটিত—বি-ণ (পট—ণিচ্—কর্ম্ম—ক্ত) বিদীর্ণ। ভগ্ন। ক্ষত।

পাটী (টিঃ)—বি, স্ত্রী (পট—ণিচ্—কর্ত্তৃ—ই—ঈপ্) শৃঙ্খলা। প্রণালী।

পাটীগণিতম্—বি, ক্লী; শৃঙ্খলাযুক্ত অঙ্কশাস্ত্র।

পাটীরঃ—বি. পুং (পটীর—অণ্) চন্দন, বাদল।

পাটুপট—বিণ (পট—কর্ত্তৃ—অন্) অতিশয় পটু।

পাঠঃ—বি, পুং, (পঠ—ভাবে ঘঞ্) পড়া, আবৃত্তি। অধ্যয়ন। (কর্ম্ম—ঘঞ) পড়িবার যোগ্যঅংশ।

পাঠক—বিণ (পঠ—কর্ত্তৃ—ণক) যে পাঠ করে। ছাত্র। স্ত্রী; ঠিকা।

পাঠনা—বি, স্ত্রী (পঠ—ণিচ—ভাবে—অন + আপ্) পড়ান।

পাঠশালা—বি, স্ত্রী; বিদ্যালয়।

পাঠীনঃ—বি, পুং; (পাঠি—নম—ড) বোয়াল মাছ।

পাঠ্য—বি-ণ (পঠ—কর্ম্ম—ণ্যৎ) পড়িবার যোগ্য।

পাণিঃ—বি, পুং (পণ—করণ—ইন্) হস্ত, মণি বন্ধ হইতে অঙ্গুলি পর্যন্ত। কুলিক বৃক্ষ, কুলেখাড়া।

পাণিগৃহীতী—বি, স্ত্রী; (পাণিগৃহীত—ঙীপ্) পত্নী।

পাণিগ্রহণম্ / পাণিপীড়নম্ } —বি, ক্লী; বিবাহ।

পাণিঘ—ত্রি. (পাণি + হন্ + ট) পাণিতাড়ক, শিল্পীবিশেষ।

পাণিনিঃ—বি, পুং (পণিন্—অপত্যার্থে ষ্ণিঃ) ব্যাকরণ সূত্রকার মুনি বিং।

পাণিনীয়—বি-ণ (পাণিনি—ছ) পাণিনিকৃত। পাণিনিগ্রন্থপাঠক।

পাণিপাদম্—ক্লী, হাত পা মিলিত।

পাণিসর্গ্যা—স্ত্রী (পাণি—সৃজ্ + ণ্যৎ + টাপ্) রজ্জু।

পাণৌ—অব্য. হস্তে।

পাণ্ডর—বি, পুং ; শুক্লবর্ণ। পীতমিশ্র শক্লবর্ণ, পাণ্ডুবর্ণ। বি-ণ ; তদ্বর্ণ বিশিষ্ট।

পাণ্ডবঃ —(পাণ্ডু—ষঃ)
পাণ্ডবেয়ঃ —(পাণ্ডু—অঞ্—ঢক্) বি, পুং ; পাণ্ডু রাজার পুত্র।

পাণ্ডিত্যম্—বি, ক্লী (পণ্ডিত—ষ্যঞ) পণ্ডিতের ভাব বা কর্ম্ম।

পাণ্ডুঃ—বি, পুং (পনড়্—কর্ত্তৃ—কু) চন্দ্রবংশীয় নৃপতি বিশেষ। পীতমিশ্রশ্বেতবর্ণ। শুভ্রবর্ণ। রোগ বিং, নেবা। বি-ণ ; তদ্বর্ণ যুক্ত।

পাণ্ডুসোপাকঃ—বি. পুং, বর্ণসঙ্কর জাতি বিশেষ।

পাণ্ডুরঃ—পুং শ্বেতপীতবর্ণ। রোগবিশেষ।

পাণ্ডুলিপিঃ —বি, স্ত্রী ;
পাণ্ডুলেখা —বি, স্ত্রী ; মুসাবিদা, খসড়ালেখা, প্রথম লিখিত।

পাতঃ—বি, পুং (পত—ভাবে—ঘঞ্) পতন। গমন। নাশ। (কর্ত্তৃ—ণ) রাহুগ্রহ। বি-ণ ; (পা—কর্ম্ম—ক্ত) রক্ষিত।

পাতকম্—বি, ক্লী (পত—ণিচ্—কর্ত্তৃ—ণক) পাপ।

পাতকী(কিন্)—বি-ণ (পাতক + ইনি) পাপী।

পাতঞ্জল—বি-ণ (পতঞ্জলি—অণ্) পতঞ্জলি মুনিকৃত, দর্শনশাস্ত্র।

পাতনম্—বি, ক্লী (পত—ণিচ্—ভাবে—ল্যুট্) অধোভাগে নিক্ষেপ। বিস্তার করণ। বিনাশন। বিন্যাস।

পাতা(তৃ)—বি-ণ (পা—কর্ত্তৃ—তৃচ্) পানকর্ত্তা। রক্ষাকর্তা।

পাতালম্—বি, ক্লী (পত—অধি—আলঞ) স্বনামখ্যাত অধোভুবন। লগ্ন হইতে ৪র্থ স্থান।

পাতিত—বি-ণ (পত—ণিচ্—কর্ম্ম—ক্ত) নিক্ষিপ্ত, যাহা ফেলিয়া দেওয়া হইয়াছে।

পাতিত্যম্—বি, ক্লী (পতিত—ষ্যঞ) পতিতের ভাব, মহাপাপ।

পাতিব্রত্যম্—বি, ক্লী (পরিব্রতা—ষ্যঞ) সতীত্ব।

পাতুক—বি-ণ (পত—কর্ত্তৃ—ঞুক) পতনশীল। পর্ব্বতাদির ক্রমনিম্ন প্রদেশ, ঢালুস্থান।

পাত্রম্—বি, ক্লী (পা—অধি—ত্র) আধার, ভাজন। তীরদ্বয়ের মধ্যবর্ত্তী জলাধার, পাতার। মন্ত্রী। যোগ্যব্যক্তি। নাটকে অভিনেয় নায়কাদি। স্ত্রী ; ত্রী—কন্যা। (কর্ত্তৃ—ত্র) বর।

পাত্রেসমিত—বি-ণ (পাত্রে—ভোজনপাত্রে সমিত—মিলিত) যে ব্যক্তি কেবল ভোজনকালে সন্নিহিত হয় অন্যকার্য্যকালে নহে। কেবল ভোজনে রত।

পাথঃ—বি. পুং (পা—থ) অগ্নি, সূর্য, জল।

পাথঃ(স্)—বি, ক্লী (পা—অসুথুন্) জল।

পাথেয়—বি-ণ। (পথিন্—চঞ্) পথের সম্বল।

পাথোধিঃ—বি, পুং (পাথস্—ধা—অধি—ক) সমুদ্র।

পাথোরুহম্—ক্লী (পাথস্—রুহ + ক) পদ্ম।

পাদঃ—বি, পুং (পদ—করণ—ঘঞ্) চরণ। বৃক্ষমূল। চতুর্থাংশ। শ্লোকের চতুর্থ ভাগ। কিরণ। পর্ব্বতের নিকটস্থ ক্ষুদ্র পর্ব্বত, প্রত্যন্ত পর্ব্বত।

পাদচারঃ—বি, পুং (পাদ—চর—ভাবে—ঘঞ্) পায়চারি, পরিক্রমণ। গ্রহাদির আহ্নিক ভোগ।

পাদজঃ—পুং (পাদ + জন + ড) শূদ্র। ত্রি. চরণজাত।

পাদত্রাণম্—বি, ক্লী ; পাদুকা, মোজা।

পাদপঃ—বি, পুং (পাদ—পা—কর্ত্তৃ—ড) বৃক্ষ। পাদপীঠ।

পাদপীঠ—বি, পুং, ক্লী ; চরণ রক্ষার্থ প্রশস্ত আসনের নিম্নস্থিত চৌকি।

পাদবিক—বিণ. ত্রি. (পদবী + ঠক) পথিক।

পাদহারক—বি-ণ (পাদ—হৃ—কর্ম্ম—ণক) পাদদ্বারা অপসারণের যোগ্য।

পাদাঙ্গকম্—বি, ক্লী ; নূপুর।

পাদাত—বি, ক্লী (পদাতি—ষঃ) পদাতি সমূহ।

পাদাতিঃ/পাদাতিকঃ—পুং (পাদ + অত + ইন্ (ক) পদাতিক সৈন্য।

পাদিক—ত্রি (পাদ + ঠক্) চতুর্থাংশ বৃত্তি বিশিষ্ট।

পাদুক—বি,-ণ (পদ—কর্ত্তৃ—উকঞ্) প্রসবকালে যে সন্তানের পদ অগ্রে নির্গত হয়। গমনশীল।

পাদুকা —বি, স্ত্রী ; জুতা উপানৎ।
পাদূ —(পাদ + ঊ)

পাদ্যম্—বি, ক্লী (পাদ—ষ্য) পাদপ্রক্ষালনার্ধ জল।

পানম্—বি, ক্লী (পা—ভাবে—ল্যুট্) দ্রব-দ্রব্যের গলাধঃকরণ। রক্ষণ। অস্ত্রাদিতে শাণ দেওয়া, শাণোল্লেখন।

পানগোষ্ঠী—বি, স্ত্রী ; মদ্যপান-সভা, ভৈরবীচক্র।

পানশৌণ্ড—বি-ণ ; প্রচুর মদ্যপায়ী।

পানিলম্—বি. ত্রি (পা—কনচ্) পানপাত্র, পেয়ালা।

পানীয়ম্—বি, ক্লী (পা—কর্ম্ম—অনীয়)। জল। বি-ণ ; পানযোগ্য।

পানীয়ফলম্—বি, ক্লী ; শিঙড়, শৃঙ্গাটক। জলকন্দফল।

পান্থঃ—বি, পুং (পথিন্—কুশলার্থে অণ্) পথিক।

পান্থনিবাসঃ—বি, পুং ; পথিকদিগের অবস্থিতি স্থান।

পাপম্—বি, ক্লী (পা + প) যাহা হইতে লোককে রক্ষা অর্থাৎ নিবারণ করা হয়, অধর্ম্ম। বি-ণ (পাপ—অ) পাপিষ্ঠ। পাপজনক।

পাপঘ্ন—বি-ণ (পাপ—হন—কর্ত্তৃ—টক্) পাপনাশক।

পাপতি—ত্রি (পৎ + যঙ্লুক্ + ইন্) পুনঃপুনঃ পতনশীল।

পাপপুরুষঃ—বি, পুং ; পুরুষাকৃতি পাপ।

পাপাত্মা(ত্মন্)
পাপাশয় —বি-ণ ; যাহার চিত্ত পাপে রত, অর্ধাম্মিক, দুরাত্মা।

পাপিষ্ঠ —(পাপ—ইষ্ঠ)
পাপীয়ান্(য়স্) —(পাপ—ঈয়সু) বি-ণ ; অতিশয় পাপী। স্ত্রী ; ষ্ঠা, য়সী।

পাপ্মা(প্মন্)—বি, পুং (পা—অপ—মণিন্) পাপ।

পাম(মন্) —বি, ক্লী ;
পামা —বি, স্ত্রী (পৈ—কর্ত্তৃ—মন) চুলকনা রোগ।

পামন—বি-ণ (পামন্—ন) চুলকনা রোগ।

পামর—বি-ণ (পামন্—রা—কর্ত্তৃ—ড) অধম, নীচ। মূর্খ।

পায়স—বি, পুং, ক্লী (পয়স্—অণ্) পরমান্ন। বি-ণ ; পরঃ সম্বন্ধীয়।

পায়িকঃ—বি. পুং; পদাতিক সৈন্য।

পায়ুঃ—বি, পুং (পা—উণ্) গুহ্যদেশ, মলদ্বার।

পায্য—ক্লী (পা—ণ্যৎ) পরিমাণ, পানীয়। ত্রি. নিন্দনীয়।

পারম্—বি, ক্লী (পর—অণ্) নদীর পর তীর ; উদ্ধার।

পারক—বি-ণ (প—কর্ত্তৃ—ণক) সমর্থ।

পারক্য—বি, ক্লী (পর + ষ্ণ্য) পরাধীনতা। বি-ণ ; পরলোকসংক্রান্ত।

পারগ—বি-ণ (পার—গম—কর্ত্তৃ—ড) পারগামী। সমর্থ।

পারণম্ —বি, ক্লী (পার—ভাবে—ল্যুট্)
পারণা —বি, স্ত্রী (পার—ভাবে—অন—আপ্) ব্রতান্তে ভোজন।

পারতন্ত্র্যম—বি, ক্লী (পরতন্ত্র—ষ্যঞ্) পরাধীনতা।

পারত্রিক—বি-ণ (পরত্র—ঠক্) পারলৌকিক।

পারদঃ—বি, পুং (পার—দা—কর্ত্তৃ—ড) ধাতু বিং, পারা।

পারদর্শী(র্শিন্) —(পার—দৃশ্—ইন্)
পারদৃশ্বা(শ্বন্) —বি-ণ ; (পার—দৃশ—ক্বনিপ্) পরিণামদর্শী, বহুদর্শী, বিজ্ঞ।

পারদারিক—বি-ণ (পরদার—ঠক্) পরদারগামী।

পারদার্য্যম্—বি, ক্লী (পরদার—ষ্যঞ্) পরস্ত্রীগমন।

পারমার্থিক—বি-ণ (পরমার্থ—ঠক্) ধর্ম্ম-সম্বন্ধীয়। অভীষ্ট।

পারম্পর্য্যম্—বি, ক্লী (পরম্পরা—ষ্যঞ্) পরম্পরায় চলিয়া আসা, অনুক্রম।

পারলৌকিক—বি-ণ (পরলোক—ঠক্) পরলোক সম্বন্ধীয়।

পারশবঃ—বি, পুং (পরশু+অণ) সঙ্করজাতি বিং, শূদ্রার গর্ভে ব্রাহ্মণের ঔরসে জাত।

পারসী—বি, স্ত্রী ; পারস্যভাষা।

পারসীকঃ—বি, পুং (পারস্য—ষ্ণীক) পারস্য দেশ। তদ্দেশীয় অশ্ব। বি-ণ ; তদ্দেশীয়।

পারস্ত্রৈণেয়ঃ—বি, পুং (পরস্ত্রী—ঠঞ্) পরস্ত্রীজাত-পুত্র, ক্ষেত্রজ সন্তান।

পারাপতঃ —(পার + আ + পত + অচ্)
পারাবতঃ —বি, পুং (পার—অব—কর্ত্তৃ—শতৃ—অণ্) পায়রা, কপোত।

পারাবারঃ—বি, পুং ; সমুদ্র। ক্লী ; নদী প্রভৃতির উভয়পার।

পারায়ণম্—বি, ক্লী (পার—অয়ন) সমাপ্তি। নিয়মিত সময়ের মধ্যে কোন গ্রন্থের সম্পূর্ণপাঠ।

পারাবারীণ—বি-ণ (পারাবার—খঞ্) যে পারে গমন করিয়াছে, কোন বিষয়ের চরম সীমা লাভ করিয়াছে, পারগামী।

পারাশরঃ —(পরাশর—অণ্)
পারাশর্য্যঃ —(পরাশর—ষ্যঞ্) বি, পুং ; পরাশরপুত্র ব্যাসদেব। বি-ণ ; পরাশরপ্রণীত।

পারিজাতঃ—বি, পুং (পারিন—সমুদ্র—জাত) যাহা সমুদ্রে জন্মে, স্বর্গীয় বৃক্ষ। সুগন্ধ দ্রব্য বিং।

পারিতোষিক—বি-ণ (পরিতোষ—ঠঞ্) পুরস্কার।

পারিপন্থিকঃ—বি, পুং (পরিপন্থিন্—ঠক্) চৌর।

পারিপাট্য—বি, ক্লী (পরিপাটি—ষ্যঞ্) সুশৃঙ্খলা।

পারিপার্শ্বিকঃ—বি, পুং (পরিপার্শ্ব—ঠক্) সূত্রধারের পার্শ্ববর্ত্তী নট। বি-ণ ; সহচর।

পারিপ্লব—বি-ণ ; (পরি—প্লু—অচ্) চঞ্চল। কাতর। কম্পমান।

পারিভদ্রকঃ—বি, পুং ; দেবদারু বৃক্ষ।

পারিভাষিক—বি-ণ (পরিভাষা—ঠক্) পরিভাষা সম্বন্ধীয়।

পারিমাণ্ডল্যম্—বি, ক্লী (পরিমণ্ডল—ষ্যঞ্) পরমাণু পরিমাণ।

পারিযা(পা)ত্রঃ—বি, পুং (প'রিযাত্রা—অচ্) পর্ব্বত বিং। সূর্য্যবংশীয় নৃপ বিং।

পারিষদ—বি-ণ (পরিষদ—অচ্) সভাসদ্, সভ্য।

পারী—বি, স্ত্রী (পার—ঈপ্) দোহনপাত্র। তীর। হস্তিবন্ধনী।

পারীণ—বি-ণ (পার—খন) পারগত। সমর্থ।

পারীন্দ্রঃ—পুং (পৃ—ইন + ইন্দ্র) সিংহ। অজগরসর্প।

পারুষ্যম্—বি, ক্লী (পুরুষ—ষ্যঞ্) কার্কশ্য। কটুবাক্য প্রয়োগ।

পার্থঃ—বি, পুং (পৃথা—অণ্) পৃথা অর্থাৎ কুন্তীর পুত্র, যুধিষ্ঠিরাদি।

পার্থক্যম্—বি, ক্লী (পৃথক—ষ্যঞ্) বিভিন্নতা, ভেদ।

পার্থিবঃ—বি, পুং (পৃথিবী—অণ্) পৃথিবীর ঈশ্বর, রাজা। বি-ণ ; পৃথিবী-সম্বন্ধীয়।

পার্ব্বণম্—বি, ক্লী (পর্ব্বন—অণ্) অমাবস্যাদিতে কর্ত্তব্যশ্রাদ্ধ। বি-ণ ; পৃথিবী-সম্বন্ধীয়।

পার্ব্বত —(পর্ব্বত—অণ্)
পার্ব্বত্য —(পর্ব্বত—ষ্যঞ্) বি-ণ ; পর্ব্বত সম্বন্ধীয়।

পার্ব্বতী—বি, স্ত্রী (পর্ব্বত—অণ্—ঈপ্) দুর্গা।

পার্ব্বতীয়—বি-ণ (পর্ব্বত—ছ) পর্ব্বত সম্বন্ধীয়। পর্ব্বতবাসী। অনেকের মতে, পর্ব্বতবাসী মনুষ্য বুঝাইলে পর্ব্বতীয়, মনুষ্য ভিন্ন অর্থে পর্ব্বতীয়, পার্ব্বত হয় ; পার্ব্বতীয় হয় না। স্ত্রী; য়া।

পার্শ্ব—বি, পুং, ক্লী ; (স্পৃশ্—শ্বন্) একদেশ ; পাশ। সমীপ। কক্ষের অধোভাগ।

পার্শ্বচর—বি-ণ ; পার্শ্ববর্ত্তী অনুচর।

পার্শ্বপরিবর্ত্তনম্—বি, ক্লী ; পাশফেরা।

পার্ষদঃ—বি, পুং (পর্ষদ—অণ্) সভাসদ্।

পার্ষ্ণিঃ—বি, পুং, স্ত্রী (পৃষ—কর্ম্ম—নি) গুল্ফের অধোভাগ, গোড়ালি। সৈন্যের পশ্চাদ্‌ভাগ। পৃষ্টদেশ। পৃষ্ঠশত্রু।

পার্ষ্ণিগ্রাহঃ—বি, পুং ; পশ্চাদ্বর্ত্তী শত্রু রাজা, সৈন্যের পশ্চাদ্‌ধাবনকারী।

পাল—ত্রি. (পাল + অচ) রক্ষা।

পালক—বি-ণ (পাল—ণ্বুল্) যে রক্ষা করে, রক্ষক। প্রতিপালক। স্ত্রী ; লিকা।

পালঙ্কঃ—পুং; (পাল—ক্বিপ্—অঙ্ক—ঘঞ্) শাকবিশেষ। স্ত্রী পালঙ্কী—বৃক্ষবিশেষ।

পালনম্—বি, ক্লী (পা—ণিচ্—ভাবে + ল্যুট্) রক্ষা। পোষণ।

পালয়িতা—বিণ. পুং (পাল—ণিচ্—তৃচ্) রক্ষক।

পালাশ—বিণ. ত্রি (পলাশ—অণ্) পলাশ সম্বন্ধীয়, তমালপত্র। পুং-হলুদবর্ণ।

পালিঃ, পালী—বি, স্ত্রী; (পাল্—ইন্—ঙীষ্) রাশি। শ্রেণী। প্রান্তভাগ। প্রদেশ। ক্রোড়। সেতু। অতি প্রাচীন ভাষা বিং, মাগধী ভাষা। প্রশংসা-বচন। পালা। ছাত্রদিগের বৃত্তি। শ্মশ্রুমতী স্ত্রী।

পালিত—বি-ণ (পা—ণিচ্—কর্ম্ম—ক্ত) রক্ষিত। পোষিত। বর্দ্ধিত।

পালিত্যম্—বি. ক্লী. (পলিত—ষ্যঞ) বার্ধক্যজাত শুভ্রতা।

পাবকঃ—বি, পুং (পু—কর্ত্তৃ—ণক) অগ্নি। বি-ণ ; যে পবিত্র করে।

পাবকিঃ—বি. পুং (পাবক—ষিঞ্) কার্ত্তিকেয়।

পাবন—বি-ণ (পু—ণিচ্ কর্ত্তৃ—অন) পবিত্রতাকারক।

পাশঃ—বি, পুং (পশ—করণ—ঘঞ্) রজ্জু। ফাঁদ। কেশবাচক শব্দের পরে বসিলে সমূহ, কর্ণবাচক শব্দের পরে বসিলে সুন্দর এবং ছত্র, ভিষক্ প্রভৃতি শব্দের পরে বসিলে কুৎসিত অর্থের বোধক হয়।

পাশকঃ—বি, পুং (পশ—কর্ত্তৃ—ণক) পাশা।

পাশভৃৎ—বি, পুং (পাশ—ভৃ—কর্ত্তৃ—ক্বিপ) বরুণ।

পাশী(শিন্)—পুং বরুণ, ব্যাধি, ধৃতরাষ্ট্রের পুত্র বিং।

পাশুপত—বি, পুং (পশুপতি—অণ্) শিবের উপাসক, শৈব। পুং, বকবৃক্ষ। ক্লী ; অস্ত্র বিং। ব্রত বিং। বি-ণ ; শিব সম্বন্ধীয়।

পাশ্চাত্য —(পশ্চাৎ—ষ্যঞ)
পাশ্চাত্ত্য —(পশ্চাৎ—ত্যক্) বি-ণ ; পশ্চিম দেশীয়। পশ্চাৎ স্থিত। স্ত্রী ; ত্যা।

পাষণ্ড — বিণ. (পা = বেদধর্ম্ম—ষণ্ড = নিষ্ফল-করা)
পাষণ্ডী(ণ্ডিন্)—(পাপ—ষণ্ড—ণিচ্—ইনি) বি-ণ; বেদবিরুদ্ধাচারী, নাস্তিক। স্ত্রী; ণ্ডা।

পাষাণঃ—বি, পুং (পিষ—অধি—আনচ্) প্রস্তর।

পাষাণী—বি, স্ত্রী ; ক্ষুদ্র পাষাণ, বাটখারা।

পাষাণদারকঃ—বি. পুং (পাষাণ—দারি—ণ্বুল) পাথরকাটা ছেনী।

পিকঃ—বি, পুং (অপি—কৈ + ক) কোকিল। স্ত্রী ; কী।

পিঙ্গঃ—বি, পুং (পিনজ্—করণ—ঘঞ্) নীলপীতমিশ্রবর্ণ। ক্লী ; গন্ধদ্রব্য বিং।

পিঙ্গলঃ—বি, পুং (পিনজ্—করণ—অলচ্) নীলপীতমিশ্রবর্ণ, কপিলবর্ণ। ছন্দঃশাস্ত্রকার আচার্য্য বিং, ইনি পিঙ্গল নামে খ্যাত। নিধি বিং। বানর। অগ্নি। রুদ্র। সূর্য্যের পারিপার্শ্বিক। মঙ্গল গ্রহ। বি-ণ ; কপিলবর্ণবিশিষ্ট।

পিঙ্গলা—বি, স্ত্রী ; নাড়ী বিং। দক্ষিণ দিকের হস্তিনী।

পিচণ্ড, পিচিণ্ডঃ —(অপি—চম্—ড) —বি, পুং ; উদর, ভুঁড়ি। পশুর অবয়ব।

পিচিণ্ডিল—বি-ণ (পিচিণ্ড—ইল) বৃহৎ উদরযুক্ত, ভুঁড়ে।

পিচুঃ—পুং ; (পচ্—উ) কার্পাস তুলা। কুষ্ঠ বিং, ভৈরব।

পিচুমর্দ্দঃ—বি, পুং ; নিম্ববৃক্ষ।

পিচুলঃ—বি, পুং ; ঝাউগাছ, ঝাবুক। জলকাক।

পিচ্চটম্—বি, ক্লী ; (পিচ্ছ্—অটন্) নেত্ররোগ বিং, পিচুটী। সীমক। রঙ্গ।

পিচ্ছ—বি, ক্লী (পিচ্ছ—কর্ত্তৃ—অন্) ময়ূর পুচ্ছ। চূড়া। পুং ; লাঙ্গুল।

পিচ্ছল—(পিচ্ছ—কলচ্)

পিচ্ছিল—বি-ণ ; (পিচ্ছ—ইল) পিছল, হড়হড়ে।

পিঞ্জরঃ—বি, পুং (পিন্জ—করণ—অর) নীলপীতমিশ্রবর্ণ। ক্লী ; স্বর্ণ। পিঁজরা। শরীরের অস্থিপুঞ্জ। বি-ণ ; পূর্ব্বোক্ত বর্ণবিশিষ্ট।

পিঞ্জলম্—বি, ক্লী (পিনজ্—কর্ম্ম—অলচ্) হরিতাল। কুশান্তরবেষ্টিত প্রদেশপ্রমাণ সাগ্রকুশপত্রদ্বয়। বি-ণ ; পিঙ্গবর্ণবিশিষ্ট। ব্যাকুল।

পিঞ্জূষম্—বি, ক্লী (পিন্জ—কর্ম্ম—উষ) কর্ণমল, খোল।

পিটঃ—বি, পুং (পিট—অধি—ক) পেটরা, চুপড়ী প্রভৃতি। ধান্যরক্ষার্থ ডোল।

পিঠরঃ—বি, পুং; (পিঠ—করন্)
পিঠরী—বি, স্ত্রী ; হাঁড়ি, স্থালী। পেটারী। ভাণ্ড।

পিণ্ড—বি, পুং (পিন্ড—কর্ম্ম—অচ্) পিতৃলোককে প্রদেয় বর্ত্তুলাকার ভক্ষ্যবস্তু। গ্রাস। গোলাকার বস্তু, ডেলা। গজকুম্ভ। দেহ। পুঞ্জ। জীবিকা। বি-ণ ; একত্র পুঞ্জীভূত, সংহত। ভক্ষ্যবস্তু।

পিণ্ডদ—ত্রি.(পিণ্ড দা + ক) পিণ্ডদাতা।

পিণ্ডিঃ—স্ত্রী (পিড—ইন + ঙীপ) রথচক্রের মধ্যমণ্ডল। জানুর নিম্নস্থ মাংসল প্রদেশ।

পিণ্ডীশূরঃ—বি, পুং ; কেবল ভক্ষণবিষয়ে পটু, কাপুরুষ।

পিণ্যাকঃ—বি, পুং, ক্লী (পিণ—কর্ম্ম—আকন্) তিলের খলি, তিলকল্ক। হিঙ্গু।

পিতা(তৃ)—বি, পুং (পা—কর্ত্তৃ—তৃচ) জনক। চন্দ্রলোকবাসী অগ্নিষ্বাত্ত প্রভৃতি পিতৃলোক।

পিতামহঃ—বি, পুং (পিতৃ—ডামহ) ব্রহ্মা। পিতার পিতা। স্ত্রী ; হী—পিতার মাতা।

পিতৃকাননম্—বি, ক্লী ; শ্মশান।

পিতৃকৃত্যম্—বি, ক্লী ; শ্রাদ্ধতর্পণাদি।

পিতৃগণঃ—পুং ; পিতৃপুরুষসমূহ। অগ্নিষ্বাত্ত প্রভৃতি সপ্তঋষি।

পিতৃতীর্থম্—বি, ক্লী ; গয়াধাম। হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যস্থান।

পিতৃপতিঃ—বি, পুং ; যম।

পিতৃপ্রসূ—বি, স্ত্রী ; সন্ধ্যাকাল। পিতামহী।

পিতৃবন্ধুঃ—বি, পুং ; পিতামহ—ভগিনীপুত্র। পিতার পিতামহী—ভগিনীপুত্র। পিতার মাতুলপুত্র।

পিতৃযজ্ঞঃ—বি, পুং ; শ্রাদ্ধতর্পণ।

পিতৃলোকঃ—বি, পুং ; চন্দ্রলোকস্থ স্থান বিং। বহু; অগ্নিষ্বাত্তাদি পিতৃগণ।

পিতৃব্যঃ—বি, পুং ; (পিতৃ—ব্য) পিতার ভ্রাতা।

পিতৃষ্বসা(সৃ)—বি, স্ত্রী ; পিতার ভগিনী, পিসি।

পিতৃষ্বস্রীয়ঃ —(পিতৃষ্বসৃ—ছ)
পিতৃষ্বস্রেয়ঃ —(পিতৃষ্বসৃ—ঠক্) বি, পুং ;
পিতৃষ্বসেয়ঃ —পিসির সন্তান। স্ত্রী—আ।

পিত্তম্—বি, ক্লী (অপি—দো + ক্ত) শরীরস্থ ধাতু বিং।

পিত্তলম্—বি, ক্লী (পিত্ত—লা—কর্ত্তৃ—ড) তাম্র ও দস্তামিশ্রিত ধাতু বিং, পিতল।

পিত্র্য—বি-ণ (পিতৃ—ষ্ণ্য) পিতৃসম্বন্ধীয়। পিতা হইতে প্রাপ্ত।

পিধানম্—বি, ক্লী (অপি—ধা—ল্যুট্) আচ্ছাদন। ঢাকনি।

পিনদ্ধ—বি-ণ (অপি—নহ—কর্ম্ম—ক্ত) বদ্ধ। আচ্ছাদিত। পরিহিত।

পিনাকঃ—বি, পুং ক্লী (পা—কর্ত্তৃ—আক) শিবের ধনুক। ধূলিবৃষ্টি।

পিনাকী(কিন্)—বি, পুং (পিনাক—ইন্) শিব।

পিৎসৎ, পিপতিষৎ—বিণ. (পৎ—সন্—শতৃ) পক্ষী, পতনেচ্ছু।

পিপাসা—বি-ণ (পা—সন্—ভাবে—অ + আপ্) পানেচ্ছা।

পিপাসু—বি-ণ (পা—সন্—কর্ত্তৃ—উ) পানেচ্ছু। তৃষ্ণাযুক্ত।

পিপীতকঃ—পুং ; ব্রাহ্মণ বিশেষ। স্ত্রী ; পিপতকী-বৈশাখের শুক্লা দ্বাদশী।

পিপীলিকা—বি, স্ত্রী (পীল—যঙ্লুক্—কর্ত্তৃ—ণক) পিপীড়া।

পিপ্পল—বি, পুং (পা—কর্ত্তৃ—অলচ্) অশ্বত্থবৃক্ষ। বন্ধনশূন্য পক্ষী। ক্লী ; জল। বস্ত্রখণ্ড বিং।

পিপ্পলি (লা)—বি, স্ত্রী ; পিঁপুল।

পিব—ত্রি. (পা + অচ্) পানকর্তা।

পিয়ালঃ—বি, পুং ; বৃক্ষ বিং; রাজাদন বৃক্ষ।

পিশঙ্গঃ—বি, পুং ; পিঙ্গলবর্ণ। বি-ণ ; তদ্বর্ণযুক্ত। স্ত্রী ; ঙ্গী।

পিশাচঃ—বি, পুং (পিশিত + অ + চম + ড) দেবযোনি বিং।

পিশিতম্—বি, ক্লী (পিশ—কর্ম্ম—ক্ত) মাংস।

পিশিতাশনঃ—বি, পুং (পিশিত—অশ—কর্ত্তৃ—অন) মাংসভোজী রাক্ষসাদি।

পিশীলম্—বি, ক্লী ; মৃত্তিকানির্ম্মিত পাত্র বিং, মাটির সরা।

পিশুন—বি-ণ (পিশ—কর্ত্তৃ—উনন্) খল, ক্রূর। সূচক, জ্ঞাপক।

পিষ্ট—বি-ণ (পিষ—কর্ম্ম—ক্ত) যাহা পেষণ করা হইয়াছে, মর্দ্দিত, চূর্ণিত। ক্লী ; পিঠা।

পিষ্টকঃ—বি, পুং; (পিষ্ট—কণ্) রুটি প্রভৃতি, অপূপ।

পিষ্টপ—বি, পুং , ক্লী (বিশ—অধি—কপ) জগৎ, ভুবন।

পিষ্টাতকঃ—বি, পুং (পিষ্ট—অত—কর্ত্তৃ—অচ্—কণ্) গন্ধচূর্ণ, আবীর। পিটালী।

পিহিত—বি-ণ (অপি—ধা—কর্ম্ম—ক্ত) আচ্ছাদিত। রুদ্ধ।

পীঠ—বি-ণ, পুং, ক্লী; (পিট—অধি—ক) বসিবার আসন, পীড়ি চৌকি প্রভৃতি।

পীঠস্থানম্—বি, ক্লী ; যেখানে সতীর ছিন্ন অঙ্গ পড়িয়াছে। যে স্থানে বহুকাল ব্যাপিয়া দেবর্চ্চনা চলিতেছে।

পীড়নম্—বি, ক্লী (পীড়—ভাবে—ল্যুট) ক্লেশ দেওয়া। মর্দ্দন। আগ্রহের সহিত গ্রহণ।

পীড়া—বি, স্ত্রী (পীড় + অঙ্ + টাপ্) দুঃখ। রোগ। শিরঃস্থিত মালা।

পীড়িত—বি-ণ (পীড়—কর্ম্ম—ক্ত) দুঃখিত। রোগগ্রস্ত। মর্দ্দিত।

পীতঃ—বি, পুং (পা—ক্ত) হরিদ্রাবর্ণ। বি-ণ ; তদ্বর্ণবিশিষ্ট। যাহা পান করা হইয়াছে, যে পান করিয়াছে। স্ত্রী ; পান , মধু, স্বর্ণ, গন্ধক। বন্ধক, দ্বীপ হরিতাল।

পীতবাস(সস্)—পুং ; শ্রীকৃষ্ণ।

পীতসার—ক্লী, চন্দন। পুং ;গোমেদ। চন্দনবৃক্ষ।

পীতাম্বরঃ—বি, পুং (পীত—অম্বর) কৃষ্ণ।

পীতি ঃ—পুং. (পী + ক্তিচ্) অশ্ব, স্ত্রী (পা + ক্তিন্) পান, গতি।

পীতী(তিন্)—পুং, (পীত + ইনি) অশ্ব।

পীথঃ—পুং (পা+থক্) সূর্য। অগ্নি। ক্লী; জল, ঘৃত।
পীন—বি-ণ (পায়—কর্ত্তৃ—ক্ত) প্রবৃদ্ধ।
পীনসঃ—বি, পুং (পনি—সো—কর্ত্তৃ—ড) নাসিকা রোগ বিং।
পীযূষ—বি, ক্লী (পীয়—কর্ম্ম—উষন্) অমৃত। পুং, ক্লী ; অভিনব গোদুগ্ধ।
পীলুঃ—বি, পুং (পীল—কর্ত্তৃ—উ) পরমাণু। বৃক্ষ বিং। বাণ। পুষ্প। হস্তী। অস্থিখণ্ড।
পীবর—বি-ণ (প্যৈ—কর্ত্তৃ—খরচ্) স্থূল। বলিষ্ঠ। বি, পুং ; পুরুষবাচক শব্দ।
পুংসঃ—পুং (পা + ডুম্সুন্) পুরুষ, মনুষ্য, পুংলিঙ্গ।
পুংলিঙ্গঃ—পুং (পুমস্ + লিঙ্গ) পুরুষবাচক শব্দ বিং। ক্লী ; শিশ্ন। পুং ; চিহ্ন বিং।
পুংশ্চলী—বি, স্ত্রী (পুমস্—চল—কর্ত্তৃ—অন্—ঈপ্) অসতী, বেশ্যা।
পুংসবনম্—বি, ক্লী (পুমস্—সবন) গর্ভিণীর সংস্কার বিং।
পুংস্ত্বম্—ক্লী, পুরুষত্ব। বীর্য। শুক্র।
পুক্কশঃ(স)—বি, পুং ; (পুক্—কম্—অয়) চণ্ডাল। বি-ণ ; নীচ।
পুঙ্খঃ—বি, পুং (পুমস্—খন—কর্ত্তৃ—ড) বাণের পক্ষযুক্তস্থান। মূল।
পুঙ্খানুপুঙ্খ—বি-ণ ; অতি সূক্ষ্ম, সবিশেষ।
পুঙ্গবঃ—বি, পুং (পুমস্—গো—ষচ্) বৃষ। কোন শব্দের পরবর্ত্তী হইলে। শ্রেষ্ঠ।
পুচ্ছ—বি, পুং ; ক্লী (পুচ্ছ—কর্ত্তৃ—ক) লাঙ্গুল। পশ্চাদ্ভাগ।
পুট—বি, ত্রি (পুট্—কর্ম্ম—ক) আবরণ, খাপ। পত্রাদি রচিত পাত্র, ঠোঙ্গা। অঞ্জলি। কৌটা। ঔষধপাত্র, মুচি।
পুটকিনী—বি, স্ত্রী (পুটক—পদ্ম—ইন্—ঈপ্) পদ্মিনী।
পুট পাকঃ—বি, পুং; গোময়াদির ঠুঙিতে ঔষধাদি-পাক।
পুর্বভেদঃ—পুং ; নদীরবক্রগতি। জলাবর্ত। নগর।
পটভেদনম্—বি, ক্লী ; নগর।
পুটিত—বি-ণ (পুট—কর্ম্ম—ক্ত) গ্রথিত। আবৃত। বি, ক্লী ; অঞ্জলি।
পুণ্ডঃ—পুং. তিলক (পুড়্—অচ্)।
পুণ্ডরীকম্—বি, ক্লী (পুণ্ড—কর্ম্ম—ঈকন্) শ্বেতপদ্ম। শ্বেতছত্র। ঔষধ বিং। পুং; নৃপতি বিং। সর্প বিং। অগ্নিকোণের হস্তী। স্ত্রী—পুণ্ডরীকী—ব্যাঘ্রী।
পুণ্ডরীকাক্ষঃ—বি, পুং (পুণ্ডরীক—অক্ষি—অ) বিষ্ণু।
পুণ্ড্রঃ—বি, পুং; (পুন্ড—রক) ফোটা। ইক্ষু বিং। দেশ বিং। মাধবীলতা। দৈত্য বিং।
পুণ্যম্—বি, ক্লী (পূ—কর্ত্তৃ—ডুণ্য) ধর্ম্ম। বি-ণ; পুণ্যবান্) পবিত্র। নির্ম্মল।
পূণ্যজনঃ—বি, পুং ; যক্ষ।
পুণ্যভূ/পুণ্যভূমিঃ—বি, স্ত্রী ; আর্য্যাবর্ত্ত।
পুণ্যবান(বৎ)—বি-ণ (পুণ্য—বতু) ধার্ম্মিক। ভাগ্যবান।
পুণ্যভাক্(জ্)—ত্রি. (পূণ্য+ভজ্+ক্বিপ্) পুণ্যবান।
পুণ্যশ্লোক—বি-ণ ; যাহার চরিত্র পবিত্র।
পুণ্যাহম্—বি, ক্লী ; (পুণ্য—অহন্—টচ্) পবিত্র দিন।
পুত্তলি (লী)—
পুত্তলিকা—বি, স্ত্রী (পুত্ত—ভাবে—অল্—লা—কর্ত্তৃ—ডি) পুতুল।
পুত্তিকা—বি, স্ত্রী (পুত্ত—কর্ত্তৃ—ণক—আপ্) পতঙ্গ বিং। উঁই।
পুত্রঃ—(পু—কর্ত্তৃ—ত্র)
পুত্ত্রঃ—(পুৎ—ত্রৈ—কর্ত্তৃ—ড) বি, পুং ; তনয়। স্ত্রী ; ত্রী।
পুত্রকঃ—বি, পুং (পুত্র—কণ্) পুত্র স্নেহপাত্র। স্ত্রী; ত্রিণী।
পুত্রী (ত্রিন্)—বি-ণ (পুত্র—ইন্) পুত্রবান্। স্ত্রী ; ত্রিণী।

পুত্রীয়ৎ—বি-ণ; (পুত্র—ক্যচ্—শতৃ) আত্মপুত্রেচ্ছু।
পুত্রেষ্টিঃ—বি, স্ত্রী (পুত্র—ইষ্টি) পুত্রজননার্থ যাগ বিং।
পুদ্গল—পুং, পরমাণু। বি-ণ ; সুন্দরাকার।
পুনঃ(র্)—অব্য ; দ্বিতীয় বার। পক্ষান্তর। ভেদ। অবধারণ। অধিকার।
পুনঃপুনঃ—অব্য. ; মুহুর্মুহুঃ। অভীক্ষ্ণ্য। বারবার।
পুনরুক্তবদাভাসঃ—পুং ; কাব্যে অলংকার বিং।
পুনরুক্তিঃ—বি, স্ত্রী ; পুনর্ব্বার বলা।
পুনর্নবা—বি, স্ত্রী ; শাক বিং।
পুনর্ভবঃ—বি, পুং (পুনর্—ভু—কর্ত্তৃ—অপ্) নখ। (ভাবে—অ) পুনজর্ন্ম।
পুনর্ভূঃ—বি, স্ত্রী (পুনর্—ভু—কর্ত্তৃ—ক্বিপ্) দুইবার বিবাহিতা স্ত্রী।
পুনর্বসুঃ—বি, পুং ; বিষ্ণু। শিব। নক্ষত্র বিং।
পুনান—বিণ, (পূ + শানচ্) পবিত্রকারক।
পুন্নাগঃ—বি, পুং ; শ্বেতপদ্ম। নাগকেশর বৃক্ষ। বিণ ; নরশ্রেষ্ঠ।
পুপপুসঃ—
পুপ্ফুসঃ—বি, পুং (স্ফুর—কর্তৃ—অসচ্ নি) ফুসফুস। বীজকোষ।
পুমান্(মস্)—বি, পুং (পা—কর্ত্তৃ—ডুমস্) পুরুষ।
পুর্—স্ত্রী, (পু + ক্বিপ) নগরী।
পুরম্—বি, ক্লী (পুর—অধি—ক) গৃহ। নগর। দেহ।
পুরঃ(স্)—অব্য, (পুর্ব + অসি) অগ্রে, সম্মুখে। প্রথমে।
পুরঃসর—বি-ণ (পুরস্—সৃ—কর্ত্তৃ—ট) অগ্রগামী। স্ত্রী ; রী।
পুরঞ্জয়—বি, পুং (পুর—জি—কর্ত্তৃ—খশ্) শিব। সূর্য্যবংশীয় নৃপতি।
পুরটম্—বি, ক্লী ; (পুর্—অটন্) সুবর্ণ।
পুরতঃ(স্)—অব্য ; (পুর—অতসুচ) অগ্রে, সম্মুখে
পুরতটী—স্ত্রী ; ক্ষুদ্রহাট।
পুরদ্বিষ্—পুং (পুর—দ্বিষ্ + ক্বিপ) শিব।
পুরন্দরঃ—বি, পুং (পুর—দৃ—কর্ত্তৃ—খশ্) ইন্দ্র। চৌর।
পুরন্ধ্রি (ন্ধ্রী)—বি, স্ত্রী (পুর—ধৃ—কর্ত্তৃ—খ—ঈপ্) পতিপুত্রবতী নারী।
পুরশ্চরণম্—বি, ক্লী (পুস্ + চর + ল্যুট্) নিয়মপূর্ব্বক মন্ত্র জপ করা।
পুরস্—অব্য. (পূর্ব+ অসি) পূর্ব দিকে। পূর্বদেশে।
পুরস্কারঃ—বি, পুং (পুরস্—কৃ—ঘঞ্) পারিতোষিক, দান। অগ্রেকরণ।
পুরস্কৃত—বি-ণ; (পুরস্—কৃ—ক্ত) পূজিত। সম্মানিত। অগ্রে স্থাপিত।
পুরস্তাৎ—অব্য (পূর্ব্ব—স্তাৎ) সম্মুখে। প্রথমে। পূর্ব্ব দিকে, দেশে বা কালে।
পুরস্ত্রী—বি, স্ত্রী ; নগরবারী স্ত্রীলোক।
পুরা—অব্য ; (পুর্—কা) অতীত কালে। প্রথমে। নিকট ভবিষ্যৎকালে। পুরাবৃত্ত।
পুরাণ—বি-ণ (পুরা—ট্যু) প্রাচীন। পুরাতন। অনাদি। বি, ক্লী ; ব্যাসাদিমুনিপ্রণীত পঞ্চ-লক্ষণযুক্ত শাস্ত্র বিং। পুরাণ অষ্টাদশ প্রকার যথা ব্রহ্মপুরাণ; এই রূপ পদ্ম, বিষ্ণু, শিব, ভাগবত, নারদ, মার্কণ্ডেয়, অগ্নি, ভবিষ্য, ব্রহ্মবৈবর্ত্ত লিঙ্গ, বরাহ, স্কন্দ, বামন, কূর্ম্ম, মৎস্য, গরুড়, ব্রহ্মাণ্ড। এক কাহন কড়ি।
পুরাণপুরুষঃ—পুং ; বিষ্ণু। বৃদ্ধপুরুষ।
পুরাতন—বি-ণ (পুরা—ষ্টন) প্রাচীন। অনাদি। স্ত্রী ; নী।
পুরারিঃ—বি, পুং (পুর—অরি) শিব।
পুরাবিৎ(দ্)—বি-ণ (পুরা—বিদ + ক্বিপ্) যে পূর্ব্বকালের বৃত্তান্ত জানে।
পুরাবৃত্তম্—বি, ক্লী ; পূর্ব্ববৃত্তান্ত, ইতিহাস।
পুরী—বি, স্ত্রী (পুর—ঈপ্) নগরী। গৃহ। দেহ।
পুরীতৎ—বি, পুং ক্লী (পুরী—তন—কর্ত্তৃ+ ক্বিপ) অন্ত্র, আতড়ি।

পূরীষম্—বি, ক্লী (পৃ—কর্ত্তৃ—ঈষন্) বিষ্ঠা, মল।
পু(পূ)রু—বি, পুং ; (পৃ—কু) যযাতির কনিষ্ঠ পুত্র। দৈত্য বিং।
পুরুদংশাঃ(শস্)—বি, পুং (পুরু দৈত্য বিং—দন্‌শ—কর্ত্তৃ—অস্) ইন্দ্র।
পুরুষঃ—বি, পুং (পুর্—বস—ক) (পুর—শী—ত) নর। বিষ্ণু। ঈশ্বর। অশ্বাদির অবস্থান বিং, পশ্চাদ্বর্ত্তী পদদ্বয়ে ভর দিয়া অগ্রপদদ্বয়ের উত্তোলন।
পুরুষকারঃ—বি, পুং ; পুরুষত্ব, পৌরষ। উৎসাহ।
পুরুষত্বম্—ক্লী ; মনুষত্ব। পৌরুষ।
পুরুষদঘ্ন, পুরুদ্বয়স, পুরুষমাত্র—বি-ণ; পুরুষপ্রমাণ।
পুরুষপুঙ্গবঃ, পুরুষব্যাঘ্রঃ—
পুরুষশার্দূলঃ পুরুষ সিংহঃ—পু ; নরশ্রেষ্ঠ।
পুরুষব্যাঘ্রঃ—বি, পুং ; পুরুষ শ্রেষ্ঠ।
পুরুষসূক্তম্—বি, ক্লী ; বেদোক্ত ষোড়শ মন্ত্র বিং।
পুরুষায়ুষম্—বি, ক্লী (পুরুষ—আয়ুস্—অ) পুরুষের জীবনকাল, শতবর্ষ।
পুরুষার্থঃ—বি, পুং ; পুরুষের প্রয়োজন, ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ এই চতুর্ব্বর্গ। সুখ।
পুরুষোত্তমঃ—বি, পুং ; বিষ্ণু। পুরযশ্রেষ্ঠ।
পুরুহূতঃ—বি, পুং (পুরু—দৈত্য বিং যুদ্ধার্থ যৎকর্ত্তৃক আহূত হইয়াছে) ইন্দ্র।
পুরূরবাঃ(বস)—বি, পুং (পুরু—রু—কর্ম্ম—অস্) চন্দ্রবংশীয় নৃপতি বিং।
পুরোগ—(পুরস্—গম—কর্ত্তৃ—ড)
পুরোগামী(মিন্)—(পুরস্—গম—কর্ত্তৃ—ঘিণুন্) বি-ণ ; অগ্রগামী। প্রধান।
পুরোডাশ(শ)—বি, পুং (পুরস্—দাশ + ক্বিপ্) যজ্ঞীয় ঘৃত। যজ্ঞে পশুর শরীরাবয়ব পিষ্টক।
পুরোধাঃ(ধস্)—বি, পুং (পুরস্—ধা—কর্ম্ম—অস্) পুরোহিত।
পুরোভাগী(গিন্)—বি-ণ; (পুরস্—ভজ্—ঘিনুণ্) যে গুণ পরিত্যাগ করিয়া কেবল দোষ দেখে, দোষমাত্র-দর্শী।
পুরোবর্ত্তী(র্ত্তিন্)—বি-ণ (পুরস্—বৃ—কর্ত্তৃ—ণিন্) সম্মুখে স্থিত।
পুরোহিতঃ—বি, পুং (পুরস্—ধা—কর্ম্ম—ক্ত) শ্রাদ্ধ যজ্ঞাদি কারয়িতা।
পুলকঃ—বি, পুং ; (পুল্—কন্) রোমাঞ্চ। কপাটের গুল।
পুলকিত—বি-ণ ; (পুলক—ইত) রোমাঞ্চিত।
পুলস্ত্যঃ—(পুল—স্ত্যৈ—কর্ম্ম—ক)
পুলহঃ—(পুলহা—কর্ম্ম—ড) বিং, পুং ; সপ্তর্ষির অন্তর্গত ঋষি বিং।
পুলাকঃ—বি, পুং (পুল—অক—কর্ত্তৃ—অন্) ধানের আগড়া। এক গ্রাস অন্ন। ভক্তিসকৃথ। ক্ষিপ্র।
পুলায়িতম্—ক্লী ; (পুল্—ব্যচ্—ক্ত) অশ্বের গতি বিং।
পুলিনম্—বি, ক্লী ; (পুল—কর্ত্তৃ—ইন) তোয়াত্থিত বালুকাময় তট, চড়া। তীর।
পুলিন্দঃ—বি, পুং (পুল—কর্ত্তৃ—ইন্দ) উৎকল-পর্ব্বতবাসী ম্লেচ্ছ জাতি বিং।
পুলোমজা—বি, স্ত্রী (পুলোমন—ঋষি বিং—জন—কর্ত্তৃড—আপ্) ইন্দ্রাণী।
পুলোমন্—পুং ; দৈত্যবিশেষ।
পুষিত—বি-ণ (পুষ—কর্ম্ম—ক্ত) পালিত
পুষ্কম্—ক্লী (পুষ + ক) পুষ্ট, ত্রি. পুষ্কনযুক্ত।
পুষ্করম্—বি, ক্লী (পুষ—কর্ত্তৃ—করন্) পদ্ম। জল। আকাশ। তীর্থ বিং।
পুষ্করিণী—বি, স্ত্রী (পুষ্কর—ইন্) জলাশয় বিং। পদ্মিনী।
পুষ্কল—বি-ণ (পুষ—কর্ত্তৃ—কলন্) শ্রেষ্ঠ। অধিক। পরিপূর্ণ। ক্লী ; পশুরি। অষ্টকুঞ্চি পরিমাণ।
পুষ্ট—বি-ণ (পুষ—কর্ম্ম—ক্ত) পালিত। (কর্ত্তৃ—ক্ত) বৃদ্ধিযুক্ত।

পুষ্টতাড়িতম্—বি, ক্লী ; তাড়িতের বিয়োজন-শক্তি।
পুষ্টিঃ—বি, স্ত্রী (পুষ—ভাবে—ক্তি) পোষণ। বৃদ্ধি। (কর্ত্তৃ—তিক্) মাতৃকা বিং।
পুষ্পঃ—বি, ক্লী (পুষ্প—কর্ত্তৃ—অচ্) ফুল। স্ত্রীরজঃ। পিত্তল।
পুষ্পকম্—ক্লী (পুষ্প—কৈ + ক) কুবেরের বিমান রত্নকঙ্কন। লৌহ ও কাংস্য। মৃৎশকট।
পুষ্পকরণ্ডকঃ—বি, পুং ; ফুলের সাজি।
পুষ্পধন্বা(ন্বন্)—বি, পুং ; কন্দর্প।
পুষ্পপুরম্—বি, ক্লী ; পাটলিপুত্র।
পুষ্পরসঃ—বি, পুং ; ফুলের রস।
পুষ্পবৎ—পুং, (পুষ্প—মতুপ্) দ্বি ; চন্দ্রসূর্য্য।
পুষ্পবাটিকা—বি, স্ত্রী ; কুসুমোদ্যান।
পুষ্পাজীবঃ—বি, পুং (পুষ্প—আজীব) মালাকার। মালী।
পুষ্পাঞ্জলিঃ—বি, পুং ; এক অঞ্জলি পুষ্প।
পুষ্পিকা—বি, স্ত্রী ; অধ্যায়াদির শেষে গ্রন্থকারের নামোল্লেখাদি পূর্ব্বক সমাপ্তিসূচক বাক্য, ভনিতা। ঝিল্লী বিং।
পুষ্পিত—বি-ণ (পুষ্প—ইতচ্) প্রকাশিত। (পুষ্প—ইত) কুসুমিত। স্ত্রী ; তা—ঋতুমতী।
পুষ্পিতাগ্রা—বি, স্ত্রী ; অর্দ্ধসমবৃত্ত বিং।
পুষ্পেষুঃ—বি, পুং ; (পুষ্প—ইষু) কন্দর্প।
পুষ্যঃ—পুং (পুষ + যৎ) অষ্টম নক্ষত্র, পৌষমাস, কলিযুগ।
পুষ্যরথঃ—বি, পুং ; ক্রীড়ারথ।
পুষ্যলকঃ—বি, পুং ; (পুষ্—অল্—অচ্—ক) কস্তূরী মৃগ।
পুস্তম্, পুস্তকম্—বি, ক্লী; (পুস্ত—অচ্—কন্)
পুস্তিকা, পুস্তী—বি, স্ত্রী ; গ্রন্থ।
পুগঃ—বি, পুং (পু—করণ—গক্) সমূহ। গুবাকবৃক্ষ। ক্লী ; গুবাক।
পুগদৃত—বি-ণ ; সমূহীকৃত।
পূজক—বি-ণ (পূজ—কর্ত্তৃ—ণ্বুল) পূজাকারক।
পূজনম্—বি, ক্লী (পূজ—ভাবে—ল্যুট্) পূজা।
পূজনীয়—বি-ণ (পূজ—কর্ম্ম—অনীয়) পূজার যোগ্য, পূজ্য।
পূজা—বি, স্ত্রী (পূজ—ভাবে—অ—আপ্) অর্চ্চনা, আরধনা। প্রশংসা।
পূজার্হ—বি-ণ (পূজা—অর্হ—কর্ত্তৃ—অন্) পূজার যোগ্য।
পূজিত—বি-ণ (পূজ—কর্ম্ম—ক্ত) অর্চ্চিত। সেবিত। আদৃত। প্রশংসিত।
পূজ্য—বি-ণ (পূজ—কর্ম্ম—যৎ) পূজনীয়।
পূজ্যমান—বি-ণ (পূজ—কর্ম্ম—শানচ্) যাহাকে পূজা করা হইতেছে।
পূত—বি-ণ (পূ—কর্ম্ম—ক্ত) পবিত্র। পরিষ্কৃত (পূয়—কর্ত্তৃ—ক্ত) সুগন্ধযুক্ত।
পূতক্রতুঃ—বি, পুং ; ইন্দ্র।
পূতনা—বি, স্ত্রী (পূত—ণি—কর্ত্তৃ—অন—আপ্) বকাসুরের ভগিনী। বালক-মাতৃকা বিং। হরীতকী। রোগ বিং, পেঁচো পাওয়া।
পূতিঃ—বি, স্ত্রী (পূয়—ভাবে—ক্তি) দুর্গন্ধ। বি-ণ; দুর্গন্ধ (পূ—ভাবে—ক্তি) পবিত্রতা।
পূতিকম্—ক্লী (পুতি—কৈ ক) বিষ্ঠা।
পূতিগন্ধিঃ—বি, স্ত্রী (পূতি—গন্ধ—ই) দুর্গন্ধযুক্ত।
পূপঃ—বি, পুং (পূ—করণ—পক্) পিষ্টক, পিঠা।
পূয়ম্—বি, ক্লী (পূয়—কর্ত্তৃ—অচ্) বিকৃতরক্ত, পুঁজ।
পূরঃ—বি, পুং (পূর—করণ—ক) প্রবাহ। জলরশি। সমূহ। খাদ্য বিং, পুরী।
পূরক—বি-ণ (পূর—কর্ত্তৃ—ণ্বুল) যে পূর্ণ করে, পূর্ণকারক। পুং ; গুণক। ক্লী ; দশাশিও। স্ত্রী ; রিকা।
পূরণম্—বি, ক্লী (পূর—ভাবে—ল্যুট্) গুণন। বৃদ্ধি। পূর্ণ হওয়া বা করা (করণঅনট্) পড়েন সূতা, বাষ্পতন্তু।

পূরিত—বি-ণ (পূর—কর্ম্ম—ক্ত) গুণিত। পূর্ণ।

পুরুঃ—বি, পুং (পূর—কর্ত্তৃ—কু) যযাতির কনিষ্ঠ পুত্র।

পুরুষঃ—বি, পুং (পুর + উষন্) পুরুষ।

পূর্ণ—বি-ণ (পূর—কর্ম্ম—ক্ত) সম্পূর্ণ। সফল। সমর্থ।

পূর্ণকাম—বি-ণ; যাহার কামনা পূর্ণ হইয়াছে।

পূর্ণপাত্রম্—বি, ক্লী; পুত্রজন্মাদি উৎসবকালে দেয় বস্ত্রালঙ্কারাদি। তণ্ডুলপূর্ণপাত্র।

পূর্ণমাসঃ—বি, পুং; পূর্ণিমাতে কর্ত্তব্য যাগ বিং।

পূর্ণমাসী—বি, স্ত্রী; পূর্ণিমা তিথি।

পূর্ণিমা—বি, স্ত্রী (পূর্ণি—মা—কর্ত্তৃ—ড—আপ) শুক্লপক্ষের শেষ তিথি।

পূর্ত্তিঃ—স্ত্রী (পৃ + ণিঙ) পূর্ণিমা।

পূর্ত্তম্—বি, ক্লী (পৃ—ভাবে ক্ত) সাধারণের উপকারার্থে জলাশয়াদি খনন। পূরণ।

পূর্ত্তিঃ—বি, স্ত্রী (পূর—ভাবে ক্তি) পূরণ।

পূর্য্য—বিণ. (পৃ—ক্যপ) পূরণীয়

পূর্ব্ব—বি-ণ (পূর্ব্ব—কর্ত্তৃ—অচ্) প্রথম। জ্যেষ্ঠ। পুরাকালীন। পশ্চাদ্বর্ত্তী। ক্লী; কারণ। ইতিবৃত্ত। স্ত্রী; র্ব্বা—পূর্ব্বদিক্। এই শব্দে বর্গীয় বকারও হয়।

পূর্ব্বকায়ঃ—বি, পুং; নাভির উর্দ্ধদেহ।

পূর্ব্বতন—বি-ণ (পূর্ব্ব—ট্যন) পূর্ব্বকালীন। স্ত্রী; নী।

পূর্ব্বদেবঃ—বি, পুং; অসুর।

পূর্ব্বপক্ষঃ—বি, পুং; প্রশ্ন। অভিযোগ।

পূর্ব্বপর্ব্বতঃ—বি, পুং; উদয়াচল।

পূর্ব্বরঙ্গঃ—বি, পুং; নাট্যক্রিয়ার আরম্ভ, প্রস্তাবনা।

পূর্ব্বরাগঃ—বি, পুং; প্রথম অনুরাগ।

পূর্ব্বরাত্রঃ—বি, পুং (পূর্ব্ব—রাত্রি—অচ্) রাত্রির প্রথম ভাগ।

পূর্ব্বাহ্ণঃ—বি, পুং (পূবম—অহন্—অ) দিনের প্রথম ভাগ।

পূর্ব্বেদ্যুঃ(স্)—অব্য (পূর্ব্ব—এদ্যুস্) পূর্ব্বদিনে।

পূর্ব্বোক্ত—বিণ (পূর্ব্ব—উক্ত) প্রথম কথিত।

পূলঃ—বি, পুং; (পূল + ঘঞ্) তৃণাদির স্তূপ।

পূলিকা, পূলী—বি, স্ত্রী; পুলী, পিঠা।

পূষা(ষন্)—বি, পুং (পূষ—কর্ত্তৃ—কন্) সূর্য্য।

পৃক্ত—বিণ (পৃচ—কর্ত্তৃ—ক্ত) মিশ্রিত। সংলগ্ন। যুক্ত। সম্পর্কবিশিষ্ট।

পৃচ্ছা—বি, স্ত্রী (প্রচ্ছ—ভাবে—অঙ—আপ) প্রশ্ন, জিজ্ঞাসা।

পৃতনা—বি, স্ত্রী (পৃ—কর্ত্তৃ—তন) সেনা। সৈন্যসংখ্যা বিং, যথা—২৪৩ হস্তী, ২৪৩ রথ, ৭২৯ অশ্ব, ১২১৫ পদাতি।

পৃথক—ব্য (পৃথ—কর্ম্ম—কক্) ভিন্ন। ইতর। নীচ।

পৃথগজনঃ—বি, পুং; মূর্খ। নীচ।

পৃথা—বি, স্ত্রী (প্রথ—কর্ত্তৃ—অন্—আপ) কুন্তী।

পৃথিবী—বি, স্ত্রী (প্রথ—কর্ত্তৃ—ষিবন্—ঈপ্) ভূমি।

পৃথিবীপতিঃ } —
পৃথিবীপালঃ } —বি, পুং; রাজা।

পৃথুঃ—বি, পুং (প্রথ—কর্ত্তৃ—কু) বেণরাজার পুত্র। বিণ; স্থূল। বিস্তৃত। মহৎ।

পৃথুকঃ—বি, পুং (পৃথু—কৈ—কর্ত্তৃ—ড) শিশু। পুং, ক্লী; চিপিটক।

পৃথুরোমন্—পুং, মৎস্য।

পৃথুল—বিণ, (পৃথু—লচ্) স্থূল।

পৃথুলা—বি.স্ত্রী, হিঙ্গুপত্রী।

পৃথ্বী—বি, স্ত্রী (পৃথু—ঈপ্) পৃথুরাজের কন্যা। ভূমি।

পৃশ্নিঃ—বি, স্ত্রী; (স্পৃশ্—নি) পৃথিবী। রত্ন। জলের পানা, কুম্ভিকা। দুর্বলাহিযুক্ত। খর্ব। বসুদেব পত্নী।

পৃষৎ } —বি, ক্লী; (পৃষ—অতি)।
পৃষত } —বি, পুং; জলাদির বিন্দু।

পৃষতাশ্বঃ } — (পৃষত—অশ্ব)
পৃষদশ্বঃ } —বি, পুং (জলবিন্দুর অশ্ব অর্থাৎ বাহন) বায়ু।

পৃষৎকঃ—বি, পুং; (পৃষৎ—কন্) বাণ। শর।

পৃষদাজ্যম্—বি, ক্লী; সদধিঘৃত।

পৃষোদর—বিণ (পৃষৎ—উদর—নি) যাহার উদরে মণ্ডলাকার চিহ্ন আছে। স্বল্পোদর, পু, বায়ু।

পৃষ্ট—বিণ (প্রছ—কর্ম্ম—ক্ত) যাহাকে বা যাহা জিজ্ঞাসা করা হইয়াছে, জিজ্ঞাসিত।

পৃষ্ঠম্—বি, ক্লী (পৃষ—কর্ম্ম—থক্) পশ্চাদ্ ভাগ। পত্রাদির একপিঠ।

পৃষ্ঠতঃ (স)—ব্য; পশ্চাদ্ভাগে।

পৃষ্ঠবংশঃ—বি, পুং; পিঠের মূল অস্থি। শিরদাঁড়া।

পৃষ্ঠ্যঃ—বি, পু, (পৃষ্ঠ + যৎ) পৃষ্ঠে ভারবাহী অশ্ব। স্তোত্রসমূহ।

পেচকঃ—বি, পুং (পচ—কর্ত্তৃ—বন্) পেঁচা।

পেজুষঃ—বি, পুং, কানের ময়লা।

পেটঃ—বি, পু, (পিট + অণ্) প্রহস্ত।

পেটকঃ } —বি, পুং, ক্লী; (পিট্—ণ্বুল্)
পেটিকা } —বি, স্ত্রী; পেটরা ঝাঁপি প্রভৃতি।

পেয়—বিণ (পা—কর্ম্ম—যৎ) পানযোগ্য। বি, ক্লী; জল।

পেয়ুঃ—বি, পুং; সমুদ্র, অগ্নি, সূর্য্য।

পেযুষঃ (যূষম্)—বি, পুং, ক্লী, (পীয়—ঊষন্) অমৃত, সাতদিনের মধ্যে প্রসূতা গাভীর দুগ্ধ। (সপ্তরাত্রপ্রসূতায়াঃ ক্ষীরংপেযূষমুচ্যতে)।

পেলম্—বি, ক্লী (পেল—কর্ত্তৃ—অচ্) অণ্ডকোষ। মুষ্ক।

পেলব—বিণ (পেল—বা—ক) কোমল। কৃশ। সূক্ষ্ম। ভঙ্গুর। লঘু।

পেশঃ—পুং (পিশ + অচ্) রূপ। বিন্যাস।

পেশল } —
পেষল } —
পেসল } —বিণ (পিশ(ষ)(স)—কর্ত্তৃ—অলচ্) সুন্দর। কোমল। নিপুণ। চতুর। ধূর্ত্ত।

পেশিঃ (শী)—বি, স্ত্রী (পিশ—কর্ত্তৃ—ই) মাংসপিণ্ড। ডিম্ব। খড়্গাদির খাপ। পিশাচী। সুপক্ব মুকুল।

পেষণম্—বি, ক্লী, (পিষ—ভাবে—ল্যুট্) গুঁড়া করা, চূর্ণন। (অধি—অনট্) পেষণপাত্র।

পেষণী—বি, স্ত্রী (পিষ—করণ—ল্যুট্—ঈপ্) যাহার দ্বারা পেষণ করা হয়, শিল-নোড়া প্রভৃতি।

পৈঠর—বিণ (পিঠর—অণ্) স্থালীপক্ব মাংসাদি।

পৈঠীনসিঃ—বি, পুং; ধর্মশাস্ত্র প্রণেতা মুনি বিং।

পৈতামহ—বিণ (পিতামহ—অণ্) পিতামহ সম্বন্ধীয়।

পৈতৃক—বিণ (পিতৃ—ঠঞ্) পিতা হইতে প্রাপ্ত; পিতৃসম্বন্ধীয়।

পৈতৃস্বস্রীয়ঃ—(পিতৃস্বসৃ—ছন্)

পৈতৃস্বসেয়ঃ—(পিতৃস্বসৃ—চক্) বি, পুং;

পৈতৃস্বস্রেয়ঃ—পিসির পুত্র, পিসতুত ভাই। স্ত্রী; যা—পিসতুত ভগিনী।

পৈত্তিক—বিণ (পিত্ত—ঠঞ্) পিত্তপ্রধান।

পৈত্র—বিণ (পিতৃ—অন্) পিতৃসম্বন্ধীয়। ক্লী; তজ্জনী ও অঙ্গুষ্ঠের মধ্যভাগ।

পৈত্র্য } —(পিতৃ—ষ্যঞ্)
পৈত্রিক } —(পিতৃ—ঠঞ্) বিণ; পিতৃ-সম্বন্ধীয়।

পৈশাচ—বিণ (পিশাচ—অণ্) পিশাচসম্বন্ধীয়। বি, পুং; বিবাহ বিং, ছলপূর্ব্বক কন্যাগ্রহণ।

পৈশুন্যম্—বি, ক্লী (পিশুন—ষ্যঞ্) খলতা।

পৈষ্টী—বি, স্ত্রী (পিষ্ট—ষ্ণ—ঈপ্) পিষ্টজাত সুরা, ধেনোমদ।

পোগণ্ড—বি, পুং (অপ—গম—ড) (পৌ—গণ্ড) পঞ্চম অবধি দশমবর্ষীয় শিশু। বিণ; বিকলাঙ্গ।

পোটঃ—পু, (পুট + ঘঞ্) আলিঙ্গন, গৃহভূমি।

পোটা—বি, স্ত্রী; শ্মশ্রুমতী স্ত্রী।

পোতঃ—বি, পুং (পূ—কর্ত্তৃ—তন) শিশু। নৌকাদি। জলযান। গৃহতল, পোঁতা। স্ত্রী, তী।

পোতনায়কঃ—বি, পুং; জাহাজাদির কাপ্তেন, পোতাধ্যক্ষ।

পোতবণিক্(জ)—বি, পুং; জলপথে বাণিজ্যকারী।

পোতবাহঃ—বি, পুং (পোত—বহ—কর্ত্তৃ—অণ্) নাবিক, মাঝি।

পোতাশ্রয়ঃ—বি, পুং; জাহাজ রাখিবার স্থান।

পোতা(তৃ)—বি, পুং (পূ—কর্ত্তৃ—তৃচ্) যাজ্ঞিক বিং।

পোত্রম্—বি, ক্লী (পূ—করণ—ত্র) শূকরের মুখাগ্র। হলমুখ। বজ্র।

পোত্রী(ত্রিন্)—বি, পুং (পোত্র—ইনি) শূকর।

পোষণম্—বি, ক্লী (পুষ—ভাবে—ল্যুট্) পালন। বর্দ্ধন। ধারণ।

পোষ্য—বিণ (পুষ—কর্ম্ম—ণ্যৎ) প্রতিপালনীয়। ভৃত্য। স্ত্রী; য্যা।

পৌণ্ড্রঃ—বি, পুং (পুণ্ড্র—অণ্) পুণ্ড্রদেশ। তদ্দেশীয় লোক। ভীমের শঙ্খ।

পৌণ্ড্রবর্দ্ধনঃ—বি, পুং; দেশ বিং বিহার।

পৌত্তলিক—বিণ (পুত্তলি—ঠঞ্) প্রতিমা পূজক।

পৌত্রঃ—বি, পুং (পুত্র—অণ্) পুত্রের পুত্র। কন্যা বুঝাইলে পৌত্রী।

পৌনঃপুনিক—বিণ (পুনঃ পূনর্—ষ্ণিক) যাহা একরূপে পুনঃ পুনঃ উৎপন্ন হয়।

পৌনঃপুন্য—বি, ক্লী (পুনঃপুনর্—ঠঞ্) বারংবার।

পৌন্যরুক্ত(ক্ত্য)—বি, ক্লী (পুনরুক্ত—অণ্, ষ্যঞ্) পুনর্ব্বার বলা।

পৌনর্ভবঃ—বি, পুং (পুনর্ভূ—ষ্ণ) দুইবার বিবাহিত স্ত্রীর গর্ভজাত পুত্র।

পৌরঃ—বি, পুং (পুর—অণ্) নগরবাসী। বিণ. নগর সম্বন্ধীয়।

পৌরব—বিণ (পুরু—অণ্) পুরুবংশীয়।

পৌরস্ত্য—বিণ (পুরস্—ত্যক) পূর্ব্বদেশীয়।

পৌরাণিকঃ—বি, পুং (পুরাণ—ঠিক) পুরাণজ্ঞ পণ্ডিত। বিণ; পুরাণ সম্বন্ধীয়।

পৌরুষম্—বি, ক্লী (পুরুষ—অণ্) পুরুষত্ব। পরাক্রম। তেজঃ। সাহস। উদ্যম।

পৌরুষেয়—বিণ (পুরুষ—ঠঞ্) মনুষ্যকৃত।

পৌরোগবঃ—বি, পুং (পুরস্—গো—অণ্) পাকশালাধ্যক্ষ।

পৌরোহিত্যম্—বি, ক্লী (পুরোহিত—ষ্যঞ্) পুরোহিতের কর্ম্ম।

পৌর্ণমাসঃ—বি, পুং (পৌর্ণমাসী—অণ্) পূর্ণিমাতে কর্ত্তব্য যাগ।

পৌর্ণমাসী—বি, স্ত্রী (পূর্ণমাস—ষ্ণ—ঈপ্) পূর্ণিমা তিথি।

পৌর্ব্বাপর্য্যম্—বি, ক্লী (পূর্ব্বাপর—ষ্যঞ্) পরপর হওয়া, অনুক্রম। কারণ। ফল।

পৌলস্ত্যঃ—বি, পুং (পুলস্তি—ষঞ্) পুলস্ত্য মুনির সন্তান—কুবের, রাবণ, কুম্ভকর্ণ, বিভীষণ।

পৌলমী—বি, স্ত্রী (পুলোমন্—অণ্—ঈপ্) শচী, ইন্দ্রাণী।

পৌষঃ—বি, পুং (পৌষী—অণ্) মাস বিং।

পৌষী—বি, স্ত্রী (পুষ্য—অণ্—ঈপ্) পৌষমাসের পূর্ণিমা।

পৌষ্পী—বি, স্ত্রী (পুষ্প—অণ্—ঈপ্) পাটলিপুত্র, পাটনা নগর।

প্র—অব্য, (প্রথ + ড) গতি, আরম্ভ্র উৎকর্ষ, সর্ব্বতোভাব, খ্যাতি প্রভৃতি।

প্রকট—বিণ (প্র—কট—কর্ত্তৃ—অন্) ব্যক্ত। স্পষ্ট।

প্রকটিত—বিণ (প্র—কট—কর্ম্ম—ক্ত) প্রকাশিত। বিস্তারিত।

প্রকরঃ—বি, পুং (প্র—কৃ—কর্ম্ম—অপ্) সমূহ। পুষ্পাদির গুচ্ছ। সাহায্য। অধিকার। (অধি—অল্) চত্বরভূমি।

প্রকরণম্—বি, ক্লী (প্র—কৃ—ল্যুট্) প্রস্তাব। প্রকার। গ্রন্থের অংশ।

প্রকরী—স্ত্রী, নাট্যাঙ্গবিশেষ।

প্রকর্ষঃ—বি, পুং, (প্র—কৃষ + ঘঞ্) উৎকর্ষ। আধিক্য।

প্রকাণ্ড—বি, পুং, ক্লী; বৃক্ষের অংশ বিং, মূল হইতে শাখা মূল পর্য্যন্ত, গুঁড়ি। বিণ; প্রশস্ত। বৃহৎ।

{ প্রকাম—বিণ; (প্র + কাম)
{ প্রকামম্—অব্য; পর্য্যাপ্ত, যথেষ্ট।

প্রকারঃ—বি, পুং; (প্র—কৃ—ঘঞ্) প্রভেদ। সাদৃশ্য, রকম। রীতি।

প্রকাশ ঃ—বি, পুং (প্র-কাশ-ভাবে-অল) দীপ্তি। আলোক। প্রচার। প্রসিদ্ধি। প্রসন্ন।

প্রকাশক—বি-ণ (প্র—কাশ—কর্ত্তৃ—ণক) যে প্রকাশ করে।

প্রকাশিত—বি-ণ (প্র—কাশ—কর্ত্তৃ—ক্ত প্রস্ফুটিত। (ণিচ্—কর্ম্ম—ক্ত) শোভিত। উদ্ভাবিত। প্রচারিত

প্রকাশ্য—বি-ণ (প্র-কাশ—ণিচ—কর্ম্ম—য) প্রকাশ করিবার যোগ্য।

প্রকীর্ণ—বি-ণ (প্র—কৃ—কর্ম্ম—ক্ত) যাহা ছড়ান হইয়াছে, বিক্ষিপ্ত। প্রসারিত। মিশ্রিত। উচ্ছৃঙ্খল, উন্মার্গপ্রস্থিত।

প্রকীর্ণক-বি, ক্লী (প্রকীর্ণ-কণ্) চামর। বিস্তার। গ্রন্থপরিচ্ছেদ। পুং; অশ্ব। পাপ বিং।

প্রকৃত—বিণ (প্র—কৃ—কর্ম্ম—ক্ত) নির্ম্মিত। প্রস্তাবিত। অধিকৃত। অরদ্ধ। যথার্থ।

প্রকৃতিঃ—বি, স্ত্রী (প্র—কৃ—করণ—ক্তি) ত্রিগুণাত্মক জগতের মূলকারণ, প্রধান। স্বভাব। অবিদ্যা। স্বামী, অমাত্য, সুহৃৎ, কোষ, রাষ্ট্র, দুর্গ, বল এই সপ্তবিধ রাজ্যাঙ্গ। স্ত্রী। শক্তি পঞ্চভূত। জীবাত্মা। ব্যাকরণে—শব্দ ও ধাতু।

প্রকৃতিস্থ—বিণ (প্রকৃতি—স্থা—কর্ত্তৃ—ড) স্বীয় ভাবাপন্ন।

প্রকৃষ্ট—বি-ণ (প্র—কৃষ—কর্ম্ম—ক্ত) শ্রেষ্ঠ, প্রশস্ত।

প্রকৃপ্ত—বি-ণ (প্র—কৃপ—কর্ম্ম—ক্ত) রচিত। সম্ভৃত।

প্রকোপনম্—বি ক্লী (প্র—কুপ-ণিচ্+ল্যুট্) রাগান। বর্দ্ধন, অগ্ন্যাদি উস্কান।

প্রকোষ্ঠঃ—বি পুং (প্র—কুষ—থন্) কনুয়ের অধোভাগ হইতে মণিবন্ধ পর্য্যন্ত বাহুভাগ, দ্বারের পার্শ্বগৃহ। মহল।

প্রক্রমঃ—বি, পু—— আরম্ভ। গমন।

প্রক্রান্ত—বিণঃ——আরব্ধ। গত।

প্রক্রিয়া—বি, স্ত্রী; প্রকরণ। অনুষ্ঠান। প্রয়োগ।

{ প্রক্বণঃ—(প্র—কণ—অল্)
{ প্রক্বাণঃ—(প্র—ক্বণ ঘঞ্) বি, পুং; বীণার ধ্বনি।

প্রক্ষালনম্—ক্লী (প্র-ক্ষল-ল্যুট) ধৌতকরণ।

প্রক্ষালিত—বি-ণ (প্র—ক্ষল—কর্ম্ম—ক্ত) ধৌত, পরিষ্কৃত।

প্রক্ষিপ্ত—বি-ণ; প্র—ক্ষিপ্ + ক্ত) নিক্ষিপ্ত। অন্তর্নির্বেশিত।

প্রক্ষেপঃ—বি, পুং; (প্র—ক্ষিপ্ + ঘঞ্) বিন্যাস। বিক্ষেপ

প্রক্ষেড়নঃ—বি, পুং (প্র—ক্ষিড়—কর্ম্ম—অন্) লৌহময় বাণ, নারাচ অস্ত্র।

প্রখ্য—বি-ণ; (প্র—খ্যা + ক) তুল্য, সদৃশ।

প্রগণ্ড ঃ—বি, পুং; (প্র—গড় + অচ্) কনুই হইতে স্কন্ধ পর্য্যন্ত বাহুভাগ।

প্রগণ্ডী—বি, স্ত্রী; দুর্গ ভিত্তি, যেখানে বীরগণ উপবেশন করিয়া থাকে। শিবির।

প্রগল্‌ভ—বি-ণ (প্র—গল্‌ভ—কর্ত্তৃ—অন্) উদ্ধত, নির্লজ্জ, প্রতুৎপন্নমতি। সাহসী। বি, পুং; গর্ব

প্রগল্‌ভতা—বি, স্ত্রী; ঔদ্ধত্য। নির্লজ্জতা। সাহস। প্রতিভা, প্রত্যুৎপন্নমতিত্ব।

প্রগাঢ়—বি-ণ; অধিক। নিবিড়। দৃঢ়। গভীর।

প্রগুণ—বিণ; প্রশস্তগুণযুক্ত। সরল। অনুকুল। দক্ষ।

প্রগে—অব্য; প্রত্যূষে।

{ প্রগ্রহঃ—
{ প্রগ্রাহঃ—বি, পু; অশ্বাদির লাগাম। রজ্জু। কিরণ। বাহু। গ্রহণ। বন্ধন। যাহাকে বন্ধন করা হয়, বন্দী।

প্রঘনঃ, প্রঘাণঃ—বি, পুং (প্র—হন—কর্ম্ম—অল) বাধান উধান, অলিন্দ। বহির্দ্বার প্রকোষ্ঠ, গাড়ীবারান্দা।

প্রচণ্ড—বি-ণ; অতিকোপন। প্রবল, ভয়ানক। দুঃসহ প্রতাপশালী।

প্রচয়ঃ— বি, পুং; রাশি, সমূহ ।

প্রচরঃ— পু, (প্র—চর + অপ্) পথ, প্রসিদ্ধি।

প্রচলনম্— বি, ক্লী (প্র—চল + ল্যুট্) প্রচার, ব্যবহার।

প্রচলকঃ— বি, পুং (প্র—চল—কর্ত্তৃ—আক) ময়ূরপুচ্ছ । সর্পফণা ।

প্রচারঃ— বি, পুং (প্র—চর্—ঘঞ্) চলন। প্রসিদ্ধি। প্রকাশ।

প্রচারক— বি-ণ (প্র—চর—ণিচ্ কর্ত্তৃ—ণক) যে প্রচার করে। স্ত্রী রিকা।

প্রচারিত— বি-ণ (প্র—চর—ণিচ্—ক্ত) যাহার প্রচার করা হইয়াছে, প্রকাশিত।

প্রচুর— বি-ণ (প্র—চুর—কর্ত্তৃ—ক) অনেক, প্রভূত ।

প্রচেতাঃ (তস)—বি পুং; বরুণ । বি-ণ; যাহার চিত্ত উন্নত।

প্রচেয়— বি-ণ (প্র—চি—কর্ম্ম—য) বর্দ্ধিত করিবার যোগ্য, বর্দ্ধনীয়। চয়নীয়। গ্রহণের যোগ্য, গ্রাহ্য।

প্রচোদিত—বি-ণ (প্র—চুদ—ণিচ্—কর্ম্ম—ক্ত) প্রেরিত, প্রণোদিত। নিয়োজিত।

প্রচ্ছদঃ—বি, পুং (প্র—ছদ—ণিচ্—করণ—ঘ) আবরণ বস্ত্র। বিছানার চাদর, আস্তরণ-বস্ত্র।

প্রচ্ছর্দিকা - স্ত্রী (প্র-ছর্দ + ণ্বল + টাপ) বমনরোগ

প্রচ্ছন্ন— বি-ণ (প্র—ছদ্—কর্ম্ম—ক্ত) গুপ্ত। আচ্ছাদিত।

প্রচ্ছাদনম্—বি, ক্লী (প্র—ছদ—ণিচ্—ভাবে—ল্যুট্) উত্তরীয়বস্ত্র।

প্রচ্ছায়ম্— বি, ক্লী প্রকৃষ্ট ছায়া।

প্রজনঃ— বি, পুং (প্র—জন—ণিচ্ ভাবে—অল্) গবাদির গর্ভ গ্রহণ করান, পাল দেওয়ান।

প্রজঃ— পু,(প্র-জন্-ড) পতি, স্বামী।

প্রজা—বি, স্ত্রী (প্র—জন—কর্ত্তৃ—ড—আপ্) সন্তান। অধীনস্থ লোক।

প্রজাতন্ত্রম্—বি, ক্লী; যে রাজ্যের শাসন কার্য্য প্রজাদের হস্তগত।

প্রজাপতিঃ— বি, পুং; ব্রহ্মা। মরীচি, অত্রি অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, দক্ষ, বশিষ্ঠ, ভৃগু, নারদ এই দশ জন প্রজাসৃষ্টিকর্ত্তা। বিশ্বকর্ম্মা। স্বনামখ্যাত কীট বিং।

প্রজাপালঃ— পু, রাজা। প্রজাপতি।

প্রজাবতী—বি, স্ত্রী (প্রজা—বতু—ঈপ্) ভ্রাতার পত্নী। সন্তানবতী।

প্রজুষ্ট— বি-ণ (প্র—জুষ্ + ক্ত) আসক্ত। প্রবৃত্ত। প্রজেশঃ,প্রজেশ্বরঃ—পুং রাজা।

প্রজ্ঞ— বি-ণ (প্র—জ্ঞা—কর্ত্তৃ—ড) জ্ঞানী।

প্রজ্ঞা—বি, স্ত্রী (প্র—জ্ঞা—ভাবে—অঙআপ্) বুদ্ধি, জ্ঞান।

প্রজ্ঞানম্— বি, ক্লী; বুদ্ধি। চিহ্ন সঙ্কেত।

প্রজ্ঞাবাদঃ—পু, পণ্ডিতগণের বচন।

প্রজ্বলিত— বি-ণ; যাহা জ্বলিয়া উঠিয়াছে।

প্রজ্বালিত— বি-ণ (প্রকৃষ্ট—জ্বালিত, প্রাদি সমাস) যাহা জ্বালান হইয়াছে।

প্রডীনম্—ক্লী পক্ষীর গতিবিশেষ।

প্রণত— বি-ণ; নম্র। কৃতপ্রণাম। বক্র।

প্রণতিঃ—বি, স্ত্রী; প্রণাম। নম্রতা

প্রণয়ঃ—বি, পুং (প্র—নী—ভাবে—অল্) প্রীতি, ভালবাসা। বিশ্বাস। শ্রদ্ধা। প্রার্থনা। পরিচয়।

প্রণয়নম্— বি, ক্লী (প্র—নী—ভাবে—ল্যুট্) নির্ম্মাণ। রচনা।

প্রণয়ী—(য়িন—বি-ণ (প্রণয়—ইন্) অনুরক্ত, প্রেমাস্পদ। স্ত্রী; য়িনী।

প্রণবঃ— বি, পুং (প্র—নু—করণ—অল্) ওঁকার । পরমেশ্বর।

প্রণাদঃ— বি, (প্র—নদ + ঘঞ্) তারস্বর। মহাধ্বনি। কর্ণরোগ বিং।

প্রণামঃ— বি, পুং (প্র—নম—ঘঞ্) ভক্তি ও শ্রদ্ধাতিশয় হেতু নমস্কার, প্রণিপাত

প্রণায্য— বিণ (প্র—নী + ণ্যৎ) প্রিয়, প্রীতির যোগ্য, বিরক্ত, সাধু, চোর।

প্রণালঃ— পু, (প্র-নল-ঘঞ্) জলনির্গমপথ

প্রণালী— বি, স্ত্রী (প্র—নল—ঙীষ্—ঘঞ্) জল নিঃসরণের পথ, নর্দ্দমা । দুই বৃহৎ জলভাগের সংযোগকারী সঙ্কীর্ণ জলভাগ। রীতি, ধারা। দ্বার। শ্রেণী।

প্রণাশঃ—পু (প্র—নশ + ঘঞ্) মৃত্যু। পলায়ন।

প্রণিধানম্—বি, ক্লী (প্র—নি—ধা—ল্যুট্) চিত্তের একাগ্রতা, ধ্যান। মনোনিবেশ। যত্ন। অর্পণ।

প্রণিধিঃ—বি, পুং (প্র—নি—ধা—কর্ম্ম—কি) চর, দূত। (ভাবে—কি) প্রার্থনা।

প্রণিপাতঃ—বি, পুং (প্র—নি—পত—ঘঞ্) প্রণাম।

প্রণিহিত— বি-ণ (প্র—নি—ধা—ক্ত) অর্পিত। সমাধিস্থ। স্থিরীকৃত। প্রসারিত।

প্রণীত—বি-ণ (প্র—নী—কর্ম্ম—ক্ত) রচিত, নির্ম্মিত। প্রবেশিত। বি, পুং; যন্ত্রাদি দ্বারা সংস্কৃত অগ্নি।

প্রণীতা—বি, স্ত্রী; যজ্ঞপাত্র বিং।

প্রণুন্ন—বি-ণ, (প্র—নুদ্ + ক্ত) কম্পিত। প্রেরিত।

প্রণেতা (তৃ)—বি-ণ (প্র—নী—কর্ত্তৃ—তৃন্) রচনাকারী। স্ত্রী; প্রণেত্রী।

প্রণেয়—বি-ণ (প্র—নী + যৎ) বশ্য। প্রাপণীয়।

প্রণোদিত—বি-ণ (প্র—নুদ—ণিচ্ কর্ম্ম—ক্ত) প্রেরিত। নিয়োজিত।

প্রততিঃ—স্ত্রী (প্র—তল + ক্তিন্) বিস্তার। লতা।

প্রতন—বি-ণ (প্র—ষ্টন) পুরাতন। স্ত্রী; নী।

প্রতল —বি, ক্লী; পাতাল বিং। পুং বিস্তৃত অঙ্গুলিযুক্ত হস্ত।

প্রতানঃ—বি, পুং (প্র—তন—ঘঞ্) বিস্তার। লতার তন্তু, আস।

প্রতানিনী—বি, স্ত্রী (প্রতান-ইন্—ঈপ্) লতা।

প্রতাপঃ—বি, পুং (প্র—তপ—ঘঞ্) ধনসৈন্যাদি জনিত তেজ প্রভাব। উষ্ণতা, সন্তাপ।

প্রতাপনম্—পু (প্র—তপ্ + ণিচ্ + ল্যুট্) বিষ্ণু। নরকবিং। ত্রি-তাপক। পীড়ক।

প্রতারক—বি-ণ (প্র—তৃ—ণিচ্—কর্ত্তৃ—ণক) বঞ্চক, ধূর্ত্ত।

প্রতারণা—বি, স্ত্রী (প্র—তৃ—ণিচ্—ভাবে—অন-আপ্) ঠকান, বঞ্চনা।

প্রতারিত—বি-ণ (প্র—তৃ—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহাকে ঠকান হইয়াছে, বঞ্চিত।

প্রতি—অব্য; প্রতিনিধি। চিহ্ন। প্রতিদান ভাগ। সাদৃশ্য। নিশ্চয় ইত্যাদি।

প্রতিকর্ম্ম (ন)—বি, ক্লী; বেশভূষাকরণ প্রসাধন।

প্রতিকশঃ—পু. (প্রতি—কশ + অচ্) সহায়। বার্তাহর।

প্রতিকায়ঃ—বি, পুং; (প্রতি-চি + ঘঞ্) শত্রু। লক্ষ্য।

প্রতি (তী) কারঃ—বি, পুং (প্রতি—কৃ—ঘঞ্) নিবারণোপায়। বৈরনর্যাতন। উপশম।

প্রতি (তী) কাশ—বি-ণ (প্রতি—কশ্ + ঘঞ্) সদৃশ।

প্রতিকূল—বি-ণ; বিপক্ষ। বিরুদ্ধ। স্ত্রী; লা।

প্রতিকৃতিঃ—বি, স্ত্রী (প্রতি = সদৃশ—কৃ—করণ—ক্তি) প্রতিমূর্ত্তি, চেহারা। সাদৃশ্য। প্রতিনিধি।

প্রতিকৃষ্ট—বি-ণ, ত্রি (প্রতি—কৃষ + ক্ত) নিকৃষ্ট, দুইবার কৃষ্টক্ষেত্র।

প্রতিক্রিয়া—বি, স্ত্রী; প্রতীকার।

প্রতিক্ষণম্—অব্য, ক্লী; ক্ষণে ক্ষণে।

প্রতিক্ষিপ্ত—বি-ণ; নিষিদ্ধ। তিরস্কৃত। বাধিত। প্রেরিত।

প্রতিগর্জ্জনম্—বি, ক্লী; প্রতিকূলে গর্জ্জন।

প্রতিগৃহীত—বি-ণ; স্বীকৃত।

প্রতিগ্রহঃ—বি, পুং (প্রতি—গ্রহ—ভাবে—অল্) স্বীকার গ্রহণ। (কর্ম্ম—অল্) দেয়বস্তু। প্রতিকূলগ্রহ।

প্রতিগ্রাহিত—বি-ণ (প্রতি—গ্রহ—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহাকে বা যাহা স্বীকার করান হয়েছে, স্বীকারিত।

প্রতিঘঃ—বি, পুং (প্রতি—হন—করণ—ড) ক্রোধ। প্রতিবন্ধ। প্রতিকূল।

প্রতি (তী) ঘাত—বি, পুং; আঘাতপ্রাপ্ত হইয়া আহতবস্তু পুনর্বার যে আঘাত করে, টক্কর। আঘাত। প্রতিবন্ধ। নিরাস। বিরোধ।

প্রতিচ্ছন্দকঃ—বি, পুং;
প্রতিচ্ছন্দঃ (স)—বি, ক্লী; প্রতিকৃতি। বি-ণ; অভিপ্রায়ানুরূপ। প্রতিরূপ।

প্রতিচ্ছন্ন—বি-ণ; প্রতিনিধি। আচ্ছন্ন।

প্রতিচ্ছায়া—বি, স্ত্রী; প্রতিমূর্তি। সাদৃশ্য।

প্রতিজাগরঃ—বি, পুং; প্রত্যবেক্ষণ। সতর্কতা। রক্ষার্থ বিনিয়োগ।

প্রতিজিহ্বা—স্ত্রী, আলজিভ।

প্রতিজ্ঞা—বি, স্ত্রী (প্রতি—জ্ঞা + অঙ্ + টাপ্) কর্ত্তব্যরূপে অবধারণ, অঙ্গীকার।

প্রতিজ্ঞাত—বি-ণ (প্রতি—জ্ঞা—কর্ম্ম—ক্ত) যাহা অঙ্গীকার করা গিয়াছে, অঙ্গীকৃত।

প্রতিদানম্—বি, ক্লী; পরিবর্ত্ত, বদল। গচ্ছিত বস্তুর প্রত্যর্পণ।

প্রতিদিনম্—অব্য-ক্লী; প্রত্যহ, দিনে দিনে।

প্রতিদ্বন্দ্বী (ন্দ্বিন্)—বি-ণ; তুল্যবল, সমকক্ষ। শত্রু। স্ত্রী; ন্দ্বিনী।

প্রতিধ্বনিঃ—বি, পুং; এক শব্দের আঘাত লাগিলে অপর যে শব্দ হয়, প্রতিশব্দ।

প্রতিধ্বনিত—(প্রতিধ্বনি—ইত)

প্রতিধ্মাত—(প্রতি—ধ্ম—কর্ম্ম—ক্ত) বি-ণ; যাহার প্রতিধ্বনি হইয়াছে, প্রতিরূপ। তুল্য।

প্রতিনব—ত্রি. নূতন।

প্রতিনিবৃত্ত—বি-ণ; প্রত্যাগত, পরাঙ্মুখ।

প্রতিনিশম্—ক্লী অব্য; প্রতিরাত্রিতে।

প্রতিপক্ষঃ—বি-ণ, পুং বিপক্ষ, শত্রু।

প্রতিপত্তিঃ—বি, স্ত্রী (প্রতি—পদ—ক্তি) সুখ্যাতি, গৌরব। জ্ঞান। নিশ্চয়। অঙ্গীকার। প্রাপ্তি। উপায় ব্যবস্থা। অভিযোগ।

প্রতিপদ—বি, স্ত্রী; তিথি বিং।

প্রতিপদম্—অব্য, বি, ক্লী; পদে পদে।

প্রতিপন্ন—বি-ণ (প্রতি—পদ—কর্ম্ম—ক্ত) সম্মানিত। প্রমাণসিদ্ধ। জ্ঞাত। অবধারিত। প্রাপ্ত। অঙ্গীকৃত।

প্রতিপাদনম্—বি, ক্লী (প্রতি—পদ—ণিচ্—ভাবে—ল্যুট্) দান। সম্পাদন। বুঝাইয়া দেওয়া, বোধন।

প্রতিপাদিত—বি-ণ (প্রতি—পদ—ণিচ্—কর্ম্ম—ক্ত) দত্ত। সম্পাদিত। বোধিত।

প্রতিপাদ্য—বি-ণ (প্রতি—পদ—ণিচ্—কর্ম্ম—য) বোধ্য, অভিধেয়। বর্ণনীয় বিষয়।

প্রতিপালক—বি-ণ (প্রতি—পা—ণিচ্—কর্তৃ—ণক) যে প্রতিপালন করে, রক্ষক। অপেক্ষাকারী।

প্রতিপালনম্—বি, ক্লী (প্রতি—পা—ণিচ + ল্যুট্) পোষণ, রক্ষা।

প্রতিপালিত—বি-ণ (প্রতি—পা—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহাকে প্রতিপালন করা যায়, পোষিত, রক্ষিত।

প্রতিপাল্য—বি-ণ (প্রতি—পালি—কর্ম্ম—য) প্রতিপালনের যোগ্য, পোষ্য।

প্রতিপ্রসবঃ—বি, পুং; নিষিদ্ধের পুনর্বিধান।

প্রতিপ্রিয়ম্—বি, ক্লী; প্রত্যুপকার।

প্রতিফলম্—বি, ক্লী; প্রতিশোধ। প্রতিবিম্ব।

প্রতিফলিত—বি-ণ; প্রতিবিম্বিত।

প্রতিবদ্ধ—বি-ণ (প্রতি—বন্ধ—কর্ম্ম—ক্ত) বাধাপ্রাপ্ত।

প্রতিবন্ধঃ—বি, পুং (প্রতি—বন্ধ—অল্) বাধা, বিঘ্ন।

প্রতিবন্ধক—বি-ণ (প্রতি—বন্ধ—কর্তৃ—ণক) বিঘ্নকারী।

প্রতিবন্ধতা—ত্রি (প্রতি—বন্ধ + তৃচ্)প্রতিকূল। প্রতিবন্ধক।

প্রতিবল—বি-ণ, সমর্থ, শক্ত, তুল্যবল, পুং;শত্রু। ক্লী; শত্রুপক্ষের সৈন্য।

প্রতিবোধঃ—বি, পুং স্ফুটিত হওয়া, বিকাশ। জাগরণ, প্রবোধ।

প্রতিবোধিত—বি-ণ (প্রতি—বুধ—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহাকে বিকসিত করা হইয়াছে, বিকসিত। জাগরিত। বোধিত।

প্রতিভটঃ—বি, পুং; প্রতিপক্ষযোদ্ধা। বি-ণ, পুং সদৃশ।

প্রতিভয়—বি-ণ; ভয়ের হেতু, ভয়ঙ্কর।

প্রতিভা—বি, স্ত্রী (প্রতি—ভা—অঙ্ + টাপ্) অসাধারণ বুদ্ধিশক্তি, প্রত্যুৎপন্নমতিত্ব। সাদৃশ্য। প্রভা।

প্রতিভাত—বি-ণ (প্রতি—ভা—ক্ত) প্রদীপ্ত। প্রতিফলিত।

প্রতিভাসিত—বি-ণ; শোভিত। প্রদীপ্ত।

প্রতিভূ—বি-ণ (প্রতি—ভূ—কর্তৃ—ক্বিপ্) তৎস্থানীয়। জামিন।

প্রতিম—বি-ণ (প্রতি—মা—কর্ম্ম—ড) শব্দের পরবর্ত্তী হইলে তুল্য অর্থবোধক।

প্রতিমা—বি, স্ত্রী (প্রতি—মা—অঙ্ + টাপ্) প্রতিমূর্ত্তি। প্রতিবিম্ব। হস্তীর দন্তদ্বয়ের মধ্যভাগ। সাদৃশ্য।

প্রতিমাননা—বি, স্ত্রী; (প্রতি—মা + যুচ্ + টাপ্) পূজা। সম্মান।

প্রতিমুক্ত—বি-ণ; পরিহিত। ত্যক্ত। বন্ধনমুক্ত।

প্রতিমুখ—বি-ণ; সম্মুখ। নাটকের সন্ধি বিং। অভিমুখ।

প্রতিমূর্ত্তিঃ—বি, স্ত্রী; ছবি, প্রতিকৃতি।

প্রতিমোচনম্—বি, ক্লী (প্রতি—মুচ্ + ল্যুট্) পরিধান। বন্ধনমোচন। নির্যাতন।

প্রতিযত্নঃ—বি, পুং; বস্তুর বিভিন্ন গুণ করিয়া দেওয়া, গুণান্তরাধান। সংস্কার। সম্যক্‌যত্ন। লাভেচ্ছা। পতিগ্রহ।

প্রতিযাত—বি-ণ, প্রতিনিবৃত্ত।

প্রতিযোগী (গিন্)—বি-ণ; সদৃশ। সমকক্ষ। প্রতিদ্বন্দ্বী। যাহার অভাব বুঝায় তাহাকে সেই অভাবের প্রতিযোগী বলে।

প্রতিযোধ—বি - - প্রতিপক্ষের যোদ্ধা।

প্রতিরুদ্ধ—বি-ণ; (প্রতি + রুধ + ক্ত) অবরুদ্ধ, নিবারিত।

প্রতিরূপম্—বি, ক্লী; সাদৃশ্য। প্রতিমূর্ত্তি। প্রতিবিম্ব। বি-ণ; সাদৃশ। প্রতিনিধি।

প্রতিরোধঃ—বি, পুং; (প্রতি—রুধ + ঘঞ্) অবরোধ, আটক। নিবারণ। প্রতিবন্ধ। তিরস্কার।

প্রতিরোধক—বি-ণ, (প্রতি—রুধ + ণুল) যে প্রতিরোধ করে।

প্রতিরোধিত—বি-ণ (প্রতি—রুধ—ণিচ্ + ক্ত) নিবারিত।

প্রতিলোম—বি-ণ (প্রতি— লোমন্—অ) প্রতিকূল। উল্টা।

প্রতিলোমজ—বি-ণ (প্রতিলোম—জন—কর্ত্তৃ—ড) উত্তমবর্ণা স্ত্রীর গর্ভে অধমবর্ণ পুরুষের ঔরসজাত সঙ্কীর্ণ জাতি।

প্রতিবচনম্,প্রতিবাক্যম্—বি, ক্লী; প্রত্যুত্তর। সমানার্থক বাক্য। প্রতিকূল বাক্য।

প্রতিবস্তূপমা—বি, স্ত্রী; কাব্যালঙ্কার বিং।

প্রতিবাতম্—অব্য পু. বায়ুবিশেষ। ক্লী; বায়ুর বিপরীতে।

প্রতি(তী)বাদঃ— বি, পুং; বিরুদ্ধে বলা, প্রত্যুক্তি।

প্রতিবাদী(দিন)—বি-ণ (প্রতি—বদ—ণিন) প্রতিপক্ষ, আসামী।

প্রতিবাসী(সিন্)—বি-ণ(প্রতি—বস্—ণিনি) নিকটবর্ত্তী গৃহস্থ। স্ত্রী; সিনী।

প্রতিবিধানম্— বি, ক্লী; প্রতিকার। সজ্জা।

প্রতিবিধিৎসা— বি, স্ত্রী (প্রতি—বি—ধা + সন্ + অ + টাপ্) প্রতিবিধান করিবার ইচ্ছা।

প্রতিবিম্ব— বি, পুং, ক্লী; দর্পণাদিতে পতিত অনুরূপ আকৃতি, প্রতিচ্ছায়া।

প্রতিবিম্বনম্— বি, ক্লী (প্রতিবিম্ব—ল্যুট্) দর্পণাদিতে অনুরূপ আকৃতি-পতন। সাদৃশ্যপ্রতিপাদন।

প্রতিবিম্বিত— বি-ণ (প্রতিবিম্ব—ণিচ—কর্ম্ম—ক্ত) যাহার প্রতিবিম্ব পড়িয়াছে, প্রতিফলিত।

প্রতিবিহিত— বি-ণ; (প্রতি—বি + ধা + ক্ত) যাহার প্রতিবিধান করা হইয়াছে, প্রতিকৃত।

প্রতিবেশী(শিন্)— বি-ণ (প্রতি—বিশ—কর্ত্তৃ—ণিন্) প্রতিবাসী।

প্রতিশব্দঃ— বি, পুং; প্রতিধ্বনি।

প্রতিশয়ঃ— বি, পুং; (প্রতি—শী + অচ্) হত্যা দেওয়া, নির্ব্বন্ধবাস।

প্রতিশয়িত— বি-ণ; যে হত্যা দেয়।

প্রতিশীর্ষঃ— বি, পুং; প্রতিনিধি।

প্রতিশীর্ষকম্— বি, ক্লী; মূল্য, নিষ্ক্রয়।

প্রতিশ্যায়ঃ— বি, পুং (প্রতি—শ্যৈ—করণ—ঘঞ্) পীনাসরোগ।

প্রতিশ্রয়ঃ— পুং (প্রতি—শ্রি + অচ্) যজ্ঞগৃহ, সভা, আশ্রয়, গৃহ।

প্রতিশ্রবঃ—পুং,(প্রতি—শ্রু + অপ্) স্বীকার। প্রতিধ্বনি।

প্রতিশ্রুৎ— স্ত্রী, (প্রতি—শ্রু + ক্বিপ্) প্রতিশব্দ। প্রতিধ্বনি।

প্রতিশ্রুত— বি-ণ; অঙ্গীকৃত।

প্রতিষিদ্ধ— বি-ণ; নিবারিত, নিষিদ্ধ।

প্রতিষেধঃ— বি, পু (প্রতি—সিধ—ভাবে—অল্) নিষেধ, পরিহার।

প্রতিষ্টম্ভঃ— বি,পুং (প্রতি—স্তন্ভ—ভাবে—অল্) প্রতিবন্ধ। অবরোধ।

প্রতিষ্ঠা— বি, স্ত্রী (প্রতি—স্থা + অঙ্ + টাপ্) সুখ্যাতি। গৌরব। স্থিতি। সমাপ্তি। ব্রতাদির উদযাপন। পুষ্করিণ্যাদির উৎসর্গ। আশ্রয়।

প্রতিষ্ঠাপিত— বি-ণ (প্রতি—স্থা—ণিচ্—কর্ম্ম—ক্ত) দত্ত। উৎসৃষ্ট।

প্রতিষ্ঠিত— বি-ণ; (প্রতিষ্ঠা + ইতচ্) বিখ্যাত। সমাপিত। বদ্ধমূল। স্থাপিত।

প্রতিসংস্কার— বি, পুং; (প্রতি-সম্ + কৃ + ঘঞ্) সঙ্কোচ, প্রত্যাকর্ষণ, নিবন্ধন।

প্রতিসংহৃত— বি-ণ; সঙ্কুচিত। নিবর্ত্তিত।

প্রতিসর্গঃ— বি, পুং; ব্রহ্মার সৃষ্টির পরে মরীচি প্রভৃতি কর্ত্তৃক সৃষ্টি।

প্রতিসারিত— বি-ণ (প্রতি—সৃ + ণিচ্ + ক্ত) পরিচালিত, দূরীকৃত।

প্রতিসূর্য্যকঃ— বি, পুং; সূর্য্যমণ্ডল। জন্তু বিং, কৃকলাস, কাঁকলাস। আহত।

প্রতিহত— বি-ণ; (প্রতি—হন + ক্ত) ব্যাঘাত প্রাপ্ত। নিরস্ত

প্রতিহর্ত্তা(র্ত্তৃ)— বি-ণ; বিনাশক।

প্রতি(তী)হার— বি, পুং; দ্বার। দ্বারপাল। পরিহার। স্ত্রী; রী—দ্বারপালিকা।

প্রতি (তী)হারী(রিন্)— বি, পুং; দ্বারপাল। স্ত্রী; রিণী।

প্রতিহার্য্য— বি-ণ (প্রতি—হৃ—কর্ম্ম—ণ্যৎ প্রহারযোগ্য।

প্রতিহিংসা— বি,স্ত্রী; বৈরশোধন।

প্রতীক্ষা— বি, স্ত্রী; অপেক্ষা, প্রতিপালন। পূজা।

প্রতীকঃ— পুং (প্রতি + কন) অবয়ব। প্রতিরূপ।

প্রতীক্ষ্য— বি-ণ(প্রতি—ঈক্ষ—কর্ম্ম—ঘ্যণ) অপেক্ষণীয়। পূজ্য।

প্রতীচী— বি, স্ত্রী (প্রত্যচ্—ঈপ্) পশ্চিম দিক্।

{ **প্রতীচীন**— (প্রতীচী—নীন)
প্রতীচ্য— (প্রতীচী-ষ্ণ্য) বি-ণ; পশ্চিমদেশীয়। পশ্চিমদিগ্‌জাত।

প্রতীত— বি-ণ (প্রতি—ই—কর্ম্ম—ক্ত) জ্ঞাত। বিখ্যাত। বিশ্বস্ত।

প্রতীতিঃ— বি, স্ত্রী (প্রতি —ই—ভাবে—ক্তি) জ্ঞান। খ্যাতি। বিশ্বাস।

প্রতীপ— বি-ণ(প্রতি —অপ্—অ) প্রতিকূল। শান্তনু রাজার পিতা। সজলদেশ, জলাভূমি। অর্থালঙ্কার বিং।

প্রতীপদর্শিনী— বি, স্ত্রী (প্রতীপ—দৃশ—ণিচ্—কর্ত্তৃ—ণিন্—ঈপ্) নারী।

প্রতীয়মান—বি-ণ (প্রতি—ই+কর্ম্ম—শানচ্) যাহা জানা যাইতেছে, জ্ঞায়মান।

প্রতীষ্ট—বি-ণ (প্রতি—ঈষ—কর্ম্ম—ক্ত) স্বীকৃত। গৃহীত।

প্রতোদ—বি, পুং (প্র—তুদ—করণ—অল) গবাদির তাড়নদণ্ড, পাঁচনি।

প্রতোলী—বি, স্ত্রী (প্র—তুল—অধি—অল্—ঈপ্) বড় রাস্তা, রথ্যা।

প্রত্ত—ত্রি (প্র—দা + ক্ত) প্রদত্ত।

প্রত্ন—বি-ণ; পুরাতন।

প্রত্যক্ষম্—বি, ক্লী (প্রতি—অক্ষি—অ) ইন্দ্রিয়জন্য জ্ঞান। বি-ণ; ইন্দ্রিয়গ্রাহ্য।

প্রত্যগ্র—বি-ণ; নূতন, টাট্‌কা। পুং বৃহদ্রথ পুত্রনৃপতি।

প্রত্যঙ্গম্—বি, ক্লী; হস্তপদাদি অবয়ব। উপকরণ।

প্রত্যক্(চ)—বি-ণ (প্রতি—অন্চ—ক্বিপ্—পশ্চাদ্বর্ত্তী। পশ্চিমদেশ।

প্রত্যনীকঃ—পুং শত্রু, বিঘ্ন। প্রতিবাদী।

প্রত্যন্ত—বি, পুং; ম্লেচ্ছদেশ। বি-ণ; প্রান্তবর্ত্তী। সন্নিহিত।

প্রত্যন্তর্বতঃ—বি, পুং; বৃহৎ পর্বতের নিকটবর্ত্তী ক্ষুদ্র পর্বত।

প্রত্যভিজ্ঞা—বি, স্ত্রী (প্রতি—অভি—জ্ঞ—অঙ্ + আপ্) স্মরণ বিং, ইহা সেই—ইত্যাকার জ্ঞান।

প্রত্যভিযোগঃ—বি, পুং; অভিযোগকারীর বিরুদ্ধে অভিযোগ ও আপীল।

প্রত্যয়ঃ—বি, পুং (প্রতি—ই—অল্) নিশ্চয় জ্ঞান। বিশ্বাস। শপথ। হেতু। আচার খ্যাতি। অধীন। ব্যাকরণে শব্দ ও ধাতুর পর জায়মান বিভক্তি প্রভৃতি।

প্রত্যয়িত—ত্রি (প্রতি—অয় + ক্ত) আপ্ত, বিশ্বস্ত।

প্রত্যর্থী (র্থিন)—বি-ণ; প্রতিবাদী। প্রতিকূল। স্ত্রী; র্থিনী।

প্রত্যর্পণম্—বি, ক্লী; ফিরাইয়া দেওয়া, প্রতিদান।

প্রত্যর্পিত—বি-ণ;. যাহা ফিরিয়া দেওয়া হইয়াছে, প্রতিদত্ত।

প্রত্যবর্শঃ—বি, পুং; অনুসন্ধান।

প্রত্যবসানম্—বি, ক্লী (প্রতি—অব—সো + ল্যুট্) ভোজন।

প্রত্যবসিত—বি-ণ (প্রতি—অব—সো—কর্ম্ম—ক্ত) ভুক্ত।

প্রত্যবস্কন্দনম্—বি, পুং; বাদীর প্রদর্শিতদোষ খণ্ডণার্থ, প্রতিবাদী যে কারণ দেখায়, প্রতিবাদীর প্রত্যুত্তর বিং।

প্রত্যবহারঃ—বি, পুং (প্রতি—অব—হৃ—ঘঞ্) প্রলয়, নাশ।

প্রত্যবায়ঃ—বি, পুং (প্রতি—অব—ই—অপা—অল্) পাপ। ক্ষতি।

প্রত্যবেক্ষণম্—বি, ক্লী (প্রতি—অব—ঈক্ষ—ভাবে—ল্যুট্) অনুসন্ধান। তত্ত্বাবধান। বিচার।

প্রত্যবেক্ষিত—বি-ণ (প্রতি—অব—ঈক্ষিত) যাহার অনুসন্ধান করা হইয়াছে, সবিশেষ দৃষ্ট। বিচারিত।

প্রত্যহম্—অব্য (প্রতি—অহন্—অ) প্রতিদিন।

প্রত্যাখ্যাত—বি-ণ, (প্রতি—আ—খ্যা—কর্ম্ম—ক্ত) নিষিদ্ধ, নিরাকৃত। অস্বীকৃত।

প্রত্যাখ্যানম্—(প্রতি—আ—খ্যা + ল্যুট্) নিষেধ, নিরাকরণ। অস্বীকার।

প্রত্যাগত—বি-ণ (প্রতি—আগত) যে ফিরিয়া আসিয়াছে, প্রতিনিবৃত্ত।

প্রত্যাচারঃ—পুং প্রত্যাগমন।

প্রত্যাদিষ্ট—বি-ণ (প্রতি—আ—দিশ্—কর্ম্ম—ক্ত) প্রত্যাখ্যাত। ত্যক্ত। জ্ঞাপিত।

প্রত্যাদেশঃ—বি- পুং (প্রতি—আদেশ) নিরাকরণ, ত্যাগ। জ্ঞাপন। দেবাদেশ।

প্রত্যানয়নম্—বি, ক্লী (প্রতি—আনয়ন) ফিরাইয়া আনা। পুনরুদ্ধার।

প্রত্যালীঢ়—বি, ক্লী (প্রতি—আ—লিহ্—ভাবে—ক্ত) বাম- চরণ প্রসারিত এবং দক্ষিণ চরণ সঙ্কুচিত করিয়া উপবেশন বিং। বি-ণ (কর্ম্ম—ক্ত) ভক্ষিত আস্বাদিত।

প্রত্যাবৃত্ত—বি-ণ (প্রতি—আ—বৃত—কর্ত্তৃ—ক্ত) প্রত্যাগত।

প্রত্যাশা—বি, স্ত্রী; আকাঙ্ক্ষা। ভরসা।

প্রত্যাশী (শিন্)—বি-ণ (প্রত্যাশা—ইন্) যে প্রত্যাশা করে।

প্রত্যাশ্বাসঃ—বি, পুং (প্রতি—আ—শ্বস—ভাবে—ঘঞ্) পুনর্জ্জীবন। স্বাস্থ্য। প্রত্যাশা।

প্রত্যাসক্তিঃ—স্ত্রী; ন্যায়শাস্ত্রে সম্বন্ধ বিং। নৈকট্য।

প্রত্যাসন্ন—বি-ণ (প্রতি—আসন্ন) নিকটবর্ত্তী।

প্রত্যাহরণম্—বি, ক্লী (প্রতি—আহরণ) ফিরাইয়া লওয়া।

প্রত্যাহারঃ—বি, পুং; ব্যাকরণে অচ্, হল্ প্রভৃতি সংজ্ঞা।

প্রত্যুক্ত—ত্রি (প্রতি + বচ + ক্ত) প্রতিভাষিত। প্রতিবাদ বাক্য দ্বারা নিরাকৃত।

প্রত্যুক্তিঃ—বি, স্ত্রী (প্রতি—উক্তি) উত্তর, প্রতিবচন।

প্রত্যুজ্জীবনম্—বি, ক্লী; পুনর্জীবন।

প্রত্যুত—অব্য, উক্তির বৈপরীত্য, বরং।

প্রত্যুৎক্রমঃ—বি, পুং (প্রতি—উৎক্রম) যুদ্ধের উদ্‌যোগ। প্রধান উদ্দেশ্যের উপযোগী অপ্রধান কার্য্য।

প্রত্যুত্তরম্—বি, ক্লী; বাক্যের উত্তরের উত্তর।

প্রত্যুত্থানম্—বি, ক্লী (প্রতি—উত্থান) সমাগত ব্যক্তির সম্মানার্থ উত্থান, প্রত্যুদ্গমন।

প্রত্যুৎপন্নমতিঃ—বি-ণ; উপস্থিত বিষয়ে যাহার হঠাৎ বুদ্ধি যোগায়। প্রতিভাশালী।

প্রত্যুৎপন্নমতিত্বম্—বি, ক্লী; কার্য্যকালে হঠাৎ বুদ্ধিযোগান।

প্রত্যুদ্‌যাত—বি-ণ (প্রতি—উদ্‌যাত) যাহাকে প্রত্যুদ্গমন করা যায়।

প্রত্যুদ্গমনম্—বি, ক্লী (প্রতি—উদ্গমন) আগত ব্যক্তির সম্মানার্থ তদুদ্দেশে অগ্রে গমন। প্রত্যুদ্গমনীয়—বি-ণ (প্রতি—উদ্—গম—কর্ম্ম—অনীয়) প্রত্যুদ্গমনের যোগ্য। বি, ক্লী; ধৌতবস্ত্রযুগল।

প্রত্যুপকারঃ—বি, পুং; উপকারীর উপকার।

প্রত্যুপ্ত—বি-ণ (প্রতি—বপ—কর্ম্ম—ক্ত) গ্রথিত, খচিত। যাহা বপন করা হইয়াছে, উপ্ত। প্রোত।

প্রত্যু (ত্যূ)ষ—
প্রত্যু (ত্যূ)ষঃ(স্)— বি, ক্লী; প্রভাত।

প্রত্যূহঃ—বি, পুং; প্রতি—উহ + ঘঞ্) বিঘ্ন।

প্রত্যেক—ক্লী, অব্যয়ী, একে একে সমুদায়।

প্রথম—বি-ণ (প্রথ—কর্ত্তৃ—অম) আদ্য। প্রধান।

প্রথা—বি, স্ত্রী (প্রথ + অঙ্ + টাপ্) রীতি। প্রসিদ্ধি। বিস্তার।

প্রথিত—বি-ণ (প্রথ—কর্ত্তৃ—ক্ত) প্রসিদ্ধ। বিস্তৃত।

প্রথিমা (মন্)—বি, পুং (পৃথু—ই মন্) স্থূলতা। বিস্তার।

প্রথিষ্ঠ—ত্রি. পৃথু + ইষ্ঠন) প্রথীয়স্—(পৃথু + ঈয়সুন) অতিস্থূল। অতিবৃহৎ।

প্রদক্ষিণম্—বি, ক্লী, অব্যয়ী, নিজের দক্ষিণে রাখিয়া চতুর্দ্দিকে বেষ্টন।

প্রদরঃ—বি, পুং (প্র—দৃ—কর্ত্তৃ—অন্) স্ত্রীলোকদিগের রোগ বিং।

প্রদর্শক—বি-ণ (প্র—দৃশ—ণিচ্—কর্ত্তৃ—ণক) যে দেখায়, দর্শয়িতা।

প্রদর্শনম—বি, ক্লী (প্র—দৃশ—ণিচ্—ভাবে—ল্যুট্) দেখান, উল্লেখ।

প্রদর্শিত—বি ণ (প্র—দৃশ—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহা দেখান হইয়াছে। উল্লিখিত।

প্রদিগ্ধ—বি-ণ (প্র—দিহ্—কর্ম্ম—ক্ত) লিপ্ত। মাখান, ভাজা মাংস।

প্রদিষ্ট—বি ণ (প্র—দিশ—কর্ম্ম—ক্ত) নির্দিষ্ট দত্ত।

প্রদীপঃ—বি, পুং, জ্বলন্ত অগ্নিশিখা বিং। বিন. ত্রি. প্রকাশক।

প্রদীপ্ত—বি-ণ; প্রকাশিত। উজ্জ্বল।

প্রদুষ্ট—বি-ণ (প্র—দুষ + ক্ত) বিশেষভাবে বিকৃত।

প্রদেশঃ—বি, পুং; (প্র—দিশ + ঘঞ্) স্থান। একাদেশ। জেলা। দেশ।

প্রদেশিনী—বি, স্ত্রী (প্র—দিশ—ণিন্ + ঈপ্) তর্জ্জনী অঙ্গুলী।

প্রদোষঃ—বি, পুং (প্র-দোষা=রাত্রি) সায়ংকাল।

প্রদ্যুম্নঃ—বি, পুং; কন্দর্প।

প্রদ্যোতঃ—বি, পুং (প্র—দ্যুত—ভাবে—অল্) দীপ্তি। (কর্ত্তৃ—অন্) নৃপতি বিং।

প্রদ্যোতিত—বি-ণ (প্র—দ্যুত—ণিচ—কর্ম্ম—ক্ত) প্রকাশিত।

প্রদ্রুত—বি-ণ; পলায়িত। ধাবিত।

প্রধনম্—বি, ক্লী; (প্র—ধন + ক্ত) যুদ্ধ। নিধন।

প্রধান—বি-ণ, ত্রি. ত্রিগুণাত্মিকা প্রকৃতি। পরমাত্মা। অমাত্য। বি-ণ; শ্রেষ্ঠ।

প্রধিঃ—বি, পুং (প্র—ধা—অধি—কি) চক্রের প্রান্তভাগ।

প্রধূপিত—বি-ণ; যাহাকে অতিশয় তাপযুক্ত করা হইয়াছে, সন্তাপিত।

প্রধূমিত—বি-ণ (প্র—ধূম—ইত) অতিশয় ধূমবিশিষ্ট জ্বলনোন্মুখ।

প্রধ্মাত—বি-ণ; যাহা প্রজ্বলিত করা হইয়াছে, সন্ধুক্ষিত। বায়ুপূরণ দ্বারা যাহা শব্দযুক্ত করা হইয়াছে।

প্রনষ্ট—বি-ণ; পলায়িত।

প্রপঞ্চঃ—বি, পুং (প্র—পনচ—কর্ম্ম—অল্) বিস্তার। সমূহ। সংসার। মায়া। বৈপরীত্য।

প্রপন্ন—বি-ণ (প্র—পদ—কর্ত্তৃ—ক্ত) প্রাপ্ত। শরণাগত।

প্রপা—বি, স্ত্রী (প্র—পা—অপা—অঙ) রৌদ্রের সময় পথিকদিগকে দিবার জন্য যে স্থানে জল রাখা হয়, জলচ্ছত্র বা জল সত্র, পানশালা।

প্রপাঠকঃ—বি, পুং, বেদাংশ বিং।

প্রপাতঃ—বি, পুং (প্র—পত—অপা—ঘঞ্) পর্ব্বতাদির অতুচ্চস্থান বিং। ভৃগু। নির্ঝর, পতন স্থান। অত্যুচ্চতীর।

প্রভিন্ন—বি, পুং; মত্তহস্তী। বি-ণ, প্রস্ফুটিত। প্রকাশিত।

প্রভুঃ—বি, পুং (প্র—ভূ—কর্ত্তৃ—ডু) স্বামী। রাজা। বি-ণ; সমর্থ।

প্রভুত্বম্—বি, ক্লী; স্বামিত্ব। আধিপত্য। সামর্থ্য। প্রাধান্য।

প্রভুশক্তিঃ—বি, স্ত্রী; প্রভাব, প্রতাপ। প্রভুত—বি-ণ; (প্র + ভূ + ক্ত) প্রচুর। উৎপন্ন।

প্রভৃতি—অব্য; অবধি। ইত্যাদি।

প্রভেদঃ—বি, পুং; (প্র—ভিদ্ + ঘঙ) প্রকার। বিশেষ। স্ফুটিত হওয়া।

প্রমত্ত—(প্র—মদ—কর্ত্তৃ—ক্ত) প্রমাদযুক্ত, অসাবধান। অত্যাসক্ত, অতিমত্ত।

প্রমথঃ—বি, পুং (প্র—মথ—কর্ত্তৃ—অন্) শিবের অনুচর বিং।

প্রমথনম্—বি, ক্লী; (প্র—মথ + ল্যুট্) বধ। মর্দ্দন। বিলোড়ন। উন্মূলন।

প্রমথাধিপঃ—বি, পুং; শিব।

প্রমদবনম্—বি ক্লী; রাজাদিগের অন্তঃপুরস্থ উদ্যান। প্রমদকানন।

প্রমদা—বি, স্ত্রী (প্র—মদ—ণিচ্—কর্ত্তৃ—অন্—আপ্) মনোহারিণী স্ত্রী।

প্রমদ্বরা—স্ত্রী; রুরুর পত্নী।

প্রমনাঃ (নস্)—বি-ণ; হৃষ্টচিত্ত।

প্রমা—বি, স্ত্রী (প্র—মা—করণ—অঙ—আপ্) নিশ্চয় জ্ঞান।

প্রমাণম্—বি, ক্লী (প্র—মা—করণ—ল্যুট্) নিশ্চয়ের হেতু। প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ এই চতুর্বিধ। সাক্ষী। শাস্ত্র। লেখ্য, দলিল।

প্রমাণীকৃত—বি-ণ (প্রমাণ—চ্বি—কৃত) যাহা প্রমাণ বলিয়া স্থির করা হইয়াছে।

প্রমাতা (তৃ)—বি-ণ (প্র—মা—কর্ত্তৃ—তৃণ) যে প্রমাণ করে।

প্রমাতামহঃ—বি, পুং; মাতামহের পিতা। স্ত্রী; স্ত্রী—মাতামহের মাতা।

প্রমাথঃ—বি, পুং (প্র—মথ—ভাবে—ঘঞ্) পীড়ন, মর্দ্দন। বধ। বিলোড়ন।

প্রমাদঃ—বি, পুং (প্র—মদ—ভাবে—ঘঞ্) অসাবধানতা, অনবধান। ভ্রম।

প্রমাপণম্—বি, ক্লী (প্র—মা—ণিচ্—ভাবে—ল্যুট্) বধ।

প্রমার্জ্জনম্—ক্লী (প্র—মৃজ্ + ল্যুট্) প্রক্ষালন। মুছিয়া ফেলা।

প্রমিত—বি-ণ (প্র—মা—কর্ম্ম—ক্ত) জ্ঞাত। নিশ্চিত। পরিমিত।

প্রমিতিঃ—বি, স্ত্রী; নিশ্চয় জ্ঞান। প্রমাণ।

প্রমীলা—বি, স্ত্রী (প্র—মীল—অ—আপ্) তন্দ্রা। মুদ্রণ। (কর্ত্তৃ—অন্—আপ্) মেঘনাদপত্নী।

প্রমুখ—বি-ণ; শব্দের পরবর্ত্তী হইলে—প্রথম। প্রধান। প্রভৃতি। পুং; শ্রেষ্ঠ। বি, ক্লী; আরম্ভ।

প্রমুখাৎ—অব্য; মুখ হইতে।

প্রমুদিত—বি-ণ (প্র—মুদ—কর্ত্তৃ—ক্ত) হৃষ্ট। প্রফুল্ল।

প্রমেহঃ—বি, পুং (প্র—মিহ—ভাবে—ঘঞ্) রোগ বিং।

প্রমোকঃ—পুং (প্র—মুচ্ + ঘঞ্) প্রমোচন।

প্রমোদঃ—বি, পুং (প্র—মুদ—ভাবে—ঘঞ্) আনন্দ।

প্রমোদিত—বি-ণ (প্রমোদ—ইত) আনন্দিত।

প্রযত—বি-ণ (প্র—যম—কর্ত্তৃ—ক্ত) পবিত্র নিয়মবিশিষ্ট।

প্রযতাত্মন্—বি-ণ শুদ্ধচিত্ত। শুদ্ধবৃত্তি।

প্রযত্নঃ—বি, পুং; বিশিষ্টরূপ উদ্যোগ। অধ্যবসায়।

প্রয়াগঃ—বি, পুং; তীর্থ বিং, গঙ্গা যমুনা ও সরস্বতীর সঙ্গম স্থান এলাহাবাদ।

প্রয়াণম্—বি, ক্লী (প্র—যা + ল্যুট) যুদ্ধযাত্রা। প্রস্থান। যাত্রাকালে যে ব্যক্তি পৃথুরাজা, কার্ত্তবীর্য্যার্জুন এবং শকুন্তলার পুত্র ভরতরাজাকে স্মরণ করেন তাঁহার অভীষ্টসিদ্ধি, এবং নির্বিঘ্নে প্রত্যাগমন হয়।

প্রযামঃ—বি, পুং; দৈর্ঘ্য।

প্রয়াসঃ—বি, পুং (প্র—যস—ভাবে—ঘঙ) শ্রম। যত্ন।

প্রযুক্ত—বি-ণ (প্র—যুজ—কর্ম্ম—ক্ত) রচিত। অনুষ্ঠিত। নিযুক্ত। প্রেরিত। উল্লিখিত। উচ্চরিত। অর্পিত যাহা ধার দেওয়া হইয়াছে।

প্রযুঞ্জান—বি-ণ (প্রযুজ + শানচ্) প্রয়োগকারী।

প্রযুদ্ধম্—(প্র—যুধ + ক্ত) তুমুল যুদ্ধ।

প্রযোক্তা (ক্তৃ)—বি-ণ (প্র—যুজ—কর্ত্তৃ—তৃন্) প্রযোগকর্ত্তা। . যে ধারদেয়, উত্তমর্ণ।

প্রয়োগঃ—বি, পুং (প্র—যুজ—ভাবে—ঘঞ্) উদাহরণ। উল্লেখ। প্রবর্ত্তন। অনুষ্ঠান। অভিনয়। ঋণদান। অর্পণ।

প্রযোজক—বি-ণ (প্র—যুজ—কর্ত্তৃ-ণক) প্রয়োগকর্ত্তা। প্রবর্ত্তক। কর্ত্তা।

প্রয়োজনম্—বি, ক্লী (প্র—যুজ—ভাবে—ল্যুট) ফল। কার্য্য। হেতু, উদ্দেশ।

প্রয়োজনীয়—বি-ণ (প্রয়োজন—অনীয়) কার্য্যোপযোগী, আবশ্যক।

প্রযোজ্য—বি-ণ (প্র—যুজ—কর্ম্ম—ণ্যৎ) যাহাকে প্রয়োগ করা যায়।

প্ররূঢ়—বি-ণ (প্র—রূহ—কর্ত্তৃ—ক্ত) উৎপন্ন। বুদ্ধিপ্রাপ্ত। অঙ্কুরিত। প্রসিদ্ধ।

প্ররোচনা—বি, স্ত্রী (প্র—রুচ—ণিচ—ভাবে অন + আপ্) উত্তেজনা, উস্‌কে দেওয়া।

প্ররোহঃ—বি, পুং (প্র—রুহ—কর্ত্তৃ—অন্) অঙ্কুর। মূল। বট প্রভৃতি বৃক্ষের শাখায় উৎপন্ন ঝুরি।

প্রলপিত—বি-ণ, (প্র—লপ্ + ক্ত) বৃথা-কথিত। বি, ক্লী; প্রলাপ।

প্রলম্ব—বি, পু (প্র—লম্ব—কর্ত্তৃ—অন্) দৈত্য বিং। বৃক্ষাদির ঝুরি। লতার শোঁ। স্ত্রীস্তন। শাখা। বি-ণ; লম্বমান।

প্রলয়ঃ—বি পুং (প্র—লী—অধি—অল্) ব্রহ্মাণ্ডের ধ্বংস, কল্পান্ত। ধ্বংস। মূর্চ্ছা

প্রলাপঃ—বি, পুং (প্র—লপ—ভাবে—ঘঞ্) অনর্থক বাক্য।

প্রলেপ—বি, পুং (প্র—লিপ—ভাবে—ঘঞ্) মাখান, লেপন।

প্রলেপকঃ—বি, পুং জ্বর বিং।

প্রলোভনম্—বি, ক্লী (প্র—লুভ—ণিচ্—ভাবে ল্যুট) লোভ দেখান।

প্রবচনম্—বি, ক্লী; উৎকৃষ্ট বাক্য। বেদ। বেদার্থজ্ঞান।

প্রবঞ্চনা—বি, স্ত্রী (প্র—বন্‌চ—ভাবে—অন + আপ) প্রতারণা।

প্রবণ—বি-ণ (প্র—বণ—কর্ত্তৃ—অন্) নত। ক্রমনিম্ন। আসক্ত। অভিমুখ। অনুকূল। উন্মুখ। নিপুণ। আয়ত্ত। বিনীত। বি, পুং; চতুষ্পথ।

প্রবয়ণম্—বি, ক্লী; অশ্বাদির তাড়নদণ্ড, চাবুক।

প্রবয়স্—বি-ণ বৃদ্ধ, স্থবির।

প্রবরম্—বি, ক্লী; গোত্র। সন্ততি। পুত্র; গোত্রের বিশেষ পরিচায়ক মুনি বিং। বি-ণ; শ্রেষ্ঠ

প্রবর্ত্তক—বি-ণ (প্র—বৃত—ণিচ্—কর্ত্তৃ ণক) প্রবৃত্তিদায়ক। প্রণেতা। প্রবর্তনকারী।

প্রবর্ত্তনম্—বি, ক্লী (প্র—বৃত—ণিচ্—ভাবে—ল্যুট) প্রবৃত্তি দেওয়া। নিযুক্ত করা, নিয়োজন।

প্রবর্ত্তিত—বি-ণ (প্র—বৃত—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহার প্রবৃত্তি জন্মিয়া দেওয়া যায়। উত্তেজিত। উৎপাদিত। আরব্ধ।

প্রবহঃ—বি, পুং; (প্র—বহ + অচ্) বায়ু বিং।

প্রবহণম্—বি, ক্লী;আচ্ছাদিত শকটপোত। প্রবাহ।

প্রবাণী—বি, স্ত্রী (প্র—বে—ল্যুট্—ঙীষ্) কথিত। বি, ক্লী; প্রলাপ।

প্রবাদঃ—বি, পুং; (প্র—বদ + ঘঞ্) পরম্পরাগত বাক্য, জনশ্রুতি। অপবাদ।

প্রবারণম্—বি, ক্লী; (প্র—বৃ + ণিচ্ + ল্যুট্) কাম্যদান। অভীষ্টদান।

প্রবাসঃ—বি, পুং; (প্র—বস্ + ঘঞ্) বিদেশে স্থিতি।

প্রবাসনম্—বি, ক্লী (প্র—বস—ণিচ্—ভাবে—ল্যুট্) বিদেশে প্রেরণ। নির্বাসন। মারণ।

প্রবাসী (সিন্)—বি-ণ (প্র—বস—কর্ত্তৃ—ণিন্) বিদেশস্থ।

প্রবাহঃ—বি, পুং (প্র—বহ—ভাবে—ঘঞ্) স্রোতঃ। অবিচ্ছেদে চলন।

প্রবাহিকা—বি, স্ত্রী (প্র—বহ—ণিচ্—কর্ত্তৃ ণক—আপ্) গ্রহণীরোগ।

প্রবাহিত—বি-ণ; প্রবাহবিশিষ্ট।

প্রবিদারণম্—ক্লী (প্র—বি—দৃ + ণিচ + ল্যুট) যুদ্ধ, অবধারণ। প্রবিলুপ্ত—বি-ণ বিলীন।

প্রবিশ্লেষঃ—পুং বিয়োগ।

প্রবিষ্ট—বি-ণ (প্র—বিশ—কর্ত্তৃ—ক্ত) যাহা প্রবেশ করিয়াছে। অন্তর্নিবিষ্ট।

প্রবীণ—বি-ণ (প্রবীণা—ণিচ্—প্রবীণি নামধাতু—কর্ত্তৃ—অন্) নিপুণ। বিজ্ঞ।

প্রবৃত্ত—বি-ণ (প্র—বৃত—কর্ত্তৃ—ক্ত) রত। আরব্ধ। প্রবাহ।

প্রবেশঃ—বি, পু (প্র—বিশ—ভাবে—অল্) অন্তর্গমন। (কারণ—অল্) দ্বার।

প্রবেশিকা—বি-ণ (প্র—বিশ—করণ—অল্—কণ্—আপ্) যাহা দ্বারা প্রবেশ করিতে পারা যায়।

প্রবেশ্য—বি-ণ (প্র—বিশ—কর্ম্ম—ণ্যৎ) প্রবেশের যোগ্য।

প্রবেষ্টকঃ—বি, পুং (প্র—বেষ্ট—করণ—অল্—কণ্)। বাহুর নিম্নভাগ।

প্রব্রজিত—বি-ণ (প্র—ব্রজ—কর্ত্তৃ—ক্ত) প্রবাসগত। ভিক্ষু। সন্নাসী।

প্রব্রজ্যা—বি, স্ত্রী (প্র—ব্রজ—ভাবে—ক্যপ্) সন্ন্যাসধর্ম্ম। প্রবাস।

প্রশংসনীয়—বি-ণ (প্র—শন্‌স—কর্ম্ম—অনীয়) সুখ্যাতিভাজন।

প্রশংস—বি, স্ত্রী(প্র—শন্‌স—ভাবে—অ) সুখ্যাতি, গুণকীর্ত্তন, ধন্যবাদ, স্তুতি।

প্রশমঃ—বি, পুং (প্র—শম—ভাবে—অল্) শান্তি, নিবারণ। বৈরাগ্য। নির্বাণ।

প্রশমনম্—বি, ক্লী; (প্র—শম + ণিচ + ল্যুট্) শান্তি। অনুরঞ্জন নিরারণ। হনন।

প্রশমিত—বি-ণ (প্র—শম্—ণিচ্—কর্ম্ম—ক্ত) নিবারিত।

প্রশস্ত—বি-ণ (প্র—শন্‌স—কর্ম্ম—ক্ত) প্রশংসনীয়। শ্রেষ্ঠ।

প্রশস্তিঃ—বি, স্ত্রী (প্র—শন্‌স—ভাবে—ক্তি) প্রশংসা। স্মরণ কীর্ত্তনাদি অষ্টবিধ মৈথুনাভাব।

প্রশান্ত—বি-ণ (প্র—শম—কর্ত্তৃ—ক্ত) শান্তিযুক্ত। স্থির। নিবৃত্ত।

প্রশ্নঃ—বি, পুং (প্রচ্ছ—ভাবে—নঙ্) জিজ্ঞাসা।

প্রশ্রয়ঃ—বি, পুং (প্র—শ্রি—ভাবে—অল্) বিনয়। স্নেহ। আদর।

প্রশ্বাসঃ—বি, পুং (প্র—শ্বস—ভাবে—ঘঞ্) নাসিকায় প্রবিষ্ট বায়ু।

প্রষ্টা (ষ্টৃ)—বিণ্ (প্রচ্ছ—কর্ত্তৃ—তৃন্) যে প্রশ্ন করে, জিজ্ঞাসু।

প্রষ্টব্য—বি-ণ (প্রচ্ছ—কর্ম্ম—তব্য) জিজ্ঞাস্য।

প্রষ্ঠ—বি-ণ (প্র—স্থা—কর্ত্তৃ—ক্ত) অগ্রগামী। শ্রেষ্ঠ।

প্রষ্ঠবাট্ (হ্)—বি, পুং (প্রষ্ঠ—বহ—কর্ত্তৃ—বিণ্) শকটাদির যুপকাষ্ঠের পার্শ্বস্থিত বাহক (বৃষাদি)।

প্রসক্ত—বি-ণ (প্র—সন্‌জ—কর্ত্তৃ—ক্ত) আসক্ত। প্রবৃত্ত। সংলগ্ন, সংসৃষ্ট।

প্রসক্তি—বি,স্ত্রী (প্র—সনজ্—ভাবে—ক্তি) আসক্তি, অনুরাগ। প্রবৃত্তি। আপত্তি।

প্রসঙ্খ্যানম্—বি, ক্লী (প্র—সম্—খ্যা—ল্যুট্) আত্মানুসন্ধান, ধ্যান।

প্রসঙ্গঃ—বি, পুং (প্র—সন্‌জ—ঘঞ্) প্রস্তাব। সম্বন্ধ। প্রসক্তি। আপত্তি।

প্রসজ্য প্রতিষেধঃ—বি, পুং; ব্যাকরণ শাস্ত্রে প্রাপ্তের নিষেধ।

প্রসঞ্জনম্—(প্র—সন্‌জ + ল্যুট্) প্রসঙ্গের অবতারণা।

প্রসন্ন—বি-ণ(প্র—সদ—কর্ত্তৃ—ক্ত) সন্তুষ্ট। নির্ম্মল। প্রফুল্ল।

প্রসভঃ—ক্লী, অব্য; বলপূর্ব্বক, বলাৎ।

{প্রসরণম্—বি, ক্লী;

প্রসরণী— বি, স্ত্রী; শত্রুপক্ষীয় সৈন্যের চতুর্দ্দিকে বেষ্টন। চলন। বিস্তার। উৎপত্তি। ব্যাপ্তি।

প্রসর্পণম্— বি, ক্লী (প্র—সৃপ্ + ল্যুট্) গমন। ব্যাপ্তি। বিস্তার।

প্রসবঃ—বি, পুং (প্র—সূ—ভাবে—অল্) গর্ভমোচন। উৎপত্তি। (কর্ম্ম—অল্) সন্তান। ফল। পুষ্প। কারণ।

প্রসবিতা(তৃ)—বি-ণ(প্র—সূ—কর্ত্তৃ—তৃন্) প্রসবকারী।

প্রসব্য— বি-ণ প্রতিকূল, প্রসবনীয়।

প্রসহনম—বি, ক্লী; ক্ষমা। পরাভব।

প্রসহ্য— অব্য; বলপূর্ব্বক।

প্রসাদঃ— বি, পুং (প্র—সদ—ভাবে—ঘঞ্) অনুগ্রহ, প্রসন্নতা। নির্ম্মলতা। কাব্যের গুণ বিং। দেবনিবেদিত বা গুরুজনের ভুক্তাবশিষ্ট দ্রব্য।

প্রসাধক— বি-ণ (প্র—সাধি—কর্ত্তৃ—ণক) সম্পাদক। যে বেশভূষা করিয়া দেয়, অলঙ্কর্ত্তা।

প্রসাধনম্—বি, ক্লী; সম্পাদন। সাজন। কণ্টক দূরীকরণ। সজ্জার বস্তু।

প্রাসাধিত— বি-ণ (প্র—সাধি—কর্ম্ম—ক্ত) সম্পাদিত। ভূষিত। পরিষ্কৃত। নিষ্কণ্টকী কৃত।

প্রসারঃ—বি, পুং; বিস্তার। গমন। তৃণকাষ্ঠাদির প্রবেশ।

প্রসারণম্—বি, ক্লী (প্র—সৃ—ণিচ্—ল্যুট্) বিস্তার করণ।

প্রসারিত—বি-ণ (প্র—সৃ—ণিচ্—কর্ম্ম—ক্ত) বিস্তারিত।

প্রসিদ্ধ—বি-ণ; (প্র—সিধ + ক্ত) বিখ্যাত। ভূষিত।

প্রসিদ্ধিঃ—বি, স্ত্রী; প্রকৃষ্ট ফললাভ। খ্যাতি। ভূষা।

প্রসূ—বি, স্ত্রী (প্র—সূ—কর্ত্তৃ—ক্বিপ্) জননী। লতা। প্রসূত— বি-ণ; উৎপন্ন। উৎপাদিত।

প্রসূতিঃ—বি, স্ত্রী (প্র—সূ—আপা—ক্তি) মাতা। কারণ (কর্ম্ম—ক্তি) সন্তান। (ভাবে—ক্তি) প্রসব। উৎপত্তি।

প্রসূতিজ—বি, ত্রি (প্রসূতি—জন—কর্ত্তৃ—ড) প্রসবজন্য দুঃখ। দুঃখ।

প্রসূনম্—বি, ক্লী; পুষ্প। ফল। মুকুল। বি-ণ; জাত।

প্রসৃত — বি-ণ; বিস্তৃত। ব্যাপ্ত। নির্গত। বেগযুক্ত।

প্রসৃতিঃ—বি, স্ত্রী (প্র—সৃ—কর্ম্ম—ক্তি) অর্দ্ধাঞ্জলি। করকোষ।

প্রসেবিকা—বি, স্ত্রী; পাত্র বিং, থলিয়া।

প্রস্কন্নঃ—বি, পুং (প্র—স্কন্দ—কর্ত্তৃ—ক্ত) ঋষি বিং। বি-ণ; ক্ষরিত। শুষ্ক।

প্রস্তরঃ—বি, পুং (প্র—স্তৃ—কর্ত্তৃ—অন্) পাষাণ। মণি।

প্রস্তরফলকম্—বি, পুং, ক্লী; শেলেট।

প্রস্তারঃ—বি, পুং; পল্লবাদিরচিত শয্যা। ছন্দোগ্রন্থের প্রক্রিয়া বিং।

প্রস্তাবঃ—বি, পুং (প্র—স্তু—কর্ম্ম—ঘঞ্) প্রসঙ্গ। কথানুষ্ঠান। প্রকরণ। অবসর।

প্রস্তাবনা—বি, স্ত্রী (প্র—স্তু—ণিচ্—ভাবে—অন + আপ) আরম্ভ। নাটকে অভিনয়ারম্ভক-প্রস্তাব।

প্রস্তুত— বি-ণ; যাহার প্রসঙ্গ করা হইয়াছে। প্রক্রান্ত। বর্ণনীয়। উদ্যুক্ত। উপস্থিত।

প্রস্থ—বি, পুং, ক্লী (প্র—স্থা—অধি—ড) পর্বতের উপরিস্থ সমান ভূমি, সানু। পরিমাণ বিং, বিস্তার।

প্রস্থানম্—বি, ক্লী; গমন। যুদ্ধযাত্রা।

প্রস্থাপিত—বি-ণ (প্র—স্থা—ণিচ্—কর্ম্ম—ক্ত) প্রেরিত।

প্রস্থিত—বি-ণ; (প্র—স্থা + ক্ত) গমনোদ্যত। গত।

প্রস্ফুটিত— বি-ণ; বিকসিত।

প্রস্ফোটনম্—বি, ক্লী (প্র—স্ফুট—করণ—ল্যুট্) কুলা, সূর্প (ভাবে—অনট্) প্রকাশিত হওয়া। তাড়ন। বিদারণ।

প্রস্রবণম্—বি, ক্লী (প্র—স্রু—কর্ত্তৃ—ল্যুট্) ঝরণা, নির্ঝর। (ভাবে—অনট) ক্ষরণ। পুং (অপা—অন) মাল্যবান পর্ব্বত।

প্রস্রাবঃ—বি, পুং (প্র—স্রু—কর্ম্ম—ঘঞ্) মূত্র।

প্রস্বাপন—বি-ণ (প্র—স্বপ—ণিচ্—ল্যুট্) নিদ্রাজনক। ক্লী; নিদ্রাকর্ষক অস্ত্র বিং জৃম্ভকাস্ত্র।

প্রহত—বি-ণ; আঘাতপ্রাপ্ত। তাড়িত। বাদিত। ক্ষুণ্ণ, যাহা মাড়ান হইয়াছে,

প্রহরঃ—বি, পুং (প্র—হৃ—অধি—অল্) দিবারাত্রের আট ভাগের এক ভাগ। যাম।

প্রহরণম্—বি, ক্লী (প্র—হৃ—করণ—ল্যুট্) অস্ত্রশস্ত্র। আচ্ছাদিত শকট। (অধি—ল্যুট্) যুদ্ধ। (ভাবে—ল্যুট্ প্রহার।

প্রহরী (রিন্)—বি, পুং (প্রহর—ইন্) চৌকীদার। স্ত্রী; রিণী।

প্রহসনম্—বি, ক্লী; অতিশয় হাস্য। ব্যঙ্গোক্তি। হাস্যরস প্রধান নাটক বিং।

প্রহস্তঃ—বি, পুং; বিস্তৃত অঙ্গুলিযুক্ত হস্ত। চপেট।

প্রহারঃ—বি, পুং; আঘাত। যুদ্ধ।

প্রহাসঃ—বি, পুং; শিব। নট। সোমতীর্থ। অট্টহাস।

প্রহিঃ—বি, পুং (প্র—হৃ—অপা—ডি) কূপ।

প্রহিত—বি-ণ (প্র—ধা—কর্ম্ম—ক্ত) প্রক্ষিপ্ত। প্রদীপ্ত। প্রেরিত। দত্ত। নিরস্ত।

প্রহৃত—বি-ণ (প্র—হৃ—কর্ম্ম—ক্ত) যাহাকে প্রহার করা হইয়াছে।

প্রহেলিকা—বি, স্ত্রী (প্র—হিল—করণ—অল্—কণ্—আপ্) হেঁয়ালি, কূটপ্রশ্ন।

প্রহ্লাদ(হ্লা)—বি, পুং; হিরণ্যকশিপুর পুত্র।

প্রহ্লাদনম্—বি, ক্লী (প্র—হ্লাদ—ণিচ্—ভাবে ল্যুট্) আনন্দোৎপাদন। বি-ণ (কর্ত্তৃ—অন) আনন্দজনক।

প্রহ্ব—বি-ণ (প্র—হ্বে—বন্) নম্র, বিনীত। আসক্ত।

প্রাংশু—বি-ণ; উচ্চ।

প্রাক্ (চ্)—অব্য; পূর্বে। অগ্রে।

প্রাকাম্যঃ—বি, পুং (প্রকাম—ষ্যঞ্) ঐশ্বর্য্য বিং, যথেষ্টাচরণ।

প্রাকারঃ—বি, পুং (প্র—আ—কৃ—কর্ম্ম—ঘঞ্) প্রাচীর। বেষ্টন।

প্রাকৃত—বি-ণ (প্র—অকৃত) নীচ, অধম। (প্রকৃতি—ষ্ণ) ভাষা বিং, চলিত ভাষা। প্রকৃতি সম্বন্ধীয়, স্বাভাবিক।

প্রাক্তন—বি-ণ (প্রাচ্—ষ্টন) পূর্বকালীন। জন্মান্তর সম্বন্ধীয়।

প্রাখর্য্যম্—বি, ক্লী (প্রখর—ষ্যঞ্) প্রখরতা।

প্রাগল্ভ্যম্—বি, ক্লী (প্রগল্ভ—ষ্যঞ্) ঔদ্ধত্য।

প্রাগ্‌জ্যোতিষঃ—বি, পুং আসামের অন্তর্গত কামরূপদেশ। তদ্দেশীয় লোক।

প্রাগ্রভাগঃ—বি, পুং; অগ্রভাগ। উৎকর্ষ। শৈলাগ্র।

প্রাগ্রহর/প্রাগ্র্য—বি-ণ, শ্রেষ্ঠ

প্রাঘারঃ—বি, পুং (প্র—আ—ঘৃ—ভাবে—ঘঞ্) যজ্ঞে ঘৃতাদি সেচন। ক্ষরণ।

প্রাঘুণিকঃ—বি, পুং; অতিথি।

প্রাঙ্গনম্ (ণ)—বি, ক্লী প্রশস্তভূমি। পণববাদ্য। (অঙ্গি—ল্যুট্) উঠান।

প্রচীন—বি-ণ (প্রাচ্—খ) পূর্ব্বকালীন। পুরাতন। বৃদ্ধ।

প্রাচীনকুলম্—ক্লী, পূর্বদিগভিমুখ দর্ভ।

প্রচীনবর্হিঃ (স)—বি, পুং; ইন্দ্র।

প্রাচীনাবীত—বি, ক্লী; দক্ষিণ স্কন্ধে লম্বিত যজ্ঞসূত্র।

প্রাচীরম্—বি, ক্লী (প্র—আ—চি—কর্ম্ম—ক্রন্) প্রান্তস্থিত আবরণ। বেষ্টন।

প্রাচুর্য্যম্—বি, ক্লী (প্রচুর—ষ্ণ্য) আধিক্য।

প্রাচেতসঃ—বি, পুং (প্রচেতস্—ষ্ণ) বাল্মীকি। বরুণপুত্র।

প্রাচ্য—বি-ণ (প্রাচ্—ষ্ণ্য) পূর্ব্বদেশীয়।

প্রাজকঃ—পুং (প্র—অজ + ণ্বুল) সারথি।

প্রাজনম্—বি, ক্লী (প্র—অজ—ণিচ্ + ল্যুট্) গবাদির তাড়নদণ্ড, পাঁচনি।

প্রাজাপত্য—বি, পুং (প্রজাপতি—ষ্ণ্য) বিবাহ বিং। ক্লী; ব্রত বিং। বি-ণ; প্রজাপতিসম্বন্ধীয়।

প্রাজিতৃ—পুং (প্র—অজ + তৃচ্) সারথি।

প্রাজ্ঞ—বি-ণ প্র-জ্ঞা—ক—অন্) বিজ্ঞ। নিপুণ। বি, পুং; পণ্ডিত।

প্রাজ্য—বি-ণ; (প্র—অন্জ + ক্যপ্) প্রচুর।

প্রাঞ্জল—বি-ণ (প্র—অন্জ—কর্ম্ম—অলচ্) যাহা অনায়াসে বুঝা যায়, সরল।

প্রঞ্জলি—বি-ণ; যে অঞ্জলি বন্ধন করিয়াছে, বদ্ধাঞ্জলি।

প্রাড্ বিবাকঃ—(প্রচ্ছ্—কর্ত্তৃ—ক্বিপ্—প্রাট্—বি—বচ—কর্ত্তৃ—ঘঞ্)
প্রাড্‌বিবেক—(প্রাট্—বি—বিচ্—কর্ত্তৃ—ঘঞ্) বি, পুং প্রধান বিচারক।

প্রাণঃ—বি, পুং (প্র—অন—করণ—অল) হৃদয়স্থিত বায়ু। বল। জীবন। বহু—প্রাণ, অপান, সমান, উদান, ব্যান এই দেহস্থ পঞ্চবায়ু।

প্রাণনম্—বি, ক্লী (প্র—অন—ভাবে—ল্যুট্) জীবনধারণ।

প্রাণন্তঃ—পুং (প্র + অন + ঝ) বায়ু।

প্রাণনাথঃ—বি, পুং; পতি।

প্রাণসংযমঃ—বি, পুং; প্রাণবায়ুর নিরোধ।

প্রাণায়ামঃ—বি, পুং; নাসিকা দ্বারা বায়ুর পূরণ, রোধ, রেচনরূপ ব্যাপার।

প্রাণিদ্যূতম্—বি, ক্লী; পণ রাখিয়া মেষকুক্কুটাদির যুদ্ধ করান।

প্রাণী(ণিন্)—বি, পুং (প্রাণ—ইন্)জীব। জন্তু।

প্রাণেশঃ প্রাণেশ্বরঃ—পুং পতি। বায়ু।

প্রাণেশা, প্রাণেশ্বরী—স্ত্রী প্রিয়া, ভার্যা।

প্রাতঃ (র)—অব্য; প্রভাত।

প্রাতঃকৃত্যম্—বি, ক্লী; প্রাতঃকালীন কর্ত্তব্যকর্ম্ম।

প্রাতঃসন্ধ্যা—স্ত্রী রাত্রির পর ভাবি সুর্যোদয়ের পূর্বে দণ্ড চতুষ্টয়াত্মক কাল।

প্রাতরাশঃ—বি, পুং (প্রাতর্—অশ—ভাবে—ঘঞ্) প্রাতঃকালীন ভোজন।

প্রাতিকুল্যম্—বি, ক্লী (প্রতিকুল—ষ্ণ্য) প্রতিকুলাচরণ।

প্রাতিপদিকম্—বি, ক্লী; বিভক্তিশূন্য ব্যক্তিবাচক বা বিশেষণবাচক শব্দ, নাম, লিঙ্গ।

প্রাতিভাব্যম্—বি, ক্লী (প্রতিভূ—ষ্ণ্য) জামিন, হওয়া।

প্রাতিলোম্যম্—বি, ক্লী (প্রতিলোম—ষ্ণ্য) বৈপরীত্য।

প্রাতিশাখ্যম্—বি, ক্লী (প্রতিশাখা—ষ্ণ্য) বেদশাখাসম্বন্ধীয় ব্যাকরণ বিং।

প্রাতিস্বিক—বি-ণ (প্রতিস্ব—ঠক) স্বকীয়। অসাধারণ।

প্রাত্যয়িক—বি-ণ (প্রত্যয়—ঠক) বিশ্বস্ত। বি, পুং; জামিন।

প্রাথমিক—বি-ণ (প্রথম—ঠক) প্রথমকালীন, আদ্য।

প্রাদুর্ভাবঃ—বি, পুং (প্রাদুস্—ভূ—ভাবে—ঘঞ্) প্রকাশ। আবির্ভাব।

প্রাদুঃ (স)—অব্য; (প্র—অদ্ + উসি) প্রকাশ।

প্রাদেশঃ—বি, পুং; (প্র—দিশ্ + ঘঞ্) তজ্জনী ও অঙ্গুষ্ঠ বিস্তৃত করিলে একের অগ্র হইতে অপরের অগ্রপর্য্যন্ত পরিমাণ।

প্রাদেশনম্—বি, ক্লী, (প্র—আ-দিশ + ল্যুট্) দান, উপহার।

প্রাধান্যম্—বি, ক্লী (প্রধান—ষ্ণ্য) শ্রেষ্ঠতা, উৎকর্ষ।

প্রাধ্যয়নম্—ক্লী, সম্যক অধ্যয়ন।

প্রাধ্ব—বি-ণ ; (প্র—অধ্বন্ + অ) দূরপথ, নম্র, বদ্ধ।

প্রাধ্বম্—অব্য, (প্র—আ—ধ্বন্ + ডমি) আনুকূল্য।

প্রান্তম্—বি, পুং; শেষ সীমা।

প্রান্তরম্—বি, ক্লী; বৃক্ষজলাদি শূন্য দূরপথ, মাঠ। বন।

প্রাপক—বি-ণ; যে পায়, যে পাওয়ায়।

প্রাপণম্—বি, ক্লী (প্র—আপ—ভাবে—ল্যুট্) প্রাপ্তি (ণিচ্-অনট্) পাওয়ান।

প্রাপিত—বি-ণ (প্র—আপ—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহা বা যাহাকে পাওয়ান হইয়াছে।

প্রাপ্ত—বি-ণ (প্র—আপ—কর্ম্ম—ক্ত) লব্ধ। (কর্ত্তৃ—ক্ত) উপস্থিত।

প্রাপ্তকাল—বি-ণ; যে কোন কার্য্যের অবসর পাইয়াছে। আসন্ন মৃত্যু।

প্রাপ্তরূপ—বি-ণ; রমণীয়। উচিত। বিজ্ঞ।

প্রাপ্তব্যবহার—বি-ণ; বয়ঃপ্রাপ্ত, যে নাবালক নয়।

প্রাপ্তিঃ—বি, স্ত্রী (প্র—আপ—ভাবে—ক্তি) লাভ। উপস্থিতি।

প্রাপ্য—বি-ণ (প্র-আপ—কর্ম্ম—ণ্যৎ) পাইবার যোগ্য, লভ্য।

প্রাভাতিক—বি-ণ (প্রভাত-ষ্ণিক) প্রাতঃকালীন।

প্রাভৃতম্—বি, ক্লী; উপঢৌকন দ্রব্য। নৈবেদ্য।

প্রামাণিক—বি-ণ (প্রমাণ—ষ্ণিক) প্রমাণসিদ্ধ। বিশ্বাস্য। বি, পুং; পণ্ডিত। অধ্যক্ষ।

প্রামাণ্যম্—বি, ক্লী (প্রমাণ—ষ্ণ্যঞ্) বিশ্বাসযোগ্যতা।

প্রামিতিক—বিণ- (প্রমিতি + ঠক্) যথার্থজ্ঞানসম্বন্ধীয়।

প্রায়ঃ—বি, পুং (প্র—অয়—ভাবে—অল্) ইচ্ছা পূর্ব্বক অনশন মৃত্যু। উপবাস। বাহুল্য। বি-ণ (র্দ্ধ-অন) শব্দের পরবর্ত্তী হইলে তুল্য।

প্রায়শঃ (স্)—অব্য (প্রায়—শস্) বাহুল্যরূপে, সচরাচর।

প্রায়শ্চিত্তম্—বি, ক্লী (প্রায়স্—চিত্ত) পাপক্ষয়সাধন কর্ম্ম।

প্রায়শ্চিত্তী (ত্তিন্)—বি-ণ (প্রায়শ্চিত্ত—ইন্) প্রায়শ্চিত্ত করিবার যোগ্যব্যক্তি।

প্রায়ঃ (স)—অব্য; (প্র—অয়্—অসুন্) বাহুল্য।

প্রায়োপবেশনম্—বি, ক্লী; ইচ্ছাপূর্ব্বক অনশনে মরবার জন্য উপবেশন।

প্রায়োপদ্বীপঃ—বি, পুং; যে ভূভাগের প্রায় চতুর্দ্দিকে জল।

প্রারব্ধ—বি-ণ (প্র—আ—রভ—কর্ম্ম—ক্ত) যাহা আরব্ধ হইয়াছে। বি, ক্লী; পূর্ব্ব-জন্মের হেতুভূত অদৃষ্ট।

প্রারম্ভঃ—বি, পুং; উপক্রম। কার্য্য।

প্রারিপ্সিত—বি-ণ (প্র—আ—রভ—সন্—কর্ম্ম—ক্ত) যাহা আরম্ভ করিতে ইচ্ছা করা যায়।

প্রার্থনা—বি, স্ত্রী (প্র—অর্থ—ভাবে—অন + আপ্) বাঞ্ছা। আক্রমণ। অবরোধ। হিংসা।

প্রার্থনীয়—বি-ণ (প্র—অর্থ—কর্ম্ম—অনীয়) প্রার্থনার যোগ্য।

প্রার্থয়িতা (তৃ)—বি-ণ (প্র—অর্থ—কর্ত্তৃ—তৃণ) যাচক।

প্রার্থিত—বি-ণ (প্র—অর্থ—কর্ম্ম—ক্ত) যাচিত। আক্রান্ত।

প্রালম্ব—বি, ক্লী; (প্র—আ + লম্ব + অচ্) হার বিং। সরল ভাবে লম্বমান মাল্য।

প্রালেয়ম্—বি, ক্লী (প্র—আ—লী—কর্ত্তৃ—য) হিম।

{ প্রাবরণম্—বি, ক্লী; (প্র—আ + বৃ + ল্যুট্)
{ প্রাবারঃ—বি, পুং; (প্রা—আ—বৃ + ঘঞ্) উত্তরীয় বস্ত্র।

প্রাবৃতিঃ—বি, স্ত্রী (প্র—আ—বৃ—করণ—ক্তি) বেড়া (ভাবে—ক্তি) আবরণ।

প্রাবৃট্ (ষ্)—বি, স্ত্রী (প্র—বৃষ—অধি—ক্বিপ্) বর্ষাকাল।

প্রাবৃষেণ্য—বি-ণ (প্রাবৃষ—এন্য) বর্ষাকালীন।

প্রাশনম্—বি, ক্লী (প্র—অশ + ল্যুট্) ভোজন।

প্রাশ্নিক—বি-ণ (প্রশ্ন + ঠক্) প্রশ্নোত্তর দানে নিপুণ।

প্রাসঃ—বি, পুং (প্র—অস—কর্ম্ম—অল) অস্ত্র বিং, যাহা নিক্ষেপ করিতে হয়, কুন্ত।

প্রাসঙ্গঃ—পুং (প্র—সন্জ + ঘঞ্) দম্য বাছুরের স্কন্ধে শিক্ষার্থ যুক্ত যুগকাষ্ঠ।

প্রাস্থানিক—বি-ণ (প্রস্থান—ষ্ণিক) প্রস্থানকালোচিত।

প্রাসাদ—বি, পুং (প্র—আ—সদ + ঘঞ্) দেবতা বা রাজার ইষ্টকালয়। ইষ্টকালয়।

প্রাসাদিক—বি-ণ (প্রাসাদ + ঠক্) প্রসাদসূচক।

প্রাসিক—বি-ণ (প্রাস + ঠক্) কুন্ত যোদ্ধা।

প্রাস্ত—বি-ণ (প্র—অস্ + ক্ত) ক্ষিপ্ত। প্রদত্ত।

প্রাহ্ণঃ—বি, পুং (প্র—অহন—টচ্) পূর্ব্বাহ্ণ।

প্রাহ্নেতরাম্—অব্য (প্রাহ্নে—চতরাম) অতি প্রত্যূষে।

প্রিয়—বি-ণ (প্রী—কর্ত্তৃ—ক) অনুরাগ-ভাজন। রমণীয়। বিং, পুং; স্বামী। স্ত্রী; য়া—ভার্য্যা।

প্রিয়ংবদ—বি-ণ (প্রিয়—বদ—খচ্) প্রিয়ভাষী। বি, পুং; গন্ধর্ব্ব বিং।

প্রিয়কঃ—বি, পুং (প্রিয়—কণ্) কদম্ববৃক্ষ। চিত্রমৃগ। কুঙ্কুম। শ্যামলতা।

প্রিয়ঙ্কর—বি-ণ (প্রিয়—কৃ—খচ্) প্রিয়কারী। স্ত্রী; রা।

প্রিয়ঙ্গুঃ—বি, স্ত্রী (প্রিয়—গম—কর্ত্তৃ—ড়ু) শ্যামলতা, ফলিনীলতা।

প্রিয়তম—বি-ণ (প্রিয়—তম) অত্যন্ত প্রিয়।

প্রিয়দর্শন—বি-ণ, সুদৃশ্য।

প্রিয়দেবন—বি-ণ অক্ষক্রীড়া প্রিয়।

প্রিয়ব্রতঃ—বি, পুং; স্বায়ম্ভুব মনুর জ্যেষ্ঠপুত্র।

প্রীণনম্—বি, ক্লী (প্রী—ণিচ্ + ল্যুট্) প্রীতিজনন। তর্পণ।

প্রীণিত—বি-ণ (প্রী—ণিচ্—কর্ম্ম—ক্ত) তোষিত, তর্পিত।

প্রীত—বি-ণ (প্রী—কর্ত্তৃ—ক্ত) তৃপ্ত, তুষ্ট।

প্রীতিঃ—বি, স্ত্রী (প্রী—ভাবে—ক্তি) তৃপ্তি। সন্তোষ। প্রেম ইচ্ছা।

প্রেক্ষণম্—বি, ক্লী (প্র—ঈক্ষ—ভাবে + ল্যুট্) দর্শন। (কারণ—ল্যুট্) চক্ষু।

প্রেক্ষণীয়—বি-ণ (প্র—ঈক্ষ—কর্ম্ম—অনীয়) সম্যকদর্শনীয়।

প্রেক্ষা—বি, স্ত্রী (প্র—ঈক্ষ—ভাবে—অ + আপ্) পর্য্যালোচনা। দৃষ্টি। নৃত্যদর্শন।

প্রেক্ষাগৃহম্—বি, ক্লী; নাচঘর। মানমন্দির। দর্শনার্থ স্তরে স্তরে নির্ম্মিত উপবেশন বিং, গ্যালারি, পর্য্যবেক্ষণিকা।

প্রেক্ষাবান্ (বৎ)—বি-ণ (প্রেক্ষা—মতুপ্) বিবেচক। বুদ্ধিমান।

প্রেঙ্খা—বি, স্ত্রী (প্র—ইন্খ + অঙ্ + টাপ্) দোলা। (ভাবে—অ) আন্দোলন।

প্রেঙ্খিত—বি-ণ (প্র—ইন্খ—কর্ম্ম—ক্ত) দোলিত। চালিত। কম্পিত।

প্রেঙ্খোলনম্—বি, ক্লী (প্রেঙ্খোল + ল্যুট্) দোলন। চলন।

প্রেত—বি, পুং (প্র—ই—কর্ত্তৃ—ক্ত) পিশাচ। বি-ণ; মৃত। স্ত্রী; তা—প্রেতনদী।

প্রেতকর্ম্ম (র্মন্)—বি, ক্লী; দাহ, সপিণ্ডীকরণাদি কার্য্য।

{ প্রেতগৃহম্—
{ প্রেতবনম্—বি, ক্লী; শ্মশান।

প্রেতনদী—বি, স্ত্রী; বৈতরণী নদী।

প্রেতপতিঃ, প্রেতরাজঃ—বি, পুং যমরাজ।

প্রেত্য—অব্য; পরলোকগত। লোকান্তরিত।

প্রেত্যভাবঃ—বি, পুং মরণান্তর, পুনর্জন্ম।

প্রেপ্সু—বি-ণ (প্র—আপ্ + সন্ + উ) প্রাপ্তেচ্ছু, লিপ্সু।

{ প্রেম (মন্)—বি, ক্লী;
{ প্রেমা (মন্)—বি, পুং (প্রিয়—ইমন্) প্রণয়। স্নেহ। পরিহাস।

প্রেমিক—বি-ণ (প্রেমন—ষ্ণিক) প্রণয়ী, অনুরক্ত।

প্রেয়ান্ (য়স)—বি-ণ (প্রিয়—ঈয়সু)অতিশয় প্রিয়। স্ত্রী; য়সী।

{ প্রেরণম্—(প্র—ঈর + ল্যুট্)
{ প্রেষণম্—(প্র—ঈষ + ল্যুট্) বি, ক্লী; পাঠান, বিয়োগ।

{ প্রেরিত—(প্র—ঈর—কর্ম্ম—ক্ত)
{ প্রেষিত—(প্র—ইষ—কর্ম্ম—ক্ত) বি-ণ; যাহাকে পাঠান হইয়াছে, নিয়োজিত।

প্রেষ্ঠ—বি-ণ (প্র + ইষ্ঠ) প্রিয়তম। পতি। স্ত্রী—আ—প্রিয়তমা। পত্নী। জঙ্ঘা।

প্রেষ্য—বি-ণ (প্র—ঈষ—কর্ম—ণ্যৎ) প্রেরণের যোগ্য, দূত দাস।

প্রোক্ষণম্—বি, ক্লী (প্র—উক্ষ + ল্যুট্) সেচন। যজ্ঞাদিতে পশুবধ।

প্রোক্ষিত—বি-ণ (প্র—উক্ষ—কর্ম্ম—ক্ত) সিক্ত। যজ্ঞাদিতে হত। যজ্ঞে সংস্কৃত।

প্রোজ্ঝিত—বি-ণ (প্র—উজ্ঝ—কর্ম্ম—ক্ত) পরিত্যক্ত।

প্রোঞ্ছনম্—বি, ক্লী (প্র—উঞ্ছ + ল্যুট্) পোঁছ, মার্জন।

প্রোত—বি-ণ (প্র—বে—কর্ম্ম—ক্ত) যাহা সেলাই করা হইয়াছে। স্যূত। গ্রথিত। খচিত। যাহা পোঁতা হইয়াছে। ভূগর্ভনিহিত। অন্তর্বিদ্ধ।

প্রোৎসাহঃ—বি, পুং—অতিশয় উৎসাহ। উত্তেজনা।

প্রোৎসাহিত—বি-ণ (প্র—উৎ—সহ—ণিচ্—কর্ত্তৃ—ক্ত) উত্তেজিত।

প্রোথঃ—বি, পুং, ক্লী (প্রু—কর্ত্তৃ—থন্) অশ্বের নাসিকা। পুং; কটীদেশ। বি-ণ; ভ্রমণকালীন। প্রোথিত। স্থাপিত।

প্রোথিত—বি-ণ (প্রোথ—কর্ম্ম—ক্ত) পোঁতা, ভূগর্ভনিহিত।

প্রোদ্ভিন্ন—বিণ (প্র + উদ্ভিন্ন) সম্যগ্ উদ্ভূত।

প্রোল্লিখনম্—বি-ণ (প্র—উৎ + লিখ + ল্যুট্) নখাদিদ্বারা চিহ্নকরণ।

প্রোষিত—বি-ণ (প্র—উষিত) বিদেশস্থ। নিবৃত্ত।

প্রোষিতভর্ত্তৃকা—বি, স্ত্রী; যে নারিকার পতি বিদেশস্থ।

প্রোষ্ঠঃ—বি, পুং
প্রোষ্ঠী—বি, স্ত্রী; পুঁটীমাছ; দেশবিশেষ।

প্রোহ—বি, পুং (প্র—উহ—ভাবে—অল্) তর্ক। বি-ণ; (কর্ত্তৃ—অন্) তার্কিক। নিপুণ।

প্রৌঢ়—বি-ণ (প্র—উঢ়) প্রবৃদ্ধ। প্রগলভ। প্রবীণ। স্ত্রী—ঢ়া। ৩০ হইতে ৫৫ বর্ষীয় পুরুষ বা স্ত্রী।

প্রৌঢ়পাদ—আসনে পদতল রাখিয়া উপবিষ্ট।

প্রঢ়িঃ—বি, স্ত্রী (প্র—উঢ়ি) সামর্থ্য। ঔৎসুক্য। উদ্যম। উন্নতি। প্রতিভা।

প্রৌঢ়িবাদঃ—পুং হঠোক্তি।

প্লক্ষঃ—বি, পুং; পর্কটীবৃক্ষ, পাকুড়গাছ। দ্বীপবিং।

প্লবঃ—বি, পুং (প্লু ভাবে—অল্) লম্ফন। সন্তরণ। (অধি—অল্) ক্রমনিম্নভূমি। (কারণ—অল্) ভেলা। (কর্ত্তৃ—অন) বানর। ভেক। জলচর পক্ষী।

প্লবকুম্ভঃ—বি, পুং; সন্তরণ কলস।

প্লবগঃ—পুং (প্লব—গম—কর্ত্তৃ—ড)।
প্লবঙ্গঃ—পুং (প্লব—গম্—খচ্)।
প্লবঙ্গমঃ—(প্লব—গম—কর্ত্তৃ—খচ্) বি, পুং; বানর ভেক। মৃগ বিং।

প্লবনম্—বি, ক্লী (প্লু + ল্যুট্) লম্ফন। সন্তরণ। প্লাবন।

প্লাবনম্—বি, ক্লী (প্লু—ণিচ্ + ল্যুট্) জলে ভাসিয়া যাওয়া। অভিষেক।

প্লাবিত—বি-ণ (প্লু—ণিচ্—কর্ম্ম—ক্ত) জলাদি—দ্বারা ব্যাপ্ত।

প্লীহা (হন)—বি, পুং (প্লি—হ—কর্ত্তৃ—কনিন) রোগ বিং, পিলা।

প্লুত—বি, ক্লী (প্লু—ভাবে—ক্ত) লম্ফ। অশ্বের গতি বিং। পুং (কর্ত্তৃ—ক্ত) ত্রিমাত্রোচ্চার্য স্বর।

প্লুতিঃ—স্ত্রী (প্লু + ক্তিন্) প্লবন। লাফিয়ে যাওয়া, ত্রিমাত্রিক উচ্চারণ।

প্লুষ্ট—বি-ণ (প্লুষ—কর্ম্ম—ক্ত) দগ্ধ।

প্লোষঃ—বি, পুং (প্লুষ + ঘঞ্) প্লোষণম্—(প্লুষ + ল্যুট্) দাহ।

প্সাত—বি-ণ (প্সা + ক্ত) ভক্ষিত।

প্সানম্—ক্লী (প্সা + ল্যুট্) ভোজন।

প্সুঃ—পুং (প্সা + কু)—রূপ।

ফ

ফঃ—বি, পুং; ২২শ ব্যঞ্জনবর্ণ। ঝঞ্ঝাবাত। স্ফীতি। বর্ধক। জৃম্ভণ।

ফক্কিকা—বি, স্ত্রী (ফক্ক—করণ—কিকন্—আপ্) কূটপ্রশ্ন, ফাঁকী।

ফট্—অব্য; মন্ত্রাংশ বিং।

ফণঃ—বি, পুং।
ফণা—বি, স্ত্রী; সর্পের বিস্তৃত মস্তক।

ফণাধরঃ, ফণাভৃৎ—(ফণা—ভৃ + ক্বিপ্)
ফণাবৎ—(ফণা + মতুপ্) সর্প।

ফণী (ণিন্)—বি, পুং (ফণা—ইন্) সর্প।

ফণিভুক্ (জ)—পুং; ফণিন্—ভুজ + ক্বিপ্) গরুড়, ময়ুর।

ফণীন্দ্রঃ—বি, পুং; সর্পরাজ, বাসুকি।

ফরুবকম্—পানদানী, পানের ডিবা।

ফর্ফরীকা—বি. স্ত্রী (স্ফুর + ইকন্ + আপ্) জুতা।

ফৎকারিন্—বি. পুং (ফৎকার + ইন্) পক্ষী।

ফল—বি, ক্লী (ফল—কর্ত্তৃ—অন) বৃক্ষলতাদি হইতে জাত শস্য। লাভ। প্রয়োজন। কার্য্যসিদ্ধি। খড়্গাদির ধার। অস্ত্রাদির অগ্রভাগ ফলা। ঢাল।

ফলক—বি, পুং, ক্লী (ফল—কশ্) ঢাল। তক্তা পাটা, কাষ্ঠাদি পট্ট। অস্ত্রের ফলা।

ফলতঃ—অব্য; বস্তুতঃ, বাস্তবিক।

ফলদ—বি-ণ (ফল—দা—কর্ত্তৃ—ড) যে ফল দান করে। বি, পুং; বৃক্ষ।

ফলনম্—বি, ক্লী (ফল + ল্যুট্) ফল জন্মাইয়া দেওয়া, ফলজনন।

ফলবান্ (বৎ)—(ফল + মতুপ্)
ফলশালী (লিন্)—(ফল—শাল—কর্ত্তৃ—ণিন্) বি-ণ; ফলযুক্ত।

ফলশ্রুতিঃ—বি, স্ত্রী; কর্ম্মের ফলশ্রবণ।

ফলাহারঃ—বি, পুং; অন্ন ব্যতিরিক্ত দ্রব্যাদি ভোজন।

ফলিন—(ফল—ইনচ্)
ফলিত—(ফল—ইত) বি-ণ; ফলযুক্ত।

ফলিতা—বি. স্ত্রী (ফল—ইতচ্—টাপ্) রজস্বলা নারী।

ফলিনী—বি, স্ত্রী; প্রিয়ঙ্গুলতা।

ফলেগ্রহি—বি-ণ (ফল—গ্রহ্—কর্ত্তৃ—ই)
ফলেগ্রাহী—ফলগ্রহণকারী। সফল।

ফলেরুহা—স্ত্রী—(ফল—রুহ + ক + টাপ্) পাটলিবৃক্ষ।

ফলোদয়ঃ—বি, পুং; ফলোৎপত্তি, ফল হওয়া।

ফলোপধায়ক—বি-ণ (ফল—উপ—ধা—কর্ত্তৃ—ণক) ফলজনক।

ফল্গু—বি-ণ (ফল—কর্ত্তৃ—গুক্) অসার। মনোহর। বি, পুং; আবির। বৃথাবাক্য। বসন্তকাল। স্ত্রী; গয়াস্থিত নদী বিং।

ফল্গুন—বি, পুং; ফাল্গুন মাস। অর্জ্জুন। স্ত্রী; নী—নক্ষত্র বিং।

ফল্গুৎসবঃ—বি, পুং; দোলযাত্রা, হোলিকা—উৎসব।

ফল্যম্—বি. ক্লী. (ফল—যৎ) ফুল।

ফণিঃ—বি, স্ত্রী; (স্ফায় + নি) গুড়াদধিমিশ্রত-শক্তু।

ফণিতম্—বি, ক্লী (ফণ—ণিচ্—কর্ম্ম—ক্ত) ফেণিবাতাসা।

ফাণ্টম্—বি, ক্লী (ফণ—কর্ম্ম—ক্ত) অনায়াসে প্রস্তুত। ক্বাথ বিং।

ফালম্—বি, ক্লী (ফল—করণ—ঘঞ্) লাঙ্গলের অগ্রভাগ। পুং—বলদেব। মহাদেব।

ফাল্গুনঃ—বি, পুং; মাস বিং। অর্জ্জুন। নক্ষত্র বিং।

ফাল্গুনিকঃ—বি, পুং (ফাল্গুন—ষ্ণিক) চৈত্রাবধিক দ্বাদশ মাস।

ফাল্গুনী—বি. স্ত্রী; ফাল্গুন মাসের পূর্ণিমা।

ফিঙ্গকঃ—পুং পক্ষিবিশেষ। ফিকির (প্রা—কৌশল।

ফিরঙ্গিন্—বি. পুং (ফিরঙ্গ—ইনি) ইংরেজ।

ফু/ফূ—এবং. অনুকারাত্মক শব্দবিং।

ফুৎকারঃ—বি, পুং; ফুঁ দেওয়া।

ফুল্ল—বি-ণ (ফুল্ল + অচ্) বিকসিত।

ফেনঃ—বি, পুং (স্ফায়—কর্ত্তৃ—ন) ফেনা, গাঁজলা।

ফেনিল—বি-ণ (ফেন—ইল) ফেনযুক্ত।

ফেরবঃ—বি, পুং (ফে—রু—কর্ত্তৃ—অন্) শৃগাল। রাক্ষস। বি ণ; ধূর্ত্ত।

ফেরুঃ—বি, পুং (ফে—রু—ডু) শৃগাল।

ফেলম্—বি, ক্লী (ফেল্—কর্ম্ম—অল্) ত্যক্ত বস্তু। উচ্ছিষ্ট দ্রব্য।

{ ফেলা—(ফেল্ + টাপ্)
{ ফেলিকা—স্ত্রী (ফেল—ইন + ক + টাপ্) উচ্ছিষ্ট, ভুক্তাবশিষ্ট।

ব

বঃ—বি, পুং; ২৩শ ব্যঞ্জনবর্ণ। বরুণ। জল। সিন্ধু। যোনি।

বংহিমা (মন্)—বি, পুং (বহুল—ইমন্) বাহুল্য। আধিক্য।

বংহিষ্ঠ—(বহুল—ইষ্ঠ) বাহুল্য।

বংহীয়ান্ (য়স্)—(বহুল—ঈয়সুন্) বি-ণ; অতিবহুল।

বকঃ—পুং (বঙ্ক—অচ্) পক্ষিবিশেষ ধূর্ত্ত, অসুরবিশেষ।

বকুলঃ—বি পুং; (বঙ্ক—উরচ্) বৃক্ষ।

বকেরুকা—বকেদের বিচরণ স্থান।

বটুঃ—পুং বালক। নিন্দাবচক শব্দ, ব্রহ্মচারী।

বড়বা—বি, স্ত্রী (বল—বা—কর্ত্তৃ—ড) সমুদ্র ঘোটকী। কুট্টনী।

{ বড়বাগ্নিঃ—বি, পুং; সমুদ্রস্থ ঘোটকীর মুখাগ্নি।
{ বড়বানলঃ—বি. পুং;

বড়বাসুতঃ—পুং, অশ্বিনীকুমারদ্বয়।

বড়িশম্—ক্লী, মাছধরার কাঁটা।

বণঃ—পুং, (বন + অচ্) শব্দ।

বণিক্ (জ্)—বি, পুং (পণ—কর্ত্তৃ—ইজ্) ক্রয়বিক্রয়কারী, বেণিয়া।

বণিজ্যম্—ক্লী (বণিজ্ + য) বাণিজ্য। ক্রয়বিক্রয়াদির ব্যবহার।

বণিক্পথঃ—বি, পুং; হট্ট, আপণ।

বত—অব্য—খেদ, দুঃখ প্রভৃতির বাচক।

বতরঃ—বি. পু. (বদ-অরচ্) কুলগাছ। ক্লী-

বদরম্—বি; ক্লী; কুলফল।

{ বদরিকা—
{ বদরী—বি, স্ত্রী; কুলগাছ। কুলফল।

বদরিকাশ্রমঃ—বি, পুং; কাশ্মীরের অন্তর্গত শ্রী নামক নগরে অলকনন্দা নদীর পশ্চিমতীরস্থ ব্যাসদেবের আশ্রম। তীর্থবিং।

বদ্ধ—বি-ণ (বন্ধ—কর্ম্ম—ক্ত) যাহা বাঁধা হইয়াছে, সংযত। গ্রথিত।

বদ্ধমুষ্টিঃ—বি, পুং; কৃপণ।

বধির—বি-ণ (বন্ধ—কর্ত্ত—কিরচ্) কালা, শ্রবণশক্তিহীন।

বধূ—বি, স্ত্রী (বন্ধ—কর্ত্তৃ—উ) পুত্রবধূ। পত্নী।

বধূজনঃ—বি. পুং, নারী।

বধূটী—বি, স্ত্রী; বাল্যবধূ।

বদ্ধমূল—ত্রি, দৃঢ়মূল।

বধ্য—ত্রি (বধ + যৎ) বধযোগ্য।

{ বন্দিঃ—পু. (বন্দ—ইন্)
{ বন্দী—স্ত্রী. (বন্দ—ঙীপ্) বন্ধন। কারাবাস।

বন্ধঃ—বি, পুং (বন্ধ—ভাবে—অল্) বন্ধন। গ্রন্থন। রোধ। (করণ—অল্) বাঁধ। গ্রন্থি। বৃন্ত। বোঁটা।

বন্ধকঃ—বি, পুং (বন্ধ—কর্ম্ম—ণক) গচ্ছিতবস্তু। বি, ক্লী; বন্ধক দেওয়া।

বন্ধকী—বি, স্ত্রী; বন্ধক-ঙীষ্) অসতী স্ত্রী।

বন্ধনম্—বি, ক্লী (বন্ধ—ভাবে—ল্যুট্) বাঁধা, সংযমন। রোধ। (করণ—ল্যুট্) বন্ধনসাধন রজ্জু শৃঙ্খলাদি।

বন্ধনী—বি, স্ত্রী; যে চিহ্নের মধ্যভাগে অনেকরাশি স্থাপিত হইলে তাহা এক রাশি রূপে পরিগৃহীত হয় এই রূপ চিহ্ন, ব্র্যাকেটচিহ্ন। বাঁধার দড়ি।

বন্ধিত্রঃ—বি. পুং; (বন্ধ—ইত্র) কামদেব। চামড়ার পাখা।

বন্ধুঃ—বি, পুং (বন্ধ—কর্ত্তৃ—উ) জাতি, স্বজন। কুটুম্ব। মিত্র।

বন্ধুজীবকঃ—বি, পুং; রক্তবর্ণ পুষ্প বৃক্ষ বিং। ক্লী; তৎপুষ্প, বাঁধুলি।

বন্ধুতা—বি, স্ত্রী, বন্ধুসমূহ। বন্ধুত্ব।

বন্ধুর—বি-ণ (বন্ধ—কর্ত্তৃ—উর) উন্নতানত, উচ্চনীচ। নম্র। রমণীয়।

বন্ধুলঃ—বি, পুং (বন্ধ—কর্ত্তৃ—উল) অসতীর পুত্র। ত্রি-সুন্দর। নম্র।

বন্ধূক—বি, পুং; (বন্ধ-উক) রক্তবর্ণ পুষ্পবৃক্ষ বিং, ক্লী; তৎপুষ্প।

বন্ধ্য—বি-ণ (বন্ধ—কর্ম্ম—ণ্যৎ) নিষ্ফল। বন্ধনযোগ্য।

বন্ধ্যা— বি, স্ত্রী; যে স্ত্রীর সন্তান হয় না।

বভ্রুঃ—বি, পুং; বিষ্ণু। শিব। নকুল। মুনি বিং। যদুবংশীয় ব্যক্তি বিং। দেশ বিং। বি-ণ; বৃহৎ। পিঙ্গলবর্ণ।

বভ্রুবাহনঃ—বি, পুং; মণিপুরের রাজা, ইনি চিত্রাঙ্গদার গর্ভে অর্জ্জুনের ঔরসজাত পুত্র।

বম্ভরঃ—বি, পুং; (ভৃ-অচ্) মধুমক্ষিকা। ভ্রমর।

বর—ক্লী (বৃ + অচ্) কুমকুম, আর্দ্রক, ত্বক। পুং জামাতা, জার। স্ত্রী বরা—গুড়ুচী, ব্রাহ্মী, বিড়ঙ্গ, হরিদ্রা।

বরটঃ—বি, পুং; (বৃ-অটন) একপ্রকার খাবার।

বর্বর—বি-ণ; (বর্ব + অরন্) মূর্খ। বি, পুং; নীচজাতি। বাউরি। দেশ বিং, বাবরি।

বর্বুরম্—ক্লী (বর্ব + উরচ) উদক, পুং, বৃক্ষবিং।

{ বর্হ- }বি, পুং, ক্লী; (বর্হ + অচ্) ময়ূরপুচ্ছ।
{ বর্হা- }স্ত্রী

{ বর্হিণ— }(বর্হ—ইন)
{ বর্হী (র্হিন্) }(বর্হ—ইন্) বি, পুং; ময়ূর।

বল—বি, পুং (বল—কর্ত্তৃ—অন্) বলরাম। দৈত্য বিং। কাক। ক্লী; সামর্থ্য। সার। শুক্র। রক্ত। সৈন্য। স্ত্রী; লা—অস্ত্রবিদ্যা বিং।

বলক্ষঃ—বি, পুং; (বল—ক্ষৈ + ক) শ্বেতবর্ণ।

বলজ—বি, ক্লী; (বল—জন— + ড) শস্য। যুদ্ধ। ক্ষেত্র। পুরদ্বার। পুং; ধান্যরাশি। বিণ; বলজাত।

{ বলদেবঃ—
{ বলভদ্রঃ—বি, পুং; বলরাম।

বলভিৎ (দ্)—বি, পুং; (বল + ভিদ + ক্বিপ্) ইন্দ্র।

বলনম্—বি, ক্লী(বল—ভাবে—ল্যুট্) সঞ্চলন।

বলবান্ (বৎ)—বি-ণ (বল + মতুপ্) বলশালী।

বলাকঃ—বি, পুং; ক্ষুদ্রজাতীয় বকবিং।

বলাকা—বি, স্ত্রী; বকপঙ্ক্তি, কামুকী, বিষকন্টিকা।

বলাৎ—অব্য; বলপূর্বক।

বলাৎকারঃ— বি,পুং; জোরকরে সতীত্বনাশ।

বলানুজঃ—বি, পুং; শ্রীকৃষ্ণ।

বলারাতিঃ—বি, পুং। ইন্দ্র।

বলাবলেপঃ—পুং; বলদর্প।

বলাহকঃ—বি, পুং, (বারি—বাহ—ক্কুন) মেঘ। পর্ব্বত। দৈত্য বিং।

বলিঃ—বি, পুং (বল—কর্ত্তৃ—ই) বিরোচনপুত্র দৈত্য বিং। (করণ—ই) রাজস্ব। আহুতি পূজোপহার। পুজা। স্ত্রী; লি, লী—উদরাদি অঙ্গে তরঙ্গিতমাংস। ভঙ্গী। গুহ্যদ্বারের অভ্যন্তরস্থ মাংস বিং।

বলিত—বি-ণ (বলি—ত) বলিযুক্ত)

বলিপুষ্টঃ—বি, পুং; কাক।

বলিভ—বি-ণ (বলি—ভ) বলিযুক্ত

বলিভুক্(জ)—বি, পুং (বলি—ভুজ—কর্ত্তৃ—ক্বিপ্) কাক।

বলিষ্ঠ—বি-ণ (বলবৎ—ইষ্ঠ) অতিশয় বলবান।

বলিসদ্মনম্—ক্লী, পাতাল।

বলী(লিন্)—বি-ণ (বল—ইন্) বলবান।

বলীয়ান্(য়স্)—বি-ণ (বলবৎ—ঈয়সুন্) অতি বলবান।

বলীবর্দ্দঃ—বি, পুং (বল—বৃধ—কর্ত্তৃ—অন) বলদ।

বহুগন্ধঃ—বি,পু, কন্দরুক। ক্লী;—বৃক্ষত্বগ বিশেষ।

বহুল—(বন্হ—কর্ত্তৃ—কল)

বহু—(বন্হ—কর্ত্তৃ—উ) বি-ণ; অনেক।

বহুদ্র—ত্রি, (বহু + দ্রা + ক) বহুদর্শী।

বহুতিথ—বি-ণ (বহু—তি + থট্) অধিক-পরিমাণ, বহুসংখ্যক।

বহুধা—অব্য, (বহু + ধাচ্) অনেক প্রকার, অনেক বার।

বহুপত্র—পুং পলাণ্ডু। স্ত্রী-পত্রী—তুলসী, বৃহতী, জতুকা।

বহুমানম্— বি, ক্লী; আদর, সম্মান।

বহুল—বি-ণ (বন্হ—কর্ত্তৃ—কুল) অনেক। বি, পুং; কৃষ্ণপক্ষ।

বহুলীকৃত—বি-ণ রাশীকৃত।

বহুবিধ—বি-ণ (বহু—বিধা) অনেকপ্রকার।

বহুব্রীহিঃ—বি, পুং; অন্য পদার্থ প্রধান সমাস-বিং। বি-ণ; বহুধান্যবিশিষ্ট।

বহুশঃ(স্)—অব্য (বহু—শস্) অনেকবার।

বহুশ্রুত—বি-ণ—বহুশাস্ত্রজ্ঞ।

বহ্বাশী (শিন্)—বহুভোজনশীল।

বহ্বৃচ—পুং (বহু—ঋচ্ + অচ্) ঋগ্বেদাধ্যয়নকারী।

বাড়বঃ—বি, পুং (বড়বা—ণ) সমুদ্রসম্বন্ধীয় অগ্নি। ব্রাহ্মণ।

বাণিজ্যম্— বি, ক্লী (বণিজ্—ষ্যঞ্) ক্রয়বিক্রয়।

বাদরঃ—পুং কার্পাসবৃক্ষ।

বাদরায়ণঃ—বি, পুং (বদরী—ষ্ণায়ন) বেদব্যাস।

বাদরায়ণিঃ—বি, পুং (বাদরায়ণ—ষ্ণি) শুকদেব।

বাধঃ—বি, পুং ব্যাঘাত। রোধ। পীড়া।

বাধা—বি, স্ত্রী (বাধ—ঘঞ্—আপ্) ব্যাঘাত, রোধ। উপদ্রব। পীড়া।

বাধক—বিণ, (বাধ—কর্ত্তৃ—ণক) প্রতিবন্ধক। বি, পুং; স্ত্রীরোগ বিং।

বাধনম্—ক্লী (বাধ + ল্যুট্) পীড়া, প্রতিবন্ধ।

বাধিত—বি-ণ (বাধ—কর্ম্ম—ক্ত) ব্যাঘাতপ্রাপ্ত। পীড়িত। বশীভূত।

বাধির্য—ক্লী (বধির + য্যঞ্) শ্রবণশক্তি-রাহিত্য।

বাধ্য—বি-ণ (বাধ—কর্ম্ম—ণ্যৎ) নিবারণযোগ্য, নিষেধ্য। পীড়নীয়। বশীভূত।

বান্ধকিনেয়—ত্রি (বন্ধকী + ঢক) অসতীর পুত্র।

বান্ধবঃ—বি, পুং (বন্ধু—ঞ) আত্মীয়, স্বজন। মিত্র।

বাল—বি, পুং (বল—কর্ত্তৃ—ণ) ১৬ বৎসর পর্য্যন্ত বয়স্ক। কেশ। বি-ণ; নূতন। মূর্খ। পুং, ক্লী; গন্ধদ্রব্য বিং, স্ত্রী-বালা।

বালকঃ—বি, পুং (বাল—কন্) শিশু। অজ্ঞ। অঙ্গুরীয়ক। বলয়। গন্ধদ্রব্য বিং। স্ত্রী—লিকা

বালখিল্যঃ—বি, পুং (বাল—খিল—ঞ) অঙ্গুষ্ঠপর্ব-পরিমিত ষষ্ঠি সহস্র মুনি।

বালগ্রহঃ—বি, পুং; বালকদিগের পীড়াদায়ক উপগ্রহ।

বালধিঃ—বি, পুং (বাল—ধা—কর্ত্তৃ—কি) লোম-যুক্ত লাঙ্গুল। চামর।

বালপাশ্যা—বি, স্ত্রী (বাল-কেশ—পাশ্যা-বন্ধনী) সিঁথি।

বালব্যজনম্—বি, ক্লী; চামর।

বালরাজম্—বি, ক্লী; বৈদুর্যমণি।

বালিহন্—পু, (বালি-হন্-ক্বিপ্) রামচন্দ্র।

বালিঃ—পুং (বাল—ই) কেশ। বানররাজ।

বালী (লিন্)— (বাল—ইন্) বি, পুং; ইন্দ্রের পুত্র, স্বনাম খ্যাত বানর বিং।

বালিকা—বি, স্ত্রী; অল্পবয়স্কা কন্যা।

বালিশ—ত্রি, (বাড়—ইন—শো + ক) মূর্খ, অনবহিত। পুং ক্লী শিশু (বালি—শী + ড) উপাধান।

বালুকা—বি, স্ত্রী (বল—করণ—উণ্—কণ্—আপ্) বালি, সিকতা।

বালেয়ঃ—পুং (বলি + ঢক) রাসভ দৈত্য বিং।

বাল্যম্—বি, ক্লী (বাল—য্যঞ্) ১৬ বর্ষ পর্য্যন্ত—বয়স, শৈশবাবস্থা।

বাষ্পঃ—বি, পুং (বাধ—কর্ত্তৃ—প) নেত্র জল, অশ্রু। সূক্ষ্ম জলকণা। উষ্ম। অশ্রুকণ্ঠ।

বাহঃ—পুং (বহ-ণিচ্-অচ্) ভুজ, অশ্ব।

বাহুঃ—পুং (বাহ + কু) ভুজ।

বাহুক—বি, পুং; (বাহু-কৈক) ঋতুপর্ণ রাজার সারথিবেশধারী নলরাজা। বি-ণ; দাস ভৃত্য।

বাহুলঃ—বি, পুং (বহুল-অন) অগ্নি কার্ত্তিকমাস।

বাহুলকম্—বি, ক্লী(বহুল—অন্—কণ্) ব্যাকরণে একজাতীয় নিপাতন সিদ্ধ-পদ।

বাহুল্যম্—বি, ক্লী (বহুল—ষ্যঞ্) অধিক্য।

বাহ্য—ত্রি (বহিস্ + ষ্যঞ্) বহির্ভব।

বিন্দুঃ—পুং (বিদ + উ) অল্প। অংশ। রাজা-বিং। স্থূলত্ব ও দীর্ঘত্ব হীন পদার্থ। তন্ত্রশাস্ত্রে বীজ বিশেষ। নাট্যশাস্ত্রে অর্থপ্রকৃতি বিং।

বিভ্রক্ষুঃ, বিভ্রজ্জিসুঃ—ত্রি (ভ্রসজ্ + সন্ + উ) দাহেচ্ছু।

বীজম্—ক্লী (বি—জন + ড) অঙ্কুর, কারণ। শুক্র, গণিত বিং।

বীভৎসুঃ—পুং (বধ + সন্ + উ) অর্জুন।

বীভৎসঃ—বি-ণ (বধ—সন্—কর্ম্ম—ঘঞ্) অভিত ঘৃণার্হ। বি, পুং; রসবিং।

বুক্কঃ—বি, ক্লী-রক্ত (বুক—কর্ত্তৃ—অন্) বুক, হৃদয়।

বুদ্ধ—বি, পুং (বুধ—কর্ত্তৃ—ক্ত) বিষ্ণুর অবতার বিং। বিণ; জ্ঞাতজাগরিত।

বুদ্ধিঃ—বি, স্ত্রী (বুধ—ভাবে—ক্তি)জ্ঞান। (কারণ—ক্তি) অন্তঃকরণ।

বুদ্ধিমান্ (মৎ)—বি-ণ (বুদ্ধি—মতুপ্) জ্ঞানী।

বুদ্ধীন্দ্রিয়ম্—ক্লী; চক্ষু, কর্ণ-নাসিকা, জিহ্বা ও ত্বক এই পাঁচ ইন্দ্রিয়।

বুদ্বুদঃ—বি, পুং (বুদ—কর্ম্ম—ক্বিপ্, বুদ—কর্ম্ম—ক, জলবিম্ব।

বুধঃ—বি, পুং (বুধ—কর্ত্তৃ—ক) চন্দ্রের পুত্র, গ্রহ বিং। বিণ, বুদ্ধিমান। বিদ্বান।

বুধাষ্টমী—বি, স্ত্রী; চৈত্রমাস, পৌষমাস এবং হরিশয়ন ভিন্ন সময়ে বুধবার যুক্ত শুক্লাষ্টমী।

বুধ্ন—পুং (বন্ধ্ + নক্) মূল, শিব, অন্তরিক।

বুভুক্ষা—বি, স্ত্রী (ভুজ—সন্ + অ + আপ্) ভোজনেচ্ছা, ক্ষুধা।

বুভুক্ষিত—বি-ণ (বভুক্ষা—ইত) ক্ষুধিত।

বুভুৎসা—বি, স্ত্রী (বুধ—সন + অ-আপ্) জানিবার ইচ্ছা; জিজ্ঞাসা।

বুষ(স)ম্—বি, ক্লী; ভুষি। কুঁড়া। আগড়া। জল

বোধঃ—বি, পুং (বুধ—ভাবে—অল্) জ্ঞান। জাগরণ।

বোধক—বি-ণ (বুধ—ণিচ—কর্ত্তৃ—ণক) যে জাগাইয়া দেয়, জাগরণকারী।

বোধনম্—বি, ক্লী (বুধ—ণিচ্—ভাবে—ল্যুট্) জ্ঞাপন। জাগান।

বোধিত—বি-ণ (বুধ—ণিচ্—কর্ম্ম—ক্ত) জ্ঞাপিত জাগরিত।

বোধিসত্ত্বঃ—বি, পুং; বুদ্ধ।

বৌদ্ধ—বি-ণ (বুদ্ধ—ষ্ণ) বুদ্ধমতাবলম্বী, নাস্তিক।

বৌধায়নঃ—বি, পুং; ঋষিবিং।

ব্রততিঃ—বি, স্ত্রী, (প্র—তন—কর্ম্ম—ক্তি) লতা।

ব্রধ্নঃ—বি, পুং (বন্ধ—কর্ত্তৃ—নক্) বৃক্ষমূল। চর্ম্মলতা। (বুধ—কর্ত্তৃ—নক্) সূর্য্য। শিব। ব্রহ্মা।

ব্রহ্ম(ন্)—বি, পুং (বৃন্হ—কর্ত্তৃ—মন্) ব্রহ্মা। ব্রাহ্মণ। প্রজাপতি। ক্লী; বেদ। পরমেশ্বর। তপস্যা।

ব্রহ্মঘোষঃ—বি, পুং; বেদধ্বনি।

ব্রহ্মচর্য্যঃ—বি, ক্লী (ব্রহ্মন্—চর—ভাবে—য) ব্রহ্মচারীর ধর্ম্ম।

বৃহস্পতিঃ—পুং (বৃহৎ+পতি) গ্রহবিং। আঙ্গি-রস মুনি বি, দেবগুরু।

ব্রহ্মচারী(রিন্)—বি, পুং (ব্রহ্মন্—চর—কর্ত্তৃ—ণিন্) উপনয়নানন্তর গুরু গৃহে বেদাধ্যয়নকারী দ্বিজ। প্রথম আশ্রমধারী। স্ত্রী; রিণী।

ব্রহ্মজীবী—(বি-ণ) বি, পুং (ব্রহ্মন্—জীব—কর্ত্তৃ—ণিন্) বেতন গ্রহণ পূর্বক বেদাধ্যাপক ব্রাহ্মণ। নিন্দিত ব্রাহ্মণ।

ব্রহ্মজ্ঞ—বি-ণ (ব্রহ্মন্—জ্ঞা—কর্ত্তৃ—ড) বেদজ্ঞ। তত্ত্বজ্ঞানী।

ব্রহ্মডিম্বঃ—বি, পুং; ব্রহ্মাণ্ড।

ব্রহ্মণ্যম্—বি, ক্লী (ব্রহ্মন্—ষ্য) ব্রাহ্মণের তেজঃ। ব্রহ্মের ভাব।

ব্রহ্মণ্যদেবঃ—বি, পুং—বিষ্ণু।

ব্রহ্মতীর্থম্—বি, ক্লী; পুষ্কর তীর্থ। অঙ্গুষ্ঠের মূলভাগ।

ব্রহ্মদণ্ডঃ—বি, পুং; ব্রাহ্মণের অভিশাপ। ব্রাহ্মণের যষ্টি।

ব্রহ্মদায়ঃ—বি, পুং; বেদাধ্যয়নানন্তর ব্রাহ্মণদেয়-ধন।

ব্রহ্মদৈত্যঃ—বি, পুং; প্রেতযোনিপ্রাপ্ত ব্রাহ্মণ।

ব্রহ্মপুত্র—বি, পুং; নদ বিং। তীর্থ বিং।

ব্রহ্মপুত্রী—বি, স্ত্রী; সরস্বতী নদী।

ব্রহ্মবন্ধুঃ—বি, পুং; অধম ব্রাহ্মণ।

ব্রহ্মভূয়—বি, ক্লী (ব্রহ্মণ—ভূ—ভাবে—ক্যপ) ব্রহ্মের স্বরূপ, ব্রহ্মসাযুজ্য।

ব্রহ্মযজ্ঞঃ—বি, পুং; বেদের অধ্যয়ন ও অধ্যাপন।

ব্রহ্মযোনিঃ—বি, পুং; পর্ব্বত বিং, ব্রহ্মগিরি।

ব্রহ্মরন্ধ্রম্—বি, ক্লী; শিরোদেশস্থ ব্রহ্মস্থিতি স্থান স্বরূপ ছিদ্র। ব্রহ্মতালু।

ব্রহ্মরাক্ষসঃ—বি, পুং; ব্রহ্মদৈত্য।

ব্রহ্মর্ষিঃ—বি, পুং (ব্রহ্মন্—ঋষি) বশিষ্ঠাদি ব্রাহ্মণ ঋষি।

ব্রহ্মর্ষিদেশঃ—বি, পুং; কুরুক্ষেত্র, মৎস্য, পাঞ্চাল, শূরসেন এই ৪দেশ।

ব্রহ্মবদ্যম্—ক্লী, ব্রহ্মপ্রতিপাদক বাক্য।

ব্রহ্মবর্চ্চসম্—বি, ক্লী (ব্রহ্মন্—বর্চ্চস—অ) বেদাধ্যয়নাদি জনিত ব্রহ্মতেজঃ।

ব্রহ্মবাদী(বিন্) বি-ণ (ব্রহ্মন্—বদ্—কর্ত্তৃ—ণিন্) বেদাধ্যায়ী। বেদান্ত মতাবলম্বী।

ব্রহ্মবিৎ(দ্)—বি, পুং (ব্রহ্মন্—বিদ—কর্ত্তৃ—ক্বিপ্) ব্রহ্মজ্ঞানী। ন প্রহৃষ্যেৎ প্রিয়ং প্রাপ্য নোদ্বিজেৎ প্রাপ্য চাপ্রিয়ং। স্থিরবুদ্ধিরসংমূঢ়ো ব্রহ্মবিদ্ ব্রহ্মণি স্থিতঃ।

ব্রহ্মবিদ্যা—বি, স্ত্রী; ব্রহ্মজ্ঞান।

ব্রহ্মবিন্দুঃ—বি, পুং; বেদপাঠকালে মুখনির্গত নিষ্ঠিবন বিন্দু।

ব্রহ্মবৈবর্ত্তম্—বি, ক্লী (ব্রহ্মন্—বিবর্ত্ত—ষ্ণ) পুরাণ বিং।

ব্রহ্মসাযুজ্যম্—বি, ক্লী; ব্রহ্মসহযোগ। ঈশ্বরস্বরূপ।

ব্রহ্মসত্রম্—বি. ক্লি; ব্রহ্মযজ্ঞ (বেদ অধ্যয়নও অধ্যাপন)।

ব্রহ্মসূঃ—পুং (ব্রহ্মন্ + সূ + ক্বিপ) বিষ্ণুর অনিরুদ্ধ নামক মূর্ত্তি, ঊষাপতি, কাম। কন্দর্প।

ব্রহ্মসূত্রম্—বি, ক্লী; যজ্ঞোপবীত।

ব্রহ্মহা (হন্)—বি-ণ (ব্রহ্মন্—হন—কর্ত্তৃ—ক্বিপ্) ব্রহ্মঘাতী।

ব্রহ্মাঞ্জলিঃ—বি, পুং; বেদাধ্যয়ন কালে গুরু সমীপে অঞ্জলি।

ব্রহ্মাণী—বি, স্ত্রী (ব্রহ্মন্—ঈপ্) ব্রহ্মার শক্তি, দেবী বিং।

ব্রহ্মাণ্ডম্—বি, ক্লী; জগৎ।

ব্রহ্মাবর্ত্তঃ—বি, পু; কুরুক্ষেত্রের সন্নিহিত সরস্বতী ও দৃষদ্বতী এই উভয় নদীর মধ্যবর্ত্তী দেশ।

ব্রহ্মার্পণম্—বি, ক্লী; সমস্ত বিষয় ব্রহ্মে সমর্পণ। নাহং কর্ত্তা সর্ব্বমেতদ্ব্রহ্মৈব কুরুতে তথা। এতৎ ব্রহ্মার্পণং প্রোক্তং ঋষিভিস্তত্ত্বদর্শিভিঃ।

ব্রহ্মাস্ত্রম্—বি, ক্লী; অস্ত্র বিং, যে অস্ত্রের দেবতা ব্রহ্মা।

ব্রাহ্ম—বি, ক্লী (ব্রহ্মন্—ষ্ণ) অঙ্গুষ্ঠের মূল দেশ। পুরাণ বিং। বিবাহ বিং। ব্রহ্মার পুত্র। বি-ণ; ব্রহ্মসম্বন্ধীয়। ব্রহ্মজ্ঞ।

ব্রাহ্মণঃ—বি, পুং (ব্রহ্মন্—ষ্ণ) জ্যেষ্ঠবর্ণ, বিপ্র। যোগস্তপোদমো দানং ব্রতং শৌচং দয়া ঘৃণা। বিদ্যা বিজ্ঞানমস্তিক্যমেতৎ ব্রাহ্মণ-লক্ষণম্। স্ত্রী; ণী—ব্রাহ্মণপত্নী। ব্রাহ্মণপত্নী। ব্রহ্মণ জাতীয়া স্ত্রী। বি-ণ; ব্রহ্মজ্ঞ।

ব্রাহ্মণব্রুবঃ—বি, পুং (ব্রাহ্মণ—ব্রূ—কর্ত্তৃ—ক) অপকৃষ্ট ব্রাহ্মণ।

ব্রাহ্মণ্যম্—বি, ক্লী (ব্রাহ্মণ—ষ্য) ব্রাহ্মণের ভাব। ব্রাহ্মণ সমূহ।

ব্রাহ্মমুহূর্ত্তঃ—বি, পুং সূর্য উদয়ের প্রাক্‌কাল।

ব্রাহ্মিকা—বি, স্ত্রী (ব্রাহ্মন্—ষ্ণিক + আপ্) ব্রহ্মনিষ্ঠা স্ত্রী।

ব্রাহ্মী—স্ত্রী (ব্রহ্মন্—ষ্ণ—ঈপ্) ব্রহ্মার শক্তি, দেবী বিং।

ব্রাহ্ম—ত্রি (ব্রাহ্মান + ষ্ণ্যঞ্) ব্রহ্মা সম্বন্ধীয়। পুং নারদ, পারদ, বিবাহবিশেষ ক্লী, পুরাণ বি, দৃশ্য।

ভ

ভঃ—বি, পুং; (ভা-ড) ২৪শ ব্যঞ্জন বর্ণ। শুক্রাচার্য্য। ভ্রমর; নক্ষত্র।

ভক্ত—বি-ণ (ভজ—কর্ত্তৃ—ক্ত) ভক্তিমান্, অনুরক্ত। বি, ক্লী (কর্ম্ম—ক্ত) ভাত, ওদন। বি-ণ; যাহা বিভাগ করা হইয়াছে, বিভক্ত।

ভক্তদাসঃ—বি, পুং; অন্নদাস।

ভক্তিঃ—বি, স্ত্রী (ভজ—ভাবে—ক্তি) পূজ্যব্যক্তির প্রতি অনুরাগ। সেবা। রচনা। ভঙ্গী, উপচার। বিভাগ।

ভক্তিমান্ (মৎ)—বি-ণ (ভক্তি—মতুপ্)—ভক্তিযুক্ত। স্ত্রী; মতী।

ভক্ষক—কি-ণ (ভক্ষ—কর্ত্তৃ—ণক) খাদক, ভোক্তা।

ভক্ষণম্—বি, ক্লী (ভক্ষ—ভাবে + ল্যুট্) ভোজন।

ভক্ষিত—বি-ণ (ভক্ষ—কর্ম—ক্ত) ভুক্ত, খাদিত।

ভক্ষ্য—বি-ণ (ভক্ষ—কর্ম্ম—যৎ) ভক্ষণযোগ্য, খাদ্য।

ভক্ষকারঃ—বি, পুং (ভক্ষ্য—কৃ—কর্ত্তৃ—ষণ) যে ব্যক্তি খাদ্যবস্তু প্রস্তুত করে।

ভগঃ—বি, পুং, ক্লী (ভজ—কর্ম্ম—ঘ) স্ত্রীযোনি, গুহ্যদেশ। যত্ন। মাহাত্ম্য। শ্রী, সৌন্দর্য্য। বীর্য্য। সূর্য্য। কীর্ত্তি। অণিমাদি ঐশ্বর্য্য, বীর্য্য, যশঃ শ্রী, জ্ঞান ও বৈরাগ্য এই যড়্বিধ।

ভগদত্তঃ—বি, পুং; কামরূপের নৃপতি বিশেষ।

ভগন্দরঃ—(ভগ—দৃ—কর্ত্তৃ—থ) গুহ্য দেশে ব্রণ রোগ বিং।

ভগবতী—বি, স্ত্রী; দুর্গা।

ভগবান্ (বৎ)—বি, পুং;ঈশ্বর। ঐশ্বর্য্যাদি ষড়গুণ সম্পন্ন। বি-ণ; পূজ্য।

ভগিনী—(ভগ—ইন্—ঈপ্)।
ভগ্নী—(ভন্জ—কর্ত্ত—ক্ত—ঈপ্) বি, স্ত্রী; সহোদরা, স্বসা।

ভগীরথঃ—বি, পুং; সুর্য্যবংশীয় নৃপতি বিং।

ভগোঃ (গস্)—অব্য; (ভগ—ওস্) সম্মানসূচক সম্বোধন।

ভগ্ন—বি-ণ (ভন্জ—কর্ম্ম—ক্ত) ভাঙ্গা, খণ্ডিত। পরাজিত। নিরস্ত। (কর্ত্তৃ—ক্ত) বিনষ্ট।

ভগ্নদূতঃ—বি, পুং; পলায়িত দূত।

ভগ্নাংশঃ—বি, পুং; যে রাশির দ্বারা একের অংশ ব্যক্ত হয়।

ভঙ্ক্তা (ক্তৃ)—বি-ণ (ভন্জ—কর্ত্তৃ—তৃন্) ভঙ্গকারী।

ভঙ্গঃ—বি, পুং (ভন্জ—ভাবে—ঘঞ্) ভাঙা, ভেদ। পরাজয়। নাশ নিরাস। ভঙ্গী। রচনা। (কারণ—ঘঞ্) তরঙ্গ, ঢেউ।

ভঙ্গিঃ—বি, স্ত্রী (ভন্জ—ভাবে—ইন্) চাতুরী। রচনা। শোভা। ব্যঙ্গ্য। রকম। ভাব বিং। তরঙ্গ।

ভঙ্গিমা (মন্)—বি, পুং (ভঙ্গ=ব্যঙ্গ—ভাবে—ইমন্) ভাব বিং।

ভঙ্গুর—বি-ণ (ভন্জ—কর্ত্তৃ—ঘুর) যাহা সহজে ভাঙ্গিয়া যায়, ভঙ্গপ্রবণ। বক্র, কুটিল। শঠ।

ভজনম্—বি, ক্লী (ভজ—ভাবে—ল্যুট) উপাসনা। সেবা।

ভজ্যমান—বি-ণ (ভন্জ—কর্ম্ম—শানচ্) যাহা ভগ্ন করা হইতেছে, খণ্ড্যমান। (ভজ—কর্ম্ম—শান) যাহাকে সেবা করা হইতেছে, সেব্যমান।

ভঞ্জক—বি-ণ, (ভন্জ—কর্ত্তৃ—ণক) ভগ্নকারী।

ভঞ্জনম্—বি, ক্লী (ভন্জ—ভাবে + ল্যুট্) ভগ্নকরণ।

ভটঃ—বি, পুং (ভট—কর্ত্তৃ—অন্)বীর। যোদ্ধা। বর্ণসঙ্কর জাতি বিং।

ভট্টঃ—বি, পুং (ভট—কর্ত্তৃ—তন্) ভাট, স্তুতি-পাঠক। পণ্ডিতের উপাধিবিং, যে পণ্ডিত কোন একখানি বেদ কণ্ঠস্থ করিয়া মুখে মুখে আদ্যোপান্ত আবৃত্তি করিতে পারিতেন তাঁহাকেই এই উপাধি দেওয়া হইত।

ভট্টনারায়ণ—বি, পুং; আদিশূরের আনীত পঞ্চ ব্রাহ্মণের একজন।

ভট্টাচার্য্যঃ—বি, পুং; দর্শনশাস্ত্রজ্ঞ। বেদাধ্যায়ী। অধ্যাপক।

ভট্টারকঃ—বি-ণ পুং (ভট্ট—কৃ—কর্ত্তৃ—অন্—কন্) নাট্যোক্তিতে রাজা। রবি। পণ্ডিত। বি-ণ; পূজনীয়।

ভট্টিনী—বি, স্ত্রী (ভট্ট—ইন্—ঈপ্) নাট্যোক্তিতে অকৃতাভিষেকা মহিষী।

ভণিত—বি-ণ (ভণ—কর্ম্ম—ক্ত) কথিত।

ভডঃ—বি. পুং (ভণ্ড—অচ্) একপ্রকার মিশ্রজাতি।

ভডিলঃ—বি. পুং (ভণ্ড—ইলচ্) নেতা, যোদ্ধা, ভৃত্য।

ভণিতিঃ—স্ত্রী (ভন + ক্তিন্) কথন।

ভণ্ডঃ—বি, পুং (ভন্ড—কর্ত্তৃ—অন্) যে সর্ব্বদাই কৌতুক করে, কৌতুকী, ভাঁড়। কপটী, অপ্রকৃত।

ভণ্ডতপস্বী (স্বিন্)—বি-ণ; কপট ধার্ম্মিক।

ভণ্ডিরঃ—পুং (ভণ্ড + ইরচ) শিরীষবৃক্ষ। শিল্পী।

ভদন্তঃ—পুং (ভদ + ঝচ্) বৌদ্ধবিশেষ। ত্রি. পূজিত।

ভদ্র—বি, ক্লী (ভন্দ—কর্ত্তৃ—রক্) মঙ্গল, সৌভাগ্য। স্বর্ণ। মুস্তকবিং। পুং; শিব, খঞ্জন পক্ষী, দিক্‌হস্তি বিং। বি-ণ; সাধু। মঙ্গলজনক। শ্রেষ্ঠ। স্ত্রী; দ্রা।

ভদ্রকালী—বি, স্ত্রী; দেবীর মূর্ত্তি বিং। ইনি দক্ষযজ্ঞ বিনাশ কালে দেবীর ক্রোধ হইতে উৎপন্ন হইয়া বীর ভদ্রের সহিত মিলিত ছিলেন. এইজন্য এইনাম হইয়াছে।

ভদ্রকুম্ভ—বি, পু; মঙ্গলার্থ পূর্ণ কুম্ভ।

ভদ্রমুখ—বি-ণ, ভদ্রতাসূচকমুখযুক্ত, সৌম্যদর্শন।

ভদ্রাকৃত—বি-ণ (ভদ্র—ডাচ্—কৃত) মঙ্গলপূর্ব্বমণ্ডিতমস্তক।

ভদ্রাশ্ব—বি, ক্লী; পৃথিবীর নববর্ষান্তর্গত বর্ষ বিশেষ।

ভদ্রাসনম্—বি, ক্লী; সিংহাসন। বসতবাটী। বীরাসন।

ভন্তরালী—স্ত্রী (ভম্—মর—আ—লা—ক + ঙীষ) মক্ষিকাবিশেষ।

ভয়ম্—বি, ক্লী (ভী—ভাবে—অল্) ত্রাস, শঙ্কা। (অপা—অল্) শঙ্কার হেতু।

ভয়ঙ্কর—বি-ণ (ভয়—কৃ—কর্ত্তৃ—খচ্) ভয়জনক। স্ত্রী; রা;

ভয়ডিণ্ডিমঃ—বি, পুং; রণবাদ্য।

ভয়ানক—বি-ণ (ভী—অপা—আনক) ভয়ঙ্কর। পুং ব্যাঘ্র। রাহু। কাব্যে রসবিং।

ভয়াবহ—বি-ণ; ভয় জনক।

ভরঃ—বি, পুং (ভৃ—ভাবে—অল্)ভার, গুরুত্ব। আধিক্য। ভরণ। পূরণ। সমূহ।

ভরণম্—বি, ক্লী (ভৃ + ল্যুট্) পোষণ। পুরণ। ধারণ। (করণ—ল্যুট্) বেতন।

ভরণী—বি, স্ত্রী; নক্ষত্র বিং।

ভরণ্যভুজ্—ত্রি. (ভরন্য + ভুজ্ ক্বিন্) বৈতনিক।

ভরতঃ—বি, পুং (ভৃ—কর্ত্তৃ—অতচ্) নাট্যশাস্ত্রপ্রণেতা মুনি। দশরথ রাজার মধ্যমপুত্র। দুষ্মন্ত রাজার পুত্র। নট। শালগ্রামবাসী রাজর্ষি বিং।

ভরতাগ্রজঃ—বি, পুং; রামচন্দ্র।

ভরদ্বাজঃ—বি, পুং (ভর—দ্বি—জন—ড) উতথ্যপত্নী মমতার গর্ভে বৃহস্পতির ঔরসজাত মুনি বিং। ভারুই পক্ষী।

ভরিণী—বি, স্ত্রী (ভরিত—ঈপ, নি) হরিদ্বর্ণ বিশিষ্ট।

ভরিত—বি-ণ (ভৃ—কর্ম্ম—ইত) পালিত। পূরিত। হরিদ্বর্ণ যুক্ত।

ভরুঃ—পুং (ভৃ + উন্) স্বামী, স্বর্ণ, শিব।

ভর্গঃ—বি, পুং (ভ্রস্জ—কর্ত্তৃ—ঘঞ্) শিব। সূর্য্যমণ্ডলস্থ ব্রহ্মতেজঃ।

ভর্জনম—বি, ক্লী (ভৃজ—ল্যুট্) ভাজা।

ভর্ত্তা (র্ত্তৃ)—বি, পুং (ভৃ—কর্ত্তৃ—তৃন্)রাজা। পতি। প্রভু। বিণ; পোষণকর্ত্তা। ধারণকর্ত্তা।

ভর্ত্তৃদারকঃ—বি, পুং; নাট্যোক্তিতে রাজকুমার।

ভর্ত্তৃদারিকা—বি, স্ত্রী; নাট্যোক্তিতে রাজকন্যা।

ভর্ত্তৃহরিঃ—বি, পুং; বিক্রমাদিত্যের জ্যেষ্ঠভ্রাতা। বাক্যপদীয় গ্রন্থকর্ত্তা। বৈয়াকরণ কবি বিং, ভট্টিকাব্য প্রণেতা।

ভর্ৎসনম্—বি, ক্লী (ভর্ৎস—ভাবে—ল্যুট্)।

ভর্ৎসনা—বি, স্ত্রী (ভর্ৎস—ভাবে—অন + আপ) নিন্দা। তিরস্কার।

ভর্ৎসিত—বি-ণ (ভর্ৎস—কর্ম্ম—ক্ত) নিন্দিত। তিরস্কৃত।

{ ভর্ম্ম—(ভৃ—করণ—মন্)।
ভর্ম্মা (র্ম্মন)—(ভৃ—করণ—মনিন্) বি, ক্লী স্বর্ণ।

ভল্লঃ—বি, পুং (ভল্ল—কর্ত্তৃ—অন্) ভালুক। পুং স্ত্রী মনসা গাছের পাতার ন্যায় ফলা বিশিষ্ট অস্ত্র বিং, ভালা।

ভল্লকঃ—বি, পুং; ভালুক।

ভল্লাতঃ (ক)ঃ—বি, পুং (ভল্ল—অত—কর্ত্তৃ—অন্—কণ্) বৃক্ষ বিং, ভেলা।

ভল্লু (ল্লূ) কঃ—বি, পুং (ভল্ল—কর্ত্তৃ—উক—উক) ভালুক।

ভবঃ—বি, পুং (ভূ—ভাবে—অল্)স্থিতি। উৎপত্তি, প্রাপ্তি। (অপা—অল) শিব। শিবের জলময়ী মুর্ত্তি হইতে সৃষ্টি হয় বলিয়া এই নাম। (অধি—অল্) সংসার, জগৎ। (কর্ত্তৃ—অন্) মঙ্গল।

ভবদীয়—বি-ণ (ভবৎ—ণীয়) তোমার বা আপনার সম্বন্ধীয়।

ভবনম্—বি, ক্লী (ভূ—অধি—ল্যুট) গৃহ। (ভাবে—ল্যুট্) উৎপত্তি।

ভবভূতিঃ—বি, পুং; স্বনামখ্যাত কবি বিং। শিবের ঐশ্বর্য্য।

{ ভবাদৃক্ (শ্)—(ভবৎ—দৃশ—কর্ম্ম—ক্বিপ্)
ভবাদৃশ—(ভবৎ—দৃশ—কর্ম্ম—টক্) তোমার বা আপনার সদৃশ। স্ত্রী; শী।

ভবান্ (বৎ)—বি, পুং (ভূ—কর্ত্তৃ—ডবতু) তুমি। আপনি। স্ত্রী; বতী।

ভবানী—বি, স্ত্রী (ভব—ঈপ্) ভবপত্নী দুর্গা।

ভবিক—বি, ক্লী (ভব—ষ্ণিক) কল্যাণ। বি-ণ; কল্যাণ জনক। কল্যাণ বিশিষ্ট।

ভবিতব্য—বি-ণ (ভূ—প্রাপ্তি—অর্থে) কর্ম্ম—তব্য) যাহা অবশ্য পাইতে হইবে, অবশ্যম্ভাবী।

ভবিতব্যতা—বি, স্ত্রী; অবশ্যম্ভাবিতা। অদৃষ্ট। ভাগ্য।

{ ভবিষ্য—(ভূ-স্যতৃ—ত লোপ)
ভবিষ্যৎ—(ভূ—কর্ত্তৃ—স্যতৃ) বি-ণ; অনাগত, যাহা ঘটিবে। ক্লী; পুরাণ বিং।

ভব্য—বি, ক্লী (ভূ—কর্ত্তৃ—য) সুখ। সত্য। শুভ। বি-ণ; শুভযুক্ত। শুভজনক। সাধু। যোগ্য। রম্য। ভাবী। সমীচীন।

ভব্যতা—বি, স্ত্রী; ভদ্রতা।

ভষকঃ—বি পুং (ভষ—কর্ত্তৃ—ক) কুকুর।

ভষণম্—বি, ক্লী (ভষ্-ভাবে-ল্যুট্) কুক্কুরের। শব্দ।

{ ভসিত—বি, ক্লী (ভস—কর্ত্তৃ—ক্ত) ভস্ম।
ভস্ত্রা—
ভস্ত্রী—বি, স্ত্রী (ভস—করণ—ত্র—আপ—ঈপ্) কর্ম্মকার প্রভৃতির বায়ুযন্ত্র বিং। যাঁতা ভিস্তী। চর্মপ্রসেবিকা। হাপর।

ভস্ম (ন্)—বি, ক্লী (ভস—ম) ছাই।

ভস্মকম্—বি, ক্লী (ভস্মন্—কৃ—কর্ত্তৃ—ড) ভস্মকীট, রোগ বিং। রৌপ্য। স্বর্ণ।

ভস্মিত—বি-ণ (ভস্মন্—ইত) ভস্মীভূত।

ভা—বি, স্ত্রী (ভা—অঙ্—টাপ্) দীপ্তি, আলোক।

ভাঃ (স্)—বি, স্ত্রী (ভাস—ভাবে—ক্বিপ্) দীপ্তি।

ভাকুটঃ—বি, পুং; মৎস্য বিং। ভেটকীমাছ।

ভাক্ত—বি-ণ (ভক্ত—ষ্ণ) আরোপিত, ঔপচারিক। অপ্রধান। ভক্ত সম্বন্ধীয়।

ভাগঃ—বি, পুং (ভজ—কর্ম্ম—ঘঞ্) অংশ। প্রদেশ। ভাগ্য, অদৃষ্ট। (ভাবে—ঘঞ্) বিভাগকরা, বিভাজন।

ভাগধেয়ঃ—বি, পুং, ক্লী (ভাগ—ধা—কর্ম্ম—য) রাজস্ব। অংশ। (ভাগ—ধেয়—স্বার্থে) ভাগ্য।

ভাগবত—বি-ণ (ভগবৎ—ষ্ণ) ভগবানের ভক্ত। বি, ক্লী পুরাণ বিং।

ভাগহারঃ—বি, পুং; বিভাগ করিয়া লওয়া। বিভাগ করণ।

ভাগী (গিন্)—বি-ণ (ভজ—কর্ত্তৃ—ঘিনুন) অংশ গ্রহণকারী। স্ত্রী; গিনী।

ভাগিনেয়ঃ—বি, পুং (ভগিনী—ঢেয়) ভগিনীর সন্তান। স্ত্রী; য়ী।

ভাগীরথী—বি, স্ত্রী (ভগীরথ-ষ্ণ + ঈপ্) গঙ্গা।

ভাগুরিঃ—বি, পুং; ব্যাকরণ কর্ত্তা মুনি বিং।

ভাগ্যম্—বি, ক্লী (ভজ—কর্ম্ম—ঘ্যণ্) অদৃষ্ট।

ভাগ্যবান্ (বৎ)—বি-ণ (ভাগ্য—মতুপ্) শুভাদৃষ্টশালী। স্ত্রী; বতী।

ভাগ্যবিপর্য্যয়ঃ—বি, পুং; দুর্ভাগ্য।

ভাজক—বি-ণ (ভাজ—কর্ত্তৃ—ণক) অংশকারী।

ভাজনম্—বি, ক্লী (ভাজ—কর্ম্ম—ল্যুট্) পাত্র। আধার।

ভাজী—বি, স্ত্রী (ভাজ—কর্ম্ম—অল্—ঈপ্) ভৃষ্টব্যঞ্জন বিং।

ভাজ্য—বি-ণ (ভাজ—কর্ম্ম—য্) বিভাগ-যোগ্য।

ভাটকম্—বি, ক্লী (ভট্ট—কর্ত্তৃ—ণক) ভাড়া, মূল্য।

ভাণঃ—বি, পুং (ভণ—অধি—ঘঞ্) নাট্যগ্রন্থ-বিং।

ভাণ্ডম্—বি, ক্লী; পাত্র বিং, ভাঁড়। বাদ্যযন্ত্র। মূলধন, পুঁজি। ভাণ্ডাগার।

ভাণ্ডারম্—বি, ক্লী;ধনাগার, ভাঁড়ার।

ভাণ্ডারী (বিন্)—বি-ণ; ধনরক্ষক, ভাড়ারী।

ভাণ্ডিঃ—বি, পুং; নাপিতের অস্ত্রাধার, ভাঁড়ি।
ভাণ্ডীরঃ—বটবৃক্ষ। ভাঁইটগাছ।
ভাতিঃ—বি, স্ত্রী (ভা—ভাবে—ক্তি) দীপ্তি, শোভা।
ভাতুঃ—বি. পুং (ভা-তুন্) সূর্য।
ভাদ্রঃ—বি, পুং (ভদ্রা—ষ্ণ)ভাদ্রপাদঃ মাস বিং।
ভানম্—বি, ক্লী (ভা—ভাবে—ল্যুট্), প্রকাশ। শোভা। ছল, কপট।
ভানুঃ—বি, পুং (ভা—কর্ত্তৃ—নু) সূর্য্য। কিরণ।
ভানুমান্—বি, পুং (ভানু—মতুপ্) সূর্য্য। বি-ণ; দীপ্তিযুক্ত।
ভানুমতী—বি, স্ত্রী; বিক্রমাদিত্যপত্নী। দুর্যোধন পত্নী।
ভামঃ—বি, পুং (ভা—কর্ত্তৃ—ম) সূর্য্য। ক্রোধ।
ভামিনী—বি, স্ত্রী (ভাম—ইন্—ঈপ্) অতিশয় কুপিতা স্ত্রী। নারী।
ভারঃ—বি, পুং (ভৃ—ঘঞ্) গুরুত্ব। বাঁক। বোঝা। সমূহ।
ভারণ্ড—একপ্রকার কাল্পনিক পক্ষী।
ভারতম্—বি, ক্লী (ভরত—ষ্ণ) মহাভারত গ্রন্থ। ভারতবর্ষ। বি-ণ; ভারত বংশীয়।
ভারতবর্ষম্—বি, ক্লী (ভারত—ভরতসম্বন্ধীয়—বর্ষ বিং। সমুদ্রের উত্তর এবং হিমালয়ের দক্ষিণস্থ দেশ। ইহা ভরতকে দেওয়া হইয়াছিল।
ভারতী—বি, স্ত্রী; সরস্বতী। বাক্য।
ভারদ্বাজঃ—বিং, পুং (ভরদ্বাজ—ষ্ণ) ভরদ্বাজ। দ্রোণাচার্য্য। অগস্ত্য। ভরতপক্ষী। বি-ণ; ভরদ্বাজ বংশীয়।
ভারমধ্য—বি, পুং, ক্লী; বস্তুর যেস্থানে ভারের সমতা হয়।

ভারযষ্টিঃ—বি, স্ত্রী; ভার বহন দণ্ড, বাঁক।
{ ভারবহ্—(ভার—বহ + ণ্বি)।
ভারবাহ—(ভার—বহ + কর্ত্তৃ—ষণ্)।
ভারহর—(ভার—হৃ—কর্ত্তৃ—অন্) বি-ণ; যে ভারবহন করে, ভারবাহী, মুটিয়া।
ভারবিঃ—বি.পুং;কিরতার্জুনীয়ম্ মহাকাব্য প্রণেতা।
ভার্গবঃ—বি, পুং (ভৃগু—ষ্ণ) শুক্রচার্য্য। পরশুরাম।
ভার্গবী—বি, স্ত্রী; লক্ষ্মী। দূর্ব্বা।
ভার্য্যা—স্ত্রী (ভৃ—কর্ম্ম—ক্যপ্ + টাপ্) পত্নী।
ভাল—বি, পুং, ক্লী (ভা—কর্ত্তৃ—ল) ললাট। দীপ্তি।
ভালদৃক্, ভাললোচনঃ—পুং শিব।
{ ভল্লু (ল্লূ) কঃ—(ভাল্লু (ল্লূ) ক + অণ।
ভাল্লু (ল্লূ) কঃ—বি, পুং; ভালুক।
ভাবঃ—বি, পুং (ভূ—ঘঞ্) উৎপত্তি। স্বভাব। অভিপ্রায়ঃ। চেষ্টা। আত্মা। অনুরাগ। অঙ্গভঙ্গী। বিলাস। পদার্থ। ভক্তি। রত্যাদি। ব্যাকরণে ধাত্বর্থ (ভূ—কর্ত্তৃ—ণ) নাট্যোক্তিতে বিদ্বান্।
ভাবক—বি-ণ (ভূ—ণিচ্—কর্ত্তৃ—ণক) উৎপাদক। চিন্তাকারী।
ভাবৎক—বি-ণ (ভাব + ঠক) ভবদীয়।
{ ভাবনম্—বি, ক্লী (ভূ—ণিচ্—ভাবে—ল্যুট্)
ভাবনা—বি, স্ত্রী (ভূ—ণিচ্ + অন + আপ্) চিন্তা। ধ্যান। মনে মনে কল্পনা। পর্য্যালোচনা। অধিবাসন। মিশ্রণ। চতুর্বিধ সংস্কার। ঔষধসংস্কার বিং, ভাবান।
ভাবামিশ্রঃ—বি, পুং; পণ্ডিত শ্রেষ্ঠ।
ভাবার্থঃ—বি, পুং; অভিপ্রায়, তাৎপর্য্য।
ভাবিত—বি-ণ (ভূ—ণিচ্-কর্ম্ম—ক্ত) চিন্তিত। প্রাপিত। মিশ্রিত। সংস্কৃত। পবিত্রীকৃত। প্রমাণীকৃত। বাসিত।

ভাবিনী—বি, স্ত্রী; কামিনী।
ভাবী (বি)—(ভূ—কর্ত্তৃ—ণিন্) ভবিষ্যৎ।
ভাবুক—বি, ক্লী (ভূ—কর্ত্তৃ—ঞুক) কল্যাণ। বি-ণ। চিন্তাশীল, ভাববোদ্ধা।
ভাবঃ—বি, পুং (ভাব—কর্ম্ম—অল্) বক্তব্য বিষয়।
ভাব্যম্—ক্লী,—(ভূ + ণ্যাৎ) অবশ্য ভবিতব্য।
ভাষণম্—বি, ক্লী (ভাষ—ভাবে—ল্যুট্) কথন।
ভাষা—বি, স্ত্রী (ভাষ—কর্ম্ম—অ) অর্থযুক্ত উচ্চারিত শব্দ, যাদ্বারা লোকে কথা বার্ত্তা কয়, সংস্কৃত, বাঙ্গালা প্রভৃতি। রাগিণী বিং।
ভাষাসমঃ—পুং শব্দালঙ্কার বিশেষ।
ভাষিতম্—বি, ক্লী (ভাষ—ভাবে—ক্ত) উক্তি। বি-ণ (কর্ম্ম—ক্ত) কথিত।
ভাষ্যম্—বি, ক্লী (ভাষ—কর্ম্ম—ণ্যৎ) সূত্র ব্যাখ্যান গ্রন্থ।
ভাসমান, ভাসিন্—বি-ণ (ভাস—কর্ত্তৃ—শানচ্) শোভাযুক্ত। দীপ্তিযুক্ত। জলে সন্তরণকারী।
ভাসুর—বি-ণ (ভাস—কর্ত্তৃ—ঘুর) দীপ্তিশীল। বি, পুং; স্ফটিক। বীর।
ভাস্করঃ—বি, পুং (ভাস্—ক—কর্ত্তৃ—ট) সূর্য্য। অগ্নি। ভাস্করাচার্য্য। শিল্পকর বিং।
ভাস্বান্ (স্বৎ)—বি, পুং (ভাস্—মতুপ্) সূর্য্য। বি-ণ; দীপ্তি বিশিষ্ট।
ভাস্বর—বি-ণ (ভাস্—কর্ত্তৃ—বর) যাহার স্বাভাবিক দীপ্তি আছে, দীপ্তিশীল। স্ত্রী; রা।
ভিক্ষা—বি, স্ত্রী (ভিক্ষ—ভাবে—অ) প্রার্থনা। (কর্ম্ম—অ) একগ্রাস অন্ন।

ভিক্ষাক—বি-ণ (ভিক্ষ—কর্ত্তৃ—ষাক) ভিক্ষু। স্ত্রী; কী।
ভিক্ষাশী—(শিন্) বি-ণ (ভিক্ষা—অশ—কর্ত্তৃ—ণিন্) ভিক্ষোপজীবী।
ভিক্ষুঃ—বি, পুং (ভিক্ষ—কর্ত্তৃ—উ) ভিক্ষাজীবী। চতুর্থাশ্রমী।
ভিক্ষুকঃ—বি-ণ (ভিক্ষু—কণ্) ভিক্ষাকারী। স্ত্রী; কী।
ভিত্ত—বি, ক্লী (ভিদ—কর্ম্ম—ক্ত, নি) খণ্ড।
ভিত্তিঃ—বি, স্ত্রী—ভিদ—কর্ম্ম—ক্তি) দেওয়াল কুড্য। প্রদেশ। গণ্ডাদিশব্দের পরবর্ত্তী হইলে প্রশস্ত অর্থবোধক হয়।
ভিদা—বি, স্ত্রী (ভিদ—ভাবে ঙ—আপ্) বিদারণ। ছেদন।
ভিদাবরোধকতা—বি, স্ত্রী; বস্তুর গুণ বিং, যে, গুণ থাকিলে বস্তুর যোগাকর্ষণ সহজে ভেদ করা যায় না।
{ ভিদির—ত্রি—(ভিদ্ + কিরচ্)
ভিদুর—বি-ণ (ভিদ্—কর্ত্তৃ—কুর) ভঙ্গুর। মিশ্র। বি, ক্লী; বজ্র।
ভিন্দিপালঃ—বি, পুং; ক্ষেপণীয় অস্ত্র বিং।
ভিন্ন—বি-ণ (ভিদ্—কর্ত্তৃ—ক্ত) অন্য। বিদীর্ণ। বিকসিত। খণ্ডিত। মিশ্রিত। স্পৃষ্ট। (কর্ম্ম—ক্ত) বিদারিত। মৃদিত। নিরস্ত।
ভিল্লঃ—বি, পুং; ম্লেচ্ছজাতি বিং।
ভিস্সা—স্ত্রী (ভিদ + ক্বিপ্ + সো + ক + টাপ্), অন্ন।
ভিষক্ (জ্)—বি, পুং ভী-যুক্ বৈদ্য, চিকিৎসক।
{ ভী—(ভী—ভাবে—ক্বিপ্)।
ভীতিঃ—(ভী—ভাবে—ক্তি) বি, স্ত্রী; ভয়।
ভীত—বি-ণ (ভী—কর্ত্তৃ—ক্ত) ভয় যুক্ত।

ভীমঃ—বি, পুং (ভী—অপা—মক্) মধ্যম পাণ্ডব। নৃপতি বিং, দময়ন্তীর পিতা। শিব। বি-ণ; ভয়ানক। স্ত্রী; মা।

ভীমকর্ম্মা—ত্রি, ভয়ঙ্কর।

ভীমদর্শন—ত্রি, ভয়ঙ্কর রূপবিশিষ্ট।

ভীমনাদঃ—পুং সিংহ। ত্রি, ভয়ঙ্কর শব্দকারী।

ভীমরথী—বি, স্ত্রী; সপ্তসপ্ততি (৭৭) বৎসর বয়সের সপ্তম মাসের সপ্তমী রাত্রি।

ভীমসেনঃ—বি, পুং (ভীম—সেনা) মধ্যম পাণ্ডব।

ভীমৈকাদশী—বি, স্ত্রী; মাঘমাসের শুক্ল একাদশী।

{ভীরু—(ভী—কর্ত্তৃ—ক্রু)।
{ভীরুক—(ভী—কর্ত্তৃ—ক্রুব) বি-ণ; ভয়শীল। স্ত্রী; রু, রূ, রুকা।

ভীষয়মাণ—ত্রি, (ভী + ণিচ্ + শানচ্) স্বয়ং ভীতিপ্রদর্শক।

ভীষা—বি, স্ত্রী (ভী—ণিচ্—ভাবে—অঙ—আপ্) ভয় প্রদর্শন।

ভীষণম্—বি-ণ (ভী—ণিচ্—কর্ত্তৃ—অন) ভয় জনক। গাঢ়। বি, পুং; ভয়ানকরস। (ভাবে—ল্যুট্) ভয় প্রদর্শন।

ভীষ্মঃ—বি, পুং (ভী—অপা—মক্) শান্তনুরাজার পুত্র। শিব. বি-ণ; ভয়ঙ্কর।

ভীষ্মজননী—বি, স্ত্রী; গঙ্গা।

ভীষ্মপঞ্চকম্—বি, ক্লী; কার্ত্তিক মাসের শুক্ল একদশী প্রভৃতি পাঁচ তিথি ঐ তিথিতে কর্ত্তব্য ব্রত বিং।

ভীষ্মাষ্টমী—বি, স্ত্রী; মাঘমাসের শুক্লাষ্টমী।

ভুক্ত—বি-ণ (ভুজ—কর্ম্ম—ক্ত) ভক্ষিত। যাহা উপভোগ করা হইয়াছে, উপভুক্ত।

ভুক্তভোগী (গিন্)—বি ণ, পুনঃ ভোগকারী।

ভুক্তিঃ—বি, স্ত্রী (ভুজ—ভাবে—ক্তি) ভক্ষণ। ভোগ।

ভুগ্ন—বি-ণ (তুদাদিভুজ—কর্ত্তৃ—ক্ত) বক্র। নত।

ভুজঃ—বি, পুং (ভুজ—কর্ত্তৃ—ক) বাহু ত্রিকোণাদি ক্ষেত্রের রেখা।

ভুজগঃ—বি, পুং (ভুজ—বক্রাকৃতি—গম—কর্ত্তৃ—ড) যে বক্র ভাবে যায়, সর্প। লম্পট। ধূর্ত্ত। স্ত্রী; গী।

ভুজঙ্গঃ—বি পুং (ভুজ—গম—কর্ত্তৃ—খচ্) সর্প। লম্পট। ধূর্ত্ত। স্ত্রী, ঙ্গী, ঙ্গমী।

{ভুজঙ্গভুজ্—পুং (ভুজঙ্গ—ভুজ্ + কিপ্)।
{ভুজঙ্গহন্—(ভুজঙ্গ—হন্ + কিপ্) ময়ূর। গরুড়।

ভুজঙ্গশির।—ক্লী; স্কন্ধদেশ।

ভুজান্তরম্—বি, ক্লী; বক্ষঃস্থল।

ভুজিষ্যঃ—বি, পুং (ভুজ—কর্ত্তৃ—কিষ্যন্) দাস। হস্ত। স্ত্রী; ষ্যা।

ভুবনম্—বি, ক্লী (ভূ—কর্ত্তৃ—কন) জগৎ। জল।

ভুবনত্রয়ম্—ক্লী স্বর্গ মর্ত্য ও পাতাল।

ভুবর্লোকঃ—বি, পুং দ্বিতীয়লোক।

ভূঃ—বি, স্ত্রী (ভূ—কর্ত্তৃ—কিপ্) পৃথিবী। স্থান।

ভূকন্দঃ—পুং; মহাশ্রাবণিকা বৃক্ষ।

ভূকশ্যপঃ—পুং; বসুদেব।

ভূকেশঃ—পুং; বটবৃক্ষ, শৈবাল।

ভূকেশী—স্ত্রী; রাক্ষসী।

ভূগোলঃ—বি, পুং; ভূমণ্ডল।

ভূচরঃ—বিং পুং; যাহারা ভূমিতে বাস করে। (মনুষ্যাদি)।

ভূচিত্রম্—বি, ক্লী; পৃথিবীর মানচিত্র।

ভূত—বি, পুং (ভূ—কর্ত্তৃ—ক্ত) দেবযোনি বিং। ক্লী; ক্ষিতি; অপ্, তেজঃ মরুৎ, ব্যোম এই পঞ্চ। জন্তু। সত্য। বি-ণ; অতীত। উৎপন্ন। তুল্য। উচিত। জাত। সত্য।

ভূতচতুর্দ্দশী—বি, স্ত্রী; কার্ত্তিক মাসের কৃষ্ণা চতুর্দ্দশী।

ভূতধাত্রী—বি, স্ত্রী; পৃথিবী।

ভূতনাথঃ—বি, পুং; শিব।

ভূতপূর্ব্ব—বি-ণ; যাহা পূর্ব্বে ছিল।

ভূতভাবনঃ—বি, পুং (ভূত—ভূ—ণিচ্—কর্ত্তৃ—অন) সৃষ্টিকর্ত্তা।

ভূতযজ্ঞঃ—বি, পুং; জীবদিগকে খাদ্য দান।

ভূতলম্—বি, ক্লী; পৃথিবী। পাতাল।

ভূতশুদ্ধিঃ—বি, স্ত্রী; দেহস্থিত সর্ব্ব ভূতের শোধন।

ভূতাত্মা (ত্মন্)—বি, পুং; দেহ। ব্রহ্মা। বিষ্ণু। মহেশ্বর। পরব্রহ্ম।

ভূতাবেশঃ—বি, পুং (ভূত—আবেশ) ভূতে পাওয়া।

ভূতিঃ—বি, স্ত্রী (ভূ—করণ—ক্তি) সম্পত্তি। ভস্ম। অণিমাদি। অষ্টবিধ ঐশ্বর্য্য। (ভাবে—ক্তি) উৎপত্তি। উৎকর্ষ।

ভূতেশঃ—বি, পুং (ভূত—ঈশ) শিব।

ভূদারঃ—বি, পুং (ভূ—দৃ—কর্ত্তৃ—ষণ্) শূকর।

ভূদেবঃ—বি, পুং; ব্রাহ্মণ।

ভূধরঃ—বি, পুং (ভূ—ধৃ—কর্ত্তৃ—অন) পর্ব্বত। অনন্তদেব।

ভূনাগঃ—পুং ক্ষুদ্র কিঞ্চুলুক, উপরস বিশেষ।

{ভূপঃ—(ভূ—পা—কর্ত্তৃ—ড)।
{ভূপতিঃ—বি, পুং; রাজা।

ভূভৃৎ—বি, পুং (ভূ—ভৃ—কর্ত্তৃ—কিপ্) পর্ব্বত। রাজা।

ভূমা (মন্)—বি, পুং (বহু—ইমন্) বহুত্ব।

ভূমিঃ (মী)—বি, স্ত্রী (ভূ—অধি—মিক্) পৃথিবী। স্থান। আকর।

ভূমিকা—বি, স্ত্রী (ভূমি—কণ্—আপ্) বেশধারণ। রূপান্তর পরিগ্রহ। বক্তব্য-বিষয়ের সূচনা।

ভূমিজঃ—বি, পুং (ভূমি—জন—কর্ত্তৃ—ড) মঙ্গলগ্রহ। নরকাসুর। বি-ণ; ভূমিজাত।

ভূমিদেবঃ—পুং ব্রাহ্মণ।

ভূমিপতিঃ—পুং ভূমিপাল—পুং রাজা।

ভূমিভৃৎ—পুং (ভূমি—ভৃ + কিপ্) রাজা। পর্বত।

ভূমিরুহঃ—বি, পুং (ভূমি—রুহ—কর্ত্তৃ—ক) বৃক্ষ।

ভূমিবর্দ্ধ—বি-ণ (ভূমি—বৃধ—ণিচ্—অন) মৃত্তিকাবর্দ্ধক, শব।

ভূমিষ্ঠ—বি-ণ (ভূমি—স্থা—কর্ত্তৃ—ড) ভূমিস্থিত। সদ্যঃ প্রসূত।

ভূমী—স্ত্রী (ভূ—মি + ঈপ্) পৃথিবী কৃষ্ণমৃত্তিকা।

ভূয়ঃ (স্)—অব্য; পুনঃ পুনঃ।

ভূয়ান্ (য়স্)—বি-ণ (বহু—ঈয়সুন্) বহুতর। বি, ক্লী; বাহুল্য। স্ত্রী; য়সী।

ভূয়িষ্ঠ—বি-ণ (বহু—ইষ্ঠ) অতি বহু।

ভূরি—বি, ক্লী (ভূ—কর্ত্তৃ—ণিচ্) স্বর্ণ। পুং বিষ্ণু। বি-ণ; বহু, অনেক।

ভূরিমায়ঃ—বি, পুং (ভূরি—মায়া) শৃগাল।

ভূরিশঃ (স) অব্য—ভূরি + শস্) বহুবার।

ভরুহঃ—পু (ভূ—রুহ + ক) মহীরূহ। বৃক্ষ।

ভূর্জ্জ—বি, পুং; ভূর্জ্জপত্র বৃক্ষ।

ভূরিশ্রবাঃ (বস্)—বি, পুং; চন্দ্রবংশীয় রাজা সোমদত্তের পুত্র।
ভূর্লোকঃ—বি, পুং; পৃথিবী।
ভূষণম্—বি, ক্লী (ভূষ—করণ—ল্যুট্) অলঙ্কার (ভাবে—ল্যুট্) ভূষিত করা।
ভূষা—বি, স্ত্রী (ভূষ—ভাবে—অ + আপ্) অলঙ্করণক্রিয়া।
ভূষিত—বি-ণ (ভূষ—কম—ক্ত) অলঙ্কৃত। শোভিত।
ভূসুরঃ—পুং; ব্রাহ্মণ।
ভূসুত—বি, পুং; মঙ্গল গ্রহ। নরকাসুর।
ভূষ্ণু—ত্রি, ভবনশীল।
ভূস্বর্গঃ—পুং সুমেরু পর্বত।
ভূস্বামী (মিন্)—বি, পুং; রাজা। জমিদার।
ভৃকুংশঃ (সঃ)—বি, পুং; স্ত্রীবেশধারী নর্ত্তক।
ভৃকুটী—বি, স্ত্রী (ভ্রু—কুটি) ভ্রুভঙ্গী।
ভৃগুঃ—বি, পুং (ভ্রস্জ—কর্ত্তৃ—কু) মুনি বিং। শুক্রাচার্য্য। পর্ব্বতাদির ঢালু প্রদেশ। অত্যুচ্চস্থান।
ভৃগুপতিঃ—বি, পুং; পরশুরাম।
ভৃগুসুতঃ—পুং, শুক্রাচার্য।
ভৃঙ্গঃ—বি, পুং (ভৃ—কর্ত্তৃ—গক্) ভ্রমর। লম্পট। বৃক্ষ বিং। পক্ষী বিং।
ভৃঙ্গরাজঃ—পুং ভ্রমরশ্রেষ্ঠ। যক্ষবিং পক্ষি বিং।
ভৃঙ্গরোলঃ—বি, পুং (ভৃঙ্গ—রু—র্ত্তৃ—লচ্) ভীমরুল নামক পতঙ্গ।
ভৃঙ্গারঃ—বি, পুং (ভৃ—কর্ত্তৃ—আরণ) জলপাত্র বিং; গাড়ু।
{ভৃঙ্গি—
ভৃঙ্গী (ঙ্গিন্)—বি, পুং; শিবানুচর বিং।
ভৃত—বি-ণ (ভৃ—কর্ম্ম—ক্ত) পালিত। পূর্ণ।
ভৃতকম্—বি, ক্লী; বেতন। বি-ণ; বেতনগ্রাহী।
ভৃতিঃ—বি, স্ত্রী (ভৃ—করণ—ক্তি) বেতন। মূল্য। (ভাবে—ক্তি) পালন। পূরণ।

ভৃতিভুক্ (জ)—বি-ণ (ভৃতি—ভুজ—কর্ত্তৃ—ক্বিপ্) বেতনগ্রাহী।
ভৃত্যঃ—বি, পুং (ভৃ—কর্ম্ম—ক্যপ্) দাস। স্ত্রী; (ভাবে—ক্যপ্) চিকিৎসা।
ভৃমিঃ—বি, পুং (ভ্রম—কর্ত্তৃ—ই)জলের পাক, আবর্ত্তক। ঘূর্ণীবায়ু। স্ত্রী; ভ্রমণ। ঘূর্ণী।
ভৃশম্—বি, ক্লী; অতিশয়। বি-ণ; অত্যন্ত।
ভৃষ্ট—বি-ণ (ভ্রস্জ—কর্ম্ম—ক্ত) ভাজাদ্রব্য।
ভেকঃ—বি, পুং (ভী কর্ত্তৃ—কন) ব্যাঙ।
ভেত্তা (ত্তৃ)—বি-ণ (ভিদ্—কর্ত্তৃ—তৃন) ভেদকর্তা।
ভেদঃ—বি, পুং (ভিদ—ভাবে—ঘঞ্) বৈলক্ষণ্য, ভিন্নতা। বিচ্ছেদ। বিদারণ। ভঙ্গ। প্রকাশ। রেচন।
ভেদক—বি-ণ (ভিদ—কর্ত্তৃ—ণক) বিশেষ কারক। বিদারক। বিবেচক।
ভেদিত—বি-ণ (ভিদ—ণিচ্—কর্ম্ম—ক্ত) বিদারিত। পৃথক্কৃত।
ভেদ্য—বি-ণ (ভিদ—কর্ম্ম—ণ্যৎ) ভেদযোগ্য। বিশেষ্য।
ভেরিঃ (রী)—বি, স্ত্রী (ভী—অপা—রি) বৃহৎ ঢক্কা, পটহ।
{ভেলঃ—
ভেলকঃ—বি, পুং (ভী—অপা—ল—কণ্) ভেলা, উড়ুপ।
ভেষজ—বি, ক্লী (ভেষ=পীড়া—জি—কর্ত্তৃ ড) যে পীড়াকে জয় করে, ঔষধ।
ভৈক্ষ্যচর্যা—স্ত্রী (ভৈক্ষ্য + চর + ক্যপ্ + টাপ্) ভিক্ষাচরণ।
{ভৈক্ষম্—(ভিক্ষা—ষ্ণ)।
ভৈক্ষ্যম্—(ভিক্ষ—ষ্যঞ্) বি, ক্লী; ভিক্ষা সমূহ। বিণ; ভিক্ষা লব্ধ বস্তু।

ভৈমী—বি, স্ত্রী (ভীম—ষ্ণ—ঈপ্) দময়ন্তী। মাঘ মাসের শুক্লা একাদশী।
ভৈরবঃ—বি, পুং (ভীরু—ষ্ণ) শিব। রাগ বিং। নদ বিং। বিণ; ভয়ঙ্কর।
ভৈরবী—বি, স্ত্রী; দুর্গা।
ভৈরবীচক্রম্—বি, ক্লী; তান্ত্রিক মতাবলম্বীদিগের মদ্যপান সভা।
ভৈষজ্যম্—বি, ক্লী (ভিষজ্—ষ্যঞ্) ঔষধ। চিকিৎসা।
{ভো—বি, ক্লী (ভা—করণ—ডো)
ভোঃ—(স্) অব্য; সম্বোধন।
ভোক্তা (ক্তৃ)—বিণ (ভুজ—কর্ত্তৃ—তৃন্) ভোজন কর্ত্তা। ভোগ কর্ত্তা।
ভোগঃ—বি, পুং (ভুজ—ভাবে ঘঞ্) সুখ দুঃখের অনুভব, উপভোগ। ভোজন। পালন। (কর্ম্ম—ঘঞ্) সুখ। (কারণ—ঘঞ্) বেশ্যার বেতন। (কর্ত্তৃ—ঘঞ্) সর্পের ফণা ও দেহ। দেহ।
ভোগবতী—বি, স্ত্রী; পাতালগঙ্গা। নাগপুরী।
ভোগায়তনম্—ক্লী—ভোগক্ষেত্র, স্থূলদেহ।
ভোগাবাসঃ—বি, পুং; বাসগৃহ, অন্দরমহল।
ভোগী (গিন্)—বি, পুং (ভোগ—ইন্) সর্প। বিণ; ভোগকারী। সুখী।
ভোগিনী—বি, স্ত্রী; মহিষী। ভিন্ন রাজার অন্য ভোগ্য-স্ত্রী।
ভোগীন্দ্র—পুং অনন্ত, বাসুকি।
ভোগ্য—বি-ণ (ভুজ—কর্ম্ম—ণ্যৎ) ভোগযোগ্য। ক্লী; ধন।
ভোজঃ—বি, পুং; দেশ বিং, ভোজপুর। ধারা নগরের নৃপতি বিং।
ভোজনম্—বি, ক্লী (ভুজ—ভাবে—ল্যুট্) ভক্ষণ। (কর্ম্ম—ল্যুট্) ভক্ষ্য বস্তু।
ভোজবিদ্যা—বি, স্ত্রী; ঐন্দ্রজালিক বিদ্যা, ভেল্কী,

ভোজ্য—বিণ (ভুজ—কর্ম্ম—ণ্যৎ) ভক্ষ্যবস্তু। (ভোজ—ষ্যঞ্) ভোজ বংশীয়।
{ভোটঃ—
ভোটাঙ্গঃ—বি, পুং; দেশ বিং, ভুটান।
ভোলানাথঃ—বি, পুং; শিব।
ভৌতিক—বিণ (ভূত—ষ্ণিক) ভূত সম্বন্ধীয়। ভূতকৃত।
ভৌমঃ—বি, পুং (ভূমি—ষ্ণ) মঙ্গলগ্রহ। নরকা সুর। বিণ; ভূমি সম্বন্ধীয়।
ভৌমিক—বিণ (ভূমি—ষ্ণিক) ভূম্যধিকারী।
ভৌরিকঃ—বি, পুং (ভূরি—ষ্ণিক) স্বর্ণাধ্যক্ষ, কোষাধ্যক্ষ।
ভ্রংশঃ—বি, পুং (ভ্রন্শ—অল্) পতন। নাশ। পলায়ন।
ভ্রংকুশঃ—বি, পুং (ভ্রম্—কুশ—অল্) মিথ্যাজ্ঞান। ভ্রমণ। জলনির্গম পথ। কুম্ভকারের কুলাল চক্র। কুন্দ যন্ত্র।
ভ্রমণম্—বি, ক্লী (ভ্রম—ভাবে—ল্যুট্) পর্য্যটন। ঘোরা।
ভ্রমরঃ—বি, পুং (ভ্রম—কর্ত্তৃ—অরন্)ভঙ্গ, মধুকর। কামুক। স্ত্রী; রী।
ভ্রমরকঃ—বি, পুং; ললাটস্থ চূর্ণ কুন্তল, ঝাপটা। বেধন যন্ত্র বিং, তুরপীন।
ভ্রামিঃ—বি, স্ত্রী (ভ্রম—ই) ঘূর্ণ জল। কূলাল চক্র। ভ্রন্শ—কর্ত্তৃ) পতিত। নষ্ট। পলায়িত। দূষিত।
ভ্রষ্টা—বি, স্ত্রী; ব্যভিচারিণী স্ত্রী।
ভ্রাজম্—ক্লী, বর্ষসাধ্য গবায়ন সত্র।
ভ্রজথুঃ—পুং (ভ্রাজ + অথুচ্) দীপ্তি।
ভ্রাজী (জিন্) পুং (ভ্রাজ + ইনি) দীপ্তিশীল, শোভাযুক্ত।
ভ্রাজিষ্ণুঃ—বিণ (ভ্রাজ—ইষ্ণুঃ) দীপ্তিশীল, শোভাযুক্ত। পুং।

ভ্রাতা (তৃ)—বি, পুং (ভ্রাজ—কর্ত্তৃ—তৃচ) ভাই।

ভ্রাতুষ্পুত্রঃ—
ভ্রাতৃজঃ—(ভ্রাতৃ—জন—কর্ত্তৃ—ড)
ভ্রাতৃব্যঃ—(ভ্রাতৃ—ব্য) বি, পুং; ভ্রাতৃপুত্র, ভাইপো।

ভ্রাতৃদ্বিতীয়া—বি, স্ত্রী; কার্ত্তিক মাসের শুক্লা দ্বিতীয়া।

ভ্রাতৃশ্বশুরঃ—বি, পুং (পতির ভ্রাতা হইয়াও—শ্বশুরস্থানীয়) পতির জ্যেষ্ঠ ভ্রাতা, ভাসুর। ভ্রাতার শ্বশুর।

ভ্রাত্রীয়—বিণ (ভ্রাতৃ—ীয়) ভ্রাতৃ সম্বন্ধীয়।

ভ্রান্ত—বিণ (ভ্রম—কর্ত্তৃ—ক্ত) ভ্রমযুক্ত। ঘূর্ণিত।

ভ্রান্তিঃ—বি, স্ত্রী (ভ্রম—ভাবে—ক্তি) ভ্রম। ভ্রমণ। ঘূর্ণন।

ভ্রান্তিমান (মৎ)—বিণ; ভ্রান্তিযুক্ত। বি, পুং; কাব্যে অলঙ্কার বিং।

ভ্রামক—বিণ ত্রি (ভ্রম্ + ণিচ্ + ণ্বুল) ভ্রমজনক, পুং ধূর্ত, শৃগাল, অয়স্কান্ত।

ভ্রামরম্—ক্লী, (ভ্রমর + অণ্) মধু। ত্রি, ভ্রমর সম্বন্ধীয়।

ভ্রাষ্ট্র—বি, পুং (ভ্রস্ত্—ষ্ট্রন) ভাজনা খোলা।

ভ্রুকুংশঃ (স)—
ভ্রূকুংশঃ (স)—বি, পুং; স্ত্রীবেশধারী নর্ত্তক।

ভ্রুকুটিঃ—
ভ্রূকুটীঃ—বি, স্ত্রী; ভ্রূভঙ্গি।

ভ্রূক্ষেপঃ—বি, পুং; ভ্রূচালন, ভ্রূভঙ্গি।

ভ্রূণঃ—বি, পুং (ভ্রূণ—কর্ম্ম—অল্) গর্ভস্থ সন্তান। বালক।

ভ্রূণঘ্ন—(ভ্রূণ—হন—কর্ত্তৃ—টক্)
ভ্রূণহা (হন্)—(ভ্রূণ—হন—কর্ত্তৃ—ক্বিপ্) বিণ; ভ্রূণঘাতক।

ভ্রূণহত্যা—বি, স্ত্রী; গর্ভস্থ জীবের বধ।

ভ্রূভঙ্গঃ—বি, পুং; ভ্রূকুটি।

ভ্রেষঃ—পুং (ভ্রেষ + ঘঞ্) উচিত স্থান হইতে পতন।

ভ্রেষণম—ক্লী (ভ্রেষ + ল্যুট্) গমন, পতন।

ম

মঃ—বি, পুং ম ২৫শ ব্যঞ্জন বর্ণ। ব্রহ্মা। বিষ্ণু। (ম-ক) শিব। চন্দ্র। যম। সময়।

মকরঃ—বি, পু (ম—কৃ—কর্ত্তৃ—অন্) যে মানুষকে হিংসা করে, জল জন্তু বিং। কন্দর্পের ধ্বজা। ১০ম রাশি।

মকর কেতনঃ—
মকরকেতুঃ—
মকরধ্বজঃ—বি, পুং; কন্দর্প। সমুদ্র।

মকরন্দঃ—বি, পুং (মকর—দো—কর্ত্তৃ—ড) ফুলের মধু, পুষ্পরস। কোকিল, ভ্রমর।

মকরালয়ঃ—বি, পুং; সমুদ্র।

মকরিকা—বি, স্ত্রী (মকর—ষ্ণিক—আপ্) মকরাকার পত্র রচনা।

মকারঃ—বি, পুং; মৎস্য, মাংস, মদ্য, মুদ্রা মৈথুন এই পাঁচের তন্ত্রোক্ত সাঙ্কেতিক নাম।

মক্ষিকা—বি, স্ত্রী (মক্ষ—কর্ত্তৃ—ণক—আপ্) যাহারা দলবদ্ধ হইয়া থাকে, মাছি।

মকুটম্—ক্লী (মক্ + উট) শিরোভূষণ।

মকুরঃ—পুং (মক + উরচ্) দর্পণ।

মকুলঃ—পুং (মক + উলচ্) মকুল। বকুলবৃক্ষ।

মখঃ—বি, পুং (মখ—অধি—অল্) যজ্ঞ।

মগধঃ—বি, পুং; বিহার দেশ। তদ্দেশীয় লোক।

মগধেশ্বরঃ—বি, পুং; জরাসন্ধ।

মগ্ন—বি-ণ (মস্‌জ—কর্ত্তৃ—ক্ত) যে ডুবিয়াছে, অন্তপ্রবিষ্ট।

মঘঃ—বি, পুং (মহ—কর্ম্ম—কন্) পূজা। সুখ।

মঘবা (বন)—বি, পুং (মঘ—কর্ম্ম—ক্বনিপ্) ইন্দ্র। স্ত্রী; মঘোনী, মঘবতী—ইন্দ্রানী।

মঘা—বি, স্ত্রী; নক্ষত্র বিং।

মঙ্কুরঃ—পুং (মক + উরচ) দর্পণ।

মঙ্খু—অব্য; শীঘ্র। সুন্দর। অতিশয়।

মঙ্গলম্—বি, ক্লী (মন্‌গ—কর্ম্ম—অল্) শুভ, কল্যাণ। পুং; স্বনাম খ্যাত গ্রহ, কুজ। বি-ণ; মঙ্গল দায়ক।

মঙ্গলসম্বিধান—বি, ক্লী; বরণ ডালার উপকরণ সামগ্রী।

মঙ্গলা—বি, স্ত্রী; দুর্গা।

মঙ্গল্য—বি-ণ (মঙ্গল—ষ্য) মঙ্গলদায়ক। সুন্দর। বি, ক্লী দধি। মঙ্গলকরদ্রব্য।

মজ্জথুঃ—বি, পুং (মস্‌জ—ভাবে—অথু) মগ্ন হওয়া, মজ্জন।

মজ্জনম্—বি, ক্লী (মস্‌জ—ভাবে + ল্যুট্) মগ্ন হওয়া, ডোবা, অবগাহন।

মজ্জা (জ্জন্)—বি, পুং (মস্‌জ—কর্ত্তৃ—কনিন্)।
মজ্জা—বি, স্ত্রী (মস্‌জ—কর্ত্তৃ—অন্—আপ্) অস্থির মধ্যগত স্নেহ পদার্থ। বৃক্ষাদির সার ভাগ।

মঞ্চঃ—বি, পুং (মন্‌চ—কর্ত্তৃ—অন্) মাচা। খাট। বেদি।

মঞ্জরিঃ—
মঞ্জরী—বি, স্ত্রী (মঞ্জু—ঋ—কর্ত্তৃ—হ) শয্যাদির শীর্ষ। মুকুল। অঙ্কুর।

মঞ্জরিত—বি-ণ (মঞ্জরী—ইত) মঞ্জরীযুক্ত।

মঞ্জিষ্ঠা—বি, স্ত্রী (মঞ্জু—স্থা—কর্ত্তৃ—ড—অপ্) রক্তবর্ণ লতা বিং।

মঞ্জীর—বি, পুং, ক্লী; চরণাভরণ; নূপুর।

মঞ্জু—বি-ণ; (মন্‌জ—কর্ত্তৃ—উ) সুন্দর।

মঞ্জুল—বি-ণ (মন্‌জ—কর্ত্তৃ—উল) সুন্দর। যথাযোগ্য, সমীচীন। ক্লী; নিকুঞ্জ।

মঞ্জুষা, মঞ্জূষা—বি, স্ত্রী; (মন্‌জ + উষণ + ভ টাপ) সিন্ধুক, পেড়া।

মঠঃ—বি, পুং (মঠ—অধি—অল্) ছাত্রাদির গৃহ, টোল। দেবালয়, আখড়া।

মঠিকা—বি; স্ত্রী; ছোটকুটির।

মণিঃ—বি, পুং (মণ—কর্ত্তৃ—ইন্) রত্ন, বহুমূল্য প্রস্তর।

মণিকঃ—বি, পুং; মাটির কলসী, জালা, অলিঞ্জর।

মণিকর্ণিকা—বি, স্ত্রী; কাশীস্থ তীর্থ বিং, বিষ্ণুর তপস্যা দর্শনে বিস্মিত হওয়াতে শিবের কর্ণ ভূষণ এই স্থানে পতিত হইয়াছিল।

মণিকারঃ—বি, পুং (মণি—কৃ—কর্ত্তৃ—ষণ্) জহুরী, মণি পরীক্ষক। গ্রন্থকার বিং।

মণিতম্—বি, ক্লী; রতিকালে স্ত্রীদিগের অব্যক্ত ধ্বনি বিং, রতি কূজিত।

মণিপুরঃ—বি, পুং; নাভিপদ্ম। দেশ বিং।

মণিবন্ধঃ—বি, পুং;হাতের কব্জি, কর গ্রন্থি।

মণ্ড—বি, পুং, ক্লী; মাড়, গাদ, ফেন। ক্লী; দধির মাত।

মণ্ডনম্—বি, ক্লী (মন্‌ড—করণ—ল্যুট্) ভূষণ, অলঙ্কার। (ভাবে—ল্যুট্) ভূষিতকরা।

মণ্ডপঃ—বি, পুং, ক্লী (মণ্ড—পা—কর্ত্তৃ—ড) দেব গৃহ। গৃহ। বি-ণ; মণ্ডপায়ী।

মণ্ডলম্—বি, ক্লী (মন্‌ড—কর্ত্তৃ—কলচ্) বেষ্টন, পরিধি। গোল। দেশ। দ্বাদশবিধ নৃপতি। চক্র। যোদ্ধাদিগের অবস্থান বিং ত্রি; সমূহ। চন্দ্র সূর্য্যের বেষ্টন, বিম্ব।

মণ্ডলী (লিন)—বি, পুং; সর্প। সূর্য্য। বটবৃক্ষ।

মণ্ডলেশ্বরঃ—বি, পুং; সম্রাট্। রাজা।

মণ্ডিত—বি-ণ (মন্ড—কর্ত্তৃ—ক্ত) ভূষিত। বেষ্টিত।

মণ্ডূকঃ—বি, পুং (মন্ড—কর্ত্তৃ—উক) ভেক। মুনি বিং। স্ত্রী; কী।

মত—বি-ণ (মন—কর্ম্ম—ক্ত) জ্ঞাত। অভিপ্রেত। সম্মানিত। (ভাবে—ক্ত) সম্মতি।

মতঙ্গঃ—বি, পুং (মদ—কর্ত্তৃ—অঙ্গচ) হস্তী। মেঘ। মুনি বিং চণ্ডাল বিং।

মতঙ্গজঃ—বি, পুং (মতঙ্গ-জন-কর্ত্তৃ-ড) হস্তী।

মতিঃ—বি, স্ত্রী (মন—ভাবে—ক্তি) বুদ্ধি। জ্ঞান। ইচ্ছা।

মতিমান্ (মৎ)—বি-ণ; বুদ্ধিমান্।

মৎকুণঃ—বি, পুং; ছারপোকা। শ্মশ্রুশূন্য পুরুষ।

মত্ত—বি-ণ (মদ—কর্ত্তৃ—ক্ত) উন্মত্ত। বিহ্বল। মাতাল। আনন্দিত। ক্রুদ্ধ।

মত্তকাশিনী—বি, স্ত্রী; উত্তমা স্ত্রী।

মৎসরঃ—বি, পুং (মদ—কর্ত্তৃ—সরন্) ক্রোধ দ্বেষ। পরশ্রীকাতরতা। বি-ণ; ক্রুদ্ধ। পরশ্রী কাতর। স্ত্রী; রা।

মৎসরী (রিন্)—বি-ণ; ক্রুদ্ধ। পরশ্রীকাতর।

মৎস্যঃ—বি, পুং (মদ্—কারণ—স্যন্) মাছ। বিষ্ণুর অবতার বিং। দেশ বিং, বর্ত্তমান জয়পুর, রঙ্গপুর, দিনাজপুর, কুচবিহার। পুরাণ বিং। স্ত্রী; মৎসী।

মৎস্যকরণ্ডিকা—বি, স্ত্রী; মাছের চুবড়ী।

মৎস্যগন্ধা—বি, স্ত্রী; ব্যাসদেবের মাতা।

মৎস্যজীবী (বিন্)—বি, পুং; জেলে, ধীবর।

মৎস্যণ্ডী—বি, স্ত্রী; খণ্ড বিকার, দলো চিনি, মিছরী, মঠ প্রভৃতি।

মৎস্যধানী—বি, স্ত্রী; মাছ ধরিয়া যাহাতে রাখে, খালুই।

মৎস্যরঙ্গঃ—বি, পুং; মাছরাঙা পক্ষী।

মথনম্—বি, ক্লী (মথ—ভাবে—ল্যুট্) বিলোড়ন। বিনাশ। ক্লেশ।

মথিত—বি-ণ (মথ—কর্ম্ম—ক্ত) বিলোড়িত। বিনাশিত। পীড়িত। ক্লী; ঘোল, তক্র।

মথুরা—বি, স্ত্রী (মথ—অধি—উর—আপ্) আগ্রা প্রদেশের অন্তর্গত প্রসিদ্ধ নগর, এই স্থানে শত্রুঘ্ন মধুনামক অসুরকে বধ করেন বলিয়া এই নাম হইয়াছে।

মদঃ—বি, পুং (মদ—ভাবে—অল্) হর্ষজনিত সম্মোহ। মত্ততা। (করণ—অল্) গর্ব্ব। মদ্য। হস্তীর গণ্ডস্থলাদি হইতে ক্ষরিত ঘর্ম্ম বিং। রেতঃ।

মদকল—বি-ণ; মত্ততা জন্য মধুরাস্ফুটভাষী।

মদনম্—বি, পুং (মদ—ণিচ্—কর্ত্তৃ—অন) কন্দর্প। ময়নাগাছ। ধুস্তূর বৃক্ষ। বসন্ত কাল।

মদনচতুর্দ্দশী—বি, স্ত্রী; চৈত্রমাসের শুক্লাচতুর্দ্দশী, এই তিথিতে মদনমহোৎসবের বিধি আছে।

মদনমোহনঃ—বি, পুং; যাহার রূপ দেখিয়া কন্দর্পও মুগ্ধ হয়, কৃষ্ণ।

মদনলেখঃ—বি, পুং; প্রণয় বিজ্ঞাপন পত্রিকা।

মদনশলাকা—বি, স্ত্রী; শারিকাপক্ষিণী। কোকিল, কামোদ্দীপক ঔষধ।

মদনোৎসবঃ—পুং বসন্তোৎসব। হোরী উৎসব।

মদয়ন্তী—স্ত্রী (মদ + ণিচ্ + ঝচ্ + ঙীষ) বনমল্লিকা।

মদয়িতা—(তৃ) ত্রি, (মদ + ণিচ্ + তৃন্) মাদক।

মদস্রাবী (বিন্)—বি-ণ (মদ—স্রু—ণিন্) মদস্রবণকারী।

মদান্ধ—বি-ণ; অতিশয় দর্পযুক্ত।

মদালস—ত্রি মত্ততাজন্য অলসতাযুক্ত। স্ত্রী—আ, গন্ধর্বরাজ বিশ্বকেতুর কন্যা।

মদিরঃ—বি, পুং (মদ—কর্ত্তৃ—কির) মত্ত খঞ্জন পক্ষী।

মদিরা—বি, স্ত্রী; মদ্য।

মদিরাক্ষ—বি-ণ খঞ্জন তুল্য নেত্র। পুং বিরাটের ভ্রাতা।

মদীয়—বি-ণ (অস্মদ্—ণীয়) মৎ সম্বন্ধীয়, আমার।

মদোৎকট—বি-ণ (মদ—উৎকট) মদমত্ত। বি, পুং; মদমত্ত হস্তী।

মদোদগ্র—(মদ—উদগ্র)
মদোদ্ধত—বি-ণ (মত—উদ্ধত) মদমত্ত।

মদ্গুঃ—বি, পুং (মস্জ্—কর্ত্তৃ—উ) জলচরপক্ষী বিং, পানিকৌড়ী। যুদ্ধ জাহাজ সমূহ।

মদ্গুরঃ—বি, পুং (মদ—গুর্—উরচ্) মাগুরমাছ।

মদ্যম্—বি, ক্লী (মদ—করণ—য) সুরা।

মদ্যপ—বি-ণ (মদ্য—পা—কর্ত্তৃ—ড) সুরা পায়ী।

মদ্রঃ—বি, পুং; পাঞ্জাবের অন্তর্গত দেশ বিং। হর্ষ।

মধু—বি, ক্লী (মন—কর্ত্তৃ—উ) মদ্য। মৌ। পুষ্পরস। মধুরস। পুং; চৈত্রমাস। বসন্ত-ঋতু। দৈত্য বিং।

মধুকরঃ—বি, পুং (মধু—কৃ—কর্ত্তৃ—ট) ভ্রমর। কামুকজন। স্ত্রী; রী।

মধুকোষঃ—বি, পুং;
মধুক্রমঃ—বি, পুং; মধুজালক—বি-পু।

মধুচ্ছত্রম্, মধুপটলম্—বি, ক্লী; মৌচাক, মধুচক্র।

মধুত্রয়ম্—বি, ক্লী; মধু, ঘৃত, শর্করা।

মধুদ্বিষঃ—পুং (মধু—দ্বিষ্ + ক্বিপ্) বিষ্ণু।

মধুপঃ—বি, পুং (মধু—পা—কর্ত্তৃ—ড) ভ্রমর। বি-ণ; যে মধুপান করে।

মধুপর্কম্—বি, পুং (মধু—পৃচ—কর্ম্ম—ঘঞ্) মধু ঘৃত দধি শর্করা ও জল মিশ্রিত ভক্ষদ্রব্য।

মধুপুরী—বি, স্ত্রী, মথুরা নগরী।

মধুমক্ষিকা—বি, স্ত্রী; মৌমাছি।

মধুমথ্—বি, পু. (মধু—মথ্ + ল্যুট) বিষ্ণু।

মধুযষ্টিকা—বি, স্ত্রী; যষ্টিমধু।

মধুরঃ—বি, পুং (মধু—র) মিষ্টরস। মাধুর্য্যগুণ। বি-ণ; মনোহর। স্বাদু।

মধুরা—বি, স্ত্রী; মথুরাপুরী।

মধুরিপুঃ—বি, পুং; বিষ্ণু।

মধুলিহ্—(মধু—লিহ—ক্বিপ্)
মধুলিহঃ—(মধু—লিহ—ক) বি, পুং; ভ্রমর।

মধুবনম্—বি, ক্লী; বৃন্দাবনের ও লঙ্কার বন বিং।

মধুব্রতঃ—বি, পুং; ভ্রমর।

মধুসখঃ, মধুসারথিঃ, মধুসুহৃদ্—বি, পুং মদন।

মধুসূদনঃ—বি, পুং (মধূ—সূদ—কর্ত্তৃ—অন) বিষ্ণু।

মধুকঃ—বি, পুং; মধু দ্রুম, মহুয়া গাছ। ক্লী; তৎপুষ্প।

মধুচ্ছিষ্টঃ—
মধুখঃ—বি, পুং; মোম।

মধুখবর্ত্তিকা—বি, স্ত্রী মোমবাতি।

মধ্য—বি, পুং, ক্লী (যন—যক্) কণ্ঠদেশ। ভিতর, অভ্যন্তর। সংখ্যা বিং। বি-ণ; মধ্যবর্ত্তী, মধ্যম।

মধ্যদেশঃ—বি, পুং; প্রয়াগের পশ্চিমস্থ দেশ। মধ্যন্দিন বি, ক্লী; মধ্যাহ্ন।

মধ্যম—বি,-ণ (মধ্য—ম) মধ্যবর্ত্তী। মাঝারি। স্ত্রী; মা-মাঝের অঙ্গুলি। উচ্চারণ কালে বাক্যের অবস্থা বিং।

মধ্যমলোকঃ—বি, পুং; পৃথিবী।

মধ্যবর্ত্তী (বর্ত্তিন্)—বি-ণ (মধ্য—বৃত—কর্ত্তৃ—ণিন্) মধ্যস্থি। বি, পুং; সালিস। স্ত্রী; ত্তিনী।

মধ্যস্থ—বি-ণ (মধ্য—স্থা—কর্ত্তৃ—ড) মধ্যাবর্ত্তী। উদাসীন। বি, পুং; সালিস।

মধ্যাহ্ন—বি, পুং (মধ্য—অহন্) তিনভাগে বিভক্ত দিনের মধ্যভাগ।

মধ্বাসব—পুং পুষ্পরসজাত মধু।

মনঃ—বি, পুং (মা—করণ—ডন) ৪০ সের পরিমাণ। জটামাংসী।

মনঃ(স্)—বি, ক্লী (মন—করণ—স্) অন্তঃকরণ। বুদ্ধি।

মনঃশিলা—বি, স্ত্রী; পর্ব্বতসম্ভূত রক্তবর্ণ ধাতু বিং। মনছাল।

মননম্—বি, ক্লী (মন—ভাবে—ল্যুট্) চিন্তা। অনুমান। মানস করা।

মনসাদেবী—বি, স্ত্রী; জরৎকারু মুনির পত্নী দেবী বিং।

মনসি—অব্য, নিশ্চয়।

মনসিজঃ—বিং, পুং (মনসি—জন—কর্ত্তৃ—ড) কন্দর্প।

মনস্কারঃ—পুং (মন্স্—ক+ঘঞ্) অভিলাষ।

মনস্তাপঃ—বি, পুং; মনঃপীড়া।

মনস্বী (স্বিন্)—বি-ণ (মনস্—বিন্) উদার-চিত্ত। মানী। স্থিরচিত্ত। স্ত্রী; স্বিনী।

মনাক্—অব্য; ঈষৎ। মন্দ।

{ মনায়ী—
{ মনাবী—বি, স্ত্রী (মনু—ঈপ্) মনুর পত্নী।

মনিতম্—বি, ক্লী; রতিকালে স্ত্রীদিগের অব্যক্ত শব্দ বিং, রতিকূজিত।

মনীষা—বি, স্ত্রী মনস—ঈষা = গমন, (নি) বুদ্ধি।

মনীষী (ষিন্)—বি, পুং (মনীষা—ইন্) পণ্ডিত। বি-ণ; বুদ্ধিমান্। স্ত্রী; ষিণী।

মনুঃ—বি, পুং (মন—কর্ত্তৃ—উ) ব্রহ্মার পুত্র বিং। ধর্ম্ম শাস্ত্র প্রণেতা মুনি বিং। মন্ত্র।

{ মনুজঃ—(মনু—জন—কর্ত্তৃ—ড)।
{ মনুষ্যঃ—(মনু—ষ্য) বি, পুং; মানুষ।

মনুষ্যধর্ম্মা (র্ম্মন্)—বি, পুং (মনুষ্য—ধর্ম্ম—অন) কুবের।

মনোগত—বি, ণ; যাহা মনে আছে।

মনোজ্ঞ—বি-ণ (মনস্—জ্ঞা—কর্ত্তৃ—ড) মনোহর।

মনোনীত—বি-ণ; পছন্দ, মনোমত।

{ মনোভবঃ—(মনস—ভূ—কর্ত্তৃ—অন্)।
{ মনোভূঃ—(মনস্—ভূ—কর্ত্তৃ—ক্বিপ্) বি, পুং; কন্দর্প।

মনোযায়ী—ত্রি, (মনস্ + যা + ণিনি) মনের ন্যায় দ্রুতগামী।

মনোরথঃ—বি, পুং; ইচ্ছা।

মনোরঞ্জনম্—বি, ক্লী (মনস্—রনজ—ণিচ + ভাবে—ল্যুট্) মনের সন্তোষ সাধন। মনস্তুষ্টি।

মনোরম—বি-ণ (মনস্—রম—ণিচ্—কর্ত্তৃ—অন্) মনোহর। স্ত্রী; মা।

মনোবিজ্ঞানম্—বি, ক্লী; মন ও বুদ্ধি প্রভৃতির তত্ত্ব নির্ণায়ক শাস্ত্র।

মনোবৃত্তিঃ—বি, স্ত্রী; মনের ব্যাপার, ইচ্ছা।

{ মনোহর—(মনস্—হৃ—কর্ত্তৃ—অন্)।
{ মনোহারী (রিন্)—মানস্—হৃ—কর্ত্তৃ—ণিন্) বি-ণ; সুন্দর। স্ত্রী; রা, রিণী।

মন্তব্য—বি-ণ (মন—কর্ম্ম—তব্য) বিচার্য্য বিবেচনীয়। চিন্তনীয়। অভিপ্রায়।

মন্তুঃ—বি, পুং (মন—তুন) অপরাধ। ঈর্ষা। ক্রোধ। মনুষ্য। রাজা।

মন্তা (তৃ)—বি-ণ ত্রি, (মন + তৃচ্) মনন কর্ত্তা।

মন্ত্রঃ—বি, পুং (মন্ত্র—কর্ম্ম—অল্) বেদের অংশ বিং। দেবাদির উপাসনোপযোগী বাক্য বা পদ। যে কোন জীবের বশীকরণ সাধন বাক্য। রহস্য। (ভাবে—অল্) মন্ত্রণা, বিচার।

মন্ত্রকৃৎ—বি, পুং (মন্ত্র—কৃ—কর্ত্তৃ—ক্বিপ্) মন্ত্র প্রণেতা। মন্ত্রী।

{ মন্ত্রণম্—বি, ক্লী (মন্ত্র—ভাবে + ল্যুট্)
{ মন্ত্রণা—বি, স্ত্রী (মন্ত্র + ল্যুট + আপ্) পরামর্শ। বিচার।

মন্ত্রদাতা (তৃ)—বি-ণ; গুরু, আচার্য্য।

মন্ত্রবিৎ (দ)—বি, পুং (মন্ত্র—বিদ্—ক্বিপ্) চর। মন্ত্রী। বি ণ, মন্ত্রজ্ঞ।

মন্ত্রিত—বি-ণ (মন্ত্র—কর্ম্ম—ক্ত) যে বিষয়ের মন্ত্রণা করা হইয়াছে।

মন্ত্রী (ন্ত্রিন্)—বি-ণ (মন্ত্র—ইন্) পরামর্শ দাতা, অমাত্য।

মন্থঃ—বি, পুং (মন্থ + ঘঞ্) মন্থনদণ্ড। (ভাবে—অল্) বিনাশ। মন্থন।

মন্থজম্—বি, ক্লী (মন্থ—জন—কর্ত্তৃ—ড) নবনীত।

মন্থনম্—বি, ক্লী (মন্থ—ভাবে—ল্যুট্) বিলোড়ন, মওয়া। বিনাশ। পুং (করণ—অনট্) মন্থন দণ্ড।

মন্থর—বি-ণ (মন্থ—কর্ত্তৃ—অরন্) মন্দগামী। বক্র। নত।

মন্থরা—বি, স্ত্রী; কৈকেয়ীর দাসী বিং।

মন্থনশৈলঃ—বি, পুং যে পর্বতের দ্বারা সমুদ্র মন্থন হইয়াছিল, মন্দর পর্ব্বত।

মন্থনম্—বি, পুং (মন্থ—করণ—অন) মন্থন দণ্ড। বৃক্ষবিশেষ।

মন্দ—বি-ণ (মন্দ—কর্ত্তৃ—অন্) অপকৃষ্ট। অলস। মৃদু। অতীক্ষ্ণ। নীচ। অপটু। মূর্খ। বি, পুং; শনিগ্রহ।

মন্দগামী (মিন্)—বি-ণ (মন্দ—গম—কর্ত্তৃ—ণিন্)। মৃদুগামী।

মন্দরঃ—বি, পুং (মন্দ—কর্ত্তৃ—অরন্) পর্ব্বত বিং। মন্দারবৃক্ষ।

মন্দাকিনী—বি, স্ত্রী (মন্দ—অক—কর্ত্তৃ—ণিণ—ঈপ্) স্বর্গ গঙ্গা।

মন্দাক্রান্তা—স্ত্রী সপ্তদশাক্ষর—ছন্দোবিশেষ।

মন্দাক্ষ—ত্রি, সঙ্কুচিত নেত্র; ক্লী, লজ্জা।

মন্দাগ্নিঃ—বি, পু; ক্ষুধার অল্পতা, অপাক-রোগ।

মন্দারঃ—বি, পুং (মন্দ—করণ—অরন) দেবতরু বিং।

মন্দিরম্—বি, ক্লী (মন্দ—কির) গৃহ। দেবালয়। ভজনালয়। নগর।

মন্দীভূত—বি-ণ (মন্দ—চ্বি—ভূত) যাহা কমিয়া গিয়াছে।

মন্দুরা—বি, স্ত্রী (মন্দ—অধি—উর—টাপ্) অশ্বশালা, আস্তাবল।

মন্দেহ—ত্রি, মন্দচেষ্টাযুক্ত, দৈত্য বিং।

মন্দোদরী—বি, স্ত্রী (মন্দ—উদর—ঈপ) রাবণ-মহিষী। মাদুর। বিণ; ক্ষীণোদরী-স্ত্রী।

মন্দ্রঃ—বি-ণ (মন্দ—কর্ত্তৃ—র) গম্ভীর। বি, পুং; গম্ভীর ধ্বনি।

মন্মথঃ—বি, পুং (মনস্—মথ—কর্ত্তৃ—অন্) কন্দর্প।

মন্যা—বি, স্ত্রী (মন—কর্ম্ম—ক্যপ—আপ্) গ্রীবার পশ্চাদ্ভাগস্থিত শিরা।

মন্যুঃ—বি, পুং (মন—কর্ম্ম—যু) শোক। ক্রোধ। দৈন্য। যজ্ঞ।

মন্বন্তরম্—বি, ক্লী (মনু—অন্তর) এক এক মনুর শাসনকাল, দিবা ৭১ যুগ।

{মমতা—বি, স্ত্রী; (মম + তল + টাপ্)।
{মমত্বম্—বি, ক্লী; (মম + ত্ব) আমার বলিয়া অভিমান। মায়া, অহংকার।

ময়ঃ—বি, পুং (ময়— কর্ত্তৃ—অন্) দানবদিগের শিল্পী দৈত্য বিং উষ্ট্র।

ময়ুঃ—পুং (বি + উ) কিন্নর, মৃগ।

ময়ূখঃ—বি, পুং; কিরণ, জ্যোতিঃ। শোভা।

ময়ূরঃ—বি, পুং (মী—কর্ত্তৃ—উরন্) স্বনাম খ্যাত পক্ষী বিং।

মরঃ—বি, পুং (মৃ—ভাবে—অল্) মরণ। বিণ (কর্ত্তৃ—অন্) যাহারা মরে।

মরকঃ—বি, পুং (মৃ—ভাবে—অক) এক সময়ে বহু মৃত্যু, মারী, মড়ক।

মরকতম্—বি, ক্লী (মরক—তৃ—কর্ত্তৃ—ড) হরিদ্বর্ণ মণি বিং।

মরণম্—বি, ক্লী (মৃ—ভাবে—ল্যুট্) মৃত্যু।

মরন্দঃ—বি. পু (মর-দো-ক) মধু।

মরালঃ—বি, পুং (মৃ—কর্ত্তৃ—আল) হংস বিং। মেঘ। কাজল। বি-ণ; মসৃণ।

মরিচ, মরীচম্—বি, ক্লী; গোলমরিচ।

মরীচিঃ—বি, পুং; সপ্তর্ষির অন্তর্গত ঋষি বিং। পুং, স্ত্রী; কিরণ।

মরীচিকা—বি, স্ত্রী (মরীচি = কিরণ—ক=জল—আপ্) সূর্যের কিরণে জল ভ্রম, মৃগতৃষ্ণা।

মরীচিমালী—(লিন্) বিং, পুং; সূর্য্য।

মরুঃ—বি, পুং (মৃ—অধি—উ) জল ও তৃণাদি শূন্য প্রদেশ। পর্ব্বত।

মরুজঃ—পুং (মরু—জন+ড) গন্ধদ্রব্য বিং।

মরুৎ—বি, পুং (মৃ—অপা—উৎ) বায়ু। দেবতা।

মরুত্ত—পুং চন্দ্রবংশীয় নৃপ বিং।

মরুত্বান্ (ত্বৎ)—বি, পুং; ইন্দ্র। মেঘ। হনুমান। সমুদ্র।

মরুৎসখঃ—বি, পুং (মরুৎ—সখি—অ) অগ্নি। ইন্দ্র।

মরুবকঃ—বি, পুং; ময়নাগাছ। পিণ্ডখর্জ্জুর। জম্বীর।

মর্কটঃ—বি, পুং (মর্ক—কর্ত্তৃ—অটন্) বানর। মাকড়সা। হাড়গিলা।

মর্জ্জুঃ—পুং (মৃজ্ + উন) রজক। স্ত্রী, শুদ্ধি।

{মর্ত্তঃ—বি. পুং (মৃ—কর্ত্তৃ—তন্)।
{মর্ত্ত্যঃ—(মর্ত্ত—য) বি, পুং; মনুষ্য। ভূলোক।

মর্দ্দনম্—বি, ক্লী (মৃদ + ভাবে ল্যুট্) পেষণ। চূর্ণন। দলন। মলিয়া দেওয়া। সংবাহন।

মর্দ্দলঃ—বি, পুং; (মর্দ + লা + ক) বাদ্যযন্ত্র বি, মাদল।

মর্দ্দিত—বি-ণ (মৃদ—ণিচ্—কর্ম্ম-ক্ত) দলিত।

মর্ম্ম (ন্)—বি, ক্লী (মৃ—অপা—মন্) দেহের সন্ধিস্থান। জীবনস্থান। তাৎপর্য্য, অভিপ্রায়। রহস্য।

মর্ম্মজ্ঞ—বি-ণ (মর্ম্মন্—জ্ঞা—কর্ত্তৃ—ড) তাৎপর্য্যগ্রাহী।

মর্ম্মভেদী—(দিন্) বি-ণ; মর্ম্মপীড়ক।

মর্ম্মর—বি, পুং; শুষ্ক পত্রাদির মড়মড় শব্দ।

{মর্ম্মস্পৃক্ (শ্)—মর্ম্মন্—স্পৃশ—কর্ত্তৃ—ক্বিপ্)
{মর্ম্মাবিধ্—(মর্ম্মন্=ব্যধ—কর্ত্তৃ—ক্বিপ্) বি-ণ; মর্ম্মপীড়ক।

মর্ম্মান্তিক—বি-ণ (মর্ম্মন্—অন্তিক) মর্ম্মপীড়াদায়ক।

মর্য্যাদা—বি, স্ত্রী (মরি—আ—দা-ভাবে-অঙ্) সৎপথে স্থিতি। সদাচার। সীমা। সম্মান।

মর্শঃ—পুং (মৃশ + অ) ক্ষমা।

{মর্ষঃ—বি, পুং (মৃষ—ভাবে—অল্)
{মর্ষণম্—বি, ক্লী (মৃষ—ভাবে—ল্যুট্) ক্ষমা। সহিষ্ণুতা।

মর্ষিত—বি, ক্লী (মৃষ—ভাবে—ক্ত) ক্ষমা।

মল—বি, পুং ক্লী (মৃজ—কর্ম্ম—কল) বিষ্ঠা, মূত্র, শ্লেষ্মাদি। গাদ, কাইট, শিটা, মর্চ্চা। প্রভৃতি। পাপ। কলঙ্ক।

মলনম্—বি, ক্লী (মল + ভাবে ল্যুট্) বিলেপন। মর্দ্দন।

মলমাসঃ—বি, পুং; এক মাসের মধ্যে দুইটী অমাবস্যা হইলে ঐ মাসকে মলমাস বলে।

মলয়ঃ—বি, পুং; পশ্চিম ঘাট পর্ব্বত, চন্দনাদ্রি। দেশ বিং, মলবার।

মলয়জঃ—বি, পুং (মলয়—জন—কর্ত্তৃ—ড) চন্দনবৃক্ষ। ক্লী; চন্দন কাষ্ঠ। বি-ণ; মলয়জাত।

মলিন—বি-ণ (মল—ইন) মলযুক্ত। কৃষ্ণবর্ণ। পাপী। বি, ক্লী; পাপ। কলঙ্ক।

মলিম্লুচঃ—বি, পুং; চোর অগ্নি। বায়ু। মলমাস।

মলীমস—বি-ণ (মল—কর্ত্তৃ—ঈমস) মলিন।

মল্লঃ—বি, পুং (মল্ল—কর্ত্তৃ—অন্) বাহুযোদ্ধা। পাত্র বিং। নারিকেলের মালা। দেশ বিং।

মল্লকঃ—পুং (মল্ল + বুন) দীপাধার, নারিকেল ফলজাত পাত্র। প্রদীপ।

মল্লনাগঃ—পুং ঐরাবত।

মল্লযুদ্ধম্—বি, ক্লী; বাহুযুদ্ধ।

মল্লারঃ—বি, পুং (মল্ল—ঋ + অচ্) রাগ বিং। স্ত্রী; রী—রাগিণী বিং।

মল্লিকঃ—(মল্লি—কপ্) বি. পুং; পুষ্পবৃক্ষবিং।

মল্লিকাক্ষঃ—বি, পুং; হংস বিং।

মল্লিকা—বি, স্ত্রী, পুষ্পবৃক্ষবিশেষ এবং তাহার ফুল।

মশকঃ—বি, পুং (মশ=শব্দকরা-কর্ত্তৃ-অক) মশা।

মশহরী—বি, স্ত্রী (মশ—হৃ + ট—ঈপ্) মশারি।

মশুনঃ—বি. পুং; কুকুর।

মসিঃ—পুং (মস + ল্য) সোমরাজবৃক্ষ।

মসী—বি, স্ত্রী; লিখিবার কালি।

{মাসিধানম্—বি, ক্লী
{মাসিধানী—বি, স্ত্রী; দোয়াত, মস্যাধার।

মসিজীবী (বিন্)—বি-ণ; লেখক।

মসীনা—বি স্ত্রী; তিসি। অতসী।

{মসুরঃ—
{মসূরঃ—বি, পুং; মসুর, কলাই।

মসূরিকা, মসুরী—বি, স্ত্রী; বসন্ত রোগ।

মসৃণ—বি-ণ (মস—কর্ম্ম—ঋণ) কোমল। স্নিগ্ধ।

মস্করঃ—বি, পুং (মস্ক—করণ—অর) বংশযষ্টি।

মস্করী (রিন্)—বি, পুং; ভিক্ষুক। সন্ন্যাসী।

{মস্তম্—ক্লী (মস + ত)।
{মস্তকম্—বি, ক্লী (মস + ত + ক) মাথা। অগ্রভাগ।

মস্তিস্কম্—বি, ক্লী, (মস + স্তি + মুস্ক + অচ্) মাথার ঘি, মগজ।

মস্তু—বি, ক্লী (মস—কর্ত্তৃ—তুন্) দধি প্রভৃতির মাত।

মস্যাধারঃ—বি, পুং (মসী—আধার) দোয়াত।

মহঃ—বি, পুং (মহ—ভাবে—অল্) উৎসব। যজ্ঞ। তেজঃ। বি-ণ; পূজনীয়।

মহঃ (স)—বি, ক্লী; তেজঃ। উৎসব। যজ্ঞ।

মহৎ—বি-ণ (মহ—কর্ম্ম—অৎ) বৃহৎ। অধিক। শ্রেষ্ঠ।

মহত্ত্বম্—বি, ক্লী (মহৎ—ত্ব) আধিক্য। শ্রেষ্ঠতা। প্রাধান্য।
মহনীয়—বি-ণ (মহ—কর্ম্ম—অনীয়) পূজ্য।
মহর্লোকঃ—বি, পুং (মহস্—লোক) ভূলোকাদি সপ্তলোকের মধ্যে চতুর্থ লোক।
মহর্ষিঃ—বি, পুং (মহা—ঋষি) প্রধান ঋষি।
মহাকালঃ—বি, পুং; রুদ্র। অবিছিন্নকাল। স্ত্রী; উজ্জয়িনী স্থিত স্থান।
মহাকাব্যম্—বি, ক্লী; অষ্টাধিক সর্গে বিভক্ত বৃহৎ কাব্য গ্রন্থ।
মহাগুরুঃ—বি, পুং; পিতা। মাতা। আচার্য্য। পতি।
মহাজনঃ—বি, পুং; প্রসিদ্ধ ধার্ম্মিক ব্যক্তি। উত্তমর্ণ। বাণিজ্য ব্যবসায়ী।
মহাজ্যৈষ্ঠী—বি, স্ত্রী; রবিবারে সংঘটিত জ্যৈষ্ঠী পূর্ণিমা।
মহাতলম্—বি, ক্লী; পঞ্চম পাতাল।
মহাত্মা (ত্মন্)—বি-ণ (মহৎ—আত্মন্) উদারস্বভাব। মহাশয়।
মহাদানম্—বি, ক্লী; তুলাপুরুষাদি বহুবিধাদান।
মহাদেবঃ—বি, পুং; শিব।
মহাদেশঃ—বি, পুং; অনেক রাজ্যাদি বিশিষ্ট অতি বিস্তীর্ণ ভূভাগ।
মহাপণ—বি-ণ; বহুমূল্য। ধনাঢ্য।
মহানদী—বি, স্ত্রী, উড়িষ্যা দেশের মধ্যদিয়া প্রবাহিত নদী বিং।
মহানসঃ—বি, পুং, ক্লী (মহৎ—অনস্—অ) রন্ধন গৃহ।
মহানাটকম্—বি, ক্লী; হনুমান্‌কর্ত্তৃক রচিত রাম চরিত নাটক বিং।

মহানিদ্রা—বি, স্ত্রী; মৃত্যু।
মহানিশা—বি, স্ত্রী; রাত্রির মধ্য দুই প্রহর, মধ্যরাত্র।
মহালীনঃ—বি, পুং; সিংহল দ্বীপের নীলকান্তমণি।
মহানুভবঃ—
মহানুভাবঃ—বি-ণ; অতিপ্রভাবশালী। উদারস্বভাব।
মহাপথঃ—বি, পুং; রাজপথ। হিমালয়ের উত্তরস্থ স্বর্গারোহণের পথ।
মহাপদ্মঃ—বি, পুং; সংখ্যা বিং। নাগ বিং। কুবেরের নিধি বিং।
মহাপাতকম্—বি, ক্লী; ব্রহ্মহত্যা, সুরাপান, চৌর্য্য, গুরুপত্নীগমন এবং ইহাদের সংসর্গ এই পঞ্চবিধ পাপ।
মহাপ্রলয়ঃ—বি, পুং; ব্রহ্মার দিনাবসান, সমুদায় ব্রহ্মাণ্ডের ধ্বংস।
মহাপ্রসাদঃ—বি, পুং; দেবোদ্দেশে নিবেদিত দ্রব্য।
মহাব্রাহ্মণঃ—বি, পুং; নীচ ব্রাহ্মণ। বেদজ্ঞ ব্রাহ্মণ।
মহাভাগ—বি-ণ; অতিশয় ভাগ্যবান্। দয়া প্রভৃতি অষ্ট গুণযুক্ত।
মহাভারতম্—বি, ক্লী; বেদব্যাস, প্রণীত ইতিহাস। গ্রন্থ। বেদ অপেক্ষা মহত্তর এবং ভরত বংশ বর্ণন আছে বলিয়া ইহার এই নাম হইয়াছে।
মহাভূতঃ—বি, ক্লী; ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম, এই পঞ্চবিধ।
মহামহিমা (মন্)—বি-ণ, অতিশয় মহত্ত্বযুক্ত।
মহামাংসম্—বি, ক্লী নরমাংস।
মহামাত্রঃ—বি, পুং (মহৎ—মাত্রা) রাজার প্রধান পুরুষ।
মহামায়া—বি, স্ত্রী দূর্গা। অবিদ্যা।

মহামারী—বি, স্ত্রী; মহাকালী। অতিশয় মড়ক।
মহামৃগঃ—বি, পুং; হস্তী।
মহামোহঃ—বি, পুং; বিষয় বাসনারূপ অজ্ঞান।
মহাযজ্ঞঃ—বি, পুং;বিদ্যাধ্যয়ন, অগ্নিহোত্র, পিতৃ-তর্পণ, ভূতবলি ও অতিথিপূজা এই পঞ্চবিধ।
মহারজতম্—বি, ক্লী; স্বর্ণ।
মহারথঃ—বি, পুং; যে ব্যাক্তি অস্ত্র বিদ্যায় পারদর্শী এবং একাকী দশ হাজার যোদ্ধার সহিত যুদ্ধকরিতে সমর্থ।
মহারাজ—বি, পুং (মহান— রাজন্-অ) সম্রাট্।
মহারাষ্ট্রঃ—বি, পুং; মারাঠা দেশ।
মহার্ঘ—বি-ণ (মহৎ—অর্ঘ) মহামূল্য।
মহালয়ঃ—বি, পুং পরমাত্মা।
মহালয়া—বি, স্ত্রী; আশ্বিন মাসের অমাবস্যা।
মহাবাক্য—ক্লী, ব্রহ্মবিদ্যা প্রতিপাদক তত্ত্বমসি ইত্যাদি বাক্য।
মহাবিদ্যা—বি, স্ত্রী; দেবী বিং। কালী তারা যোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা ধূমাবতী, বগলা, মাতঙ্গী, কমলা এই দশ শক্তি।
মহাবিষুবম্—বি, ক্লী; মেষ রাশিতে রবির সংক্রমণ।
মহাবীচিঃ—বি, পুং স্ত্রী; নরক বিং।
মহাবীরঃ—পুং গরুড়, হনুমান, সিংহ, যজ্ঞাগ্নি, বজ্র, জৈন তীর্থঙ্কর বিশেষ, মহাশূর।
মহাব্যাধিঃ—বি, পুং; কুষ্ঠ প্রভৃতি রোগ।
মহাব্যাহৃতিঃ—বি, স্ত্রী; ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁস্বঃ এই তিন মন্ত্র।
মহাশঙ্খঃ—বি, পুং সংখ্যা বিং, কুবেরের নিধি বিং। মনুষ্যের ললাটের অস্থি।
মহাশয়ঃ—বি-ণ মহাত্মা; উদার স্বভাব।
মহাশূদ্রঃ—বি, পুং; গোপ। স্ত্রী দ্রী।

মহাশ্বেতা—স্ত্রী, সরস্বতী, ভূমি কুষ্মাণ্ড।
মহাসেনঃ—বি, পুং; কার্ত্তিকেয়।
মহিকা—বি, স্ত্রী; হিম।
মহিত—বি-ণ (মহ—কর্ম্ম—ক্ত) পূজিত।
মহিমা (মন্)—বি, পুং (মহৎ—ইমন) মাহাত্ম্য। উৎকর্ষ।
মহিলা—বি, স্ত্রী (মহ—কর্ম্ম—ইল—আপ্) নারী।
মহিষঃ—বি পুং (মহ—করণ—টিষচ্) পশু বিং। অসুর বিং।
মহিষী—বি, স্ত্রী; যে রাজ্ঞীর সহিত রাজা রাজ্যে অভিষিক্ত হন। প্রধানা রাজ্ঞী। স্ত্রী মহিষী।
মহিষবাহনঃ—বি, পুং; যম।
মহী—বি, স্ত্রী (মহ্—অচ্—ঙীষ্) পৃথিবী।
মহীক্ষিৎ—বি, পুং (মহী—ক্ষি—কর্ত্তৃ—ক্বিপ্) রাজা।
মহীধরঃ—বি, পুং; পর্ব্বত।
মহীভৃৎ—বি, পুং (মহী—ভৃ—কর্ত্তৃ—ক্বিপ্) রাজা। পর্ব্বত।
মহীয়ান (য়স্)—বি-ণ (মহৎ—ঈয়স্) অতিমহৎ। স্ত্রী। য়সী।
মহীরুহঃ—বি, পুং (মহী—রুহ—কর্ত্তৃ—ক) বৃক্ষ।
মহীলতা—বি, স্ত্রী; কেঁচো, কিঞ্চুলুক।
মহীসূতঃ—বি, পুং; মঙ্গল গ্রহ। মহেচ্ছঃ—পুং মহাশয়।
মহেন্দ্রঃ—বি, পুং; ইন্দ্র। পর্ব্বত বিং।
মহেশঃ—(মহৎ—ঈশ)
মহেশ্বরঃ—(মহৎ—ঈশ্বর) বি, পুং; শিব।
মহেষ্বাস—বি-ণ (মহৎ—ইষ্বাস) মহাধনুর্দ্ধর।
মহোক্ষ—বি, পুং (মহৎ—উক্ষন্—অ) মহাবৃষ।

মহোৎসবঃ—বি, পুং (মহৎ—উৎসব) মহানন্দজনক ব্যাপার।

মহোদধিঃ—বি, পুং; সমুদ্র।

মহোদয়—বি-ণ (মহৎ—উদয়) অতিশয় সমৃদ্ধিযুক্ত। অত্যুন্নত। বি, পুং; আধিপত্য মুক্তি।

মহোরগঃ—বি, পুং; বৃহৎসর্প। ক্লী—টগরপুষ্প।

মহৌজাঃ (জস্)—বি-ণ (মহৎ—ওজস্) মহাতজেস্বী। মহাবল।

মহৌষধম্—বি, ক্লী; উত্তম ঔষধ। রসুন। শুণ্ঠী।

মহৌষধিঃ (ধী)—বি, স্ত্রী (মহতী—ওষধি) রাত্রিকালে দীপ্তি শীল তৃণলতাদি। দুর্ব্বা।

মা—অব্য; (মা + ক্বিপ্) নিষেধ। নিন্দা। বিকল্প। স্ত্রী; লক্ষ্মী। মাতা।

মাঙ্—অব্য, নিষেধ।

মাসম্—বি, ক্লী (মন—কর্ম্ম—স) স্বনামখ্যাত শরীরের ধাতু বিং, পিশিত।

মাংসপেশী (শি)—বি, স্ত্রী; যে যন্ত্রদ্বারা ইচ্ছামত দেহের ভিন্ন ভিন্ন স্থানে সঞ্চালন ক্রিয়া সমাধা হয়, মাংসপিণ্ডী, মসল।

মাংসল—বি-ণ (মাংস—ল) বলবান। স্থূল।

মাংসাশী (শিন্)—বি-ণ (মাংস—অশ—ণিন্) যে মাংস খায়।

মাংসিক—বি-ণ (মাংস ঠক্) মাংসোপজীবী, কসাই।

মাকন্দঃ—বি, পুং; আম্রবৃক্ষ। চন্দনবৃক্ষ। ক্লী; আম্রফল। স্ত্রী, মাকন্দী—আমলকী।

মকলী—স্ত্রী (মকর + অণ + ঙীপ্) মাঘমাসের শুক্লাসপ্তমী।

মাক্ষি (ক্ষী) ক—বি, ক্লী (মক্ষিকা—ষ্ণ) মধু। উপধাতু বিং।

মগধঃ—বি, পুং (মগধ—ষ্ণ) স্তুতিপাঠক, ভাট। বি-ণ; মগধ দেশ জাত।

মগধী—বি, স্ত্রী; যূথিকা পুষ্প। ছোট এলাইচ। ভাষা বিং।

মাঘঃ—বি, পুং (মাঘী-ষ্ণ) মাস বিং। কবি বিং।

মাঘ্যম—বি, ক্লী (মাঘ—ষ্য) কুন্দপুষ্প।

মাঙ্গলিক—বিন (মঙ্গল—ষ্ঠিক)।
মাঙ্গল্যম্—(মঙ্গল—ষ্য) বি-ণ; মঙ্গল জনক। স্ত্রী; কী, ল্যা।

মাচঃ—বি. পু. (মা-অচ্-ক) মার্গ। পথ।

মঞ্জিষ্ঠ—বি-ণ (মঞ্জিষ্ঠা—ষ্ণ) রক্তবর্ণ।

মাঠরঃ—পুং (মঠ + অরচ্ + অণ্) সূর্য্যের পারিপার্শ্বিকগণ বিং ব্যাস, বিপ্র, শৌণ্ডিক।

মাঢ়ী—বি, স্ত্রী (মহ—কর্ম্ম—ক্তি) দন্তমূল, দাঁতের মাড়ি।

মাণ (ন) ক—বি, পুং; (মা + অকচ্) মানকচু।

মাণবকঃ—বি, পুং; ষোড়শবর্ষ পর্য্যন্ত—বয়স্ক ব্রাহ্মণ কুমার। ষোল নরীহার।

মাণিক্যম্—বি, ক্লী (মণি—কৈ—কর্ত্তৃ—ড—ষ্য) রত্ন বিং, মণি।

মাণ্ডবী—বি, স্ত্রী; ভরত পত্নী।

মাণ্ডব্যঃ—বি, পুং; ঋষি বিং।

মাণ্ডুকঃ—ত্রি, (মণ্ডুক + অণ্) ব্যাঙাচি।

মাতঙ্গঃ—বি, পুং (মতঙ্গ—ষ্ণ) হস্তী। চণ্ডাল।

মাতঙ্গী—বি, স্ত্রী; দেবী বিং। হস্তিনী। চণ্ডালী।

মাতঙ্গনক্রঃ—পুং, হস্তিসদৃশ জলজন্তু বিং।

মাতরপিতৃ—পুং (মাতা + পিতা) মাতা ও পিতা।

মাতরিশ্বা (শ্বন্)—বি, পুং; (মাতৃ + শ্বি + কনিচ্) বায়ু।

মাতলিঃ—বি, পুং; (মত + লা + ক + ইঞ্) ইন্দ্রের সারথি।

মাতা (তৃ)—বি, স্ত্রী (মান—কর্ম্ম—তৃচ্) জননী। শ্বশ্রূ। আচার্য্যপত্নী প্রভৃতি ষোড়শ। পৃথিবী। লক্ষ্মী। গরু। ধাত্রী। বি-ণ (মা—কর্ত্তৃ—তৃণ) পরিমাণ কর্ত্তা। প্রমাণ কর্ত্তা।

মাতামহঃ—বি, পুং (মাতৃ—ডামহ) মাতার পিতা। স্ত্রী; হী—মাতার মাতা।

মাতুলঃ—বি, পুং (মাতৃ—ডুল) মাতার ভ্রাতা। স্ত্রী; লী, লানী।

মাতৃক—বি-ণ (মাতৃ—কণ) মাতৃ সম্বন্ধীয়।

মাতৃকা—বি, স্ত্রী; মাতা। ধাত্রী। অ আ ক খ প্রভৃতি বর্ণ। গৌরী, পদ্ম প্রভৃতি ষোড়শ দেবী।

মাতৃবন্ধু—বি, পুং; মাতামহের ভগিনী পুত্র। মাতামহীর ভগিনী পুত্র। মাতার মাতুল পুত্র।

মাতৃবান্ধবঃ—বি, পুং মাতামহী। মাতামহ। মাতুল। মাতার পুত্র। মাতামহের সহোদর।

মাতৃস্বসা (সৃ)—
মাতুঃস্ব (স্ব) সা (সৃ)—বি, স্ত্রী; মাতার ভগিনী।

মাতৃস্বস্রীয়—(মাতৃস্বসৃ—ণীয়)
মাতৃস্বসেয়—
মাতৃস্বস্রেয়—(মাতৃস্বসৃ—ষ্ণিয়) বি, পুং; মাসীর পুত্র। স্ত্রী; য়ী।

মাত্রম্—বি, ক্লী (মা—ভাবে—ত্র) অবধারণ। কেবল। সাকল্য।

মাত্রা—বি, স্ত্রী (মা + ত্র + আপ্) পরিমাণ। বর্ণের উচ্চারণ কাল। ধন। ধন রাখিবার বটুয়া ইন্দ্রিয়। কর্ণ ভূষণ। সন্ন্যাসীর পরিচ্ছদ। অক্ষরের অংশ বিং।

মাত্রাস্পর্শঃ—বি, পুং; রূপ রসগন্ধাদি বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সংযোগ।

মাৎসর্য্যম্—বি, ক্লী (মৎসর—ষ্য) পরশ্রীকাতরতা।

মাৎস্যম্—ক্লী মৎস্য + অণ) পুরাণ বিশেষ। মৎস্য সম্বন্ধীয়।

মাথ—বি, পুং (মথ—ভাবে—ঘঞ্) মন্থন। বিলোড়ন। ব্যাখ্যা।

মাথুর—ত্রি, (মথুরা + অন) মথুরাজাত, মথুরাহইতে আগত।

মাদক—বি-ণ (মদ—ণিচ্—কর্ত্তৃ—ণক) মত্ততা জনক।

মাদৃক (শ)—(অস্মদ্—দৃশ—কর্ম্ম—ক্বিপ্)
মাদৃক্ষ—অস্মদ্—দৃশ্ + কস্)
মাদৃশ—(অস্মদ্—দৃশ—কর্ম্ম—টক্) আমার সদৃশ।

মাদ্রী—বি, স্ত্রী (মদ্র—ষ্ণ—ঈপ্) পাণ্ডুর কনিষ্ঠ পত্নী)।

মাধবঃ—বি, পুং (মা—ধব) বিষ্ণু। (মধু—ষ্ণ) বসন্ত কাল। বৈশাখ মাস।

মাধবী—বি, স্ত্রী; লতা বিং।

মাধুকরী—বি, স্ত্রী (মধুকর—ষ্ণ—ঈপ্) ভিক্ষা বিং।

মাধুরী—বি, স্ত্রী (মধুর—ষ্ণ—ঈপ্) মাধুর্য।

মাধুর্য্যম্—বি, ক্লী (মধুর—ষ্য) মিষ্টতা। সৌন্দর্য্য। কাব্যের গুণ বিং।

মাধ্যন্দিনম—বি, ক্লী (মধ্যন্দিন—ষ্ণ) মধ্যাহ্ন।

মাধ্যন্দিনী—বি, স্ত্রী; শুক্ল যজুর্ব্বেদীয় শাখা বিং।

মাধ্যস্থ্যম্—বি, ক্লী; (মধ্যস্থ + ঘঞ্) সালিসী, মধ্যস্থতা ঔদাসীন্য।

মাধ্যাকর্ষণম্—বি, ক্লী; যে আকর্ষণ শক্তি দ্বারা সকল বস্তু পরস্পরকে আকর্ষণ করে।

মাধবী—বি, স্ত্রী (মধু—ষ্ণ—ঈপ) মধুজাত সুরা।

মাধবীকম্—বি, ক্লী (মাধবী—কণ্) মধুজাত মদ্য।

মানম্—বি, ক্লী (মা + ল্যুট্) পরিমান। (কারণ—ল্যুট্) যাহা দ্বারা পরিমাণ করা যায়, দণ্ডাদি। পুং (মান—ভাবে—অল্) সম্মান। পূজ্যতাবুদ্ধি।

মানকলিঃ—বি, পুং; অভিমান জন্য কলহ।

মানদ—বি-ণ (মান—দা—কর্ত্তৃ—ড) যে সকলের সম্মান রক্ষা করে।

মানদণ্ডঃ—বি, পুং; মাপকাঠী।

মাননম্—ক্লী (মান + ল্যুট্) সম্মানকরণ্।

মাননীয়—বি-ণ (মান—কর্ম্ম—অনীয়) পূজনীয়।

মানবঃ—বি, পুং; (মনু—ষ্ণ) মনুষ্য। বি-ণ; মনু সম্বন্ধীয়। স্ত্রী; বী।

মানসম্—বি, ক্লী (মনস্—ষ্ণ) চিত্ত। ইচ্ছা। তিব্বতের অন্তর্গত সরোবর বিং। বি-ণ; মনঃ সম্বন্ধীয়।

মানসজন্ম(ন্মন্)—পুং কন্দর্প, মনোজাত।

মানসিক—বি-ণ (মনস্—ষ্ণিক) মনোগত।

মানসৌকা(কস্)—পুং হংস। ত্রি, মানসবাসী।

মানিত—বি-ণ (মান—কর্ম—ক্ত) পূজিত।

মানী (নিন্)—বি-ণ (মান—ইন্) মান্য। অভিমানী।

মানুষঃ—বি, পুং (মনু—ষণ্) মনুষ্য।

মান্দ্যম্—বি, ক্লী; আলস্য। হানি।

মান্ধাতা(তৃ)—বি, পুং (মান্—ধে—কর্ত্তৃ—তৃন্) যুবনাশ্ব রাজার পুত্র নৃপতি বিং।

মান্য—বি-ণ (মান—কর্ম্ম—ঘ্যণ্) পূজ্য।

মাপনম্—ক্লী (মা—ণিচ্ + ল্যুট্) মাপান।

মাদমকঃ—বি, পুং (অস্মদ্—ষ্ণ) মাতুল। কৃপণ। বি-ণ; মৎ সম্বন্ধীয়।

মামকীন—বি-ণ (অস্মদ্—ীন) আমার সম্বন্ধীয়, মদীয়।

মায়া—বি, স্ত্রী (মা—করণ—য—আপ) কপট। ইন্দ্রজাল। স্নেহ, মমতা। অবিদ্যা। বুদ্ধদেবের মাতা।

মায়াকর—বি-ণ (মায়া—কৃ— কর্ত্তৃ—ট) বাজীকর।

মায়াবী (বিন্)—বি-ণ (মায়া—বিন্) মায়া-বিশিষ্ট

মায়িক—বি-ণ (মায়া—ষ্ণিক) মায়াকারী। মায়াবিশিষ্ট।

মায়ুঃ—বি, পুং (মি—কর্ত্তৃ—উণ্) দেহস্থপিত্ত।

মারঃ—বি, পুং (মৃ—ভাবে—ঘঞ্) মরণ (মৃ—ণিচ্— কর্ত্তৃ—অন্) কন্দর্প। (ভাবে—অল্) বধ।

মারজিৎ—বি, পুং (মার—জি—কর্ত্তৃ—ক্বিপ্) শিব। বুদ্ধ।

মারণম্—বি, ক্লী (মৃ—ণিচ্—ভাবে—ল্যুট্) বধ।

মারাত্মক—বি-ণ (মার—আত্মন্—কণ্) প্রাণ-নাশক। সংঘাতিক।

মারি (রী)—বি, স্ত্রী (মৃ—ণিচ্— ভাবে—ই) রোগাদি দ্বারা বহুলোক ক্ষয়, মড়ক।

মারিষঃ—বি, পুং (মা—রিষ—কর্ম্ম—ক) নাট্যোক্তিতে মান্যব্যক্তি।

মারীচঃ—বি, পুং; তাড়কারাক্ষসীর পুত্র। যাজক ব্রহ্মণ, ব্রজগজ, কশ্যপ ঋষি। বি-ণ; মরীচ সম্বন্ধীয়।

মারুতঃ—বি, পুং (মরুৎ—ষ্ণ) বায়ু।

মারুতিঃ—বি, পুং; (মরুৎ + ইন্) হনুমান। ভীম।

{ মার্কণ্ডঃ—(মৃকণ্ডু—ষ্ণ)
{ মার্কণ্ডেয়ঃ—(মৃকণ্ডু—ষ্ণেয়) বি, পুং; মুনি বিং। (মৃকণ্ডুমুনির পুত্র)

মার্গঃ—বি, পুং (মৃজ—কর্ম্ম—ঘঞ্) পথ। (মৃগ—ষ্ণ) অগ্রহায়ণ মাস। (মার্গ—ভাবে—অল্) অন্বেষণ।

মার্গণম্—বি, ক্লী (মার্গ—ভাবে—ল্যুট্) অন্বেষণ। প্রার্থন, পুং (র্ত্তৃ—অন) বাণ। বি-ণ; যাচক।

মার্গশীর্ষঃ—বি, পুং (মার্গশীর্ষী—ষ্ণ) অগ্রহায়ণ মাস।

মার্গিত—বি-ণ (মার্গ—কর্ম্ম—ক্ত) যাহা অনুসন্ধান করা হইয়াছে; অন্বিষ্ট।

{ মার্জ্জনম্—বি, ক্লী(মৃজ্—ভাবে—ল্যুট্)
{ মার্জ্জনা—বি, স্ত্রী (মার্জ্জ + অন + আপ্) পরিষ্কার করণ, মাজা। দোষক্ষালন। ক্ষমা।

মার্জ্জনীয়—বি-ণ (মৃজ্—অনীয়) মার্জ্জনার যোগ্য।

মার্জ্জারঃ—বি, পুং (মৃজ—কর্ত্তৃ—আরন্) বিড়াল। খট্টাশ।

মার্জ্জিত—বি-ণ (মার্জ্জ—কর্ম্ম—ক্ত) পরিষ্কৃত। নির্দ্দোষীকৃত।

মার্ত্তণ্ডঃ—বি, পুং (মৃতণ্ড—ষ্ণ) সূর্য্য।

মার্তিক—বিন, মৃত্তিকা দ্বারা নির্মিত।

মার্দ্দঙ্গিক—বি-ণ (মৃদঙ্গ—ষ্ণিক) মৃদঙ্গবাদক। স্ত্রী; কী।

মার্দ্দবম্—বি, ক্লী (মৃদু—ষ্ণ) মৃদুতা, কোমলতা।

মার্ষ্টিঃ—বি, স্ত্রী (মৃজ—ভাবে—ক্তি) মার্জ্জন।

মালঃ—বি, পুং; জাতি বিং। ক্লী; উন্নত ক্ষেত্র।

মালকঃ—বি, পুং; নিম্ব বৃক্ষ। ক্লী; নারিকেলের মালা।

মালয়ঃ—বি, পুং চন্দনকাষ্ঠ।

মালতী—বি, স্ত্রী (মা—লত—কর্ত্তৃ—অন্—ঈপ্) জাতীলতা। মালতীপুষ্প, ছন্দোবিশেষ। নদী বিং।

মালবঃ—বি, পুং; অবন্তিদেশ। রাগ বিং।

মালা—বি, স্ত্রী (মা—লা—কর্ত্তৃ—ড—আপ্) মাল্য। শ্রেণী। সমূহ।

মালাকারঃ—বি, পুং (মালা—কৃ—কর্ত্তৃ—ঘণ্) মালী জাতি। বি-ণ; যে মালা করে।

মালাদীপকম্—ক্লী, অর্থালঙ্কার বিং।

মালিকঃ—বি, পুং (মালা—ষ্ণিক) মালীজাতি।

মালী (লিন্)—বি-ণ; মালাকার। স্ত্রী; লিনী দুর্গা। চম্পানগরী। ছন্দো বিং।

মালুঃ—স্ত্রী (মল্ + উণ্) পত্রলতা, নারী।

মালুধানঃ— পুং (মালু—ধা + ন) সর্প বি, লতা বি।

মালূরঃ—বি, পুং (মা—লূ—কর্ত্তৃ—রক্) বিল্ববৃক্ষ। ক্লী। বিল্বফল।

মাল্যম্—বি, ক্লী (মালা—ষ্ণ) মালা।

মাল্যবান্ (বৎ)—বি, পুং (মাল্য—বতু) পর্ব্বত বিং। রাক্ষস বিং।

মাষ(স)ঃ—বি, পুং (মষ—কর্ত্তৃ—ঘঞ্) মাষ কড়াই। স্বর্ণাদির পরিমান বিং; ৫ বা ১০ কুঁচ পরিমাণ, মাষা।

মাষভক্তবলিঃ—বি, পুং; মাষকলাই, দধি এবং তণ্ডুল মিশ্রিত পূজোপহার।

মাষীণম্—বি, ক্লী; মাষ কলায়ের ক্ষেত।

মাঃ(স্)—বি, পুং (মা—অস—কর্ত্তৃ—ক্বিপ্) চন্দ্র।

মাসঃ—বি, পুং (মা—অস—কর্ত্তৃ—অন্) শুক্ল ও কৃষ্ণ এই উভয় পক্ষাত্মক কাল।

মাসান্তঃ—বি, পুং; সংক্রান্তি। অমাবস্যা।

মাসিক—বি-ণ (মাস—ষ্ণিক) মাসে মাসে কর্ত্তব্য বা দেয়। বি, ক্লী; প্রতিমাসে কর্ত্তব্য শ্রাদ্ধ।

মাসজ্ঞঃ—বি, পুং; একপ্রকার জলকুক্কুট।

মাসমানঃ—বি.পুং; বৎসর।

মাস্ম—অব্য; নিষেধ।

মাহাকুল—ত্রি, মহাকুলোদ্ভব।

মাহাত্ম্যম্—বি, ক্লী (মহাত্মন্—ষ্ণ্য) মহিমা।

মাহিষ—বি-ণ (মহিষ—ষ্ণ) মহিষ সম্বন্ধীয়।

মাহিষিকঃ—বি, পুং (মহিষী—ষ্ণিক) ব্যভিচারিণী স্ত্রীর স্বামী।

মাহিষ্যঃ—বি, পুং (মহিষী—ষ্ণ্য) বৈশ্যার গর্ভে ক্ষত্রিয়ের ঔরস জাত জাতি বিং।

মাহেন্দ্র—বি-ণ; ইন্দ্র সম্বন্ধীয়। বি, পুং; শুভ যোগ বিং।

মাহেশ্বরঃ—বিনঃ তি, মহেশ্বর-অন্) শৈব।

মাহেয়ঃ—বি, পুং (মহী—ষ্ণেয়) মঙ্গল গ্রহ। নরকাসুর। স্ত্রী; য়ী—গবী।

মিত—বি-ণ (মা—কর্ম্ম—ক্ত) অল্প। পরিমিত। জ্ঞাত। সঞ্চিত।

মিতভাবী (ষিন)—বি-ণ (মিত—ভাষ—কর্ত্তৃ—ণিন্) যে অল্প কথা কয়। স্ত্রী; ণিনী।

মিতম্পচ—বি-ণ; মিত—পচ—কর্ত্তৃ—খশ্) কৃপণ।

মিতব্যয়ী (য়ন্)—বি-ণ; যে অল্প ব্যয় করে। স্ত্রী; য়িনী।

মিতিঃ—বি, স্ত্রী (মা—ভাবে—ক্তি) পরিমাণ।

মিত্র—বি, ক্লী (মিদ—কর্ত্তৃ—ত্র) সুহৃৎ। বি, পুং (মি—ত্র) সূর্য্য।

মিত্রতা—বি, স্ত্রী; বন্ধুত্ব।

মিত্রাক্ষরম্—বি, ক্লী; যে সকল পদ্যের চরণে চরণে মিল থাকে।

মিত্রাবরুণঃ—পুং; সূর্য ও বরুণ—দেবতাদ্বয়।

মিথঃ (স)—অব্য, পরস্পর। গোপনে।

মিথিলা—বি, স্ত্রী; জনক রাজার পুরী, ত্রিহুত।

মিথুনম্—বি, ক্লী (মিথ—কর্ত্তৃ—উনক্) স্ত্রীপুরুষ। তৃতীয় রাশি।

মিথ্যা—অব্য; (মিথ—ক্যপ্ + টাপ্) অসত্য, বৃথা।

মিথ্যাদৃষ্টিঃ—বি, স্ত্রী; নাস্তিকতা।

মিথ্যাবাদী (দিন্)—বি-ণ (মিথ্যা—বদ—কর্ত্তৃ—ণিন্) যে মিথ্যা কথা বলে।

মিমঙ্ক্ষু—ত্রি, (মস্‌জ + সন্ + উ) মজ্জনেচ্ছু।

মিলনম্—বি, ক্লী (মিল—ভাবে—ল্যুট্) সংযোগ মিশ্রণ।

মিলিত—বি-ণ (মিল—কর্ত্তৃ—ক্ত) সংযুক্ত।

মিশ্র—বি-ণ (মিশ্র—কর্ত্তৃ—অন) মিলিত, শব্দের পরবর্ত্তী হইলে মান্য অর্থ বুঝায়।

মিশ্রণম্—বি, ক্লী (মিশ্র—ভাবে—ল্যুট্) মিলন। ঐক্য।

মিশ্রিত—বি-ণ (মিশ্র—কর্ত্তৃ—ক্ত) মিলিত।

মিষ—বি, ক্লী (মিষ—কর্ম্ম—ক) মধুর, বি, পুং; মধুর রস। ক্লী; মিষ্টান্ন। ছল।

মিষ্টতা—বি, স্ত্রী; মাধুর্য্য।

মিষ্টান্নম্—বি, ক্লী; মধুর দ্রব্য, মিঠাই।

মিহিকা—বি, স্ত্রী; (মিহ + কুন্ + টাপ্) হিম।

মিহিরঃ—বি, পুং (মিহ—কর্ত্তৃ—কির) সূর্য্য। মেঘ। বায়ু। চন্দ্র। বিক্রমাদিত্যের সভা পণ্ডিত বিং।

মীঢ়ুস্—পুং (মিহ্ + ক্বসু) শিব।

মীনঃ—বি, পুং (মী—কর্ম্ম—নক্) মৎস্য। অবতার বিং। রাশি বিং।

মীনকেতনঃ—বি, পুং; কন্দর্প। সমুদ্র।

মীমাংসকঃ—বি, পুং (মান—সন্—কর্ত্তৃ—ণক) মীমাংসা শাস্ত্রজ্ঞ। বি-ণ নিষ্পত্তিকারক। স্ত্রী; সিকা।

মীমাংসা—বি, স্ত্রী (মান—সন্—ভাবে—অ + টাপ্) জৈমিনি কৃত দর্শন শাস্ত্র। বিরোধ পরিহার। নিষ্পত্তি। সিদ্ধান্ত।

মীলনম্—বি, ক্লী (মীল—ভাবে—ল্যুট্) মুদ্রিত হওয়া। সঙ্কোচন।

মীলিত—বি-ণ (মীল—কর্ম্ম—ক্ত) মুদ্রিত।

মুকঃ—বি, পুং, স্ত্রী (মুচ—ভাবে—ক্) মুক্তি।

মুকুটম্—বি, ক্লী (মনক্—কর্ত্তৃ—উট) শিরোভূষণ।

মুকুন্দঃ—বি, পুং; (মুকুম্—দা + ক) বিষ্ণু। নিধি বিং।

মুকুম্—অব্য; নির্ব্বাণ মুক্তি।

মুকুরঃ—বি, পুং (মন্‌ক—কর্ত্তৃ—উর) দর্পণ। বকুলবৃক্ষ।

মুকুল—বি, পুং, ক্লী (মন্‌ক—কর্ত্তৃ—উল) কুঁড়ি, কলিকা।

মুকুলিত—বি-ণ (মুকুল—ইত) মুকুল বিশিষ্ট। মুদ্রিত।

মুক্ত—বি-ণ (মুচ—কর্ত্তৃ—ক্ত) মোক্ষ প্রাপ্ত। (কর্ম্ম—ক্ত) পরিত্যক্ত।

মুক্তকণ্ঠ—ত্রি; বি-ণ; উচ্চৈঃস্বরে।

মুক্তসঙ্গ—বি-ণ সকলবিষয়াসঙ্গ বর্জিত। পুং পরিব্রাজক।

মুক্তহস্ত—বি-ণ; অতিশয়দাতা, দানশীল।

মুক্তা—বি, স্ত্রী; (মুচ্ + ক + টাপ্) ঝিনুক প্রভৃতিতে জাতরত্ন বিং।

মুক্তাকলাপঃ—বি, পুং; মুক্তাসমূহ।

মুক্তাফলম্—বি, ক্লী, মুক্তা। বোপদেব কৃত গ্রন্থ বিং।

মুক্তাবলী—বি, স্ত্রী; মুক্তার মালা। গ্রন্থ বিং।

মুক্তাস্ফোটঃ—বি, পুং; ঝিনুক, শুক্তি।

মুক্তিঃ—বি, স্ত্রী (মুচ—ভাবে—ক্তি) মোচন, ত্যাগ। অত্যন্ত দুঃখ নিবৃত্তি, মোক্ষ।

মুখম্—বি, ক্লী (খন—কর্ম্ম—অচ) বদন। গৃহাদির দ্বার। আরম্ভ। উপায়। আদ্য। প্রধান। নাটকাদির সন্ধি বিং।

মুখকোষঃ—বি, পুং; মুখের আচ্ছাদন, মুখোষ।

মুখজঃ—বি, পুং (মুখ—জন—কর্ত্তৃ—ড) ব্রাহ্মণ। বি-ণ; মুখোৎপন্ন।

মুখনিরীক্ষক—বি-ণ, অলস। মুখদর্শী।

মুখম্পচঃ—বি-পুং; ভিখারী, সাধু।

মুখবন্ধঃ—বি, পুং ভূমিকা, প্রস্তাবনা।

মুখর—বি-ণ (মুখ—র) অপ্রিয়ভাবী। বাচাল। অগ্রবর্ত্তী।

মুখরিত—বি-ণ (মুখর—ণিচ্—কর্ত্তৃ—ক্ত) শব্দায়মান, ধ্বনিত।

মুখলাঙ্গলঃ—বি. পুং; শূকর।

মুখশেষঃ—বি. পুং; রাহুগ্রহ।

মুখামৃতম্—বি, ক্লী; লালা, থুথু।

মুখ্য—বি-ণ (মুখ—ষ্ণ্য) শ্রেষ্ঠ। প্রথম।

মুগ্ধ—বি-ণ (মুহ—কর্ত্তৃ—ক্ত) মূঢ়। সুন্দর। স্ত্রী।

মুগ্ধা—সরলস্বভাবা নায়িকা।

মুঞ্জঃ—বি, পুং; তৃণ বিং। শরতৃণ, উপনয়নকালে যাহার দ্বারা রজ্জুনির্ম্মাণ করা হয়, যথা—মুঞ্জময়ী মেখলা।

মুণ্ড—বি, পুং, ক্লী (মুন্‌ড—কর্ম্ম—অল) মস্তক। পুং; শুম্ভনিশুম্ভের সেনাপতি দৈত্য বিং। বৃক্ষের শাখাহীন প্রকাণ্ড, গুড়ি।

মুণ্ডনম্—বি, ক্লী (মুন্‌ড)—ভাবে—ল্যুট্) মাথা মুড়ান।

মুণ্ডিত—বি-ণ (মুন্‌ড—কর্ম্ম—ক্ত) মুড়ান, কেশশূন্য।

মুদ্ (মুদা)—বি, স্ত্রী (মুদ—ভাবে—ক্বিপ্) হয়। প্রীতি।

মুদিত—বি-ণ (মুদ—কর্ত্তৃ—ক্ত) আনন্দিত, প্রীত।

মুদিরঃ—বি, পুং (মুদ—কর্ত্তৃ—কির) মেঘ। ভেক। বিণ; লম্পট। কামুক।

মুদ্গঃ—বি, পুং (মুদ—করণ—গক্) মুগকলাই।

মুদ্গরঃ—বি, পুং (মুদ—গৃ—অন্) মুগুর। গদা।

মুদ্গলঃ—বি, পুং; গোত্রকারক মুনি বি, যথা—মৌদ্গল্য গোত্র। পুং বৃক্ষ বিং।

মুদ্রণম্—বি, ক্লী (মুদ্রা—ণিচ—ভাবে—ল্যুট্) মুদ্রিত করণ, নিমীলন। মুদ্রাঙ্কিত করা।

মুদ্রা—বি, স্ত্রী (মুদ—করণ—ব্রক্—আপ্) মোহর, ছাপ। মোহর, টাকা, পয়সা প্রভৃতি। ছাপার অক্ষর, ক্ষোদিত লিপি। মদ্যপানের চাটনি। দেবারাধন কালে অঙ্গুল্যাদির সন্নিবেশ বিশেষ। গানাদি সময়ে হস্তমুখাদির ভঙ্গী। তুষ্ণীম্ভাব।

মুদ্রাঙ্কনম্—বি, ক্লী (মুদ্রা—অঙ্কন) কোনরূপ ছাপ বা ছাপার অক্ষর দ্বারা চিহ্নিত করা, মুদ্রিতকরণ, ছাপান।

মুদ্রাঙ্কিত—বি-ণ; যাহা ছাপান হইয়াছে, ছাপা।

মুদ্রাযন্ত্রম্—বি, ক্লী; ছাপার কল।

মুদ্রিকা—বি; স্ত্রী; ক্ষুদ্রমুদ্রা, ছোট মোহর। আধুলি, সিকি, দুয়ানি প্রভৃতি।

মুদ্রিত—বি-ণ (মুদ্রা—ইত) মুদ্রাচিহ্নিত, ছাপা। সঙ্কুচিত।

মুধা—অব্য; বৃথা, মিথ্যা।

মুনি—বি, পুং (মন—কর্ত্তৃ—ই) ঋষি, তপস্বী। সন্ত, সন্ন্যাসী। বকবৃক্ষ।

মুনিত্রয়ম্—পাণিনি, কাত্যায়ন ও পতঞ্জলি।

মুনিদ্রুমঃ—পুং বকবৃক্ষ।

মুনীন্দ্রঃ—বি, পুং; বুদ্ধদেব। মুনিশ্রেষ্ঠ।

মুমুক্ষুঃ—বি-ণ (মুচ—সন্—কর্ত্তৃ—উ) যাহারা মুক্তিকামনা করে।

মুমূর্ষুঃ—বি-ণ (মৃ—সন্—কর্ত্তৃ—উ) আসন্ন মৃত্যু।

মুরঃ—বি পুং (মুর—কর্ত্তৃ—ক) দৈত্য বিং।

মুরম্—বি. ক্লী পরিবৃত করা। ঘেরা।

মুরজঃ—বি, পুং; মৃদঙ্গ। স্ত্রী; জা—কুবেরের ভার্য্যা।

মুররিপুঃ—পুং বিষ্ণু।

মুরলা—বি, স্ত্রী; কেরল দেশের নদী বিং।

মুরলী—বি; স্ত্রী; বংশী।

{মুরলীধরঃ—
{মুরহরঃ—বি, পুং; কৃষ্ণ।

মুর্ম্মুরঃ—বি, পুং; তুষের আগুন, তুষানল। কন্দর্প।

মুষলঃ—বি, পুং, ক্লী (মুষ—কর্ত্তৃ—কল) মুদগর। লৌহাগ্রকাষ্ঠখণ্ড। ঢেঁকির মুদ্গর প্রভৃতি।

মুষলী (লিন্)—বি, পুং (মুষল—ইন্) বলরাম।

মুসলী—বি, স্ত্রী; গৃহ গোধিকা, টিকটিকি।

মুষিত—বি-ণ (মুষ—কর্ম্ম—ক্ত) যাহা চুরি করা হইয়াছে, চোরিত। বঞ্চিত।

মুষ্কঃ—বি, পুং (মুষ—কর্ত্তৃ—কক্) অণ্ডকোষ।

মুষ্ট—বি-ণ (মুষ—কর্ম্ম—ক্ত) চোরিত।

মুষ্টিঃ—বি, পুং, স্ত্রী (মুষ—ক্তি) মুঠা, কুঞ্চিত পাণি। পরিমাণ বিং, ৪ তোলা। খড়্গাদির বাঁট। স্ত্রী; চুরি।

মুষ্টামুষ্টি—অব্য; কীলাকীলি যুদ্ধ।

মুষ্টিমেয়—বি-ণ; অল্প পরিমিত বস্তু।

{মুস্তঃ—বি, পুং;
{মুস্তা—বি, স্ত্রী; তৃণের মূল বিং, মুথা।

মুস্তাদঃ—পুং (মুস্ত—অদ + ক) শূকর।

মুহুঃ (স্)—অব্য; পুনঃ পুনঃ, অত্যন্ত।

মুহূর্ত্ত—বি, পু, ক্লী (মুর্চ্ছ—কর্ত্তৃ—ক্ত, নি) দিবা রাত্রির ৩০ ভাগের একভাগ, প্রায় দুই দণ্ড। অল্প কাল।

মূক—বি-ণ (মৃ—কর্ত্তৃ—কক্) বোবা, বাক্‌শক্তি রহিত। স্ত্রী; কা।

মূঢ়—বি-ণ (মুহ—কর্ত্তৃ—ক্ত)মূর্খ। জড়।

মূত—বি-ণ (মূ—কর্ম্ম—ক্ত) বদ্ধ।

মূত্রম্—বি, ক্লী (মূত্র—ভাবে—অল্) প্রস্রাব।

মূত্রকৃচ্ছ্র—বি, ক্লী; মূত্ররোধ রোগ বিং, পাথরি রোগ।

মূত্রাশয়ঃ—বি, পুং; মূত্র স্থান, নাভির অধোভাগ।

মূর্খ—বি-ণ (মূহ—কর্ত্তৃ—খ) অজ্ঞান, নির্ব্বোধ।

মূর্খতা—বি, স্ত্রী; অবিবেচনা, নির্বুদ্ধিতা।

মূর্চ্ছনা—বি, স্ত্রী (মূর্চ্ছ + ল্যুট্ + আপ্) স্বরের আরোহ অবরোহ ক্রম। ঔষধের সংস্কার বিং।

মূর্চ্ছা—বি, স্ত্রী (মূর্চ্ছ + অঙ্ + টাপ্) মোহিত চৈতন্য বিহীনতা। ব্যাপ্তি। প্রতিফলিত হওয়া।

মূর্চ্ছিত—বি-ণ (মূর্চ্ছ—ইত) মূর্চ্ছা প্রাপ্ত। ব্যাপ্ত। প্রতিফলিত।

মূর্ত্ত—বি-ণ (মূর্চ্ছ—কর্ত্তৃ—ক্ত) আকৃতিবিশিষ্ট। কঠিন। ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ এই চারি ভূত।

মূর্ত্তিঃ—বি, স্ত্রী (মূর্ছ—কর্ত্তৃ—ক্তি) আকৃতি।

মূর্ত্তিমান্ (মৎ)—বি-ণ; মূর্ত্তিবিশিষ্ট। স্ত্রী; মতী।

মূর্দ্ধজঃ—বি, পুং (মূর্দ্ধন্—জন—কর্ত্তৃ—ড) কেশ। বি-ণ; মস্তক জাত।

মূর্দ্ধন্যঃ—বি, পুং; মস্তক হইতে উচ্চারিত বর্ণ। বি-ণ; মস্তক হইতে উৎপন্ন।

মূর্দ্ধা (র্দ্ধন্)—বি, পুং (মূহ—অধি—কনিন্) মস্তক।

মূর্দ্ধাভিষিক্তঃ—বি, পুং; রাজ্যাভিষেক কালে মস্তকে অভিষিক্ত, ক্ষত্রিয়। রাজা। ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়ার গর্ভজাত জাতি বিং।

{মূর্ব্বা—
{মূর্ব্বী—বি, স্ত্রী; মুরগা গাছ, যাহার সূত্রে ধনুকের গুণ হয়।

মূলম্—বি, ক্লী (মূল—কর্ত্তৃ—ক) শিকড়। মূলা, আলু প্রভৃতি। আদি কারণ। আদ্য। পুঁজি। প্রধান। রাজার স্বীয় নগর। প্রধান গ্রন্থ।

মূলক—বি, পুং, ক্লী (মূল—কণ) মূলা।

মূলধনম্—বি, ক্লী; পুঁজি, নীবি।

মূল প্রকৃতিঃ—বি, স্ত্রী; ত্রিগুণাত্মিকা আদ্যাশক্তি।

মূলাধারঃ—বি, পুং; গুহ্য ও লিঙ্গের মধ্যবর্ত্তী অঙ্গুলিদ্বয় পরিমিত স্থান।

মূল্যম্—বি, ক্লী (মূল—ষ্য) দ্রব্যের দাম। বেতন।

{মূষঃ—বি, পুং;
{মূষা—বি, স্ত্রী; ইঁদুর। স্বর্ণাদি গলাইবার পাত্র, মুচা।

{মূষকঃ—(মূষ—কর্ত্তৃ—ণক)
{মূষিকঃ—(মূষ—কর্ত্তৃ—ক) পুং; ইঁদুর। স্ত্রী; কী।

মৃগঃ—বি, পুং (মৃগ—কর্ম্ম—ক) হরিণ। পশু। অগ্রহায়ণ মাস।

মৃগতৃষ্ণা—বি, স্ত্রী; গ্রীষ্মকালে প্রখর সূর্য্য-কিরণ বালুকাময় ভূমিতে পতিত হইয়া জলবৎ প্রতীয়মান হয়, মৃগগণ তাহা দেখিয়া জলভ্রমে ধাবিত হয়, এই ভুলকে মৃগতৃষ্ণা কহে। মরীচিকা।

মৃগধূর্ত্তকঃ—বি, পুং; শৃগাল।

মৃগনাভিঃ—বি, পুং, স্ত্রী; কস্তুরী।

মৃগনেত্রা—বি, স্ত্রী; মৃগশিরা নক্ষত্রযুক্ত রাত্রি। মৃগনয়না স্ত্রী।

মৃগবন্ধনী—বি, স্ত্রী; মৃগ ধরিবার ফাঁদ, বাগুরা।

মৃগমদঃ—বি, পুং; কস্তুরী।

মৃগয়া—বি, স্ত্রী (মৃগ—অন্বেষণকরা—যক+টাপ) বন পর্য্যটন পূর্ব্বক পশুবধ, শিকার। লক্ষ্যে শরক্ষেপ।

মৃগয়ুঃ—বি, পুং (মৃগ—কর্ত্তৃ—য়ু) ব্যাধ। শৃগাল।

মৃগরাজঃ—বি, পুং; মৃগের রাজা, সিংহ। মৃগের দ্বারা যে শোভা পায়, চন্দ্র।

মৃগলাঞ্ছনঃ—বি, পুং; চন্দ্র।

মৃগলেখা—স্ত্রী, মৃগাঙ্ক। চন্দ্র।

মৃগবাহনঃ—পুং, বায়ু; স্বাতিনক্ষত্র।

মৃগব্যম্—বি, ক্লী (মৃগ—ব্যয়—ভাবে—ড) মৃগয়া।

{মৃগশিরাঃ (রস)—বি, ক্লী;
মৃগশিরা—বি, স্ত্রী;
মৃগশীর্ষম্—বি, ক্লী; নক্ষত্র বিং।

মৃগাঙ্কঃ—বি, পুং; চন্দ্র।

মৃগাজীবঃ—বি, পুং (মৃগ—অজীব) ব্যাধ।

মৃগাদনঃ—পুং (মৃগ—অদ + ল্যু) ক্ষুদ্র ব্যাঘ্র।

মৃগান্তকঃ—পুং ব্যাঘ্রবিশেষ।

মৃগাবিৎ (ধ)—বি, পুং (মৃগ—ব্যধ—কর্ত্তৃ—ক্বিপ্) ব্যাধ।

মৃগিত—বি-ণ (মৃগ—কর্ম্ম—ক্ত) অন্বিষ্ট। যাচিত।

মৃগেন্দ্রঃ—বি, পুং; সিংহ।

মৃগ্য—বি-ণ (মৃগ—কর্ম্ম—ক্যপ্) অনুসন্ধেয়।

মৃজা—বি, স্ত্রী (মৃজ + অঙ + টাপ্) মার্জ্জন। শুদ্ধি।

মৃজান্বয়—বি-ণ; মার্জ্জনা যুক্ত, পরিষ্কৃত।

মৃড়ঃ—বি, পুং (মৃড়—কর্ত্তৃ—ক) শিব। শিবের পত্নী অর্থে—মৃড়ানী।

{মৃণাল—বি, পুং, ক্লী;
মৃণালী—বি, স্ত্রী; পদ্মাদির নাল, ডাঁটা।

মৃণালিনী—বি, স্ত্রী; পদ্মিনী, পদ্মের ঝাড়।

মৃণ্ময়—বি-ণ (মৃদ—ময়ট্) মৃত্তিকা নির্ম্মিত।

মৃত—বি-ণ (মৃ—কর্ত্তৃ—ক্ত) যে মরিয়াছে। ক্লী। (ভাবে—ক্ত) মরণ। যাচ্ঞা বৃত্তি।

মৃতকম্—বি, ক্লী; মৃতদেহ। মরণাশৌচ।

মৃতকল্প—বি-ণ (মৃত—কল্প) মৃত প্রায়।

মৃতবৎসা—বি, স্ত্রী; যে স্ত্রীর সন্তান জীবিত থাকে না।

মৃতসঞ্জীবনী—বি, স্ত্রী; যে বিদ্যাবলে মৃতব্যক্তি জীবিত হয়।

মৃতিঃ—বি, স্ত্রী (মৃ—ভাবে—ক্তি) মারণ।

মৃত্তিকা—বি, স্ত্রী (মৃদ—কর্ম্ম—তিকন্—আপ্) মাটি।

মৃত্যুঃ—বি, পুং (মৃ—ভাবে—ত্যুক্) মরণ। (অপা—ত্যুক্) যম।

মৃত্যুঞ্জয়ঃ—বি, পুং (মৃত্যু—জি—কর্ত্তৃ—খশ্) শিব।

{মৃৎসা—(মৃদ্—স—আপ্)।
মৃৎস্না—(মৃদ্—স্ন—আপ্) বি, স্ত্রী; উত্তম-মৃত্তিকা।

{মৃদ—
মৃদা—বি, স্ত্রী; মৃত্তিকা।

মৃদঙ্গঃ—বি, পুং (মৃদ—কর্ম্ম—অঙ্গচ্) মুরজ, পাখোয়াজ, খোল।

মৃদঙ্গারঃ—বি, পুং, ক্লী; পাথুরিয়া কয়লা।

মৃদিতঃ—বি-ণ (মৃদ—কর্ম্ম—ক্ত) মর্দ্দিত।

{মৃদু—
মৃদুল—বি-ণ; কোমল। অতীক্ষ্ণ। স্ত্রী; মৃদ্বী, মৃদুলা।

মৃধম্—বি, ক্লী (মৃধ—অধি—ক) যুদ্ধ।

মৃষা—অব্য; মিথ্যা।

মৃষোদ্যম্—ক্লী (মৃষা—বদ্ + ক্যপ্) মিথ্যাকথন।

মৃষ্ট—বি-ণ (মৃজ—কর্ম্ম—ক্ত) মার্জ্জিত। শোধিত। প্রোঞ্ছিত।

মেখলঃ—পুং (মি—খলচ্) কটিবেষ্টন বিং।

মেখলকন্যকা—বি, স্ত্রী (মখল—পর্ব্বত বিশেষ—কন্যকা—কন্যা) নর্ম্মদা নদী।

মেখলা—বি, স্ত্রী; শর পত্রাদি রচিত কটিসূত্র, কোমর বন্ধ। কটিভূষণ, চন্দ্রহার, গোট প্রভৃতি। পর্ব্বতের মধ্যদেশ। দৃঢ়রূপে ধরিবার জন্য খড়গাদির মূলস্থিত চর্ম্মবন্ধন।

মেঘঃ—বি, পুং (মিহ—কর্ত্তৃ—অন্) জলধর। রাগ বিং।

মেঘজ্যোতিঃ (স)—বি, পুং; বজ্রাগ্নি।

মেঘনাদঃ—বি, পুং; ইন্দ্রজিৎ। বরুণ। মেঘের শব্দ।

মেঘযোনিঃ—বি, পুং; ধূম।

মেঘবর্ত্মা (ন)—বি, ক্লী; আকাশ।

মেঘবাহনঃ—বি, পুং; ইন্দ্র।

মেঘাগমঃ—বি, পুং; বর্ষাকাল।

মেঘাত্যয়ঃ—বি, পুং (মেঘ—অত্যয়) শরৎকাল।

মেচকঃ—বি, পুং (মচ—কর্ত্তৃ—ণক) কৃষ্ণবর্ণ। ময়ূরপুচ্ছস্থ চন্দ্রক। ধূম। মেঘ। ক্লী; অন্ধকার। অঞ্জন। বি-ণ; কৃষ্ণবর্ণ।

মেঢ্রঃ—বি, পুং (মিহ—কর্ত্তৃ—ষ্ট্রন্) পুরুষচিহ্ন, উপস্থ। মেষ।

{মেথিঃ—
মেধিঃ—বি, পুং; ধান্য মর্দ্দনার্থ পশু বন্ধন কাষ্ঠ, মেইকাঠ।

মেদ—বি, ম্ ক্লীং—চর্বি; সঙ্কর জাতি।

মেদঃ (স)—বি, ক্লী (মিদ—অসুন্) মজ্জা, চর্ব্বি।

মেদিনী—বি, স্ত্রী (মেদ—ইন্—ঈপ্) পৃথিবী। মধু ও কৈটভের মেদে প্লাবিত হইয়াছিল বলিয়া এই নাম হইয়াছে।

মেদিত—বি-ণ (মিদ—কর্ত্তৃ—ক্ত) স্নিগ্ধ।

মেদুর—বি-ণ (মিদ—কর্ত্তৃ—ঘুর) স্নিগ্ধ। কোমল। চিক্কণ। পূর্ণ।

মেধঃ—বি, পুং (মেধ—অধি—অল্) যজ্ঞ।

মেধা—বি, স্ত্রী (মেধ + অব্য + অপ্) স্মরণ- শক্তি, ধারণাবতী-ধী।

মেধাবী (বিন্)—বি-ণ (মেধা—বিন্) মেধা বিশিষ্ট।

মেধির—বি-ণ (মেধা—ইর) মেধাবী।

মেধ্য—বি-ণ (মেধ—কর্ম্ম—ঘ্যণ্) পবিত্র। যজ্ঞ সম্বন্ধীয়। পুং ছাগ।

মেধ্যা—বি, স্ত্রী; নাড়ী বিং।

মেনা, মেনকা—বি, স্ত্রী; হিমালয়পত্নী।

মেন্ধী—বি, স্ত্রী; মেধীবৃক্ষ, মেহদি গাছ।

মেয়—বি-ণ (মা—কর্ম্ম—য) পরিমাণ-যোগ্য। জ্ঞেয়।

মেরুঃ—বি, পুং (মি—কর্ত্তৃ—রু) জপ মালার উপরিস্থ প্রধান বীজ। পিঠের দাঁড়া, পৃষ্ঠবংশ। পৃথিবীর উত্তর দক্ষিণ প্রান্ত ভাগ। পর্বতবিং।

মেলক—বি-ণ (মিল—কর্ত্তৃ—ণক্) যে মিলিত হয়। বি, পুং; সমূহ (ণিচ্—ণক্) মিলন কারক।

মেলনম্—বি, ক্লী (মিল—ভাবে—ল্যুট্) মিলন।

মেলা—বি, স্ত্রী (মিল—ভাবে—অল্) জনতা, লোকারণ্য। মসী।

মেষঃ—বি, পুং (মিষ—কর্ত্তৃ—অন্) ভেড়া। ১ম রাশি। স্ত্রী; ষী।

মেহঃ—বি, পুং (মিহ্—কর্ম্ম—অল্) মূত্র। (করণ—অল্) মূত্র রোগ বিং।

মেহনম্—বি, ক্লী (মিহ—কর্ত্তৃ—অন) পুং চিহ্ন, শিশ্ন। (ভাবে—ল্যুট্) মূত্রত্যাগ।

মৈত্রম্—বি, ক্লী (মিত্র—ষ্ণ) মিত্রতা। মল-মূত্রোৎসর্গ। অনুরাধা নক্ষত্র। পুং; উপাধি বিং।

{ মৈত্রাবরুণঃ—(মিত্রাবরুণ—ষ্ণ)
মৈত্রাবরুণিঃ—(মিত্রাবরুণ—ষ্ণি) বি, পুং; অগস্ত্যমুনি। বশিষ্ঠ।

মৈত্রী—বি, স্ত্রী;

মৈত্রম্—বি, ক্লী (মিত্র—ষ্ণ) মিত্রতা।

মৈত্রেয়ঃ—বি, পুং (মিত্রা—ষ্ণেয়) মুনি বিং। বুদ্ধদেব। বি-ণ (মিত্র—ষ্ণেয়) মিত্র সম্বন্ধীয়।

মৈথিল—বি-ণ (মিথিলা—ষ্ণ) মিথিলা দেশ সম্বন্ধীয়। বি, পুং মিথিলারাজ।

মৈথিলী—বি, স্ত্রী (মিথিলা—ষ্ণ—ঈপ্) সীতা।

মৈথুনম্—বি, ক্লী (মিথুন—ষ্ণ) স্ত্রী পুরুষের সঙ্গম।

মৈনাকঃ—বি, পুং (মেনকা—ষ্ণ) হিমালয়ের পুত্র পর্ব্বত বিং।

মোক্ষঃ—বি, পুং (মোক্ষ—ভাবে—অল্) মুক্তি। মোচন, পরিত্রাণ মারণ।

মোঘ—বি-ণ (মুহ—কর্ত্তৃ—অন্) ব্যর্থ, নিষ্ফল।

মোচম্—বি, ক্লী; (মুচ্ + অন) কদলী ফল। স্ত্রী; আ-কদল। শাম্মলী বৃক্ষ।

মোচনম্—বি, ক্লী (মুচ—ভাবে—ল্যুট্) মুক্তি। (ণিচ্—ভাবে—ল্যুট্) মুক্তকরণ।

মোচ্য—বি-ণ (মুচ—কর্ম্ম—য) মোচনের যোগ্য।

মোটনম্—বি, ক্লী (মুট—ভাবে—ল্যুট) মোচড়ান। মটকান। পেষণ।

মোট্টায়িত—বি, ক্লী; নায়িকার ভাব বিং।

মোদঃ—বি, পুং (মুদ—ভাবে—অল্) হর্ষ।

মোদকঃ—বি, পুং (মুদ—ণিচ্—কর্ত্তৃ—ণক) জাতি বিং, ময়রা। পুং, ক্লী; মোয়া, লাড়ু। বি-ণ; আনন্দ-জনক।

মোক্ষিত—বি-ণ, (মুচ—ণিচ্—কর্ম্ম—ক্ত) হর্ষিত। আমোদিত।

{ মোষঃ—বি, পুং (মুষ—ভাবে—অল্)।
মোষণম্—বি, ক্লী (মুষ—ভাবে—ল্যুট্) অপহরণ, লুণ্ঠন, কাড়িয়া লওয়া। প্রতারণা।

মোষকঃ—বি, পুং (মুষ—কর্ত্তৃ—ণক) চোর।

মোহঃ—বি পুং (মুহ—ভাবে—অল্) মূর্চ্ছা অজ্ঞান। দুঃখ। অবিদ্যা।

মোহনম্—বি, ক্লী (মুহ—ণিচ—ভাবে—ল্যুট্) মুগ্ধ করা। বি-ণ (কর্ত্তৃ—অন) মোহকারী। পুং; কন্দর্পের বাণ বিং।

মোহিত—বি-ণ (মুহ—ণিচ্—কর্ম্ম—ক্ত) মোহপ্রাপিত।

মোহরাত্রিঃ—স্ত্রী—প্রলয়বিশেষ।

মৌকুলিঃ—বি, পুং (মুকুল—ষ্ণি) কাক।

মৌক্তিকম্—বি, ক্লী (মুক্তা—ষ্ণিক) মুক্তা, মতি।

মৌক্তিকসর—বি, পুং, ক্লী; মুক্তার মালা।

মৌখর্য্যম্—বি, ক্লী (মুখর—ষ্য) বাচালতা।

মৌখিক—বি-ণ; মুখ সম্বন্ধীয়।

মৌগ্ধ্যম্—ক্লী (মুগ্ধ + ষ্যঞ্) সরলতা, মূর্খতা।

মৌঞ্জী—বি, স্ত্রী (মুঞ্জ—ষ্ণ—ঈপ্) মুঞ্জতৃণ নির্ম্মিত মেখলা।

মৌঞ্জীবন্ধম্—বি, ক্লী; উপনয়ন সংস্কার। মেখলা বন্ধন।

মৌঢ্যম্—ক্লী (মূঢ় + ষ্যঞ্) মূঢ়তা।

মৌদ্গল্যঃ—মুদ্গলমুনির সন্তান বা বংশীয়। বি, পুং (মুদ্গল—ষ্যঞ্) মুনি বিং।

মৌনম্—বি, ক্লী (মুনি—ষ্ণ)চুপ করিয়া থাকা, তূষ্ণীম্ভাব।

মৌনী (নিন্)—বি-ণ; মৌনাবলম্বী।

মৌর্য্যঃ—বি, পুং (মুরা—ষ্ণ্য) চন্দ্রগুপ্ত।

মৌর্ব্বী—বি, স্ত্রী (মুর্ব্বা—ষ্ণ—ঈপ্) মুর্ব্বাতৃণ নির্ম্মিত ধনুকের ছিলা, জ্যা।

মৌল—বি-ণ (মূল—ষ্ণ) মূল হইতে আগত। আপ্ত। পুং; সচিব।

মৌলিঃ—বি, পুং, স্ত্রী (মূল—ষ্ণি) কিরীট। মস্তক। বদ্ধকেশ। অগ্রভাগ। পুং; অশোক বৃক্ষ। স্ত্রী; ভূমি।

মৌষল—বি-ণ (মুষল—ষ্ণ) মুষল সদৃশ। মুষল সম্বন্ধীয়।

মৌহূর্ত্তিকঃ—বি, পুং (মুহূর্ত্ত—ষ্ণিক) জ্যোতির্ব্বিৎ।

ম্রক্ষণম্—বি, ক্লী (ম্রক্ষ—ভাবে—ল্যুট্) লেপন। সংযোজন। (কারণ—ল্যুট্) তৈল।

ম্রদিমা (মন্)—বি, পু (মৃদু—ইমনিচ্) মৃদুতা।

ম্রিয়মান—বি-ণ (মৃ—কর্ত্তৃ—শান) আসন্নমৃত্যু, মুমূর্ষু।

ম্লান—বিণ, (ম্লৈ—কর্ত্তৃ—ক্ত) মলিন। ক্লান্ত।

ম্লানিঃ—বি, স্ত্রী (ম্লৈ—কর্ত্তৃ—ক্তিন্) মালিন্য। গ্লানি। বিষাদ।

ম্লিষ্ট—বি-ণ (ম্লেচ্ছ—কর্ত্তৃ—ক্ত) অস্পষ্ট (কর্ম্ম—ক্ত) অপনীত।

ম্লেচ্ছঃ—বি, পুং (ম্লেচ্ছ—কর্ত্তৃ—অন্) কিরাত, শবর, পুলিন্দ, যবনাদি অসভ্য জাতি। কর্ম্ম—অল্) অপভাষা। বি-ণ; পাপিষ্ঠ।

ম্লেচ্ছদেশঃ—বি, পুং; বৈদিকাচার বিহীন দেশ।

ম্লেচ্ছমুখঃ—বি, পুং; তাম্র।

ম্লেচ্ছিতম্—বি, ক্লী (ম্লেচ্ছ—কর্ম্ম—ক্ত) অপভ্রংশ শব্দ।

য

যঃ—বি, পুং; (যা-ড) ২৬শ ব্যঞ্জন বর্ণ। বায়ু। যশঃ। যম। বিণ; গমন কর্ত্তা।

যকৃৎ—বি, ক্লী (য—কৃ—কর্ত্তৃ—ক্বিপ্) কুক্ষিমধ্যে দক্ষিণভাগস্থিত মাংসখণ্ড বিং, পিত্তাশয়।

যক্ষঃ—বি, পুং (যক্ষ—কর্ত্তৃ—অন্) দেবযোনি বিং, কুবেরের অনুচর। ধনরক্ষক। স্ত্রী; ক্ষী—কুবেরের পত্নী। পিশাচী।

যক্ষকর্দমঃ—পুং কর্পূর, অগুরু, কস্তুরী ও কক্কোল মিশ্রিত অনুলেপন বিং।

যক্ষধূপঃ—বি, পুং; ধূনা।

যক্ষরাজ্, যক্ষরাজঃ—বি, পুং; কুবের।

যক্ষ্মা (ক্ষ্মন্)—বি, পুং (যক্ষ—অধি—মন্) ক্ষয়রোগ বিং।

যজনম্—বি, ক্লী (যজ—ভাবে—ল্যুট্) পূজা। যাগ করণ।

যজমানঃ—বি, পুং (যজ—কর্ত্তৃ—শানচ্) যাগকর্ত্তা।

যজিঃ—পুং (যজ্ + ইন্) ইষ্টি, যাগ।

যজুঃ (স্)—বি, ক্লী (যজ—করণ—উস্) যজুর্ব্বেদ, ইহা শুক্ল ও কৃষ্ণ দুই ভাগে বিভক্ত।

যজুর্ব্বেদঃ—বি, পুং; শত শাখা যুক্ত বেদ বিং।

যজুর্ব্বেদী (দিন্)—বি, পুং; যে যজুর্ব্বেদ জানে। যে ঐ বেদানুসারে কার্য্য করে।

যজ্ঞঃ—বি, পুং (যজ্—ভাবে—ন) যাগ হোম।

যজ্ঞপুরুষঃ—বি, পুং বিষ্ণু।

যজ্ঞবাটঃ যজ্ঞভূমিঃ—বি, পুং; যজ্ঞস্থান।

যজ্ঞভাবিত—ত্রি, যজ্ঞদ্বারা তোষিত।

যজ্ঞবৃক্ষঃ—পুং বটবৃক্ষ।

যজ্ঞসূত্রম্—বি, ক্লী; পৈতা, যজ্ঞোপবীত।

যজ্ঞসেনঃ—বি, পুং (যজ্ঞ—সেনা) দ্রুপদ-রাজা।

যজ্ঞাঙ্গম্—বি, ক্লী; যজ্ঞ সাধন সোমলতাদি।

যজ্ঞান্তঃ—পুং যজ্ঞশেষ। অবভৃথ।

{**যজ্ঞিয়**—(যজ্ঞ—ঘ) বি-ণ; যজ্ঞের উপযোগী
{**যজ্ঞীয়**—(যজ্ঞ + ছ)।

যজ্ঞেশ্বরঃ—বি, পুং; বিষ্ণু।

যজ্ঞোডুম্বর—বি, পং (যজ্ঞ—উডুম্বর) যগ-ডুমুর গাছ।

যজ্ঞোপবীতম—বি, ক্লী (যজ্ঞ—উপবীত) পৈতা, যজ্ঞসূত্র।

যজ্বা (জ্বন্)—বি, পুং (যজ্—কর্ত্তৃ—বনিপ্) বিধি পূর্ব্বক যাগকারী।

যত—বি-ণ (যম—কর্ম্ম—ক্ত) বদ্ধ। নিয়মিত। অনুষ্ঠিত। বদ্ধ।

যতচিত্ত—ত্রি, সংযতান্তঃকরণ।

যতমান—বি-ণ (যত—কর্ত্তৃ—শানচ্) যে যত্ন করিতেছে, যত্নবান্।

যতব্রত—বিণ; নিয়মিতরূপে ব্রতানুষ্ঠান কারী।

যতঃ (স্)—অব্য; যেহেতু। যাহা হইতে। যেখানে।

যতাত্মা (ত্মন্)—বিণ; জিতেন্দ্রিয়, বশী।

যতিঃ—বি, পুং (যত—কর্ত্তৃ—ই) মুনি। ভিক্ষু। (যম—অধি—ক্তি) শ্লোকাদির উচ্চারণ কালে জিহ্বার বিশ্রাম স্থান। বিণ; যদ্—ডতি) যত, যৎপরিমিত।

যতী (তিন্)—বি, পুং (যম—ভাবে—ক্ত—ইন্) মুনি। সন্ন্যাসী।

যতিনী—বি, স্ত্রী; বিধবা।

যত্ত—(যত—কর্ত্তৃ—ক্ত) যত্নবান্।

যত্নঃ—বি, পুং (যত—ভাবে—ন) চেষ্টা, উদ্যোগ।

যত্র—অব্য (যদ্-ত্রল্) যেস্থানে।

যথা—অব্য (যদ্—থাচ্) যেমন। সাদৃশ্য। অনতিক্রম। সত্য।

যথাকথঞ্চিৎ—অব্য; যে কোনরূপে, কষ্টসৃষ্টে।

যথাকামম্—ক্লী, (অব্যয়ী;) যেমন ইচ্ছা।

যথাকামী—ত্রি, (অব্যয়ী;) স্বেচ্ছাচারী।

যথাক্রমম্—ক্লী, (অব্যয়ী;) ক্রমানুসারে।

যথাজাতম্—বিণ; মূর্খ। নীচ।

যথাজ্ঞানম্—ক্লী, জ্ঞানানুসারে।

{**যথাতথম্**—
{**যথাযথম্**—ক্লী, (অব্যয়ী;) যথার্থ। যথাযোগ্য।

যথান্যায়ম্—ক্লী, ন্যায়ানুসারে।

যথাপূর্ব্বম্—ক্লী, (অব্যয়ী,) পূর্ব্বের মত।

যথার্থম্—ক্লী; (অব্যয়ী;) সত্য। যোগ্য।

যথার্হম্—বিণ, (অব্যয়ী;) যথাযোগ্য, যথোচিত।

যথাবৎ—অব্য; যথাবিধি। যথার্থ।

যথাবিধি—ক্লী, (অব্যয়ী;) বিধি অনুসারে, যথাশক্তি।

যথাযোগম্—ক্লী, প্রয়োজনানুসারে।

যথাযোগ্যম্—ক্লী, সমুচিতভাবে।

যথাশক্তি—ক্লী, (অব্যয়ী;) শক্তি অনুসারে।

যথাশাস্ত্রম্—ক্লী—শাস্ত্রানুসারে।

যথাস্থিতম্—ক্লী; অব্যয়ী; যথার্থ, সত্য।

যথাসুখম—ক্লী, সুখানুসারে।

যথাস্বম্—ক্লী; (অব্য;) যথাযোগ্যরূপে।

যথেচ্ছাচারঃ—বি, পুং (যথেচ্ছ—আচার) আপন ইচ্ছামত আচরণ।

{**যথেপ্সিতম্**—
{**যথেষ্টম্**—ক্লী; (অব্যয়ী;) ইচ্ছামত, ইচ্ছানুরূপ।

যথোক্তম্—ক্লী; (অব্য) (যথা—উক্ত) যেমন বলা হইয়াছে তদনুরূপ।

যথোচিতম্—ক্লী; অব্য (যথা—উচিত) উপযুক্ত রূপ।

যদ্ (মূলশব্দ)—বিণ; যে, যিনি, যাহা।

যদা—অব্য (যদ্ —৭মী—স্থানে—দা) যখন যৎকালে।

যদি—আব্য; সম্ভাবনা। গর্হা, বিকল্প।

যদুঃ—বি, পুং; যযাতির জ্যেষ্ঠ পুত্র, দেব-যানীর গর্ভজাত। পুং, বহু; যদুবংশীয়।

যদুনাথঃ, যদুপতিঃ—বি,পুং; শ্রীকৃষ্ণ।

যদৃচ্ছা—বি, স্ত্রী (যদ্ = ঋচ্ছ—ভাবে—অ) স্বেচ্ছা। অনায়াস। দৈবাৎ।

যদ্‌ভবিষ্য—বি-ণ, যে ব্যক্তি সকল শুভাশুভ ভাগ্যের উপর নির্ভর করে, দৈবাবলম্ব।

যদ্যপি—অব্য ; যদিও।

যদ্বা—অব্য ; পক্ষান্তর, অন্যরকম।

যন্তা (ন্তৃ)—বি,পুং (যম—কর্ত্তৃ—তৃন্) সারথি। বিণ; নিয়মকারী।

যন্ত্রম্—বি, ক্লী (যন্ত্র—কারণ—অল) যাঁতা। শিল্প কার্য্য সাধন সামগ্রী। তন্ত্রশাস্ত্রে দেবাদির অধিষ্ঠান চক্র। বাদ্য। পাত্র বিং

যন্ত্রণম্—বিণ ক্লী (যন্ত্র—ভাবে—ল্যুট্) বন্ধন। রোধ। দমন। ধারণ। সঙ্কোচন।

যন্ত্রণা—বি, স্ত্রী (যন্ত্র—অন + আপ) যাতনা, ক্লেশ।

যন্ত্রিকা—বি, স্ত্রী (যন্ত্র—কণ— আপ) যাঁতি।

যন্ত্রিত—বিণ (যন্ত্র—কর্ম্ম—ক্ত) বদ্ধ। রুদ্ধ। যাহাকে দমন করা হইয়াছে, দমিত।

যমঃ—বি, পুং (যম + ঘঞ্) শমন,ধর্ম্মরাজ। যোগ। অহিংসা, সত্যকথন, ব্রহ্মচর্য্য, দম্ভরাহিত্য, চৌর্য্য না করা এই পঞ্চবিধ নিত্যকর্ম্ম। বি-ণ ; যুগ্মজাত, যমজ।

যমকম্—বি, ক্লী ; শব্দালঙ্কার বিং। বি-ণ ; যুগ্মজাত।

যমজ—বিণ (যম—জন—কর্ত্তৃ—ড) এক সময়ে এক গর্ভজাত দুই বা বহু।

যমদূতকঃ—পুঃ (যম—দুত + কৈ + ক) কাক।

যমদূতিকা—বি, স্ত্রী; তেঁতুল।

যমদ্বিতীয়া—বি, স্ত্রী; ভ্রাতৃদ্বিতীয়া।

যমনম্—বি, ক্লী (যম—ভাবে—ল্যুট্) বন্ধন। উপরম।

যমনিকা—বি, স্ত্রী (যম—করণ—অন—কণ্—আপ্) পর্দ্দা, যবনিকা।

যমরাট্ (জ্)—বি, পুং ; যম।

যমলম্—বি, ক্লী ; যুগল। পুং ; বৃন্দাবনস্থ বৃক্ষ বিং।

যমলার্জ্জুনঃ—বি, পুং; বৃন্দাবনস্থ বৃক্ষরূপী দৈত্য-বিং (পরিশিষ্ট দেখ)।

যমবৎ—ত্রি, (যম মতুপ) সংযমী।

যমবাহনঃ—বি, পুং; মহিষ।

যমানিকা, যমানী—বি, স্ত্রী; যোয়ান।

যমিত—বিণ (যম—ণিচ্—কর্ম্ম—ক্ত) বন্ধ।

যমী (মিন্)—বিণ (যম—ইন্) যম অর্থাৎ অহিংসাদি পঞ্চবিধ নিয়ম বিশিষ্ট। যমভগিনী,

যমুনা—বি, স্ত্রী (যম—উননআপ) কালিন্দী নদী, যমের ভগিনী।

যযাতিঃ—বি, পু; নহুষ রাজার পুত্র।

যযুঃ—বি, পুং; অশ্বমেধের অশ্ব।

যর্হি—অব্য, যখন, যেহেতু।

যবঃ—বি, পুং (যু—কর্ত্তৃ—অন্) শস্য বিং। বৃদ্ধাঙ্গুলির অগ্রস্থিত চিহ্ন বিং। বেগ।

যবক্ষারঃ—বি, পুং; ক্ষার বিং, সোরা।

যবনঃ—বি, পুং (যু—অধি—অন) দেশ বিং। (কর্ত্তৃ—অন) জাতি বিং। বি-ণ; বেগবান্।

যবনাচার্য্যঃ—বি, পুং; জ্যোতিষ সংক্রান্ত তাজিক নামক গ্রন্থের রচয়িতা পণ্ডিত বিং।

যবনানী—বি, স্ত্রী (যবন—ঈপ্) যবনের লিপি, আরবী, পারসী।

যবনিকা—বি, স্ত্রী; পর্দ্দা।

যবনী—বি, স্ত্রী, যবন-স্ত্রী। পর্দ্দা।

যবস—বি, পুং, ক্লী (যু—কর্ত্তৃ—অস) ঘাস।

যবাগুঃ—বি, স্ত্রী (যু—কর্ম্ম—আগু) যবের মণ্ড, যাউ।

যবানী—বি, স্ত্রী (যব—ঈপ্) ওষধি বিং, যোয়ান। দুষ্টযব।

যবিষ্ঠ—(যুবন্—ইষ্ঠ) কনিষ্ঠ। স্ত্রী-ষ্ঠা

যবীয়ান্ (য়স্)—(যুবন্—ঈয়সু) বিণ; কণীয়ান। স্ত্রী, য়সী।

যশঃ (স্)—বি, ক্লী (অশ—কর্ত্তৃ—অস্)—কীর্ত্তি। সুখ্যাতি।

যশস্কর—বিণ (যশস্—কৃ—কর্ত্তৃ—ট) সুখ্যাতি জনক।

যশস্কাম—ত্রি, যশোলিপ্সু।

যশস্য—ত্রি (যশস্ + যৎ) যশের অনুকূল।

যশস্বৎ—ত্রি (যশস্ + মতুপ্) যশোবিশিষ্ট।

যশস্বী (স্বিন্)—বিণ (যশস্—বিন্) সকলে যাহার সুখ্যাতি করে, কীর্ত্তিমান্।

যশোদঃ—পুং, (যশস্ + দা + ক) পারদ, ত্রি, যশোদাতা।

যশোদা—বি, স্ত্রী; নন্দগোপ পত্নী।

যষ্টিঃ—বি, পুং, (যজ্—কর্ম্ম—ক্তি) দণ্ড, লাঠি। মালার ছড়া, নর। শাখা।

যষ্টা (ষ্টৃ)—বিণ (যজ—তৃন্) যাগকর্ত্তা।

যাগঃ—বি,পুং (যজ—ভাবে—ঘঞ্) যজ্ঞ।

যাচক—বিণ (যাচ—কর্ত্তৃ—ণক) ভিক্ষু। স্ত্রী; চিকা।

যাচনম্—বি, ক্লী (যাচ—ভাবে—ল্যুট্) প্রার্থনা।

যাচনকঃ—বিণ. পুং, (যাচন্-কন্) ভিখারী।

যাচিত—বিণ (যাচ—কর্ম—ক্ত) প্রার্থিত।

যাচিতকম্—ক্লী (যাচিত + কন্) প্রার্থনালব্ধ।

যাচিতা (তৃ)—বিণ (যাচ—কর্ত্তৃ—তৃন্) প্রর্থনা কারী।

যাচ্ঞা—বি, স্ত্রী (যাচ—ভাবে—ণঙ্—আপ্) প্রার্থানা।

যাচ্য—বিণ (যাচ—কর্ম্ম—ঘ্যণ্) যাচ্ঞার যোগ্য, প্রার্থনীয়।

যাজকঃ—বি, পুং (যজ—কর্ত্তৃ—ণক)পুরোহিত, ঋত্বিক্।

যাজনম—বি. ক্লী (যজ—ণিচ্—ভাবে—ল্যুট্) যজ্ঞ করান, পৌরোহিত্য।

যাজি—পুং (যজ্ + ইন) ; যাজী (জিন্) পুং (যজ্ + নিনি) যজ্ঞকারী।

যাজ্ঞবল্ক্যঃ—বি, পুং; ধর্ম্মশাস্ত্রকর্ত্তা মুনি বিং।

যাজ্ঞসেনী—বি, স্ত্রী (যজ্ঞসেনা—ষ্ণ—ঈপ্)

যাজ্ঞিকঃ—বি, পুং (যজ্ঞ) পুরোহিত। যজমান খদির। দর্ভবিং।

যাজ্য—বিণ (যজ—কর্ম্ম—ণ্যৎ) যাহার জন্য যাগ করা যায়, যজমান। বি, ক্লী; যজ্ঞস্থান।

যাত—বিণ; গত। বি, ক্লী; গমন।

যাতনা—বি, স্ত্রী (যত—যুচ্—অন—আপ—) অতিশয় বেদনা।

যাতযাম—বিণ; জীর্ণ। পর্য্যুষিত, বাসি। উচ্ছিষ্ট। ক্ষয়প্রাপ্ত।

যাতব্য—বিণ (যা—কর্ম্ম—তব্য) যাহার সম্মুখে যাইতে হইবে, অভিগন্তব্য। আক্রমণীয়।

যাতা (তৃ)—বি, স্ত্রী (যা—কর্ত্তৃ—তৃচ্) পতির ভ্রাতৃপত্নী, । বিণ; গমনকর্ত্তা।

যাতায়াতম্—বি, ক্লী; গমনাগমন।

যাতু—ক্লী (যাতু) রাক্ষস, পুং কাল, বায়ু। ত্রি, গন্তা, অধ্বগ।

যাতুধানঃ—বি, পুং; (যাতু—ধা + ন) রাক্ষস।

যাত্রা—বি, স্ত্রী (যা—ভাবে—ত্র—আপ) গমন। যুদ্ধের জন্য গমন। দেবতার উৎসব, যথা—রথযাত্রা ইত্যাদি। নির্ব্বাহ যথা—সংসারযাত্রা। উপায়।

যাথার্থ্যম্—বি, ক্লী (যথার্থ—ষ্ণ্য) প্রকৃত-অবস্থা; স্বরূপ।

যাত্রিক—বি-ণ (যাত্রা—ঠক) পথিক। যাত্রাসম্বন্ধীয়। উৎসব। উপায়।

যাত্রী (ত্রিন্)—বি-ণ (যাত্রা—ইন্) যাত্রাকারী পথিক।

যাথাতথ্যম—ক্লী (যথাতথ + ষ্যঞ্) যে বস্তুর যেরূপ হওয়া উচিত সেইরূপ।

যাদঃ (স্)—বি, ক্লী (যা—কর্ত্তৃ—দস্) জলজন্তু।

যাদঃপতিঃ—বি, পুং; সমুদ্র।

যাদবঃ—বি, পুং (যদু—ষ্ণ) কৃষ্ণ। বিণ; যদুবংশীয়।

যাদসাংপতিঃ—বি.পু. বরুণ। সমুদ্র।

যাদৃক্ (শ্)—যদ্—দৃশ—কর্ম্ম—ক্বিপ্)

যাদৃশ—(যদ্—দৃশ—কর্ম্ম—টক্) বি-ণ; যেরূপ, যেমন।

যাদৃচ্ছিক—বিণ (যদৃচ্ছা—ষ্ণিক) স্বেচ্ছাকৃত।

যানম্—বি, ক্লী (যা—করণ—ল্যুট্) হস্তী অশ্ব প্রভৃতি বাহন। (ভাবে—ল্যুট্) গমন। শত্রুর প্রতি যাত্রা।

যাপনম্—বি, ক্লী (যা—ণিচ্—ভাবে—ল্যুট্ কাটান, ক্ষেপণ।

যাপিত—বিণ (যা—ণিচ্—কর্ম্ম—ক্ত) অতিবাহিত, অপসারিত।

যাপ্য—ত্রি (যা—ণিচ্—কর্ম্ম—য) যাহা আবরণ করিয়া রাখিবার যোগ্য, আবরণীয়। ক্ষেপণীয়। যাহা নিঃশেষে প্রতীকারের আযোগ্য।

যামঃ—বি, পুং (যা—কর্ত্তৃ—ম) দিবা ও রাত্রির প্রত্যেকের চারি ভাগের এক ভাগ কাল, প্রহর। সময়। বিণ যম—ষ্ণ) যম সম্বন্ধীয়।

যামঘোষঃ—বি, পুং; কুক্কুট, কুকুড়া। শৃগাল। প্রহর সূচক বাদ্য যন্ত্র বিং। ঘটী যন্ত্র।

যামলম্—ক্লী, যুগল, তন্ত্রশাস্ত্র বিং।

যামবতী—স্ত্রী (যাম—মতুপ্ + ঙীপ্) রাত্রি, হরিদ্রা।

যামিকভটঃ—বি, পুং; প্রহরী, চৌকিদার।

যামিত্রম্—বি, ক্লী; লগ্ন হইতে সপ্তম স্থান।

যামিত্রবেধঃ—পুংলগ্নের সপ্তমে পাপগ্রহস্থিতি।

যামিনী—বি, স্ত্রী (যাম—ইন্—ঈপ্) রাত্রি।

যামী—স্ত্রী (যাম + ঙীপ্) দক্ষিণদিক, যমযাতনা। ভরণীনক্ষত্র। কুলস্ত্রী। ভগিনী।

যামুন—বিণ (যমুনা—ষ্ণ) যমুনা সম্বন্ধীয়। বি, ক্লী; সীসক। রসাঞ্জন।

যাজূকঃ—বি, পুং (যজ—যঙ্লুক্—কর্ত্তৃ—উক) সর্ব্বদা যজ্ঞকারী মুনি বিং।

যাযাবরঃ—বি পুং (যা—যঙ—বরচ্) যাহাদের নিয়মিত বাস স্থান নাই, সদা ভ্রমণকারী।

যাবঃ যাবকঃ—বি, পুং (যু—কর্ম্ম—ঘঞ্, কণ্) আলতা, আলক্তক। ব্রীহিধান্য বিং।

যাবৎ—বিণ (যদ্—বতু) যত, যৎ পরিমিত। অব্য। সাকল্য। সীমা। পরিমাণ। অবধারণ। অধিকার। পক্ষান্তরে।

যাবতিথ—ত্রি, (যাবৎ—ডট্ + তিথুক) যত্তপরিমিত।

যাবন্মাত্র—ত্রি; যৎপরিমিত।

যাবতীয়—বিণ, (যবৎ—ণীয়) সমুদায়।

যাষ্টীক—বিণ, (যষ্টি—ষ্ঠীক) যষ্টিধারী যোদ্ধা।

যিযক্ষু—বিণ, (যজ—সন্—কর্ত্তৃ—উ) যজ্ঞ করিতে ইচ্ছু।

যুক্ত—বিণ, (যুজ্—কর্ত্তৃ—ক্ত) ন্যায্য। মিলিত। যাহার যোগাভ্যাস হইয়াছে।

যুক্ততম—ত্রি; যোগিশ্রেষ্ঠ।

যুক্তচেত—ত্রি, সমাহিত চিত্ত।

যুক্ততমেন্দ্রিয়—ত্রি, যাহার ইন্দ্রিগণ সংযমিত হইয়াছে।

যুক্তদণ্ড—ত্রি, ন্যায়দণ্ডদাতা।

যুক্তরূপ—ত্রি, উচিতমত।

যুক্তাত্মা (ত্মন্)—ত্রি, সমাহিত চিত্ত।

যুক্তিঃ—বি, স্ত্রী (যুজ—ভাবে—ক্তিন্) ন্যায়। কারণ। অনুমান। মিলন।

যুক্তিযুক্ত—ত্রি, যুক্তি অনুযায়ী।

যুগম্—বি, ক্লী, যুগ্ম, জোড়া। সত্য, ত্রেতা, দ্বাপর কলি। শকটাদির যে অঙ্গ বাহকের স্কন্ধে সংলগ্ন থাকে, জোয়ালি।

যুগকীলকঃ—বি , পুং; জোয়ালির খিল।

যুগন্ধরঃ—বি, পুং (যুগ—ধৃ—কর্ত্তৃ—খচ) যে কাষ্ঠ যুগকাষ্ঠে সংলগ্ন থাকে, লাঙ্গলের ঈষ, গাড়ির বোম।

যুগপৎ—অব্য; সমকালে, একদা।

যুগলম—বি, ক্লী (যুগ-ল) যুগ্ম, জোড়া।

যুগান্তঃ—বি, পুং; প্রলয়কাল।

যুগ্মম্—বি, ক্লী (যুজ—কর্ম্ম—মক) যুগল।

যুগ্যম্—বি, ক্লী (যুগ—য্য) বাহন।

যুঞ্জান—বিণ (যুজ—কর্ত্তৃ—শানচ্) যোগাভ্যাসকারী।

যুত—বিণ (যু—কর্ত্তৃ—ক্ত) যুক্ত, মিলিত।

যুতকম্—বি, ক্লী; যুগ্ম। বস্ত্রাঞ্চল। যৌতুক। বিণ; সংযুক্ত।

যুদ্ধম্—বি, ক্লী (যুধ—ভাবে—ক্ত) সংগ্রাম, লড়াই।

{ যুৎ (ধ্)—যুধ—ভাবে—ক্বিপ।
{ যুধা—(যুধ—ভাবে—ক্বিপ্—আপ্) বি, স্ত্রী; যুদ্ধ।

যুধাজিৎ—বি, পুং (যুধা—জি—কর্ত্তৃ—ক্বিপ্) দশরথপুত্র ভরতের মাতুল।

যুধানঃ—বি, পুং (যুধ—কর্ত্তৃ—কান) ক্ষত্রিয়। বিণ; যোদ্ধা।

যুধিষ্ঠিরঃ—বি, পুং (যুধি—স্থির) পাণ্ডবদিগের জ্যেষ্ঠ ভ্রাতা।

যুযুঃ—বি. পুং. (যা-যঙ-ডু) ঘোড়া।

যুযুৎসু—বিণ (যুধ—সন্—কর্ত্তৃ—উ) যুদ্ধ করিতে ইচ্ছু।

যুযুধানঃ—বি, পুং (যুধ্—কর্ত্তৃ—কান) ইন্দ্র। সাত্যকি। বিণ; যোদ্ধা।

যুবকঃ—বি, পুং (যুবন—কণ্) যুবা, তরুণ।

যুবগণ্ডঃ—বি, পু; বয়স ফোড়া।

যুবজানিঃ—বিণ (যুবতী—জায়া) যুবতী স্ত্রীর পতি।

{ যুবতিঃ—(যুবন্—তি)
{ যুবতী—(যুবতি—ঈপ্) বি, স্ত্রী; প্রাপ্ত যৌবনাস্ত্রী, ১৬ হইতে ৩০ বর্ষ পর্য্যন্ত বয়ক্রম বিশিষ্ট স্ত্রী।

যুবনাশ্বঃ—বি, পুং; সূর্য্য বংশীয় নৃপতি বিং, মান্ধাতার পিতা।

যুবরাজঃ—বি, পুং (যুবন্—রাজন্—টচ্) বৃদ্ধ রাজা বর্ত্তমান থাকিতে রাজকার্যের সাহায্যকারী রাজপুত্র।

যুবা (বন্)—বিণ (যু—কন্) যৌবনাবস্থা-বিশিষ্ট, ১৬ হইতে ৩০ বর্ষ পর্যন্ত বয়স বিশিষ্ট।

যুষ্মদ (মূলশব্দ)—বি, ত্রি (যুষ্—কর্ত্তৃ—মদ্) তুমি, মধ্যম পুরুষ।

যুষ্মদীয়—বিণ (যুষ্মদ্—ণীয়) তোমাদের।

যূকঃ (কা)—বি, পুং, স্ত্রী (যু—কর্ত্তৃ—ক্বিপ—কণ্) উকুণ, কেশকীট।

যূতিঃ—স্ত্রী (যু + ক্তিন্) মিশ্রীকরণ।

যূথম্—বি, ক্লী (যূ—কর্ত্তৃ—থক্) পশু পক্ষীর দল। সমূহ।

যূথপঃ—বি, পুং (যূথ—পা—কর্ত্তৃ—ড) বন্য-হস্তি সমূহের দলপতি প্রধান হস্তী।

{ যূথিকা—
{ যূথী—বি, স্ত্রী; যূঁইফুল।

যূনী—বি, স্ত্রী (যুবন—ঈপ্) যুবতী স্ত্রী।

যূপঃ—বি, পুং, ক্লী (যু—অধি—পক্) যজ্ঞে পশু বন্ধনার্থ কাষ্ঠস্তম্ভ। জয়স্তম্ভ।

যূপকটক—বি, পুং, ক্লী; যূপের অগ্রস্থিত বলয়াকৃতি কাষ্ঠ খণ্ড।

যূষ—বি, পুং, ক্লী; ঝোল, বস্তুর ক্বাথ।

যোক্ত্র—বি, ক্লী (যুজ—করণ—ত্র) যুগাদি বন্ধন রজ্জু, যোতদড়ি।

যোগঃ—বি, পুং (যুজ—ভাবে—ঘঞ্) মিলন, ঐক্য। জীবাত্মা ও পরমাত্মার সংযোগ। সম্বন্ধ। ধ্যান। বিষয়ান্তর হইতে মনের নিবৃত্তি, চিত্তনিরোধ। বর্ম্মাদিধারণ। লাভ। দেহস্থৈর্য্য। ধনের উপার্জ্জন ও বর্দ্ধন। (করণ—ঘঞ্) উপায়। বিষ্কুম্ভাদি। পতঞ্জলি কৃত শাস্ত্র বিং।

যোগক্ষেমঃ—বি, পুং; অলব্ধ বস্তুর লাভ ও লব্ধ বস্তুর রক্ষা। শরীরের স্থিতি পালন। বাণিজ্য দ্রব্যের সমুদায় খরচ হিসাব করিয়া মূল্য নিরূপণ। উত্তরাধিকারীর অবিভাজ্য ধন।
যোগজম্‌—ক্লী; অগুরু চন্দন। ত্রি যোগজাত।
যোগতঃ (স্)—অব্য, (যোগ + তসিল) উপায় দ্বারা।
যোগনিদ্রা—বি, স্ত্রী; চিত্তের বিষয়ান্তর হইতে নিবৃত্তি রূপনিদ্রা।
যোগপট্টম্‌—বি, ক্লী; যোগীর ধারণীয় বস্ত্র।
যোগপীঠম্‌—বি, ক্লী; যোগাসন।
যোগমায়া—বি, স্ত্রী; দুর্গা। সংসার মায়া।
যোগরূঢ়ঃ—বি, পুং; শব্দ বিং, যে সকল শব্দ প্রকৃতি প্রত্যয়ের অর্থানুসারী হইয়া কোন একটি নির্দ্দিষ্ট পদার্থের বোধক হয়; যেমন—পঙ্কজাদি।
যোগবিত্তম—ত্রি; অতিশয় যোগজ্ঞ।
যোগবাহী (হিন্)—বি-ণ; যোগদ্বারা বহন শীল। বি, পুং; পারদ।
যোগসারঃ—বি, পুং; সর্ব্বরোগ নাশক উপায়।
যোগাকর্ষণম্‌—বি, ক্লী; যে গুণ দ্বারা একাধিক পরমাণু একত্রিত হইয়া থাকে পরস্পর বিচ্ছিন্ন হয় না, সমস্ত পরমাণুর সমষ্টীকরণ।
যোগাচারঃ—বি, পুং; বৌদ্ধ পণ্ডিত বিং।
যোগাধমনম্‌—বি, ক্লী (যোগ—আধমন) ছল করিয়া বন্ধক দেওয়া।
যোগাসনম্‌—বি, ক্লী; যোগ সাধনার্থ উপবেশন বিং।
যোগী (গিন্)—বি-ণ (যুজ—ঘিণুন্) তপস্বী। ব্রহ্মজ্ঞানী। স্ত্রী; নী।
যোগীশঃ—বি, পুং; শিব।
যোগেশঃ—বি, পুং; বিষ্ণু। শিব।

যোগ্য—বি-ণ (যুজ—ঘ্যণ্) উপযুক্ত। সমর্থ। প্রত্যক্ষ। পবিত্র।
যোগ্যতা—বি, স্ত্রী; পদার্থের পরস্পর সম্বন্ধ। বাধাভাব। ক্ষমতা। পবিত্রতা। উপযুক্ততা।
যোগ্যা—স্ত্রী; সূর্যস্ত্রী, শাস্ত্রাভ্যাস।
যোজক—বি-ণ (যুজ—ণিচ্—কর্ত্তৃ—ণক) যোগ কারক, মেলক। যে সঙ্কীর্ণ ভূভাগ দুই বৃহৎ ভূভাগকে পরস্পর সংযুক্ত করে।
যোজনম্‌—বি, ক্লী (যুজ—ভাবে—ল্যুট্) ক্রোশ পরিমাণ একত্র করণ।
যোগস্থ—ত্রি; সিদ্ধিও অসিদ্ধিতে সমভাবাপন্ন।
যোগসেবা—স্ত্রী; যোগানুষ্ঠান।
যোজনা—বি, স্ত্রী (যুজ—ণিচ্—ভাবে—অন—আপ্) একত্র করণ, সংঘটন।
যোজনগন্ধা—বি, স্ত্রী; কস্তুরী।
যোজিত—বি-ণ (যুজ—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহাকে যুক্ত করা হইয়াছে সম্মিলিত। নিয়মিত। রচিত।
যোত্রম্‌—বি, ক্লী (যু—করণ—ত্র) যুগাদিবন্ধন রজ্জু, যোতদড়ি। সম্পত্তি।
যোদ্ধা (দ্ধৃ)—বি-ণ (যুধ—কর্ত্তৃ—তৃন্) যুদ্ধকারী।
যোধ—বি-ণ (যুধ—কর্ত্তৃ—অন্) যুদ্ধকারী। বি, পুং (ভাবে—অল) যুদ্ধ।
যোধনম্‌—বি, ক্লী (যুধ—ভাবে—ল্যুট্) যুদ্ধ। (করণ—ল্যুট্) যুদ্ধের উপকরণ।
যোনিঃ—বি, পুং, স্ত্রী (যু—কর্ত্তৃ—নি) উৎপত্তি স্থান, আকর। কারণ। স্ত্রীচিহ্ন - বিং।
যোনিজ—বি-ণ (যোনি—জন—কর্ত্তৃ—ড) জরায়ুজ ও অণ্ডজ প্রাণী।

যোষা—(যুষ—কর্ত্তৃ—অন্—আপ্)
যোষিৎ—(যুষ—কর্ত্তৃ—ইৎ) বি, স্ত্রী; নারী।
যৌক্তিক—বি-ণ (যুক্তি—ষ্ণিক) যুক্তি সিদ্ধ।
যৌগিক—বি-ণ (যোগ—ষ্ণিক) উভয়ের পরস্পর যোগে যাহা হয়, যোগজাত। প্রকৃতি প্রত্যয়ের অর্থানুসারে অর্থবোধক শব্দ।
যৌতকম্‌—যুত-বুণ।
যৌতুকম্‌—(যু—ভাবে—তু—কণ্) বি, ক্লী; বিবাহকালে লব্ধধন।
যৌন—বি-ণ (যোনি—ষ্ণ) যোনিসম্বন্ধীয়, বিবাহ সম্বন্ধীয়।
যৌবতম্‌—ক্লী (যুবতী + অন্) যুবতি সমুদায়।
যৌবনম্‌—বি, ক্লী যুবন্—ষ্ণ) বয়স বিং, ১৬ হইতে ৩০ পর্য্যন্ত, তারুণ্য।
যৌবনকণ্টক—বি, পুং, ক্লী; বয়স্ ফোড়া।
যৌবরাজ্যম্‌—বি, ক্লী (যুবরাজ—ষ্যঞ) যুবরাজের পদ, পিতা থাকিতে পুত্রের রাজ্যপদ।
যৌষ্মাক—ত্রি; (যুষ্মদ্—অন্)।
যৌষ্মাকীন—(যুষ্মদ্—ঈন) বি-ণ; তোমাদের সম্বন্ধীয়।

র

রঃ—বি, পুং; (রা-ড) ২৭শ ব্যঞ্জন বর্ণ। অগ্নি। কামাগ্নি। বি-ণ; তীক্ষ্ণ। অন্তঃস্থবর্ণ।
রংহঃ—(স্)—বি, ক্লী (রনহ—ভাবে—অস্) বেগ।
রক্তম্‌—বি, ক্লী (রন্‌জ—করণ—ক্ত) রুধির। তাম্র। কুঙ্কুম। পুং; রক্তবর্ণ। বি-ণ; রক্তবর্ণ বিশিষ্ট। রঞ্জিত। আসক্ত।
রক্তকম্বলম্‌—বি, ক্লী; রক্তকমল।

রক্তদন্তিকা—
রক্তদন্তী—বি, স্ত্রী; দেবী বিং।
রক্তপঃ—পুং (রক্ত—পা + ক) রাক্ষস। রক্তপানকর্ত্তা।
রক্তপিত্তম্‌—বি, ক্লী; রোগ বিং।
রক্তবীজঃ—বি, পুং; দৈত্য বিং। দাড়িম।
রক্তসন্ধ্যকম্‌—বি, ক্লী; রক্তপদ্ম, কহ্লার।
রক্তাক্ত—বি-ণ (রক্ত—অক্ত) রুধির মিশ্রিত। রঞ্জিত।
রক্তাক্ষঃ—বি, পুং (রক্ত—অক্ষি—ষ) পারাবত। মহিষ। চকোর। সারস। বি-ণ; রক্তবর্ণ নেত্র বিশিষ্ট। ক্রূর।
রক্তাঙ্গঃ—বি, পুং; মঙ্গলগ্রহ। বি-ণ; রক্তদেহ।
রক্তাতিসারঃ—বি, পুং; রোগ বিং।
রক্তাশয়ঃ—বি, পুং; রক্তের আধার, হৃৎপিণ্ড।
রক্তিকা—স্ত্রী (রক্ত—কন + টাপ্) গুঞ্জা, রাজিকা।
রক্তিমা(মন্)—বি, পুং (রক্ত—ইমন্) রক্তবর্ণ।
রক্তোৎপলম্‌—বি, রক্তপদ্ম।
রক্ষঃ(স্)—বি, ক্লী (রক্ষ—অপা—তস্) রাক্ষস।
রক্ষঃসভাম্‌—বি, ক্লী (রক্ষস্—সভা) রাক্ষসসমূহ।
রক্ষক—বি-ণ (রক্ষ—কর্ত্তৃ—ণক) রক্ষাকর্ত্তা।
রক্ষণম্‌—বি, ক্লী(রক্ষ—ভাবে—ল্যুট্) রক্ষাকরা।
রক্ষণীয়—বি-ণ (রক্ষ—কর্ম্ম—অনীয়) রক্ষার যোগ্য। পালনীয়।
রক্ষা—বি, স্ত্রী (রক্ষ + অ + টাপ্) পালন। (করণ—অ) যাহা দ্বারা রক্ষা হয়, রাখী।
রক্ষকরণ্ডকঃ—পুং রক্ষাকবচ।
রক্ষাকাণ্ড—বি, পুং ক্লী; রক্ষার্থ দূর্ব্বাদি-গুচ্ছ।

রক্ষাগৃহম্—বি, ক্লী; সূতিকাগার।

রক্ষিত—বি-ণ (রক্ষ—কর্ম্ম—ক্ত) পালিত। বি, পুং; উপাধি বিং। গ্রন্থ বিং।

{ রক্ষিতা(তৃ)—(রক্ষ—কর্ত্তৃ—তৃন্)
{ রক্ষী(ক্ষিন্)—বি-ণ,(রক্ষ—কর্ত্তৃ—ণিন্) রক্ষাকর্ত্তা।

রক্ষোঘ্ন—বি-ণ (রক্ষস্—হন—কর্ত্তৃ—টক্) রাক্ষস ঘাতক।

রক্ষোহনঃ—পুং গুগগুল। শ্বেতসর্ষপ।

রক্ষোনাথঃ—বি, পুং; রাবণ।

রঘুঃ—বি, পুং (রনঘ—কর্ত্তৃ—কু) সূর্য্যবংশীয় দিলীপ রাজার পুত্র।

রঘুনন্দনঃ—বি, পুং; রামচন্দ্র। স্মৃতি নিবন্ধকার পণ্ডিত বিং।

রঘুপতিঃ—বি, পুং; রামচন্দ্র।

রঘুবংশঃ—বি, পুং; রঘুকুল। ক্লী; রঘুবংশ বর্ণনাযুক্ত কাব্য বিং।

রঙ্ক—বি-ণ (রম—কর্ত্তৃ—ক) দরিদ্র। কৃপণ। নীচ।

রঙ্কুঃ—বি, পুং (রম—কর্ত্তৃ—কু) হরিণ বিং, যে হরিণের পৃষ্ঠদেশ কর্বুর বর্ণ।

রঙ্গঃ—বি, পুং (রন্জ—ঘঞ) রঙ, বর্ণ। নৃত্যগীতাদির অভিনয়। নাট্যশালা। যুদ্ধস্থল। পুং, ক্লী; ধাতু বিং, রাঙ্।

রঙ্গভূমিঃ—বি, স্ত্রী; নাট্যশালা।

রঙ্গাজীবঃ—বি, পুং (রঙ্গ—আজীব) চিত্রকর। নট।

রঙ্গাবতারকঃ—পুং; নট।

রংহঃ(স)—বি, ক্লী (রন্‌হ—ভাবে—অস্) বেগ।

রচনা—বি, স্ত্রী (রচ—ণিচ্—ভাবে—অন) নির্ম্মাণ, গঠন। গ্রন্থন। শ্রেণীপর্ব্ব-স্থাপন। বাক্য বিন্যাস। ভূষণ।

রচয়িতা(তৃ)—বি-ণ (রচ—ণিচ্—কর্ত্তৃ—তৃন্) রচনাকারী।

রচিত—বি-ণ (রচ—ণিচ্—কর্ম্ম—ক্ত) নির্ম্মিত। গ্রথিত। বিন্যস্ত।

{ রজঃ—বি, পুং (রনজ—কর্ম্ম—অল্)
{ রজঃ(স)—বি, ক্লী (রনজ—করণ—অস্) ধূলি। পুষ্পরেণু। স্ত্রী; ঋতু। গুণ বিং।

রজকঃ—বি, পুং (রনজ—কর্ত্তৃ—ণ্বুল্) ধোপা। স্ত্রী; কী।

রজতম্—বি, ক্লী (রন্‌জ—করণ—অতচ্) রৌপ্য। স্বর্ণ। হস্তিদন্ত। বি-ণ; শুভ্রবর্ণ।

রজতগিরিঃ—বি, পুং; কৈলাস পর্ব্বত।

রজনি(নী)—বি, স্ত্রী (রন্‌জ—কর্ম্ম—অনি) রাত্রি। (করণ—অনি) হরিদ্রা।

রজনীকরঃ—পুং (রজনী—কৃ + ট) চন্দ্র, কর্পূর।

রজনীচরঃ—পুং (রজনী + চর + ট) রাক্ষস। চোর।

রজনীমুখম্—বি, ক্লী; সন্ধ্যাকাল।

রজস্বলা—বি, স্ত্রী (রজস্—বল—আপ্) ঋতুমতী স্ত্রী।

রজ্জুঃ—বি, স্ত্রী (রন্‌জ—কর্ম্ম—উ) দড়ি।

রঞ্জক—বি-ণ (রন্‌জ—ণিচ—কর্ত্তৃ—ণক) যে রঙ্ করে। প্রীতি কারক।

রঞ্জনম—বি, ক্লী (রনজ—ণিচ্—ভাবে—ল্যুট্) রঙকরা। প্রীতি জনন।

রঞ্জিত—বি-ণ (রন্‌জ—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহা রঙকরা হইয়াছে, ছোবান, চিত্রিত।

রটনা—বি, স্ত্রী (রট—অন + টাপ্) ঘোষণা, প্রচার। কথন।

রটন্তী—বি, স্ত্রী (রট—কর্ত্তৃ—শতৃ—ঈপ্) মাঘ মাসের কৃষ্ণ চতুর্দ্দশী।

রটিত—বি-ণ (রট—কর্ম্ম—ক্ত) ঘোষিত। খ্যাত।

রণঃ—বি, পুং, ক্লী (রণ—অধি—অল্) যুদ্ধ। পুং (ভাবে—অল্) শব্দ।

রণরণকঃ—বি, পুং; উদ্বেগ, উৎকণ্ঠা।

রণতরিঃ—বি, স্ত্রী; যুদ্ধের জাহাজ।

রণসঙ্কুলম্—বি, ক্লী; ঘোরতর যুদ্ধ।

রণাঙ্গনম্—বি, ক্লী (রণ—অঙ্গন) যুদ্ধক্ষেত্র।

রণিত—বি-ণ (রণ—কর্ম্ম—ক্ত) শব্দযুক্ত, শব্দিত।

রণ্ড—বি-ণ (রম—কর্ত্তৃ—ড) ধূর্ত্ত। বন্ধ্য, নিষ্ফল।

রণ্ডা—বি, স্ত্রী; বিধবা। বেশ্যা।

রত—বি, ক্লী (রম—ভাবে—ক্ত) রমণ। বি-ণ (কর্ত্তৃ—ক্ত) অনুরক্ত।

রতিঃ—বি, স্ত্রী (রম্—কর্ত্তৃ—ক্তিন্) কন্দর্পের পত্নী। (ভাবে—ক্তি) অনুরাগ। রমণ। সন্তোষ।

রতিপতিঃ—বি, পুং; কন্দর্প।

{ রত্তিঃ—
{ রত্তিকা—বি, স্ত্রী; পরিমান বিং; এককুঁচ।

রত্নম্—বি, ক্লী (রম—ন) হীরক, মণি মুক্তা প্রভৃতি বহুমূল্য বস্তু। শ্রেষ্ঠ বস্তু।

রত্নগর্ভঃ—বি, পুং; কুবের। সমুদ্র।

রত্নগর্ভা—বি, স্ত্রী; পৃথিবী। বি-ণ; সৎপুত্রবতী নারী।

রত্নজীবী(বিন্)—বি, পুং (রত্ন—জীব—ণিন্) মণিকার, জহরী।

রত্নময়—বি-ণ; মণি নির্ম্মিত। স্ত্রী; য়ী।

রত্নসানুঃ—বি, পুং; সুমেরু পর্ব্বত।

রত্নসূ—বি, স্ত্রী রত্ন—সু—কর্ত্তৃ—ক্বিপ্) পৃথিবী।

রত্নাকরঃ—বি, পুং; সমুদ্র, রত্নের খনি।

রত্নাবলী—বি, স্ত্রী; রত্নশ্রেণী। বৎস রাজার পত্নী। নাটীকা গ্রন্থ বিং।

রত্নিঃ—বি, পুং, স্ত্রী (ঋ—কর্ত্তৃ—ক্তিন) কনুই হইতে বদ্ধমুষ্টি হস্তাগ্রপর্য্যন্ত পরিমাণ।

রথঃ—বি, পুং (রম—কর্ত্তৃ—কথন্) চক্রযুক্ত যান বিং, স্যন্দন। শকটাদি বাহন। চরণ।

রথক(ড্যা)ট্যা—বি, স্ত্রী (রথ—কড্য—আপ্) রথসমূহ।

রথকারঃ—বি, পুং (রথ—কৃ—ষণ্) সূত্রধরজাতি বিং।

রথগুপ্তিঃ—বি, স্ত্রী; শরীর রক্ষার্থ অথবা শস্ত্রাদি রাখিবার জন্য রথস্থিত গুপ্ত স্থান বিং, বরূথ।

রথন্তরম্—বি, ক্লী (রথ—তৃ—করণ—খচ্) সামবেদের গান বিং। বি-ণ (কর্ত্তৃ—খ) রথের সারথি।

রথযাত্রা—বি, স্ত্রী; উৎসব বিং।

রথাঙ্গম্—বি, ক্লী; চক্র। পুং চক্রবাক পক্ষী।

রথাঙ্গপাণিঃ—বি, পুং; চক্রপাণি, বিষ্ণু।

{ রথিক—(রথ—ঝিক)
{ রথী (থিন্)—(রথ—ইন) বি, পুং; রথস্থযোদ্ধা। বি-ণ; রথারোহী।

রথ্যা—বি, স্ত্রী (রথ—ষ্য—আপ্) প্রশস্ত পথ। রথ সমূহ।

{ রদঃ—(রদ—করণ—অল্)
{ রদনঃ—(রদ—করণ—অন) বি, পুং; দন্ত।

রদনচ্ছদঃ—বি, পুং; ওষ্ঠ।

রন্ধনম্—বি, ক্লী (রথ—ভাবে—ল্যুট্) পাক করা

রন্ধ্রম্—বি, ক্লী (রম—ভাবে—ক্বিপ্—ধৃ—কর্ত্তৃ—ক) ছিদ্র। ছল।

রভসঃ—বি, পুং (রভ—কর্ম্ম—অসচ) বেগ। বলাৎকার। হর্ষ। শোক। ঔৎসুক্য।

রমঃ—বি, পুং;(রম্—অন) কামদেব। কান্ত।

রমণম্—বি, পুং (রম—ণিচ্—কর্ত্তৃ—অন্) কন্দর্প। পতি। বি-ণ; প্রিয়। ক্লী (রম—ভাবে—ল্যুট্) মৈথুন। ক্রীড়া।

রমণী—বি, স্ত্রী; সুন্দরী স্ত্রী।

রমণীয়—বি-ণ (রম—ণিচ্—কর্ত্তৃ—অনীয়) সুন্দর।

রমা—বি, স্ত্রী (রম—ণিচ্—কর্ত্তৃ—অন্—আপ্) লক্ষ্মী। পত্নী।

রমানাথঃ, রমাপতিঃ—
রমেশ্বরঃ—বি, পুং; বিষ্ণু।

রম্ভা—বি, স্ত্রী (রভ, রন্‌ভ—কর্ত্তৃ—অন্—আপ্) কদলী। অপ্সরা বিং। দেবী বিং। (ভাবে—অল) গরুর শব্দ।

রম্য—বি-ণ (রম—অধি—য) সুন্দর।

রম্যকম্—বি, ক্লী; জম্বুদ্বীপের বর্ষ বিং।

রয়ঃ—বি, পুং (রয়—করণ—অল্) বেগ। প্রবাহ।

রয়িঃ—পুং (রয় + ইন) জল। ধন।

রল্লকঃ—বি, পুং; কম্বল। মৃগ বিং। নেত্রলোম।

রবঃ—বি, পুং (রু—কর্ম্ম—অল্) শব্দ।

রবণঃ—বি. পু; (রু-যুচ্) উষ্ট্র, কোকিল।

রবিঃ—বি. পুং; (রু-ই) সূর্য। অর্কবৃক্ষ, দ্বাদশ সংখ্যা।

রবিপ্রিয়ঃ—বি, পুং; করবীর পুষ্প। তাম্র। রক্তকম্বল।

রবিজঃ রবিসূনঃ, রবিসুতঃ—বি, পুং; শনি। যম। সুগ্রীব। সাবর্ণি ও বৈবস্বত মনু।

রশ্মিঃ—বি, পুং (অশ—কর্ত্তৃ—মি) কিরণ। রজ্জু। লাগাম।

রসঃ—বি, পুং (রস—কর্ম্ম—অল্) রসনেন্দ্রিয়ের গ্রাহ্য বস্তু কটু, তিক্ত, কষায়, লবণ, অম্ল, মধুর এই ছয় প্রকার আস্বাদ দেহস্থ ধাতু বিং। কাব্যনাটকাদির শ্রবণ দর্শনাদি জন্য মনের প্রীতি বিং, এই রস নয়ভাগে বিভক্ত যথা—শৃঙ্গার, বীর, করুণ, অদ্ভুত, হাস্য, ভয়ানক, বীভৎস, রৌদ্র ও শান্ত। কেহ কেহ বাৎসল্যকেও রস বলেন, তাঁহাদের মতে রস দশ প্রকার। জল। দ্রব দ্রব্য। মুখ। বিষ। সুবর্ণ। পারদ। অনুরাগ। অভিপ্রায়। ভোগ্য. বস্তু।

রসজ্ঞ—বি-ণ (রস—জ্ঞা—কর্ত্তৃ—ড) রসগ্রাহী, রসিক।

রসজ্ঞা—বি, স্ত্রী; জিহ্বা।

রসনম্—বি, ক্লী (রস্—ভাবে—ল্যুট্) স্বাদ গ্রহণ। শব্দ করণ।

রস (শ্) না—বি, স্ত্রী, (রস—করণ—অন্) জিহ্বা। চন্দ্রহার, কাঞ্চী।

রসময়—বি-ণ (রস—ময়ট্) রসস্বরূপ, রসাত্মক। স্ত্রী; ময়ী।

রসরাজঃ—বি, পুং; পারদ। রসাঞ্জন। বি-ণ; রসিকশ্রেষ্ঠ।

রসবান্ (বৎ)—বি-ণ; রসযুক্ত। স্ত্রী; বতী। বি, রন্ধন গৃহ।

রসসিন্দূরম্—বি, ক্লী; ঔষধ বিং।

রসা—বি, স্ত্রী (রস—বিদ্যমানার্থে—অ) পৃথিবী।

রসাঞ্জনম্—বি, ক্লী; রসজাত কজ্জল বিং। সূর্ম্মা।

রসাতলম্—বি, ক্লী; ৬ষ্ঠ পাতাল।

রসাভাসঃ—বি, পুং (রস—আভাস) রসতুল্য, পশুপক্ষী প্রভৃতি অনুচিত পাত্রগত রসবপন।

রসায়নম্—বিং, ক্লী (রস—অয়ন) বিষ বিং। জরা ও ব্যাধি নাশক দীর্ঘজীবিকার ঔষধ বিং। বিদ্যা বিং, যে বিদ্যা অধ্যয়ন করিলে মূল পদার্থের গুণ ও তাহাদের পরস্পর সংযোগ ও বিয়োগের বিষয় জানিতে পারা যায়।

রসালঃ—বি, পুং (রস—আ—লা—কর্ত্তৃ—ড) আম্র, ইক্ষু। পনস। বি-ণ; রসযুক্ত।

রসিক—বি-ণ (রস—ষ্ঠিক) রসজ্ঞ।

রসিতম্—বি, ক্লী (রস—ভাবে—ক্ত) শব্দ। আস্বাদন। বি-ণ (কর্ম্ম—ক্ত) আস্বাদিত। শব্দিত।

রসুন, রসোন—বি, পুং; স্বনামখ্যাত মূল বিং।

রহঃ (স্)—বি, ক্লী, অব্য; নির্জ্জনে।

রহস্য—ত্রি (রহস্—ষ্য) গোপনীয়; বি, ক্লী, গৃহতত্ত্ব। কৌতুক।

রহিত—বি-ণ (রহ—কর্ম্ম—ক্ত) বঞ্চিত, হীন।

রাকা—বি, স্ত্রী (রা—কসু—কর্ম্ম—টাপ্) পূর্ণিমা তিথি, প্রথম ঋতুমতী স্ত্রী।

রাক্ষসঃ—বি, পুং; (রক্ষস্—অণ) দৈত্য, নিশাচর, বিবাহ বিং।

রাক্ষসেন্দ্রঃ—বি, পুং; রাবণ।

রাখী—বি, স্ত্রী (রাখ—কর্ত্তৃ—অন্—ঈপ) রক্ষাকবচ।

রাগঃ—বি, পুং (রন্‌জ—ঘঞ্) রক্তিমা। সন্তোষ। উৎসাহ। ভৈরব, মালব, সারঙ্গ, হিন্দোল, দীপক, মেঘ, এই ছয় স্বর। দ্বেষ।

রাগচূর্ণঃ—পুং কাম, লাক্ষা, খদির।

রাগী (গিন্)—বি,-ণ; (রাগ—ইন্; রন্‌জ—কর্ত্তৃ—ঘিন) রাগযুক্ত। স্ত্রী; গিণী। ৬য় রাগের পত্নী স্বরূপ ১৬ স্বর বিং।

রাঘবঃ—বি, পুং (রঘু—ষ্ণ) রামচন্দ্র। রঘুবংশীয় নৃপতি। মৎস্য বিং।

রাঙ্কবম্—বি, ক্লী (রঙ্ক—ষ্ণ) পশুলোম নির্ম্মিত যন্ত্রাদি। বি-ণ; রঙ্কু মৃগ সম্বন্ধীয়।

রাজকম্—বি, ক্লী (রাজন্—কণ্) রাজ সমূহ। রাজকীয়—বি-ণ (রাজক—ীয়) রাজ সম্বন্ধীয়।

রাজঘ্ন—ত্রি (রাজা—হন্-ক) রাজহন্তা।

রাজত—বি-ণ (রজত—ষ্ণ) রৌপ্য নির্ম্মিত। রাজতাল—বি, পুং—রাজতালী—বি, স্ত্রী; গুবাক বৃক্ষ। বৃহৎ তাল বৃক্ষ।

রাজতন্ত্রম্—বি, ক্লী; রাজার অধীন রাজ্য শাসন।

রাজত্বম্—বি, ক্লী (রাজন্—ত্ব) রাজ্য। রাজভাব।

রাজধর্ম্মঃ—বি, পুং; প্রজাপালনাদি কর্ম্ম।

রাজধানী—বি, স্ত্রী; প্রধান নগরী, যে স্থানে রাজা বা রাজার প্রতিনিধি বাস করেন।

রাজনীতিঃ—বি, স্ত্রী; যে নীতি শাস্ত্রানুসারে রাজকার্য্য নির্ব্বাহ হয়। সামাদি উপায়।

রাজন্যঃ—বি, পুং (রাজন্—ষ্য) ক্ষত্রিয়। অগ্নি।

রাজন্যকম্—বি, ক্লী (রাজন্য—কণ্) ক্ষত্রিয় সমূহ।

রাজস্বান্ (স্বৎ)—বি-ণ (রাজন্—বতু) সুন্দর রাজ্যযুক্ত দেশ। স্ত্রী; বতী।

রাজপট্টঃ—বি, পুং; কৃষ্ণবর্ণ মণি বিং। রাজদত্ত সনন্দ। মুকুট। রাজসিংহাসন।

রাজপথঃ—বি, পুং (রাজন্—পথিন্—অ) প্রশস্ত পথ।

রাজপুত্রঃ—বি, পুং; নৃপকুমার। বুধগ্রহ। অম্বষ্ঠ- কন্যাতে ক্ষত্রিয়জাত জাতি বিং, রাজপুত।

রাজপুরুষঃ—বি, পুং; রাজকর্ম্মচারী। শান্তিরক্ষক।

রাজমণ্ডলম্—বি, ক্লী; দ্বাদশপ্রকার রাজা, যথা—অরি, মিত্র, অরির মিত্র, মিত্রের মিত্র, অরিমি:এর মিত্র, পার্ষ্ণিগ্রাহ, আক্রন্দ, পার্ষ্ণিগ্রাহাসার, আক্রন্দাসার, বিজিগীষু, মধ্যম ও উদাসীন।

রাজমাষঃ—বি, পুং। মাষকলাই বিং, বরবটী।

রাজযক্ষ্মা (ক্ষ্মন্)—বি, পুং; ক্ষয়রোগ, যক্ষ্মা।

রাজরাজঃ—বি, পুং; কুবের। চন্দ্র। সম্রাট্।
রাজরাজেশ্বরী—বি, স্ত্রী; দেবীবিং। সম্রাট্‌পত্নী বা স্বয়ং সম্রাজ্ঞী।
রাজর্ষিঃ—বি, পুং (রাজন্—ঋষি) যিনি রাজা হইয়াও ঋষিবৎ আচরণ করেন, জনক বিশ্বামিত্র প্রভৃতি।
রাজলক্ষ্মীঃ—বি, স্ত্রী; রাজশোভা, রাজশ্রী।
রাজবৃত্তম্—বি, ক্লী; রাজার চরিত্র। ন্যায়ানুসারে অর্থোপার্জ্জন, অর্থের বর্দ্ধন, রক্ষা ও সৎপাত্রে দান।
রাজস—(রাজস্—ষ্ণ)—
রাজসিক (রজস্—ষ্ণিক)—বি-ণ; রজোগুণ প্রধান।
রাজসাযুজ্যম্—বি, ক্লী; রাজত্ব।
রাজসূয়—বি, পুং; ক্লী (রাজন্—সূ—অধি—ক্যপ্) অধীনস্থ রাজাদিগের সাহায্যে সম্রাটের কর্ত্তব্য সামবেদবিহিত যজ্ঞ বিং।
রাজস্বম্—বি, ক্লী; রাজার প্রপ্যধন, কর।
রাজহংস—বি, পুং; রক্তবর্ণ চঞ্চু ও চরণযুক্ত। হংস। রাজশ্রেষ্ঠ।
রাজা (জন)—বি, পুং (রাজ—কর্ত্তৃ—কনিন্) প্রজাপালনকারী প্রভু, নৃপতি। ক্ষত্রিয়। চন্দ্র। ইন্দ্র। শব্দের পরবর্তী হইলে শ্রেষ্ঠবাচক হয়।
রাজাধিরাজঃ—বি, পুং; সম্রাট্। রাজাসন—বি, পুং ক্লী; পিয়াল বৃক্ষ।
রাজাপসদঃ—পুং নিকৃষ্ট রাজা।
রাজিঃ (জী)—বি, স্ত্রী (রাজ—কর্ত্তৃ—ই) শ্রেণী। রেখা।
রাজিলঃ—বি, পুং; ঢোঁড়াসাপ।
রাজীবম্—বি, ক্লী (রাজী—ব) পদ্ম। পুং; মৎস্য বিং। মৃগ বিং।
রাজেন্দ্রঃ—বি, পুং (রাজন্—ইন্দ্র) শ্রেষ্ঠ রাজা।

রাজ্ঞী—বি, স্ত্রী (রাজন্—ঈপ্) রাজমহিষী।
রাজ্যম্—বি, ক্লী (রাজন্—ষ্ণ) রাজার কার্য্য। রাজত্ব। রাজার অধিকৃত দেশ।
রাজ্যতন্ত্রম্—বি, ক্লী; স্বামী অমাত্য, সুহৃৎ, কোষ, রাষ্ট্র, দুর্গ ও সৈন্য এই সপ্তবিধ রাজ্যের অঙ্গ।
রাঢ়ঃ—বি, পুং;
রাঢ়া—বি, স্ত্রী; বঙ্গদেশের অন্তর্গত গঙ্গার পশ্চিম প্রদেশ।
রাঢ়ীয়—বি-ণ (রাঢ়—নীয়) রাঢ়দেশীয়।
রাত্রিঃ (ত্রী)—বি, স্ত্রী (রা—কর্ত্তৃ—ত্রিপ্) রজনী।
রাত্রিচরঃ—(রাত্রি + চর + ট)
রাত্রিঞ্চরঃ—বি, পুং; (রত্রি + চর + খচ্) রাক্ষস। চোর। স্ত্রী; রী।
রাত্র্যন্ধ—বি-ণ; রাতকাণা।
রাদ্ধ—বি-ণ (রাধ—কর্ম্ম—ক্ত) পক্ব। সিদ্ধ।
রাদ্ধান্তঃ—বি, পুং; সিদ্ধান্ত।
রাধঃ—বি, পুং (রাধ—ষ্ণ) চান্দ্র বৈশাখ মাস।
রাধনা—বি, স্ত্রী; (রাধ—ণিচ্—যুচ্—টাপ্) পূজন।
রাধা—বি, স্ত্রী; অনুরাধা নক্ষত্র। কর্ণের পালয়িত্রী মাতা। বৃষভানুনন্দিনী গোপী বিং।
রাধারমণঃ—বিং পুং; শ্রীকৃষ্ণ। রাধাকান্ত। রাধানাথ।
রাধিকা—বি, স্ত্রী; বৃষভানুনন্দিনী গোপী বিং।
রাধেয়ঃ—বি, পুং (রাধা—ঢেয়) কর্ণ। কুন্তীর কন্যকাবস্থার পুত্র, কুন্তী কর্ত্তৃক পরিত্যক্ত হইলে রাধানাম্নী সূত্রধরজাতীয় স্ত্রী ইহাকে পালন করে বলিয়া এই নাম হইয়াছে।

রামঃ—বি, পুং (রম—অধি—ঘঞ্) দশরথের জ্যেষ্ঠ পুত্র। পরশুরাম। বলরাম। বি-ণ রমণীয়।
রামগিরিঃ—বি, পুং; চিত্রকূট পর্ব্বত।
রামচন্দ্রঃ—বি, পুং; দশরথের জ্যেষ্ঠ পুত্র।
রমণীয়কম্—বি, ক্লী (রমণীয়—কণ্) সৌন্দর্য্য।
রামনবমী—স্ত্রী; চৈত্রের শুক্লানবমী।
রামভদ্রঃ—বি, পুং; রামচন্দ্র।
রামা—বি, স্ত্রী; সুন্দরী স্ত্রী।
রামায়ণম্—বি, ক্লী (রাম—অয়ন = আশ্রয়) (রাম—ষ্ণায়ন) রামকে অধিকার করিয়া কৃত গ্রন্থ; বাল্মীকি প্রণীত শ্রীরামচন্দ্রের উপাখ্যান বর্ণনাত্মক মহাকাব্য।
রাম্ভঃ—বি, পুং (রম্ভ = বেণু—ষ্ণ) ব্রত নিমিত্ত ধারণীয় বংশদণ্ড।
রাবঃ—বি, পুং (রু—ভাবে—ঘঞ্) শব্দ।
রাবণঃ—বি, পুং (রু—ণিচ্—ল্যুট্) লঙ্কাপতি রাক্ষস। রোদনকারী।
রাবণিঃ—বি, পুং (রাবণ—ইঞ্) রাবণ পুত্র, ইন্দ্রজিৎ।
রাশিঃ—বি, পুং (অশ—কর্ত্তৃ—ইঞ্) পুঞ্জ, সমূহ। নক্ষত্র ঘটিত মেষাদি দ্বাদশ ভাগ।
রাশিচক্রম্—বি, ক্লী; মেষাদি দ্বাদশ রাশিঘটিত কল্পিত বৃত্ত, জ্যোতিশ্চক্র।
রাশীকৃত—বি-ণ; স্তূপাকার করা।
রাষ্ট্র—বি, ক্লী, পুং (রাজ—কর্ত্তৃ—ষ্ট্রন্) রাজ্য।
রাষ্ট্রিয়—বি, পুং (রাষ্ট্র—ইয় [ছ]) নাট্যোক্তিতে রাজার শ্যালক। ত্রি, রাষ্ট্রসম্বন্ধীয়।

রাসঃ—বি, পুং (রস—অধি—ঘঞ্) শৃঙ্খলাবন্ধন ন্যায় ক্রীড়া বিং, কৃষ্ণের লীলা বিং।
রাসনম্—বি, ক্লী (রসনা—ষ্ণ) রসনেন্দ্রিয়-জন্য জ্ঞান।
রাসভঃ—বি, পুং (রাস—কর্ত্তৃ—অভ) গর্দ্দভ, গাধা।
রাসায়নিক—বি-ণ (রসায়ন—ষ্ণিক) রসায়ন-বিদ্যাসম্বন্ধীয়।
রাসায়নিকাকর্ষণম্—বি, ক্লী; যে গুণ দ্বারা পরস্পর বিভিন্ন পরমাণু সকল মিলিত হইয়া একটী স্বতন্ত্র গুণ বিশিষ্ট পদার্থে পরিণত হয়।
রাস্না—বি, স্ত্রী; (রস—ণন + টাপ্) লতা বিং।
রাহুঃ—বি, পুং (রহ—কর্ত্তৃ—উণ্) নবগ্রহের অন্তর্গত গ্রহ বিং, সিংহিকা পুত্র।
রিক্ত—বি-ণ (রিচ—কর্ম্ম—ক্ত) শূন্য। নিষ্ফল। বি, ক্লী; বন।
রিক্তহস্ত—বি-ণ; শূন্যহস্ত, নির্দ্ধন।
রিক্তা—বি, স্ত্রী; চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী। তিথি।
রিক্থ—বি, ক্লী (রিচ—কর্ম্ম—থক্) ধন, স্থাবর-অবস্থার সম্পত্তি।
রিক্থহারী, রিক্থী (ক্থিন)—বি-ণ; উত্তরাধিকারী।
রিঙ্গণম্—বি, ক্লী (রিন্গ + ভাবে + ল্যুট্) পতন, স্খলন। গমন, বালকের হামাগুড়ি।
রিপুঃ—বি, পুং (রপ—কর্ত্তৃ—উন্) শত্রু। লগ্ন—অবধি ষষ্ঠস্থান।
রিরংসা—বি, স্ত্রী (রম—সন্—ভাবে—অ-আপ্) রমণেচ্ছা।

রিরংসু—বি-ণ (রম—সন্—কর্ত্তৃ—উ) রমণেচ্ছু।

রিষ্টম্—বি, ক্লী (রিষ—করণ—ক্ত)

রিষ্টিঃ—বি, স্ত্রী (রিস—করণ—ক্তি) শুভ। অশুভ। পাপ। নাশ। পুং; খড়্গ।

রীঢ়া—বি, স্ত্রী (রিহ—ভাবে—ক্ত—আপ্) অনাদর। অবজ্ঞা।

রীণ—বি-ণ (রী—কর্ত্তৃ—ক্ত) ক্ষরিত। বিগত।

রীতিঃ—বি, স্ত্রী (রী—ভাবে—ক্তি) আচার ব্যবহার, পদ্ধতি, ধারা। ক্রম। গতি। ক্ষরণ। লৌহমল, মরিচা। কাব্যে রসাদির উপকারক পদসংঘটনা, বিং। পিত্তল।

রুংশিত—বি-ণ (রুন্‌শ—কর্ম্ম—ক্ত) রঞ্জিত, চর্চ্চিত।

রুক্মম্—বি, ক্লী (রুচ—কর্ত্তৃ—মক্) স্বর্ণ। ধুস্তূর। লৌহ। নাগকেশর।

রুক্মী (ক্মিন্)—বি, পুং (রুক্ম—ইন্) বিদর্ভরাজ ভীষ্মকের জ্যেষ্ঠপুত্র।

রুক্মিণী—বি, স্ত্রী; বিদর্ভরাজ ভীষ্মকের কন্যা, কৃষ্ণের পত্নী।

রুক্ষ—

রূক্ষ—বি-ণ (রুহ—কর্ত্তৃ—সক্) কর্কশ। অচিক্কণ। কঠিন। নিষ্ঠুর।

রুগ্ন—বি-ণ (রুজ—কর্ত্তৃ—ক্ত) পীড়িত। বক্র। ভগ্ন।

রুক্ (চ্)—
রুচা—বি, স্ত্রী (রুচ—ভাবে—ক্বিপ্ + টাপ্) শোভা। দীপ্তি।

রুচকম্—ক্লী (রুচ্ + কন) মঙ্গল্যদ্রব্য, মাল্য গঠন।

রুচিঃ—বি, স্ত্রী (রুচ—ভাবে—কি) শোভা। দীপ্তি। স্পৃহা। অনুরাগ। প্রীতি।

রুচির—বি-ণ (রুচ—কর্ত্তৃ—কির) মনোহর। উজ্জ্বল।

রুচ্য—বি-ণ (রুচি—যত্য) রুচিকারক।

রুক্ (জ্)—(রুজ্ + ক্বিপ্)।
রুজা—বি, স্ত্রী (রুজ—ভাবে—ক্বিপ্ + টাপ্) পীড়া। ভঙ্গ।

রুতম্—বি, ক্লী (রু—ভাবে—ক্ত) পশুপক্ষীর শব্দ।

রুদিত—বি-ণ (রুদ—কর্ত্তৃ—ক্ত) রোদনকারী। বি, ক্লী (রুদ—ভাবে—ক্ত) রোদন।

রুদ্ধ—বি-ণ (রুধ—কর্ম্ম—ক্ত) বদ্ধ। প্রতিবন্ধক গ্রস্ত। বেষ্টিত।

রুদ্রঃ—বি, পুং (রুদ + রক্) শিব। বিরূপাক্ষ প্রভৃতি একাদশ গণদেবতা।

রুদ্রাক্ষঃ—বি, পুং (রুদ্র—অক্ষি—ষ) বৃক্ষ বিং ক্লী; উহার ফল।

রুদ্রাণী—বি, স্ত্রী (রুদ্র—ঈপ্) দুর্গা।

রুধিরম্—বি, ক্লী (রুধ—কর্ত্তৃ—কির) রক্ত। কুঙ্কুম। পুং; মঙ্গলগ্রহ।

রুরুঃ—বি, পুং (রু—কর্ত্তৃ—ক্রু) মৃগ বিং।

রুট্ (ষ্)—(রুষ্ + ক্বিপ্)
রুষা—বি, স্ত্রী (রুষ—ভাবে—ক্বিপ + টাপ্) ক্রোধ।

রুষিত, রুষ্ট—বি-ণ (রুষ—কর্ত্তৃ—ক্ত) কুপিত।

রূঢ়—বি-ণ (রুহ—কর্ত্তৃ—ক্ত) উৎপন্ন, জাত। প্রসিদ্ধ। বৃদ্ধিপ্রাপ্ত। প্রকৃতি প্রত্যয়ের অর্থ অপেক্ষা না করিয়া অন্যার্থবোধক শব্দ।

রূঢ়িঃ—বি, স্ত্রী (রুহ—ভাবে—ক্তি) উৎপত্তি। প্রসিদ্ধি। প্রকৃতি প্রত্যয়ের অর্থ অপেক্ষা না করিয়া সমুদায়ের অর্থবোধক শব্দের শক্তি

রূপম,— বি, ক্লী (রূপ—ভাবে—অচ্). স্বভাব।

শরীর। আকৃতি। প্রকার। সৌন্দর্য্য।

শুক্লাদিবর্ণ। পরবর্ত্তী হইলে সদৃশ অর্থ বুঝায়।

রূপকম্— বি, ক্লী (রূপ + ণক) দৃশ্যকাব্য। রৌপ্য। কাব্যের অলঙ্কার বিং।

রূপণম্—বি, ক্লী (রূপ + ল্যুট্) বর্ণন। অভিনয়। নিরূপণ।

রূপবান্ (বৎ)—বি-ণ; সুশ্রী। সাকার। শুক্লাদি বর্ণ যুক্ত। রূপাজীবা—বি, স্ত্রী; বেশ্যা।

রূপান্তরম্—বি, ক্লী; বিভিন্ন প্রকার ।

রূপ্যম্—বি, ক্লী (রূপ + যত্য) রজত। স্বর্ণ।

রূষিত —বি-ণ (রূষ—কর্ম্ম—ক্ত) রঞ্জিত। চূর্ণিত। অচিক্কণীকৃত।

রেকঃ—বি, পুং (রিচ —ভাবে—ঘঞ্) বিরেচন।

রেখা—বি, স্ত্রী (লিখ—কর্ম্ম—অ—আপ্) বিস্তৃতি হীন দীর্ঘাকৃতি চিহ্ন। শ্রেণী।

রেখাগণিতম্—বি, ক্লী; ক্ষেত্রতত্ত্ব।

রেচক —বি-ণ (রিচ —ণিচ্—কর্ত্তৃ—ণক) বিরেচন কারক, জোলাপ।

রেচনম্—বি, ক্লী (রিচ —ভাবে—ল্যুট্) নিঃসরণ, ভেদ।

রেচিত —বি-ণ (রিচ —ণিচ্ —কর্ম্ম—ক্ত) ত্যক্ত। ঘূর্ণিত। পরিবর্ত্তিত ।

রেণুঃ—বি, পুং (রী—কর্ত্তৃ—নু) ধূলি। গুঁড়া।

রেণুকা—বি, স্ত্রী; (রেণু + কৈ + টাপ্) পরশুরামের মাতা। গন্ধদ্রব্য বিং।

রেতঃ (স্)—বি, ক্লী (রা—কর্ত্তৃ—অন্) শুক্রধাতু পারদ।

রেপ—বি-ণ (রেপ—ঘঞ্) তিরস্করণীয়। নীচ।

রেফঃ—বি, পুং; অক্ষর বিং র-কারাত্মক বর্ণ।

রেবতা—পুং (রেব + অতচ) জম্বীর। নৃপবিশেষ।

রেবতী—বি, স্ত্রী; বলরামে পত্নী। নক্ষত্র বিং মাতৃকা বিং।

রেবতীজানিঃ, রেবতীরমণঃ—বি, পুঃ; বলরাম।

রেবা—বি, স্ত্রী (রেব—কর্ত্তৃ—অন্—আপ্) নর্ম্মদানদী।

রৈ—বি, পুং (রা—কর্ম্ম—ডৈ) ধন। স্বর্ণ।

রৈত্য—বি-ণ (রীতি —ষ্ণ) পিত্তল নির্ম্মিত।

রৈবতঃ—বি, পুং (রেবতী—ষ্ণ) বিন্ধ্যপর্ব্বতের পশ্চিমস্থ পর্ব্বত বিং। দৈত্য বিং। ৫ম মনু।

রোকম্—বি, ক্লী (রু—অধি—কন্) গর্ত্ত ছিদ্র।

রোগঃ—বি, পুং (রুজ + ঘঞ্) পীড়া।

রোগহ—বি-ণ, (রোগ—হন্) রোগনাশক।

রোগহন্—বি-ণ, (রোগ—হন্—ক্বিপ্) বৈদ্য।

রোগী (গিন্)—বি-ণ (রোগ—ইন্) রোগ যুক্ত, রুগ্ন।

রোচক —বি-ণ (রুচ —ণিচ্ —কর্ত্তৃ—ণক) রুচিকর।

রোচন—ত্রি (রুচ + ল্য) রুচিকারক পুং পলাণ্ডু, দাড়িম, করঞ্জ, অঙ্কোট।

রোচনা—বি, স্ত্রী (রুচ —কর্ত্তৃ—অন—আপ্) গোরোচনা বর্ণদ্রব্য বিং। উত্তমা নারী।

রোচমানঃ—বি, পুং (রুচ—কর্ত্তৃ—শানচ্) অশ্বের গ্রীবাস্থিত রোমাবর্ত্ত বিং।

রোচিঃ (স্)—বি, ক্লী (রুচ—ভাবে—ইস্) দীপ্তি।

রোটিকা—বি, স্ত্রী (রুট—কর্ত্তৃ—ণক—আপ্) পিষ্টক বি, রুটি।

রোদ, রোদনম্—বি, ক্লী (রুদ—ভাবে—ল্যুট্) ক্রন্দন।

রোদঃ (স্)—বি, ক্লী; (রুদ + অসুন্)
রোদসী—বি, স্ত্রী (রুদ—অধি—অসুন + ঈপ্) পৃথিবী। আকাশ। দ্বিবনান্ত হইলে ঐ উভয়ের বোধক হয়। দ্যাবাপৃথিবী।

রোদ্ধা (দ্ধৃ)—বি-ণ (রুধ—তৃণ্) যে রোধ করে রোধক। স্ত্রী; দ্ধী।

রোধঃ—বি, পুং (রুধ—ভাবে—অন্) রোধকরা, বাধা।

রোধঃ (স্)—বি, ক্লী (রুধ—করণ—অস্) নদী প্রভৃতির তীর, তট। রোধক—বি-ণ (রুধ—কর্ত্তৃ—ণক) রোধকারী। স্ত্রী; ধিকা।

রোধনম্—বি, ক্লী (রুধ + ল্যুট্) রোধকরণ।

রোপঃ—বি, পুং (রুপ—করণ—অন্) শর, বাণ।

রোপণম্—বি, ক্লী (রুহ—ণিচ্—ভাবে—ল্যুট্) বীজাদিবপন। স্থাপন। আরোপ। অর্পণ। (রুপ—ল্যুট্) ব্যাকুলীকরণ, বিমোহন।

রোপিত—বি-ণ (রুহ—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহা রোপণ করা হইয়াছে স্থাপিত। (রুপ—কর্ম্ম—ক্ত) আরোপিত।

রোমকূপঃ—বি, পুং; রোমবিবর।

রোমকপত্তনম্—বি, ক্লী; রোমরাজ্য।

রোমন্—বি, ক্লী (রু—কর্ত্তৃ—মন্) লোম।
রোমজ—বি-ণ (রোমন্—জন—কর্ত্তৃ—ড) লোমদ্বারা তৈয়ারি, পশমি।

রোমন্থঃ—বি, পুং (রোম—মন্থ—কর্ত্তৃ—অন্, নি) যাহা রোগ নষ্ট করে, উদ্গারকারী চর্ব্বণ। জাওর কাটা।

রোমন্থকঃ—বি, পুং (রোমন্থ—কণ্) যে সকল পশু ভুক্ত বস্তু উদ্গার করিয়া পুনর্ব্বার চর্ব্বণ করে, গো মহিষ মেষ ছাগ উষ্ট্র, জিরাফ প্রভৃতি।

রোমশ—বি-ণ (রোমন্—শ) রোমযুক্ত, যাহাদের শরীর লোমে আবৃত।

রোমহর্ষঃ—বি, পুং;
রোমহর্ষণম্—বি, ক্লী।
রোমাঞ্চঃ—বি, পুং (রোমন্—অন্চ—ভাবে—অল) লোমের উদ্গম, পুলক।

রোমাঞ্চিত—বি-ণ (রোমাঞ্চ—ইত) রোমাঞ্চযুক্ত, পুলকিত।

রোমোদ্গমঃ—
রোমোদ্ভেদঃ—বি, পুং; রোমাঞ্চ

রোরুদ্যমান—বি, ণ; অতিশয় রোদনকারী।

রোলম্বঃ—বি, পুং (রোড—কর্ত্তৃ—অম্বচ্) ভ্রমর।

রোষঃ—বি, পুং (রুষ—ভাবে—অল) ক্রোধ।

রোষণ—বি-ণ (রুষ—কর্ত্তৃ—অন) কুপিত।

রোষিত—বি-ণ (রুষ—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহাকে রাগান হইয়াছে ক্রোধিত।

রোহঃ—বি, পুং (রুহ—কর্ত্তৃ—অন্) অঙ্কুর।

রোহিণঃ—
রৌহিণঃ—বি, পুং; বটবৃক্ষ। ক্লী; দিবসের মুহূর্ত্ত।

রোহিণী—বি, স্ত্রী (রুহ্—কর্ত্তৃ—ণিন, ঈপ্) নক্ষত্র বিং। বলরামের মাতা। বিদ্যুৎ। বয়স্কা কন্যা।

রোহিতঃ—বি, পুং (রুহ—কর্ত্তৃ—ইতন) মৎস্য বিং, রুইমাছ। মৃগ বিং। রক্তবর্ণ। বি-ণ; রক্তবর্ণযুক্ত।

রোহিতাশ্ব—বি, পুং; অগ্নি। হরিশ্চন্দ্রপুত্র।

রৌক্ম—বি,-ণ (রুক্ম—ষ্ণ) স্বর্ণময়।

রৌক্ষ্যম্—বি, ক্লী (রুক্ষ—ষ্যঞ) রুক্ষতা।

রৌদ্রম্—বি, ক্লী (রুদ্র—ষ্ণ) সূর্যকিরণ। ক্রোধ। পুং; ক্লী রস বিং। বি-ণ; প্রচণ্ড। ভীষণ। রুদ্র।

রৌপ্যম্—বি, ক্লী (রূপ্য—ষ্ণ) রজত।

রৌরবঃ—বি, পুং; নরক বিং। বি-ণ; চঞ্চল। ভয়ঙ্কর। রুরু মৃগ সম্বন্ধীয়।

রৌহিণেয়ঃ—বি, পুং (রোহিণী—ঢেয়) বলরাম। বুধগ্রহ।

রৌহিষঃ—পুং (রোহিষ্ + অণ) মৃগবিশেষ তৃণবিশেষ। স্ত্রী ষী—দূর্বা।

ল

ল—বি, পুং; (লা + ক) ২৮ শ ব্যঞ্জন বর্ণ। ইন্দ্র।

লকুচঃ—বি, পু; বৃক্ষ বিং, মাদার বা বয়েড়া গাছ।

লক্ষম্—বি, ক্লী; শত সহস্র সংখ্যা।

লক্ষক—বি-ণ লক্ষ—ণিচ্—কর্ত্তৃ—ণক) লক্ষণা বৃত্তি দ্বারা অর্থ বোধক শব্দ।

লক্ষণম্—বি, ক্লী (লক্ষ + ল্যুট্) স্বরূপ। চিহ্ন। সূত্র, নিয়ম। পরিচয়। দশরথের পুত্র।

লক্ষণা—বি, স্ত্রী (লক্ষ—ল্যুট্—আপ্) শব্দের শক্তি বিং।

লক্ষণীয়—বি-ণ (লক্ষ—কর্ম্ম—অনীয়) দর্শনযোগ্য। অনুভব যোগ্য।

লক্ষিত—বি-ণ (লক্ষ—কর্ম্ম—ক্ত) দৃষ্ট। অনুমিত। উদ্দিষ্ট। লক্ষণাবৃত্তি দ্বারা জ্ঞাত।

লক্ষ্মন্—বি, ক্লী (লক্ষ—কর্ম্ম—মন্) চিহ্ন।

লক্ষ্মণঃ—বি, পুং (লক্ষ্মন্—ষ্ণ) শ্রীরামের ভ্রাতা।

লক্ষ্মীঃ—বি, স্ত্রী (লক্ষ—মুট্—ঈ) বিষ্ণুর পত্নী। সম্পত্তি। শোভা।

লক্ষ্মীকান্তঃ—বি, পুং; বিষ্ণু। রাজা।

লক্ষ্যম্—বি, ক্লী (লক্ষ—ণ্যৎ) বিদ্ধ করিবার ইচ্ছায় যাহাকে ঠিক করা হয়, শরব্য। ছল। চিহ্ন। বি-ণ; উদ্দেশ্য। লক্ষণা-বৃত্তি দ্বারা বোধ্য।

লগিত—বি-ণ (লগ—কর্ত্তৃ—ক্ত) যুক্ত।

লগুড়ঃ—বি, পুং (লগ—কর্ত্তৃ—উল) লাঠি। মুদ্গর। গদা।

লগ্ন—বি-ণ (লগ—কর্ত্তৃ—ক্ত) যুক্ত। বি, ক্লী (লস্জ—অধি—ক্ত) মেষাদি রাশির উদয় কাল।

লগ্নকঃ—বি, পুং (লগ্ন—কণ্) জামিন, প্রতিভূ।

লঘিমাঃ—(মন্)—বি, পুং (লঘু + ইমনিচ্) ভারহীনতা। ঈশ্বরের ঐশ্বর্য্য বিং।

লঘিষ্ঠ—(লঘু—ইষ্ঠ) অতিলঘু, স্ত্রী-লঘিষ্ঠা।

লঘীয়ান্ (য়স্)—(লঘু—ঈয়স্) বি-ণ; অতিলঘু। স্ত্রী; য়সী।

লঘু—বি-ণ (লন্ঘ—কর্ত্তৃ—কু) ভারহীন। অসার। শীঘ্র। অল্প। হ্রস্ববর্ণ।

লঘুহস্ত—বি-ণ; যে শীঘ্র কার্য্য করিতে পারে, ক্ষিপ্রকারী।

লঘুকরণম্—বি, ক্লী (লঘু—চ্বি—কৃ—ল্যুট্) হ্রাস করা, কমান। গণিত শাস্ত্রের প্রক্রিয়া বিং।

লঘ্বী—বি-ণ (লঘু—ঈপ্) লঘুত্বযুক্তা। বি, স্ত্রী; স্ত্রীবাহন শকট বিং।

লঙ্কা—বি, স্ত্রী (লক= সুখপাওয়া—অধি—অল্) সিংহল-দ্বীপ, রাবণের পুরী।

লঙ্কেশঃ—বি, পুং; রাবণ।

লঙ্ঘনম্—বি, ক্লী (লঘু—ল্যুট্) অতিক্রম। আক্রমণ। উপবাস। লম্ফন।

লজ্জা—বি, স্ত্রী (লস্জ—ভাবে—অ—আপ্) মনের এক প্রকার সঙ্কুচিত ভাব, ব্রীড়া।

লজ্জালু—বি-ণ (লজ্জা—আলু) লজ্জাশীল স্ত্রী; লতা বিং।

লজ্জিত—বি-ণ (লজ্জা—ইত) লজ্জাযুক্ত।

লট্বঃ—বি, পুঃ (লট্—ক্বণ্) ঘোড়া। নর্তক।

লড্ডুঃ—বি, পুং;
লড্ডুকঃ—বি, পুং;
লড্ডুকা—বি, স্ত্রী; লাড়ু, মোদক।

লণ্ডম্—বি, ক্লী;
লণ্ডা—বি, স্ত্রী (লনড —কর্ম্ম—অল্) কঠিন-লম্বাকৃতি বিষ্ঠা।

লতা—(লত = বেষ্টনকরা—অন্—আপ্)
লতিকা—(লতা—কণ্—আপ্) লতানিয়া গাছ। স্ত্রী।

লপনম্—বি, ক্লী (লপ—করণ—ল্যুট্) মুখ। (ভাবে—অনট্) কথন।

লপিত—বি-ণ (লপ—কর্ম্ম—ক্ত) কথিত।

লব্ধ—বি-ণ (লভ—কর্ম্ম—ক্ত) প্রাপ্ত। উপার্জ্জিত।

লব্ধবর্ণঃ—বি, পুং; পণ্ডিত। বি-ণ; বিখ্যাত,

লভ্য—বি-ণ (লভ—কর্ম্ম—য) পাইবার যোগ্য, প্রাপ্য।

লম্পটঃ—বি, পুং (রম—কর্ত্তৃ—অটন্) কামুক। বি-ণ; অতিলোভী। আসক্ত।

লম্ফঃ—বি, পুং (রন্ফ—ভাবে—অল্) লাফান।

লম্ব—বি-ণ (লন্ব—কর্ত্তৃ—অন্) দোলায়মান। দীর্ঘ। বি, পুং; একটি সরল রেখার উপর ঠিক খাড়া হইয়া যে রেখা থাকে।

লম্বনম্—বি, ক্লী (লন্ব—ভাবে—ল্যুট্) দোলন আশ্রয় গ্রহণ।

লম্বমান—বি-ণ (লন্ব—কর্ত্তৃ—শানচ্) যে দুলিতেছে, দোলায়মান।

লম্বিত—বি-ণ (লম্ব—কর্ত্তৃ—ক্ত) দোলিত। আশ্রিত।

লম্বোদরঃ—বি, পুং; গণেশ। বি-ণ দীর্ঘ উদর বিশিষ্ট।

লম্ভিত—বি-ণ (লভ—ণিচ্—কর্ম্ম—ক্ত) প্রাপিত। নিয়োজিত। বর্দ্ধিত।

লয়ঃ—বি, পুং (লী—ভাবে—অল্) গীত বাদ্যাদির তালের সমতা। লীন হওয়া, নাশ।

লয়নম্—ক্লী (লী + ল্যুট্) সংশ্লেষ, লীন হওয়া।

ললনম্—বি, ক্লী (লল—ভাবে—ল্যুট্ কম্পন। দোলন।

ললনা—বি, স্ত্রী (লল—কর্ত্তৃ—অন—আপ্) নারী। জিহ্বা।

ললন্তিকা—বি, স্ত্রী (নাভিপর্য্যন্ত লম্বিত-মালা।

ললাটম্—বি, ক্লী (লড—ভাবে—অন্। অট কর্ত্তৃ—অন্) কপাল, ভাল।

ললাটিকা—বি, স্ত্রী (ললাট —কণ—আপ্) ললাট ভূষণ। তিলক।

ললাম—বি, পুং, ক্লী,(লল—অম—কর্ত্তৃ—অন্) ভূষণ। চিহ্ন। ধ্বজ। প্রধান। ললাটস্থ চিহ্ন।

ললিত—বি, পুং, ক্লী, (লল—ভাবে—ক্ত) স্ত্রীলোকের ভাব বিং, ক্রীড়া। চলন। পুং, রাগ বিং। বি-ণ; সুন্দর। চঞ্চল।

ললিতা—বি, স্ত্রী; গোপী বিং। নদী বিং।

লবঃ—বি, পুং (লূ—অল) কণা, অল্পাংশ। রেণু। রামের পুত্র। সূক্ষ্মকাল বিং। ভগ্নাংশ প্রকরণে সমান অংশে বিভক্ত রাশির যে সকল আংশ গৃহীত হয়।

লবঙ্গঃ—বি, পুং; বৃক্ষ বিং। ক্লী; লবঙ্গ, দেবকুসুম।

লবণ—বি, ক্লী (লূ—কর্ত্তৃ—অন) লুণ। পুং; ক্ষাররস। রাক্ষস বিং। বি-ণ; ক্ষাররসযুক্ত, লোণা।

লবনম্—বি, ক্লী (লূ—ভাবে—ল্যুট্) ছেদন। (কর্ত্তৃ—অন) খড়্গাদি।

লবলী—বি, স্ত্রী; বৃক্ষ বিং, নোয়াড়ি গাছ। তাহার ফল।

লবিত্রম্—বি, ক্লী (লূ—করণ—ইত্র) দাত্র, কুঠার প্রভৃতি ছেদনাস্ত্র।

লশুনম্—বি, ক্লী (অশ—কর্ম্ম—উনন্) মূল বিং, রশুন।

লসিত—বিণ (লস—কর্ত্তৃ—ক্ত) শোভাযুক্ত। (ভাবে—ক্ত) বিলাস।

লহরিঃ (রী)—বি, স্ত্রী; (ল + হৃ + ইন (+ ঙীষ) ঢেউ, তরঙ্গ।

লাক্ষকী—বি, স্ত্রী; সীতার নাম।

লাক্ষণিক—বি-ণ (লক্ষণা—ঠক্) লক্ষণা দ্বারা যে অর্থের বোধ হয়, যথা গঙ্গাশব্দের লাক্ষণিক অর্থগঙ্গাতীর। লক্ষণজ্ঞ, দৈবজ্ঞ।

লাক্ষা—বি, স্ত্রী (লক্ষ—ষ্ণ—আপ্) জতু,গালা।

লাক্ষারসঃ—বি, পুং; অলক্তকরস।

লাঘবম্—বি, ক্লী (লঘু—অণ্) লঘুত্ব, অগৌরব। শীঘ্রতা। তেজস্বিতা রাহিত্য।

লাঙ্গলম্—বি, ক্লী (লন্গ—কর্ত্তৃ—কল) ভূমি কর্ষণ যন্ত্র বিং, হল।

লাঙ্গলপদ্ধতিঃ —বি, স্ত্রী; লাঙ্গলের রেখা।

লাঙ্গুলম্—বি, ক্লী (লন্গ—কর্ত্তৃ—উচ্) পুচ্ছ, শিশ্ন, লেজ।

লাজঃ—বি, পুং, (বহুবচন)
লাজা—বি, স্ত্রী (লাজ—কর্ম্ম—অল্) খৈ, ভৃষ্টধান্য। আতপ তণ্ডুল।

লাঞ্ছনম্—বি, ক্লী (লান্ছ—করণ—ল্যুট্) চিহ্ন। কলঙ্ক। ধ্বজ। নাম।

লাঞ্ছিত —বি-ণ (লানছ—কর্ম্ম —ক্ত) চিহ্নিত।

লাটঃ—বি, পুং; দেশ বিং। বিদগ্ধ ব্যক্তি।

লাটানুপ্রাসঃ—বি, পুং; শব্দালঙ্কার বিং।

লাপঃ—বি, পু. (লপ—ঘঞ্) কথন।

লাভঃ—বি, পুং (লভ —ভাবে—ঘঞ্) প্রাপ্তি। উপার্জ্জন। (কর্ম্ম—ঘঞ্) ধন। উপস্বত্ব।

লাম্পট্যম্—বি, ক্লী(লম্পট —ষ্ণ্য) লম্পটতা, কামুকতা।

লালনম্—বি, ক্লী (লল—ণিচ্—ভাবে—ল্যুট্) অতি যত্নের সহিত পালন।

লালস—বি-ণ লস্—যঙ্লুক্ —অচ্) অতিলোভী, লোলুপ।

লালসা—বি, স্ত্রী (লস—যঙ্লুক্—ভাবে—অ—আপ্) পাইবার জন্য ইচ্ছা; স্পৃহা। ঔৎসুক্য।

লালা—বি, স্ত্রী (লল—ণিচ্—কর্ত্তৃ—অন্—আপ্) মুখাদিজাত দ্রব পদার্থ, লাল।

লালাটিক —বি-ণ (ললাট —ঠঞ্) ললাট সম্বন্ধীয়। ভাগ্য-লব্ধ।

লালিত —বি-ণ (লল—ণিচ্ —কর্ম্ম—ক্ত) যত্ন পূর্ব্বক পালিত। সেবিত।

লালিত্যম্—বি, ক্লী (ললিত —ষ্ণ্য) সৌন্দর্য্য। মধুরতা।

লাবণ—বি-ণ (লবণ—ষ্ণ) লবণ সংযুক্ত, লবণ-সংস্কৃত ঔষধ।

লাবণকঃ—বি, পুং; লঙ্কাদি দেশ।

লাবণিক —বি-ণ (লবণ—ষ্ণিক) লবণ সংযুক্ত। লবণ বিক্রেতা।

লাবণ্যম্—বি, ক্লী (লবণ—ষ্ণ্য) চাকচিক্য, শান্তি, সৌন্দর্য্য।

লাস্যম্—বি, ক্লী (লস—ভাবে—ণ্যৎ) স্ত্রীলোকের নৃত্য।

লিক্ষা—বি, স্ত্রী; ক্ষুদ্র উকুন, নিকি।

লিখনম্—বি, ক্লী (লিখ—কর্ম্ম—ল্যুট্) লিখিত পত্রাদি, লিপি। (ভাবে—অনট্) লেখ, অক্ষর বিন্যাস। চিত্রকরণ। আচড়ান।

লিখিত —বি, ক্লী (লিখ—কর্ম্ম—ক্ত) লেখ্য পত্রাদি। পুং; মুনি বিং। বি-ণ; চিত্রিত। অঙ্কিত।

লিঙ্গম্—বি, ক্লী (লিন্গ—কর্ত্তৃ—অন্) চিহ্ন। উপস্থ। শিব মূর্ত্তি বিং। করণ। সূচক। অর্থ প্রকাশক সামর্থ্য।

লিঙ্গবৃত্তিঃ—বি, পুং; জীবিকার্থ জটাদি চিহ্নধারী, কপট সন্ন্যাসী।

লিঙ্গালিকা—বি, স্ত্রী; ক্ষুদ্র মূষিক, নোংটিইঁদুর।

লিঙ্গী(ঙ্গিন্)—বি-ণ ত্রি. জীবিকারজন্য যে জটাদি ধারণ করে, ভেকধারী।

লিপিঃ(পী)—বি, স্ত্রী (লিপ—কর্ম্ম—ই) লিখিত পত্রাদি। পঞ্চাশদ্বর্ণাত্মিকা মাতৃকা। (ভাবে—ই) অক্ষর বিন্যাস, লিখন।

লিপিকরঃ—(লিপি—কৃ —কর্ত্তৃ—ট)
লিপিকারঃ—(লিপি—কৃ —কর্ত্তৃ—ষণ্) বি, পুং; লেখক। চিত্রকর। স্ত্রী; করী, কারী।

লিপিবদ্ধ—বি-ণ; লিখিত।

লিপ্ত—বি-ণ (লিপ—কর্ম্ম—ক্ত) চন্দনাদি দ্বারা লেপিত, চর্চ্চিত। সংযুক্ত, জোড়া। বিষাক্ত।

লিপ্তপাদ—বি-ণ; যাহাদের পা চর্ম্ম দ্বারা সংযুক্ত, যথা-হংস প্রভৃতি।

লিপ্সা—বি, স্ত্রী (লভ—সন্—ভাবে—অ—আপ্) লাভের ইচ্ছা।

লিপ্সু—বি-ণ (লভ—সন্—কর্ত্তৃ—উ) লাভ করিতে ইচ্ছু।

লিম্পাকঃ—পুং (লিপ্ + আকন্) পাতিলেবু।

লীঢ়—বি-ণ (লিহ—কর্ম্ম—ক্ত) যাহা আস্বাদন করা হইয়াছে, আস্বাদিত। স্পৃষ্ট।

লীন—বি-ণ (লী—কর্ত্তৃ—ক্ত) লয় প্রাপ্ত, বিনষ্ট। যাহা মিশিয়াগিয়াছে, মিলিত। শয়িত।

লীলা—বি, স্ত্রী; (লী—ক্বিপ্—লা—ক—আপ্) সৌখীনদিগের কার্য্য, বিলাস। শোভা। ভঙ্গী। ক্রীড়া।

লীলাবতী—বি, স্ত্রী; ভাস্করাচার্য্যের কন্যা। ভাস্বরাচার্য্যকৃত অঙ্কগ্রন্থ বিং।

লীলাসম্বরণম্—বি, ক্লী; মৃত্যু।

লুক্কায়িত —বি-ণ (লুক্কায়—কর্ম্ম—ক্ত) অন্তর্হিত। গুপ্ত। অদৃষ্ট।

লুঠনম্—বি, ক্লী (লুঠ —ভাবে—ল্যুট্) ভূমিতে গড়াগড়ি দেওয়া।

লুঠিত —বি-ণ (লুঠ —কর্ত্তৃ—ক্ত) যে গড়াগড়ি দেয়।

লুণ্টনম্—(লুণ্ট—ভাবে—ল্যুট্)।
লুণ্ঠনম্—(লুন্ঠ —ভাবে—ল্যুট্) বি, ক্লী; অপহরণ, লুঠ। লুঠন।

লুণ্ঠক—বি-ণ (লুন্ঠ—কর্ত্তৃ—ণক) লুঠকারী চোর।

লুণ্ঠিত —বি,ণ (লুন্ঠ—কর্ম্ম—ক্ত) অপহৃত। লুঠিত।

লুপ্ত—বি-ণ (লুপ—কর্ত্তৃ—ক্ত) নষ্ট। যাহা কাড়িয়া লওয়া হইয়াছে, আচ্ছিন্ন। অপহৃত। বি, ক্লী; অপহৃত ধন।

লুব্ধ—বি-ণ (লুভ —কর্ত্তৃ—ক্ত) লোভী। বি, পুং; ব্যাধ।

লুব্ধকঃ—বি, পুং; ব্যাধ।

লুলাপ—বি, পুং (লুল—আপ—কর্ত্তৃ—অন্) মহিষ।

লুলিত —বি-ণ (লুল—কর্ম্ম—ক্ত) দোলিত। কম্পিত। মর্দ্দিত। রম্য।

লূতা—বি, স্ত্রী (লূ—কর্ম্ম—তক্ —আপ্) মাকড়সা।

লূতাতন্তুঃ—বি, পুং; মাকড়সার জাল।

লূন—বি-ণ (লূ—কর্ম্ম—ক্ত) ছিন্ন।

লূনিঃ—বি, স্ত্রী (লূ—ভাবে—ক্তি) ছেদন।

লূমম্—বি, ক্লী (লূ—কর্ম্ম—মক্) লাঙ্গুল।

লেখঃ—বি, পুং (লিখ—কর্ম্ম—অল্) লিখিত পত্রাদি। দেবতা।

লেখক —বি-ণ (লিখ—কর্ত্তৃ—ণক) লিপিকর। চিত্রকর।

লেখনম্—বি, ক্লী (লিখ—ভাবে—ল্যুট্) লেখা, অক্ষর বিন্যাস। চিত্রকরণ। (অধি—অনট্) লিখিত পত্র।

লেখনী—বি, স্ত্রী (লিখ—ল্যুট্ —ঈপ্) কলম। তুলি।

লেখিনী—বি, স্ত্রী (লেখ—ল্যুট্ —ঈপ্) কলম। চামচ।

লেখর্ষভঃ—বি, পুং (লেখ = দেবতা—ঋষভ = শ্রেষ্ঠ) ইন্দ্র।

লেখহার—বি-ণ; পত্রবাহক।

লেখা—বি, স্ত্রী (লিখ—ভাবে—অ) রেখা। চিহ্ন। শ্রেণী।

লেখ্যম্—বি, ক্লী (লিখ—কর্ম্ম—ণ্যৎ) লিখিত পত্র, দলিল। চিত্র।

লেপঃ—বি, পুং (লিপ—ভাবে—অল্) লেখন। ভোজন। প্রলেপ। (কর্ম্ম—অল্) ভক্ষ্যবস্তু। (করণ—অল্) প্রলেপসাধন বস্তু।

লেপক —বি-ণ (লিপ—কর্ত্তৃ—ণক) লেপনকারী। স্ত্রী; পিকা।

লেপভুক্(জ্)—(লেপ—ভুজ—কর্ত্তৃ—ক্বিপ্)
লেপভাক্(জ্)—লেপ-ভজ-কর্ত্তৃ-বিণ) বি, পুং; ৪র্থ ৫ম ও ৬ষ্ঠ উর্দ্ধ পুরুষ।

লেপনম্—বি, ক্লী (লিপ—ভাবে—ল্যুট্) মাখান, ম্রক্ষণ। (করণ—অন্ট) লেপন দ্রব্য।

লেলিহানঃ—বি, পুং (লিহ্—যঙলুক — কর্ত্তৃ—কান্) সর্প। বিণ; পুনঃ পুনঃ লেহনকারী।

লেশঃ—বি, পুং (লিশ—কর্ত্তৃ—অন্) অল্প। বিন্দু, কণা।

লেহঃ—বি, পুং (লিহ—ভাবে—অল্)
লেহনম্—বি, ক্লী (লিহ—ভাবে—ল্যুট্) জিহ্বা দ্বারা আস্বাদ, চাটা। ভক্ষণ।

লেহ্য—বি-ণ (লিহ—কর্ম্ম—ণ্যৎ) জিহ্বা দ্বারা যাহা আস্বাদ করা যায়, আস্বাদনযোগ্য।

লোকঃ—বি, পুং (লোক —কর্ম্ম—অল্) মনুষ্য। জগৎ।

লোকতঃ—অব্য; লোকের নিকটে। লোক-সাক্ষী করিয়া।

লোকমাতা (তৃ)—বি, স্ত্রী; লক্ষ্মী।

লোকযাত্রা—বি, স্ত্রী; সংসার যাত্রা। জীবনোপায়।

লোকযাত্রাবিধানম্—বি, ক্লী; সংসারযাত্রা নির্ব্বাহের বিধি দর্শক নীতিশাস্ত্র বিং।

লোকরঞ্জনম্—বি, ক্লী; লোকের প্রীতি সম্পাদন।

লোকস্থিতিঃ—বি, স্ত্রী; লোক মর্য্যাদা, জনসমাজ।

লোকান্তরিত —বি-ণ; মৃত।

লোকায়তঃ—বি, পুং; চার্ব্বাকমত, নাস্তিকতা। বি-ণ; ঐ মতাবলম্বী।

লোকারণ্যম্—বি, ক্লী; লোকসমূহ, জনতা।

লোকালয়ঃ—বি, পুং; যেখানে লোকের বাস আছে।

লোকালোকঃ—বি, পুং (লোক —অলোক) পর্ব্বত বিং, সূর্য্য কিরণে যাহার একপার্শ্ব আলোকিত এবং তদভাবে অন্য পার্শ্ব অন্ধকারে আচ্ছন্ন থাকে, যথা—প্রকাশশ্চাপ্রকাশশ্চ লোকা লোক ইবাচলঃ। রঘু

লোকেশঃ—বি, পুং ব্রহ্মা।

লোকোত্তর—বি-ণ; লোকাতীত, অলৌকিক।

লোচকঃ—বি, পুং (লোচ —কর্ত্তৃ—ণক) চক্ষুর তারা। কজ্জল। মাংসপিণ্ড। স্ত্রী লোকের ললাট ভূষণ। নীলবস্ত্র। ভ্রূভঙ্গ। সাপের খোলস। নির্বুদ্ধিতা।

লোচন—বি, ক্লী (লোচ —করণ—ল্যুট্) চক্ষুঃ। পুং; সূর্য্য। (ভাবে—ল্যুট্) দর্শন।

লোধ্রঃ—বি, পুং (রুধ—কর্ত্তৃ—রন্) শ্বেতবর্ণ বৃক্ষ বিং, লোধ গাছ।

লোপঃ—বি, পুং; (লুপ্+অল্) নাশ।

লোপমুদ্রা—বি, স্ত্রী, অগস্ত্যপত্নী

লোপত্রম্—বি, ক্লী;
লোপ্ত্রী—বি, স্ত্রী (লুপ—কর্ম্ম—ট্রন্) চোরা জিনিষ। স্তেয় ধন।

লোভঃ—বি, পুং (লুভ —ভাবে—অল্) লাভের ইচ্ছা, লিপ্সা।

লোভনীয়—বি-ণ (লুভ—ণিচ্ —কর্ত্তৃ—অনীয়) লোভ জনক।

লোভী(ভিন্)—বি-ণ (লুভ—ণিন্) লুব্ধ।

লোম(মন্)—বি, ক্লী (লু—কর্ম্ম—মন্) রোঁয়া, রোম।

লোমপাদঃ—বি, পুং; নৃপতি বিং।

লোমশ—বি-ণ (লোমন্—শ) লোমযুক্ত। বি, পুং; মুনি বিং। মেষ।

লোমহর্ষণম্—বি, ক্লী; রোমাঞ্চ। বি-ণ; রোমাঞ্চ কারক ব্যাপার।

লোল—বি-ণ (লোড় —কর্ত্তৃ—অন্) চঞ্চল। লোলুপ।

লোলা—বি, স্ত্রী; জিহ্বা। লক্ষ্মী।

লোলিত —বি-ণ (লুল—ণিচ্—কর্ম্ম—ক্ত) চালিত। কম্পিত।

লোলুপ—বি-ণ (লুপ—যঙলুক্ —কর্ত্তৃ—অন্) অতিলোভী। আসক্ত।

লোষ্ট—(লোষ্ট—কর্ত্তৃ—অন্)
লোষ্টু—(লোষ্ট—কর্ত্তৃ—উ)
লোষ্ট্র—(লোষ্টা—কর্ত্তৃ—র) বি, পুং, ক্লী; মৃত্তিকাখণ্ড, ঢিল।

লোহ—বি, পুং, ক্লী (লু—কর্ম্ম—হ) লোহা ধাতু। ধাতু। রুধির।

লোহকারঃ—বি, পুং (লোহ—কৃ —কর্ত্তৃ—ষ্ণ) জাতি বিং, কামার।

লোহময়—বি-ণ; (লোহ—ময়ট্) লৌহনির্ম্মিত।

লোহবরঃ—বি, ক্লী; স্বর্ণ।

লোহিত —বি, পুং (রুহ—কর্ত্তৃ—ইতন্) রক্তবর্ণ। মঙ্গলগ্রহ। ক্লী; রক্ত। কুঙ্কুম। রক্তচন্দন। বিণ; রক্তবর্ণযুক্ত।

লোহিতকঃ—বি, পুং (লোহিত —কণ্) পদ্মরাগ মণি। মঙ্গলগ্রহ। ক্লী; পিত্তল।

লোহিতাঙ্গঃ—বি, পুং; মঙ্গলগ্রহ।

লোহিতায়সম্—বি, ক্লী (লোহিত —অয়স্ = লৌহ) তাম্র।

লৌকিক —বি-ণ (লোক —ষ্ণিক) লোক ব্যবহার সিদ্ধ। লোক সম্বন্ধীয়।

লৌল্যম্—বি, ক্লী (লোল—ষ্যঞ্) চাঞ্চল্য। স্পৃহা।

লৌহ—বি, পুং, ক্লী (লোহ—ষ্ণ) লোহা। বি ণ; লৌহ নির্ম্মিত।

লৌহিত্যম্—বি, ক্লী (লোহিত—ষ্যঞ্) রক্তবর্ণ। পুং; ব্রহ্মপুত্র নদ।

লৌহিত্যা—বি, স্ত্রী; কামরূপ প্রদেশের উত্তরদিকে স্থিত নদী বিং।

ব

বঃ—বি, পুং; (বা—ড) ২৯শ ব্যঞ্জন বর্ণ। বায়ু। বরুণ। ক্লী; মন্ত্র বিং। অব্য; সাদৃশ্য।

বংশঃ—বি, পুং (বন—কর্ম্ম—শ) কুল। পূর্ব্বপুরুষ। বাঁশ। গৃহের উর্দ্ধ কাষ্ঠ। বাঁশী। পৃষ্ঠ দণ্ড।

বংশজ—বি-ণ (বংশ—জন—কর্ত্তৃ—ড) বংশ জাত।

বংশধর—বি-ণ; বংশরক্ষক। কুলশ্রেষ্ঠ।

বংশমর্য্যাদা—বি, স্ত্রী; কুলক্রমাগত গৌরব।

বংশলোচনা—বি, স্ত্রী; বাঁশের পর্ব্বমধ্যস্থিত শ্বেতবর্ণ দ্রব্য বিং, বংশ লোচন।

বংশানুচরিতম্—বি, ক্লী; বংশের চরিত্র বর্ণন।

বংশী—বি, স্ত্রী; বাঁশী।

বংশীধরঃ—বি, পুং; শ্রীকৃষ্ণ।

বংশ্য—বি-ণ (বংশ—ষ্ণ্য) বংশেজাত।

বকঃ—বি, পুং (বন্‌ক—কর্ত্তৃ—অন্) জলচর পক্ষী বিং। রাক্ষস বিং। দৈত্য বিং। পুষ্প-বৃক্ষ বিং। যন্ত্র বিং।

বকপঞ্চকম্—বি, ক্লী; কার্ত্তিক মাসের শুক্ল পক্ষের একাদশী প্রভৃতি পঞ্চ তিথি।

বকবৃত্তি—বি-ণ; বঞ্চক, শঠ।

বকান্তপ্রত্যাশা—বি, স্ত্রী; বৃথা আশা।

বকুলঃ—বি, পুং (বন্‌ক—কর্ত্তৃ—কুল) পুষ্প বৃক্ষ বিং। ক্লী; তাহার পুষ্প।

বক্তব্য—বি-ণ (বচ—কর্ম্ম—তব্য) বলিবার যোগ্য। নিন্দনীয়।

বক্তা(ক্তৃ)—বি-ণ (বচ—কর্ত্তৃ—তৃণ)—যে বাক্য বলিতে পটু।

বক্তৃতা—বি, স্ত্রী (বক্তৃ—তা) বাক্‌পটুতা, বলিবার ক্ষমতা। বাক্য বিন্যাস।

বক্ত্রম্—বি, ক্লী (বচ—করণ—ত্র) মুখ। বৈদিক ছন্দো বিং।

বক্র—বি-ণ (বন্‌ক—কর্ত্তৃ—রক্) বাঁকা কুটিল। শঠ। পুং; শনি। মঙ্গলগ্রহ। ক্লী; নদীর বাঁকা।

বক্রণম্—বি, ক্লী (বক্র—ণিচ্ + ল্যুট্) বাঁকান, বক্রীকরণ।

বক্রিমা(মন্)—বি, পুং (বক্র—ইমন) বক্রতা।

বক্রোক্তিঃ—বি, স্ত্রী; শ্লেষ বাক্য; ব্যঙ্গোক্তি, কাব্যালঙ্কার বিং।

বক্ষঃ(স্)—বি, ক্লী (বক্ষ—কর্ত্তৃ—অস্) উরঃ স্থল। হৃদয়।

বক্ষোজঃ—(বক্ষস্)—জন—কর্ত্তৃ—ড)
বক্ষোরুহঃ—(বক্ষস্—রূহ—কর্ত্তৃ—ক) বি, পুং; স্ত্রীস্তন।

বগলা—বি, স্ত্রী; দেবী বিং।

বক্ষ্যমাণ—বি-ণ (বচ—কর্ম্ম—স্যমান) পরে বক্তব্য।

বঙ্কঃ—বি, পুং (বনক—কর্ত্তৃ—অন্) নদীর বাঁক। বি-ণ; বক্র।

বঙ্কণ—বি, পুং (বঙ্ক—কর্ত্তৃ—অন) কুঁচকী।

বঙ্কিলঃ—বি. পু. (বঙ্ক—ইলচ্) কাঁটা।

বঙ্গঃ—বি, পুং (বনগ—অধি—অল্) বাঙ্গালা দেশ (কর্ত্তৃ—অন) নৃপতি বিং। পুং, বহু; বাঙ্গালা দেশীয় লোক। ক্লী; রাঙ্ ধাতু।

বঙ্গজ—বি-ণ (বঙ্গ—জন—কর্ত্তৃ—ড) বঙ্গ দেশ জাত।

বঙ্গীয়—বি-ণ (বঙ্গ—ীয়) বঙ্গদেশীয়। স্ত্রী; য়া।

বচনম্—বি, ক্লী (বচ—কর্ম্ম—ল্যুট) বাক্য। ঋষিপ্রণীত পদ্য। ব্যাকরণে একত্ব দ্বিত্ব. বহুত্ব। (ভাবে—ল্যুট্) কথন।

বচনীয়—বি-ণ (বচ—কর্ম্ম—অনীয়) নিন্দনীয়। কথনীয়। বি, ক্লী; নিন্দা।

বচনীয়তা—বি, স্ত্রী; নিন্দা। অপবাদ।

বচনেস্থিত—বি-ণ; কথার বাধ্য।

বচরঃ—বি. পু. বদমাশ, নীচ। শঠ।

বচঃ(স্)—বি, ক্লী (বচ—কর্ম্ম—অস্) বাক্য।

বচা—বি, স্ত্রী; (বচ—অচ্—টাপ্) ভেষজবিং

বজ্র—বি, পু, ক্লী (বজ—কর্ত্তৃ—র) ইন্দ্রের শস্ত্র বিং, বাজ। হীরক। পুং; যোগ বিং।

বজ্রবারক—বি, পুং; মুনি বিং। জৈমিনি, সুমন্ত, বৈশম্পায়ন, পুলস্ত্য পুলহ ও জিষ্ণু এই ছয় মুনির নাম কীর্ত্তন বা স্মরণ করিলে বজ্রাঘাতের ভয় থাকে না।

বজ্রধরঃ—বি, পুং; ইন্দ্র।

বজ্রনির্ঘোষঃ—
বজ্রনিষ্পেষঃ—বি, পুং; বজ্রের শব্দ।

বজ্রময়—বি-ণ; বজ্র নির্ম্মিত। অতি কঠিন।

বজ্রী (জ্রিন্)—বি, পুং; ইন্দ্র।

বঞ্চক—বি, পুং (বনচ—ণিচ্—ণক্) শৃগাল। বি-ণ; প্রতারক, ধূর্ত্ত।

বঞ্চনম্—বি, ক্লী (বঞ্চ—ণিচ্—ভাবে—ল্যুট্)
বঞ্চনা—বি, স্ত্রী (বঞ্চ—ণিচ্—ভাবে—অন—আপ্) ঠকান, প্রতারণা।

বঞ্চিত—বি-ণ (বনচ—ণিচ্—কর্ম্ম—ক্ত) প্রতারিত। বর্জ্জিত।

বঞ্জুলঃ—বি, পুং (বন্‌চ—অধি—উলচ্) অশোক বৃক্ষ বিং। বড়া। কড়ি। যথা—তৈল-বট।

বটকঃ—বি, পুং; পিষ্টক বিং। বড়া। ৮ মাষা পরিমাণ।

বটিকা—
বটী—বি, স্ত্রী; গুলি, বড়ি।

বটুঃ—বি, পুং (বট—কর্ত্তৃ—উ) দ্বিজবালক।

বটুকঃ—বি, পুং; ভৈরব বিং।

বড়ভিঃ(ভী)—বি, স্ত্রী; প্রাসাদের উপরিস্থ গৃহ। চন্দ্রশালা। তৃণনির্ম্মিত গৃহের পাইড, মুদনি।

বড়বা—বি, স্ত্রী; ঘোটকী। সমুদ্রস্থিতা ঘোটকী।

বড়া—বি, স্ত্রী; পিষ্টক বিং।

বড়িশম্—বি, ক্লী; মৎস্য বেধন যন্ত্র বিং।

বড্র—বি-ণ (বড—কর্ত্তৃ—রক্) বড়, বিপুল।

বণ্টনম্—বি, ক্লী (বন্‌ট—ভাবে—ল্যুট্) বিভাগ করা, বিভাজন।

বণ্ড—বি-ণ (বন্‌ড—কর্ম্ম—অল্) লাঙ্গুল-বিহীন, বেঁড়ে। অবিবাহিত। ছিন্ন ত্বক্।

বত—অব্য; সম্বোধন। খেদ। হর্ষ। দয়া। বিস্ময়।

বৎসঃ—বি, পুং; পুত্রাদিতে প্রযোজ্য স্নেহ-সূচক শব্দ, বাছা। পশুদিগের শিশু। কংসের অনুচর অসুর বিং। ক্লী; বক্ষঃস্থল।

বৎসতরঃ—বি, পুং; বাছুর। স্ত্রী; রী।

বৎসরঃ—বি, পুং (বস—অধি—সরন্) বারমাস।

বৎসরাজঃ—বি, পুং; চন্দ্রবংশীয় নৃপতি বিং।

বৎসলঃ—বি-ণ (বৎস—ল) স্নেহযুক্ত। অনুরক্ত।

বদনম্—বি, ক্লী (বদ—করণ—ল্যুট্) মুখ।

বদরঃ—
বাদরিকা—
বদরিকাশ্রম—বর্গীয় ব দ্রষ্টব্য।
বদরী—

বদ্বীপ—বি, পু, ক্লী; নদীর মোহনাস্থিত মাত্রা-শূন্য বকারের ন্যায় দ্বীপ

বধঃ—বি, পুং (হন—ভাবে—অল) নাশ, হনন।

বধ্য—বি-ণ (বধ—য্য) বধযোগ্য।

বনম্—বি, ক্লী; অরণ্য। জল। (বন + অচ্)

বনমালা—বি, স্ত্রী; পাদ পর্য্যন্ত পতিত মালা। বনশ্রেণী।

বনমালী(লিন্)—বি, পুং (বনমালা—ইন) শ্রীকৃষ্ণ।

বনস্পতিঃ—বি, পুং (বন + পতি। নি) পুষ্প ব্যতিরেকে ফলজনক বৃক্ষ, অশ্বত্থ প্রভৃতি।

বনান্তঃ—বি, পুং; বনের প্রান্ত ভাগ। ক্লী; বন ভূমি।

বনায়ুজঃ—বি, পুং (বনায়ু—জন—কর্ত্তৃ—ড) বনায়ু দেশ জাত। অশ্ব।

বনিতা—বি, স্ত্রী (বন—কর্ম্ম—ক্ত—আপ্) নারী। ভার্য্যা।

বনী—বি, স্ত্রী; বন।

বনীয়ক —বি-ণ; (বন—ইন্—ক্যচ্—ণ্বুল্) যাচক।

বনেচরঃ—বি-ণ; ব্যাধ প্রভৃতি। অরণ্যচারী।

বনৌকাঃ(কস্)—বি-ণ (বন—ওকস্) বনবাসী। বি, পুং; বানর।

{ বন্দনম্—বি, ক্লী (বন্দ—ভাবে—ল্যুট্)
বন্দনা—বি, স্ত্রী (বন্দ—ভাবে—অন—আপ্)অভিবাদন। স্তব।

বন্দারু—বি-ণ (বন্দ + আরু) বন্দনশীল।

বন্দি(ন্দী)—বি, স্ত্রী (বন্দ—কর্ত্তৃ—ই) কয়েদী, কারারুদ্ধ।

বন্দী(ন্দিন্)—বি-ণ (বন্দ—কর্ত্তৃ—বিন্) বন্দনাকারী। বি, পুং; স্তুতি পাঠক।

বন্দ্য—বি-ণ (বন্দ—কর্ম্ম—ণ্যৎ) বন্দনার যোগ্য, বন্দনীয়।

বন্য—বি-ণ (বন—ষ্য) বনজাত, বন সম্বন্ধীয়।

বন্যা—বি, স্ত্রী (বন—জন—সমূহার্থে য্য—আপ) জল প্লাবন।

বপনম্—বি, ক্লী (বপ—ভাবে—ল্যুট্) রোপণ। মুণ্ডন। বস্ত্রাদিবয়ন।

বপনী—বি, স্ত্রী (বপ—করণ—ল্যুট্) নাপিতের অস্ত্রবিং। মাকু। (অধি—অনট্) তাঁতঘর।

বপা—বি, স্ত্রী (ব—প্—অন্—আপ্) চর্ব্বি। ছিদ্র।

বপুঃ(স্)—বি, ক্লী (বপ—কর্ত্তৃ—উস্) শরীর।

বপুষ্মান(ষ্মৎ)—বি-ণ (বপুস্—মতুপ্) প্রশস্ত শরীর বিশিষ্ট।

বপ্তা (প্তৃ)—বি-ণ (বপ—কর্ত্তৃ—তৃন্) যে বপন করে।

বপ্রঃ—বি, পু, ক্লী (বপ—অধি—র) ক্ষেত্র। নদী প্রভৃতির তট। পর্ব্বতের একদেশ। প্রাচীর। মৃত্তিকা রাশি। (কর্ত্তৃ—র) পিতা। প্রজাপতি।

বপ্রক্রীড়া—বি, স্ত্রী; পশুদিগের ক্রীড়া বিং, শৃঙ্গ দন্তাদি দ্বারা মৃত্তিকাদি খনন।

{ বমঃ—পুং (বম্—অপ্)
বমথুঃ—বি, পুং বম্—ভাবে—অথু)
বমনম্—বি, ক্লী (বম—ভাবে—ল্যুট্ উদ্গিরণ। নিঃসারণ।

বমিত —বি-ণ (বম—ণিচ্ —কর্ম্ম—ক্ত) উদগীর্ণ। নিঃসারিত।

বয়ঃ(স্)—বি, ক্লী (অজ—কর্ত্তৃ—অস্) পক্ষী জীবনকাল। যৌবন।

{ বয়ঃস্থ—
বয়স্থ—বি-ণ (বয়স্—স্থা—কর্ত্তৃ—ড) যুবা।

বয়স্থা—বি, স্ত্রী; বয়ড়া। বি-ণ; যুবতী।

বয়স্যঃ—বি, পুং (বয়স্—ষ্য) সমান বয়স্ক, সখা। স্ত্রী; স্যা।

বরঃ—বি, পুং (বৃ—ভাবে—অল্) প্রার্থনা। দেবতার নিকট যাচিত। নিয়োগ (কর্ম্ম—অল্) জামাতা। পতি। বি-ণ; শ্রেষ্ঠ। অভীষ্ট।

বরটঃ—বি, পুং (বৃ—কর্ত্তৃ—অটন্) বোলতা। স্ত্রী; টা।

বরণম্—বি, ক্লী (বৃ—ভাবে—ল্যুট্) কার্য্যে নিযুক্ত করণ। নিয়োগ। প্রার্থনা। আচ্ছাদন। বেষ্টন।

বরণা—বি, স্ত্রী; কাশীস্থ নদী বিং।

বরণ্ড—বি, পুং (বৃ—কর্ত্তৃ—অণ্ডন্) বারাণ্ডা। ব্রণ, বয়স ফোড়া। বড়শি সূত্র। গাঁটরী।

বরণ্ডকঃ—বি, পুং; যুধ্যমান হস্তিদ্বয়ের মধ্যবর্ত্তী দেওয়াল। হাতীর হাওদা। বি-ণ; ভীত। বড়। কৃপণ।

বরত্রা—বি, স্ত্রী (বৃ—করণ—অত্রন্—আপ্) হস্তীর কক্ষ রজ্জু, কাছদড়ি।

বরদ—বি-ণ (বর—দা—কর্ত্তৃ—ড) অভীষ্ট দাতা। স্ত্রী; দা।

বরম্—অব্য; অপেক্ষাকৃত। উৎকৃষ্ট।

বররুচিঃ—বি, পুং; পণ্ডিত বিং। কাত্যায়ন।

বরবর্ণিনী—বি, স্ত্রী; উত্তমা স্ত্রী। হরিদ্রা।

বরাক —বি-ণ (বৃ—কর্ত্তৃ—যাক) নীচ। শোচনীয়, দীন। নিরপরাধ। ভিক্ষু।

বরাঙ্গনা—বি, স্ত্রী; উত্তমা স্ত্রী।

{ বরাটঃ—বি, পুং;
বরাটিকা—বি, স্ত্রী; কড়ি

বরাটী—বি, স্ত্রী; কড়ি, কপর্দ্দক।

বরারোহা—বি, স্ত্রী; উত্তমা স্ত্রী।

বরাহঃ—বি, পুং (বর—আ—হন—কর্ত্তৃ—ড) শূকর। বিষ্ণুর অবতার বিং। দ্বীপ বিং।

বরিবঃ(স্)—অব্য; সেবা, পরিচর্য্যা, পূজা।

বরিবস্যা—বি, স্ত্রী (বরিবস্—ক্যপ্—ভাবে—অ—আপ্) পূজা। সেবা।

বরিষ্ঠ—(উরু—ইষ্ঠন্) শ্রেষ্ঠতম।

বরীয়ান(য়স্)—উরু—ঈয়সু) বি-ণ; শ্রেষ্ঠতর। স্ত্রী; ষ্ঠা। য়সী।

বরুণঃ—বি, পুং (বৃ—কর্ত্তৃ—উনন্) জলাধিপতি দেবতা বিং, পশ্চিম দিকপাল। সমুদ্র।

বরুণাত্মনা—বি, স্ত্রী; মদিরা, বারুণী। সমুদ্র-মন্থনকালে মদিরা উৎপন্ন হইয়াছিল বলিয়া এইনাম হইয়াছে।

বরুণানী—বি, স্ত্রী (বরুণ—ঈপ্) বরুণ পত্নী।

বরুথঃ—বি, পুং (বৃ—কর্ম্ম—উথন্) শত্রুপ্রহার হইতে রক্ষা পাইবার জন্য রথস্থিত গুপ্ত স্থান বিং, রথ গুপ্তি।

বরুথিনী—বি, স্ত্রী; সেনা।

বরেণ্য—বি-ণ (বৃ—কর্ম্ম—এন্য) শ্রেষ্ঠ। প্রার্থনীয়।

বরেন্দ্রঃ—বি, পুং; ইন্দ্র। রাজা।

বরেন্দ্রী—বি, স্ত্রী; গৌড় দেশের রাজধানী। প্রাচীন গৌড়।

বর্গঃ—বি, পুং (বৃজ—কর্ম্ম—ঘঞ্) সজাতীয়সমূহ। দল। গ্রন্থের পরিচ্ছেদ। সমান অঙ্কদ্বয়ের পূরণ।

বর্গক্ষেত্রম্—বি, ক্লী; যে ভূমির দৈর্ঘ্য প্রস্থ পরস্পর সমান।

বর্গীয়, বর্গ্য—বি-ণ (বর্গ—ঈয়, যঞ্) বর্গ সম্বন্ধীয়।

বর্চ্চঃ(স্)—বি, ক্লী (বর্চ্চ—কর্ত্তৃ—অস্) তেজঃ। শুক্র। রূপ। পুরীষ। মল।

বর্জ্জনম্—বি, ক্লী (বৃজ—ভাবে—ল্যুট্) ত্যাগ। বধ।

বর্জ্জনীয়—বি-ণ (বৃজ—কর্ম্ম—অনীয়) ত্যাজ্য। বধ্য।

বর্জ্জিত —বি-ণ (বৃজ—কর্ম্ম—ক্ত) পরিত্যক্ত, রহিত।

বর্ণঃ—বি, পুং (বৃ—কর্ম্ম—ন) ব্রাহ্মণাদি জাতি চতুষ্টয়। শুক্ল পীতাদি রং। উৎকর্ষ। স্বর্ণ। পুং ক্লী; অ আ প্রভৃতি অক্ষর। রূপ। ভেদ। অষ্টবিধ। মৈথুনাভাব রূপ ব্রত।

বর্ণক —বি, পুং, ক্লী (বর্ণ—কণ্) বিলেপন দ্রব্য। অঙ্গরাগ। পুং (বর্ণ—কর্ত্তৃ—ণক) স্তুতি পাঠক।

{বর্ণনম—বি, ক্লী (বর্ণ—ভাবে—ল্যুট্)
{বর্ণনা—বি, স্ত্রী (বর্ণ—ভাবে—অন্ + আপ) স্তুতি, প্রশংসা। রঞ্জন। বিবরণ।

বর্ণনীয়—বি-ণ (বর্ণ—কর্ম্ম—অনীয়) বর্ণনার যোগ্য

বর্ণসঙ্করঃ—বি, পুং; মিশ্রজাতি।

বর্ণিকা—বি, স্ত্রী; বেশবিন্যাস। রঙ্। তুলি। বার্ণিশ।

বর্ণী(র্ণিন্)—বি, পুং (বর্ণ—ইন্) ব্রহ্মচারী। চিত্রকর। লেখক। স্ত্রী; র্ণিনী

বর্ণিলিঙ্গী(ঙ্গিন্)—বি, পুং; ব্রহ্মচারিবেশধারী।

বর্ণ্য—বি-ণ (বর্ণ—কর্ম্ম—য) বর্ণনীয়।

বর্ত্তনম্—বি, ক্লী (বৃত —ভাবে—ল্যুট্) স্থাপন। পেষণ।

বর্ত্তমান—বি-ণ (বৃত —কর্ত্তৃ—শানচ্) বিদ্যমান। স—বি, পুং প্রারব্ধ অথচ অসমাপ্ত কার্য্যের কাল বিশেষ।

বর্ত্তিঃ, বর্ত্তিকা—বি, স্ত্রী (বৃত —ই, কণ্—আপ্) বাতি। তুলি। দীপদশা। (বৃৎ —কর্ত্তৃ—ণক—আপ) পক্ষী বিং।

বর্ত্তুল—বি-ণ(বৃত—কর্ত্তৃ—উল) গোলাকার।

বর্ত্ম(র্ত্মন্)—বি, ক্লী (বৃত —কর্ত্তৃ—মন্) পথ। আচার।

বর্দ্ধক— বি-ণ (বৃধ—ণিচ্ —কর্ত্তৃ—ণক) বৃদ্ধি কারক।

বর্দ্ধকিঃ—বি, পুং সূত্রধর।

বর্দ্ধনম্—বি, ক্লী (বৃধ—ভাবে—ল্যুট্) বৃদ্ধি। ণিচ্ —অনট্) বাড়ান, পূরণ। বি-ণ ণিচ্ —কর্ত্তৃ—অন্) বৃদ্ধি কারক।

বর্দ্ধমান—বি, পুং (বৃধ—কর্ত্তৃ—শানচ) দেশ বিং পণ্ডিত বিং। মৃৎপাত্র বিং, শরাব। এরণ্ড। বি-ণ বৃদ্ধিশীল।

বর্দ্ধমানকঃ—বি, পুং (বর্দ্ধমান—কণ্) শরাব, শরা।

বর্দ্ধিত —বি-ণ (বৃধ—ণিচ্ —কর্ম্ম—ক্ত) যাহা বাড়ান হইয়াছে, বৃদ্ধি প্রাপিত। পূরিত।

বর্দ্ধিষ্ণু—বি-ণ (বৃধ—কর্ত্তৃ—ইষ্ণু) বৃদ্ধিশীল।

বর্দ্ধ্রী—বি, স্ত্রী (বৃধ—কর্ত্তৃ—ষ্ট্র—ঈপ্) চর্ম্মনির্ম্মিত রজ্জু।

বর্ম্ম(র্ম্মন্)—বি, ক্লী (বৃ—করণ—মন্) গাত্রাবরণ, সাঁজোয়া। পুং; ক্ষত্রিয়ের উপাধি।

বর্ম্মহর—বি-ণ (বর্ম্মন্—হৃ—কর্ত্তৃ—অন্) কবচধারী, বর্ম্মবৃত। বি, পুং; যুবা।

বর্ম্মিত —বি-ণ (বর্ম্মন্—ইত) বর্ম্মযুক্ত;

বর্য—বি-ণ (বৃ—কর্ম্ম—য, নি) শ্রেষ্ঠ।

বর্ব্বরঃ—বি, পুং (বৃ—কর্ত্তৃ—বরচ্) নীচ জাতি। মূর্খ।

বর্ষ—বি, পু, ক্লী (বৃষ—অল্) বৃষ্টি। জম্বুদ্বীপ। (কর্ত্তৃ—অন্) বৎসর।

বর্ষণম্—বি, ক্লী (বৃষ—ভাবে—ল্যুট্) বৃষ্টি।

বর্ষপর্ব্বতঃ—বি, পু; হিমালয়, হেমকূট, নিষধ, মেরু, শ্বেত, নীল, শৃঙ্গ এই সপ্ত পর্ব্বত।

বর্ষধরঃ—বি, পুং; খোজা, নপুংসক।

বর্ষা—বি, স্ত্রী, বহু (বর্ষ—আপ্) শ্রাবণ ভাদ্র এই দুই মাস, প্রাবৃট্ কাল।

বর্ষাভূঃ—বি, পু, স্ত্রী (বর্ষা—কর্ত্তৃ—ক্বিপ্) ভেক। পুং; কেঁচো। ইন্দ্র গোপ কীট। বি-ণ; বর্ষাজাত।

বর্ষাত্যয়ঃ—বি, পুং; শরৎকাল।

বর্ষীয়ান্ (য়স্)—বি-ণ (বৃদ্ধ—ঈয়সুন্) অতিবৃদ্ধ। স্ত্রী; য়সী।

বর্ষুক —বিণ (বৃষ—কর্ত্তৃ—এুক) বর্ষণশীল।

বর্ষোপলঃ—বি, পুং (বর্ষ—উপল) শিল, করকা।

বর্ষ্ম(ষ্মন্)—বি, ক্লী (বৃষ—কর্ত্তৃ—মন্) দেহ।

বর্হ—বি, ক্লী; ময়ূর পুচ্ছ।

বর্হিঃ(স্)—বি, পুং (বৃহ—কর্ত্তৃ—ইস্) অগ্নি। পুং, ক্লী; কুশ।

{বর্হিণ—(বর্হ—ইন্)
{বর্হী(হিন্)—বর্হ—ইন্) বি, পুং; ময়ূর।

বর্হির্মুখঃ—বি, পুং (বর্হিস্—মুখ) দেবতা।

বর্হিষদ্—বি, পুং, বহু (বর্হিস্—সদ—কর্ত্তৃ—ক্বিপ) পিতৃগণ বিং।

বলভিঃ (ভী)—বড়ভি দ্রষ্টব্য।

বলয়—বি, পুং, ক্লী (বল—কর্ত্তৃ—অয়ন্) কর ভূষণ, বালা। মণ্ডল (ভাবে—অয়ন্) বেষ্টন।

বলয়িত —বি-ণ (বলয়—ইত) বেষ্টিত, ঘেরা।

বলাহকঃ—বর্গীয় ব দেখ।

{বল্কঃ—বি, পুং, ক্লী (বল—কর্ত্তৃ—ক)
{বল্কলঃ—বি, পুং, ক্লী (বল—কর্ত্তৃ—কল) বৃক্ষের ছাল, বাকল। আঁইষ।

বল্গা—বি, স্ত্রী (বলগ্—গমন—করণ—অল্—আপ্) লাগাম্।

বল্গিত —বি, ক্লী (বলগ্—ভাবে—ক্ত) গমন। লম্ফন। অশ্বের গতি বিং। হস্তপদাদির আস্ফালন।

বল্গু —বি-ণ (বল—কর্ত্তৃ—গুক্) মনোহর।

{বল্মিক —(বল—কর্ত্তৃ—মিক)
{বল্মীক—(বল—কর্ত্তৃ—মীক) বি, পুং, ক্লী; উইয়ের ঢিপি। পুং; বাল্মীকি মুনি।

বল্লকী—বি, স্ত্রী (বল্ল—কর্ত্তৃ—ণক —ঈপ্) বাদ্যযন্ত্র বিং, বীণা। শল্লকী বৃক্ষ।

বল্লভ —বি-ণ (বল্ল—কর্ত্তৃ—অভচ্) প্রিয়। প্রণয়ী। পুং; উত্তম ঘোটক। পতি।

বল্লরিঃ(রী)—বি, স্ত্রী (বল্ল—কর্ত্তৃ—অরি) মঞ্জরী। লতা।

বল্লবঃ—বি, পুং; গোপ। পাচক। ভীমসেন। স্ত্রী; বী—গোপী।

বল্লী(ল্লি)—বি, স্ত্রী (বল্ল—কর্ত্তৃ—ই) লতা। পৃথিবী

বল্লূরম্—ক্লী; শুষ্কমাংস, শূকর মাংস, বনভূমি।

বল্বজঃ—বি, পু, বহু; উলুখড় উলপ তৃণ।

ববঃ—বি, পু, করণ বিং।

বশঃ—বি-পুং; অধীন। বি, ক্লী; অধীনতা। পুং, ক্লী; ইচ্ছা।

বশংবদ—বি-ণ (বশ—বদ—কর্ত্তৃ—খচ্) মিষ্টভাষী, বশবর্ত্তী।

বশগ—বি-ণ (বশ—গম—কর্ত্তৃ—ড) অধীন, বশীভূত।

বশতা—বি, স্ত্রী, অধীনতা।

বশবর্ত্তী(র্ত্তিন্)—বি-ণ(বশ—বৃত—কর্ত্তৃ—ণিন্) বশীভূত।

বশা—বি, স্ত্রী; বন্ধ্যা স্ত্রী। বন্ধ্যাগবী। নারী। হস্তিনী। কন্যা।

বশিত্ব—বি, ক্লী (বশিন্—ত্ব) ঈশ্বরের ঐশ্বর্য্য বিং। স্বাধীনতা।

বশিষ্ঠঃ—
বসিষ্ঠঃ—বি, পুং (বশিন্—ইষ্ঠ, পক্ষে—শস্থানে—স) মুনি বিং।

বশী (শিন্)—বি-ণ (বশ—ইন্) জিতেন্দ্রিয়।

বশীকরণম্—বি, ক্লী (বশ—চ্চি—কৃ + ল্যুট্) আপত্তি করণ। (করণ—ল্যুট্) বশ্যতা সম্পাদক মন্ত্রৌষধাদি।

বশ্য—বি-ণ (বশ—যৎ) বশবর্ত্তী। স্ত্রী; শ্যা।

বষট্—অব্য (বহ + ডযট্) অগ্নিতে আহুতি দান-মন্ত্র।

বষট্কার—পুং যজ্ঞ।

বষ্কয়—বি, পুং; (বষ্ক—অয়ন্) এক বর্ষীয় গোবৎস।

বষ্কয়িণী—বি, স্ত্রী; যে গরুর অনেক দিন পরে বাছুর; চির প্রসূতাগবী।

বসতিঃ—বি, স্ত্রী (বস—অধি—অতি) বাসস্থান, আলয়, রাত্রি। (ভাবে—অতি —) বাস।

বসনম্—বি, ক্লী (বস + করণ—ল্যুট্) বস্ত্র। (ভাবে—ল্যুট্) আচ্ছাদন। বাস।

বসন্তঃ—বি, পুং; চৈত্র, বৈশাখ দুইমাস, ঋতু বিং। রাগ বিং। রোগ বিং।

বসন্ততিলকম্—বি, ক্লী
বসন্ততিলকা—স্ত্রী; চতুর্দশাক্ষরবিশিষ্ট ছন্দোবিশেষ।

বসন্তসখঃ—পুং কামদেব।

বসা—বি, স্ত্রী (বস—কর্ম্ম—ঙ—অপ্) চর্ব্বি, মেদঃ।

বসান—বি-ণ (বস—কর্ত্তৃ—শানচ্) পরিধানকর্ত্তা।

বসু—বি, ক্লী (বস—কর্ত্তৃ—উ) ধন। স্বর্ণ। জল। অগ্নি। কিরণ সূর্য্য। কুবের। পুং; গণদেবতা।

বসুদেবঃ—বি, পুং; শ্রীকৃষ্ণের পিতা।

বসুধা—বি, স্ত্রী (বসু—ধা—কর্ত্তৃ—ড—আপ্) পৃথিবী।

বসুধারা—বি, স্ত্রী; আভ্যুদয়িক। শ্রাদ্ধের পূর্ব্বে চেদিরাজ বসুর উদ্দেশেদীয়মান ঘৃতধারা।

বসুন্ধরা—(বসু—ধৃ—কর্ত্তৃ—খচ—আপ্)
বসুমতী—(বসু)—মতুপ—ঈপ্) বি, স্ত্রী; পৃথিবী।

বসুষেণঃ—বি, পুং (বসু—সেনা) কর্ণ।

বস্তিঃ—বি, পুং, স্ত্রী (বস—অধি—তি) তলপেট। নাভির অধোভাগ।

বস্তু—বি, ক্লী (বস—কর্ত্তৃ—তুন্) পদার্থ। সৎপাত্র। সত্য।

বস্তুতঃ—অব্য; ফলতঃ, যথার্থরূপে বলিতে। হইলে।

বস্ত্যম্—বি, ক্লী; (বস্তি—ষ্ণ্য) বাসগৃহ।

বস্ত্রম্—বি, ক্লী (বস—করণ—ত্র) কাপড়। বসন।

বস্নম্— ক্লী (বস + ন) বেতন, মুল্য, বস্ত্র, দ্রব্য।

বস্নসা—বি, স্ত্রী; স্নায়ু।

বহ—বি-ণ (বহ—কর্ত্তৃ—অন্) বহনকর্ত্তা। বি, পুং; বৃষের স্কন্ধদেশ। ঘোটক। স্নায়ু। বাহু।

বহনম্—বি, ক্লী (বহ—ভাবে—ল্যুট্) ধারণ। লইয়া যাওয়া।

বহনীয়—বি-ণ (বহ—কর্ম্ম—অনীয়) বহনযোগ্য, বাহ্য।

বহল—বি-ণ (বহ—কর্ত্তৃ—অলন্) কঠিন, দৃঢ়। বি, পুং; পোত।

বহিঃ(স্)—অব্য; বাহির।

বহিঃস্থ—বি-ণ; বাহিরে স্থিত।

বহিত্রম্—বি, ক্লী (বহ—করণ—ইত্র) জলযান। দাঁড়।

বহিরঙ্গম্—বি, ক্লী; ব্যাকরণে প্রত্যয় ঘটিত কার্য্য। বাহ্য অঙ্গ। চলিত ভাষায়—অনাত্মীয়।

বহিরিন্দ্রিয়ম্—বি, ক্লী; অন্তঃকরণ ভিন্ন যাবতীয় ইন্দ্রিয়।

বহির্বাণিজ্যম্—বি, ক্লী; ভিন্নদেশে ক্রয়বিক্রয়।

বহির্বাসঃ(স্)—বি, ক্লী; কৌপীনের উপরিভাগে পরিধেয় বস্ত্রখণ্ড।

বহিষ্কৃত —বি-ণ (বহিস্—কৃ—কর্ম্ম—ক্ত) দূরীকৃত।

বহেড়ুকঃ—বি, পুং; বহেড়াগাছ।

বহ্তৃণম্—ক্লী (তৃণ + বহচ্) তৃণতুল্য।

বহ্নিঃ—বি, পুং (বহ—কর্ত্তৃ—নি) অগ্নি। তন্ত্রোক্ত রকার।

বহ্নিভোগ্যম্—ক্লী, ঘৃত।

বহ্নিরেতা (তস্)—পুং শিব, কাঞ্চন।

বহ্নিসখঃ—পুং, বায়ু, জীরক।

বহ্যম্—বি, ক্লী (বহ্—যৎ) গাড়ী, যান, আরোহী।

বা—অব্য বিকল্প, বিতর্ক। সাদৃশ্য। সমুচ্চয়। নিশ্চয়। পাদপূরণ।

বাক্ (চ্)—বি, স্ত্রী (বচ —কর্ম্ম—ক্বিপ্) বাক্য।

বাকম্—বি, ক্লী (বক —অণ্) বক সমূহের উড্ডীয়ন।

বাকোবাক্যম্—বি, ক্লী; উত্তর প্রত্যুত্তর। কথা কাটাকাটি। প্রশ্নোত্তরমূলক মন্ত্রাংশ।

বাক্পতিঃ—বি, পুং; বৃহস্পতি।

বাক্পারুষ্যম্—বি, ক্লী; কটুবাক্য প্রয়োগ।

বাক্যম্—বি, ক্লী (বচ—কর্ম্ম—ণ্যৎ) পরস্পর আকাঙ্ক্ষা যুক্ত পদসমূহ।

বাগরঃ—বি, পুং (বাচ্ —স্থ—অচ্) ঋষি। পুণ্যাত্মা।

বাগীশঃ, বাগীশ্বরঃ—বি-ণ পুং (বাচ্ —ঈশ) বৃহস্পতি। বক্তা।

বাগীশ্বরী—বি, স্ত্রী; সরস্বতী।

বাগুরা—বি, স্ত্রী (বা—করণ—উর—আপ্) জাল। ফাঁদ, মৃগবন্ধনী।

বাগুরিকঃ—বি, পুং (বাগুরা—ঠক) ব্যাধ।

বাগ্দণ্ডঃ—বি, পুং; বাক্য দ্বারা ভর্ৎসনা। বাক্যসংযম।

বাগ্দত্তা—বি, স্ত্রী; বিবাহের পূর্ব্বে যে কন্যাকে বিধিপূর্ব্বক বাক্য দ্বারা দান করা যায়।

বাগ্দানম্—বি, ক্লী; বিবাহ স্থিরীকরণার্থ অগ্রে বাক্য দেওয়া।

বাগ্দেবতা, বাগ্দেবী—বি, স্ত্রী; সরস্বতী।

বাগ্মী (গ্মিন্)—বি-ণ (বাচ্—মিন্) বাক্পটু, বক্তা। স্ত্রী; গ্মিনী।

বাগ্যত—বি-ণ; মৌনাবলম্বী।

বাগ্বৈদগ্ধ্যম্—বি, ক্লী; বাক্যের চাতুর্য্য, রসিকতা।

বাঙ্ময়ম্—বি, ক্লী (বাচ্—ময়ট্) শাস্ত্র। বি-ণ; বাক্যাত্মক।

বাঙ্মুখম্—বি, ক্লী; বাক্যারম্ভ, উপন্যাস।

বাচংযম—বি-ণ (বাচ্—যম—কর্ত্তৃ—খ) মৌনাবলম্বী। মিতভাষী।

বাচনা—বি, স্ত্রী (বচ—ণিচ্—ভাবে—অন—আপ্) ব্যাখ্যান। পঠন। কথন।

বাচনিক—বি-ণ (বচন—ষ্ণিক) বাক্য দ্বারা নিষ্পন্ন।

বাচস্পতিঃ—বি, পুং; বৃহস্পতি। বক্তা।

বাচস্পত্যম্—বি, ক্লী (বাচস্পতি —ষ্ণ্য) বক্তৃতা। বি-ণ; বাচস্পতি সম্বন্ধীয়।

{বাচাট—(বাচ্ —আট)
{বাচাল—(বাচ্ —আল) বি-ণ; যে অনেক কথা কয়, বহুভাষী।

বাচিকম—বি, ক্লী (বাচ্—ষ্ণিক) কাহারও নিকট যে কথা বলিয়া পাঠান হয়, সন্দেশ, বাক্য। বি-ণ; বাক্য দ্বারা নিষ্পাদিত।

বাচ্য—বি-ণ (বচ —কর্ম্ম—ণ্যৎ) বক্তব্য। নিন্দনীয়।

বাজঃ—বি, পুং (বজ—ভাবে—ঘঞ্) বেগ। ক্লীং; ঘৃত। যজু। অন্ন। বারি। (প্রা)—বজ্র।

বাজপেয়ঃ—বি, পুং, ক্লী; যজ্ঞ বিং।

বাজপেয়ী (য়িন্)—বি, পুং; বাজপেয়-যজ্ঞকারী।

বাজসনেয়ী (য়িন্)—বি, পুং (বাজসনেয়—ইন্) যে যজুর্ব্বেদের শাখা অধ্যয়ন করে।

বাজী (জিন্)—বি, পুং (বজ—কর্ত্তৃ—ণিন্) ঘোটক। বাণ। পক্ষী। বি-ণ; বেগবিশিষ্ট।

বাজীকরণম্—বি, ক্লী; বীর্যবর্ধক ঔষধ বিং।

বাঞ্ছনম্—বি, ক্লী, (বাঞ্ছ—ল্যুট্) কামনা। ইচ্ছা করা।

বাঞ্ছিত —বি-ণ (বান্ছ—কর্ম্ম—ক্ত) অভিলষিত। অভীষ্ট।

বাটঃ—বি, পুং (বট —কর্ম্ম—ঘঞ্) পথ। আবৃত স্থান।

{বাটিকা—(বট্—খুল—টাপ্)
{বাটী—বি, স্ত্রী, বাড়ী, বাস্তু, আবৃতস্থান।

বাটালঃ—বি, পুং

বাড়বাগ্নিঃ—বি, পুং সমুদ্রে উৎপন্ন অগ্নি।

বাঢ়ম্—ক্লী (বাহ + ক্ত) অতিশয়। ত্রি, অতিশয়যুক্ত।

বাঢ়ম্—অব্য, স্বীকার। প্রতিজ্ঞা

বাণঃ—বি, পুং (বণ—কর্ত্তৃ—ঘঞ্) শর। দৈত্য বিং। কবি বিং।

বাণবারঃ—বি, পুং, ক্লী (বাণ—বৃ—ণিচ্ + ষণ্) যোধাদির কবচ ।

বাণিঃ—বি, স্ত্রী (বণ—করণ—ইঞ্) বস্ত্র বয়ন যন্ত্র বিং, বয়নদণ্ড।

বাণিনী—বি, স্ত্রী; দূতী। নর্ত্তকী। মত্তা স্ত্রী।

বাণী—বি, স্ত্রী; (বণ্—ইন্—ঈপ্)

বাতঃ—বি, পুং (বা—কর্ত্তৃ—ক্ত) বায়ু। রোগ বিং। বি-ণ; গত।

বাতকী (কিন্)—বি-ণ (বাত —কিন্) বায়ুরোগগ্রস্ত।

{বাতপ্রমী—(বাত —প্র—মা—কর্ত্তৃ—ঈ)
{বাতমজঃ—(বাত —অজ—কর্ত্তৃ—প) বি, পুং; বায়ুর ন্যায় বেগগামী মৃগ।

বাতাটঃ—বুং (বাত —অট + অচ) সূর্যাশ্ব। বাতমৃগ।

বাতাপিঃ—বি, পুং (বাত —অপ—কর্ত্তৃ—ই) অসুর বিং, যাহাকে অগস্ত্য মুনি গ্রাস করিয়াছিলেন।

বাতাপিসূদনঃ—পুং অগস্ত্যমুনি।

বাতায়নম্—বি, ক্লী (বাত —অয়ন) জানালা. গবাক্ষ।

বাতিঃ—পুং (বা + ক্তিচ্) বায়ু, সূর্য। চন্দ্র।

বাতিক—বি-ণ (বাত—ষ্ণিক) বায়ু জনিত। বি, পুং; রোগ বিং।

বাতু (তূ)ল—বি-ণ; বায়ুরোগগ্রস্ত, পাগল।

বাত্যা—বি, স্ত্রী (বাত —য—আপ্) প্রবলবায়ু, ঝটিকা।

বাৎসল্যম্—বি, ক্লী (বৎসল—ষ্ণ্য) স্নেহ।

বাৎস্যায়নঃ—বি, পুং, বৎস্যমুনির সন্তান।

বাদঃ—বি, পুং (বদ —ভাবে—ঘঞ্) যথার্থ বিচার। কথন। বিতর্ক।

বাদক —বি-ণ (বদ—ণিচ্ —কর্ত্তৃ—ণক) যে বাজায়।

বাদিত্রম্—বি, ক্লী (বদ—ণিচ্—কর্ম্ম—ইত্র) বাদ্যযন্ত্র।

বাদী (দিন্)—বি-ণ (বদ—কর্ত্তৃ—ণিন্) ফরিয়াদি, অর্থী। বক্তা।

বাদ্যম্—বি, ক্লী (বদ—ণিচ্—কর্ম্ম—য) বাজনার যন্ত্র।

বানম্—বি, ক্লী (বৈ—কর্ত্তৃ—ক্ত) শুষ্কফল। বনসমূহ। বন্যা, জলপ্লাবন।

বানপ্রস্থঃ—বি, পুং (বন—প্র—স্থা—কর্ত্তৃ—ড, ষ্ণ) তৃতীয়াশ্রম।

বানরঃ—বি, পুং (বা—তুল্য—নর, অথবা বান—রম—কর্ত্তৃ—ড) বাঁদর, কপি। স্ত্রী; রী।

বানরেন্দ্রঃ—বি, পুং; সুগ্রীব। হনুমান।

বানস্পত্যঃ—বি, পুং (বনস্পতি —স্বার্থে—ষ্ণ্য) পুষ্প ব্যতিরেকে ফলিত বৃক্ষ, অশ্বত্থ প্রভৃতি।

বানায়ুজঃ—পুং (বানায় + জন্ + ড) ঘোটকবিশেষ।

বানীরঃ—বি, পুং (বন—ঈর—ষ্ণ) বেতসবৃক্ষ।

বান্ত—বি-ণ (বম—কর্ম্ম—ক্ত) উদ্গীর্ণ।

বান্তঃ—বি, পুং (বম—কর্ম্ম—ক্ত) উদ্গীর্ণ। বমন। ক্ষেপণ। মুক্তন।

বাপি(পী)—বি, স্ত্রী (বপ—অধি—ইঞ্) দীর্ঘিকা। পুষ্করিণী।

বাপিত —বি-ণ (বপ—ণিচ্—কর্ম্ম—ক্ত) রোপিত মণ্ডিত। বায় বোনা হইয়াছে।

বাম—বি-ণ (বা—কর্ত্তৃ—ম) দক্ষিণ ভিন্ন, বাঁ, সব্য। সুন্দর। প্রতিকূল। বক্র। ক্লী; ধন।

বামদেবঃ—বি, পুং; মহাদেব। মুনি বিং।

বামনঃ—বি, পুং (বম—ণিচ্ —কর্ত্তৃ—অন) বিষ্ণুর অবতার বিং। দক্ষিণদিকের হস্তী। পণ্ডিত বিং। বি-ণ; খর্ব্ব, বেঁটে।

বামলূরঃ—বি, পুং (বাম—লূ—কর্ত্তৃ—রক্) উইএর ঢিপি, বল্মীক।

বামলোচনা—বি, স্ত্রী; সুলোচনা স্ত্রী।

বামা—বি, স্ত্রী; নারী—লক্ষ্মী। বিণ; প্রতিকূলা।

বামাচারঃ—বি, পুং; তন্ত্রশাস্ত্রোক্ত—আচার বিং। বেদবিরুদ্ধ আচার।

বামাবর্ত্ত—বি-ণ; বামদিকে আবর্ত্তনযুক্ত।

বামিল—বিণ, (বাম—ইলচ্) সুন্দর। চতুর।

বামী—বি, স্ত্রী (বাম—ঈপ্) ঘোটকী। গর্দ্দভী। শৃগালী। হস্তিনী।

বামোরু—বি, স্ত্রী (বাম—উরু—উপ্) প্রশস্ত-উরুযুক্তা স্ত্রী।

বায়ঃ—বি, পুং (বে—ভাবে—ঘঞ্) বয়ন।

বায়বী—বিস্ত্রী (বায়ু-ণ্য-ঈপ্) বায়ুসম্বন্ধিনী। বায়ুর শক্তি। উত্তর-পশ্চিম দিক।

{ বায়বীয়—(বায়ু—ঈয়)
{ বায়ব্য—(বায়ু—ষ্ণ্য) বি-ণ; বায়ুসম্বন্ধীয়। বি, ক্লী; স্নানবিং, গরুর খুর হইতে উত্থিত ধূলিস্পর্শরূপ স্নান। স্ত্রী; ব্যা, ব্যা।

বায়সঃ—বি, পুং (বয়—কর্ত্তৃ—অসচ্-ষ্ণ) কাক। স্ত্রী; সী।

বায়ুঃ—বি, পুং (বা—কর্ত্তৃ—উণ্) বাতাস, পবন।

বায়ুকোষঃ—বি, পুং; শরীরাভ্যন্তর্গত যে চর্ম্মময় কোষে বায়ু থাকে।

বায়ুবর্ত্মা—পুং আকাশ।

বায়ুবাহঃ—পুং (বায়ু—বহ + ঘঞ্) ধূম।

বায়ুসখঃ—বি, পুং (বায়ু—সখি—ব) অগ্নি।

বার্—বি, ক্লী (বৃ—ণিচ্ —কর্ত্তৃ—ক্বিপ্) জল।

বারঃ—বি, পুং (বৃ—কর্ম্ম—ঘঞ্) দিন। অবসর। পালা। সমূহ। ক্ষণ। বি-ণ; নিবারণীয়।

বারক —বি-ণ (বৃ—ণিচ্ —কর্ত্তৃ—ণক) নিষেধকারী প্রতিবন্ধক।

বারণম্—বি, পুং (বৃ—ণিচ্ —কর্ত্তৃ—অন) হস্তী। ক্লী; (ভাবে—অনট) নিষেধ।

বারণাবতম্—বি, ক্লী (বারণ—বতু —ষ্ণ) মহাভারতোক্ত নগর বিং।

{ বারনারী—
{ বারবধূ—বি, স্ত্রী; বেশ্যা।

{ বারবিলাসিনী—
{ বারস্ত্রী—বি, স্ত্রী; বেশ্যা।

বারংবারম্—অব্য; পুনঃ পুনঃ।

বারয়িতা(তৃ)—বি-ণ (বৃ—ণিচ্ —কর্ত্তৃ—তৃণ) নিবারণ কর্ত্তা। স্ত্রী; সাঁজোয়া, কবচ।

বারাংনিধিঃ—বি, পুং; সমুদ্র।

বারাঙ্গনা—বি, স্ত্রী; বেশ্যা।

বারাণসী—বি, স্ত্রী (বার—যে বারণ করে অনস্—জন্ম, যে পুর্নজন্ম বারণ করে) অথবা (বারণা—অসী—ষ্ণ—ঈপ্) কাশী।

বারান্তরম্—বি, ক্লী; অন্য সময়।

বারাহ—বিণ, (বরাহ—অণ) শূকর সম্বন্ধীয়।

বারি—বি, ক্লী (বৃ—ণিচ্ —কর্ত্তৃ—ইঞ্) জল।

বারিচর—বি-ণ; জলচর জন্তু। বি, পুং; মৎস্য।

বারিদঃ—বি, পুং (বারি—দা—কর্ত্তৃ—ড) মেঘ।

বারিধিঃ—বি, পুং, (বরি—ধা—অধি—কি) সমুদ্র

{ বারিবাহঃ—
{ বারিবাহনঃ—বি, পুং মেঘ।

বারী—বি, স্ত্রী (বৃ—ণিচ্ —অধি—ইঞ্) হস্তিবন্ধন স্থান (করণ—ইঞ্) হস্তি-বন্ধন রজ্জু।

বারুণ—বি-ণ (বরুণ—ষ্ণ) বরুণ সম্বন্ধীয়। বি, ক্লী; জল।

বারুণিঃ—বি, পুং (বরুণ—ষ্ণি) অগস্ত্য।

বারুণীঃ—বি, পুং (বরুণ—ষ্ণি) অগস্ত্য।

বারুণী—বি, স্ত্রী (বরুণ—ষ্ণ—ঈপ্) মদিরা বিং। পশ্চিমদিক। শতভিষা নক্ষত্র। ঐ নক্ষত্রযুক্ত চৈত্র কৃষ্ণা ত্রয়োদশী।

বারেন্দ্রঃ—বি, পুং (বরেন্দ্র—ষ্ণ) বরেন্দ্রদেশীয় ব্রাহ্মণ।

বারেন্দ্রী—বি, স্ত্রী; বরেন্দ্র ভূমি।

বার্ত্তম্—বি, ক্লী (বৃত্তি—ষ্ণ) আরোগ্য। কুশল। পটুতা। বি-ণ; নীরোগ, সুস্থ। মনোহর। পটু।

বার্ত্তা—বি, স্ত্রী (বার্ত্ত—আপ) বৃত্তান্ত। জনশ্রুতি। বৃত্তি। কৃষি গোরক্ষাদি।

{ বার্ত্তাকঃ—পুং, (বার্ত্ত — অক +ণিচ্ + অন)
{ বার্ত্তা(কু)ঃ—পুং (বার্ত্ত + অক + ণিচ্ + উণ্) বেগুন।

বার্ত্তাবহ—বি,ণ; দূত।

বার্ত্তাশাস্ত্রম্—বি, ক্লী; আয়ব্যয় বিষয়ক বিধিদর্শক নীতিশাস্ত্র বিং।

বার্ত্তিকঃ—বি, ক্লী (বৃত্তি—ষ্ণিক) বৃত্তি ব্যাখ্যান গ্রন্থ বিং। পুং; বৈশ্যজাতি।

বার্দ্ধকম্—বি, ক্লী (বৃদ্ধ—ষ্ণ) বৃদ্ধসমূহ। বৃদ্ধত্ব।

বার্দ্ধক্যম্—বি, ক্লী (বার্দ্ধক—ষ্য) বৃদ্ধাবস্থা।

{ বার্দ্ধুষিঃ—(বৃদ্ধি—ষ্ণি, নি) বি. পুং
{ বার্দ্ধুষিকাঃ—(বার্দ্ধুষি—ষ্ণ) যে বৃদ্ধি দ্বারা জীবনধারণ করে, সুদখোর, বৃদ্ধিজীবী।

বার্দ্ধুষ্যম্—বি, ক্লী (বার্দ্ধুষি—ষ্য) সুদে খাটান।

{ বার্দ্ধ্রম্—বি, ক্লী;
{ বার্দ্ধ্রী—বি, স্ত্রী; চর্ম্মরজ্জু।

বার্দ্ধ্রীণসঃ—পুং, লম্বকর্ণ বিশিষ্ট এবং শ্বেতবর্ণ ছাগ। 'বার্দ্ধ্রীণসস্য মাংসেন তৃপ্তির্দ্বাদশ-বার্ষিকী'।

বার্য্যমাণ—বি-ণ (বৃ—ণিচ্ —কর্ম্ম—শানচ্) যাহা নিবারণ করা যায়।

বার্ষিক —বি-ণ (বর্ষ,—বর্ষা—ষ্ণিক) বৎসরসম্বন্ধীয়, সাংবৎসরিক। বর্ষাকালীন।

বার্হস্পত্যম্—বি, ক্লী (বৃহস্পতি —ষ্ণ্য) বৃহস্পতি প্রণীত শাস্ত্র। নীতিশাস্ত্র। পুং চার্ব্বাক।

বালিশ—বি-ণ (বাড়ি— শো—কর্ত্তৃ—ড) মূর্খ। শিশু। ক্লী; (বালি—মস্তক —শী—অধি—ড) যাহার উপর মস্তক রাখিয়া শয়ন করা হয়, উপধান। (এই শব্দটী বর্গীয় বকারাদি।

বাল্ক—বি, ত্রি (বল্ক + অণ)

বাল্কলম্—ক্লী (বল্কল + অণ) বল্কজাতবস্ত্র।

{ বাল্মীকঃ—(বল্মীক —অণ্)
{ বাল্মীকিঃ—(বল্মীক—ইঞ্) বি, পুং; মুনি বিং, রামায়ণগ্রন্থকার।

বাবদূক —বি-ণ (বদ—যঙ্লুক্ —কর্ত্তৃ—ঊক) বাচাল, অভিলাষী।

বাশিতম্—বি, ক্লী (বাশ—ভাবে—ক্ত) পশুপক্ষী প্রভৃতির শব্দ।

বাশি (সি) ষ্ঠম্—ক্লী (বশি (সি) ষ্ঠ + অণ) বশিষ্ঠ প্রণীত উপপুরাণ, যোগশাস্ত্র বিং।

বাস্ত্র—পুং, ক্লী (বাশ + রক্) গৃহ, চতুষ্পথ।

বাষ্কলঃ—বি, পুং যোদ্ধা।

{ বাষ্পঃ—ক্লী, পুং,
{ বাষ্পঃ—বি, পুং; উষ্মা। নেত্রজল। সূক্ষ্ম জলকণা। কণ্ঠবারি। নটেশাক।

বাষ্পপোতঃ—বি, পুং কলের জাহাজ।

বাষ্পশকটঃ— বি, পুং বাষ্প চালিত গাড়ী।

বাস—(অধি—ঘঞ্) বাসস্থান। (বাস—কর্ত্তৃ—অন্) সুগন্ধ।

বাসঃ(স্)—বি, ক্লী (বস—ণিচ্—করণ—অস্) বস্ত্র।

বাসকসজ্জা—বি, স্ত্রী; যে নারী বেশভূষা করিয়া নায়কের আগমন প্রতীক্ষা করে।

বাসগৃহম্—বি, ক্লী; শয়নাগার। মধ্যগৃহ।

বাসতেয়—বি-ণ (বসতি —ঢ়েয়) বাসযোগ্য। স্ত্রী; য়ী—রাত্রি।

বাসনম্—বি, ক্লী (বাস—ভাবে—ল্যুট্) সুগন্ধী করণ, ধূপন।

বাসনা—বি, স্ত্রী (বাস—ভাবে—অন—আপ্) স্মারকশক্তি বিং। প্রত্যাশা। আকাঙ্ক্ষা। জ্ঞান।

বাসন্তী—বি, স্ত্রী (বসন্ত—ষ্ণ—ঈপ্) মাধবীলতা। দুর্গা। বনদেবতা বিং।

বাসরঃ—বি, পুং, ক্লী (বস—ণিচ্—কর্ত্তৃ—অরণ্) দিবস।

বাসবঃ—বি, পুং (বসু—ষ্ণ) ইন্দ্র।

বাসবদত্তা—বি, স্ত্রী, সুবন্ধুকৃর্ত কথাগ্রন্থ।

বাসিত —বি-ণ (বাস—কর্ম্ম—ক্ত) সুগন্ধীকৃত। বি, ক্লী (ভাবে—ক্ত) পক্ষীর শব্দ। বি-ণ, (বস—ণিচ্ —কর্ম্ম—ক্ত) বাসি, পর্য্যুষিত।

বাসী (সিন্)—বি-ণ (বস—কর্ত্তৃ—ণিন্) যে বাস করে। স্ত্রী; সিনী।

বাসুকিঃ—বি, পুং (বসু—কৈ—কর্ত্তৃ—ড,ষ্ণি) সর্পরাজ।

বাসুদেবঃ—বি, পুং (বসুদেব—ষ্ণ) শ্রীকৃষ্ণ।

বাসুঃ—বি, স্ত্রী; নাট্যোক্তিতে বালিকা।

বাস্তব—(বস্তু—ষ্ণ) যথার্থ।

বাস্তবিক (বস্তু—ষ্ণিক) বি-ণ; প্রকৃত, যথার্থ।

বাস্তব্য—বি-ণ (বস—ণিচ্—কর্ত্তৃ—তব্য) .- বাসযোগ্য। যে বসবাস করে।

বাস্তুকম্—বি, ক্লী; বেতুয়াশাক।

বাস্তোষ্পতিঃ—বি, পুং; ইন্দ্র। বাস্তুভূমিপতি।

বাহঃ—বি, পুং (বহ—কর্ত্তৃ—ঘঞ্) অশ্ব। বৃষ। মহিষ। বায়ু।

বাহক —বি-ণ (বহ—কর্ত্তৃ—ণক) বহনকারী। স্ত্রী; হিকা।

বাহনম্—বি, ক্লী (বহ—ণিচ্—করণ—ল্যুট্) যান হস্তী অশ্ব প্রভৃতি।

{ বাহাবাহবি—
{ বাহূবাহবি—অব্য (বাহু, বাহু—চি) হাতাহাতি, বাহুযুদ্ধ।

বাহিত—বি-ণ (বহ—ণিচ্ —কর্ম্ম—ক্ত) চালিত। প্রাপিত।

বাহিনী—বি, স্ত্রী (বহ—ণিন্—ঈপ্) নদী। বি-ণ; বহনকর্ত্রী। বি, স্ত্রী (বাহ—ইন্—ঈপ্) সেনাবিং, ৮১ হস্তী, ৮১রথ, ২৪৩ অশ্ব ৪০৫ পদাতি এতৎসংখ্যক সেনা।

বাহিনীপতিঃ—বি, পুং; সেনাপতি। সমুদ্র।

বাহীকঃ—বি, পুং (বহ—কর্ত্তৃ—ঈকণ্) শকট। জাতি বিং। বি-ণ; বহনকারী।

বাহ্য—বি-ণ (বহ—কর্ম্ম—ঘ্যণ্) বহনীয়। (বহিস্—ষ্ণ্য) বহিঃ স্থিত।

বাহ্যমান—বি-ণ (বহ—ণিচ্—কর্ম্ম—শানচ্) যাহা বহন করান হইতেছে, নীয়মান।

বাহ্যেন্দ্রিয়ম্—বি, ক্লী; বহিরিন্দ্রিয়।

{ বাহ্লিকঃ—
{ বাহ্লীকঃ—বি, পুং; দেশ বিং। উক্তদেশজাত অশ্ব। ক্লী; কুঙ্কুম। হিঙ্গু।

বি—অব্য, বিশেষ। বিরোধ। বৈপরীত্য। নিন্দা। পরিভব। নিয়োগ। নিগ্রহ। নিশ্চয়। গতি। দান। বি, পুং; পক্ষী।

বিংশ—বি-ণ (বিংশতি —ডট্) বিংশতি সংখ্যার পূরণ।

বিংশতিতম—বি-ণ (বিংশতি —তমট্) বিংশতির পূরণ।

বিকঙ্কত —বি, পুং (বি—কন্ক —অত) বঁইচি গাছ।

বিকচ—(বি—কচ্—অন্) বিকসিত। (বি—কচ) কেশরহিত। বি, পুং; বৌদ্ধ সন্ন্যাসী।

বিকট —বি-ণ (বি—কটচ্) বড়, বিপুল। ভীষণ। দস্তুর।

বিকত্থনম্—বি, পুং (বি—কত্থ + ল্যুট্) আত্মশ্লাঘা। বি-ণ (কর্ত্তৃ—অন) আত্মশ্লাঘাকারী।

বিকর্ত্তনঃ—বি, পুং (বি—কৃত —কর্ম্ম—ল্যুট্) সূর্য্য। আকন্দ গাছ।

বিকল—বি-ণ (বি—কলা) কলাহীন। অসম্পূর্ণ। বিহ্বল। অস্বাভাবিক।

বিকলাঙ্গ—বি-ণ; হীনাঙ্গ, কাণা খোঁড়া প্রভৃতি।

বিকলেন্দ্রিয়—বি-ণ; যাহার ইন্দ্রিয় অবশ।

বিকল্পঃ—বি, পুং; ভেদবুদ্ধি। সংশয়। ভ্রম। বিভিন্ন কল্পনা। অর্থালঙ্কার। বিং।

বিকল্পিত —বি-ণ; বিবিধরূপে কল্পিত, অনিয়মিত।

{ বিকশিত—(বি, কশ—কর্ত্তৃ—ক্ত)
{ বিকসিত —(বি—কস—কর্ত্তৃ—ক্ত) বি-ণ; প্রস্ফুটিত। ব্যক্ত।

বিকস্বর—বি-ণ (বি—কস—কর্ত্তৃ—বর) বিকাশশীল।

বিকারঃ—বি, পুং (বি—কৃ—ভাবে—ঘঞ্) প্রকৃতির অন্যথা ভাব। অস্বাস্থ্য।

বিকার্য্য—বি-ণ (বি—কৃ—কর্ম্ম—ঘ্যণ্) বিকৃতি পাইবার যোগ্য।

বিকালঃ—বি, পুং; অপরাহ্ণ। রাক্ষসীবেলা।

বিকাশ(স)ঃ—বি, পুং; বি—কাশ—ঘঞ্) প্রকাশ

বিকাশী(সিন্)—বি—কাস—কর্ত্তৃ—ণিন্) বিকাশশীল। হর্ষযুক্ত।

বিকিরঃ—বি, পুং (বি—কৃ—কর্ত্তৃ—ক) পক্ষী।

বিকিরণম্—বি, ক্লী (বি—কৃ—ভাবে—ল্যুট্) ছড়ান, বিক্ষেপণ।

বিকীর্ণ—বিণ (বি—কর্ম্ম—ক্ত) বিক্ষিপ্ত। বিস্তৃত।

বিকুণ্ঠিত—বি-ণ; ভোঁতা, কুণ্ঠীকৃত।

বিকুর্ব্বাণ—বি-ণ (বি—কৃ—কর্ত্তৃ—শানচ্) বিকৃতি প্রাপ্ত। হৃষ্ট।

বিকৃত—বি-ণ (বি—কৃ—কর্ম্ম—ক্ত) বিকার প্রাপ্ত। রুগ্ন। বীভৎস।

বিকৃতিঃ—বি, স্ত্রী (বি—কৃ—ভাবে—ক্তি) বিকার। রোগ।

বিকৃষ্ট—বি-ণ (বি—কৃষ—কর্ম্ম—ক্ত) আকৃষ্ট। উদ্ধৃত।

বিক্রমঃ—বি, পুং; (বি—ক্রম + অচ্) পরাক্রম। বীরত্ব। সাহস। চলন। পক্ষীর গতি।

বিক্রমাদিত্যঃ, বিক্রমার্কঃ—বি, পুং; উজ্জয়িনীর রাজা।

বিক্রমী (মিন্)—বি-ণ (বিক্রম—ইন্) বিক্রমযুক্ত।

বিক্রয়ঃ—বি, পুং (বি—ক্রী—ভাবে—অল্) মূল্য গ্রহণ পূর্ব্বক অর্পণ, বেচা।

বিক্রয়িক—(বিক্রয়—ঠক)
বিক্রয়ী(য়িন্)—বি—ক্রী—কর্ত্তৃ—ণিন্) বি-ণ; বিক্রেতা।

বিক্রান্ত—বি-ণ (বি—ক্রম—কর্ত্তৃ—ক্ত) পরাক্রমশালী, বীর।

বিক্রিয়া—বি, স্ত্রী (বি—কৃ—ভাবে—শ—আপ্) বিকৃতি।

বিক্রীত—বি-ণ বি-ণ (বি—ক্রী—কর্ম্ম—ক্ত) যাহা বিক্রয় করা হইয়াছে।

বিক্রেয়—বি-ণ (বি—ক্রী—কর্ম্ম—যৎ) বিক্রয়যোগ্য।

বিক্লব—বি-ণ (বি—ক্লব—কর্ত্তৃ—অন্) বিহ্বল, বিবশ। ভীত। কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণয়ে অসমর্থ। বি, পুং (ভাবে—অল্) ব্যাকুলতা। জড়তা।

বিক্লিত্তিঃ—বি, স্ত্রী (বি—ক্লিদ—ভাবে—ক্তি) দ্রবীভাব। আর্দ্রতা। অন্নাদির পাক।

বিক্লিন্ন—বি-ণ (বি—ক্লিদ—কর্ত্তৃ—ক্ত) আর্দ্র। দ্রবীভূত। জীর্ণ।

বিক্ষত—বি-ণ; (বি—ক্ষম + ক্ত) আঘাতপ্রাপ্ত। ক্ষয়প্রাপ্ত। খণ্ডিত।

বিক্ষাবঃ—পুং (বি—ক্ষু + ঘঞ্) শব্দ, কাসাদি-রোগকৃত শব্দ।

বিক্ষিপ্ত—বি-ণ; (বি—ক্ষিপ + ক্ত) বিস্তারিত। ত্যক্ত।

বিক্ষেপঃ—বি, পুং (বি—ক্ষিপ—ভাবে—অল্) ত্যাগ। নিক্ষেপ। বিস্তার। সঞ্চালন।

বিখ্যাত—বি-ণ; (বি—খ্যা + ক্ত) প্রসিদ্ধ, খ্যাতিযুক্ত।

বিখ্যাপনম্—ক্লী (বি—খ্যা + ণিচ্ + ল্যুট্) বিজ্ঞাপন।

বিগণনম্—বি, ক্লী; বি-ণ (বি—গণ + ল্যুট্)
বিগণনা—বি, স্ত্রী; ঋণাদি পরিশোধ। অবজ্ঞা। গণনা।

বিগত—বি-ণ; (বি—গম + ক্ত) অতীত। প্রস্থিত। নষ্ট।

বিগর্হণা—বি, স্ত্রী; (বি—গর্হ—ল্যুট্) নিন্দা।

বিগর্হিত—বি-ণ (বি—গর্হ—কর্ম্ম—ক্ত) নিষিদ্ধ।

বিগাঢ়—বি-ণ (বি—গাহ—কর্ত্তৃ—ক্ত) সম্যক্ স্নাত। প্রবৃদ্ধ। ঘন। কঠিন।

বিগীত—বি-ণ (বি—গৈ—কর্ম্ম—ক্ত) নিন্দিত।

বিগ্ন—বি-ণ (বিজ—কর্ত্তৃ—ক্ত) উৎকণ্ঠিত। ভীত।

বিগ্র—বি-ণ (বি—নাসিকা) খাঁদা, বিকলনাসিক।

বিগ্রহঃ—বি, পুং; (বি—গ্রহ—অচ্) শরীর। মূর্ত্তি। বিস্তার। সমাসবাক্য। বিশেষ-জ্ঞান। পুং, ক্লী; যুদ্ধ। প্রহার।

বিঘটনম্—বি, ক্লী (বি—ঘট—ভাবে—ল্যুট্) বিশ্লেষ। ব্যাঘাত। বিরোধ। বিকাশ।

বিঘটিত—বি-ণ (বি—ঘট—ণিচ্—কর্ম্ম—ক্ত) বিকশিত। বিশ্লেষিত। ব্যাহত। রচিত।

বিঘট্টনম্—বি, ক্লী (বি—ঘট্ট—ভাবে—ল্যুট্) বিশ্লেষ। সঞ্চালন। আলোড়ন। ব্যাঘাত। দৃঢ়সংযোগ।

বিঘট্টিত—বি-ণ (বিঘট্ট—কর্ম্ম—ক্ত) বিশ্লেষিত। সঞ্চালিত। মথিত। অভিহত।

বিঘসঃ—বি, পুং (বি—অদ—ভাবে—অল্) ভোজনশেষ, উচ্ছিষ্ট।

বিঘাতঃ—বি, পুং; (বি—হন্ + ঘঞ্) ব্যাঘাত। বারণ। বিনাশ।

বিঘাতক—বি-ণ (বি—হন—কর্ত্তৃ—ণক) ব্যাঘাতকারী। নাশক।

বিঘৃষ্ট—বিণ (বি—ঘৃষ্—ক্ত) অত্যন্ত ঘর্ষিত।

বিঘ্নঃ—বি, পুং (বি—হন—করণ—ক) বাধা, ব্যাঘাত।

বিঘ্নরাজঃ—বি, পুং; গণেশ।

বিঘ্নিত—বি-ণ (বিঘ্ন—ইত) ব্যাঘাতপ্রাপ্ত।

বিচক্ষণ—বি-ণ (বি—চক্ষ—কর্ত্তৃ—অন) জ্ঞানী। পণ্ডিত। দক্ষ।

বিচয়ঃ—বি, পুং; অনুসন্ধান। চয়ন, একত্রীকরণ।

বিচর্চ্চিকা—বি, স্ত্রী (বি—চর্চ্চ—কর্ত্তৃ—ণক—আপ্ চুলকণরোগ।

বিচারঃ—বি, পুং (বি—চর—ভাবে—ঘঞ্) যথার্থ নিরূপণ। মীমাংসা।

বিচারকঃ—বি, পুং (বি—চর—ণিচ্—কর্ত্তৃ—ণক) বিচারকর্ত্তা।

বিচারণম্—বি, ক্লী (বি—চর—ণিচ্—ল্যুট্) বিবেচনা। বিচার।

বিচারণা—বি, স্ত্রী (বি—চর—ণিচ্ — ভাবে—অন—অপ্) বিবেচনা, বিচার।

বিচারিত—বি-ণ (বি—চর—ণিচ্—কর্ম্ম—ক্ত) বিবেচিত, মীমাংসিত।

বিচার্য্য—বি-ণ (বি—চর—ণিচ্—কর্ম্ম—য) বিচারযোগ্য, বিবেচ্য।

বিচিকিৎসা—বি, স্ত্রী; (বি—কিৎ—সন্—টাপ্) সংশয়।

বিচিত—বি-ণ (বি—চি—কর্ম্ম—ক্ত) যাহা অন্বেষণ করা হইয়াছে, অন্বিষ্ট,

বিচিত্র—বি-ণ; নানাবর্ণযুক্ত। আশ্চর্য্য। রমণীয়। বি, ক্লী; নানাবর্ণ। কাব্যে অর্থালঙ্কার বিং।

বিচিত্রবীর্য্যঃ—বি, পুং; শান্তনুরাজার পুত্র।

বিচেতন—বি-ণ (বি—চেতনা) চেতনাশূন্য। অবিবেকী।

বিচেতাঃ(তস্)—বি-ণ; উৎকণ্ঠিত চিত্ত। অসুখী। অজ্ঞ।

বিচেয়—বি-ণ (বি—চি—কর্ম্ম—য) অনুসন্ধেয়। অল্প।

বিচেষ্টিত—বি, ক্লী; ব্যাপার, ক্রিয়া। লুণ্ঠন, অঙ্গ পরিবর্ত্তন। বি-ণ; চেষ্টাহীন। অন্বেষিত।

বিচ্ছায়ম্—বি, ক্লী; ছায়ার অভাব। পক্ষীর ছায়া। বি-ণ; ছায়াহীন।

বিচ্ছিত্তিঃ—বি, স্ত্রী (বি—ছিদ—ভাবে—ক্তি) বিচ্ছেদ। অঙ্গরাগ। বিনাশ। চমৎকার। স্ত্রীলোকের শোভাজনক অঙ্গ ভূষণ রচনা।

বিচ্ছিন্ন—বি-ণ (বি—ছিদ—কর্ম্ম—ক্ত) ছিন্নভিন্ন। বিনষ্ট।

বিচ্ছুরিত—বিণ,(বি—ছুর + ক্ত)

বিচ্ছেদঃ—বি,পুং (বি—ছিদ + ঘঞ্) বিরহ, বিভাগ।

বিচ্যুত —বি-ণ (বি—চ্যু—কর্ত্তৃ—ক্ত) ভ্রষ্ট। পতিত। বিশ্লিষ্ট।

বিজন—বি-ণ; নির্জ্জন।

বিজন্মা(ন্মন্)—বি-ণ; জারজ।

বিজয়ঃ—বি, পুং (বি—জি—ভাবে—অল্) জয়। (কর্ত্তৃ—অন্) অর্জ্জুন।

বিজয়া—বি, স্ত্রী; দুর্গার সখী বিং। বিদ্যা-বিং।

বিজয়ী(য়িন্)—বি-ণ; জয়শীল।

বিজাত—বি-ণ; জারজ।

বিজাতীয়—বি-ণ (বিজাতি—নীয়) বিভিন্নধর্ম্মাক্রান্ত।

বিজিগীষা—বি-ণ; (বি—জি + সন + অ + টাপ্) জয়েচ্ছা।

বিজিগীষু—বি-ণ; (বি—জি + সন্ + উ) জয়েচ্ছু।

বিজিঘৃক্ষু —বি-ণ; (বি—গ্রহ—সন্—কর্ত্তৃ—উ) যুদ্ধ করিতে ইচ্ছুক।

বিজিত —বি-ণ; (বি—জি—ক্ত) পরাভূত।

বিজিহ্ম—বি-ণ; কুটিল, বক্র। অপ্রসন্ন। শূন্য।

বিজৃম্ভণম্—বি, ক্লী (বি—জৃন্ভ + ল্যুট্) বিকাশ। বিস্তার। হাইতোলা।

বিজৃম্ভিত—বি-ণ (বি—জৃন্ভ—কর্ত্তৃ—ক্ত) বিকসিত। (কর্ম্ম—ক্ত) বিস্তারিত। ব্যাপ্ত।

বিজেতা(তৃ)—বি-ণ; জয়কর্ত্তা।

বিজেয়—বি-ণ (বি—জি—কর্ম্ম—যৎ) জয় করিবার যোগ্য।

বিজ্ঞ—বি-ণ (বি—জ্ঞা—কর্ত্তৃ—ক) জ্ঞানী। প্রবীণ। নিপুণ।

বিজ্ঞপ্তিঃ—বি, স্ত্রী (বি—জ্ঞা—ণিচ্ —ক্তি) বিজ্ঞাপন।

বিজ্ঞাত —বি-ণ; বিদিত। খ্যাত।

বিজ্ঞানম্—বি, ক্লী; জ্ঞান। তত্ত্বজ্ঞান। শিল্পাদি জ্ঞান। পদার্থের তত্ত্বনির্ণয়ক শাস্ত্র।

বিজ্ঞাপনম্—বি, ক্লী, (বি—জ্ঞা—ণিচ্—ল্যুট্) জানান। নিবেদন।

বিজ্ঞাপনী—বি, স্ত্রী (বি—জ্ঞা—ণিচ্—করণ—ল্যুট্—ঈপ্) নিবেদন পত্রী। দরখাস্ত।

বিজ্ঞাপিত—বি-ণ (বি—জ্ঞা—ণিচ্—কর্ম্ম—ক্ত) যাহা জানান হইয়াছে নিবেদিত।

বিজ্ঞেয়—বি-ণ (বি—জ্ঞা—কর্ম্ম—য) জানিবার যোগ্য, জ্ঞাতব্য।

বিটঃ—বি, পুং (বিট—কর্ত্তৃ—ক) ধূর্ত্ত। লম্পট। লবণ বিং। খদির বিং।

বিটঙ্কঃ—বি, পুং, ক্লী (বি—টন্‌ক—কর্ম্ম—অল্) পায়রার খোপ।

বিটপঃ—বি, পুং, ক্লী (বিট—কর্ত্তৃ—কপন্) শাখা। পল্লব। স্তম্ব।

বিটপী(পিন্)—বি, পুং (বিটপ—ইন্) বৃক্ষ।

বিট্‌পতিঃ—বি, পুং (বিশ্—পতি) জামাতা।

বিড়ঙ্গ—বি, পুং, ক্লী; ওষধি বিং।

বিড়ম্বনা—বি, স্ত্রী (বি—ডন্‌ব—ভাবে—অন—আপ্) যন্ত্রণা। অনুকরণ। প্রতারণা।

বিড়ম্বিত —বি-ণ (বি—ডন্‌ব—কর্ম্ম—ক্ত) বঞ্চিত। সদৃশীকৃত। ক্লেশিত।

বিড়ালঃ—বি, পুং (বিড়—কর্ত্তৃ—কালন্) স্বনাম-খ্যাত জন্তু, মার্জ্জার। স্ত্রী; লী।

বিডোজাঃ(জস্)—
বিড়ৌজাঃ (জস্)—বি, পুং (বিট্—ব্যাপক—ওজস্—তেজঃ) ইন্দ্র।

বিতংসঃ—বি, পুং (বি—তন্‌স—করণ—অল্) পক্ষিবন্ধন রজ্জু বিং।

বিতণ্ডা—বি, স্ত্রী (বি—তন্‌ড —ভাবে—অ—আপ্) মিথ্যা বিচার, বৃথা তর্ক।

বিততিঃ—বি, স্ত্রী (বি—তন—ভাবে—ক্তি) বিস্তার। ব্যাপ্তি। সমূহ।

বিতথ—বি-ণ (বি—তথা) মিথ্যা। বিফল।

বিতদ্রুঃ—বি, স্ত্রী, পাঞ্জাব দেশীয় নদী বিং।

বিতর্কঃ—বি, পুং; বাদানুবাদ। সন্দেহ। আলোচনা।

বিতর্দ্দিকা—বি, স্ত্রী (বি—তর্দ্দ—কর্ম্ম—ই, কণ্—আপ্) বেদী। মঞ্চ।

বিতলম্—বি, ক্লী; পাতাল বিশেষ। ত্রি. তলশূন্য।

বিতস্তিঃ—বি, পুং, স্ত্রী (বি—তস—কর্ম্ম—তি) দ্বাদশ অঙ্গুলি পরিমাণ, বিঘৎ।

বিতান—বি, পুং, ক্লী (বি—তন—কর্ম্ম—ঘঞ্) চাঁদোয়া। চন্দ্রাতপ। তাঁবু, পটমণ্ডপ। সমূহ। যজ্ঞ। (ভাবে—ঘঞ্) বিস্তার। বি-ণ; শূন্য। তুচ্ছ।

বিতীর্ণ—বি-ণ (বি—তৃ—কর্ম্ম—ক্ত) দত্ত। [illegible]তীর্ণ। ব্যাপ্ত। অবগাঢ়

বিতৃষ্ণঃ— বি ণ (বি—তৃষ্ণা) নিস্পৃহ।

বিতৃষ্ণা— বি, স্ত্রী; অনিচ্ছা।

বিত্তম্— বি, ক্লী (বিদ—কর্ম্ম—ক্ত, ধন, সম্পত্তি। বি ণ; খ্যাত। বিচারিত।

বিত্তমাত্রা—বি, স্ত্রী; ধনের পরিমাণ।

বিত্তিঃ—বি, স্ত্রী (বিদ—ভাবে—ক্তি) জ্ঞান। লাভ। বিচার। খ্যাতি।

বিত্তেশঃ— বি, পুং; কুবের। ধনী।

বিত্রস্ত— বি-ণ; অত্যন্ত ভীত।

বিদগ্ধ—বি-ণ; রসজ্ঞ। চতুর। পণ্ডিত।

{ বিদর্ভঃ—বি, পুং
{ বিদর্ভা—বি, স্ত্রী; বিহার দেশ, যাহাতে কুণ্ডিনগর, আছে, বড়নাগপুর।

বিদর্ভজা—বি, স্ত্রী (বিদর্ভ—জন—কর্ত্তৃ—ড—আপ্) দময়ন্তী। অগস্ত্যপত্নী।

বিদল—বি ণ; বিকসিত। দলহীন। বি, পুং; কলায়। রুটি।

বিদা—বি, স্ত্রী (বিদ—ভাবে—ঙ—আপ্) জ্ঞান।

বিদায়ঃ—বি, পুং; বিসর্জ্জন, গমনানুমতি। দান।

বিদারঃ—বি, পুং (বি—দৃ—ভাবে—ঘঞ্) বিদারণ। জলোচ্ছ্বাস। যুদ্ধ।

বিদারক —বি-ণ; (বি—দৃ—কর্ত্তৃ—ণক) খননকারী।

বিদারণম্—বি, ক্লী (বি—দৃ—ণিচ্—ল্যুট্) ভেদন, বিদীর্ণ করণ। মারণ। যুদ্ধ।

বিদারিত—বি ণ (বি—দ—ণিচ্ —কর্ম্ম—ক্ত) যাহা বিদীর্ণ করা হইয়াছে।

বিদারী—বি, স্ত্রী; ভূমিকুষ্মাণ্ড। শালপর্ণী।

বিদিক্ (শ্)—বি, স্ত্রী; দিকের কোণ, অগ্নি, নৈর্ঋত, বায়ু, ঈশান।

বিদিত—বি-ণ (বিদ—কর্ম্ম—ক্ত) জ্ঞাত। প্রার্থিত।

বিদিশা—বি, স্ত্রী; মালব দেশের অন্তর্গত বেত্রবতী নদীতীরস্থ নগর বিং।

বিদীর্ণ—বি-ণ (বি—দৃ—কর্ম্ম—ক্ত) ভিন্ন, চেরা। ভগ্ন। বিস্তৃত।

বিদুর—বি, পুং (বিদ—কর্ত্তৃ—কুর) যুধিষ্ঠিরের পিতৃব্য, ধৃতরাষ্ট্রের কনিষ্ঠ। বি-ণ; জ্ঞানী।

বিদূর—বি-ণ; অতি দূরস্থ। বি, ক্লী; অতিদূর। পুং; পর্ব্বত বিং। দেশ বিং।

বিদূরজম্—বি, ক্লী (বিদূর—জন—কর্ত্তৃ—ড) বৈদুর্য্যমণি।

বিদূষকঃ—বি, পুং (বি—দূষ—ণিচ্—কর্ত্তৃ—ণক) নাটকে নায়কের সহায় বিং, ভাঁড়। বি-ণ; নিন্দক।

বিদেশঃ—বি, পুং; স্বদেশভিন্ন দেশ।

{ বিদেশী (শিন্)—(বিদেশ—ইন্)
{ বিদেশীয়—(বিদেশ—নীয়) বি-ণ; বিদেশবাসী; বৈদেশিক।

বিদেহঃ—বি, পুং; বিহার দেশ। জনকবংশীয় রাজা। দেহহীন।

বিদেহা—বি, স্ত্রী; মিথিলা, ত্রিহুত।

বিদ্ধ—বি-ণ (ব্যধ—কর্ম্ম—ক্ত), ছিদ্রিত। তাড়িত, ক্ষিপ্ত। প্রেরিত। বক্র।

বিদ্যমান—বি-ণ (বিদ—কর্ত্তৃ—শানচ্) বর্ত্তমান।

বিদ্যা—বি, স্ত্রী (বিদ—ক্যপ্আপ্) অধ্যয়নাদি জন্য জ্ঞান। তত্ত্বজ্ঞান। মন্ত্র। দুর্গা।

বিদ্যাচন, বিদ্যাচুঞ্চু—বি-ণ (বিদ্যা—চুঞ্চু) বিদ্যাদ্বারা খ্যাত।

বিদ্যাধরঃ—বি, পুং; দেবযোনি বিং।

বিদ্যার্থী(র্থিন্)—বি-ণ; ছাত্র। স্ত্রী; র্থিনী।

বিদ্যালয়ঃ—বি, পুং (বিদ্যা—আলয়) পাঠশালা, টোল।

বিদ্যাবান(বৎ)—বি-ণ (বিদ্যা—বতু) পণ্ডিত। স্ত্রী; বতী।

বিদ্যুৎ—বি, স্ত্রী (বি—দ্যুত —কর্ত্তৃ—ক্বিপ্) তড়িৎ।

বিদ্যুত্বান(ত্বৎ)—বি-ণ (বিদ্যুৎ + মতুপ্) বিদ্যুৎবিশিষ্ট।

বিদ্যোতঃ—(বি, পুং; প্রভা, দীপ্তি।

{ বিদ্রবঃ—বি—দ্রু + অপ্)
{ বিদ্রাবঃ—বি, পুং; (বি—দ্রু + ঘঞ্) পলায়ন। ভয়। ক্ষরণ। দ্রবীভাব।

বিদ্রুত—বি-ণ (বি—দ্রু—কর্ত্তৃ—ক্ত) পলায়িত। দ্রবীভূত।

বিদ্রুমঃ—বি, পুং; পলা, প্রবাল। নবপল্লব।

বিদ্রোহঃ—বি, পুং (বি—দ্রুহ—ভাবে—অল্) বিদ্বেষ। অনিষ্টাচরণ।

বিদ্রোহ(হিন্)—বি ণ; অনিষ্টকারী। স্ত্রী; হিণী।

বিদ্বৎকল্প—বি-ণ (বিদ্বস্—কল্প) অল্পবিদ্বান্।

বিদ্বত্তম—বি-ণ (বিদ্বস—তম) অনেকের মধ্যে অধিক বিদ্বান্।

বিদ্বত্তর—বি-ণ (বিদ্বস—তর) উভয়ের মধ্যে অধিক বিদ্বান্।

{ বিদ্বদ্দেশীয়—(বিদ্বস্—দেশীয়)
{ বিদ্বদ্দেশ্য—(বিদ্বস্—দেশ্য) বিণ, অল্পবিদ্বান্।

বিদ্বান(দ্বস্)— বি ণ (বিদ—শতৃস্থানে—কসু) জ্ঞানী, পণ্ডিত। স্ত্রী; দুষী।

বিদ্বিষ্ট—বি-ণ; (বি—দ্বিষ + ক্ত) যাহাকে বিদ্বেষ করা হয়, বিদ্বেষ ভাজন।

বিদ্বেষঃ—বি, পুং; (বি—দ্বিষ + ঘঞ্) ঈর্ষা। শত্রুতা।

বিদ্বেষী(ষিন্)—বি-ণ; বিদ্বেষকারী, শত্রু। স্ত্রী; ষিণী।

বিধ—বি, পুং (বি—ধা—কর্ম্ম—ড)

বিধা— বি, স্ত্রী (বি—ধা—কর্ম্ম—ঙ) বেতন। গজগ্রাস। (ভাবে—ড, ঙ) সাদৃশ্য। প্রকার।

বিধবা—বি, স্ত্রী; (বি-ধব-টাপ্) পতিহীনা, মৃতপতিকা। বিবস্ত্রা।

বিধাতা(তৃ)—বি, পুং (বি—ধা—কর্ত্তৃ—তৃন্) ব্রহ্মা। দক্ষ প্রভৃতি সৃষ্টিকর্ত্তা। বি ণ; বিধানকর্ত্তা। স্ত্রী; ত্রী।

বিধানম্—বি, ক্লী (বিধা + ল্যুট্) বিধি, নিয়ম। নির্ম্মাণ। করণ।

বিধায়ক—বি ণ (বি—ধা—কর্ত্তৃ—ণক) ব্যবস্থাপক। জনক। কারক।

বিধিঃ— বি, পুং (বিধা — কর্ত্তৃ —

কি) ব্রহ্মা। (ভাবে — কি) বিধান। ক্রম। অনুষ্ঠান। নিয়োগ। নিয়ম। (করণ — কি) শাস্ত্র। দৈব. ভাগ্য। অপ্রাপ্তের প্রাপক বাক্য। উপায়।

বিধিজ্ঞ — (বিধি — জ্ঞা — কর্ত্তৃ — ড)
বিধিদর্শী(র্শিন্) — (বিধি — দৃশ — কর্ত্তৃ — ণিন্) শাস্ত্রজ্ঞ। সদস্য।

বিধিৎসা — বি, স্ত্রী (বি — ধা — সন্ — ভাবে — অ — আপ) বিধান করিবার ইচ্ছা।

বিধিৎসু — বি-ণ (বি — ধা — সন্ — কর্ত্তৃ —উ) বিধানেচ্ছুক।

বিধিবৎ — অব্য (বিধি — বৎ) বিধিমত, যথাশাস্ত্র।

বিধিবদ্ধ — বি-ণ; নিয়ম বদ্ধ।

বিধুঃ — বি, পুং (ব্যধ — কর্ত্তৃ — কু) চন্দ্র। কর্পূর। বিষ্ণু, ব্রহ্মা, শঙ্কর, রাক্ষস, বায়ু।

বিধু(ধূ)ত — বি-ণ (বি — ধু(ধূ) — কর্ম্ম — ক্ত) কম্পিত। ত্যক্ত। দূরাকৃত।

বিধু(ধূ)ননম্ — বি, ক্লী (বি — ধু, ধূ — ণিচ্ — ভাবে — ল্যুট্) কম্পন। ত্যাগ।

বিধুন্তুদঃ — বি, পুং (বিধু — তুদ — কর্ত্তৃ — খশ্) রাহু।

বিধুর — বি ণ (বি — ধুর্ — অ) কাতর। ভীত। বিকল। অসমর্থ। বিমূঢ়। বি, ক্লী; কষ্ট। বৈকল্য।

বিধৃত — বি ণ; অবলম্বিত। আক্রান্ত।

বিধেয় — বি-ণ (বি — ধা — কর্ম্ম — যৎ) কর্ত্তব্য। বশ্য।

বিধ্বংসঃ — বি, পুং; বিনাশ। অপকার।

বিধ্বংসী(সিন্) — বি ণ (বিধ্বংস — ইন্) বিনাশকারী। অপকারী।

বিনত — বি ণ; অবনত। শিক্ষিত।

বিনতা — বি, স্ত্রী; গরুড়ের মাতা।
বিনতিঃ — বি, স্ত্রী;

বিনয়ঃ — বি, পুং; নম্রতা। সুশীলতা অনুনয়।

বিনয়নম্—ক্লী (বি-নী-ল্যুট্) প্রশমনম্।

বিনয়ী(য়িন্) — বি-ণ (বিনয় — ইন্) বিনীত, নম্র, স্ত্রী; য়িনী।

বিনশনম্ — বি ক্লী (বি — নশ — অধি — ল্যুট্) কুরুক্ষেত্রস্থিত তীর্থ বিং। সরস্বতী নদীর অন্তর্ধান দেশ।

বিনশ্বর — বি-ণ; অনিত্য, ধ্বংসশীল।

বিনা — অব্য; বর্জ্জন। ব্যতিরেকে। অভাব।

বিনাকৃত — বি ণ; ত্যক্ত। বিয়োজিত।

বিনায়কঃ — বি, পুং (বি — নী — কর্ত্তৃ — ণক) গণেশ।

বিনাশঃ — বি, পুং; ধ্বংস। অদর্শন।

বিনাশিত — বি-ণ (বি — নশ — ণিচ্ — কর্ম্ম — ক্ত) নিহত।

বিনাশী (শিন্) — বি ণ; নশ্বর। নাশক। স্ত্রী; শিনী।

বিনাহঃ — বি, পুং (বি-নহ — করণ — ঘঞ্) কূপের মুখের আচ্ছাদন।

বিনিগমক — বিণ; ব্যবচ্ছেদক। প্রতিপাদক। সংশয় নিবারক।

বিনিগমনা — বি, স্ত্রী; সংক্রামিত, নিশ্চয়ের উপায়। ব্যবচ্ছেদন।

বিনিদ্র — বি-ণ, (বি — নিদ্রা) নিদ্রারহিত। বিকসিত।

বিনিপাতঃ — বি, পুং; (বি — নি — পত + ঘঞ্) পতন। অপমান। দৈব। দুঃখ।

বিনিময়ঃ — বি, পুং (বি — নি — মী — ভাবে — অল্) বদল; প্রতিদান।

বিনিয়োগঃ — বি, পুং; নিয়োগ। প্রেরণ। অর্পণ। প্রয়োগ।

বিনিয়োজিত — বি, প্রবর্তিত।

বিনির্গতঃ — ত্রি, নিঃসৃত।

বিনির্ণয় — পুং, নিশ্চয়।

বিনিবারিত — ত্রি, সম্যক, নিবারিত।

বিনিষ্পেষঃ — পুং, বিনাশ।

বিনিবৃত্তিঃ — স্ত্রী, বিরাম।

বিনিবেশিত — ত্রি (বি — নি — বিশ + ণিচ্ + ক্ত) প্রবেশিত। সংক্রামিত।

বিনীতঃ — বি-ণ; বিনয়যুক্ত, শান্ত। শিক্ষিত। দণ্ডিত। অপনীত। জিতেন্দ্রিয়। নিভৃত। বি, পুং; শিক্ষিত অশ্ব।

বিনীয় — বি, পুং (বি-নী — কর্ম্ম —ক্যপ্, নি) খইল, কল্ক। পাপ। কপট।

বিনেতা (তৃ) — বি-ণ (বি — নী — কর্ত্তৃ — তৃন্) শিক্ষক। নিয়ম কর্ত্তা। স্ত্রী; ত্রী।

বিনেয় — বি-ণ (বি — নী — যৎ) শিক্ষণীয়। প্রাপণীয়।

বিনোক্তিঃ — স্ত্রী, অর্থালঙ্কার বিশেষ।

বিনোদনম্ — বি, ক্লী (বি — নুদ — ভাবে — ল্যুট্) অপনয়ন, দূরীকরণ। আমোদিত করণ। বিহার। প্রবোধ দেওয়া। (করণ — ল্যুট্) কালযাপনের উপায়।

বিন্দুঃ — বি,পুং (বিদ — কর্ম্ম — উ) দ্রব দ্রব্যের কণা। ক্ষুদ্রচিহ্ন। অনুস্বার। ভ্রূমধ্য।

বিন্দুজালকম্ — বি, ক্লী; হস্তীর গণ্ডাদিস্থিত বিন্দু বিন্দু চিহ্ন।

বিন্দুসরঃ(স্) — বি, ক্লী; তিব্বতদেশের অন্তর্গত সরোবর বিং।

বিন্ধ্যঃ — বি, পুং (বি — ধ্যৈ — কর্ত্তৃ — ক) বিহার দেশ হইতে দক্ষিণদেশগত পর্ব্বত শ্রেণী, কুল পর্ব্বত বিং:

বিন্ধ্যবাসিনী — বি, স্ত্রী; দুর্গা।

বিন্ধ্যাবলী — বি, স্ত্রী; বাণাসুরের মাতা।

বিন্ন — বি-ণ (বিদ — কর্ম্ম — ক্ত) বিচারিত। জ্ঞাত। প্রাপ্ত। পরিণীত।

বিন্যস্ত — বি-ণ (বি — নি — অস — কর্ম্ম — ক্ত) যথাক্রমে স্থাপিত। রচিত।

বিন্যাসঃ — বি, পুং (বি — নি — অস — ভাবে — ঘঞ্) রচনা। স্থাপন।

বিপক্ত্রিম — বি-ণ (বি — পচ — ত্রিমক্) পরিপক্ক।

বিপক্ষঃ — বি, পুং; শত্রু। বিরুদ্ধপক্ষ। বি-ণ; পক্ষহীন।

বিপক্ষতা — বি, স্ত্রী; শত্রুতা। প্রতিকূলতা।

বিপঞ্চী — বি, স্ত্রী (বি — পন্চ — অন্ — ঈপ্) বীণা।

বিপণিঃ — বি, পুং, স্ত্রী; শ্রেণীবদ্ধ দোকান, পণ্যবীথিকা। হট্ট।

বিপত্তিঃ — বি, স্ত্রী; আপদ। দুর্ভাগ্য। নাশ।

বিপথঃ — বি, পুং, ক্লী; নিষিদ্ধ পথ। কুপথ।

বিপৎ (দ) — বি, স্ত্রী. আপদ।

বিপদা — বি, স্ত্রী (বি — পদ্ — ভাবে — ক্বিপ্ — আপ্) আপদ। মরণ।

বিপন্ন — বি-ণ (বি — পদ — কর্ত্তৃ — ক্ত) বিপদ্‌গ্রস্ত। বিনষ্ট।

বিপরিণত — বি-ণ; পরিবর্ত্তিত। বিপর্য্যস্ত।

বিপরিবর্ত্তনম্ — বি, ক্লী; ফিরান ঘুরান।

বিপরিণামঃ — বি, পুং; পরিবর্ত্তন। বৈপরীত্য।

বিপরীত — বি ণ; বিরুদ্ধ। প্রতিকূল।

বিপর্য্যয়ঃ — বি, পুং (বি — পরি — ই — ভাবে — অল্) বৈপরীত্য। ব্যতিক্রম। বিনাশ।

বিপর্য্যস্ত — বি ণ (বি — পরি — অস — কর্ম্ম — ক্ত) উল্টে পাল্টে যাওয়া, বিপর্য্যয় প্রাপ্ত। পরাবৃত্ত।

বিপর্য্যাসঃ — বি, পুং (বি — পরি — অস — ভবে — ঘঞ্) বৈপরীত্য। ব্যতিক্রম।

বিপলঃ — বি, পুং; পলের ষষ্টিতম ভাগ।

বিপশ্চিৎ — বি, পুং (বি — প্র — চি — কর্ত্তৃ — ক্বিপ্, নি) পণ্ডিত।

বিপাকঃ — (বি — পচ্ — ভাবে — ঘঞ্) পরিণাম। পক্বতা। পরিপাক। কর্ম্মের বিসদৃশ ফল।

বিপাটনঃ — বি, ক্লী (বি — পট — ণিচ্ — ভাবে — ল্যুট্) বিদারণ।

বিপাটিত — বি ণ (বি — পট — ণিচ্ — কর্ম্ম — ক্ত) বিদারিত।

বিপাদিকা — বি, স্ত্রী; চরণের দোষ বিং, পাফাটা।

বিপাসা — বি, স্ত্রী; পঞ্জাবের নদী বিং,

বিপিনম্-বি.ক্লী. (বেপ-ইনন্) বন।

বিপুলম্ — বি, ক্লী (বি — পুল — কর্ত্তৃ —ক) বৃহৎ। অনেক। মহৎ। গভীর।

বিপুয়ঃ — বি, পুং (বি — পু — কর্ম্ম — ক্যপ্, নি) মুঞ্জ, তৃণ; শর। বি ণ; পবিত্র।

বিপ্রঃ — বি, পুং (বি — প্রা — কর্ত্তৃ — ড) ব্রাহ্মণ।

বিপ্রকারঃ — বি, পুং; অনিষ্ট। উপদ্রব। তিরস্কার।

বিপ্রকর্ষঃ — বি, পুং (বি — প্র — কৃষ + ঘঞ্) দূরত্ব।

বিপ্রকর্ষণম্ — বি, ক্লী; বিশ্লেষণ, দূরবর্ত্তী হওয়া।

বিপ্রকীর্ণ — বি ণ (বি — প্র — কৃ — কর্ম্ম — ক্ত) ইতস্ততোবিক্ষিপ্ত।

বিপ্রকৃত — বি-ণ; যাহার অপকার করা হইয়াছে, অপকৃত। উপদ্রুত। তিরস্কৃত।

বিপ্রকৃষ্ট — বি ণ; (বি — প্র — কৃষ্ + ক্ত) দূরবর্ত্তী।

বিপ্রচিত্তিঃ (ত্তঃ)— বি, পুং; দানব বিং।

বিপ্রতিপত্তিঃ— বি, স্ত্রী; বিরোধ। অস্বীকার। সংশয়। বিরুদ্ধ জ্ঞান।

বিপ্রতিপন্ন— বি ণ; অস্বীকৃত। বিরুদ্ধ। সন্দিগ্ধ।

বিপ্রতিষিদ্ধ— বি ণ; বিরুদ্ধ। নিবারিত।

বিপ্রতিষেধঃ— বি, পুং; তুল্যবল উভয়ের বিরোধ। নিষেধ।

বিপ্রতিসারঃ —বি.পুং অনুতাপ, সংশয়, রোগ।

বিপ্রযুক্ত — বি-ণ; বিযুক্ত, বিশ্লিষ্ট।

বিপ্রবুদ্ধ — ত্রি জাগরিত।

বিপ্রলব্ধ — বি ণ (বি — প্র — লভ — কর্ম্ম — ক্ত) প্রত্যয়িত। বঞ্চিত।

বিপ্রলব্ধা — বি, স্ত্রী; নায়িক বিং, যে নায়িকা সঙ্কেত স্থানে নায়ককে দেখিতে না পাইয়া হতাশ হয়।

বিপ্রলম্ভঃ— বি, পু (বি — প্র — লভ — ভাবে — ঘঞ্) প্রতারণা। কলহ। বিরহ। পৃথগ্‌ভাব। শৃঙ্গার রস বিং। বিরুদ্ধ কর্ম্ম। বিরোধোক্তি।

বিপ্রবাসনম্— ক্লী; নির্বাসন।

বিপ্রশ্নিকা— বি, স্ত্রী (বি — প্রশ্ন — কণ্ — আপ্) দৈবজ্ঞা, ভাগ্যকথয়িত্রী।

বিপ্রসাৎ— অব্য (বিপ্র — চসাৎ) ব্রাহ্মণাধীন, বিপ্রকে দেয়।

বিপ্রিয়— বি ণ; অপ্রিয়। বি, ক্লী; অপকার।

বিপ্রুট(ষ্)— বি, স্ত্রী (বি — প্রুষ — কর্ত্তৃ — কিপ্) দ্রব বস্তুর বিন্দু।

বিপ্রোষিত— ত্রি, প্রবাসী।

বিপ্লবঃ — বি, পুং; উপদ্রব। বিনাশ, উচ্ছেদ। বিপদ্। বিষাদ। উল্‌টে পাল্‌টে যাওয়া।

বিপ্লাবঃ — বি, পুং (বি — প্লু — ভাবে — ঘঞ্) জলপ্লাবন। অশ্বের গতি বিং।

বিপ্লুত — বি ণ (বি — প্লু — কর্ত্তৃ — ক্ত) উপদ্রুত। দূষিত। বিগত।

বিহ্বল। বি, ক্লী (ভাবে — ক্ত) ব্যাঘাত। ধ্বংস। জলপ্লাবন।

বিফল — বি-ণ; বৃথা, নিরর্থক।

বিবুধঃ — বি, পুং; দেবতা। পণ্ডিত। চন্দ্র।

বিবোধনম্ — বি, ক্লী (বি — বুধ — ণিচ্ — ভাবে — ল্যুট্) বুঝান। জাগরণ। জ্ঞাপন। বিকসিত করা।

বিভক্তঃ — বি-ণ (বি — ভজ — কর্ম্ম — ক্ত) পৃথক্কৃত। সংক্রমিত। সুশ্লিষ্ট।

বিভক্তি — বি, স্ত্রী; বিভাগ। রচনা। ব্যাকরণে প্রত্যয় বিং।

বিভজনীয় — বি-ণ (বি — ভজ — কর্ম্ম — অনীয়) বিভাগ- যোগ্য।

বিভবঃ — বি, পুং; প্রভুত্ব। সামর্থ্য। মাহাত্ম্য। সম্পত্তি।

বিভা — বি, স্ত্রী; দীপ্তি। আলোক।

বিভাকরঃ — বি, পুং (বিভা — কৃ — কর্ত্তৃ — ট) সূর্য্য। অগ্নি।

বিভাগঃ — বি, পুং (বি — ভজ — ভাবে — ঘঞ্) অংশ করা বন্টন (কর্ম্ম — ঘঞ্) খণ্ড। অংশ।

বিভাজক — বিণ (বি — ভজ — কর্ত্তৃ — ণক) বিভাগকর্ত্তা।

বিভাজ্য — (বি — ভজ — কর্ম্ম — ণ্যৎ) বিভাগযোগ্য।

বিভাজ্যতা — বি, স্ত্রী; গুণ বিং, যে গুণ দ্বারা জড়পদার্থ নানা খণ্ডে বিভক্ত হইতে পারে।

বিভাণ্ডকঃ — বি, পুং; মুনি বিং, ঋষ্যশৃঙ্গের পিতা।

বিভাতম্ — বি, ক্লী (বি — ভা — ভাবে — ক্ত) প্রভাত।

বিভাবঃ — বি, পুং; (বি — ভূ + ঘঞ্) পরিচয়। রসের উদ্দীপন, আলম্বনাদি, অর্থাৎ কাব্যনাটকাদিতে বর্ণিত শোক ক্রোধ উৎসাহ প্রভৃতি স্থায়ী ভাবের কারণ।

বিভাবনা — বি, স্ত্রী; কাব্যালঙ্কার বিং।

বিভাবনীয় — বি ণ (বি — ভূ — ণিচ্ — কর্ম্ম — অনীয়) বিবেচনীয়। অবধারণীয়। দর্শনীয়।

বিভাবরী — বি, স্ত্রী (বি — ভা — কর্ত্তৃ — ক্বনিপ্ ঈপ্) রাত্রি। হরিদ্রা।

বিভাবসুঃ — বি, পুং (বিভা — প্রভা, বসু ধন) সূর্য্য। অগ্নি।

বিভাবিত — বি-ণ (বি — ভূ — ণিচ্ — কর্ম্ম — ক্ত) চিন্তিত। বিবেচিত। অনুভূত। দৃষ্ট। প্রসিদ্ধ। প্রতিষ্ঠিত।

বিভাষা — বি, স্ত্রী; (বি— ভাষ + অ + টাপ্) বিকল্প, ইচ্ছানুরূপ কল্পনা।

বিভিন্ন — বি-ণ; বিভক্ত। বিদীর্ণ। মিশ্রিত। বিকসিত। বিদলিত।

বিভীতকঃ — বি, পুং (বি — ভীত + কণ্) বয়ড়া গাছ।

বিভীষণঃ — বি, পুং; রাবণের কনিষ্ঠ ভ্রাতা। বি-ণ; ভয়ঙ্কর।

বিভীষিকা — বি, স্ত্রী (বি — ভী — ণিচ্ — ভাবে — ণক — আপ্) ভয়প্রদর্শন।

বিভুঃ — বি, পুং (বি — ভূ — কর্ত্তৃ — ডু) প্রভু। ঈশ্বর। বি-ণ; সমর্থ।

বিভূতিঃ — বি, স্ত্রী (বি — ভূ + ক্তিন্) অনিমাদি ঐশ্বর্য্য। সম্পত্তি। ভস্ম।

বিভূষা — স্ত্রী (বি — ভূষ — অ + টাপ্) শোভা, ভূষণ।

বিভৃত — বি-ণ; (বি — ভৃ + ক্ত) প্রতিপালিত। ধৃত।

বিভেদঃ — বি, পুং (বি — ভিদ্ + ঘঞ্) বৈলক্ষণ্য। অপগম। মিশ্রণ। বিদারণ। বিকাশ।

বিভ্রমঃ — বি, পুং (বি — ভ্রম + ঘঞ্) ভ্রান্তি। স্ত্রীলোকের বিলাস বিং। ত্বরাপ্রযুক্ত ভূষণাদির স্থানান্তর বিন্যাস। শোভা। সাদৃশ্য। বিজৃম্ভণ।

বিভ্রাট(জ্) — বি-ণ (বি — ভ্রাজ — কর্ত্তৃ — ক্বিপ্) শোভাযুক্ত। দীপ্তিযুক্ত (প্রা) বিপদ্। গোলযোগ।

বিভ্রান্ত — বি ণ (বি — ভ্রম + ক্ত) ভ্রমযুক্ত। ত্বরাযুক্ত।

বিমত — ত্রি (বি — মন + ক্ত) বিরুদ্ধমতিযুক্ত, সন্দিগ্ধ।

বিমতিঃ—বি. স্ত্রী. অসম্মতি। অরুচি। ত্রি· মূর্খঃ।

বিমনস্ক —
বিমনাঃ(নস্) — বি ণ; উদ্বিগ্ন। ব্যাকুল। বিষণ্ণ। অন্যমনস্ক।

বিমর্দঃ, বিমর্দ্দনম্ — বি, ক্লী; ঘর্ষণ। মন্থন। চূর্ণন।

বিমর্দ্দিত— বি ণ; দলিত। চূর্ণিত। মথিত। ঘৃষ্ট।

বিমর্শঃ — বি, পুং (বিমৃশ — অল্)
বিমর্শনম্ — বি, ক্লী (বি — মৃশ — ভাবে — ল্যুট্) বিতর্ক। বিচার। তথ্যানুসন্ধান।

বিমর্ষঃ— বি, পুং (বি — মৃষ + ঘঞ্)
বিমর্ষণম্— বি, ক্লী; অসন্তোষ। অসহন। নাটকের অঙ্গ বিং।

বিমল — বি-ণ; নির্ম্মল। শুভ্র। সুন্দর।

বিমলা — বি, স্ত্রী; দেবী বিং (পুরীধামস্থ)

বিমাতা(তৃ) — মাতার সপত্নী।

বিমাতৃজ — বি ণ; (বিমাতৃ-জন্-ঙ) বিমাতার পুত্র, বৈমাত্রেয়।

বিমান — বি, পুং, ক্লী (বি — মন্ + ঘঞ্) অশ্ব ব্যোমযান। যান। রাজপ্রাসাদ। সিংহাসন।

বিমাননা — বি, স্ত্রী (বি — মন — ভাবে — অন — আপ্) অপমান। অনাদর।

বিমার্গ — বি, পুং; কুপথ। কদাচার।

বিমিশ্র — বি-ণ; মিশ্রিত।

বিমুক্ত — বি ণ; বন্ধন হইতে মুক্ত। মুক্তিপ্রাপ্ত। ত্যক্ত।

বিমুখ — বি ণ; পরাঙ্মুখ, নিবৃত্ত। স্ত্রী; খী।

বিমুগ্ধ — বি ণ; মোহপ্রাপ্ত।

বিমুদ্র — ত্রি, মুদ্রারহিত, বিকশিত।

বিমৃষ্ট — বি ণ (বি — মৃশ — কর্ম্ম — ক্ত) বিবেচিত। বিচারিত।

বিমৃষ্যকারী(রিন্) — বি ণ (বিমৃষ্য — কৃ — কর্ত্তৃ — ণিন্) যে বিবেচনা করিয়া কার্য্য করে। স্ত্রী; রিণী।

বিমোক্ষঃ — পুং; উদ্ধার।

বিমোচনম্ — বি, ক্লী; উদ্ধার।

বিমোহনম্ — বি, ক্লী; মুগ্ধকরণ, ভুলান। বি ণ (কর্ত্তৃ — অন) বিমুগ্ধকারী।

বিমোহিত — বি ণ (বি — মুহ — ণিচ্ — কর্ম্ম — ক্ত) যাহাকে মোহপাওয়ান হইয়াছে, মোহপ্রাপিত।

বিম্ব — বি. পুং, ক্লী (বী — বন্) চন্দ্র সূর্য্যাদির মণ্ডল। প্রতিবিম্ব। জলবুদবুদ। ক্লী; তেলাকুচা ফল।

বিম্বা — স্ত্রী (বিম্ব — অচ্ + টাপ্)

বিম্বিকা —বিম্ব-কন্-টাপ্) লতা বিশেষ।

বিম্বাগত — বি-ণ; প্রতিবিম্ব প্রাপ্ত, বিম্বিত।

বিয়ৎ — বি, ক্লী (বি — যম — কর্ত্তৃ — ক্বিপ্) আকাশ।

বিয়দ্গঙ্গা — বি, স্ত্রী; স্বর্গগঙ্গা, মন্দাকিনী।

বিয়াত — বি ণ; (বি-যা-ক্ত) নির্লজ্জ, ধৃষ্ট।

বিযুক্ত — বি ণ; বিচ্ছিন্ন। ত্যক্ত।

বিয়োগঃ — বি, পুং (বি — যুজ — ঘঞ্) বিচ্ছেদ, বিরহ।

বিয়োগী(গিন্) — বি-ণ; বিচ্ছেদ প্রাপ্ত, বিরহিত। স্ত্রী; গিনী।

বিযোজিত — বি ণ (বি — যুজ — ণিচ্ — কর্ম্ম — ক্ত) বিরহিত।

বিযোনিঃ—বি-বিবিধ জন্ম, কলঙ্কপূর্ণ জন্ম।

বিরক্ত — বি ণ (বি — রন্‌জ — কর্ত্তৃ — ক্ত) বৈরাগ্যযুক্ত। নিস্পৃহ।

বিরক্তিঃ — বি, স্ত্রী (বি — রন্‌জ — ভাবে — ক্তি) বৈরাগ্য। অনিচ্ছা।

বিরচিত — বি-ণ (বি — রচ্ + ক্ত) নির্ম্মিত। কৃত। বর্ণিত। গ্রথিত।

বিরজাঃ(জস্) — বি-ণ; রজোগুণরহিত। ধূলিশূন্য। বি, স্ত্রী; যে স্ত্রীর ঋতুবন্ধ হইয়াছে, বিগতার্ত্তবা।

বিরত — বি-ণ (বি — রম — কর্ত্তৃ — ক্ত) নিবৃত্ত। বিশ্রান্ত। উপরত।

বিরতিঃ — বি, স্ত্রী (বি — রম — ভাবে — ক্তি) নিবৃত্তি। বিশ্রাম। বিরাগ।

বিরল — বি ণ (বি — রা — কর্ত্তৃ — কলন্) ফাঁক ফাঁক। অবকাশ। ক্লী. দধি।

বিরস — বি-ণ; রসহীন। বিস্বাদ। ম্লান।

বিরহঃ — বি, পুং (বি — রহ — ভাবে — অল্) বিচ্ছেদ। অভাব।

বিরহিত — বি ণ (বি — রহ — কর্ম্ম — ক্ত) ত্যক্ত। বিযুক্ত। হীন।

বিরহী(হিন্) — বি ণ (বিরহ — ইন্) বিচ্ছেদপ্রাপ্ত, বিয়োগী।

বিরাগঃ — বি, পুং (বি — রন্‌জ — ভাবে — ঘঞ্) ঔদাস্য। বিরক্তি। বি-ণ; রাগহীন।

বিরাগী(গিন্) — বি ণ (বিরাগ — ইন্) বৈরাগ্যযুক্ত।

বিরাজ্ —(বি-রাজ-ক্বিপ)
বিরাট্(জ) — বি, পুং; ক্ষত্রিয়। সর্ব্বব্যাপী পুরুষ, পরমেশ্বর।

বিরাজমান — বি ণ (বি — রাজ — কর্ত্তৃ — শানচ্) শোভমান।

বিরাজিত — বি ণ (বি — রাজ — কর্ত্তৃ — ক্ত) শোভিত। প্রকাশিত।

বিরাটঃ — বি, পুং; বগুড়ার অর্দ্ধ ক্রোশ দূরে অবস্থিত দেশ বিং। ঐ দেশের রাজা।

বিরাদ্ধ — বি-ণ (বি রাধ — কর্ম্ম — ক্ত) অপকৃত। অপমানিত। উৎপীড়িত। কোপিত।

বিরাদ্ধা(দ্ধৃ) — বি ণ (বি — রাধ — কর্ত্তৃ — তৃন্) অপমানকারী। অপকারক। উৎপীড়ক।

বিরাধঃ — বি, পুং; রাক্ষস বিং। অপকার। অপরাধ।

বিরামঃ — বি, পুং; বিশ্রাম। অবসান। নিবৃত্তি। বৈরাগ্য। ব্যাকরণে পরবর্ণাভাব।

বিরালঃ — বি, পুং (বিড় — কর্ত্তৃ — কালন্) বিড়াল। মার্জ্জার।

বিরাবঃ — বি, পুং (বি — রু — ভাবে — ঘঞ্) শব্দ। বি-ণ; রবশূন্য।

বিরিঞ্চি(ঞ্চ) — বি, পুং (বি — রচ — কর্ত্তৃ — ইন্, (অচ্)) ব্রহ্মা। বিষ্ণু। শিব।

বিরুদ — বি, পুং, ক্লী (বি — রুদ — ভাবে —ক) গদ্যপদ্যময়ী রাজস্তুতি।

বিরুতম্ — ক্লী (বি — রু + ক্ত) কূজিত, রব।

বিরুদ্ধ — বি-ণ (বি — রুধ — কর্ম্ম — ক্ত) বিপরীত, উলটা। বিদ্বিষ্ট।

বিরূঢ় — বি ণ (বি — রুহ — কর্ত্তৃ — ক্ত) অঙ্কুরিত। উৎপন্ন।

বিরূপ — বি-ণ; কুরূপ, কুৎসিত।

বিরূপাক্ষঃ — বি, পুং (বিরূপ — অক্ষি — অ) শিব।

বিরেকঃ — বি, পুং (বি — রিচ — ভাবে — ঘঞ্) মল নিঃসারণ।

বিরেচক — বি-ণ (বি — রিচ — ণিচ্ — কর্ত্তৃ — ণক) জোলাপ। মলনিঃসারক।

বিরেচনম্ — বি, ক্লী (বি — রিচ — ভাবে — ল্যুট্) মলনিঃসরণ। বিণ (ণিচ্ — কর্ত্তৃ — অন) জোলাপ।

বিরোচনঃ — বি, পুং; বলিরাজার পিতা। সূর্য্য। অগ্নি। চন্দ্র।

বিরোধঃ — বি, পুং (বি — রুধ — ভাবে — অল্) শত্রুতা, বৈর। বৈপরীত্য। অবরোধ। অর্থালঙ্কার বিং।

বিরোধী(ধিন্) — বি-ণ; শত্রু। প্রতিকূল।

বিরোধোক্তিঃ — বি, স্ত্রী; কাব্যালঙ্কার বিং। বিপ্রলাপ।

বিলম্ — বি, ক্লী (বিল — কর্ত্তৃ — ক) ছিদ্র। গুহা। পুং; উচ্চৈঃশ্রবা ঘোটক।

বিলক্ষ — বি ণ (বি — লক্ষ — কর্ত্তৃ — অন্) লজ্জিত। বিস্ময়াপন্ন।

বিলক্ষণ — বি ণ; অসাধারণ। বিভিন্ন।

বিলক্ষণা — বি, স্ত্রী; শয্যা বিং।

বিলগ্ন — বি, ক্লী; কটিদেশ। বি ণ; সংলগ্ন। কৃশ। উদিত মেষাদিরাশি।

বিলপনম্ — বি, ক্লী; বিলাপ, শোকবাক্য। মল, কাইট।

বিলম্বঃ — বি, পুং; দেরী, অশীঘ্রতা। ঝুলন।

বিলম্বিত — বি-ণ; বিলম্বযুক্ত, অশীঘ্র। লম্বমান। বি, ক্লী; মধ্যম নৃত্য।

বিলম্বী(ম্বিন্) — বি-ণ (বি — লন্ব — কর্ত্তৃ — ণিন্) লম্বমান। সংলগ্ন। বিলম্বকারী।

বিলম্ভঃ — বি, পুং (বি — লভ + ঘঞ্) অতিদান।

বিলয়ঃ — বি, পুং (বি — লী + অচ) প্রলয়, নাশ।

বিলসনম্ — ক্লী (বি — লস্ + ল্যুট্)

বিলসিত — বি, ক্লী; বিলাস।

বিলাপ — বি,পুং (বি — লপ — ভাবে — ঘঞ্) খেদোক্তি, পরিদেবন।

বিলাসঃ — বি, পুং (বি — লস — ভাবে — ঘঞ্) অঙ্গভঙ্গী বিং। শৃঙ্গার চেষ্টা বিং। ক্রীড়া। শোভা। সুখভোগ। স্ফুরণ। প্রাদুর্ভাব।

বিলাসী(সিন্) — বি ণ; সৌখীন, বাবু। স্ত্রী; সিনী।

বিলিখনম্ — বি, ক্লী; খনন। আঁচড়ান।

বিলীন — বি-ণ (বি — লী — কর্ত্তৃ — ক্ত) লগ্নপ্রাপ্ত, মিশ্রিত। বিনষ্ট। অন্তর্হিত। দ্রবীভূত।

বিলুপ্ত — বি ণ (বি — লুপ + ক্ত) নষ্ট। লুণ্ঠিত।

বিলুলিত — বি ণ; চঞ্চল। কম্পিত।

বিলেখনম্ — বি, ক্লী (বি — লিখ — ভাবে — ল্যুট্) বিদারণ। খনন।

বিলেপঃ — বি, পুং

বিলেপনম্ — বি, ক্লী; মাখান। লেপন। লেপনদ্রব্য।

বিলেশয়ঃ — বি, পুং; সর্প। মূষিক। গোসাপ।

বিলোকনম্ — বি, ক্লী (বি — লোক — ভাবে — ল্যুট্) দর্শন।

বিলোচনম্ — বি, ক্লী; চক্ষুঃ।

বিলোড়নম্ — বি, ক্লী (বি — লুড় — ভাবে — ল্যুট্) মন্থন, ঘোঁটা।

বিলোড়িত — বি-ণ (বি — লুড্ — ণিচ্ — কর্ম্ম — ক্ত) মথিত, আলোড়িত। ক্লী; তক্র।

বিলোভনম্ — বি, ক্লী (বি — লুভ — ণিচ্ — ভাবে — ল্যুট্)) লোভপ্রদর্শন। (করণ — ল্যুট্) লোভের বস্তু।

বিলোম — বি-ণ (বি — লোমন্ — অ) প্রতিকূল। উল্টা। ব্যুৎক্রম। বি, পুং; সর্প। বরুণ। কুক্কুর।

বিলোমজ — বি-ণ (বিলোম — জন — কর্ত্তৃ — ড) নীচজাতি পুরুষের ঔরসে উচ্চজাতির স্ত্রী গর্ভজাত সন্তান।

বিলোল — বি ণ; চঞ্চল। অতিলোভী।

বিল্ল — বি, ক্লী (বিল — ল) বিল, জলা। আলবাল।

বিল্ব — বি, পুং (বিল — কর্ম্ম — বন্) বেলগাছ। ক্লী; উহার ফল, শ্রীফল।

বিবক্ষা — বি, স্ত্রী (বচ — সন্ — ভাবে — অ — আপ্) বলিতে ইচ্ছা।

বিবক্ষিত — বি ণ (বচ — সন্ — কর্ম্ম — ক্ত) বলিবার জন্য অভিপ্রেত।

বিবক্ষু — বি-ণ (বচ — সন্ — কর্ত্তৃ — উ) বলিতে ইচ্ছুক।

বিবৎসা — বি, স্ত্রী (বস — সন্ — ভাবে — অ — আপ্) বাস করিবার ইচ্ছা। (বি — বৎস — আপ্) বৎসহীনা।

বিবদমান — বি ণ (বি — বদ — কর্ত্তৃ — শানচ্) কলহকারী।

বিবরম্ — বি, ক্লী; (বি — বৃ + অচ্) ছিদ্র। গর্ত্ত। দোষ।

বিবরণম্ — বি, ক্লী (বি — বৃ + ল্যুট্) বর্ণনা, ব্যাখ্যা। প্রকাশ।

বিবর্ণ — বি ণ; মলিন, বিকৃতবর্ণ। নীচ।

বিবর্ত্তঃ — বি,পুং (বি — বৃত — ভাবে — অল্) ঘূর্ণন, ভ্রমণ। পরিবর্ত্ত। পরিণাম। নৃত্য। সমূহ।

বিবর্ত্তনম্ — বি, ক্লী (বি — বৃৎ + ল্যুট্) ভ্রমণ। ঘূর্ণন। প্রত্যাবৃত্তি। পরিবর্ত্তন, পাশ ফেরা।

বিবর্ত্তিত — বি ণ (বি — বৃত — ণিচ্ — কর্ম্ম — ক্ত) পরিবর্ত্তিত। ঘূর্ণিত। অপনীত।

বিবশ — বি ণ; অবাধ্য। অবশ। নিশ্চেষ্ট। বিহ্বল।

বিবস্বান্(স্বৎ) — বি, পুং (বি — বস — ভাবে — ক্বিপ্ — বতু) সূর্য্য। দেবতা।

বিবাদঃ— বি, পুং; (বি — বদ্ + ঘঞ্) কলহ। মোকদ্দমা।

বিবাসনম্ — বি, ক্লী (বি — বস — ণিচ্ — ভাবে — ল্যুট্) দেশ হইতে বহিষ্করণ, নির্ব্বাসন।

বিবাসিত — বি-ণ (বি — বস — ণিচ্ — কর্ম্ম — ক্ত) দেশ হইতে বহিষ্কৃত। নির্ব্বাসিত।

বিবাহঃ — বি, পুং (বি — বহ — ভাবে — ঘঞ্) দারপরিগ্রহ, পরিণয়। বিবাহ ৮ প্রকার যথা — ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রাজাপত্য, আসুর, গান্ধর্ব্ব, রাক্ষস ও পৈশাচ।

বিবাহিত — বি ণ (বি — বহ — ণিচ্ — কর্ম্ম — ক্ত) পরিণীত।

বিবাহ্য — বি ণ (বি — বহ — কর্ম্ম — ঘ্যণ্) বিবাহের যোগ্য। বহনীয়।

বিবিক্ত — বি ণ (বি — বিচ — কর্ত্তৃ — ক্ত) নির্জ্জন। পবিত্র। শুভ। সম্পর্কশূন্য।

বিবিগ্ন — বি-ণ (বি — বিজ — কর্ত্তৃ — ক্ত) ভীত। উদ্বিগ্ন।

বিবিধ — বি ণ (বি — বিধা) নানাপ্রকার।

বিবীত — বি ণ; বহু তৃণ যুক্ত গোমহিষাদির চরিবার স্থান।

বিবৃক্ত—বিণ. (বি-বৃজ্-ক্ত) পরিত্যক্ত

বিবৃত — বি ণ; বর্ণিত, ব্যাখ্যাত। বিস্তৃত। প্রকাশিত।

বিবৃতিঃ — বি, স্ত্রী (বি — বৃ + ক্তিন্) বিবরণ। বিস্তার। ব্যাখ্যা। প্রকাশ।

বিবৃত্ত — বি-ণ (বি —বৃৎ + ক্ত) পরাবৃত্ত। ঘূর্ণিত। লুঠিত।

বিবৃত্তিঃ — বি, স্ত্রী (বি — বৃৎ + ক্তি) বিবর্ত্তন।

বিবেকঃ — বি, পুং (বি — বিচ — ভাবে — ঘঞ্) বিবেচনা। বৈরাগ্য।

বিবেকদৃশ্বা(শ্বন্) — বি ণ (বিবেক — দৃশ — কর্ত্তৃ — ক্বনিপ্) বিবেকী।

বিবেকী(কিন্) — বি ণ (বিবেক — ইন্) বৈরাগ্যবিশিষ্ট। বিবেচনাশীল।

বিবেচক — বি-ণ (বি — বিচ — কর্ত্তৃ — ণক) বিবেচনাকারী।

বিবেচনম্ — বি, ক্লী
বিবেচনা — বি, স্ত্রী; বিশেষরূপে আলোচনা। বিচার। বিতর্ক।

বিবেচনীয় — বি ণ (বি — বিচ — কর্ম্ম — অনীয়) বিবেচনার যোগ্য।

বিবেচিত — বি-ণ (বি — বিচ — ণিচ্ — কর্ম্ম — ক্ত) বিচারিত। নিরূপিত।

বিব্বোকঃ — বি, পুং (বি — বা — কু + ওক) স্ত্রীলোকদিগের ভাব বিং, প্রিয় বস্তুতেও অনাদর।

বিট্(শ্) — বি, পুং (বিশ — কর্ত্তৃ — ক্বিপ্) বৈশ্য। মনুষ্য।

বিশঙ্কট —
বিসঙ্কট — বি ণ; বড়, বৃহৎ।

বিশদ — বি ণ (বি — শদ — কর্ত্তৃ — অন্) শুদ্ধ, নির্ম্মল। স্পষ্ট।

বিশরঃ — বি, পুং (বি — শৃ — ভাবে — অল্) বধ।

বিশল্য — বি ণ; শল্যরহিত। যাতনাশূন্য।

বিশল্যকরণী — বি, স্ত্রী; ঔষধ বিং,

যাহাতে শল্যব্যথা নিবারিত হয়।

বিশসঃ — বি, পুং (বি — শস — ভাবে — অল্)
বিশসনম্ — বি, ক্লী (বি — শস — + ল্যুট্) বধ।

বিশস্ত — (বি — শস — কর্ম্ম — ক্ত) হত।

বিশাখঃ — বি, পুং (বিশাখা — ষ্ণ) কার্ত্তিকেয়। বি ণ; শাখাহীন।

বিশাখা — বি. স্ত্রী; নক্ষত্রদ্বয় বিং।

বিশাংপতিঃ — বি. পুং ; রাজা।

বিশারদ — বি ণ (বিশাল — দা — কর্ত্তৃ — ড) চতুর। পন্ডিত। শ্রেষ্ঠ। বিখ্যাত।

বিশাল — বি-ণ (বিশ — কর্ত্তৃ — কালন্) বৃহৎ। বিস্তৃত। বি. পুং; নৃপতি বিং। মৃগ বিং। পক্ষী বিং।

বিশালা — বি, স্ত্রী; উজ্জয়িনী নগরী। নদী বিং।

বিশালাক্ষ — বি, পুং (বিশাল — অক্ষি — অ) শিব। গরুড়। বিণ ; বিস্তৃত নেত্রযুক্ত। স্ত্রী; ক্ষী।

বিশিখঃ — বি, পুং (বি — শিখা) বাণ। তোমর অস্ত্র। বিণ; শিখাহীন।

বিশিষ্ট — বি ণ (বি — শিষ — কর্ত্তৃ — ক্ত) যুক্ত। বিলক্ষণ। অতিশয়।

বিশীর্ণ — বি ণ (বি — শৃ — কর্ম্ম — ক্ত) শুষ্ক। কৃশ। জীর্ণ। বিশ্লিষ্ট।

বিশুদ্ধ — বি ণ; পবিত্র । নির্দ্দোষ। নির্ম্মল।

বিশুদ্ধিঃ — বি. স্ত্রী; পবিত্রতা। নির্ম্মলতা। নির্দ্দোষিতা।

বিশৃঙ্খল — বি ণ (বি — শৃঙ্খলা) শৃঙ্খলারহিত, নিয়ম বহির্ভূত।

বিশেষঃ — বি, পুং; প্রভেদ। প্রকার। তারতম্য। আধিক্য। বৈলক্ষণ্য। তিলক। বৈশেষিক দর্শনোক্ত পদার্থ বিং।

বিশেষক — বি, পুং ক্লী (বি — শিষ — ণিচ্ — কর্ত্তৃ — ণক) ললাটের তিলক। তমালপত্র। চিত্রক। ক্লী; একবাক্যতাপন্ন শ্লোকত্রয়। বি-ণ; প্রভেদকারক।

বিশেষণম্ — বি. ক্লী (বি — শিষ — করণ — ল্যুট্) যাহার দ্বারা বিশেষ্যের গুণ বা অবস্থা প্রকাশ হয়। বিশেষ্যের ধর্ম্ম। চিহ্ন।

বিশেষিত — বি ণ (বি — শিষ — ণিচ্ — কর্ম্ম— ক্ত) বিশেষণ দ্বারা নির্ণীত। প্রভেদিত।

বিশেষোক্তিঃ — বি, স্ত্রী; কাব্যালঙ্কার বিং।

বিশেষ্য — বি-ণ (বি — শিষ — কর্ম্ম — ঘ্যণ্) যাহা দ্বারা কোন বস্তু বা ব্যক্তির বোধ হয়, ধর্ম্মী।

বিশোক — বি-ণ; শোকহীন।

বিশোধী — বিণ্. (বি — শুধ + ণিচ্ + ণিনি) শোধনকারক।

বিশ্রব্ধ — (বি — শ্রন্ভ — কর্ত্তৃ — ক্ত)
বিস্রব্ধ — (বি — স্রন্ভ — কর্ত্তৃ — ক্ত) বিশ্বস্ত। নিঃশঙ্ক। গাঢ়।

বিশ্রম্ভ —(বি—শ্রন্ভ—ভাবে—ঘঞ)
বিস্রম্ভ—(বি—স্রন্ভ—ভাবে—ঘঞ) বি, পুং; বিশ্বাস। প্রণয়। স্বচ্ছন্দ বিহার। কেলিকলহ।

বিশ্রবাঃ(বস্)—বি, পুং; মুনি বিং, রাবণাদির পিতা।

বিশ্রাণনম্—বি, ক্লী (বি—শ্রণ—ণিচ্—ভাবে—ল্যুট্) দান।

বিশ্রাণিত—বি-ণ (বি—শ্রণ—ণিচ্—ক্ত) দত্ত।

বিশ্রান্ত—বি-ণ (বি—শ্রম—কর্ত্তৃ—ক্ত) বিগতশ্রম। নিবৃত্ত। বিশেষরূপ শ্রান্তিযুক্ত।

বিশ্রমঃ—
বিশ্রামঃ—বি, পুং (বি—শ্রম—ভাবে—ঘঞ) শ্রান্তি দূরকরণ, জিরন। নিবৃত্তি, বিরাম।

বিশ্রাবঃ—বি, পুং (বি—শ্রু—ভাবে—ঘঞ) খ্যাতি।

বিশ্রী—বি-ণ; কুৎসিত, কদাকার।

বিশ্লিষ্ট—বি-ণ; (বি—শ্লিষ্ + ক্ত) বিচ্ছিন্ন, বিযুক্ত।

বিশ্রুত—বি-ণ (বি—শ্রু + ক্ত) বিখ্যাত।

বিশ্রুতি—স্ত্রী (বি—শ্রু + ক্তিন্) খ্যাতি।

বিশ্লথ—বি-ণ (বি—শ্লথ + অচ্) শিথিল।

বিশ্লেষঃ—বি, পুং; (বি—শ্লিষ্ + ঘঞ) বিয়োগ। শৈথিল্য।

বিশ্বম্—বি, ক্লী (বিশ—অধি—কন) জগৎ। গণদেবতা বিং। বি-ণ; সমস্ত।

বিশ্বকর্ম্মা(র্ম্মন্)—বি, পুং; দেবশিল্পী। ইশ্বর। সূর্য্য।

বিশ্বকৃৎ—পুং (বিশ্ব—কৃ + ক্বিপ্) বিশ্বকর্মা। পরমেশ্বর।

বিশ্বকেতুঃ—বি, পুং; অনিরুদ্ধ।

বিশ্বক্‌সেন—বি, পুং (বিশ্বচ্—সেনা) বিষ্ণু।

বিশ্বক্(চ্)—অব্য; সবদিকে, সমন্তাৎ। বি-ণ; সর্ব্বব্যাপী।

বিশ্বজনীন—বি-ণ; (বিশ্বজন—খ) সর্ব্ব লোক-হিতজনক। স্ত্রী; না।

বিশ্বজিৎ—বি, পুং (বিশ্ব—জি—কর্ত্তৃ—ক্বিপ্) যজ্ঞ বিং, যে যজ্ঞে সর্ব্বস্ব দক্ষিণা দিতে হয়।

বিশ্বদেবঃ—বি, পুং; অগ্নি। গণদেবতা বিং।

বিশ্বধারিণী—স্ত্রী (বিশ্ব + ধৃ + ণিনি + ঙীপ্) পৃথিবী।

বিশ্বপা—বি, পুং (বিশ্ব—পা + ক্বিপ্) সূর্য্য। চন্দ্র। অগ্নি।

বিশ্বম্ভরঃ—বি, পুং (বিশ্ব—ভৃ—কর্ত্তৃ—খচ) বিষ্ণু। ইন্দ্র।

বিশ্বরাজ্—পুং (বিশ্ব—রাজ + ক্বিপ্) পরমেশ্বর।

বিশম্ভরা—বি, স্ত্রী; পৃথিবী।

বিশ্বরূপঃ—বি, পুং; ঈশ্বর।

বিশ্ববিদ্যালয়ঃ—বি, পুং; সর্ব্বপ্রকার বিদ্যার আলোচনার স্থান।

বিশ্ববেদাঃ(দস্)—বি, পুং (বিশ্ব—বিদ্—কর্ত্তৃ—অস্) দেবতা। সর্ব্বজ্ঞ-মুনি।

বিশ্বশ্রবাঃ(বস্)—বি, পুং; মুনি বিং।

বিশ্বসিত—বি-ণ (বি—শ্বস—কর্ম্ম—ক্ত) বিশ্বাসী, বিশ্বাস পাত্র।

বিশ্বসৃক (জ্)—বি. পুং (বিশ্ব—সৃজ—কর্ত্তৃ—ক্বিপ্) বিধাতা।

বিশ্বস্ত—বি-ণ (বি—শ্বস—কর্ম্ম—ক্ত) বিশ্বাসী।

বিশ্বস্তা—বি, স্ত্রী; বিধবা।

বিশ্বামিত্রঃ—বি, পুং (বিশ্ব—মিত্র) গাধিরাজের পুত্র মুনি বিং। ইনি। ক্ষত্রিয় হইয়াও তপোবলে ব্রাহ্মণ হইয়াছিলেন।

বিশ্বাবসুঃ—বি, পুং (বিশ্ব—বসু) গন্ধর্ব্ব বিং।

বিশ্বসঃ—বি, পুং (বি—শ্বস—ভাবে—ঘঞ্) প্রত্যয়, বিশ্রম্ভ। শ্রদ্ধা।

বিশ্বাসঘাতক—বি-ণ (বিশ্বাস—হন—কর্ত্তৃ—ণক) অবিশ্বাসী। স্ত্রী; তিকা।

বিশ্বাসী(সিন্)—বি-ণ (বি—শ্বস্ + ণিনি) বিশ্বাসপাত্র।

বিশ্বাস্য—বি-ণ (বি—শ্বস—কর্ম্ম—ণ্যৎ) বিশ্বাসযোগ্য।

বিশ্বেদেবঃ—বি, পুং; বহ্নি। গণদেবতা বিং।

বিশ্বেশ্বরঃ—বি, পুং; শিব। জগদীশ্বর।

বিট্(ষ)—বি, স্ত্রী (বিষ—কর্ত্তৃ—ক্বিপ্) বিষ্ঠা।

বিষ—বি, পুং, ক্লী (বিষ—কর্ত্তৃ—ক) গরল। ক্লী; জল। মৃণাল।

বিষকণ্ঠঃ—বি, পুং; শিব।

বিষঘ্ন—বি-ণ (বিষ—হন—টক্) বিষনাশক।

বিষণ্ণ—বি-ণ (বি—সদ—কর্ত্তৃ—ক্ত) খেদযুক্ত। খিন্ন। বিষণ্ণতা যুক্ত।—বি, ক্লী; খেদ, বিষাদ।

বিষধরঃ—বি, পুং (বিষ—ধৃ—কর্ত্তৃ—অচ্) সর্প।

বিষবল্পিকা—বি, স্ত্রী; বিচুটী।

বিষম—বি-ণ (বি—সম) বিযোড়, অযুগ্ম। উন্নতানত, বন্ধুর। দুঃসহ। দুর্গম। দুর্ব্বোধ। সঙ্কট। ক্লী; পদ্য বিং। অর্থালঙ্কার বিং।

বিষমচ্ছদ—বি, পুং; সপ্তচ্ছদ (ছাতিম) গাছ।

বিষম শিষ্ট—বি, ক্লী; অনুচিত শাসন, অন্যায় বিভাগ, দোষ বিং।

বিষম শরঃ, বিষমায়ুধঃ/বিষমেষুঃ—বি, পুং; কন্দর্প।

বিষয়ঃ—বি, পুং (বি—সি—কর্ত্তৃ—অন্) ইন্দ্রিয় গ্রাহ্য পদার্থ (ভোগ্যবস্তু। জ্ঞেয় বস্তু। সম্পত্তি। দেশ। বর্ণনীয় পদার্থ আধার।

বিষয়ী(য়িন্)—বি-ণ; বিষয়াসক্ত। বি, পুং ধনী।

বিষবৈদ্যঃ—বি, পুং; যাহারা বিষবিদ্যা জানে, সাপুড়ে মাল।

বিষহরা—
বিষহরিঃ—বি, স্ত্রী; মনসাদেবী।

বিষাক্ত—বি-ণ বিষমিশ্রিত।

বিষাণম্—বি, ক্লী (বিষ—কর্ত্তৃ—কানচ্) পশুশৃঙ্গ। হস্তিদন্ত। শুকরদন্ত।

বিষাদঃ—বি, পুং (বি—সদ—ভাবে—ঘঞ্) ইষ্টনাশ জন্য মনোভঙ্গ। জড়তা। অনুৎসাহ।

বিষারঃ—বি, পুং (বিষ—ঋ + অণ্) সর্প।

বিষু—অব্য, (বিষ + কু) সাম্য। নানারূপতা।

বিষুব—
বিষুবৎ—বি, ক্লী; যে কালে দিবা ও রাত্রি সমান হয়, মেষ ও তুলা সংক্রান্তি।

বিষুবরেখা—বি, স্ত্রী; ভূগোলসম্বন্ধীয় রেখা বিং। এই রেখায় সূর্য্য অবস্থিত হইলে দিবারাত্রি সমান হয়।

বিষ্কিরঃ—বি, পুং (বি—কৃ —কর্ত্তৃ—ক) পক্ষী।

বিষ্কম্ভঃ—
বিষ্কুম্ভঃ—বি, পুং (বি—স্কন্ভ/ স্কুন্ভ—করণ—অচ্) যোগ বিং। প্রতিবন্ধ। হুড়কা, কীলক। নাট্যঙ্গ বিং।

বিষ্টপম্—বি, ক্লী (বিষ—কর্ত্তৃ—টপক্) জগৎ, ভুবন।

বিষ্টব্ধ—বি-ণ (বি—স্তন্ভ—কর্ম্ম—ক্ত) প্রতিরুদ্ধ।

বিষ্টম্ভঃ—বি, পুং (বি—স্তন্ভ —ভাবে—ঘঞ্) প্রতিবন্ধ। আক্রমণ। রোষ। স্থিরীভাব।

বিষ্টরঃ—বি, পুং (বি, স্তৃ—কর্ম্ম—অপ্) আসন। কুশাসন। কুশমুষ্টি।

বিষ্টরশ্রবাঃ(বস্)—বি, পুং; বিষ্ণু।

বিষ্টিঃ—বি. স্ত্রী (বিশ + ক্তিন্) বিনাবেতনে পরিশ্রম। বেতন। কারণ বিং।

বিষ্ঠাঃ—বি, স্ত্রী (বি, স্থা—কর্ত্তৃ—ড—আপ্) মল, পুরীষ।

বিষ্ণুঃ—বি, পুং (বিষ—কর্ত্তৃ—ণুক্) নারায়ণ। বসু বিং। সংহিতাকার মুনি বিং।

বিষ্ণুক্রান্তা—বি, স্ত্রী; অপরাজিতা।

বিষ্ণুগুপ্ত—বি, পুং; চাণক্য পণ্ডিত।

বিষ্ণুপদম্—বি, ক্লী; আকাশ।

বিষ্ণুপদী—বি, স্ত্রী; গঙ্গা। সংক্রান্তি বিং।

বিষ্ণুরাতঃ—বি, পুং (বিষ্ণু—রা—কর্ম্ম—ক্ত) রাজা পরীক্ষিত।

বিষ্ণুবাহনঃ, বিষ্ণুবাহ্যঃ, বিষ্ণুরথঃ—বি, পুং গরুড়।

বিসম্—বি, ক্লী (বিস—কর্ম্ম—ক) মৃণাল।

বিসংবাদঃ—বি, পুং; প্রতারণা। বিরোধ। বৈলক্ষণ্য, বেমিল।

বিসঙ্কুল—বি-ণ; গোলমেলে, জটিল।

বিসংষ্ঠুল—বি-ণ (বি—সন্—স্থা + উলচ্) বিশৃঙ্খল। অব্যবস্থিত।

বিসদৃশ—বি-ণ; বিপরীত, অপমান।

বিসপ্রসূনম্—বি, ক্লী; পদ্ম।

বিসরঃ—বি, পুং (বি—সৃ + অপ্) সমূহ। বিস্তার সঞ্চার।

বিসরণম্—বি, ক্লী; (বি—সৃ + ল্যুট্) বিস্তার। প্রবাহ। উৎপত্তি।

বিসর্গঃ—বি, পুং (বি—সৃজ—ভাবে—ঘঞ্) ত্যাগ। দান। (কর্ম্ম—ঘঞ্) দ্বিবিন্দুবর্ণ(ঃ)।

বিসর্জ্জনম্—বি, ক্লী (বি—সৃজ + ল্যুট্) ত্যাগ। প্রেরণ।

বিসর্পঃ—বি, পুং (বি—সৃপ্ + ঘঞ্) রোগ বিশেষ।

বিসর্পণম্—বি, ক্লী (বি—সৃপ + ল্যুট্) বিস্তৃত হওয়া, ব্যাপন। স্ফোটকাদির উদ্রেক।

বিসর্পী(র্পিন্)—বি-ণ (বি—সৃপ—কর্ত্তৃ—ণিন্) ব্যাপনশীল।

বিসারিত—বি-ণ (বি—সৃ—ণিচ্ + ক্ত) বিস্তারিত।

বিসারী(রিন্)—বি-ণ (বি—সৃ—কর্ত্তৃ—ণিনি) ব্যাপক্।

বিসিনী—বি, স্ত্রী (বিস—ইন্—ঈপ্) পদ্মিনী।

বিসূচিঃ,বিসূচিকা—
বিসূচী—বি, স্ত্রী; ওলাউঠা রোগ।

বিসৃত —বি-ণ; ব্যাপ্ত। বিস্তৃত।

বিসৃত্বর—(বি—সৃ + ত্বরপ্)
বিসৃমর—বি-ণ; (বি—সৃ + ক্মরপ্) ব্যাপনশীল।

বিসৃষ্ট—বি-ণ (বি—সৃজ—কর্ম্ম—ক্ত) —ত্যক্ত। প্রেরিত। নিক্ষিপ্ত।

বিস্ত—বি, পুং, ক্লী (বিস—কর্ম্ম—ক্ত) এক ভরি স্বর্ণ। মোহর। একতোলা।

বিস্তরঃ—বি, পুং (বি—স্তৃ—কর্ম্ম—অপ্) সমূহ। বাক্‌প্রপঞ্চ। (ভাবে—অল) বিস্তার

বিস্তরশঃ (স্)—অব্য (বিস্তর—চশস্) বিস্তারপূর্ব্বক।

বিস্তারঃ—বি, পুং (বি—স্তৃ—ভাবে—ঘঞ্) ব্যাপ্তি। বিশালতা। ব্যাস। ওশাড়। চওড়া। (কর্ম্ম—ঘঞ্) সমাসবাক্য।

বিস্তারিত—বি-ণ (বি—স্তৃ—ণিচ্—কর্ম্ম—ক্ত) প্রসারিত।

বিস্তীর্ণ— (বি—স্তৃ—কর্ত্তৃ—ক্ত) বি-ণ; ব্যাপ্ত। বিশাল।

বিস্তৃতিঃ—বি, স্ত্রী (বি—স্তৃ—ভাবে—ক্তি) বিস্তার ।

বিস্পষ্ট—বি-ণ; ব্যক্ত, স্ফুট।

বিস্ফারঃ—বি, পুং (বি—স্ফার—ভাবে—ঘঞ্) টঙ্কারধ্বনি। স্ফূর্ত্তি।

বিস্ফারিত —বি-ণ (বি—স্ফার—ণিচ্ —কর্ম্ম—ক্ত) কম্পিত । বিকাসিত। শব্দিত।

বিস্ফুরিত —বি-ণ (বি—স্ফুর—কর্ত্তৃ—ক্ত) কম্পিত। ধ্বনিত। বি, ক্লী (ভাবে—ক্ত) স্ফুরণ। ধ্বনন।

বিস্ফুলিঙ্গঃ—বি, পুং অগ্নিকণা। বিষ বিশেষ

বিস্ফূর্জ্জঃ, বিস্ফূর্জ্জথুঃ—বি, পুং বজ্রনির্ঘোষ।

বিস্ফোট(ক)ঃ—বি, পুং (বি—স্ফুট —ণিচ্ + অচ্) ব্রণ।

বিস্ময়ঃ—বি, পুং (বি—স্মি—ভাবে—অচ্) আশ্চর্য্য। বিশেষরূপ গর্ব্ব। বি-ণ; গর্ব্বশূন্য।

বিস্মরণম্—বি, ক্লী; (বি—স্মৃ + ল্যুট্) ভুলিয়া যাওয়া বিস্মৃতি

বিস্মাপনম্, বিস্মায়নম্—বি, ক্লী (বি—স্মি—ণিচ্ + ল্যুট্) ভেল্কী, কুহক।

বিস্মিত— বি-ণ (বি—স্মি—কর্ত্তৃ—ক্ত) বিস্ময়াপন্ন।

বিস্মৃত —বি-ণ (বি—স্মৃ—কর্ত্তৃ—ক্ত) বিস্মৃতিবিশিষ্ট। (কর্ম্ম—ক্ত) বিস্মরণের বিষয়।

বিস্মৃতিঃ—বি, স্ত্রী; (বি—স্মৃ + ক্তিন্) বিস্মরণ।

বিস্র—বি-ণ (বিস—কর্ত্তৃ—রক্) কাঁচা মাংসের গন্ধবিশিষ্ট। চিতাধূম।

বিস্রংসনম্—বি, ক্লী (বি—স্রন্‌স + ল্যুট্) পতন। ক্ষরণ।

বিস্রংসী(সিন্)—বি-ণ (বি—স্রন্‌স—কর্ত্তৃ—ণিন্) পতনশীল। ক্ষরণ।

বিস্রম্ভঃ—বি, পুং (বি—স্রন্‌ভ —ঘঞ্) বিশ্বাস, পরিচয়।

বিস্রসা—বি, স্ত্রী (বি—স্রন্‌স—করণ—আপ্) বার্দ্ধক্য। জরা।

বিস্রস্ত—বি-ণ (বি—স্রন্‌স—কর্ত্তৃ—ক্ত) পতিত, স্খলিত। ক্ষরিত।

বিস্বাদ—বি-ণ; যাহার স্বাদ নাই।

বিহগঃ, (বিহায়স্—গম + ড) বিহঙ্গ, বিহঙ্গমঃ—বি, পুং বিহায়স্—গম্ + খচ্) গম—কর্ত্তৃ—খচ্) পক্ষী। বাণ।

বিহঙ্গমা, বিহঙ্গিকা—বি, স্ত্রী; বাঁক, ভারযষ্টি।

বিহত— বি-ণ; বিনাশিত। বিকলীকৃত, ব্যাহত। ভগ্ন।

বিহতিঃ— বি, স্ত্রী; ভঙ্গ। ব্যাঘাত।

বিহরণম্—বি, ক্লী; বিহার।

বিহস্ত—বিণ. ব্যাকুল, পণ্ডিত, হস্তশূন্য। পুং—পশু।

বিহসিতম্—বি, ক্লী; মধুর হাস্য।

বিহা—অব্য, (বি—হা—আ) স্বর্গ। বৈকুণ্ঠ।

বিহাপিতম্—বি, ক্লী (বি—হা + ণিচ্ + ক্ত) দান।

বিহায়ঃ(য়স্)—বি, পুং, ক্লী (বি—হ্যা—ণিচ্—কর্ত্তৃ—অস্)

বিহায়সম্—বি, স্ত্রী (বিহায়স্—স্ব) আকাশ।

বিহারঃ—বি, পুং (বি—হৃ—ভাবে—ঘঞ্) ক্রীড়া। ভ্রমণ। বিক্ষেপ। (অধি—ঘঞ্) বৌদ্ধমঠ। ক্রীড়াস্থান।

বিহারী(রিন্)—বি-ণ (বি—হৃ—কর্ত্তৃ—ণিন্) যে বিহার করে।

বিহিত—বি-ণ (বি—ধা—কর্ম্ম—ক্ত) কৃত, অনুষ্ঠিত। দত্ত। বিধিবোধিত।

বিহিত্রিম—বি-ণ (বি—ধা—ত্রিমক্) বিধানপূর্ব্বক নিষ্পন্ন।

বিহীন—বি-ণ; (বি—হা + ক্ত) ত্যক্ত। বিরহিত।

বিহৃতিঃ—বি, স্ত্রী (বি—হৃ—ভাবে—ক্তি) বিহার। বিস্তার।

বিহ্বল—বি-ণ (বি—হ্বল—কর্ত্তৃ—অন্) শোক ভয়াদি দ্বারা অভিভূত। চেতনাশূন্য। বিবশ।

বীক্ষণম্—বি, ক্লী (বি—ঈক্ষ + ল্যুট্) দর্শন।

বীক্ষিত—বি-ণ (বি—ঈক্ষ + ক্ত) দৃষ্ট।

বীচিঃ—বি, পুং, স্ত্রী; তরঙ্গ। কিরণ। অবকাশ।

বীচিমালী(লিন্)—বি, পুং (বীচিমালা—ইনি) সমুদ্র। সূর্য্য।

বীজম্—বি, ক্লী (বি—জন—ড) কারণ, অঙ্কুর। শস্যাদির ফল। শুক্র। মন্ত্র। অঙ্কবিদ্যা বিং।

বীজনম্—বি, ক্লী (বীজ + ল্যুট্) বাতাস করা, পাখা, চামরাদি।

বীজপূরঃ—বি, পুং (বীজ—পূর + ঘঞ্) লেবুবিশেষ।

বিজাকৃত —বি-ণ (বীজ—ডাচ—কৃত) বীজবপনের পর চষা ভূমি।

বীজী(জিন্)—বি, পুং (বীজ—ইন্) মূল পুরুষ।

বীজ্য—ত্রি, (বি—যজ্ + ক্যপ্) কুলীন।

বীটিকা—বি, স্ত্রী; পানের খিলি। সজ্জিত তাম্বূল।

বীণা—বি, স্ত্রী (বী—কর্ত্তৃ—ণক্—টাপ্) সপ্ততন্ত্রীযুক্ত বাদ্যযন্ত্র বিং।

বীণাপাণিঃ—বি, স্ত্রী; সরস্বতী।

বীত—বি-ণ (বি—ইত) বিগত। পরিত্যক্ত. (বী—কর্ম্ম—ক্ত) ব্যাপ্ত। (ভাবে—ক্ত) অঙ্কুশের দ্বারা আঘাত।

বীতংসঃ—বি, পুং (বি—তন্‌স + ঘঞ্) মৃগ, পক্ষী বন্ধনার্থ যন্ত্র, ফাঁদ।

বীতরাগ—বি-ণ; নিস্পৃহ, বিবেকী।

বীতিঃ—বি, স্ত্রী (বী + ক্তিন্) গতি, দীপ্তি, ভোজন।

বীতিহোত্র—বি, পুং (বীতি —পুরোডাশাদি, হোত্র—ভোজন চরু দ্বারা) অগ্নি। সূর্য্য।

বীথি, বীথিকা, বীথী—বি, স্ত্রী; শ্রেণী। উভয় পার্শ্বে বৃক্ষযুক্ত পথ। পথ। দৃশ্যকাব্য বিং।

বীধ্র—বি-ণ (বি—ইন্ধ—কর্ম্ম—রক্) নির্ম্মল।

বীনাহ—বি, পুং (বি—নহ—করণ—ঘঞ্) কূপের মুখ বন্ধন, মুখপাট।

বীপ্সা—বি, স্ত্রী (বি—আপ—সন্—ভাবে—অ—আপ্) যুগপৎ ব্যাপনেচ্ছা।

বীর—বি-ণ (বীর—কর্ত্তৃ—অন্) বিক্রমশালী, শূর। বি, পুং; কাব্যের রস বিং। কুলাচার বিং।

বীরণম্—বি, ক্লী (বি—ঈর + ল্যুট্) বেণাগাছ, উশীর।

বীরবাহুঃ—বি, পুং; রাবণের পুত্র।

বীরভদ্রঃ—বি, পুং; শিবের অনুচর বিং। বি-ণ; বীরশ্রেষ্ঠ। অশ্বমেধীয় অশ্ব।

বীরসূ—বি, স্ত্রী (বীর—সূ—কর্ত্তৃ—ক্বিপ্) বীরমাতা।

বীরসেনঃ—বি, পুং (বীর—সেনা) নল রাজার পিতা।

বীরা—বি, স্ত্রী; পতিপুত্রবতী নারী।

বীরাশংসনম্—বি, ক্লী; অতি বিপদজনক যুদ্ধভূমি।

বীরাসন—বি, ক্লী; উপবেশন বিং, দুই উরুদেশে দুই পদতল বিন্যস্ত করিয়া উপবেশন।

বীরুৎ(ধ্)— (বি—রুধ—কর্ত্তৃ—ক্বিপ্)
বীরুধা—বি, স্ত্রী লতা।

বীরেশ্বরঃ—বি, পুং; বীরভদ্র। বি-ণ; বীরশ্রেষ্ঠ।

বীর্য্যম্—বি, ক্লী (বীর + যৎ) শৌর্য্য। সামর্থ্য। তেজঃ। শুক্র।

বীর্য্যবান(বৎ)—বি-ণ বীর্য্য—মতুপ্) বীর। তেজস্বী।

বীবধঃ—বি, পুং (বি—বধ—ভাবে—ঘঞ্) ধান্যাদি লইয়া যাওয়া। (করণ—ঘঞ্) ক্ষীরাদির ভার। পথ

বীবধাসারঃ—বি, পুং (বীবধ—আসার) সৈন্য প্রভৃতির খাদ্যদ্রব্য, রসদ।

বুষ(স)ম্—বি, ক্লী, (বসু + ক) ভূষি।

বৃংহিতম্—বি, ক্লী (বৃনহ্—ভাবে—ক্ত) হস্তীর গর্জ্জন। বি-ণ (কর্ত্তৃ—ক্ত) বর্দ্ধিত। পুষ্ট।

বৃকঃ—বি, পুং (বৃক—কর্ত্তৃ—ক) নেকড়ে বাঘ। উদরস্থ অগ্নি বিং, কাক। বকবৃক্ষ, শৃগাল।

বৃকদংশঃ—বি, পুং; (বৃক—দন্‌শ + অচ্) কুক্কুর।

বৃকধূর্ত্তঃ—বি, পুং; (বৃক + ধূর্ত্ত) শৃগাল।

বৃকোদরঃ—বি, পুং (বৃক্ষ—উদর) ভীমসেন।

বৃক্‌ণঃ—পুং (ব্রশ্চ + ক্ত) ছিন্ন।

বৃক্ষঃ—বি, পুং (ব্রশ্চ—কর্ম্ম—সক্) গাছ, পাদপ।

বৃক্ষকঃ—বি, পুং (বৃক্ষ—কণ্) ক্ষুদ্র বা প্রিয় বৃক্ষ।

বৃক্ষবাটিকা—বি, স্ত্রী; উপবন। নিকুঞ্জ।

বৃজিনম্—বি, ক্লী (বৃজ—কর্ম্ম—ইন) পাপ। পুং; কেশ। বি-ণ; কেশ। বি-ণ; কুটিল।

বৃত—বি-ণ (বৃ—কর্ম্ম—ক্ত) প্রার্থিত। কর্ম্ম করিবার জন্য যাহাকে নিযুক্ত করা হয়। আচ্ছাদিত।

বৃতিঃ—বি, স্ত্রী (বৃ—করণ—ক্তিন্) বেড়া, বেষ্টন। (ভাবে—ক্তি) বরণ। আচ্ছাদন।

বৃত্ত—বি-ণ (বৃত—কর্ত্তৃ—ক্ত) গোলাকার, বর্ত্তুল। জাত। অতীত। (কর্ম্ম—ক্ত) অধীত। অভ্যস্ত। নিযুক্ত। অক্ষর সংখ্যাত ছন্দঃ। গোলাকার ক্ষেত্র।

বৃত্তসূচী—বি, স্ত্রী; উপর্য্যুপরি স্থাপিত বৃত্তসমূহ।

বৃত্তস্থ—বি-ণ (বৃত্ত—স্থা + ক) সদাচারী।

বৃত্তান্তঃ—বি, পুং (বৃত্ত—অন্ত) বার্ত্তা। বিবরণ।

বৃত্তিঃ—বি, স্ত্রী (বৃত—ভাবে—ক্তি) স্থিতি। ব্যাপ্তি। ব্যাপার। ভোজন ব্যাখ্যান। ব্যবহার। স্বভাব। বর্ণরচনা। (করণ—ক্তি) জীবিকা। ব্যবসায়।

বৃত্রঃ—বি, পুং (বৃত—কর্ত্তৃ—রক্) অসুর বিং। শত্রু।

বৃত্রহা(হন্)—বি, পুং (বৃত্র—হন—কর্ত্তৃ—ক্বিপ্) ইন্দ্র।

বৃথা—অব্য; (বৃ + থাল্) নিষ্ফল, নিরর্থক।

বৃদ্ধশ্রবাঃ(বস্)—বি, পুং; (বৃদ্ধ—শ্রু + অসুন্) ইন্দ্র।

বৃদ্ধিঃ—বি, স্ত্রী (বৃধ—ভাবে—ক্তি) আধিক্য। উন্নতি। বিস্তার সুদ। যোগ বিং।

বৃদ্ধিজীবী(বিন্)—বি-ণ (বৃদ্ধি—জীব—কর্ত্তৃ—ণিন্) সুদখোর। স্ত্রী; বিনী।

বৃদ্ধিশ্রাদ্ধম্—বি, ক্লী; বিবাহাদি শুভকার্য্য উপলক্ষে যে শ্রাদ্ধ, আভ্যুদয়িক।

বৃদ্ধ্যাজীব—বি-ণ (বৃদ্ধি—আজীব) সুদখোর। বার্দ্ধুষিক।

বৃন্ত—বি, পুং, ক্লী (বৃ—কর্ম্ম—ক্ত) ফল-পুষ্পাদির বোঁটা। স্তনের অগ্রভাগ। জলপাত্রাদি রাখিবার বিড়ে।

বৃন্দম্—বি, ক্লী (বৃণ—কর্ত্তৃ—দবন্) সমূহ। পুং, ক্লী; সংখ্যা বিং।

বৃন্দা—বি, স্ত্রী; রাধার সখী বিং, তুলসী।

বৃন্দারকঃ—বি, পুং (বৃন্দ—আর—কণ্) দেবতা। দলপতি। বি-ণ; শ্রেষ্ঠ।

বৃন্দাবনম্—বি, ক্লী; মথুরাসমীপস্থ বন বিং।

বৃন্দিষ্ঠ—বি-ণ (বৃন্দারক—ইষ্ঠ) অতিসুন্দর। অতিশ্রেষ্ঠ।

বৃশ্চিকঃ—বি, পুং (ব্রশ্চ—কর্ত্তৃ—কিকন্) বিছা। অগ্রহায়ণ মাস। ৮ম রাশি।

বৃষঃ—বি, পুং (বৃষ—কর্ত্তৃ—ক) ষাঁড়। ধর্ম্ম। ২য় রাশি। ইন্দ্র। পুরুষ বিং। মুষিক। জল। শুক্র। শব্দের পরবর্ত্তী হইলে—শ্রেষ্ঠ।

বৃষণঃ—বি, পুং (বৃষ—কর্ত্তৃ—অন্) মুষ্ক।

বৃষদংশকঃ—বি, পুং; (বৃষ—দন্‌শ + ণ্বুল্) বিড়াল।

বৃষধ্বজঃ—বি, পুং; শিব।

বৃষভঃ—বি, পুং; বৃষ। শব্দের পরবর্ত্তী হইলে—শ্রেষ্ঠ।

বৃষভানুঃ—বি, পুং; রাধিকার পিতা।

বৃষলঃ—বি, পুং (বৃষ—কর্ত্তৃ—কল) শূদ্র। রাজা চন্দ্রগুপ্ত। অধার্ম্মিক।

বৃষলী—বি, স্ত্রী; অবিবাহিতা ঋতুমতী। শূদ্রা।

বৃষস্যন্তী—বি, স্ত্রী (বৃষ—ক্য = বৃষস্য কর্ত্তৃ—শতৃ—ঈপ্) অতিকামুকী।

বৃষা(ষন্)—বি, পুং (বৃষ—কর্ত্তৃ—কনিপ্) ইন্দ্র। কর্ণ। বৃষ। অশ্ব।

বৃষাকপায়ী—বি, স্ত্রী (বৃষাকপি + ঙীপ্) লক্ষ্মী, গৌরী, শচী।

বৃষাকপিঃ—বি, পুং; বিষ্ণু। শিব। অগ্নি। ইন্দ্র।

বৃষাঙ্কঃ—বি, পুং; শিব।

বৃষি(বৃষী)—বি, স্ত্রী; (বৃষ + কি + ঙীপ্) ব্রতীদিগের উপবেশনার্থ কুশাসন বিং।

বৃষোৎসর্গঃ—বি, পুং; বৃষত্যাগরূপশ্রাদ্ধ বিং।

বৃষ্টিঃ—বি, স্ত্রী (বৃষ—ভাবে—ক্তি) বর্ষণ (কর্ম্ম—ক্তি) বৃষ্ট জল।

বৃষ্ণিঃ—বি, পুং (বৃষ—কর্ত্তৃ—নি) যদুবংশ।

বৃষ্য—বি-ণ (বৃষ—ক্যপ্) বীর্য্যকর।

বৃহৎ—বি-ণ (বৃহ—কর্ত্তৃ—অৎ) মহৎ, বড়।

বৃহতী—বি, স্ত্রী; নারদের বীণা বিং। ছন্দো বিং। উত্তরীয় বস্ত্র। ক্ষুদ্র বেগুন।

বৃহদ্ভানুঃ—বি, পুং; অগ্নি। সূর্য্য।

বৃহন্নলা—বি, স্ত্রী; ক্লীবরূপধারী অর্জ্জুন।

বৃহস্পতিঃ—বি, পুং (বৃহৎ—পতি) দেবগুরু।

বেগঃ—বি, পুং (বিজ—ভাবে—ঘঞ্) শীঘ্রতা। প্রবাহ। মলমূত্রাদি নির্গম-প্রবৃত্তি।

বেগবান(বৎ)—বি-ণ (বেগ—মতুপ্) বেগযুক্ত। স্ত্রী; বতী।

বেগিত—বি-ণ (বেগ—ইত) বেগবান্।

বেজিত—বি-ণ (বিজ—ণিচ্—কর্ম্ম—ক্ত) ভয়প্রাপিত। পীড়িত। কম্পিত।

বেণঃ—বি, পুং; পৃথুরাজার পিতা।

বেণিঃ(ণী)—বি, স্ত্রী (বেণ—কর্ত্তৃ—ই) চুলের বিনুনি। বিন্যস্ত কেশপাশ। জলপ্রবাহ। শ্রেণী।

বেণুঃ—বি, পুং (বেণ—কর্ত্তৃ—উ) বাঁশ। বাঁশী। নৃপতি বিং।

বেণুকম্—বি, ক্লী; গবাদি তাড়ন দণ্ড। পাঁচনবাড়ী।

বেতস—বি, পুং;
বেতসী—বি, স্ত্রী (বে—কর্ম্ম—অসচ্) বেতগাছ।

বেতস্বৎ—বিণ, (বেতস্—ড্বতু) বহু বেতসযুক্ত।

বেতালঃ—বি, পুং (বে—বায়ুতে, তাল—আবাস) ভূতাবিষ্ট শব। শিবানুচর বিং। দ্বারপাল।

বেতালভট্টঃ—বি, পুং; বিক্রমাদিত্যের সভাপণ্ডিত বিং।

বেত্তা(ত্তৃ)—বি-ণ (বিদ্—কর্ত্তৃ—তৃন্) যে জানে, জ্ঞাতা। পরিণেতা। স্ত্রী; ত্রী।

বেত্র—বি, পুং (বী—করণ—ত্র) বেতগাছ। ক্লী; বেতের ছড়ি।

বেত্রধরঃ—বি, পুং; দ্বারপাল। বি-ণ; যষ্টিধারী।

বেত্রবতী—বি, স্ত্রী (বেত্র—মতুপ্—ঈপ্) মালবদেশস্থ নদী বিং, বেতুয়া।

বেত্রাসনম্—বি, ক্লী; বেত্রনির্ম্মিত আসন, মোড়া প্রভৃতি।

বেদঃ—বি, পুং (বি + ঘঞ্—অল্) ধর্ম্ম ও ব্রহ্মপ্রতিপাদকশাস্ত্র, শ্রুতি। ইহা। ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব এই ৪ ভাগে বিভক্ত। (ভাবে—অল্) জ্ঞান।

বেদনম্—বি, ক্লী; (বিদ্ + ল্যুট্)
বেদনা—বি, স্ত্রী; যন্ত্রনা। জ্ঞান। বিবাহ।

বেদপারগঃ—
বেদবিৎ(দ্)—বি-ণ; (বেদ্—বিদ্ + কিপ্) বেদজ্ঞ।

বেদমাতা(তৃ)—বি, স্ত্রী; গায়ত্রী।

বেদবৃত্তঃ—বি, পুং; বেদোক্ত আচরণ।

বেদব্যাসঃ—বি, পুং; বেদবিভাগকর্ত্তা মুনি, ব্যাসদেব।

বেদাঙ্গম্—বি, ক্লী; বেদের অবয়বগ্রন্থ—শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ও জ্যোতিষ এই ছয় প্রকার।

বেদান্তঃ—বি, পুং; বেদব্যাসপ্রণীত দর্শন শাস্ত্র। উপনিষদাদি গ্রন্থ।

বেদান্তী(ন্তিন্)—বি, পুং; বেদান্তমতাবলম্বী।

বেদিঃ—বেদিকা, বেদী—বি, স্ত্রী; যজ্ঞাদি করণার্থ চারিকোণা বা ডমরুতুল্যাকৃতি পরিষ্কৃত ভূমি। মঞ্চ। মৃত্তিকাদিনির্ম্মিত চতুরস্র ভিত্তি।

বেদিত—বি-ণ (বিদ—ণিচ্—কর্ম্ম—ক্ত) জ্ঞাপিত। দর্শিত।

বেদ্য—বি-ণ (বিদ—কর্ম্ম—ণ্যৎ) জ্ঞেয়, বোধ্য।

বেধঃ—বি, পুং (বিধ + ঘঞ্)

বেধনম্—বি, ক্লী (বিধ—ভাবে—ল্যুট্) বেঁধা, ছিদ্র করণ। গভীরতা। বস্তুর পুরু পরিমাণ।

বেধক —বি-ণ (বিধ—কর্ত্তৃ—ণক্) যে বিদ্ধ করে। পুং; কর্পূর। স্ত্রী; ধিকা।

বেধনী—বি, স্ত্রী (বিধ + ল্যুট + ঈপ্) বিদ্ধ করিবার অস্ত্র বিং, সুচ প্রভৃতি।

বেধাঃ(ধস্)—বি, পুং (বি—ধা—কর্ত্তৃ—অস্) বিধাতা, ব্রহ্মা। দক্ষ প্রভৃতি সৃষ্টিকর্ত্তা।

বেধিত—বি-ণ (বিধ—ণিচ্—কর্ম্ম—ক্ত) ছিদ্রিত।

বেধ্য—বি-ণ (বিধ—বর্ম্ম—ণ্যৎ) বিঁধিবার যোগ্য, লক্ষ্য।

বেপথুঃ—বি, পুং (বেপ—ভাবে—অথুচ্)

বেপনম্—বি, ক্লী (বেপ + ল্যুট্) কম্প।

বেপমান—বি-ণ; (বেপ + শানচ্) যে কাঁপিতেছে।

বেমঃ—বি, পুং (বে—করণ—মন্)
বেমা(মন্)—বি, ক্লী (বে—করণ—মনিন্) বস্ত্রাদি বয়ন যন্ত্র বিং, মাকু।

বের—বি, পুং, ক্লী (বী—কর্ত্তৃ—রন্) শরীর। কুঙ্কুম। বার্ত্তাকু।

বেলা—বি, স্ত্রী (বেল—কর্ত্তৃ—অন্—আপ্) সময়। সীমা। তীর। জোয়ার ভাঁটা।

বেল্লনম্—বি, ক্লী (বেল্ল + ল্যুট্) লুণ্ঠন, গড়াগড়ি। চলন। দোলন।

বেল্লিত—বি-ণ (বেল্ল—কর্ম্ম—ক্ত) বক্র। দোলিত। লুণ্ঠিত।

বেশঃ—(বিশ—অধি—অল্)
বেষঃ—(বিষ—অধি—অল্) বি, পুং; সজ্জা, বস্ত্রালঙ্কারাদি দ্বারা ভূষা। বেশ্যাগৃহ।

বেশন্তঃ—বি, পুং; (বিশ্ + ঝচ্) ক্ষুদ্র জলাশয়, পল্বল।

বেশ(স)রঃ—বি, পুং; নাসিকা ভূষণ বিং। অশ্বতর।

বেশ্ম(ন্)—বি, ক্লী (বিশ—অধি—মনিন্) গৃহ।

বেশ্যম্—বি, ক্লী (বিশ—কর্ম্ম—ণ্যৎ) বেশ্যালয়।

বেশ্যা—বি, স্ত্রী (বেশ—ষ্ণ্য + অপ্) সাধারণ স্ত্রী, বারনারী।

বেষ্টনম্—বি, ক্লী (বেষ্ট + ল্যুট্) চতুর্দ্দিকে আবরণ। প্রদক্ষিণ। (করণ—ল্যুট্) পরিধি, বেড়। উষ্ণীব।

বেষ্টক—বি, ক্লী (বেষ্ট + ণ্বুল) উষ্ণীষ। পুং; প্রাচীর। কুষ্মাণ্ড।

বেষ্টিত—বি-ণ (বেষ্ট + ক্ত) ঘেরা, আবৃত।

বেসনম্—বি, ক্লী (বেস + ল্যুট্) ব্যাসম, দ্বিদলচূর্ণ।

বেহৎ—বি, স্ত্রী (বি—হন—কর্ত্তৃ—ডৎ) গর্ভোপঘাতিনী স্ত্রী।

বৈ—অব্য; পাদপূরণ। সম্বোধন। অনুনয়।

বৈকক্ষম্—বি, ক্লী (বিকক্ষ—ষ্ণ) উত্তরীয়। বক্ষস্থলে বক্রভাবে স্থাপিত মালা।

বৈকর্ত্তন—বি-ণ (বিকর্ত্তন—ষ্ণ) সূর্য্য-সম্বন্ধীয়।

বৈকল্পিক—বি-ণ (বিকল্প—ষ্ণিক) বিকল্পপ্রাপ্ত। পাক্ষিক।

বৈকল্যম্—বি, ক্লী (বিকল-ণ্য) অঙ্গহীনতা। কাতরতা।

বৈকুণ্ঠ—বি, ক্লী (বিকুণ্ঠ—ষ্ণ) বিষ্ণুরপুরী। পুং; বিষ্ণু।

বৈকৃতম্—বি, ক্লী (বিকৃত—ষ্ণ) বিকার।

বৈক্লব্যম্—বি, ক্লী (বিক্লব—ষ্ণ্য) কাতরতা। বিহ্বলতা।

বৈখরী—বি, স্ত্রী; (বি + খ + রা + ক + অণ্ + ঙীপ্) কণ্ঠ হইতে শব্দোৎপত্তির ব্যাপার বিং।

বৈখানসঃ—বি, পুং (বি—খন—কর্ত্তৃ—ড, অন—কর্ত্তৃ—অস্—ষ্ণ) মূলাদি দ্বারা যাহাদের জীবিকা নির্ব্বাহ হয়, বানপ্রস্থ। বনবাসী। বি-ণ; (বৈখানস—ষ্ণ) বানপ্রস্থ সম্বন্ধীয়।

বৈগুণ্যম্—বি, ক্লী (বিগুণ—ষ্ণ্য) বিকৃততা, বৈকল্য। দোষ।

বৈচিত্ত্যম্—বি, ক্লী (বিচিত্ত—ষ্ণ্য) চিত্তভ্রান্তি।

বৈচিত্র্যম্—বি, ক্লী (বিচিত্র—ষ্ণ্য) চমৎকারিতা। সৌন্দর্য্য। নানারূপতা।

বৈজয়ন্তঃ—বি, পুং (বিজয়ন্ত—ষ্ণ) ইন্দ্রপুরী। ইন্দ্রের ধ্বজা।

বৈজয়ন্তী—বি, স্ত্রী; পতাকা। মালা। সিঁড়ি।

বৈজাত্যম্—বি, ক্লী (বিজাত—ষ্ণ্য) বৈলক্ষণ্য।

বৈজিকঃ—বি, পুং (বীজ—ষ্ণিক) পরমাত্মা। বি-ণ; জীবসম্বন্ধীয়।

বৈজ্ঞানিক—বি-ণ (বিজ্ঞান—ষ্ণিক) বিজ্ঞান-বিৎ। নিপুণ। বিজ্ঞানসম্বন্ধীয়।

বৈড়ালব্রতম্—বি, ক্লী, (বিড়াল + অণ + ব্রত) গুপ্ত পাপাচার।

বৈণব—বি-ণ (বেণু—ষ্ণ) বংশনির্ম্মিত।

বৈণবিক—বি-ণ (বেণু—ষ্ণিক) বেণুবাদক।

বৈণুকম্—বি, ক্লী (বেণু—কণ্) বংশদণ্ড।

বৈণ্যঃ—বি, পুং (বেণ—ষ্ণ্য) পৃথুরাজা।

বৈতংসিক—বি-ণ (বীতংস—ষ্ণিক) মাংস বিক্রেতা।

বৈতনিক —বি-ণ (বেতন—ষ্ণিক) বেতনভোগী। স্ত্রী, কী।

বৈতরণি(ণী)—বি, স্ত্রী (বিতরণ—ষ্ণ—ঈপ্) প্রেতনদী। রাক্ষসমাতা।

বৈতানম্—(বিতান—ষ্ণ)
বৈতানিক—(বিতান—ঠক) বি, ক্লী; যজ্ঞসম্বন্ধীয় নৈবেদ্য। বি, পুং; যজ্ঞীয় অগ্নি। বি-ণ; যজ্ঞসম্বন্ধীয়।

বৈতালিকঃ—বি, পুং (বিতাল—ষ্ণিক) স্তুতিপাঠক।

বৈতালীয়ম্—বি, ক্লী; মাত্রা সংখ্যাত ছন্দো বিং।

বৈদগ্ধ্যম্—বি, ক্লী (বিদগ্ধ—ষ্ণ)
বৈদগ্ধী—বি, স্ত্রী (বিদগ্ধ—ষ্ণ—ঈপ্) রসিকতা। চতুরতা। পাণ্ডিত্য। শোভা। ভঙ্গী।

বৈদর্ভ—বি-ণ (বিদর্ভ—ষ্ণ) বিদর্ভ দেশীয়। বি পুং; বিদর্ভরাজ।

বৈদর্ভী—বি, স্ত্রী (বিদর্ভ—ষ্ণ—ঈপ্) দময়ন্তী। রুক্মিণী। কাব্যের রীতি বিং।

বৈদিকঃ—বি, পুং; বেদ-বিহিত।

বৈদূর্য্যম্—বি, ক্লী (বিদূর—ষ্ণ্য) কৃষ্ণপীতবর্ণ মণি বিং।

বৈদেশিক—বি-ণ (বিদেশ—ঠক্) অন্যদেশীয়।

বৈদেহঃ—বি, পুং (বিদেহ—ষ্ণ) বিদেহদেশের রাজা। বণিক্। ব্রাহ্মণীর গর্ভে বৈশ্যের ঔরসজাত জাতি বিং।

বৈদেহী—বি, স্ত্রী (বিদেহ—ষ্ণ—ঈপ্) সীতা।

বৈদ্যঃ—বি, পুং (বিদ্যা—ষ্ণ) চিকিৎসক, ভিষক্। পণ্ডিত।

বৈদ্যকম্—বি, ক্লী (বৈদ্য—কণ্) চিকিৎসাশাস্ত্র।

বৈদ্যনাথঃ—বি, পুং; শিব।

বৈদ্যুত—বি-ণ (বিদ্যুৎ—ষ্ণ) বিদ্যুৎ সম্বন্ধীয়।

বৈধ—বি-ণ (বিধি—ষ্ণ) বিধি বোধিত। বৈধর্ম্ম—ষ্ণ্য) বিরুদ্ধধর্ম্ম।

বৈধব্যম্—বি, ক্লী (বিধবা—ষ্ণ্য) পতিহীনতা।

বৈধাত্র—বি, পুং (বিধাতৃ + অণ) সনৎকুমারাদি মুনি। ত্রি, বিধাতৃ সম্বন্ধীয়।

বৈধৃতিঃ—বি, পুং; যোগ বিং।

বৈধেয়—বি-ণ (বি—ধা—যৎ—অণ্) মূর্খ।

বৈনতেয়ঃ—বি, পুং (বিনতা—ঢক্) অরুণ। গরুড়।

বৈনায়ক—বি-ণ (বিনায়ক —ষ্ণ) গণেশ সম্বন্ধীয়।

বৈনীতকঃ—বি, পুং (বি—নীত + কৈ + ক) পরম্পরাবাহিত শিবিকাদি।

বৈপরীত্যম্—বি, ক্লী (বিপরীত—ষ্যঞ্) উল্টা, বিপর্য্যয়।

বৈবোধিকঃ—বি, পুং (বিবোধ + ঠক) বৈতানিক।

বৈভবম্—বি, ক্লী (বিভব—অণ্) ঐশ্বর্য্য। সামর্থ্য। মহিমা।

বৈভাষিক—বি-ণ (বিভাষা—ঠঞ্) বৈকল্পিক।

বৈভ্রাজম্—বি, ক্লী (বিভ্রাজ্—অণ্) কুবেরের উদ্যান।

বৈমাত্রঃ—(বিমাতৃ —অণ্)

বৈমাত্রেয়ঃ—(বিমাতৃ—ঢক্) বি, পুং; বিমাতাপুত্র। স্ত্রী; ত্রী, ত্রেয়ী—বিমাতার কন্যা।

বৈমুখ্য—বি, ক্লী (বিমুখ—ষ্যঞ্) পরাঙ্মুখতা। বিমুখ হওয়া।

বৈয়াকরণ—বি-ণ (ব্যাকরণ—অণ্) যে ব্যাকরণ জানে বা অধ্যয়ন করে। ব্যাকরণ সম্বন্ধীয়।

বৈয়াঘ্রপদ্যঃ—বি, পুং (ব্যাঘ্রপদ—ষ্যঞ্) গোত্রকারক মুনি বিং।

শ্রাণ— বি ণ (শ্রা—কর্ম্ম—ক্ত) পক্ক।

শ্রাদ্ধম্— বি, ক্লী(শ্রদ্ধা+অণ্) পিতৃকৃত্য। বিণ; শ্রদ্ধাবিশিষ্ট।

শ্রান্ত— বি ণ (শ্রম—কর্ত্তৃ—ক্ত) শ্রমযুক্ত, ক্লান্ত।

শ্রান্তিঃ— বি, স্ত্রী(শ্রম—ভাবে—ক্তিন্) শ্রম। (নিবৃত্তি।

শ্রায়ঃ— বি, পুং(শ্রি—কর্ম্ম—ঘঞ্) আশ্রয়, স্থান।

শ্রাবকঃ— বি.পু.(শ্রু+ণ্বুল) শ্রবণকর্তা, কাক, বৌদ্ধমুনি বিং।

শ্রাবণঃ— বি, পুং (শ্রাবণী—অন্) মাস বিং। বি—ণ (শ্রবণ—ষ্ণ) শ্রবণেন্দ্রিয় জন্য জ্ঞান।

শ্রাবণিকঃ— বি, পুং; (শ্রাবণ+ঠন্) চান্দ্র শ্রাবণ মাস।

শ্রাবণী— বি, স্ত্রী (শ্রাবণ—ঙীপ্) শ্রাবণ মাসের পূর্ণিমা।

শ্রাব্য— বি ণ (শ্রু—কর্ম্ম—ণ্যৎ) অবশ্য শুনিবার যোগ্য।

শ্রিত— বি—ণ (শ্রি—কর্ম্ম—ক্ত) সেবিত। আশ্রিত। উপজীবিত।

শ্রীঃ— বি, স্ত্রী (শ্রি—কর্ম্ম—ক্বিপ্) লক্ষ্মী। শোভা। সম্পত্তি। সরস্বতী। ধর্ম্ম অর্থ কাম এই ত্রিবর্গ। পুং; রাগবিং। বি—ণ;শ্রীযুক্ত।

শ্রীকণ্ঠঃ— বি, পুং (শ্রী=নীলবর্ণের শোভা— কণ্ঠ =গলা) শিব। ভবভূতি কবির উপনাম। হস্তিনার উত্তর পশ্চিমস্থ কুরুজাঙ্গল দেশ।

শ্রীকরঃ—বি, পুং(শ্রী—কৃ—কর্ত্তৃ—ট) বিষ্ণু। স্মৃতিগ্রন্থকার পন্ডিত বিং। বি—ণ; শ্রীকারক।

শ্রীকান্তঃ— বি, পুং; বিষ্ণু।

শ্রীখন্ডঃ— বি, পুং, ক্লীচন্দনকাঠ।

শ্রীঘনঃ— বি, পুং (শ্রী=সৌভাগ্য—ঘন=রাশি) বুদ্ধদেব।

শ্রীদঃ— বি, পুং (শ্রী—দা—কর্ত্তৃ—ড) কুবের। বি ণ; শ্রীদায়ক।

শ্রীদামঃ— বি, পুং; কৃষ্ণের সহচর গোপবিং।

শ্রীধরঃ, শ্রীনাথঃ— বি, পুং বিষ্ণু।

শ্রীনিবাসঃ, শ্রীপতিঃ— বি, পুং বিষ্ণু।

শ্রীফলম্— বি, পুং; বিল্ববৃক্ষ। ক্লীং ; উহার ফল।

শ্রীভ্রষ্ট— বি—ণ; বিশ্রী। লক্ষ্মীছাড়া।

শ্রীমান(মৎ)— বি—ণ (শ্রী—মতুপ্) শ্রীযুক্ত। সুন্দর। ঐশ্বর্য্যশালী। স্ত্রী; মতী।

শ্রীমুখঃ— বি, পুং; পত্রপৃষ্ঠে শ্রীশব্দ লিখন। ক্লী; শোভাযুক্ত মুখ।

শ্রীযুক্ত, শ্রীযুত— বি ণ; লক্ষ্মীবান্।

শ্রীরঙ্গপত্তনম্— বি, ক্লী; দাক্ষিণাত্যের শৃঙ্গপত্তন দেশ।

শ্রীল— বি—ণ(শ্রী—ল) শ্রীযুক্ত।

শ্রীবৎসঃ— বি, পুং; বিষ্ণু। বিষ্ণুর বক্ষঃস্থিত দক্ষিণাবর্ত্ত রোমাবলী। নৃপতি বিং।

শ্রীবৎসলাঞ্ছনঃ— বি, পুং; বিষ্ণু।

শ্রীবৃক্ষ(ক)ঃ— বি. পুং অশ্বত্থবৃক্ষ, বিল্ববৃক্ষ।

শ্রীশঃ— বি, পুং; বিষ্ণু।

শ্রুত— বি—ণ (শ্রু—কর্ম্ম—ক্ত) যাহা শুনা হইয়াছে, আকর্ণিত। প্রসিদ্ধ। ক্লী; বেদশাস্ত্র। শাস্ত্রজ্ঞান।

শ্রুতকীর্ত্তি— বি, স্ত্রী; শত্রুঘ্নের পত্নী, কুশধ্বজের কন্যা।

শ্রুতশালী(লিন্)— বি ণ (শ্রুত—শাল—কর্ত্তৃ—ণিন্) শাস্ত্রজ্ঞ। স্ত্রী; লিনী।

শ্রুতশ্রবাঃ(বস্)— বি, স্ত্রী; শিশুপালের মাতা।

শ্রুতিঃ— বি, স্ত্রী(শ্রু—কর্ম্ম—ক্তিন্) বেদ। কিংবদন্তী। বাচকশব্দ। স্বরের অবয়ব সূক্ষ্মস্বর বিং। (করণ—ক্তিন্) কর্ণ (ভাবে—ক্তিন্) শ্রবণ। (পরিশিষ্ট)

শ্রুতিকটু— বি ণ; যাহা শুনতে ভাল লাগে না। বি, পুং; দুঃশ্রবতা দোষ।

শ্রুতিধর— বি—ণ, যে শ্রবণমাত্র অভ্যাস করিতে পারে, অতিমেধাবী।

শ্রুতিপরায়ণ— বি ণ, বেদনিষ্ঠ।

শ্রুবঃ— বি, পুং; (শ্রু+ক) যজ্ঞ।

শ্রুবা—বি, স্ত্রী; যজ্ঞপাত্র বিং, ঘৃতক্ষেপ পাত্র।

শ্রূয়মাণ— বি ণ (শ্রু—কর্ম্ম—শানচ্) যাহা শুনা যাইতেছে।

শ্রেঢ়ী— বি, স্ত্রী; অঙ্কশাস্ত্রে গণনার

প্রকারবিং।

শ্রেণী(ণী)— বি, স্ত্রী; (শ্রি+নি+ঈপ্) পঙ্‌ক্তি

শ্রেয়ঃ (স্)— বি, ক্লী (প্রশস্য—ঈয়সু) ধর্ম্ম। মুক্তি। মঙ্গল। সুখ। বি ণ; শুভজনক। শ্রেষ্ঠ। স্ত্রী; য়সী।

শ্রেয়স্কর— বি ণ (শ্রেয়স্—কৃ—কর্ত্তৃ—ট) মঙ্গলজনক।

শ্রেষ্ঠ— বি ণ (প্রশস্য—ইষ্ঠ) অতিপ্রশস্ত। জ্যেষ্ঠ। স্ত্রী; ষ্ঠা।

শ্রেষ্ঠতা— বি, স্ত্রী; প্রাধান্য। উৎকৃষ্টতা।

শ্রেষ্ঠী(ষ্ঠিন্)— বি, পুং; (শ্রেষ্ঠ+ইনি) বণিক।

শ্রোণি (ণী)— বি, স্ত্রী (শ্রোণ—কর্ত্তৃ—ই) কটিদেশ। নিতম্ব। পথ।

শ্রোণিফলক— বি, ক্লী; কটিপ্রদেশ।

শ্রোতঃ(স্)— বি, ক্লী(শ্রু—অসুন্—তুট্—আগম) নদী প্রভৃতির বেগ। (করণ—অস্) কর্ণ।

শ্রোতব্য— বি—ণ (শ্রু—কর্ম্ম—তব্য) শ্রবণযোগ্য।

শ্রোতা(তৃ)— বি ণ (শ্রু—কর্ত্তৃ—তৃচ্) শ্রবণকর্ত্তা। স্ত্রী; ত্রী।

শ্রোত্রম্— বি, ক্লী (শ্রু—করণ—ত্র) কর্ণ।

শ্রোত্রিয়ঃ— বি, পুং (ছন্দস্—অধ্যয়নার্থে) বেদধ্যায়ী ব্রাহ্মণ।

শ্রৌত—বি—ণ(শ্রুতি—অন্) বেদবিহিত।

শ্লক্ষ্ণ— বি—ণ (শ্লিষ—কর্ত্তৃ—কস্ন) সূক্ষ্ম। চিক্কণ, স্নিগ্ধ। মনোহর, মধুর। অল্প। কৃশ।

শ্লথ— বি ণ (শ্লথ—কর্ত্তৃ—অচ্) আল্‌গা, শিথিল,

শ্লাঘা— বি, স্ত্রী(শ্লাঘ—ভাবে—অ—আপ্) প্রশংসা। নিজগুণবর্ণন।

শ্লাঘ্য— বিণ (শ্লাঘ—কর্ম্ম—ণ্যৎ) প্রশংসনীয়। স্পৃহণীয়।

শ্লিষ্ট— বি ণ (শ্লিষ—কর্ত্তৃ—ক্ত) সংযুক্ত। শ্লেষযুক্ত, অনেকার্থবোধক (বাক্য) (কর্ম্ম—ক্ত) আলিঙ্গিত।

শ্লীপদম্— বি. ক্লী. রোগবিশেষ।

শ্লীল— বি—ণ (শ্রী—লচ্) শ্রীযুক্ত, ভদ্র।

শ্লেষঃ— বি, পুং (শ্লিষ—ভাবে—অল্) সংযোগ। আলিঙ্গন। শব্দালঙ্কার বিং।

শ্লেষ্মা (ষ্মন্)— বি, পুং (শ্লিষ—কর্ত্তৃ—মন্) কফ, সর্দ্দি।

শ্লোকঃ— বি, পুং (শ্লোক—কর্ম্ম—অচ্ অথবা রামায়ণ মতে শোকশব্দজ) পদ্য, কবিতা। যশঃ।

শ্বঃ(স)— অব্য; আগামী দিনে।

শ্বঃশ্রেয়সম্— বি, ক্লী; (শ্বস্—শ্রেয়স্+অচ্) মঙ্গল, সুখ।

শ্বপচঃ — (শ্বন্—পচ—কর্ত্তৃ—অন্)
শ্বপাকঃ— (শ্বন্—পচ—কর্ত্তৃ—ঘঞ)
বি, পুং; চন্ডাল। ব্যাধ।

শ্বভীরুঃ— বি. পুং (শ্বন্+ভীরু) শৃগাল।

শ্বভ্রম্— বি. ক্লী; (শ্বভ্র+অচ্) ছিদ্র, গর্ত্ত।

শ্বয়থুঃ— বি, পুং (শ্বি—ভাবে—অথু) বৃদ্ধি। শোথরোগ, গোদ।

শ্ববৃত্তিঃ— বি, স্ত্রী; (শ্বন্+বৃত্তি) চাকুরী, সেবা। দাস্য।

শ্বশুরঃ— বি, পুং (আশু—মান্যতা—অশ—কর্ত্তৃ—উরচ্, নি) পতি ও পত্নীর পিতা।

শ্বশুর্য্যঃ— বি, পুং (শ্বশুর—যৎ) শ্বশুরপুত্র, দেবর, ভাসুর। শ্যালক।

শ্বশ্রূঃ— বি, স্ত্রী(শ্বশুর—উঙ) শাশুড়ী।

শ্বসনম্— বি, পুং (শ্বস—করণ—ল্যুট্) বায়ু। (ভাবে—ল্যুট্) নিশ্বাস। জীবন।

শ্বসিত— বি, ক্লী (শ্বস—ভাবে—ক্ত) নিশ্বাস। জীবন।

শ্বস্তন— বিণ (শ্বস—ট্যুল) আগামীদিবসীয়। (স্ত্রী; নী।)

শ্ব(শ্বন্)— বি, পুং (শ্বি—কর্ত্তৃ—কনিন্) কুক্কুর।

শ্বানঃ— বি.পুং, (শ্বন্+অন) কুক্কুর।

শ্বাপদঃ— বি, পুং(শ্বন্—পদ) যাহাদের কুক্কুরের ন্যায় পদ অর্থাৎ থাবা, হিংস্রজন্তু।

শ্বাবিৎ (ধ্))— বি, পুং (শ্বন্—আ—ব্যধ—কর্ত্তৃ—কিপ্) শজারু।

শ্বাসঃ— বি, পুং (শ্বস—ভাবে—ঘঞ) নিশ্বাস। (অধি—ঘঞ) কাসরোগ বিং।

শ্বিত্রম্— বি, ক্লী (শ্বিত—করণ—রক্) ধবলরোগ। শ্বেতকুষ্ঠ।

শ্বিত্রী(ত্রিন্)— বি—ণ (শ্বিত্র—ইন্) শ্বিত্ররোগযুক্ত। স্ত্রী; ত্রিণী।

শ্বেত— বি, পুং (শ্বিত—কর্ত্তৃ—অন্) শুক্লবর্ণ। দ্বীপ বিং। পর্ব্বত বিং। বি—ণ; শ্বেতবর্ণবিশিষ্ট।

শ্বেতকেতুঃ— বি, পুং; মুনি বিং।

শ্বেতচ্ছদঃ—বি, পুং; হংস। বি—ণ; শুক্লবর্ণ পাখাযুক্ত।

শ্বেতরক্ত— বি, পুং; পাটলবর্ণ, গোলাপী রং। বি—ণ; তদ্বর্ণবিশিষ্ট।

শ্বেতবাহঃ— বি, পুং (শ্বেত—বহ—কর্ম্ম—বিণ্) ইন্দ্র। অর্জ্জুন।

শ্বেতা— বি. স্ত্রী (শ্বিত—অচ্+টাপ্) বরাটিকা, শঙ্খিনী, শ্বেতঅপারাজিতা, শর্করা, শ্বেতবৃহতী।

শ্বৈত্যম্— বি.ক্লী. (শ্বেত-ষ্যঞ) শুভ্রতা।

শ্বোবসীয়সম্— বি, ক্লী (শ্বস্—বসুঅচ্—পরদিন ভাবি শুভ।

ষ

ষঃ— বি, পুং; (সো-ক) ৩১শ ব্যঞ্জনবর্ণ। কেশ। শেষ। বি—ণ; শ্রেষ্ঠ। শোভন।

ষট্(ষ্)— বি, পুং; ছয়সংখ্যা। বি—ণ; ছয়সংখ্যাবিশিষ্ট।

ষট্‌কম্— বি, ক্লী(ষষ্—কণ্) ছয়সংখ্যা।

ষট্‌কর্ম্মা (র্ম্মন্)— বি, পুং; যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান ও প্রতিগ্রহ এই ছয় প্রকার কর্ম্মকারী ব্রাহ্মণ। ক্লী; ঐ ছয় কর্ম্ম।

ষট্‌চক্র— বি, দেহমধ্যস্থ মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপূরক, অনাহত, বিশুদ্ধ, আজ্ঞা, নামক ছয় চক্র।

ষট্‌চত্বরিংশৎ— বি, স্ত্রী(ষষ্—অধিক—চত্বারিংশৎ) ছচল্লিশ সংখ্যা। বি—ণ; তৎসংখ্যাবিশিষ্ট। পূরণবাচক, পুং ষট্‌চত্বারিংশ। স্ত্রী; শী।

ষট্‌ত্রিংশৎ— বি, স্ত্রী (ষষ্—অধিক—ত্রিংশৎ) ছত্রিশ সংখ্যা। বি—ণ; তৎসংখ্যাবিশিষ্ট। পূরণবাচক, পুং; ষট্‌ত্রিংশ। স্ত্রী; শী।

ষট্পঞ্চাশৎ— বি, স্ত্রী (ষষ্— অধিক — পঞ্চাশৎ) ছাপ্পান্ন। বি—ণ; তৎসংখ্যাবিশিষ্ট। পূরণবাচক, পুং; ষট্পঞ্চাশ। স্ত্রীশী।

ষট্পদ— বি, পুং; ভ্রমর।

ষট্পদী— বি, স্ত্রী; ভ্রমরী। কেশকীট, যুকা। ছয়চরণযুক্ত ছন্দঃ।

ষট্প্রজ্ঞঃ— বি, পুং (ষষ্—প্রজ্ঞা) ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ, লোকাচার, তত্ত্বজ্ঞান এই ছয় বিষয়ে অভিজ্ঞ, বৌদ্ধ।

ষড়ঙ্গম্— বি, ক্লী (ষষ্—অঙ্গ) হস্তদ্বয়, পাদদ্বয়, কটি ও মস্তক — দেহের এই ছয় অঙ্গ। শিক্ষা,কল্প, ব্যাকরণ, নিরুক্ত, জ্যোতিষ ও ছন্দঃ— এই ছয় বেদাঙ্গ। আদ্য শ্রাদ্ধে পীঠ, অন্নপাত্র, দীপ, পাদুকা, ছত্র ও শয্যা এই ছয় দ্রব্য।

ষড়ঙ্গন্যাসঃ—বি, পু. মন্ত্রোচ্চারণ পূর্বক হৃদয়, শির, শিখা, কবচ, নেত্র ও অস্ত্র— এই দৃঢ় অঙ্গার্পণ।

ষড়ভিজ্ঞঃ— বি, পুং; দিব্যচক্ষুঃশ্রোত্র, পরচিত্তজ্ঞান, পূর্ববজন্মস্মরণ, আত্মজ্ঞান, বিয়দগতি, কায়ব্যূহসিদ্ধি অর্থাৎ যে কোন দেহ ধারণ করিবার ক্ষমতা এই ছয় বিষয়ে অভিজ্ঞ বৌদ্ধ।

ষড়শীতিঃ— বি, স্ত্রী (ষষ্— অধিক— অশীতি) ৮৬ সংখ্যা। সংক্রান্ত বিং। বি—ণ; তৎসংখ্যাবিশিষ্ট।

ষড়াননঃ— বি, পুং(ষষ্—আনন) কার্ত্তিকেয়।

ষড়্গুণঃ— বি, পুং; সন্ধি, বিগ্রহ, যান, আসন দ্বৈধ ও আশ্রয়— রাজাদিগের এই ছয় গুণ। বি—ণ; ছয় সংখ্যা দ্বারা গুণিত।

ষড়্জঃ— বি, পুং (ষষ্— জন— কর্ত্তৃ—ড) ময়ূরের স্বরতুল্য স্বর বিং , খরজ্। ঐ স্বর নাসিকা, কণ্ঠ, বক্ষঃস্থল, তালু, জিহ্বা ও দন্ত এই ছয় স্থান হইতে উৎপন্ন হয়।

ষড়্দর্শনম্— বি, ক্লী; পূর্ববমীমাংসা, বেদান্ত, সাংখ্য, পাতঞ্জল, ন্যায়, বৈশেষিক এই ছয় দর্শন শাস্ত্র।

ষড়্দুর্গম্—ক্লী, ধন্বদুর্গ, অব্দুর্গ, গিরিদুর্গ, মনুষ্যদুর্গ, মৃদ্দুর্গ ও বনদুর্গ—এই ছয় প্রকার দুর্গ।

ষড়্ধা— অব্য (ষষ্—ধাচ্)ছয় প্রকার।

ষড়্রসম্— বি, ক্লী; মধুর, লবণ, তিক্ত, কষায়, অম্ল ও কটু এই ছয় রস।

ষড়্রিপুঃ— পুং . কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য — এই ছয় রিপু।

ষড়্বর্গঃ— বি, পুং; কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য্য এই ছয়।

ষড়্বিধ— বি—ণ (ষষ্—বিধা) ছয় প্রকার।

ষণ্ডঃ— বি, পুং (সন—কর্ত্তৃ—ড, নি) ষাঁড়, বৃষ। নপুংসক। পুং, ক্লী;পদ্ম প্রভৃতির সমূহ।

ষণ্ডকঃ
ষণ্ঢঃ— বি, পুং (সন—কর্ত্তৃ—ঢ) নপুংসক।

ষন্মুখঃ— বি, পুং (ষষ্—মুখ) কার্ত্তিকেয়।

ষষ্টি— বি, স্ত্রী; (ষষ্-তি) ৬০ সংখ্যা। বিণ; তৎসংখ্যা বিশিষ্ট।

ষষ্টিতম— বি—ণ (ষষ্টি—তমট্) যাটের পূরণ।

ষষ্ঠ—বি ণ(ষষ্—থট্) ছয় সংখ্যার পূরণ।

ষষ্ঠী— বি, স্ত্রী; দেবীবিং। মাতৃকাবিং। তিথিবিং। বি—ণ; ছয়সংখ্যার পূরণ।

ষাড়বঃ— পু(ষড়্—অব+অচ্) গান, রস।

ষাড়্গুণ্য— বি, ক্লী(ষড়্গুণ—স্বার্থে ষ্যঞ্) ষড়্গুণ দ্র.

ষান্মাতুরঃ— বি, পুং (ষষ্—মাতৃ—ষ্ণ) কার্ত্তিকেয়। কৃত্তিকাদিত্রয়, দুর্গা গঙ্গা ও পৃথিবী এই ছয়ের পুত্র বলিয়া এই নাম হইয়াছে।

ষাণ্মাসিক— বি ণ (ষষ্—মাস—ঠক) ষষ্ঠমাসে কর্ত্তব্য শ্রাদ্ধাদি।

ষিড়্গ— বি, পুং (সিট—কর্ত্তৃ—গক্) লম্পট। উপপতি।

ষোড়শঃ— বি—ণ(ষোড়শন্—ডট্) ১৬ সংখ্যার পূরণ। স্ত্রী; শী— মহাবিদ্যা দেবী বিং। ষোড়শবর্ষীয়া যুবতী।

ষোড়শঃ (শন্)— বি, পুং (ষষ্— অধিক—দশন্) ১৬ সংখ্যা। বি—ণ; তৎসংখ্যা বিশিষ্ট।

ষোড়শকম্— বি, ক্লী(ষোড়শন্— কণ্) শ্রাদ্ধাদি কালে ১৬ প্রকার দেয় বস্তু, যথা— ভূমি আসন জল বস্ত্র দীপ অন্ন তাম্বুল ছত্র গন্ধমাল্য ফল শয্যা পাদুকা গো কাঞ্চন ও রজত।

ষোড়শমাতৃকা— গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি আত্মদেবতা, কুলদেবতা— এই ষোড়শ মাতৃকা।

ষোড়শাঙ্গঃ—বি, পুং গুগ্গুলু, সরল, দারু, পত্র, চন্দন, হ্রীবের, অগুরু, কুষ্ঠ, গুড়, সর্জ্জরস, ঘন, হরীতকী, নখী, লাক্ষা, জটামাংসীও শৈলেয় এই ১৬ প্রকারগন্ধ দ্রব্যে নির্ম্মিত ধূপ। বি—ণ; ১৬ অঙ্গযুক্ত।

ষোড়শোপচারঃ— বি, পুং; পূজার ১৬ প্রকার উপাচার, যথা— আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয়, স্নান, বসন, আভরণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য ও বন্দন।

ষোঢ়া— অব্য (ষষ্—ধাচ্) ছয় প্রকার। ছয়বার।

ষ্ঠীবনম্— বি, ক্লী (ষ্ঠিব—ভাবে ল্যুট্) থুতুফেলা, থুৎকারক্ষেপণ।

ষ্ঠ্যূত— বিণ—র (ষ্ঠিব—কর্ম্ম—ক্ত) নিরস্ত। যাহা বমন করা হইয়াছে, বান্ত।

স

সঃ— বি, পুং;৩২ শ ব্যঞ্জনবর্ণ। বিষ্ণু। চন্দ্র। শিব। জীবাত্মা। ভৃগু। দীপ্তি। সর্প, বিহগ

সংক্ষেপঃ— বি, পুং (সম্+ক্ষিপ্+ঘঞ্) স্বল্পীকরণ।

সংক্ষোভঃ— পুং. (সম্—ক্ষুভ+ঘঞ্) ক্ষোভ, চাঞ্চল্য।

সংগৃহীত— বি ণ; সঙ্কলিত, আহৃত।

সংগোপনম্— বি, ক্লী; লুকান।

সংগ্রহঃ— বি, পুং (সম্—গ্রহ—ভাবে—অল্) সঞ্চয়। একত্রীকরণ। সংক্ষেপ। সঙ্কলন।

সংগ্রামঃ— বি, পুং (সংগ্রাম—ভাবে—

অল্) যুদ্ধ।

সংগ্রাহক— বি—ণ, (সম্—গ্রহ—কর্ত্তৃ—ণক) সংগ্রহকারী।

সংজ্ঞাপনম্— বি, ক্লী(সম্—জ্ঞা—ণিচ্—ভাবে—ল্যুট) মারণ, বধ।

সংজ্ঞা— বি, স্ত্রী(সম্—জ্ঞা—করণ—অঙ্+আপ্) নাম। চেতনা। হস্তাদি দ্বারা সূচনা, সঙ্কেত। সূর্য্যপত্নী। গায়ত্রী।

সংজ্ঞুঃ— বি ণ(সম্—জানু) যাহার জানুদ্বয় মিলিত, সংহতজানু।

সংযৎ— বি, স্ত্রী (সম্—যম—অধি—ক্বিপ্) যুদ্ধ।

সংযত— বি—ণ (সম্—যম—কর্ম্ম—ক্ত) বদ্ধ। নিয়মিত। যে ইন্দ্রিয়নিগ্রহ করিয়াছে, কৃতসংযম।

সংযমঃ— বি, পুং (সম্—যম—ভাবে—অল্)

সংযমনম্— বি, ক্লী(সম্—যম—ল্যুট্) বন্ধন। নিয়ম ব্রতাদির পূর্ব্বদিন কর্ত্তব্য। আচার বিং। ইন্দ্রিয়নিগ্রহ। ধ্যান, সমাধি।

সংযমিত— বি—ণ (সম্—যম—ণিচ্—কর্ম্ম—ক্ত) বদ্ধ। নিয়মিত। দমিত।

সংযমী(মিন্)— বি, পুং (সংযম—ইন্) মুনি। বি ণ; ইন্দ্রিয় নিগ্রহকরী। নিয়মবিশিষ্ট।

সংযাত্রা— বি, স্ত্রী; মিলিতভাবে গমন।

সংযাবঃ— বি, পুং (সম্—যু—কর্ম্ম—ঘঞ) ঘৃত ক্ষীরাদিদ্বারা পক্ব গোধূমচূর্ণ, খাদ্যবিং।

সংযুক্(জ)— বি ণ (সম—যুজ—কর্ত্তৃ—ক্বিপ্) গুণাঢ্য। সংযুক্ত। পুং-জামাতা।

সংযুক্ত— বি ণ; (সম্—যুজ+ক্ত) মিলিত।

সংযুগঃ— বি, পুং (সম্—যুজ্+ক) যুদ্ধ।

সংযুত— বি—ণ,(সম্—যুজ+ক্ত) মিলিত, সংযুক্ত।

সংযোগঃ— বি, পুং(সম্—যুজ্+ঘঞ) মিলন।

সংযোজিত— বিণ (সম্—যুজ—ণিচ্—ক্ত) যাহা একত্র করা হইয়াছে, সম্মিলিত।

সংরব্ধ— বিণ(সম্—রভ—কর্ত্তৃ—ক্ত) কুপিত। বেগযুক্ত।

সংরম্ভঃ— বি, পুং (সম্—রভ—ভাবে—ঘঞ) ক্রোধ। আক্রোশ। গর্ব্ব। বেগ। সম্ভ্রম। উৎসাহ। জাঁক। যুদ্ধ।

সংরাধনম্— ক্লী(সম্—রাধ+ল্যুট্) সম্যক অরাধনা।

সংরাবঃ— বি, পুং; (সম্—রু+ঘঞ) শব্দ।

সংরূঢ়— বিণ;(সম্+রুহ+ক্ত) অঙ্কুরিত। প্রবৃদ্ধ।

সংরোধঃ— বি, পুং; (সম্+রুধ+ঘঞ) প্রতিবন্ধ। অবরোধ।

সংলগ্ন— বিণ;(সম্+লগ+ক্ত) সংযুক্ত। মিলিত।

সংলাপঃ— বি, পুং (সম্—লপ—ভাবে—ঘঞ) পরস্পর কথাবার্তা।

সংবৎ— অব্য; বিক্রমাদিত্যের প্রচারিত বৎসর।

সংবৎসরঃ— বি, পুং; বৎসর।

সংবননম্— বি, ক্লী (সম্—বন+ল্যুট) বশীকরণ। অলোচনা।

সংবর— বি, ক্লী; (সম্-বৃ-অপ্) জল। বৌদ্ধব্রত বিং। পুং; অসুর বিং। শৈল বিং। সেতু।

সংবরণম্— বি,ক্লী;(সম্—বৃ+ল্যুট্) বরণ। বরমাল্যদান। সংগোপন।

সংবর্ত্তঃ— বি, পুং (সম্—বৃত—ভাবে—অল্) প্রলয়। (কর্ত্তৃ—অন্) প্রলয়কালীন মেঘ বিং।

সংবর্দ্ধনম্— বি, ক্লী; (সম্—বৃধ+ণিচ্+ল্যুট্)

সংবর্দ্ধনা— বি, স্ত্রী; সম্মানন। বৃদ্ধি প্রাপণ।

সংবলিত—বিণ (সম্—বল—কর্ম্ম—ক্ত) মিলিত। সহিত। বেষ্টিত। চলিত। চূর্ণিত।

সংবসথঃ— বি, পুং (সম্—বস—অধি—অথ) গ্রাম।

সংবহঃ— বি, পুং; (সম্-বহ-অচ্) বৃত্তান্ত। পরস্পর কথাবার্ত্তা। সাদৃশ্য।

সংবাদী(দিন্)— বি—র (সম্-বদ্-নিনি) সদৃশ। একরূপ। সম্ভাষণকারী।

সংবাসঃ—বি.পু. (সম্+বস+ঘঞ) নগরের বাহিরে বাসযোগ্য অনাবৃত স্থান।

সংবাহনম্— বি, ক্লী(সম্—বহ—ণিচ্—ভাবে ল্যুট্) গা টেপা, অঙ্গমর্দ্দন।

সংবাহকঃ— বি ণ (সম্—বহ— ণিচ্—কর্ত্তৃ—ণক) যে অঙ্গমর্দ্দন করে। বহনকারী।

সংবাহিত— বিণ (সম্—বহ—ণিচ্—কর্ম্ম—ক্ত) মর্দ্দিত)অঙ্গ)।

সংবিৎ(দ)— (সম্—বিদ—ভাবে—ক্বিপ)

সংবিদা— বি, স্ত্রী (সম্—বিদ—ভাবে—ক্বিপ্—আপ্) জ্ঞান। প্রতিজ্ঞা নিয়ম। আচার। সঙ্কেত। সমাধি। সম্ভাষণ। সন্তোষ। (করণ—ক্বিপ্) নাম। (অধি—ক্বিপ্) যুদ্ধ।

সংবিধা— বি, স্ত্রী (সম্—বি—ধা—করণ—অঙ্)

সংবিধানম্— বি, ক্লী (সম—বি—ধা—করণ—ল্যুট্) রচনা, সজ্জা। উপচার। আয়োজন। ঘটনা। বৈচিত্র্য।

সংবিষ্ট— বিণ (সম্—বিশ—কর্ত্তৃ—ক্ত) শয়িত। নিবিষ্ট।

সংবীত— বিণ(সম্—ব্যে—কর্ম্ম—ক্ত) গুপ্ত। আবৃত। রুদ্ধ। (সম্—বি—ই—কর্ত্তৃ—ক্ত) মিলিত।

সংবৃত— বিণ; (সম্—বৃ+ক্ত) গুপ্ত। আবৃত। লুক্কায়িত।

সংবৃতিঃ— বি, স্ত্রী; (সম্—বৃ+ক্তিন্) আবরণ। গোপন।

সংবৃত্ত— বিণ; (সম্—বৃৎ+ক্ত)নিষ্পন্ন। জাত।

সংবেগঃ— বি, পুং; (সম্—বিজ্+ঘঞ) অতিবেগ। ভয়। ভয়জনিত ত্বরা।

সংবেদঃ— পু. (সম্—বিদ্+ণিচ্+ঘঞ) জ্ঞান।

সংবেশঃ— বি, পুং(সম্—বিশ্+ঘঞ) শয়ন। নিদ্রা উপবেশন। সুরত। শয্যা।

সংব্যানম্— বি,ক্লী (সম্—ব্যে—করণ—ল্যুট্) উত্তরীয় বস্ত্র। বস্ত্র।

সংশপ্তকঃ— বি, পুং; যে সকল সৈন্য শপথ বা সংগ্রাম হইতে বিচলিত না হয়।

সংশয়ঃ— বি, পুং (সম্—শী—ভাবে—

অল্) সন্দেহ।

সংশয়াত্মা(ত্মন্)— বিণ; সন্দিগ্ধচিত্ত।

সংশয়ান— বিণ (সম্—শী—কর্ত্তৃ—শানচ্) সন্দেহযুক্ত।

সংশিত— বিণ (সম্—শো—ক্ত) স্থিরীকৃত। সম্পাদিত। শাণিত। ব্রত বিষয়ক যত্নবান্ "সংশিতো ব্রাহ্মণঃ।

সংশিতব্রত— বি ণ; যে ব্যক্তি যথাবিধি নিত্য নৈমিত্তিক কর্ম্মের অনুষ্ঠান করে।

সংশোধক— বিণ; শোধনকারী।

সংশোধনম— বি, ক্লী; (সম্-শুধ্-ল্যুট্) পরিষ্করণ।

সংশোধিত— বি ণ; পরিষ্কৃত;

সংশ্যান— বিণ (সম্—শ্যৈ—ক্ত) শীতদ্বারা সঙ্কুচিত,জড়, হওয়া। ঘনীভূত।

সংশ্রয়ঃ— বি, পুং; আশ্রয়। ব্যাপ্তি। কারণ।

সংশ্র (শ্রা) বঃ— বি, পুং; (সম্-শ্রু-অপ্ (ঘঞ) প্রতিজ্ঞা, অঙ্গীকার। সম্পর্ক।

সংশ্রুত— বি ণ; প্রতিজ্ঞাত।

সংশ্লিষ্ট— বি ণ; (সম্-শ্লিষ-ক্ত) আলিঙ্গিত। মিলিত। সম্বন্ধ।

সংশ্লেষঃ— বি, পুং ;(সম্-শ্লিষ্-ঘঞ) আলিঙ্গন। মিলন। সম্বন্ধ।

সংসক্ত— বিণ; (সম্-সন্‌জ-ক্ত) সংলগ্ন। মিলিত। আসক্ত।

সংসৎ(দ)— বি, স্ত্রী (সম্—সদ্—অধি—ক্বিপ্) সভা।

সংসরণম্— বি, ক্লী; (সম্-সৃ-ল্যুট্) সংসার। অবাধে সৈন্যগমন। সঙ্গতি। গমন।

সংসর্গঃ— বি, পুং (সম্-সৃজ-ঘঞ) সহবাস। সম্বন্ধ।

সংসর্গী(র্গিন্)— বি—র (সংসর্গ—ঘিনুন্) সম্বন্ধবিশিষ্ট। সহবাসী।

সংসর্পঃ— পুং (সম্—সৃপ+ঘঞ) মন্দগমন, ক্রমশবিস্তার।

সংসারঃ— বি, পুং (সম্—সৃ—অধি ঘঞ) জগৎ পরিবার। মায়াজন্য বাসনা, মায়াবন্ধন।

সংসারী (রিন্)— বি ণ (সম্-সৃ-ণিনি) যে ব্যক্তি পরিবার লইয়া জীবন যাপন করে। দেহী।

সংসিদ্ধ— বিণ; (সম্-সিধ্-ক্ত) স্বভাবসিদ্ধ। সম্যক্ নিষ্পন্ন।

সংসিদ্ধিঃ— বি, স্ত্রী; (সম্-সিধ্-ক্তিন্) স্বভাব। স্বাভাবিক অবস্থা। নিষ্পত্তি।

সংসৃতিঃ— বি, স্ত্রী; (সম্—সৃ+ক্তিন্) সংসার।

সংসৃষ্ট— বিণ; (সম্—সৃজ+ক্ত) সংসর্গযুক্ত, মিলিত।

সংসৃষ্টিঃ— বি, স্ত্রী; (সম+সৃজ+ক্তিন্) সংসর্গ, মিলন

সংসৃষ্টী (ষ্টিন্)— বি ণ; (সংসৃষ্ট-ইনি) বিভাগান্তর মিলিত, একান্নবর্ত্তী।

সংস্কর্ত্তা(র্ত্তৃ)— বিণ (সম্—কৃ—কর্ত্তৃ—তৃন) যে সংস্কার করে। স্ত্রী;ত্রী।

সংস্কারঃ— বি, পুং (সম্—কৃ—ভাবে—ঘঞ) স্মৃতিজনক শক্তি বিং। শাস্ত্রাভ্যাস জন্য ব্যুৎপত্তি। মেরামতি, জীর্ণোদ্ধার। শুদ্ধি। মন্ত্রাদি দ্বারা শোধন। নির্ম্মলীকরণ। গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম্ম, নামকরণ, নিষ্ক্রমণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন,

বিবাহ এই দশবিধ কর্ম্ম। পাক।

সংস্কৃত— বি ণ (সম্—কৃ—কর্ম্ম—ক্ত) শোধিতঃ পরিষ্কৃত। ভূষিত। পক্ক। নির্ম্মলীকৃত। মন্ত্রপূত। বিশুদ্ধরূপে প্রস্তুত। বি, ক্লী; ভাষা বিং, দেববাণী।

সংস্ক্রিয়া— বি, স্ত্রী; সংস্কার। শোধন।

সংস্তরঃ— বি, পুং (সম্—স্তৃ—কর্ম্ম—অল্) শয্যা। (ভাবে—অল্) আস্তরণ। অধি—অল্) যজ্ঞ।

সংস্তম্ভঃ— বি, পুং; (সম্—স্তন্‌ভ+ঘঞ) প্রতিবন্ধ।

সংস্তবঃ— বি, পুং; (সম্—স্তু+অপ্) পরিচয়। স্তুতি।

সংস্তুত— বি ণ; পরিচিত। সম্যক্ স্তুত।

সংস্তায়ঃ— বি, পুং (সম স্ত্যৈ—ভাবে—ঘঞ) নিবিড় সন্নিবেশ। বিস্তার।

সংস্থা— বি, স্ত্রী (সম্—স্থা+অঙ্+টাপ্) ন্যায় পথে স্থিতি। আকৃতি। সভা। মৃত্যু, নাশ। স্থিতি। সদৃশ্য।

সংস্থানম্— বি, ক্লী; (সম্+স্থা+ল্যুট্) আকৃতি। সঞ্চয়। সন্নিবেশ। স্থিতি। মৃত্যু। চতুষ্পথ।

সংস্থাপনম্— বি, ক্লী; (সম্—স্থা+ণিচ্+ল্যুট্) রাখা, স্থাপিত করণ।

সংস্থিত— বি ণ; ((সম্—স্থা+ক্ত) মৃত। সন্নিবিষ্ট।

সংস্পর্শঃ— বি, পুং; (সম্—স্পৃশ+ঘঞ) সম্যক স্পর্শ। সম্বন্ধ।

সংস্ফোটঃ— বি, পুং (সম্—স্ফুট+ঘঞ) যুদ্ধ।

সংস্রবঃ— বি, পুং ; (সম্—স্রু+অপ্) সম্পর্ক। মিলন।

সংহত— বি ণ; (সম্—হন্+ক্ত) দৃঢ়। জমাট। মিলিত। সঞ্চিত।

সংহতিঃ— বি, স্ত্রী; (সম্—হন্+ক্তিন্) সমূহ। জমাট, সঙ্ঘাত।

সংহননম্— বি, ক্লী; (সম্—হন্+ল্যুট্) দেহ। সঙ্ঘাত। সম্যক বধ।

সংহারঃ— বি, পুং (সম্—হৃ—ভাবে—ঘঞ) বিনাশ। সংগ্রহ। প্রত্যাকর্ষণ। (অধি—ঘঞ) নরকবিং। (কর্ত্তৃ—ঘঞ) ভৈরব বিং।

সংহিত— বিণ; মিলিত। সংগৃহীত। একত্রীকৃত। যোগচিহ্ন +।

সংহিতা— বি, স্ত্রী;মন্বাদি প্রণীত স্মৃতিশাস্ত্র। কর্ম্মকান্ডবোধক বেদের শাখা।

সংহূতি ঃ— বি, স্ত্রী; (সম্-হেব-ক্তিন্) বহুজন কর্ত্তৃক যুগপৎ আহ্বান।

সংহৃত— বিণ (সম্—হৃ—কর্ম্ম—ক্ত) বিনাশিত। সংগৃহীত। সংক্ষিপ্ত। প্রত্যাকৃষ্ট।

সংহ্রাদঃ— বি, পুং(সম্—হ্রদ—ভাবে—অল) শব্দ, গোলমাল।

সকর্ম্মক— বিণ; কর্ম্মযুক্ত (ধাতু)।

সকল— বি ণ (সহ—কলা) সমুদায়। কলা সহিত।

সকাম— বিণ (সহ—কাম) যাহার কামনা পূর্ণ হইয়াছে।

সকাল— ত্রি(সহ+কাল) প্রত্যুষ।

সকাশ— ত্রি(সহ—কাশ) সমীপ।

সকুলঃ— বি.পু. শকুলমৎস্য। ত্রি. সমানবংশ।

সকুল্য— বিণ (সমান্—কুল—যৎ)

একবংশ, সপিণ্ডের ঊর্দ্ধ তিন ও অধঃ তিনপুরুষ।

সকৃৎ— অব্য; একবার। স্ত্রী; বিষ্ঠা।

সকৃৎপ্রজঃ— বি, পুং (সকৃৎ— প্রজা) কাক।

সক্ত— বি ণ (সন্‌জ—কর্ত্তৃ—ক্ত) আসক্ত। সংলগ্ন। মনোযোগী।

সক্তু— বি, পুং; ক্লী (সচ—কর্ম্ম—তুন্) ছাতু।

সক্থি— বি, ক্লী(সন্‌জ— কর্ত্তৃ—ক্থিন্) উরুদেশ। শকটের অবয়ব বিং।

সখা(খি)— বি, পুং (সহ—খ্যা—কর্ম্ম—ইন্) মিত্র। সহচর। সহায়।

সখী— বি, স্ত্রী(সখি—ঈপ্) সহচরী, বয়স্যা।

সখ্যম— বি, ক্লী(সখি—ষ্য) মিত্রতা।

সগদ্গদ— ত্রি. মন্দকণ্ঠধ্বনিযুক্ত।

সগন্ধ— বিণ; গন্ধযুক্ত। গবর্বযুক্ত। একবংশোৎপন্ন।

সগরঃ— বি, পুং (সহ—গর) সূর্য্যবংশীয় নৃপতি বিং। (পরিশিষ্ট দ্র.)

সগর্ভঃ— বি, পুং (সমান—গর্ভ) সহোদর। বিণ; গর্ভযুক্ত।

সগুণ— ত্রি. গুণযুক্ত।

সগোত্র— বিণ (সমান—গোত্র) একবংশ-জাত, জ্ঞাতি।

সঙ্কট— বি ণ (সম্—কটচ্) সঙ্কীর্ণ, অল্পপ্রস্থ। আপদ্‌জনক। নিবিড়। অভেদ্য। জনতাপূর্ণ। বি. ক্লী; বিপদ্। দুঃখ। জনতা, ভিড়।

সঙ্করঃ— বি, পুং (সম্—কৃ—কর্ম্ম—অল) সম্মার্জনী দ্বারা একত্রীকৃত ধূলি প্রভৃতি আবর্জনা, অবস্কর। (কৃ—ভাবে—অল্) মিলন, মিশ্রণ। পরস্পর বিরুদ্ধ পদার্থের একত্রাবস্থান। উভয়জাতির সহবাসে উৎপন্ন মিশ্রজাতি।

সঙ্কর্ষণঃ— বি, পুং (সম্—কৃষ—অণ) বলদেব। বি, ক্লী (ভাবে—ল্যুট্) আকর্ষণ।

সঙ্কলনম্— বি, ক্লী; (সম্-কল-ল্যুট্) সংগ্রহ। মিলন। অঙ্কযোগ, ঠিক দেওয়া।

সঙ্কলিত— বিণ (সম্—কল—কর্ম্ম—ক্ত) সংগৃহীত। যাহা যোগ করা হইয়াছে।

সঙ্কল্পঃ— বি, পুং (সম্—কৃপ—ভাবে—অল্) মনে মনে স্থির করা, মানসকর্ম্ম। ইচ্ছা।

সঙ্কল্পযোনিঃ— বি, পুং; কন্দর্প।

সঙ্কল্পিত— বিণ; (সঙ্কল্প-ইতচ্) অভীপ্সিত।

সংকীর্ণ— বিণ (সম্—কৃ—কর্ম্ম—ক্ত) ভিড়, জনতাপূর্ণ। ব্যাপ্ত। মিশ্রিত। মিলিত। সঙ্কুচিত, অপ্রশস্ত।

সংকীর্ত্তনম্— বি, ক্লী(সম্—কীর্ত—ভাবে—ল্যুট্) সুন্দররূপে গুণাদি কথন। বর্ণনা। উচ্চারণ।

সঙ্কুচিত— বিণ (সম্—কুচ—কর্ত্তৃ—ক্ত) মুদ্রিত। কুণ্ঠিত। সংক্ষিপ্ত, অপ্রশস্ত।

সঙ্কুল— বিণ (সম্—কুল—কর্ত্তৃ—ক) ব্যাপ্ত। বহুলোক সমাকীর্ণ। মিশ্রিত। বি, ক্লী; পরস্পর বিরুদ্ধ বাক্য। যুদ্ধ। জনতা।

সঙ্কেতঃ— বি, পুং (সঙ্কেত—ভাবে—

অল্) ইঙ্গিত, ইসারা। নিয়ম। শব্দের অর্থবোধন শক্তি, অভিধা। (কর্ম্ম—অল্) নির্দ্দিষ্ট স্থান।

সঙ্কেতিত— বিণ (সঙ্কেত—ইতচ্) সঙ্কেতযুক্ত।

সঙ্কোচঃ— বি পুং (সম্—কুচ—ভাবে—অল্) সামান্য বিষয়ের বিশেষকরণ। সংক্ষেপ। মুদ্রণ। জড়ীভাব।

সঙ্কোচ্যতা— বি, স্ত্রী; যে গুণ থাকাতে বস্তু সকলকে চাপিয়া সঙ্কুচিত করা যায়।

সংক্রন্দনঃ— বি, পুং (সম্—ক্রন্দ—কর্ত্তৃ—অন) ইন্দ্র। ক্লী (ক্রন্দ—ভাবে—ল্যুট্) অতিরোদন।

{ **সংক্রমঃ**— বি, পুং (সম্-ক্রম-ঘঞ্)
সংক্রমণম্— বি, ক্লী; গ্রহগণের একরাশি হইতে অন্য রাশিতে গমন। প্রাপ্তি। মন, পর্য্যটন। সেতু। উপায়। সোপান।

সংক্রমিত— বিণ(সম্—ক্রম—ণিচ্—কর্ম্ম—ক্ত) প্রবেশিত। প্রতিবিম্বিত। নিবেশিত।

সংক্রান্ত— বি—ণ (সম্—ক্রম্—কর্ত্তৃ—ক্ত) গত। ব্যাপ্ত। সঞ্চারিত। প্রতিবিম্বিত।

সংক্রান্তিঃ— বি, স্ত্রী (সম্—ক্রম—ভাবে—ক্তিন্) গ্রহগণের একরাশি হইতে অন্য রাশিতে গমন। ব্যাপ্তি। প্রাপ্তি।

সংক্ষয়ঃ—পুং. (সম-ক্ষি-অচ্) নাশ, প্রলয়।

সংক্ষিপ্ত— বিণ (সম্—ক্ষিপ—কর্ম্ম—ক্ত) অল্পীকৃত। সঞ্চিত।

সংক্ষীয়মান— ত্রি (সম্—ক্ষি + শানচ্) হ্রাসপ্রাপ্ত।

সংক্ষেপঃ— বি, পুং; (সম্—ক্ষিপ্+ঘঞ্) অল্পীকরণ। সংক্ষোচ। সংক্ষিপ্ত বর্ণন।

সংক্ষোভঃ— বি, পুং;(সম্—ক্ষুভ্+ঘঞ্) চাঞ্চল্য। ভয়ে চকিত হওয়া। ধর্ষণ।

সঙ্খ্যম্— বি, ক্লী (সম্—খ্যা—অধি—ড) যুদ্ধ।

সঙ্খ্যা— বি, স্ত্রী (সম্—খ্যা—ভাবে—অঙ্) গণনা, একত্বদ্বিত্বাদি। (করণ—অঙ্) বুদ্ধি।

সঙ্খ্যাত— বিণ (সম—খ্যা—কর্ম্ম—ক্ত) গণিত। বিখ্যাত।

সঙ্খ্যানম্— বি, ক্লী (সম্—খ্যা+ল্যুট্) গণনা। ধ্যান।

সঙ্খ্যাবান্(বৎ)— বি, পুং; পণ্ডিত। বিণ; সংখ্যাযুক্ত।

সঙ্খ্যেয়— বিণ(সম্—খ্যা—কর্ম্ম—যৎ) গণনীয়।

সঙ্গঃ— বি, পুং (সনজ—ভাবে—ঘঞ্) সহবাস, সংসর্গ। মিলন। সম্বন্ধ। বিষয়-বাসনা।

সঙ্গত— বিণ; উপযুক্ত। মিলিত। সম্বন্ধ।

সঙ্গতিঃ— বি, স্ত্রী; মিলন। সম্বন্ধ। সংস্থান।

সঙ্গমঃ— বি, পুং (সম্—গম—ভাবে—অল্) মিলন। স্ত্রীসহবাস।

সঙ্গরঃ— বি, পুং (সম্—গৃ—অধি—অল্) যুদ্ধ। প্রতিজ্ঞা। আপদ। প্রশ্ন। নিয়ম। জ্ঞান। বিষ।

সঙ্গী(ঙ্গিন্)— বিণ(সঙ্গ—ইন) সহচর। আসক্ত।

সঙ্গীতম্— বি, ক্লী (সম্—গৈ—ভাবে—ক্ত) গান। নৃত্য গীত—বাদ্য, তৌর্য্যত্রিক।

সঙ্গৃহীত— বিণ; আহৃত। সঙ্কলিত।

সঙ্গোপনম্— বি, ক্লী; (সম্—গুপ্+ল্যুট্) লুকান।

সংগ্রহঃ— পুং (সম্—গ্রহ+অপ্) একত্রীকরণ, সঞ্চয়।

সংগ্রামঃ— পুং (সম্—গ্রাম+অচ্) যুদ্ধ।

সঙ্ঘঃ— বি, পুং (সম্—হন্+অপ্) মেলন, সমূহ, একজাতীয় জন্তু সমূহ।

সঙ্ঘট্টঃ— পুং. (সম-ঘট্ট+অচ্) পরস্পর সংঘট।

সংঘট্টনম্— বি, ক্লী (সম্—ঘট্ট—ল্যুট্)
সংঘট্টনা— বি, স্ত্রী (ঐ—আপ্) পরস্পর ঘর্ষণ। মেলন। ঘোটন। গঠন।

সংঘট্টিত— বি—ণ (সম্—ঘট্ট—কর্ম্ম—ক্ত) চালিত। নির্ম্মিত। ঘর্ষিত।

সংঘর্ষঃ— বি, পুং (সম—ঘৃষ—ভাবে—অল্)
সংঘর্ষণম্— বি, ক্লী (ঐ+ল্যুট্) পরস্পর স্পর্দ্ধা। বাজিরাখা। ঘর্ষণ। মর্দ্দন। ঘোটন।

সংঘশঃ(স্)— অব্য. বহুবার।

সংঘাতঃ— বি, পুং (সম্—হন—ভাবে—ঘঞ্) সমূহ, সমষ্টি। জমাট, নিবিড় সংযোগ। আঘাত। বধ।

সচরাচর— বিণ (সহ—চরাচর) চরাচর সহিত। সর্ব্বসাধারণ। চলিত ভাষায়—সর্ব্বদা, প্রায় এইরূপ বুঝায়।

সচিঃ, সচী— বি, স্ত্রী(সচ—কর্ম্ম—ই) ইন্দ্রাণী।

সচিবঃ— বি, পুং (সচি—বা—কর্ত্তৃ—ক) মন্ত্রী। সহায়।

সচেতন— বিণ (সহ—চেতনা) চৈতন্যযুক্ত।

সচেষ্ট— বি ণ (সহ—চেষ্টা) চেষ্টাযুক্ত, উদ্যোগী।

সচ্চিদানন্দঃ— বি, পুং (সৎ—চিৎ—আনন্দ) পরমেশ্বর।

সচ্ছিদ্র— বি ণ; ছিদ্রযুক্ত।

সজাতি— বিণ (সমান—জাতি) একজাতি।

সজাতীয়— বিণ (সমান—জাতি—ঈয়) একজাতীয়। একধর্ম্মাক্রান্ত।

সজুঃ (স্)— অব্য; সহিত। সপ্রীতি।

সজ্জ— বিণ (সস্জ—কর্ত্তৃ—অন) সাজান, সজ্জিত। ভূষিত। প্রস্তুত।

সজ্জন— বি, পুং (সৎ—জন) সাধুলোক। সৎকুলোৎপন্ন। বি. ক্লী (সস্জ—ভাবে—ল্যুট্) সাজান। আয়োজন। সৈন্য স্থাপন, ঘাঁটি।

সজ্জা— বি, স্ত্রী (সস্জ—অ—টাপ্) সাজ, বেশভূষা। আয়োজন।

সজ্জিত— বি ণ (সজ্জা—ইতচ্) সাজান, ভূষিত। উদ্যুক্ত।

সঞ্চয়ঃ— বি, পুং (সম্—চি—ভাবে—অল্) সংগ্রহ। সমূহ। সংস্থান।

সঞ্চয়ী(য়িন্)— বি ণ (সঞ্চয়—ইন্) সঞ্চয়কারী।

সঞ্চরঃ— বি, পুং;(সম্—চর+ক) সেতু। পথ।

সঞ্চলনম্— বি, ক্লী; কম্পন। দোলন।

সঞ্চায্য— বি, পুং (সম্—চি—কর্ম্ম—ণ্যৎ) যজ্ঞবিং।

সঞ্চারঃ— বি, পুং (সম্—চর—ঘঞ্) গমন। সংক্রম। বিস্তার। সেতু।

সঞ্চারিত— বিণ (সম্—চর—ণিচ—কর্ম্ম—ক্ত) ইতস্ততঃ চালিত।

সঞ্চারী(রিন্)— বিণ; গমনশীল। অস্থায়ী বি, পুং; ব্যভিচারী ভাব। ধূপ। বায়ু।

সঞ্চিত— বিণ (সম্—চি—কর্ম্ম—ক্ত) সংগৃহীত। রাশীকৃত।

সঞ্জনম্— বি, ক্লী (সন্জ—ভাবে—ল্যুট্) বন্ধন। সংঘটন।

সঞ্জবনম্— বি, ক্লী; (সম্—জু+ল্যুট্) চক্‌মিলনঘর, চতুঃশালা।

সঞ্জাত— বিণ (সম্—জন—কর্ত্তৃ—ক্ত) উৎপন্ন।

সঞ্জীবনম্— বি, ক্লী (সম্—জীব—ল্যুট্) প্রাণধারণ। বিণ (ণিচ্—কর্ত্তৃ—অন) জীবনদায়ক। স্ত্রী; নী।

সটা— বি, স্ত্রী (সট—কর্ত্তৃ—অন্—আপ্) জটা। সিংহ প্রভৃতির স্কন্ধকেশ, কেশর। শিখা।

সটীক— বিণ (সহ —টীকা) টীকাযুক্ত।

সৎ— বিণ (অস—কর্ত্তৃ—শতৃ) সাধু। বিচক্ষণ। মান্য। উত্তম। নিত্য। বিদ্যমান। ক্লী; ব্রহ্ম। অব্য; আদর।

সতত— ত্রি বি—ণ (সম্—তত) নিরন্তর।

সততগঃ,সততগতিঃ— পুং,বায়ু। ত্রি. সর্বদাগমনশীল।

সতর্ক— বিণ (সং—তর্ক) তর্ক যুক্ত। সাবধান।

সতানন্দঃ— বি, পুং (সৎ— আনন্দ,) গোতমবংশীয় মুনি বিং;

সতী— বি, স্ত্রী; পতিব্রতা স্ত্রী। দক্ষকন্যা। ৪ অক্ষর ছন্দো বিং।

সতীত্বম্— বি, ক্লী; সতীস্ত্রীর ধর্ম্ম। পাতিব্রত্য।

সতীনঃ— পুং(সতী নী+ড) বংশবিশেষ। কলায় বিশেষ।

সতীনাথঃ— বি, পুং; শিব।

সতীর্থঃ— বি, পুং (সমান—তীর্থ =অধ্যাপক) সমকালে একগুরুর শিষ্য।

সতৃষ্ণ— বি ণ (সহ—তৃষ্ণা) তৃষ্ণাযুক্ত। সস্পৃহ।

সতেজাঃ(জস্)— বিণ (সহ—তেজস্) তেজস্বী। বলবান্।

সৎকারঃ— বি, পুং;
সৎকৃতিঃ, সৎক্রিয়া— বি, স্ত্রী; আদর। পূজা। পুরস্কার। শবদাহাদি কার্য।

সৎকৃত— বিণ;আদৃত। পূজিত। পুরস্কৃত।

সত্তম— বিণ (সৎ—তম) অতি উত্তম।

সত্তা— বি, স্ত্রী (সৎ—তা) বিদ্যমানতা। সাধুতা। উৎপত্তি। দ্রব্য গুণ ও কর্ম্মবৃত্তি জাতি বিং। চলিত ভাষায় সাধুতা অর্থে "সততা" এই শব্দের প্রয়োগও দেখা যায়।

সত্ত্বম্— (সৎ-ত্ব)
সত্বম্— বি, পুং, ক্লী; জন্তু। ক্লী; প্রকৃতি। প্রকৃতির তিন গুণের মধ্যে প্রধান গুণ বিং। স্বভাব। ব্যবসায়। প্রাণ, দ্রব্য। ধন। আত্মা।

চৈতন্য। সাহস। পরাক্রম। পিশাচাদি।

সত্যম্— বি, ক্লী (সৎ—যৎ) অমিথ্যা। শপথ। যুগ বিং, প্রথম যুগ। সত্যলোক, সর্ব্বোপরিস্থ স্থান বিং। বি ণ; যথার্থ।

সত্যঙ্কারঃ— বি, পুং (সত্যম্—কৃ—ভাবে—ঘঞ্) সত্যকরণ, প্রতিজ্ঞা। কার্য্যের অবশ্যকর্ত্তব্যতা জ্ঞাপনার্থ পরহস্তে দীয়মান বস্তু, বায়না।

সত্যকাম— ত্রি সত্যদ্রষ্টা।

সত্যভামা— বি, স্ত্রী (সত্য—ভাম—আপ্) কৃষ্ণের পত্নী বিং।

সত্যম্— অব্য; স্বীকার। প্রশ্ন।

সত্যবতী— বি, স্ত্রী; ব্যাসদেবের মাতা।

সত্যবান্(বৎ)— বি, পুং (সত্য—মতুপ্) সাবিত্রীর পতি। বিন. সত্যনিষ্ঠ, সত্যবাদী।

সত্যবাদী(দিন্)— বি ণ (সত্য—বদ—কর্ত্তৃ—ণিন্) যে সত্য কথা বলে। স্ত্রী; দিনী।

সত্যব্রত— বিণ; সত্যপরায়ণ। বি, পুং; নৃপতি বিং।

সত্যসন্ধ— বিণ (সত্য—সন্ধা) যাহার প্রতিজ্ঞা অন্যথা হয় না, সফল প্রতিজ্ঞা।

সত্যাকৃতিঃ— বি, স্ত্রী (সত্য—ডাচ্—কৃতি) সত্য করা, শপথ করা।

সত্যানৃতম্—বি, ক্লী(সত্য—অনৃত) বাণিজ্য।

সত্যাপনম্— বি, ক্লী (সত্য—ণিচ্—ভাবে—লুট্) সত্যকরণ।

সত্রম্— বি, ক্লী(সদ—অধি—ত্র) যজ্ঞ। সদাব্রত। আচ্ছাদন। ধন। গৃহ। অরণ্য। ছল।

সত্রা— অব্য; (সদ্-ত্রা) সহিত।

সত্রাজিৎ— বি, পুং; সত্যভামার পিতা।

সত্রী(ত্রিন্)— বিণ (সত্র—ইন্) গৃহস্থ। যাগশীল।

সত্বর— বিণ (সহ—ত্বরা) শীঘ্র, ত্বরাযুক্ত।

সদঃ(স্)— বি, ক্লী(সদ—অধি—অস্) সভা।

সদনম্— বি, ক্লী(সদ—অধি—ল্যুট্) গৃহ।

সদয় —বি ণ (সহ—দয়া) দয়াযুক্ত। স্ত্রী; য়া।

সদস্যঃ— বি, পুং (সদস্—যৎ) যজ্ঞাদি স্থলে বিধিদর্শী। সভ্য।

সদা— অব্য (সর্ব্ব—দা) সকল কালে, সর্ব্বদা।

সদাগতিঃ— বি, পু; বায়ু। সূর্য্য আত্মা। বি ণ; সর্ব্বদা গমনশীল।

সদাচারঃ— বি, পুং (সৎ—আচার) উত্তম ব্যবহার।

সদাতন— বিণ (সদা—ট্যন) চিরস্থায়ী। স্ত্রী; নী।

সদানন্দঃ— বি, পুং; শিব। বি ণ; সর্ব্বদা আনন্দযুক্ত।

সদানীরা— বি, স্ত্রী; করতোয়া নদী।

সদাশিবঃ— বি, পুং; মহাদেব।

সদৃক্(শ্)— (সমান—দৃশ—কর্ম্ম—ক্বিপ্)

সদৃশ— (সমান—দৃশ—কর্ম্ম—টক্) বিণ; তুল্য। যোগ্য। স্ত্রী; সদৃক্, শী।

সদেশ— বিণ (সমান—দেশ) সমীপস্থ। সমানদেশীয়।

সদ্গতিঃ— বি, স্ত্রী; উত্তমগতি, মুক্তি।

সদ্ভাবঃ— বি, পুং; বিদ্যমানতা, স্থিতি। প্রণয়। সাধুতা।

সদ্ম(ন্)— বি, ক্লী (সদা—অধি—মন্) গৃহ। জল।

সদ্যঃ(স্)— অব্য; তৎক্ষণাৎ, তখনি।

সদ্যস্ক— বিণ (সদ্যস্—কণ্) সদ্যোজাত।

সদ্বৃত্তম্— বি, ক্লী; সদ্ব্যবহার। বিণ; সচ্চরিত্রযুক্ত।

সদ্বৃত্তিঃ— বি, স্ত্রী; সদ্ব্যবহার।

সধর্ম্ম(র্ম্মন্)— বি ণ (সমান—ধর্ম্ম—অন্) একধর্ম্মাবলম্বী। সদৃশ।

সধর্ম্মচারিণী— (সহ—ধর্ম্ম—চর—কর্ত্তৃ—ণিন্)

সধর্ম্মিণী— বি, স্ত্রী; পত্নী। ভার্যা।

সধর্ম্মী(র্ম্মিন্)— বি ণ; একধর্ম্মাক্রান্ত। তুল্য।

সধবা— বি, স্ত্রী (সহ—ধব—আপ্) যে স্ত্রীর স্বামী জীবিত আছে, জীবৎপতিকা।

সধ্র্যঙ্(চ)— বিণ(সহ—অন্চ—কর্ত্তৃ—ক্বিপ্) সঙ্গী। স্ত্রী; ধ্রীচী।

সনকঃ— বি, পুং মুনিবিশেষ।

সনৎ— ব্রহ্মার পুত্র মুনি বিং।

সনন্দঃ— বি, পুং (সহ—নন্দ) ব্রহ্মার পুত্র মুনি বিং।

সনা— অব্য; নিত্য, সর্ব্বদা।

সনাতনঃ— বি, পুং (সনা—ট্যন) ব্রহ্মা। বিষ্ণু। শিব। বি ণ; চিরস্থায়ী। স্ত্রী; নী।

সনাথ— বিণ; নাথবিশিষ্ট। যুক্ত।

সনাভিঃ— বি, পুং; সপ্তপুরুষান্তর্গত জ্ঞাতি, সপিন্ড। (সপ্তম পুরুষ পর্য্যন্ত বংশকে নাভি কহে।

সনিঃ,সনী— বি,স্ত্রী (সন—ভাবে—ই) পূজা। দান। নিয়োগ। প্রার্থনা।

সনিষ্ঠেবম্— বি, ক্লী; নিষ্ঠাবানযুক্ত বাক্য, অম্বূকৃত।

সনীড়— বিণ (সমান—নীড়) সমীপবর্ত্তী নীড়যুক্ত।

সন্ততম্— ক্লীং; নিরন্তর, অবিরত। বিস্তীর্ণ।

সন্ততিঃ— বি, স্ত্রী(সম্—তন—করণ—ক্তিন্) বংশ। পুত্র, কন্যা। শ্রেণী। (ভাবে—ক্তি) ব্যাপ্তি। বিস্তার। অবিচ্ছেদ।

সন্তপ্ত— বিণ; সন্তাপযুক্ত। অগ্নিবিশুদ্ধ। উত্তপ্ত।

সন্তমসম্— বি, ক্লী(সম্—তমস্) গাঢ় অন্ধকার। মহামোহ।

সন্তরণম্— বি, ক্লী(সম্—তৃ + ল্যুট্) সাঁতার দেওয়া। পার হওয়া।

সন্তর্পণ— বিণ (সম্—তৃপ—ণিচ্—ল্যু— তৃপ্তিজনক। প্রীতিকর। (ভাবে—ল্যুট্) তৃপ্ত করা বা প্রীতকরণ।

সন্তানঃ— বি, পুং(সম্—তন—করণ—ঘঞ্) বংশ। পুত্রকন্যা, অপত্য। দেবতরু বিং। (ভাবে—ঘঞ্) বিস্তার। অবিচ্ছেদ।

সন্তানকঃ—বি, পুং; দেবতরু বিং, কল্পবৃক্ষ।

সন্তাপঃ— বি, পুং; (সম্-তপ-ঘঞ্) উত্তাপ। মনস্তাপ।

সন্তাপনম্— বি, ক্লী(সম্—তপ—ণিচ্—ল্যুট্) তাপদান। পুং(কর্ত্তৃ—অন) কন্দর্পের বাণ বিং। বি—ণ; সন্তাপজনক।

সন্তাপিত— বিণ (সম্—তপ—ণিচ্—

কর্ম্ম—ক্ত) উষ্ণ। সন্তাপযুক্ত।

সন্তুষ্ট— বিণ (সম্—তুষ—কর্ত্তৃ—ক্ত) সন্তোষযুক্ত। তৃপ্তিযুক্ত।

সন্তোষঃ— বি, পুং (সম্—তুষ—ভাবে—অল্) আনন্দ। তৃপ্তি।

সন্ত্রাসঃ— পুং(সম্-ত্রস্-ঘঞ) সম্যক্‌ভয়।

সন্দংশঃ— বি, পুং(সম্—দন্‌শ—অচ্)—
সন্দংশিকা—বি, স্ত্রী;সাঁড়াশি, চিম্‌টা, সোন্না, যাঁতি প্রভৃতি।

সন্দর্ভঃ— বি, পুং (সম্—দৃভ—ঘঞ)—গ্রন্থ। প্রবন্ধ। (ভাবে—অল্) রচনা। বিস্তার। সংগ্রহ।

সন্দষ্ট— বিণ (সম্—দন্‌শ—কর্ম্ম—ক্ত) সংলগ্ন। যাহা কামড়ান হয়।

সন্দানম্— বি, ক্লী(সম্—দো—কর্ম্ম—ল্যুট্) বন্ধনোপযোগী বস্তু, রজ্জু শৃঙ্খল প্রভৃতি। (ভাবে—অনট্) বন্ধন। সম্যক্ ছেদন।

সন্দানিত— বিন.(সন্দান—ইত)

সন্দিত— বিণ.(সম্—দো—কর্ম্ম-ক্ত) যাহার হস্তপদাদি শৃঙ্খলাদি দ্বারা বদ্ধ, নিগড়িত। ছিন্ন।

সন্দানিতকম্— বি, ক্লী; পরস্পরান্বিত শ্লোকত্রয়, বিশেষক।

সন্দিগ্ধ— বি-ণ (সম্—দিহ—ক্ত) সন্দেহযুক্ত, সংশয়িত।

সন্দিষ্ট— বিণ (সম্—দিশ—কর্ম্ম—ক্ত) কথিত। বি, ক্লী (ভাবে—ক্ত) আদেশ।)

সন্দিহান— বি-ণ (সম্—দিহ—কর্ত্তৃ—শানচ্) সন্দেহযুক্ত।

সন্দী— বি, স্ত্রী;(সম্—দো+ড+ঙীষ্) শয্যা। খট্টা, খাট।

সন্দীপনম্— ক্লী(সম্—দীপ্+ল্যুট্) প্রজ্বলন, উদ্দীপন।

সন্দৃব্ধ— বি ণ (সম্—দৃন্‌ভ—কর্ম্ম—ক্ত)গ্রথিত।

সন্দেশঃ— বি, পুং (সম্—দিশ—ঘঞ) আদেশবার্ত্তা।

সন্দেশহরঃ— বি, পুং; দূত।

সন্দেহঃ— বি, পুং (সম্—দিহ—ভাবে—ঘঞ) সংশয়। অর্থালঙ্কার বিং।

সন্দোহঃ— বি, পুং (সম্—দুহ—ভাবে—ঘঞ) সমূহ।

সন্ধা— বি, স্ত্রী (সম্—ধা—ভাবে—অঙ্—আপ্) প্রতিজ্ঞা। সন্ধি। অনুসন্ধান। স্থিতি।

সন্ধানম্— বি, ক্লী(সম্-ধা+ল্যুট্) সন্ধি, মিলন। সংযোজন। অন্বেষণ। মিশ্রণ।

সন্ধিঃ — বি, পুং (সন্—ধা—ভাবে—কি) শত্রু ভাবাপন্ন উভয়ের ঐক্য। মিলন। বর্ণদ্বয়ের মিলন। শরীরের অস্থি প্রভৃতির সংযোগ স্থান। উভয় কালের মধ্যসময়। সুড়ঙ্গ, সিঁধ।

সন্ধিত— বিণ (সন্ধা—ইতচ্) মিলিত।

সন্ধিৎসু— বি-ণ (সম্—ধা—সন্—কর্ত্তৃ—উ) সন্ধান করিতে ইচ্ছুক।

সন্ধিনী— বি, স্ত্রী (সন্ধা—ইন্—ঈপ্) বৃষ দ্বারা আক্রান্ত ঋতুমতী গাভী। অকালে দুগ্ধদায়িনী গাভী।

সন্ধুক্ষিত— বি-ণ (সম্—ধুক্ষ—কর্ম্ম—ক্ত) উত্তেজিত, উদ্দীপিত।

সন্ধেয়— বি ণ(সম্—ধা—কর্ম্ম—যৎ)

সন্ধিযোগ্য। সংযোজ্য।

সন্ধ্যা— বি, স্ত্রী (সম্—ধ্যৈ—কর্ম্ম—অঙ্—আপ্) দিবা ও রাত্রির সন্ধিকাল। তৎকালোপাস্য মন্ত্র-দেবতা। যুগসন্ধি। নদী বিং।

সন্ন— ত্রি (সদ্+ ক্ত) অবসন্ন। পুং-পিয়ালবৃক্ষ।

সন্নত— বি-ণ (সম্—নম—কর্ত্তৃ—ক্ত) প্রণত। অবনত।

সন্নদ্ধ— বি-ণ (সম্—নহ—কর্ত্তৃ—ক্ত) যে ব্যক্তি বর্ম্ম ও অস্ত্রাদি ধারণ করিয়া সজ্জিত হইয়াছে। বধোদ্যত। উৎপন্ন। (কর্ম্ম—ক্ত) বদ্ধ।

সন্নহনম্— বি, ক্লী (সম্—নহ—ভাবে—ল্যুট্) বর্ম্মপরিধান। অস্ত্রবন্ধন। রণসজ্জা। উদ্‌যোগ।

সন্নাহঃ— বি, পুং (সম্—নহ—করণ—ঘঞ) বর্ম্ম, সাঁজোয়া। পরিচ্ছদ।

সন্নিকর্ষঃ— বি, পুং (সম্—নি—কৃষ—ভাবে—অল্) নৈকট্য। রূপরস প্রভৃতি বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সম্বন্ধ।

সন্নিকৃষ্ট— বি ণ (সম্— নি—কৃষ—কর্ত্তৃ—ক্ত) নিকটস্থ।

সন্নিধানম্— বি, ক্লী (সম্—নি—ধা—ভাবে—ল্যুট্)

সন্নিধিঃ— বি, পুং (সম্—নি—ধা—ভাবে—কি) নিকট। আবির্ভাব। সমাগম। (সৎ— নিধান) সাধুদিগের স্থান।

সন্নিপাতঃ— বি, পুং (সম্—নি—পত—ভাবে—ঘঞ) সমূহ। রোগ বিং, বাতপিত্তকফের মিলন। একত্র মিলন। উপস্থিত। যুদ্ধ। নাশ।

সন্নিভ— বি-ণ (সম্—নি—ভা—কর্ত্তৃ—ড) তুল্য।

সন্নিবিষ্ট— বি ণ (সম্—নি—বিশ—কর্ত্তৃ—ক্ত) উপবিষ্ট। সমীপস্থ। সংক্রান্ত।

সন্নিবৃত্ত— বি-ণ (সম্—নিবৃত্ত) অতিশয় নিবৃত্ত। প্রত্যাগত।

সন্নিবেশঃ— বি, পুং (সম্— নি + বিশ + ঘঙ্) স্থান। আশ্রম। নিকট। (ভাবে—ঘঞ) স্থিতি। বিন্যাস। সংযোগ।

সন্নিহিত— বি-ণ (সম্— নি—ধা—কর্ম্ম—ক্ত) স্থাপিত। সমীপস্থ।

সন্ন্যসনম্— ক্লী(সম্—নি—অস্ + ল্যুট্) পরিত্যাগ, নিক্ষেপ।

সন্ন্যাসঃ— বি, পুং (সম-নি-অস—ঘঞ) ভিক্ষুধর্ম্ম, ৪র্থ আশ্রম। সংসারবাসনা-পরিত্যাগ। রোগ বিং।

সন্ন্যাসী(সিন্)— বি-ণ; ভিক্ষু, ৪র্থাশ্রমী। স্ত্রী; সিনী।

সপক্ষঃ— বি, পুং (সমান—পক্ষ) সহায়, অনুকূল।

সপক্ষতা— বি, স্ত্রী; সহায়তা।

সপত্নঃ—বি, পুং (সপত্নী— অ, তুল্যার্থে। অথবা সহ—পত—কর্ত্তৃ—ন) শত্রু।

সপত্নী— বি, স্ত্রী (সমান—পতি—ঈপ্) সতীনী। একই পতি যাহাদের।

সপত্নীক— ত্রি. পত্নীর সহিত বর্তমান। সস্ত্রীক।

সপত্রাকৃত— বি-ণ)সপত্র—ডাচ্—কৃত) পত্রযুক্ত বাণ দ্বারা বিদ্ধ করিয়া যাহাকে

পীড়িত করা হইয়াছে।

সপদি— অব্য; তৎক্ষণাৎ, হঠাৎ।

সপর্য্যা— বি, স্ত্রী (সপর্য্য নামধাতু—ভাবে—অ—আপ্) পূজা।

সপিণ্ডঃ— বি, পুং (সমান—পিণ্ড) সপ্তপুরুষান্তর্গত জ্ঞাতি।

সপিণ্ডীকরণম্— বি, ক্লী (সপিণ্ড— চ্বি—কৃ—ল্যুট্) প্রেতত্ব-মোচনার্থ শ্রাদ্ধ।

সপ্ত(ন্)— বি, পুং; সাতসংখ্যা। বি ণ; সাত সংখ্যাবিশিষ্ট।

সপ্তকী— বি, স্ত্রী (সপ্তন—কৈ—ঈপ্) সাতনরী চন্দ্রহার, মেখলা।

সপ্তচত্বারিংশৎ— বি, স্ত্রী; ৪৭ সংখ্যা। বিণ; ঐ সংখ্যাবিশিষ্ট।

সপ্তচ্ছদঃ— বি, পুং (সপ্তন্—ছদ) ছাতিমগাছ, বিষমচ্ছদ।

সপ্তজিহ্বঃ— বি, পুং; অগ্নি। (কালী, করালী মনোজবা, সুলোহিতা, ধূম্রবর্ণা, স্ফুলিঙ্গিনী, বিশ্বনিরূপিনী।

সপ্ততন্তুঃ— বি, পুং (সপ্তন—তন—অধি—তু) যাহাতে অগ্নির সাত জিহ্বা বিস্তার করা হয়, যজ্ঞ।

সপ্ততিঃ— বি, স্ত্রী; ৭০ সংখ্যা। বিণ; ৭০ সংখ্যাবিশিষ্ট।

সপ্ততিতম— বি ণ (সপ্ততি—তম্) ৭০ সংখ্যার পূরণ। স্ত্রী; মী।

সপ্তদশ— বি-ণ (সপ্তদশন্—ডট্) ১৭ সংখ্যার পূরণ। স্ত্রী; শী।

সপ্তদশ(ন্)— বি, পুং (বি, পুং (সপ্তন্—অধিক—দশন্) ১৭ সংখ্যা। বি ণ; ঐ সংখ্যাবিশিষ্ট।

সপ্তদ্বীপা— বি, স্ত্রী; পৃথিবী।

সপ্তধা— ব্য (সপ্তন্—ধাচ্) সাত প্রকার। সাতবার।

সপ্তপর্ণঃ— বি, পুং; ছাতিমগাছ।

সপ্তম— বি ণ (সপ্তন্- মট) সাতের পূরণ। স্ত্রী; মী।

সপ্তর্ষিঃ— বি, পুং; মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ, ভৃগু ও নারদ এই ১০ ঋষি।

সপ্তলোকঃ— বি, পুং; ভূঃ ভুবঃ স্বঃ মহঃ জন তপঃ সত্য, উত্তরোত্তর উপরিস্থ এই ৭ লোক অর্থাৎ স্থান।

সপ্তশতী— বি, স্ত্রী; মার্কণ্ডেয় পুরাণান্তর্গত সপ্তশতশ্লোকাত্মক গ্রন্থ, চণ্ডী। সাতশত শ্লোকের সমাহার। দেবীমাহাত্ম্য সূচক শাস্ত্রোক্ত মন্ত্রবিং।

সপ্তসপ্তিঃ— বি, পুং (সপ্তন্—সপ্তি=অশ্ব) সূর্য্য।

সপ্তসাগরঃ— বি, পুং; লবণ, ইক্ষুরস, সুরা, ঘৃত, দধি, দুগ্ধ, স্বাদু জল, বিশিষ্ট এই ৭ সমুদ্র

সপ্তস্বরা— বি, স্ত্রী; বাদ্যযন্ত্র বিং।

সপ্তার্চ্চিঃ(স্) বি, পুং (সপ্তন্—অর্চ্চিস্) অগ্নি।

সপ্তাঙ্গম্— বি, ক্লী; স্বামী, অমাত্য, সুহৃৎ, কোষ, রাষ্ট্র, দুর্গ, বল এই ৭ প্রকার রাজ্যাঙ্গ।

সপ্তাশ্বঃ— পু. (সপ্তন্ + অশ্ব) সূর্য, অর্কবৃক্ষ।

সপ্তাহঃ— পু. (সপ্তন্-অহন্+টচ্) সপ্তদিবসের সমাহার।

সপ্তিঃ— বি, পুং; অশ্ব।

সপ্রতিভ—বি-ণ(সহ—প্রতিভা) অক্ষুব্ধ। প্রত্যুৎপন্নমতি।

সব্রহ্মচারী(রিন্)— বি, পুং (সমান—ব্রহ্মন্—চর—কর্ত্তৃ—ণিন্) একবিধ বেদপাঠ-ব্রত ও আচারবিশিষ্ট একগুরুর শিষ্য, সতীর্থ।

সফরঃ— পুং (সফ-অরন্) পুঁটি মাছ।

সভর্তৃকা— বি, স্ত্রী (সহ-ভর্ত্তৃ-কণ্ আপ) সধবা স্ত্রী।

সভা— বি, স্ত্রী (সহ—ভা—অধি-ক্বিপ্) কোন কার্য্যোপলক্ষে একত্রে সমাগত বহু লোক, সমিতি।

সভাজনম্— বি, ক্লী (সভাজ—ভাবে—ল্যুট) পূজা। সমাদর। কুশল প্রশ্ন, সম্ভাষণ। অভিনন্দন।

সভাসৎ(দ্)— বি-ণ (সভা—সদ্-কর্ত্তৃ—ক্বিপ্) সভ্য।

{**সভিকঃ**— (সভা—ঠন্)
সভীকঃ— (সভা—ঈকন্) বি, পুং; দ্যুতসভাধ্যক্ষ।

সভ্য— বি-ণ(সভা—যৎ) সভায় সাধু, সজ্জন, সামাজিক।

সম্— অব্য; প্রকর্ষ। তুল্য সমূহ। আভিমুখ্য সম্যক্।

সম— বি ণ (সম—অচ্) তুল্য। সকলে। যুগ্ম। বি, ক্লী; গীতবাদ্যাদি বিষয়ে লয়।

সমক্ত— বি-ণ (সম্—অন্চ—কর্ত্তৃ—ক্ত) জোড়া, সঙ্গত।

সমকক্ষ— বি-ণ; তুল্যবল, প্রতিদ্বন্দ্বী।

সমক্ষ— অব্য (সম্—অক্ষি—অ) চক্ষুর সমীপে বি-ণ; প্রত্যক্ষ।

সমগ্র— বি-ণ (সম-গ্রহ—কর্ত্তৃ—ড) সকল।

সমজঃ— বি, পুং (সম—জন—কর্ত্তৃ—ড) পশুসমূহ। ক্লী; বন।

সমজ্ঞা— বি, স্ত্রী (সম—জ্ঞা—করণ—ক্বিপ্+টাপ্) কীর্ত্তি।

সমজ্যা— বি, স্ত্রী (সম্—অজ—ভাবে—ক্যপ্+টাপ) সভা।

সমঞ্জস —বি ণ (সম্—অঞ্জস্—অ) উচিত, যোগ্য। সমীচীন। সুজন। বি, ক্লী; যোগ্যতা।

সমতলম্— বি-ক্লী; সমান ভূমি, যাহা উঁচু নীচু নহে।

সমতা— বি, স্ত্রী; (সম-তল্-টাপ্) সাম্য, তুল্যতা।

সমদর্শী(র্শিন্)— বি-ণ; যে সকলকে সমান দেখে। তত্ত্বজ্ঞানী।

সমনুব্রত— বি-ণ; সম্পূর্ণরূপে ভক্ত।

সমন্ততঃ(স্) —অব্য. (সমন্ত-তসিল)

সমন্তাৎ— অব্য; (সমন্ত-জাতি) সকল দিকে।

সমন্তপঞ্চকম্— বি, ক্লী; কুরুক্ষেত্রস্থ তীর্থ বিং। যেখানে পরশুরাম চতুর্দ্দিকে ক্ষত্রিয় রুধিরের দ্বারা পঞ্চ হ্রদ করিয়া সেই রুধির দিয়া পিতৃতর্পণ করিয়াছিলেন।

সমন্তভদ্রঃ— বি, পুং; বুদ্ধদেব।

সমন্বয়ঃ— বি, পুং; (সম্+অনু-ই+অচ্) সঙ্গতি, মিলন। অবিরোধ।

সমন্বিত— বি-ণ মিলিত। অবিরুদ্ধ।

সমপৃষ্ঠ— বি-ণ; সমতল।

সমভাবঃ— বি, পুং সমতা। সাদৃশ্য।

সমভিব্যাহারঃ — বি, পুং (সম্—অভি—বি—আ—হৃ—ভাবে—ঘঞ্) সঙ্গ, একত্র সংযোগ।

সমভিব্যাহারী(রিন্)— বি-ণ (সম্—অভি—বি—আ—হৃ—কর্ত্তৃ—ণিন্) সঙ্গী। স্ত্রী; রিণী।

সমভিব্যাহৃত— বি-ণ (সম্—অভি—বি—আ—হৃ—কর্ম্ম—ক্ত) একত্রিত, সহিত।

সমভিহারঃ— বি, পুং (সম্—অভি—হৃ—ভাবে—ঘঞ্) বারংবার, পৌনঃ পুন্য।

সমম্— অব্য; সহ, এক সময়ে যুগপৎ।

সময়ঃ— বি, পুং (সম্—ই—কর্ত্তৃ—অন্) কাল। শপথ। আচার। সিদ্ধান্ত। প্রতিজ্ঞা নিয়ম। সঙ্কেত। যোগ্যকাল।

সময়া — অব্য; সমীপে। মধ্যে।

সমরঃ—বি, পুং (সম্—ঋ—অধি— অল) যুদ্ধ।

সমর্চনম্— ক্লী. সম্যকপূজা।

সমর্দ— ত্রি (সম্—অর্দ+ক্ত) সম্যক পীড়িত।

সমর্থ— বি ণ (সম্—অর্থ—কর্ত্তৃ—অন্) বলবান্। ক্ষমতাশালী। উপযুক্ত। প্রশস্ত। হিতকর । অভীষ্ট।

সমর্থনম্— বি, ক্লী; (সম্-অর্থ-ল্যুট্)

সমর্থনা— বি, স্ত্রী (সম্—অর্থ—ভাবে—ল্যুট্—আপ্) বিবেচনা। দৃঢ়ীকরণ। মীমাংসা। সম্ভাবনা।

সমর্থিত— বি- (সম—অর্থ—কর্ম্ম—ক্ত) স্থিরীকৃত। বিবেচিত। দৃঢ়ীকৃত। সম্ভাবিত।

সমর্পণম্— বি, ক্লী (সম্—ঋ—ণিচ—ভাবে—ল্যুট্)দান।

সমর্পিত— বি-ণ (সম্—ঋ—ণিচ্—কর্ম্ম—ক্ত) দত্ত।

সমর্য্যাদ— বিণ. (সহ—মর্য্যাদা) সমীপ। পুং সীমাযুক্ত। সচ্চরিত্র।

সমল—ত্রি.কলুষ। পু. বিষ্ঠা

সমবধানম্— বি, ক্লী (সম্—অবধান) সম্যক্ মনোযোগ। নিষ্পত্তি।

সমবস্থা— বি, স্ত্রী (সম্—অবস্থা) অবস্থা তুল্যাবস্থা।

সমবায়ঃ— বি, পুং (সম্—অব—ই—ভাবে—অল্) নিত্যসম্বন্ধ। মিলন। সমূহ।

সমবেত—বি-ণ (সম্—অব—ই—কর্ত্তৃ—ক্ত) মিলিত। নিত্যসম্বন্ধ বিশিষ্ট।

সমষ্টিঃ—বি, স্ত্রী (সম্—অশ—ক্তি) সমুদায়, মোট।

সমসনম্—বি, ক্লী (সম্—অস—ভাবে—ল্যুট) সংক্ষেপ। সমাস।

সমসংস্থানম— বি, ক্লী; উভয়দিকে ভারের সমতাকরণ।

সমস্ত— বি-ণ (সম্—অস—কর্ত্তৃ—ক্ত) সকল। সংক্ষিপ্ত;

সমস্যা— বি, স্ত্রী (সম্—অস—কর্ম্ম—য—আপ্) শ্লোকের পাদপূরণার্থ প্রশ্ন। চলিত ভাষায়— কঠিন বিষয়, এইরূপ অর্থ বুঝায়। সঙ্ঘটন।

সমা— বি, স্ত্রী (সম—কর্ত্তৃ—অন্—আপ্) সংবৎসর।

সমাংসমীনা— বি, স্ত্রী (সমা—সমা-

খ—আপ্) বর্ষে বর্ষে প্রসবকরিণী গো।

সমাকুল— বি-ণ; ব্যাকুল। সংশয়াপন্ন।

সমাখ্যা— বি, স্ত্রী; কীর্ত্তি।

সমাগমঃ— বি, পুং; উপস্থিতি। মিলন।

সমাচারঃ— বি, পুং; উত্তম আচার।

সমাজঃ— বি, পুং (সম্—অজ—অধি—ঘঞ্) সমূহ। সভা।

সমাদরঃ—বি, পুং;সম্মান, অতিশয় আদর।

সমাধা— বি, স্ত্রী (সম্—আ—ধা—অঙ)

সমাধানম্— বি, ক্লী (সম্—আ—ধা+ল্যুট্) নিষ্পত্তি। সিদ্ধান্ত। বিরোধভঞ্জন। প্রতীকার।

সমাধিঃ— বি,পুং(সম্—আ—ধা—ভাবে—কি) নিয়ম। ধ্যান। চিত্তের একাগ্রতা। গোর।

সমাধিক্ষেত্রম্— বি, ক্লী; গোরস্থান।

সমাধিস্থ— বি-ণ (সমাধি—স্থা—ড) ধ্যানস্থ। সমাধিক্ষেত্রে নিহিত।

সমাঘ্রাত— বি-ণ (সম্—আ—ঘ্রা—কর্ম্ম—ক্ত) সম্যক্ শব্দিত। গবির্বত। উদ্দীপিত। উৎসাহিত।

সমান— বি-ণ (সম্—আ—নী—কর্ত্তৃ—ড) তুল্য। বি, পুং (সম্—অন—কর্ত্তৃ—ঘঞ্) দেহমধ্যস্থ নাভি বায়ু।

সমানুপাতঃ— বি, পুং; দুই বা বহুসংখ্যক রাশির সমানতর সম্বন্ধ।

সমানোদকঃ— বি, পুং; চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত জ্ঞাতি।

সমানোদর্য্যঃ—বি, পুং (সমানোদর—যৎ) সহোদর। স্ত্রী; র্য্যা।

সমান্তরাল— বি-ণ; (সম—অন্তরাল) বিশেষরূপ ক্ষেত্র রেখা প্রভৃতি।

সমাপক—বি-ণ (সম্—আপ—ণিচ্—কর্ত্তৃ—ণক) সমাপনকারী।

সমাপত্তিঃ— বি, স্ত্রী)সম্—আ—পদ—ভাবে—ক্তিন্) সমকালে উপস্থিতি, যদৃচ্ছাসঙ্গতি। পরস্পর আপত্তি।

সমাপনম্— বি, ক্লী (সম্—আপ—ণিচ্—ভাবে—ল্যুট্) শেষকরা, সমাপ্তি। বধ।

সমাপিকা— বি, স্ত্রী; ক্রিয়া, যে ক্রিয়া দ্বারা বাক্য সমাপ্ত হয়।

সমাপিত— বি-ণ (সম্—আপ—ণিচ্—কর্ম্ম—ক্ত) সম্পাদিত। সম্পূর্ণ অনুষ্ঠিত।

সমাপ্ত— বিণ (সম্— আপ্+ক্ত) সম্পূর্ণ।

সমাপ্তিঃ— বি, স্ত্রী; (সম্-আপ্+ক্তিন্) শেষ সমাপন।

সমাম্নায়— বি, পুং (সম্—আ— ম্না—কর্ম্ম—ঘঞ্) শাস্ত্র।

সমারোহঃ— বি, পুং (সম্—আ—রুহ—ভাবে—অল্) অত্যুন্নতি, জাঁক-জমক।

সমালব্ধ— বি-ণ (সম্—আ—লভ—কর্ম্ম—ক্ত) বিলেপিত। হত।

সমালভনম্— বি, ক্লী (সম্—আ—লভ—ভাবে—ল্যুট্)

সমালম্ভঃ—বি, পুং (সম্—আ—লভ—ভাবে—ঘঞ্)

সমালম্ভনম্— বি, ক্লী (সম্—আ—

লভ—ল্যুট্) বিলেপন। বধ।

সমাবর্ত্তনম্— বি, ক্লী (সম্— আ— বৃত— ভাবে—ল্যুট্) ব্রহ্মচর্য্যের পর গৃহস্থাশ্রমে প্রবেশ। প্রত্যাগমন।

সমাবিদ্ধ— বি-ণ (সম্-আ-ব্যধ+ক্ত) সংঘটিত।

সমাবেশঃ— বি, পুং (সম্—আ—বিশ— ভাবে—ঘঞ্) প্রবেশ। মনোযোগ। (ণিচ্— ঘঞ্) সামঞ্জস্যরূপে একত্রে স্থাপন।

সমাবেশিত— বি-ণ (সম্—আ—বিশ— ণিচ— কর্ম্ম—ক্ত) প্রবেশিত। স্থাপিত।

সমাশ্রয়ঃ— বি. পুং (সম্—আ—শ্রি+অচ্) বাস, আশ্রয়স্থান।

সমাশ্বাসঃ— বি. পু. (সম্—আ— শ্বস+ঘঞ্) সান্ত্বনা।

সমাসঃ— বি, পুং (সম্—অস—ভাবে— ঘঞ্) সংক্ষেপ। সংগ্রহ। মিলন। দুই বা বহু পদের একপদীকরণ।

সমাসক্তিঃ— বি. স্ত্রী (সম্—আ— সনজ+ক্তিন্) অত্যন্তানুরাগ।

সমাসন্ন— বিণ. (সম—আ—সদ্+ক্ত) সন্নিহিত।

সমাসীন— বি ণ (সম্—আস্+শানচ্) একত্র উপবিষ্ট।

সমাসোক্তিঃ— বি, স্ত্রী; অর্থালঙ্কার বিং।

সমাহারঃ— বি, পুং (সম্—আ—হৃ— ভাবে—ঘঞ্) মিলন। সংগ্রহ। সংক্ষেপ। সমূহ।

সমাহিত— বি-ণ (সম্—আ-ধা-ক্ত) সমাধিনিষ্ঠ, একাগ্রচিত্ত। নিষ্পাদিত। মীমাংসিত। স্থাপিত। সমাধিক্ষেত্রে নিহিত। দত্ত। অঙ্গীকৃত।

সমাহৃত— বি ণ (সম্—আ—হৃ— কর্ম্ম—ক্ত) সংগৃহীত অঙ্গীকৃত।

সমাহৃতি ঃ— বি, স্ত্রী; সংক্ষেপ। সংগ্রহ।

সমাহ্বয়— বি, পুং (সম্—আ—হ্বে— ভাবে—অল্) মেষকুক্কুটাদিযুদ্ধকরান, প্রাণিদ্যূত। যুদ্ধে আহ্বান। (করণ— অল্) নাম।

সমিৎ— বি, স্ত্রী (সম্—ই—অধি— ক্বিপ্) যুদ্ধ।

সমিত— বি ণ, (সম্+ই+ক্ত) মিলিত।

সমিতিঃ— বি, স্ত্রী (সম্—ই— অধি—ক্তিন্) সভা।

সমিদ্ধ— বি-ণ (সম্—ইন্ধ—কর্ত্তৃ— ক্ত) প্রজ্বলিত। উত্তেজিত।

সমিৎ(ধ্)- বি, স্ত্রী (সম্—ইন্ধ— করণ—ক্বিপ্) অগ্নি জ্বালনার্থ তৃণকাষ্ঠাদি।

সমিধঃ— বি, পুং (সম্—ইন্ধ— কর্ম্ম—ক) অগ্নি। (করণ—ক) যজ্ঞকাষ্ঠ।

সমীকম্— বি, ক্লী (সম—কর্ত্তৃ— ঈকন্) যুদ্ধ।

সমীকরণম্— বি, ক্লী (সম— চ্বি— কৃ—ভাবে—ল্যুট্) সদৃশকরা। এই জাতীয় করণ। কোন ব্যক্ত রাশি অবলম্বন করিয়া অব্যক্ত রাশির মান নির্ণয়।

সমীক্ষা— বি, স্ত্রী; (সম্- ঈক্ষ+ঘঞ্+টাপ্) প্রকৃতি। বুদ্ধিপ্রভৃতি

চতুর্বিংশতি তত্ত্ব। বুদ্ধি। মীমাংসাশাস্ত্র। দৃষ্টি। বিবেচনা।

{**সমীক্ষম্**— (সম্—অক্ষ—করণ—অল্)
সমীক্ষ্যম্— (সমীক্ষ—যৎ) বি, ক্লী; সাঙ্খ্য দর্শন।

সমীক্ষণম্— বি, ক্লী(সম্—ঈক্ষ— ভাবে—ল্যুট্) সম্যক্‌দর্শন। আলোচনা।

সমীক্ষ্যকারী (রিন্)— বি ণ (সম্— ইক্ষ—যপ্—কৃ—কর্ত্তৃ—ণিন্) যে বিবেচনাপূর্ব্বক কার্য্যকরে। স্ত্রী; রিণী।

সমীক্ষ্যবাদী(দিন্)— বি ণ (সম্— ঈক্ষ—যপ্—বদ—কর্ত্তৃ—ণিন্) যে পূর্ব্বাপর বিবেচনা করিয়া কথা বলে। স্ত্রী; দিনী।

সমীচিন— বি-ণ (সম্যচ্—ণীন) যথার্থ। উত্তম। উপযুক্ত। স্ত্রী; না।

সমীপ— বি-ণ (সম্—অপ্—অচ্) নিকট, সন্নিহিত।

{**সমীর ঃ**— কি.পুং(সম্—ঈর—কর্ত্তৃ— অন্)
সমীরণম্—(সম্—ঈর—কর্ত্তৃ—অন) পুং, বি; বায়ু।

সমীরিত— বি-ণ (সম্—ঈর—কর্ম্ম— ক্ত) উচ্চারিত। প্রেরিত।

সমীহিত— বি-ণ (সম্—ঈহ—কর্ম্ম— ক্ত) চেষ্টিত। অভীষ্ট।

সমুচিত— বি-ণ; উপযুক্ত। সমঞ্জস্য।

সমুচ্চয়ঃ— বি, পুং (সম্—উৎ—চি— অল্) মিলন, সমাহার। অনেক পদার্থের এক ক্রিয়াতে অন্বয়। সমূহ, রাশি।

সমুচ্চিত— বি ণ; সংগৃহীত। রাশীকৃত। সমুচ্চয় যুক্ত।

সমুচ্চরন(রৎ)— বি ৎ (সম্—উদ— চর—কর্ত্তৃ—শতৃ) উৎপতনশীল।

সমুচ্ছ্রা(চ্ছ্া)য়ঃ— বি.পু. (সম—উৎ— শ্রি—অচ্) অত্যন্ত উন্নতি, বিরোধ।

সমুচ্ছ্রিত— বিণ. (সম্—উৎ—শ্রি+ক্ত) সমুন্নত।

সমুজ্ঝিত— বিণ.। (সম্-উজ্ঝ-ক্ত) পরিত্যক্ত।

সমুৎকীর্ণ— বি.ণ বিদ্ধ, নির্ভিন্ন।

সমুৎক্রমঃ—বি.পু.। (সম্-উৎ-ক্রম-ঘঞ্) ঊর্দ্ধগমন।

সমুত্থ— বিণ. (সম্—উৎ—স্থাক) সমুদ্‌গতি।

সমুৎপিঞ্জ— বিণ. (সম্-উৎ-পিঞ্জ-অচ) অত্যাকুল। পু. আকুল সৈন্য।

{**সমুদয়ঃ**—বি.পুং (সম্—উদ—ই— ভাবে—অল)
সমুদায়ঃ —বি.পুং; (সম্—উদ্—ই— ভাবে—ঘঞ্) সমূহ। যুদ্ধ। উত্থান।

সমুদাচারঃ— বি, পুং; শিষ্টাচার। অভিপ্রায়

সমুদগ(ক)ঃ— বি, পুং (সম্—উদ্— গম—কর্ত্তৃ—ড —কণ্) কৌটা, খুঙি, ঠোঙা প্রভৃতি, সম্পুটক।

সমুদ্ধরণম্— বি, ক্লী (সম্—উৎ-হৃ-ল্যুট্) উত্তোলন। মোচন। বমন। উন্মূলন।

সমুদ্ধর্ত্তা(র্ত্তৃ)— বি-ণ (সম্—উদ—হৃ— কর্ত্তৃ—তৃন্) উদ্ধারকর্ত্তা। উন্মূলনকারী। ঋণশোধনকর্ত্তা। স্ত্রী; র্ত্রী।

সমুদ্ভবঃ— বি, পুং (সম্— উদ্—ভূ—

ভাবে— অল্) উৎপত্তি। (করণ—অল) কারণ।

সমুদ্রঃ— বি, পুং (সম্—উদ্-রা-ক) সাগর। বি ণ (সহ-মুদ্রা) মুদ্রা যুক্ত, মুদ্রিত।

সমুদ্রগা— বি, স্ত্রী (সমুদ্র—গম—কর্ত্তৃ—ড—আপ্) নদী।

সমুদ্রিয়— বিণ (সমুদ্র—ছ) সমুদ্রসম্বন্ধীয়।

সমুদ্রমেখলা, সমুদ্ররসনা, সমুদ্রাম্বরা— বি. স্ত্রী. পৃথিবী।

সমুদ্বহ— বি-ণ (সম্—উদ্বহ) শ্রেষ্ঠ। ঊর্ধ্বে বহনকারী।

সমুদ্বাহঃ— পুং. (সম—উৎ—বহ+ঘঞ্) বিবাহ।

সমুন্নতিঃ— বি, স্ত্রী; অতিশয় উন্নতি।

সমুন্নদ্ধ— বি ণ (সম্—উদ্—নহ—কর্ম্ম-ক্ত) ঊর্ধ্বে বদ্ধ। বদ্ধ। গর্বিবত।

সমুন্নয়নম্— বি, ক্লী(সম্—উদ্—নী—ভাবে—ল্যুট্) উৎক্ষেপন, উত্তোলন।

সমুপজোষম্— অব্য; হর্ষ। ভাগ্যবশতঃ।

সমুপধানম্— বি. ক্লী; (সম্-উপ-ধা-ল্যুট্) উৎপাদন। স্থাপন।

সমুপোঢ়— বি-ণ (সম্—উপ—বহ—কর্ম্ম—ক্ত) আসন্ন। সঞ্জাত। সঙ্গত।

সমূঢ়— বি-ণ (সম্-বহ—কর্ম্ম—ক্ত) রাশীকৃত। ধৃত। শোধিত। বিবাহিত। দমিত। সঙ্গত।

সমূহঃ— বি, পুং (সম্—উহ—ঘঞ্) সমুদয়। সম্যক্ তর্ক।

সমূরুঃ— বি. পুং. মৃগবিশেষ।

সমূহ্যঃ— বি, পুং (সম্—বহ—কর্ম্ম—ঘ্যণ্—নি) যজ্ঞের অগ্নি বিং।

সমৃদ্ধ— বি.ণ (সম—ঋধ—কর্ত্তৃ—ক্ত) বৃদ্ধিযুক্ত। সম্পত্তিশালী। উৎপন্ন।

সমৃদ্ধিঃ— বি, স্ত্রী (সম্—ঋধ—ভাবে—ক্তিন্) সম্পত্তি, উন্নতি। আধিপত্য, প্রভাব।

সমেত— বি-ণ (সম্—আ—ই—কর্ত্তৃ—ক্ত) মিলিত। সহিত। উপস্থিত। প্রাপ্ত।

সম্পত্তিঃ— (সম্—পদ—কর্ম্ম-ক্তিন্)

সম্পদ্— (সম্—পদ—কর্ম্ম—ক্বিপ্) বি, স্ত্রী; ঐশ্বর্য্য,ধন। শোভা। গৌরব। লক্ষ্মী। উৎকর্ষ।

সম্পন্ন— বি-ণ (সম—পদ—কর্ত্তৃ—ক্ত) নিষ্পন্ন। সম্পত্তিশালী।

সম্পরায়ঃ— (বি. পুং (সম—পরা—ই অধি—অল) যুদ্ধ। আপদ্ উত্তরকাল।

সম্পরায়িকম্— বি. ক্লী (সম্পরায়—ঠন্) যুদ্ধ।

সম্পর্কঃ— বি, পুং (সম্—পৃচ—ভাবে—ঘঞ্) সম্বন্ধ। সংসর্গ। সংযোগ।

সম্পর্কীয়— বি-ণ (সম্পর্ক—ছ) সম্বন্ধীয়। সংক্রান্ত।

সম্পা— বি, স্ত্রী(সম্—পত—কর্ত্তৃ—ড—আপ) বিদ্যুৎ।

সম্পাতঃ— বি, পুং (সম্—পত—ভাবে—ঘঞ্) পতন। উড্ডয়ন। গমন। প্রবেশ।

সম্পাতিঃ— বি, পুং (সম্—পত—ণিচ্—ইন্) জটায়ুর জ্যেষ্ঠভ্রাতা পক্ষীবিং।

সম্পাদক— বি-ণ (সম্—পদ—ণিচ্—

কর্ত্তৃ—ণ্বুল্) কার্য্যনির্ব্বাহক। স্ত্রী; দিকা।

সম্পাদনম্— বি, ক্লী (সম—পদ—ণিচ্—ভাবে—ল্যুট্) নির্ব্বাহ।

সম্পাদিত— বি-ণ (সম্—পদ—ণিচ্—কর্ম্ম—ক্ত) নিষ্পাদিত।

সম্পাদ্য— বি ণ (সম্—পদ—ণিচ্—কর্ম্ম—য) সম্পাদন যোগ্য।

সম্পীড়নম্— বি, ক্লী; (সম্-পীড়-ল্যুট্) নিষ্পীড়ন। প্রেরণ।

সম্পুটকঃ— বি, পুং; কৌটা, খুঙি, ঠোঙা, প্রভৃতি, সমুদ্গক।

সম্পূর্ণ— বি-ণ;(সম্—পূর্+ক্ত) পরিপূর্ণ। সমাপ্ত। সমগ্র।

সম্পৃক্ত— বি ণ(সম্—পৃচ—কর্ম্ম—ক্ত) মিশ্রিত, মিলিত। সম্বন্ধ। খচিত।

সম্প্রতি— অব্য; এক্ষণে, ইদানীম্।

সম্প্রতিপত্তিঃ— বি, স্ত্রী;বাদীর বাক্য স্বীকার করা। স্বীকার।

সম্প্রদাতা(তৃ)— বি ণ (সম্—প্র—দা—কর্ত্তৃ—তৃচ্) যে সম্প্রদান করে।

সম্প্রদানম্— বি, ক্লী (সম্—প্র—দা+ল্যুট্) যাহাকে দান করা হয়, দানীয় ব্যক্তি। (ভাবে—ল্যুট্) যথাবিধি দান।

সম্প্রদায়ঃ— বি, পুং (সম্—প্রা—দা—কর্ম্ম—ঘঞ্) গুরুপরম্পরাগত উপদেশ। সমাজ। দল। সজাতীয়।

সম্প্রধারণম্— বি, ক্লী; কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণয়। অবধারণ।

সম্প্রয়োগঃ— বি, পুং; ধনাদি বিনিয়োগ, টাকার সম্পর্ক, খাটান। ইন্দ্রজাল। বশীকরণাদি কর্ম্ম।

সম্প্রসারণম্— বি, ক্লী (সম্—প্র—সৃ—ণিচ্+ল্যুট্) বিস্তার করণ। ব্যাকরণে—যবরল এই সকল বর্ণ স্থানে যথাক্রমে ই উ ঋ ৯ হওয়া।

সম্প্রহারঃ— বি, পুং ; (সম্—প্র—হৃ+ঘঞ্)যুদ্ধ। সম্যক্ প্রহার।

সম্প্রীতিঃ—বি, স্ত্রী; (সম্-প্রীতি) সম্যক প্রণয়।

সম্বম্— বি, ক্লী (সম্ব—ভাবে—অচ্) দুইবার চষা, দ্বিতীয় কর্ষণ।

সম্বদ্ধ— বি-ণ (সম্—বন্ধ—কর্ত্তৃ—ক্ত) সম্বন্ধযুক্ত। মিলিত। (কর্ম্ম—ক্ত) বদ্ধ।

সম্বন্ধঃ— বি, পুং (সম্—বন্ধ—ভাবে—অল্) সম্পর্ক। সংযোগ। (করণ—অল্) সখ্য। কুটুম্বিতা।

সম্বন্ধী(ন্ধিন্)— বি-ণ; সম্বন্ধবিশিষ্ট। কুটুম্ব। শ্যালক।

সম্বন্ধীয়— বি ণ(সম্বন্ধ— ঈয়) সম্পর্কীয়।

সম্বর— বি, ক্লী; জল। বৌদ্ধদিগের ব্রত বিং। পুং; দৈত্য বিং।

সম্বরণম্— বি, ক্লী (সম্—বৃ+ল্যুট) বরণ। সঙ্গোপন। ইন্দ্রিয়সংযম।

সম্বরারিঃ— বি, পুং (সম্বর—অরি) কামদেব।

সম্বলঃ— বি, পুং, ক্লী (সম্ব—করণ—অলচ্) পাথেয়। পুঁজি, সংস্থান।

সম্বলিত— বি-ণ; মিলিত, সহিত।

সম্বাকৃত— বি-ণ (সম্ব—ডাচ্—কৃত) দ্বিতীয় বার কৃষ্ট।

সম্বাধঃ— বি, পুং (সম্—বাধ—ভাবে—অল্) ভয়। সঙ্কট। বাধা। ভিড়, সঙঘর্ষ।

সম্বুদ্ধিঃ— বি, স্ত্রী (সম্—বুধ—ভাবে—ক্তিন্)

সম্বোধনম্— বি, ক্লী (সম্—বুধ—ভাবে—ল্যুট্) আহ্বান। অভিমুখীকরণ। আমন্ত্রণ।

সম্ভবঃ— বি, পুং (সম্—ভূ—ভাবে—অল্) উৎপত্তি। সম্ভাবনা। বি-ণ (কর্ত্তৃ-অন্) উৎপন্ন।

সম্ভারঃ— বি. পু. (সম্—ভৃ+ঘঞ্) সমূহ, উপকরণ।

সম্ভাবনম্— বি, ক্লী (সম্—ভূ—ণিচ্—ভাবে—ল্যুট।
সম্ভাবনা— বি. স্ত্রী (সম্—ভূ—ণিচ—ভাবে—অন+আপ্) যদি এপ্রকার হয় এই রূপ তর্ক উৎকটকোটিক সংশয়। পূজা, সৎকার। অভিসন্ধি। অনুগ্রহ। চিন্তা।

সম্ভাবিত— বি ণ (সম—ভূ—ণিচ্—কর্ম্ম—ক্ত) তর্কিত। পূজিত, সম্মানিত। চিন্তিত।

সম্ভাব্য— বিণ (সম—ভূ—ণিচ্—কর্ম্ম—যৎ) সম্ভবনার যোগ্য। শ্লাঘ্য।

সম্ভাষঃ— বি, পুং (সম্-ভাষ—ভাবে—অল)
সম্ভাষণম— বি, ক্লী (সম্—ভাষ—ভাবে—ল্যুট্) পরস্পর কথোপকথন, আলাপ।

সম্ভিন্ন— বি ণ; (সম্-ভিদ্+ক্ত) মিলিত। ভগ্ন। চালিত, ক্ষোভিত। বিদলিত।

সম্ভূয়সমুত্থানম্— বি, ক্লী; অংশীদারেরা মিলিত হইয়া যে বাণিজ্য করে।

সম্ভৃত— বি-ণ; (সম্-ভৃ+ক্ত) সঞ্চিত। পরিপূর্ণ। দত্ত। জনিত। প্রস্তুত। সম্যক্ বর্দ্ধিত।

সম্ভৃতিঃ— বি, স্ত্রী;(সম্-ভৃ+ক্তিন্) সম্যক্ পোষণ। সঞ্চয়। বর্দ্ধন।

সম্ভেদঃ—বি, পুং; (সম্+ভিদ্+ঘঞ্) স্ফুটিত হওয়া। মিলন। নদীর সঙ্গম স্থান। ভেদন।

সম্ভোগঃ— বি, পুং (সম্-ভুজ+ঘঞ্) বি, পুং সুখাস্বাদন, উপভোগ।

সম্ভ্রমঃ— বি, পুং; (সম্-ভ্রম্+ঘঞ্) গৌরব, সম্মান। ভ্রান্তি। ঘূর্ণন। ভয়হর্ষাদিজনিত ব্যস্ততা।

সম্ভ্রান্ত— বি ণ;(সম্-ভ্রম-ক্ত) সম্ভ্রমযুক্ত।

সম্মত— বি ণ (সম্—মন কর্ম্ম —ক্ত) অভিপ্রেত। অনুমত।

সম্মতিঃ— বি, স্ত্রী (সম্—মন—ভাবে—ক্তি) অভিপ্রায়। অনুমতি।

সম্মদঃ— বি, পুং (সম্—মদ—ভাবে—অল্) হর্ষ।

সম্মানঃ— বি, পুং (সম্—মন—ভাবে—ঘঞ্)

সম্মাননা— বি, স্ত্রী (সম্—মান+ণিচ্-যুচ্ টাপ্) পূজা, সমাদর।

সম্মানিত— বি-ণ (সম্—মন—ণিচ্—ক্ত) পূজিত, আদৃত।

সম্মার্জ্জনম্— বি, ক্লী (সম্—মৃজ—ভাবে—ল্যুট্) শোধন, পরিষ্কারকরণ।

সম্মার্জ্জনী— বি, স্ত্রী (সম্—মৃজ—করণ—ল্যুট্+ঙীষ্) ঝাঁটা।

সম্মিত— বি-ণ; (সম্-মা-ক্ত) সদৃশ। তুল্যপরিমাণ।

সম্মুখ—
সম্মুখীন—বি-ণ (সম্মুখ—খ) সম্মুখবর্ত্তী।

সম্মূর্চ্ছনম্— বি, ক্লী; (সম্-মূর্চ্ছ-ল্যুট্)
সম্মূর্চ্ছনা—বি, স্ত্রী; বৃদ্ধি। ব্যাপ্তি। বিস্তার।

সম্মোদঃ— বি, পুং;(সম্-মুদ-ঘঞ্) হর্ষ, আমোদ।

সম্মোহনম্— বি, ক্লী (সম—মূহ—ল্যুট্) মোহজনক। বি, পুং;কন্দর্পের বাণ বিং। (ভাবে—ল্যুট্) মুগ্ধকরণ।

সম্যক্(চ্)— অব্য;উত্তমরূপে। সম্পূর্ণ।

সম্রাট্(জ্)— বি, পুং (সম্—রাজ—কর্ত্তৃ—ক্বিপ্) সবর্বভূমীশ্বর রাজা, রাজাধিরাজ।

সরঃ— বি, পুং (সৃ—কর্ত্তৃ—অচ্) দধি দুগ্ধাদির সার ভাগ। ক্লী; মাল্য, ছড়া, নর। মধু। জল।

সরঃ(স্)— বি, ক্লী (সৃ—অসুন্) সরোবর। দধি প্রভৃতির অগ্রভাগ। জল
সরক— বি, পুং, ক্লী; (সৃ-বুন্) অবিচ্ছিন্ন পথিক শ্রেণী। প্রধান পথ। মদ্যপানপাত্র। ইক্ষুজমদ্য।

সরঘা— বি, স্ত্রী (সর—হন—কর্ত্তৃ—ড—আপ) মধুমক্ষিকা।

সরজম্— বি, ক্লী (সরঃ—জন—কর্ত্তৃ—ড) নবনীত।

সরটঃ— বি, পুং; কৃকলাস। টিকটিকী।

সরটিঃ— বি, পুং, (সৃ + অটিন্) বায়ু, মেঘ।

সরণি(ণী)— বি, স্ত্রী (সৃ — অনি (ঈপ্) পথ। শ্রেণী।

সরণ— বি, ক্লী, গমন, স্ত্রী, অলতা, ত্রিবৃতা।

সরযু(যূ)— বি, স্ত্রী; (সৃ-অযু (ঊট্) অযোধ্যার নিকটবাহিনী নদী।

সরলঃ— বি, পুং; বৃক্ষ বিং, যে বৃক্ষে রজন হয়, পীতশাল। বিণ; সোজা, ঋজু। উদারস্বভাব, অকপট।

সরসম্— বি, ক্লী (সহ — রস) সরোবর। বিণ; রসযুক্ত। সুস্বাদ।

সরসিজম্— (সরসি — জন — কর্ত্ত — ড)

সরসিরুহম্— (সরসি — রুহ — কর্ত্তৃ — ক) বি, ক্লী; পদ্ম।

সরসী— বি, স্ত্রী; (সরস্-ঙীষ্) সরোবর।

সরস্বান্(স্বৎ)— বি, পুং (সরস্ — মতুপ্) সমুদ্র। নদ। সরোবর।

সরস্বতী— বি, স্ত্রী; বাগ্দেবী। বাক্য। নদী বিং।

সরহস্য— বিণ (সহ — রহস্য) মন্ত্রসহিত, সমন্ত্রক।

সরাবঃ— বি, পুং (সর = জল — অব = রক্ষা — কর্ত্তৃ — অন্) সরা।

সরিৎ— বি, স্ত্রী (সৃ — কর্ত্তৃ — ইৎ) নদী।

সরিৎপতিঃ —
সরিতাম্পতিঃ— বি, পুং; সমুদ্র।

সরীসৃপঃ— বি, পুং (সৃপ — যঙ্লুক

— কর্ত্তৃ — অচ্) যাহারা বুকে হাঁটিয়া যায়, সর্প-বৃশ্চিক ভেক প্রভৃতি।

সরু— বিণ (সৃ — কর্ত্তৃ — উ) ক্ষীণ, সূক্ষ্ম। খড়্গাদি মুষ্টি।

সরূপ— বিণ (সমান—রূপ) সদৃশ।

সরোজম্— বি, ক্লী (সরস্ — জন্ — কর্ত্তৃ — ড) পদ্ম।

সরোজিনী— বি, স্ত্রী; পদ্মিনী।

সরোরুহম্— বি, ক্লী (সরস্ — রুহ — কর্ত্তৃ — ক) পদ্ম।

সরোবরঃ— বি, পুং; পদ্মাদিযুক্ত জলাশয়।

সর্গঃ— বি, পুং (সৃজ — ভাবে — ঘঞ্) সৃষ্টি। স্বভাব। নিশ্চয়। গ্রন্থের পরিচ্ছেদ। নিয়ম।

সর্জ্জঃ— বি, পুং (সৃজ — কর্ত্তৃ — অন্) শালগাছ।

সর্জ্জনম্— বি, ক্লী (সৃজ — ভাবে — ল্যুট্) সৃষ্টি।

সর্জ্জরসঃ— বি, পুং; ধূনা, শালনির্যাস।

সর্জ্জিঃ, সর্জ্জী— বি, স্ত্রী;(সৃজ + ইন্ + ঙীপ) নদী বিং। ক্ষার মৃত্তিকা, সাজিমাটী।

সর্পঃ— বি, পুং (সৃপ — কর্ত্তৃ — অচ) সাপ। নাগকেশর, গমন। স্ত্রী; পী।

সর্পণম্— বি, ক্লী (সৃপ — ভাবে — ল্যুট্) গমন।

সর্পভুক্(জ্)— বি, পুং (সর্প — ভূজ — কর্ত্তৃ — ক্বিপ) ময়ূর। গরুড়।

সর্পরাজঃ—বি, পুং; অনন্তদেব, বাসুকি।

সর্পসত্রম্— বি, ক্লী; সর্পনাশক যজ্ঞ।

সর্পিণী— বি, স্ত্রী (সৃপ — কর্ত্তৃ — ণিন্ — ঈপ্) সর্পী।

সর্পিঃ(স্)— বি, ক্লী (সৃপ — কর্ত্তৃ — ইস) ঘৃত।

সর্ব্ব— বিণ (সবর্ব — কর্ত্তৃ — অন) সকল। বি, পুং (সৃ — করণ — বন) শিব।

সর্ব্বংসহা— বি, স্ত্রী (সবর্ব — সহ — কর্ত্তৃ — খচ্ — আপ্) পৃথিবী।

সর্ব্বকর্ম্মীণ— বিণ (সবর্বকর্ম্মন — খ) সকল কার্য্যক্ষম।

সর্ব্বগ— বিণ (সবর্ব — গম — কর্ত্তৃ — ড) সবর্বত্রগামী, সবর্বব্যাপী। বি, পুং; শিব, আত্মা। বায়ু।

সর্ব্বঙ্ক ষঃ— বি, পুং (সবর্ব — কষ — কর্ত্তৃ — খচ) পাপ। বিণ; যে সকলকে অতিক্রম করিয়া উঠে, সবর্বপ্রধান।

সর্ব্বজনীন— বিণ (সবর্বজন — খ) সকল লোকের হিতকর। বিখ্যাত। স্ত্রী; না।

সর্ব্বজ্ঞঃ— বি, পুং (সবর্ব — জ্ঞা — কর্ত্তৃ — ড) বুদ্ধদেব। শিব। বিণ; যিনি সকল জানেন। স্ত্রী; জ্ঞা।

সর্বতঃ(স্)— অব্য. সকল দিকে। সকল বিষয়ে।

সর্ব্বতোভদ্রঃ— বি, পুং, ক্লী; পূজাগার চতুষ্কোণমণ্ডল বিং। চতুর্দ্দিকে দ্বারযুক্ত ধনীদিগের গৃহ বিং। জ্যোতিষে শুভাশুভ জ্ঞানার্থমণ্ডল বিং। পুং; নিম্ববৃক্ষ। বিষ্ণুর রথ।

সর্ব্বতোভাব— ক্রি, বিণ; সকল প্রকারে।

সর্ব্বতোমুখ— বি-ণ সবর্বদিগ্বর্ত্তী। বি, পুং; শিব। আত্মা। ব্রহ্মা।

সর্ব্বত্র— অব্য. (সর্ব-ত্রল্) সকল স্থানে। সকল বিষয়ে।

সর্ব্বথা— অব্য. (সবর্ব — থাচ্) সকল প্রকারে। স্বীকার।

সর্ব্বদমন— বি-ণ ; (সর্ব—দম+ণিচ্— ল্যু) সকলের দমনকারী। বি, পুং; দুষ্মন্তপুত্র।

সর্ব্বদর্শী(র্শিন্)— বিণ (সর্ব-দৃশ্-নিনি) যে সকল বিষয় দেখে বা জানে। স্ত্রী; র্শিনী।

সর্ব্বদা— অব্য, (সর্ব-দাচ্) সকল সময়ে।

সর্ব্বধুরীণ— বি-ণ ; (সর্ব-ধুর-খ) যে সকল ভারবহন করে।

সর্ব্বনাম(মন্)— বি, ক্লী; সকলের নাম। ব্যাকরণে সবর্বপ্রভৃতি শব্দ, যাহা বিশেষ্যের পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

সর্ব্বপথীন— বিন. (সর্ব+পথিন্+খ) সকলপথগামী, সর্বপথজ্ঞ।

সর্ব্বভুক্(জ)— বি, পুং(সর্ব— ভুজ+ক্বিপ্); অগ্নি।

সর্ব্বমঙ্গলা— বি, স্ত্রী; দুর্গা।

সর্ব্বময়— বি-ণ (সবর্ব—ময়ট্) সবর্বরূপী। বি, পুং ; ঈশ্বর।

সর্ব্বরী— বি, স্ত্রী (সৃ—কর্ত্তৃ— বনিপ্— ঈপ) রাত্রি।

সর্ব্বলা, সর্ব্বলী— বি. স্ত্রী; অস্ত্র বিং, সাবল।

সর্ব্বলিঙ্গী(ঙ্গিন)— বি ণ; ধূর্ত্ত, পামর।

সর্ব্বস্বম্— বি, ক্লী; সমুদায় ধন।

সর্ব্বশঃ(স্)— অর্ব সর্বপ্রকার।

সর্ব্বাঙ্গীন— বি-ণ (সবর্বাঙ্গ—ীন) সবর্বাঙ্গ-ব্যাপক। সবর্বাঙ্গ সম্বন্ধীয়। স্ত্রী; না।

সর্ব্বাণী— বি. স্ত্রী; দুর্গা।

সর্ব্বার্থসিদ্ধঃ— বি, পুং; বুদ্ধদেব।

সর্ব্বেশ্বরঃ— বি, পুং ; শিব।

সর্ব্বৌষধিঃ— বি, স্ত্রী(সবর্ব—ওষধি) জটামাংসী, হরিদ্রা, বচ্, শৈলেয়, চন্দন, চম্পক, মুরা, কর্পূর, মুস্তা এই সকল দ্রব্য।

সর্ষপঃ— বি, পুং (সৃ—কর্ত্তৃ—অপ) সরিষা।

সলিলম্— বি, ক্লী (সল—কর্ত্তৃ—ইল) জল।

সলীল— বি-ণ (সহ—লীলা) লীলাযুক্ত। ভঙ্গীযুক্ত। কৌতুকবিশেষ।

সল্লকী— বি, স্ত্রী; সজারু। বাবলাগাছ।

সবঃ— বি, পুং (সু—অধি—অচ্) যজ্ঞ।

সবনম্— বি, ক্লী (সু—অধি—ল্যু ট্) যজ্ঞ। (ভাবে—ল্যুট) প্রসব। যজ্ঞস্নান। স্নান। সোমরস পান।

সবয়াঃ (য়স্)— বি-ণ (সমান—বয়স্) সমবয়স্ক, বয়স্য।

সবরঃ— বি, পুং; ব্যাধ। শিব। জল। স্ত্রী; রী।

সবর্ণ— বি ণ (সমান—বর্ণ) সদৃশ। সমানজাতি। সমানবর্ণযুক্ত।

সবিকল্পকম্— বি, ক্লী; ন্যায়ে বিশেষণ বিশিষ্ট বিশেষ্যের জ্ঞান। বেদান্তে জ্ঞাত ও জ্ঞেয় ইহাদের ভেদ জ্ঞান । বি-ণ; সন্দিগ্ধ। উভয় প্রকার কল্পনার বিষয়।

সবিতা(তৃ)— বি, পুং (সূ—কর্ত্তৃ—তৃচ্) সূর্য্য। ঈশ্বর। বি ণ; জনক।

সবিত্রী— বি, স্ত্রী; জননী।

সবিদ্য— বি ণ (সহ—বিদ্যা) বিদ্যাবান্।
সবিধ— বিণ, ত্রি; (সহ-বিধ+ক) নিকট।
সবিনয়— বি-ণ; বিনয়যুক্ত।
সবিশেষ—বি ণ (সহ-বিশেষ) সম্যক্‌প্রকার।
সবিস্তর— বি-ণ; প্রচুর , অধিক।
সবিস্ময়— বি-ণ; বিস্ময়যুক্ত, সাশ্চর্য্য।
সবৃদ্ধিক— বি-ণ; বৃদ্ধিযুক্ত। সুদসমেত।
সব্য— বি-ণ (সূ—কর্ম্ম— যৎ) বাম। প্রতিকূল। পুং—বিষ্ণু।
সব্যপেক্ষ— বি-ণ(সহ—ব্যপেক্ষা) সাকাঙ্ক্ষা, সাপেক্ষ।
সব্যসাচী(চিন্)— বি, পুং ; দক্ষিণ হস্তের ন্যায় বাম হস্তেও বাণক্ষেপণকারী, অর্জ্জুন।
সব্যাজ— বি-ণ (সহ—ব্যাজ) ছলযুক্ত।
সব্যেষ্ঠ(ষ্ঠৃ)— বি, পুং (সব্যে—স্থা—কর্ত্তৃ—ঋন্) সারথি।
সব্রীড়— বি ণ (সহ-ব্রীড়া) লজ্জিত।
সশঙ্ক — বি ণ (সহ—শঙ্কা) ভীত।
সসজ্জ— বি-ণ (সহ—সজ্জা) সজ্জিত।
সসত্ত্ব— বি-ণ (সহ-সত্ত্ব) প্রাণিযুক্ত।
সসত্ত্বা— বি-ণ গর্ভবতী।
সস্ত্রীক— বি-ণ (সহ—স্ত্রী—কণ্) স্ত্রীযুক্ত।
সস্পৃহ— বি-ণ (সহ—স্পৃহা) স্পৃহাযুক্ত, উৎসুক।
সস্মিত— বি-ণ (সহ—স্মিত) ঈষৎহাস্যযুক্ত।
সহ— অব্য; সাহিত্য। সাকল্য। সাদৃশ্য। বিদ্যমানতা।
সহকারঃ—বি, পুং (সহ—কৃ—কর্ত্তৃ—ষণ্) সুগন্ধ আম্রবৃক্ষ।
সহকারী(রিন্)— বি-ণ (সহ—কৃ—কর্ত্তৃ—ণিনি) সাহায্যকারী।
সহগমনম্— বি, ক্লী; সহমরণ। সঙ্গে যাওয়া।
সহচর— বিঃ পুং; অনুচর। বয়স্য।
সহজ— বিণ., স্বাভাবিক। স্ত্রী; জা।
সহজেতর— বি-ণ; অস্বাভাবিক, অলৌকিক।
সহদেবঃ— বি, পুং; পাণ্ডুর কনিষ্ঠ পুত্র।
সহধর্ম্মিনী—
সহধর্ম্মচারিণী— বি, স্ত্রী; ভর্ত্তার সহিত ধর্ম্মানুষ্ঠানকারিণী, পত্নী,ভার্য্যা।
সহনম্— বি, ক্লী (সহ—ভাবে—ল্যুট্) ক্ষমা। প্রতীক্ষা। বি ণ (সহ—কর্ত্তৃ—অন) সহিষ্ণু।
সহনীয়— বিণ (সহ—কর্ম্ম—অনীয়) সহিবার যোগ্য।
সহভাবী(বিন্)— বি-ণ (সহ—ভূ—কর্ত্তৃ—ণিনি) সহায়। সহচর। সহিত উৎপন্ন।
সহমরণম্—বি, ক্লীমৃতপতির সহিত মরণ।
সহমৃতা— বি-ণ; যে স্ত্রী মৃতপতির সহগমন করে।
সহর্ষ— বি-ণ; হর্ষযুক্ত।
সহবাসঃ— বি, পুং ; একত্রে অবস্থিতি।
সহস্— বি, পুং (সহ—অধি—অস্) অগ্রহায়ণ মাস। ক্লী; বল। তেজঃ।
সহসা—অব্য;হঠাৎ। শীঘ্র। বি-ণ(সহ—হস—আপ) হাস্যকারিণী।
সহস্য— বি, পুং (সহস্—ষ্ণ্য) পৌষ

মাস।
সহস্রম্— বি, ক্লী; দশশত সংখ্যা ১০০০। বিণ; বহুসংখ্যাবিশিষ্ট।
সহস্রকরঃ— বি, পুং; সূর্য্য।
সহস্রপাৎ(দ্)— বি, পুং; বিষ্ণু। সূর্য্য।
সহস্রবাহুঃ— বি, পুং; বিষ্ণু। কীর্ত্তবীর্য্যার্জ্জুন।
সহস্রলোচনঃ— বি, পুং; ইন্দ্র;
সহস্রশঃ(স)— অব্য (সহস্র— চশস্) সহস্র সহস্র, বহুসংখ্যক।
সহস্রাংশুঃ— বি, পুং; সূর্য্য।
সহস্রাক্ষঃ— বি, পুং (সহস্র— অক্ষি—ষচ্) বিষ্ণু। ইন্দ্র।
সহস্রার— বি, ক্লী (সহস্র—আর—কোণ) শিরোমধ্যস্থ সুষুম্নানাড়ীস্থিত সহস্রদল পদ্ম।
সহস্রী(স্রিন্)— বি-ণ; সহস্রাধিপতি, সহস্রবিশিষ্ট।
সহাধ্যায়ী(য়িন্)— বি-ণ (সহ— অধি—ই— কর্ত্তৃ—ণিনি) সহপাঠী। একগুরুর শিষ্য। স্ত্রী; য়িনী।
সহানুভূতিঃ— বি, স্ত্রী(সহ—অনুভূতি) অন্যের সুখ দুঃখাদিতে তাদৃশ সুখ দুঃখ অনুভব করা।
সহায়— বি-ণ (সহ—ই—কর্ত্তৃ)অন্) সহচর। সহকারী। স্ত্রী; য়ী , যা।
সহায়তা— বি, স্ত্রী; সাহায্য। আনুকূল্য।
সহিত— বি-ণ (সহ—কর্ত্তৃ—ইত) সংযুক্ত। সমভিব্যাহৃত।
সহিষ্ণু— বি-ণ (সহ—কর্ত্তৃ—ইষ্ণু) সহনশীল, ক্ষমাবান্।
সহিষ্ণুতা— বি, স্ত্রী; সহনশীলতা, ক্ষমা।
সহৃদয়— বি-ণ; সামাজিক, রসজ্ঞ। প্রশস্ত চিত্তশালী।
সহোক্তিঃ— বি, স্ত্রী; কাব্যালঙ্কার বিং।
সহোঢ়জ— বি-ণ (সহ—ঊঢ়া—জন—কর্ত্তৃ—ড) অজ্ঞাতগর্ভা স্ত্রীকে বিবাহ করিলে তাহার সেই গর্ভজাত সন্তান।
সহোদরঃ— বি, পুং (সহ=সমান-উদর) একগর্ভজাত। বি ণ; তুল্য। স্ত্রী; রা।
সহ্য— বি-ণ(সহ—কর্ম্ম—যৎ) সহিবার যোগ্য। বি, পুং ; পবর্বত বিং।
সাংক্রামিক— বি ণ (সংক্রাম—ঠঞ্) স্পর্শজন্য যাহা উৎপন্ন হয়, ছোঁয়াচে, সংক্রামক।
সাংখ্য— বি. ক্লী(সংখ্যা+অন) কপিল প্রণীত দর্শনশাস্ত্র। সম্যগ্‌দর্শন।
সাংগ্রামিক—বি ণ (সংগ্রাম—ঠঞ্) যুদ্ধ-সম্বন্ধীয়।
সাংঘাতিক— বিণ (সংঘাত+ ঠঞ্) সংঘাতকারক। ক্লী— জন্মনক্ষত্রাবধি ষোড়শ নক্ষত্র।
সাংদৃষ্টিক— বি ণ (সংদৃষ্টি—ঠঞ্) পূর্ব্বদৃষ্ট বিষয়ের মনে মনে কল্পনারূপ ন্যায় বিং। কোন কার্য্যের তৎক্ষণাৎ যে ফল হয়।
সাংযাত্রিক—বি ণ (সংযাত্রা—ঠঞ্) জল পথে বাণিজ্যকারী, পোতবণিক্।
সাংযুগীন— বি ণ (সংযুগ—খঞ্) যুদ্ধকুশল, রণপণ্ডিত।
সাংরাবিণম্— বি, ক্লী (সংরাব—ণিনি) হট্টাদির কোলাহল। একত্রে চীৎকার।

সাংবৎসরিক— বি-ণ (সংবৎসর —ঠঞ্) বৎসর সম্বন্ধীয়, বার্ষিক।

সাংসারিক— বিণ (সংসার—ঠঞ্) সংসার সম্বন্ধীয়।

সাংসিদ্ধিক— বি ণ (সংসিদ্ধি—ঠঞ্) স্বভাব সিদ্ধ।

সাকম্— অব্য; সঙ্গে, সহ।

সাকল্যম্— বি, ক্লী (সকল—ষ্যঞ্) সমুদায়।

সাকাঙ্খ— বি-ণ(সহ—আকাঙ্খা) আকাঙ্খা যুক্ত।

সাকার— বি-ণ (সহ—আকার) আকৃতি বিশিষ্ট।

সাকৃত— বি ণ (সহ—আকৃত) অভিপ্রায় যুক্ত, সাভিপ্রায়।

সাকেত— বি, পুং ক্লী (সহ—আ—কিত—অধি—ঘঞ্) অযোধ্যা।

সাক্ষর— বি-ণ; অক্ষরযুক্ত। বিদ্বান্।

সাক্ষাৎ— অব্য; প্রত্যক্ষ। মূর্ত্তিমান্।

সাক্ষাৎকারঃ— বি, পুং; দেখাকরা। প্রত্যক্ষকরা।

সাক্ষী (ক্ষিন্)— বি ণ (সাক্ষাৎ দৃষ্টবান্ এই অর্থে ইনি) যে প্রত্যক্ষ দেখিয়াছে, প্রত্যক্ষদর্শী। স্ত্রী; ক্ষিণী।

সাক্ষ্য — বি, ক্লী (সাক্ষিন্ — ষ্যঞ্) সাক্ষীর কর্ম্ম, প্রমাণ করা।

সাগরঃ— বি, পুং (সগর—অন্) সমুদ্র। সংখ্যা বিং।

সাগরগামিনী— বি, স্ত্রী ; নদী।

সাগরনেমিঃ— বি, স্ত্রী; (সাগর যাহার নেমি অর্থাৎ প্রান্তভাগ)

সাগরমেখলা—বি, স্ত্রী;

সাগরাম্বরা— বি, স্ত্রী; পৃথিবী।

সাগ্নিকঃ— বি, পুং ; যাহার যজ্ঞাগ্নি নির্ব্বাপিত হয় না, অগ্নিহোত্রী দ্বিজ।

সাঙ্কর্য্যম্—বি, ক্লী (সঙ্কর—ষ্যঞ্) মিশ্রণ, মিলন।

সাঙ্কেতিক— বি-ণ (সঙ্কেত —ঠঞ্) সঙ্কেতকারক। সংক্ষিপ্ত উপায়ে অঙ্ককষা।

সাঙ্খ্যম্— বি, ক্লী (সংখ্যা—ষ্ণ) কপিলকৃত দর্শন শাস্ত্র।

সাঙ্গ— বি-ণ (সহ - অঙ্গ) অঙ্গযুক্ত, সম্পূর্ণ।

সাঙ্ঘাতিক— বি ণ (সঙ্ঘাত — ঠঞ্) নাশজনক।

সাচি— অব্য; বক্র।

সাচিব্যম্— বি, ক্লী (সচিব — ষ্যঞ্) মন্ত্রিত্ব। সাহায্য।

সাচীকৃত— বি ণ (সাচি-চ্বি-কৃ-কর্ম্ম-ক্ত,) বক্রীকৃত। (সাচীকৃতা চারুতরেণ)।

সাজাত্যম্—বি, ক্লী (সজাতি — ষ্যঞ্) সজাতীয়তা। একধর্ম্মাবলম্বিত্ব।

সাজ্য— বিণ.(সহ-আজ্য) ঘৃতসহ।

সাটোপ— বি ণ (সহ—আটোপ) গর্ব্বযুক্ত। বিকট।

সাত— বি, ক্লী (সাত —অচ্) সুখ। বিণ (সন-কর্ম্ম-ক্ত) দত্ত। (সো— কর্ত্তৃ—ক্ত) নষ্ট। দত্ত

সাতত্যম্— বি, ক্লী (সতত — ষ্যঞ্) অবিচ্ছেদ।

সাতয়— বি ণ (সাতি-কর্ত্তৃ-শ) সুখজনক।

সাতিঃ— বি.স্ত্রী (সন-ক্তিন্) উপহার অবসান। তীব্রপীড়া।

সাতিশয়— বি-ণ; অধিক।

সাত্যকিঃ— বি, পুং (সত্যক—ইঞ্) যদুবংশীয় ক্ষত্রিয় বিং, কৃষ্ণের সারথি।

সাত্বৎ—বি, পুং;(সাত-ক্বিপ্-মতুপ্) বিষ্ণুর উপাসক। যদুবংশীয়দিগের দেশ বিং যদুবংশীয় লোক।

সাত্বতঃ— বি, পুং (সাত্বৎ—ষ্ণ) কৃষ্ণ। বলদেব। বিষ্ণু, জাতিবিশেষ।

সাত্বতী— বি, স্ত্রী; শিশুপালের মাতা।

সাত্ত্বিকঃ—বি, পুং (সত্ত্ব-ঠঞ্) মনের ভাব বিং, ইহার কার্য্য যথা — স্তম্ভ, স্বেদ, রোমাঞ্চ , স্বরভঙ্গ, কম্প, বৈবর্ণ্য, অশ্রু, মূর্চ্ছা— এই আট প্রকার। বি-ণ; সত্ত্বগুণসম্বন্ধীয়।

সাদঃ— বি, পুং (সদ—ভাবে—ঘঞ্) অবসন্নভাব, আলস্য। ক্ষীণতা। নাশ। "শরীর সাদাদসমগ্রভূষণা।" রঘু।

সাদিঃ— বি.পু (সদ্-ইন্) সারথি, যোদ্ধা, বায়ু।

সাদী(দিন্)— বি, পুং (সদ্—কর্ত্তৃ—ণিনি) অশ্বারোহী। রথারোহী। গজারোহী। সারথি। বি-ণ; অবসন্ন।

সাদিত— বি-ণ (সদ্-ক্ত) বিনাশিত। দুর্ব্বলীকৃত।

সাদৃশ্যম্— বি, ক্লী (সদৃশ—ষ্যঞ্) তুল্যতা। আলেখ্য।

সাধক— বি-ণ (সাধ-ণ্বুল) সম্পাদনকারী। উপাসক। স্ত্রী; ধিকা।

সাধনম্— বি, ক্লী (সাধ—ভাবে—লুট্) সিদ্ধি। আরাধনা। (করণ—লুট্) করণকারক। উপায়। সহায়। হেতু। উপকরণ। সৈন্য। শিশ্ন। (ণিচ্ ভাবে — ল্যুট্) গমন। নিষ্পাদন। ধাতুমারণ, পারদাদি শোধন।

সাধনা— বি, স্ত্রী; উপাসনা। সিদ্ধি।

সাধনীয়— বি-ণ (সাধ—কর্ম্ম—অনীয়) সাধনযোগ্য, নিষ্পাদ্য।

সাধর্ম্ম্যম্— বি, ক্লী (সধর্ম্ম—ষ্যঞ্) সাদৃশ্য, সমানধর্ম্মবত্তা।

সাধারণ— বিণ, (সহ—ধারণা—অণ্) সমান, একবিধ। যাহা সকলের আছে। স্ত্রী; ণী।

সাধারণতন্ত্রম্— বি, ক্লী;এক প্রকার রাজ্য, যেখানে রাজা নাই সর্ব্বসাধারণের মতানুসারে রাজকার্য্য নির্ব্বাহ হয়।

সাধারণ্য— বি, ক্লী (সাধারণ—ষ্যঞ্) সাধারণের ধর্ম্ম।

সাধিত— বি-ণ (সাধ—ণিচ্—কর্ম্ম—ক্ত) সম্পাদিত। শোধিত। বিনাশিত। প্রমাণাদি দ্বারা উদ্ভাবিত।

সাধিদৈবত— বি-ণ (সহ—অধিদৈবত) অধিষ্ঠাত্রী দেবতাযুক্ত।

সাধিষ্ঠানম্— বি, ক্লী (সহ—অধিষ্ঠান) দেহস্থিত ষট্চক্রের অন্তর্গত ২য় চক্র।

সাধু— বি-ণ (সাধ—কর্ত্তৃ—উ) সৎ। ভাল। সজ্জন। সুন্দর। নিপুণ। সমর্থ। উচিত। যোগ্য।

সাধুবাদঃ— বি, পুং; প্রশংসা। ধন্যবাদ।

সাধ্য— বি-ণ (সাধ—ণিচ্-যৎ) সাধনযোগ্য, নিষ্পাদ্য। দ্বাদশগণদেবতা।

বিং। প্রতিবিধেয়। প্রতিপাদ্য।

সাধ্যতাবচ্ছেদক— বি-ণ; সাধ্যনিষ্ঠধর্ম্মে বিশেষকারক।

সাধীয়ান্(য়স্)— বি-ণ (সাধু-ঈয়সু) অতিসাধু। স্ত্রী; য়সী।

সাধ্বসম্— বি, ক্লী (সাধু—অস—অচ্— সাধুজনেরা যাহাকে ক্ষেপণ অর্থাৎ দূর করে, ভয়। মনের ব্যাকুলতা।

সাধ্বী— বি, স্ত্রী (সাধু—ঈপ্) পতিব্রতা স্ত্রী।

সানন্দ— বি-ণ (সহ—আনন্দ) হর্ষযুক্ত।

সানিকা— বি, স্ত্রী (সন—ণ্বুল—টাপ্) বংশী।

সানুঃ— বি, পুং, ক্লী (সন—ঞুণ) পর্ব্বতের উপরিস্থ সমতল ভূমি, গিরিতট, প্রস্থ। অগ্রভাগ। বন।

সানুজ— বি-ণ (সানু—জন—কর্ত্তৃ—ড) সানু হইতে জাত। (সহ—অনুজ) কনিষ্ঠের সহিত বর্ত্তমান।

সানুমান্(মৎ)— বি, পুং; (সানু-মতুপ্) পর্ব্বত।

সান্তপন— বি, ক্লী (সম্—তপ—ণিচ্— ভাবে ল্যুট্) ব্রত বিং। গোমূত্র, গোময়, ক্ষীর, দধি, ঘৃত ও কুশোদক এই ছয় দ্রব্য একত্র করিয়া এক দিন ভক্ষণ করিবে এবং পর দিন উপবাস করিবে এইরূপ প্রায়শ্চিত্তাত্মক ব্রত।

সান্তর— বি-ণ (সহ—অন্তর) ব্যবধানবিশিষ্ট, বিরল, সচ্ছিদ্র।

সান্ত্বনম্— বি, ক্লী (সান্ত্ব—ভাবে—লুট্)

সন্ত্বনা— বি, স্ত্রী (সান্ত্ব—ভাবে—অন— আপ্) প্রিয়বাক্য দ্বারা প্রবোধ দেওয়া, সমাশ্বাসন।

সান্দ্র— বি-ণ (সহ—অনদ্—কর্ত্তৃ— রক্) ঘন, নিবিড়। মৃদু। স্নিগ্ধ। ক্লী; বন।

সান্ধ্য— বি-ণ (সন্ধ্যা— অণ্) সন্ধ্যাকালীন।

সান্নায্য— বি, ক্লী (সম্—নী—কর্ম্ম— ণ্যৎ) মন্ত্র পূতহবিঃ।

সান্নিধ্য— বি, ক্লী (সন্নিধি—ষ্যঞ) সমীপ্য।

সান্নিপাতিক— বি-ণ (সন্নিপাত— ঠঞ্) বাতপিত্তকফজনিত, ত্রিদোষজ। মিশ্রিত, সমষ্টিজাত।

সাপত্ন— (সপত্ন—ষঞ্)

সাপত্ন্য— (সপত্ন—ষ্যঞ্) বি, ক্লী; শত্রুতা। (সপত্নী—ষ্ণ, ষ্ণ্য) সপত্নীজাত।

সাপরাধ— বি-ণ (সহ—অপরাধ) অপরাধী, দোষী।

সাপিণ্ড্যম্— বি, ক্লী (সপিণ্ড —ষ্ণ্য) সপিণ্ডতা।

সাপেক্ষ— বি-ণ (সহ—অপেক্ষ্য) আকাঙ্ক্ষাযুক্ত।

সাপ্তপদীন— বি, ক্লী (সপ্তন—পদ— খঞ্) সখ্য, বন্ধুতা।

সাপ্তপৌরুষ—বি-ণ(সপ্তন্— পুরুষ — ষ্ণ) সপ্তপুরুষব্যাপক। সফলতা।

সাফল্যম্— বি, ক্লী (সফল—ষ্যষ্ণ্) ফলোৎপত্তি।

সাভ্যসূয়— বি-ণ, ঈর্যান্বিত।

সাম(ন্)— বি, ক্লী (সো—কর্ত্তৃ—মন্) বেদ বিং। গান বিং। সন্ধি। প্রিয়বাক্য।

সামগ— বি, পুং (সামন্—গৈ—কর্ত্তৃ— ড) সামবেদাধ্যায়ী ব্রাহ্মণ।

সামগ্রী— বি, স্ত্রী (সমগ্র—ষ্যঞ্—ঈপ) কারণসমূহ। বস্তু।

সামগ্র্য— বি, ক্লী (সমগ্র—ষ্যঞ্) সাকল্য। কারণসমূহ।

সামজঃ— বি, পু (সামন্—জন—কর্ত্তৃ— ড) হস্তী, ব্রহ্মার সামবেদগানকালে উৎপন্ন।

সামঞ্জস্য— বি, ক্লী (সমঞ্জস—ষ্যঞ্) অবিরোধ। ঔচিত্য। উৎকর্ষ।

সামধেনী— বি, স্ত্রী (সমিধ—আ—ধা— করণ—লুট্— ঈপ্) অগ্নিপ্রজ্বলন-মন্ত্র।

সামন্তঃ— বি, পুং (সমন্ত—ষ্ণ) সমীপস্থ অধীন রাজা।

সাময়িক— বি-ণ (সময়—ঠঞ্) সময়োচিত। নিয়মানুযায়ী।

সামর্থ্যম্— বি, ক্লী (সমর্থ—ষ্যঞ্) শক্তি, বল। ক্ষমতা। যোগ্যতা।

সামর্ষ— বি-ণ (সহ—অমর্ষ) ক্রুদ্ধ।

সামবাদঃ— বি, পুং; প্রিয়বাক্য।

সামাজিক— বি-ণ (সমাজ—ঠক্) সভাসম্বন্ধীয়। সভা। স্ত্রী। কী।

সামানাধিকরণ্য— বি, ক্লী (সমানাধিকরণ —যৎ) এক স্থান স্থিতি।

সামান্য— বি, ক্লী (সমান—ষ্যঞ্) গোত্বমনুষ্যত্বাদি জাতি। বি-ণ; সাধারণ।

সামান্যলক্ষণা— বি, স্ত্রী; কোন বস্তু দর্শনে তৎসজাতীয় যাবদ্বস্তুর জ্ঞানজনক উপায়।

সামি— অব্য; কিয়দংশ। অর্ধ।

সামিধেনী— বি, স্ত্রী; সম্-ইন্ধ-ল্যুট্-ঈপ্ অগ্নিপ্রজ্বলন মন্ত্র

সামীপ্য— বি, ক্লী (সমীপ—ষ্যঞ্) নৈকট্য।

সামুদ্রিক— বি-ণ (সমুদ্র—ঠঞ্) সমুদ্রসম্বন্ধীয়। বি, ক্লী; শরীর চিহ্নঘটিত শুভাশুভ প্রকাশক শাস্ত্র।

সাম্পরায়িক— বি, ক্লী (সম্পরায়—ঠঞ্) যুদ্ধ। বি-ণ; যুদ্ধসম্বন্ধীয়।

সাম্প্রতম্— অব্য;এক্ষণে, সম্প্রতি উচিত। যুক্ত।

সাম্যম্— বি, ক্লী (সম্—ষ্যঞ্) সাদৃশ্য।

সাম্রাজ্য— বি, ক্লী (সম্রাজ—ষ্ণ্য) সম্রাটের শাসনাধীন রাজ্য, সার্ব্বভৌমত্ব।

সায়ঃ— বি, পুং (সো — ঘঞ্) সায়ংকাল দিনান্ত।

সায়কঃ— বি, পুং (সো—কর্ত্তৃ—ণক) বাণ।

সায়ন্তন— বি-ণ সন্ধ্যাকালীন।

সায়ম্— অব্য;

সায়াহ্ন— বি, পুং (সায়ম্—অহন্—টচ্) দিনান্ত, সন্ধ্যাকাল।

সাযুজ্য— বি, ক্লী (সহ—যুজ—কর্ত্তৃ— ক্বিপ্—ষ্যঞ্) সহযোগ, অভেদ।

সারঃ— বি, পুং (সৃ—কর্ত্তৃ—ঘঞ্) বল। শ্রেষ্ঠাংশ। বৃক্ষের মজ্জা। উৎকর্ষ। দৃঢ়তা। বি-ণ; শ্রেষ্ঠ।

সারক— বি-ণ (সৃ—ণিচ্— কর্ত্তৃ—ণ্বুল) রেচক। জারক।

সারগ্রাহী(হিন)— বি-ণ (সার—গ্রহ— কর্ত্তৃ—ণিনি্) যে সারাংশ গ্রহণ করে। স্ত্রী; হিণী।

সারঘম্— বি, ক্লী (সরঘা—ষ্ণ) মধু।

সারঙ্গঃ— বি, পুং (সৃ—কর্ত্তৃ—অঙ্গচ্)

চাতকপক্ষী। হরিণ। হস্তী। সিংহ। ভ্রমর। ময়ূর। ধনুক। কন্দর্প। রাগবিং। মেঘ। কর্পূর।

সারঙ্গী— বি, স্ত্রী; বাদ্যযন্ত্র বিং।

সারণম্— বি, ক্লী (সৃ—ণিচ্—ভাবে—লুট্) চালন, নিঃসারণ। বি, পুং (কর্ত্তৃ—অন্য) অতিসাররোগ। রাবণের মন্ত্রী।

সারণী— বি, স্ত্রী; ক্ষুদ্রনদী।

সারথিঃ— বি, পুং (সহ—রথ—সরথ—ষ্ণি) রথাদিচালক। সহায়।

সারথ্যম্— বি, ক্লী (সারথি—ষ্ণ) সারথির কার্য্য, রথাদি চালন। সহায়তা।

সারদা— বি, স্ত্রী (সার—দা—কর্ত্তৃ—ড—আপ্) দুর্গা। সরস্বতী।

সারমেয়ঃ— বি, পুং (সরমা—ঢক্) কুকুর।

সারল্যম্— বি, ক্লী (সরল—ষ্যঞ্) সরলতা।

সারসঃ— বি, পুং (সরস্—অণ্) জলচরপক্ষী বিং। স্ত্রী;সারসী। ক্লী;পদ্ম। বি-ণ; সরোবর-সম্বন্ধীয়।

সারসনম্— বি, ক্লী (সার—সন—কর্ত্তৃ—অন্) স্ত্রীলোকের কটিভূষণ, চন্দ্রহারাদি। কটিভূষণ।

সারস্বতঃ— বি, পুং (সরস্বতী—অণ্) দিল্লীর উত্তর পশ্চিমস্থ দেশ বিং। তদ্দেশীয় ব্রাহ্মণ। বিল্বদণ্ড। বি-ণ; সরস্বতী সম্বন্ধীয়। (সরস্বৎ—অণ্) সমুদ্রসম্বন্ধীয়।

সারিঃ, সারিকা, সারী— বি, স্ত্রী (সৃ—কর্ত্তৃ—ইঞ্) স্ত্রী জাতীয় শালিকপাখী। পাশা খেলিবার গুটি।

সারূপ্যম্— বি, ক্লী (সমান—রূপ—সরূপ—ষ্যঞ্) সমানরূপতা। মুক্তিবিশেষ, যাহাতে ঈশ্বরের তুল্যরূপ হওয়া যায়।

সার্থঃ— বি, পুং (সৃ — থন — অণ্) সমূহ। বণিক সমূহ। সঙ্গী, সাথী। বি-ণ; ধনবান্।

সার্থক— বি-ণ (সহ — অর্থ — কণ্) অর্থযুক্ত। সফল

সার্থবাহঃ— বি, পুং (সার্থ — বহ — অণ্) দলবদ্ধ হইয়া বাণিজ্যকারী। পথদর্শক।

সার্দ্ধ— বি-ণ (সহ-অর্দ্ধ) অর্দ্ধ সহিত।

সার্দ্ধম্— অব্য; সহ; সঙ্গে।

সার্ব— বিণ, (সর্ব+ঠঞ্) সর্বহিতকর।

সার্ব্বজনীন— বি-ণ (সর্ব্বজন—খঞ্) সর্ব্বব্যাপী। লোকহিতকর, সর্ব্বজনবিদিত।

সার্ব্বত্রিক— বি-ণ (সর্ব্বত্র—ঠক্) সর্ব্বত্রব্যাপী।

সার্বধাতুকম্— বি-ক্লী (সর্ব—ধাতু + ঠক) ব্যাকরণশাস্ত্রে সংজ্ঞা বিশেষ।

সার্ব্বভৌমঃ— বি, পুং (সর্ব্বভূমি—অণ্) সম্রাট্। উত্তরদিকের হস্তী।

সার্ব্বলৌকিক— বি-ণ (সর্ব্বলোক—ঠঞ্) সর্ব্বজন বিদিত। সর্ব্বলোকসম্বন্ধীয়।

সার্ষপ— বি-ণ (সর্ষপ—অণ্) সর্ষপসম্বন্ধীয়।

সার্ষ্টি— অব্য; (সমান + ঋষ্টি) মুক্তি বিং।

সালঃ— বি, পুং (সল—অধি—ঘঞ্) সর্জ বৃক্ষ। বৃক্ষ। প্রাচীর।

সালনির্য্যাসঃ— বি, পুং; ধূণা, সর্জ্জরস।

সালা— বি, স্ত্রী; গৃহ।

সালোক্যম্— বি, ক্লী (সমান—লোক—সলোক—ষ্যঞ্) তুল্যলোক-বাসরূপ মুক্তি।

সাল্বঃ— বি, পুং; দেশ বিং। নৃপতি বিং।

সাবধান— বি ণ (সহ—অবধান) মনোযোগী, সতর্কতা।

সাবনঃ— বি, পুং (সবন—অন্) অহোরাত্র। ত্রিংশৎ, অহোরাত্রাত্মক মাস। বি-ণ; সূর্যসম্বন্ধীয়।

সাবর্ণঃ— (সবর্ণা—অণ্)
সাবর্ণিঃ— (সবর্ণা — ইঞ্) বি, পুং; সূর্য্যতনয়, অষ্টম মনু।

সাবিত্র— বি-ণ (সবিতৃ—অণ্) যজ্ঞসূত্র। বি, পুং; ব্রাহ্মণ। শিব। সূর্য্য। বসু বিং।

সাবিত্রী— বি, স্ত্রী (সবিতৃ — অণ্ — ঈপ্) সত্যবান রাজার পত্নী। গায়ত্রী। ব্রহ্মার পত্নী। সূর্য্যের অধিষ্ঠাত্রী দেবতা।

সাবিত্রীপতিতঃ— বি, পুং; উপনয়নের কাল অতীত হইলে উপনীত দ্বিজ।

সাবিত্রীব্রতম্— বি, ক্লী; জৈষ্ঠকৃষ্ণচতুর্দ্দশীতে কর্ত্তব্যব্রত বিং।

সাস্না— বি, স্ত্রী (সস—কর্ত্তৃ—নণ্—আপ্) গরুর গলকম্বল।

সাস্র— বি-ণ (সহ—অস্র) অশ্রুযুক্ত। সরক্ত।

সাহঙ্কার— বি-ণ (সহ—অহঙ্কার) গর্ব্বিত।

সাহচর্য্যম্— বি, ক্লী (সহচর—ষ্যঞ্) সঙ্গ। সংসর্গ।

সাহজিক— বি-ণ (সহজ—ঠক্) স্বাভাবিক। স্ত্রী; কী।

সাহসম্— বি, ক্লী (সহস্=বল—অণ্) অন্তঃকরণের বিক্রম উৎসাহ। নির্ভয়তা। দণ্ড। অনৌচিত্য। বলপূর্ব্বক কৃত দুষ্কর্ম্ম। অবিমৃষ্যকারিতা।

সাহসাঙ্কঃ— বি, পুং রাজা বিক্রমাদিত্য।

সাহসিক— (সাহস—ঠক্)
সাহসী(সিন্)— (সাহস—ইনি) বি-ণ; সাহস কর্ম্মকারী। নির্ভয়। চোর। পরদারিক।

সাহস্রম্— বি, ক্লী (সহস্র—অন্) বহুসহস্র। বি-ণ; তৎসংখ্যাবিশিষ্ট।

সাহায়কম্— (সহায়—বুণ্)
সাহায্যম্— (সহায়—ষ্যঞ্) সহায়তা, আনুকূল্য।

সাহিত্যম্— বি, ক্লী (সহিত + ষ্যঞ্) সংসর্গ, সঙ্গ। কাব্যশাস্ত্র।

সাহ্বয়— বি-ণ (সহ—আহ্বয়) নামযুক্ত।

সিংহঃ— বি, পুং (হিন্স — কর্ত্তৃ — অচ্) পশুরাজ। পঞ্চম রাশি। শব্দের পরবর্ত্তী হইলে শ্রেষ্ঠ অর্থ বুঝায়। স্ত্রী;হী। [ভবেদ্‌বর্ণাগমাদ্ধংসঃ সিংহো বর্ণবিপর্যয়াৎ।]

সিংহদ্বারম্— বি, ক্লী; সিংহমূর্ত্তিচিহ্নিত প্রধান দরজা; ফটক।

সিংহধ্বনিঃ—
সিংহনাদঃ— বি, পুং; সিংহের গর্জ্জন। যোদ্ধাদিগের আস্ফালনসূচক শব্দ।

সিংহলম্— বি, ক্লী (সিংহ — ল) লঙ্কাদ্বীপ, সিলোন। রঙ্গনামধাতু, রীতি, ত্বক্।

সিংহবাহিনী— বি, স্ত্রী (সিংহ — বহ — ণিচ্ —কর্ত্তৃ — ণিনি-ঈপ্) দুর্গা।

সিংহসংহনন— বি-ণ, সুশ্রী। সিংহের ন্যায় দৃঢ়াঙ্গ।

{**সিংহানম্**— (শিন্ধ-আনচ্)
{**সিঙ্ঘানম্**— বি, ক্লী; লৌহের মরিচা। নাসিকার মল, সিকনী।

সিংহাসনম্— বি, ক্লী; সিংহচিহ্নিত আসন, রাজাসন।

সিংহিকা— বি, স্ত্রী(সিংহ-কর্-টাপ্) রাহুমাতা।

সিকতা— বি, স্ত্রী, (সিক-অতচ্-টাপ্) বালুকা।

{**সিকতাময়**— (বিণঃ (সিকতা — ময়ট্)
{**সিকতিল**— বি-ণ; (সিকতা—ইলচ্) বালুকাযুক্ত।

সিক্ত— বি-ণ (সিচ — কর্ম্ম — ক্ত) ভিজা, আর্দ্রীকৃত।

সিক্থঃ(শিকথ্)ঃ— বি, পুং(সিচ্-থক্) একগ্রাস অন্ন। ক্লী; মোম।

সিক্থকম্— বি, ক্লী; মোম।

{**সিক্যম্**— বি, ক্লী (সিক — কর্ত্তৃ — য)
{**সিক্যা**— বি, স্ত্রী; সিকে।

সিচ্— বিণ (সিচ্ + ক্বিপ) সেচনকর্তা, স্ত্রী, বস্ত্র।

সিচয়ঃ/সিঞ্চ য়ঃ— পু. (সিচ্ + অয়চ্) জীর্ণবস্ত্র।

সিঞ্চি তা— স্ত্রী (সিচ্ + ইতচ্ + টাপ্), পিপ্পলী।

সিঞ্জা/সিঞ্জিতম্— বি.স্ত্রী.ক্লী (শিঞ্জ্) ভূষণের ধ্বনি বা ঝঙ্কার।

সিত— বি, পুং (সো — কর্ত্তৃ — ক্ত) শুভ্রবর্ণ। শুক্রাচার্য্য। বি-ণ; শুভ্রবর্ণযুক্ত। নষ্ট। (সি — কর্ম্ম — ক্ত) বদ্ধ। জ্ঞাত। বি, ক্লী; রৌপ্য।

সিতচ্ছদঃ— বি, পুং;রাজহংস। স্ত্রী;দা।

সিতপক্ষঃ— বি, পুং; রাজহংস। শুক্লপক্ষ।

সিতমণিঃ— বি, পুং; স্ফটিক। চন্দ্রকান্তমণি।

সিতশিবম্— বি, ক্লী; সৈন্ধবলবণ।

সিতশূকঃ— বি, পুং; যব।

সিতসপ্তিঃ— বি, পুং;অর্জ্জুন। শ্বেতাশ্ব।

সিতা— বি, স্ত্রী; শর্করা, চিনি। শ্বেতদূর্ব্বা। মিছরি।

সিতাংশুঃ— বি, পুং; চন্দ্র। কর্পূর।

সিতাভ্রঃ— বি, পুং কর্পূর। সাদামেঘ

সিতি— বি, পুং (সি — কর্ত্তৃ — ক্তিচ্) কৃষ্ণবর্ণ। শুক্লবর্ণ। বি ণ;তদ্বর্ণবিশিষ্ট। স্ত্রী (ভাবে — ক্তি) বন্ধন।

সিতিকণ্ঠ ঃ— বি, পুং; শিব। ময়ূর। দাত্যুহ পক্ষী, ডাকপাখী।

সিতিমা(মন্)— বি, পুং (সিত — ইমন্) শুভ্রতা। ("সিতং সিতিম্না সুতরাং মুনের্বপুঃ"— মাঘ) কৃষ্ণতা।

সিতিবাসাঃ(সস)— বি, পুং (সিতি — কৃষ্ণবর্ণ — বাসস্ — বস্ত্র) বলদেব।

সিদ্ধ— বি-ণ (সিধ — কর্ম্ম — ক্ত)

সম্পন্ন। পক্ব। ফলিত। প্রমাণীকৃত। নিত্য। (কর্ত্তৃ — ক্ত) প্রসিদ্ধ। যোগ বিং। বি,পুং; দেবযোনি বিং।

সিদ্ধগঙ্গা— বি, স্ত্রী; স্বর্গগঙ্গা, মন্দাকিনী।

সিদ্ধপীঠ— বি, পুং, ক্লী; যে স্থানে লক্ষবলি, কোটি হোম এবং কোটি মহাবিদ্যা জপ হইয়াছে। যে দেবালয়ে বহুকাল ধরিয়া দেবতার অর্চ্চনা চলিতেছে।

সিদ্ধরসঃ— বি, পুং; পারদ।

সিদ্ধবিদ্যা— বি, স্ত্রী; কালীতারা প্রভৃতি দশমহাবিদ্যা।

সিদ্ধসিন্ধুঃ— স্ত্রী, গঙ্গা।

সিদ্ধসেনঃ— বি, পুং; কার্ত্তিকেয়।

সিদ্ধান্তঃ— বি, পুং;পূর্ব্বপক্ষ নিরাশপূর্ব্বক সিদ্ধপক্ষ স্থাপন, মীমাংসা। জ্যোতিষশাস্ত্র বিং।

সিদ্ধার্থঃ— বি, পুং; শ্বেতসর্ষপ। বুদ্ধদেব। বি-ণ; চরিতার্থ। প্রসিদ্ধার্থ।

সিদ্ধিঃ— বি, স্ত্রী (সিধ — ভাবে — ক্তি) নিষ্পত্তি। ফলোৎপত্তি। যোগ বিং। অনিমাদি ঐশ্বর্য। শুভ। জয়লাভ। ভাঙ্।

সিদ্ধিযোগঃ— বি, পুং; জ্যোতিষোক্ত যোগ বিং।

সিদ্ধেশ্বরী— বি, স্ত্রী; দেবী বিং।

{**সিধ্মম্**— (সিধ্-মন্)
{**সিধ্মন্**— বি, ক্লী; ছুলিরোগ, কিলাস।

সিনঃ— বি, পুং (সি — কর্ম্ম — নক্) গ্রাস।

সিনীবালী— বি, স্ত্রী (সিনী — শুক্লবর্ণা চন্দ্রকলা — বল — ধারণ করা — কর্ত্তৃ — ষণ্ — ঈপ্) চতুর্দ্দশীযুক্ত বা প্রতিপদযুক্ত অমাবস্যা, যাহাতে চন্দ্রকলা দৃষ্ট হয়।

সিন্দূরম্— বি, ক্লী (স্যন্দ — কর্ত্তৃ — ঊর) সিঁদুর।

সিন্ধুঃ— বি, পুং (স্যন্দ — কর্ত্তৃ —উদ্) সমুদ্র। নদ বিং। রাগ বিং। দেশ। হস্তিমদ। স্ত্রী; নদী।

সিন্ধুজম্— বি, ক্লী (সিন্ধু — জন — কর্ত্তৃ — ড) সৈন্ধবলবণ। বি-ণ; সমুদ্রজাত। পুংচন্দ্র। উচ্চৈঃশ্রবাঃঘোটক।

সিন্ধুজা— বি, স্ত্রী; লক্ষ্মী।

সিন্ধুপুষ্পম্— বি, পু, শঙ্খ।

সিন্ধুপুত্রঃ— বি, পু, চন্দ্র। স্ত্রী পুত্রী — লক্ষ্মী।

সিন্ধুরঃ— বি, পুং (সিন্ধু — র) হস্তী। "নৈবান্যত্র মদান্ধসিন্ধুর ঘটা"।

সিন্ধুবারঃ— বি, পুং (সিন্ধু — বৃ — কর্ত্তৃ —ষণ্) বৃক্ষ; নিসিন্দাগাছ। সিন্ধুদেশীয় অশ্ব।

সিপ্রঃ— বি, পুং (সপ — কর্ত্তৃ — রক্) ঘর্ম্মজল। চন্দ্র।

সিপ্রা— বি, স্ত্রী; উজ্জয়িনী সমীপে প্রবাহিত নদী বিং। স্ত্রীলোকের কটিবন্ধ।

সিম— বি-ণ; (সি-মন্) সকল।

সিসৃক্ষা— বি. স্ত্রী (সৃজ — সন্ — ভাবে — অ — আপ) সৃষ্টি করিবার ইচ্ছা।

সীকরঃ— বি, পুং (সীক — কর্ত্তৃ — অরন্) জলকণা।

সীতা— বি, স্ত্রী (সি = ভূমিখনন — কর্ত্তৃ — ক্ত — আপ, নি) লাঙ্গলচিহ্নিত

রেখা। জানকী।

সীতাপতিঃ— বি, পুং; রামচন্দ্র।

সীৎকারঃ— বি, পুং; অনুরাগজ অব্যক্ত মুখশব্দ

সীৎকৃতিঃ— বি, স্ত্রী;

সীধু— বি, ক্লী; মদ্য বিং।

সীমন্তঃ— বি, পুং (সীমন্ — অন্ত) সিঁথি, ঝাপটা, কেশবীথী।

সীমন্তকম্— বি, ক্লী (সীমন্ত — কৈ — কর্ত্তৃ — ড) সিন্দূর।

সীমন্তিত— বি ণ (সীমন্ত — ইতচ্) সীমন্তযুক্ত। দুই ভাগে বিভক্ত।

সীমন্তিনী— বি, স্ত্রী (সীমন্ত — ইন্ — ঈপ্) নারী।

সীমন্তোন্নয়নম্— বি, ক্লী; গর্ভবতী স্ত্রীর সংস্কার বিং।

সীমা(মন্)— বি, স্ত্রী (সি — কর্ত্তৃ — ইমন্) অন্ত, অবধি। তট। মুষ্ক, অণ্ডকোষ।

সীমা— বি, স্ত্রী (সীমন্ — ডাপ্) অন্ত, অবধি।

সীরঃ— বি, পুং (সি — কর্ত্তৃ — রক্) লাঙ্গল, সূর্য্য।

সীরধ্বজঃ— বি, পুং; জনকরাজা।

সীরপাণিঃ—
সীরী (রিন্)— বি, পুং; বলদেব।

সীবনম্— বি, ক্লী (সিব — ভাবে — ল্যুট্) সেলাইকরা, সূচীকর্ম্ম।

সীবনী— বি, স্ত্রী; সূচ।

সীসম্— (সি-ক্বিপ্+সো-ক)
সীসকম্— বি, ক্লী; ধাতু বিং, সীসা।

সীহুণ্ডঃ— পু, সিজগাছ। সেঁকুলগাছ।

সু— অব্য; উত্তম। অতিশয়। অনায়াস। শুভ।

সুকর— বি-ণ (সু — কৃ — কর্ম্ম — খল্) অনায়াস সাধ্য; সুখকর। স্ত্রী; রা।

সুকর্ম্ম(র্ম্মন)— বি-ণ; সৎক্রিয়াশালী। কার্য্যকুশল। বি, পুং; বিশ্বকর্ম্মা। যোগ বিং।

সুকল— বি-ণ (সু — কল — কর্ত্তৃ — অচ্) দান ভোগে সমর্থ, দাতা ও ভোক্তা। মধুরাস্ফুটশব্দকারী।

সুকালী(লিন্)— বি, পুং, বহু (সুকাল — ইন) গোত্রপ্রবর্তক ঋষি বিং।

সুকুমার— বি-ণ; অতিকোমল। অতিশিশু। সুন্দর বালক।

সুকৃত— বি, ক্লী; পুণ্য। ভাগ্য। বি-ণ; সুন্দর নির্ম্মিত।

সুকৃতপরিণামঃ— বি, পুং; পুণ্যের ফলভোগ, পুণ্যপরিপাক। বাঞ্ছিত সম্পত্তি।

সুকৃতিঃ— বি, স্ত্রী; পুণ্য। ভাগ্য।

সুকৃতী(তিন্)— বি-ণ (সুকৃত — ইনি) পুণ্যবান্। সৌভাগ্যশালী।

সুকেতুঃ— বি, পুং; তাড়কা রাক্ষসীর পিতা।

সুকেশী— বি-ণ; সুন্দর কেশ বিশিষ্টা স্ত্রী।

সুখম্— বি, ক্লী (সুখ — ভাবে — অচ্) আনন্দ। স্বচ্ছন্দ। বি ণ (কর্ত্তৃ — অচ্) সুখজনক। (সুখ — অ) সুখবিশিষ্ট, সুখী।

সুখদ— বি ণ (সুখ — দা — ক)

সুখদায়ক। স্ত্রী; দা।

সুখভাক্— বি ণ (সুখ — ভজ — ণ্বি) সুখভোগী।

সুখরাত্রিঃ— বি, স্ত্রী; দীপান্বিতা অমাবস্যাতে পূজ্যা লক্ষ্মী।

সুখা— বি, স্ত্রী; বরুণপুরী।

সুখাবহ— বি-ণ (সুখ — বহ — কর্ত্তৃ — অচ্) সুখজনক।

সুখিত— (সুখ — ইতচ্) সুখযুক্ত।

সুখী(খিন্)— (সুখ — ইনি) বি-ণ; সুখযুক্ত।

সুখ্যাতিঃ— বি, স্ত্রী; প্রশংসা।

সুখোদ্য— বিণ (সুখ — বদ+ক্যপ্) সুখে কথনীয়।

সুগতঃ— বি, পুং; বুদ্ধদেব।

সুগন্ধঃ— বি, পুং; উত্তম গন্ধ। চন্দন বৃক্ষ। বিণ; সদ্‌গন্ধযুক্ত। গন্ধক। চম্পক।

সুগন্ধা— বি, স্ত্রী; মাধবী লতা। তুলসী। শ্যামালতা।

সুগন্ধি— বিণ (সু — গন্ধ — ই) সদ্‌গন্ধযুক্ত। পিপ্পলীমূল।

সুগম— বি ণ (সু — গম — কর্ম্ম — খল্) অনায়াস লভ্য। যেখানে সুখে গমন করা যায়, সুগম্য। যাহা সুখে জানা যায়, সুজ্ঞেয়।

সুগৃহীতনামা(মন্)— বি-ণ; প্রাতঃস্মরণীয় ব্যক্তি, পুণ্যশ্লোক।

সুগ্রীবঃ— বি, পুং (সু — গ্রীবা) কপিরাজ। কৃষ্ণের অশ্ববিং। বি-ণ; সুন্দর গ্রীবাযুক্ত।

সুঘোষ— বি, পু, নকুলের শঙ্খ।

সুচরিত— বি, ক্লী; উত্তম আচরণ। বি ণ; সুন্দর চরিত্র বিশিষ্ট, সচ্চরিত্র। উত্তম রূপে কৃত।

সুচারু— বি-ণ; অতিমনোহর।

সুচিরম্— বি, ক্লী; অতিদীর্ঘকাল।

সুচেতাঃ(তস্)— বি-ণ; সন্তুষ্টচিত্ত। সতর্ক।

সুজন— বি ণ; সাধু, সজ্জন।

সুজন্মা(ন্মন্)—
সুজাত— বি ণ; সুন্দর জন্মবিশিষ্ট।

সুজয়— (সু — জি — কর্ম্ম — খল্)
সুজেয়— (সু — জি — কর্ম্ম — য) বিণ; যাহাকে সুখে জয় করা যায়; অনায়াসজেতব্য।

সুত— বি, পুং (সু — কর্ম্ম — ক্ত) পুত্র।

সুতকম্— বি, ক্লী (সুত — কণ্) জননাশৌচ।

সুতনুঃ—
সুতনূ— বি ণ; সুন্দরদেহযুক্ত। বি, নারী, সুন্দর দেহ।

সুতপাঃ(পস্)— বি, পুং; সূর্য্য। বি ণ; তপস্বী।

সুতরাম্— অব্য (সু — চতরাম্) অত্যন্ত ("তয়া দুহিত্রা সুতরাং সবিত্রী"— কুমার) অগত্যা কাজে কাজেই। ("ধেন্বা তদধ্যাসিতকাতরাক্ষ্যা নিরীক্ষ্যমাণঃ সুতরাং দয়ালুঃ"— রঘু)

সুতলম্— বি, ক্লী; তৃতীয় পাতাল। বি ণ; উত্তম তল যুক্ত গৃহাদি।

সুতহিবুকঃ— বি, পুং; যোগ বিং।

সুতীক্ষ্ণ— বি ণ; অতিশয় ধারাল। বি, পুং;

মুনি বিং।

সুত্রামা(মন্)— বি, পুং (সু — ত্রৈ — কর্ত্তৃ — মন্) ইন্দ্র। (সুত্রামন্ শব্দও হয়)

সুত্বা(ত্বন্)— বি, পুং (সু — কর্ত্তৃ — কনিপ্) যজ্ঞস্নায়ী। সোমপায়ী।

সুদক্ষিণ— বি ণ; উত্তম দক্ষিণাযুক্ত। অনুকূল।

সুদক্ষিণা— বি, স্ত্রী; দিলীপপত্নী।

সুদন্(দৎ)— বিণ (সু — দন্ত) শোভন দন্তবিশিষ্ট। স্ত্রী; দতী।

সুদম— বি ণ (সু — দম — কর্ম্ম — খল্) যাহাকে অনায়াসে দমন করা যায়, সুজেয়। 'সুদমো দমঘোষজঃ"।

সুদর্শনঃ— বি, পুং (সু — দৃশ — কর্ম্ম — অচ্) বিষ্ণুর চক্রনামক অস্ত্র। বি-ণ; যাহা দেখিতে সুন্দর, সুদৃশ্য।

সুদামা(মন্)— বি, পুং; মেঘ। গোপ বিং। ঐরাবত। বি-ণ; অতিশয় দাতা।

সুদুশ্চর— বি-ণ (সু — দুর্ — চর — কর্ম্ম — খল্) অতিদুঃসাধ্য।

সুদুস্তর— বি-ণ (সু — দুর্ — তৃ — কর্ম্ম — খল্) যাহা পার হওয়া অতি দুঃসাধ্য, দুরুত্তার্য্য।

সুদূরম্— বি, ক্লী; অতিদূর। বি-ণ; অতিদূরবর্ত্তী।

সুদূরপরাহত— বিণ; অতিদূরে নিরাকৃত, একান্ত নিরস্ত।

সুধন্বা(ন্বন্)— বি, পুং (সু — ধনুস্) নৃপতিবিং। বিশ্বকর্ম্মা। অনন্ত। বি-ণ; উত্তমধনুর্দ্ধারী।

সুধর্ম্মা(র্ম্মন্)— বি ণ (সু — ধর্ম্ম — অন্) অতিধার্ম্মিক। স্ত্রী; দেবসভা।

সুধর্ম্মা— বি, স্ত্রী (সুধর্ম্মন্— আপ্) দেবসভা।

সুধা— বি, স্ত্রী (সু — ধে — কর্ম্ম — ড — আপ্) অমৃত। চূণ, চূর্ণ। জল। পুষ্পরস।

সুধাংশুঃ, সুধাকরঃ— বি, পুং; চন্দ্র।

সুধিতিঃ— বি, স্ত্রী (সু — ধি — কর্ম্ম — ক্তি) কুঠার।

সুধী— বি-ণ (সু — ধ্যৈ + ক্বিপ্) সুন্দরবুদ্ধিবিশিষ্ট। বি, পুং; পণ্ডিত। স্ত্রী; সুন্দরবুদ্ধি।

সুনন্দম্— বি, ক্লী (সু — নন্দ — ণিচ্ — কর্ত্তৃ — অন) বলদেবের মুষল। বি-ণ; অতি আনন্দজনক।

সুনন্দা— বি, স্ত্রী; উমার সখী বিং। ইন্দুমতীর সখী।

সুনাসীরঃ— বি, পুং (সু — নাসীর) অগ্রবর্ত্তী সৈন্য। ইন্দ্র।

সুনীতিঃ— বি, স্ত্রী; উত্তমনীতি। ধ্রুবের মাতা। বি-ণ; নীতিবিশিষ্ট।

সুন্দঃ— বি, পুং (সুন্দ — কর্ত্তৃ — অন্) তাড়কার স্বামী দৈত্য বিং। কবি বিং।

সুন্দর— বিণ (সুন্দ — কর্ত্তৃ — অরন্) মনোহর।

সুন্দরী— বি, স্ত্রী;সুরূপা স্ত্রী। সুঁদরীগাছ। অর্দ্ধ সমবৃত্ত বিং।

সুপচ— বি-ণ (সু — পচ — কর্ম্ম — খল্) যে সকল বস্তু লঘুপাক। (কর্ত্তৃ — অন্) সুন্দর পাচক।

সুপথঃ— বি, পুং; সৎপথ। সদাচার।

সুন্দর রীতি।

সুপর্ণঃ— বি, পুং; গরুড়। কুক্কুট। বি-ণ; সুন্দররম্যপত্রযুক্ত।

সুপর্ব্বা(র্ব্বন্)— বি, পুং; দেবতা। বাণ।

সুপ্ত— বি-ণ (স্বপ — কর্ত্তৃ — ক্ত) নিদ্রিত। শয়িত।

সুপ্তিঃ— বি, স্ত্রী (স্বপ — ভাবে — ক্তিন্) নিদ্রা। স্বপ্ন। শয়ন।

সুপ্রতীকঃ— বি, পুং; ঈশানকোণের হস্তী।

সুপ্রভ— বি-ণ; সুন্দর প্রভাযুক্ত।

সুবুদ্ধিঃ, সুবোধঃ — বি-ণ; উত্তম বুদ্ধিবিশিষ্ট।

সুভগ— বি-ণ; সুন্দর। প্রিয়। ভাগ্যবান্। স্ত্রী- তুলসী, বনমল্লিকা।

সুভগম্ভাবুক— বি-ণ (সুভগ — ভূ — কর্ত্তৃ — খুকঞ্) সম্প্রতি যে সুভগ হয়।

সুভগম্মন্য— বি-ণ (সুভগ — মন — কর্ত্তৃ — খশ্) যে আপনাকে প্রিয় বা সুন্দর মনে করে। স্ত্রী; ন্যা।

সুভদ্র— বি ণ; সৌভাগ্যযুক্ত। বি, পু, বিষ্ণু, রাজ বিং।

সুভদ্রা— বি, স্ত্রী; কৃষ্ণের ভগিনী।

সুভিক্ষ— বি-ণ (সু—ভিক্ষা) প্রচুর খাদ্যবিশিষ্ট।

সুভ্রূ— বিণ; সুন্দর ভ্রূযুক্ত।

সুমম্— বি, ক্লী (সু + মা + ক) পুষ্প। পুং; চন্দ্র।

সুমতিঃ— বি, স্ত্রী; সুবুদ্ধি। দয়া। বি-ণ; সুন্দর বুদ্ধিবিশিষ্ট।

সুমধ্যম— বি-ণ; যাহার কটিদেশ উত্তম।

সুমনঃ(নস্)— বি, পুং; দেবতা। পণ্ডিত। ক্লী, স্ত্রী; পুষ্প। পুষ্পবাচক সুমনস্ শব্দ প্রায়ই বহুবচনান্ত, কদাচিৎ একবচনান্তও হয়।

সুমন্ত্রঃ— বি, পুং; দশরথের সারথি।

সুমিত্রা— বি, স্ত্রী; দশরথের পত্নী।

সুমুখঃ— বি, পুং; গরুড়পুত্র। নাগ বিং। বিণ; সুন্দর মুখযুক্ত। স্ত্রী; খী খা।

সুমেধাঃ(ধস্)— বি-ণ (সু — মেধা — অস্) উত্তম বুদ্ধিমান।

সুমেরুঃ— বি, পুং; পৃথিবীর মধ্যস্থিত পর্ব্বত বিং। পৃথিবীর উত্তরপ্রান্ত। জপমালার মধ্যস্থিত গুটিকা।

সুমেরুবৃত্ত— বি, ক্লী; উত্তর মেরু হইতে ২৩$\frac{1}{2}$° অক্ষাংশ অন্তরে স্থিত রেখা।

সুযাত্রঃ— পু, বিষ্ণু, বৎসরাজ, প্রাসাদ বিং।

সুযোগঃ— বি, পুং; সদুপায়।

সুযোধনঃ— বি, পুং (সু — যুধ — যুচ্) দুর্য্যোধন।

সুরঃ— বি, পুং (সু — রা — ক) দেবতা। স্ত্রী; রী।

সুরক্ত— বি ণ; উত্তমরঞ্জিত। অনুরক্ত।

সুরগুরুঃ— বি, পুং; বৃহস্পতি।

সুরঙ্গঃ— বি, ক্লী; হিঙ্গুল। পতঙ্গ, গর্ত্ত বিং।

সুরঙ্গা, সুরঙ্গী— বি, স্ত্রী; গর্ত্ত বিং, সুড়ঙ্গ

সুরজ্যেষ্ঠঃ— বি, পুং; ব্রহ্মা।

সুরতম্— বি, ক্লী (সু — রম — ভাবে — ক্ত) রতিক্রীড়া। বি-ণ অত্যন্ত অনুরক্ত।

সুরথঃ— বি, পুং; নৃপতি বিং। বি-ণ; উত্তম রথবিশিষ্ট।

সুরদারুঃ— বি, পুং; দেবদারু বৃক্ষ।

সুরদীর্ঘিকা— বি, স্ত্রী; স্বর্গগঙ্গা।

সুরধুনী— বি. স্ত্রী.
সুরনিম্নগা— বি, স্ত্রী; গঙ্গা।

সুরপতিঃ— বি, পুং; ইন্দ্র।

সুরপথঃ— বি, পুং; আকাশ।

সুরপাদপঃ— বি, পুং; কল্পবৃক্ষ।

সুরপুরম্— বি, ক্লী;
সুরপুরী— বি, স্ত্রী; স্বর্গ।

সুরভি— বি, পুং (সু — রভ — কর্ত্তৃ — ই) সুগন্ধদ্রব্য। বসন্তকাল। চৈত্রমাস। চম্পক বৃক্ষ। কদম্ব বৃক্ষ। বকুল বৃক্ষ। বি-ণ; সুগন্ধযুক্ত। মনোহর। প্রিয়। বিখ্যাত। বি, স্ত্রী (ভি, ভী) দেবগাভী। পৃথিবী। সুরা। মাতৃকা বিং। তুলসী।

সুরভিত— বি-ণ (সুরভি — ইতচ্) সুগন্ধযুক্ত।

সুরম্য— বি-ণ, অতি মনোহর।

সুরলোকঃ— বি, পুং; স্বর্গ।

সুরবর্ত্মা(ন্)— বি, ক্লী; আকাশ

সুরবৈরী(রিন্)— বি, পুং; দৈত্য।

সুরস— বি ণ; সুস্বাদ, মধুর।

সুরসদ্ম(ন্)— বি, ক্লী; স্বর্গ।

সুরসরিৎ— বি, স্ত্রী; গঙ্গা।

সুরসুন্দরী— বি, স্ত্রী; অপ্সরা।

সুরা— বি, স্ত্রী (সুর — কর্ত্তৃ — ক — আপ্) মদ্য। মদ্য তিন প্রকার — গৌড়ী, পৈষ্টী, মাধ্বী।

সুরাচার্য্যঃ— বি, পুং; বৃহস্পতি।

সুরাজীবী(বিন্)— বি-ণ; শুঁড়ি, শৌণ্ডিক।

সুরাপ— বি-ণ (সুরা — পা — কর্ত্তৃ — ড) মদ্যপায়ী, মাতাল।

সুরাপগা— বি, স্ত্রী; (সুর — আপগা — নদী) গঙ্গা।

সুরাপীত— বি ণ; মদ্যপায়ী।

সুরারিঃ— বি, পুং; অসুর।

সুরালয়ঃ— বি, পুং; স্বর্গ। মদিরাগৃহ।

সুরাষ্ট্রঃ— বি, পুং; সুরাটদেশ, সৌরাষ্ট্র।

সুরুঙ্গা— বি, স্ত্রী; সুড়ঙ্গ, গর্ত্তবিং।

সুরেন্দ্রঃ— বি, পুং; ইন্দ্র।

সুরেশ্বরঃ— বি, পুং; ইন্দ্র। শিব।

সুরেশ্বরীঃ— বি, স্ত্রী; দুর্গা। গঙ্গা।

সুলক্ষণ— বি ণ;উত্তম লক্ষণযুক্ত। স্ত্রী;ণা।

সুলভ— বি-ণ (সু — লভ — কর্ম্ম — খল্) অনায়াসলভ্য, সস্তা।

সুললিত— বি-ণ; সুন্দর। কোমল।

সুলূ— বি-ণ (সু — লূ — কর্ত্তৃ — ক্বিপ্) সুন্দর ছেদনকর্ত্তা।

সুবচনী, শুভসূচনী— বি, স্ত্রী; দেবী বিং।

সুবর্ণঃ— বি, ক্লী; স্বর্ণ। হরিচন্দন। ১৬ মাষা পরিমিত সোনা। ধন। বি-ণ;সুন্দর বর্ণযুক্ত। সুন্দর অক্ষরযুক্ত।

সুবর্ণকারঃ— বি, পুং; সেকরা, স্বর্ণকার।

সুবর্ণবণিক্(জ্)— বি, পুং; জাতি বিং, সোণার বেণিয়া।

সুবহ— বি-ণ (সু — বহ — কর্ম্ম — খল্) যাহা সুখে বহন করা যায়, সুখবাহ্য।

সুবাসঃ— বি, পুং; সৌরভ। উত্তম বাসস্থান। সুখে বাস। বি-ণ; সুগন্ধযুক্ত।

সুবাসিনী— বি, স্ত্রী; সুবাসযুক্তা স্ত্রী।

সুবিদঃ— বি.পুং কঞ্চুকী, রাজা।

সুবিদল্ল— বি, পুং; (সুবিদৎ=রাজা+লা-ক) কঞ্চুকী।

সুবিধা— বি, স্ত্রী; উত্তম উপায়, সুযোগ।

সুবৃত্ত— বি-ণ; সচ্চরিত্র। উত্তম গোলাকার।

সুবেলঃ— বি, পুং; ত্রিকূট গিরি।

সুব্রত— বি ণ; সম্যক্‌ব্রতাবলম্বী। ধার্ম্মিক।

সুশর্ম্মা(র্ম্মন্)— বি, পুং; ত্রিগর্ত্তদেশের রাজা। বি ণ; অতিসুখী।

সুশিক্ষিত— বি-ণ; উত্তমরূপে শিক্ষিত, কৃতবিদ্য।

সুশীল— বি ণ; সচ্চরিত্র।

সুশীলতা— বি, স্ত্রী; নম্রতা, বিনয়।

সুশ্রাব্য— বি-ণ (সু — শ্রু — কর্ম্ম — ণ্যৎ) যাহা শুনিতে উত্তম, সুমধুর।

সুশ্রুত— বি, পুং; বিশ্বামিত্রপুত্র, চিকিৎসাগ্রন্থকার। তৎকৃত চিকিৎসাগ্রন্থ বিং।

সুশ্রীক— বিণ, শ্রীযুক্ত।

সুশ্লিষ্ট— বি-ণ; (সু-শ্লিষ্-ক্ত) দৃঢ়রূপে সংযুক্ত, নিবিড় সংযোগবিশিষ্ট।

সুষমা— বি, স্ত্রী; পরমশোভা।

সুষিঃ— বি.স্ত্রী.ক্লী.—ছিদ্র

সুষীম— বি-ণ; শীতল, জড়। সুন্দর।

সুষুপ্ত— বি-ণ (সু — স্বপ — কর্ত্তৃ — ক্ত) গভীর নিদ্রিত।

সুষুপ্তিঃ— বি, স্ত্রী (সু — স্বপ্ — ভাবে — ক্তি) গাঢ়নিদ্রা, যে নিদ্রায় স্বপ্নাদির অনুভব হয় না।

সুষুম্না— বি, স্ত্রী (সুষু — অব্যক্তশব্দ — ম্না = অনুশীলন করা — কর্ত্তৃ — ড — আপ্) মেরুদণ্ডের বহিঃস্থিত ঈড়া পিঙ্গলা নাড়ীর মধ্যস্থিত নাড়ী বিং। সূর্য্যরশ্মি।

সুষেণঃ— বি, পুং; বানর বিং। বিষ্ণু।

সুষ্ঠু— অব্য অতিসুন্দর। শ্রেষ্ঠ। সত্য।

সুসংস্কৃত— বি ণ;উত্তমরূপ সংস্কারযুক্ত।

সুসহ— বি-ণ (সু — সহ — অচ্) যাহা অনায়াসে সহ্য করা যায়।

সুসাধ্য— বি-ণ; সুখে সম্পাদ্য।

সুস্থ— বি ণ (সু — স্থা — কর্ত্তৃ — ড) নীরোগ। সুখী। সুস্থির।

সুস্পষ্ট— বি-ণ; অতিশয় স্পষ্ট, সুব্যক্ত।

সুহিত— বি-ণ (সু — ধা — ক্ত) তৃপ্ত, সন্তুষ্ট।

সুহৃৎ(দ্)— বি, পুং (সু — হৃদয়) যাহার সঙ্গে একত্র থাকা সর্ব্বদাই অভিমত।

সুহৃদয়— বি ণ; শুদ্ধচিত্ত। প্রশস্তচেতাঃ।

সুহ্ম— বি, পুং; দেশ বিং, সম্ভবতঃ বঙ্গ দেশের উত্তর বা উত্তরপূর্ব্বদেশ। তদ্দেশীয় লোক।

সূ— বি-ণ (সূ — কর্ত্তৃ — ক্বিপ্) উৎপাদক, প্রসবকারী।

সূক্তম্— বি, ক্লী;

সূক্তিঃ— বি, স্ত্রী; সদ্বাক্য, সমীচীন বাক্য। বেদের স্তোত্রমন্ত্রাদি।

সূক্ষ্ম— বি-ণ। সূচ — কর্ম্ম — মন্) অল্প। ক্ষুদ্র। সরু। অতীন্দ্রিয়। পুং;অণু। ক্লী;

অধ্যাত্মবস্তু। অর্থালঙ্কার বিং।

সূক্ষ্মদর্শী (র্শিন্)— বি ণ (সূক্ষ্ম — দৃশ — কর্ত্তৃ — ণিনি্) অতিশয় বুদ্ধিমান্।

সূক্ষ্মভূতম্— বি, ক্লী; পৃথিব্যাদি পঞ্চ ভূতের সূক্ষ্ম অংশ বিং।

সূক্ষ্মা— বি, স্ত্রী; শব্দপ্রবৃত্তি বিং।

সূচক— বি-ণ (সূচ — ণ্বুল্) জ্ঞাপক। প্রকাশক। বি, পুং; খল। কাক। বিড়াল। সূত্রধার।

সূচনম্— বি, ক্লী (সূচ — ল্যুট্ জ্ঞাপন। সঙ্কেতাদি দ্বারা জানান। অভিনয়। দোষের আবিষ্করণ।

সূচি, সূচিকা, সূচী— বি, স্ত্রী (সিব — করণ — ল্যুট্, ঈ) সূচ, সীবনী। সূক্ষ্মঅগ্রভাগ।

সূচিকঃ— বি, পুং (সূচি — ঠন্) দরজী, সূচীকর্ম্মকারী।

সূচিকাভরণম্— বি, ক্লী; অত্যল্পমাত্রায় সেবা ঔষধ বিং।

সূচিত— বি-ণ (সূচ — কর্ম্ম — ক্ত) জ্ঞাপিত। কথিত। হিংসিত।

সূচীপত্রম্— বি, ক্লী; যে পত্রে সংক্ষেপে গ্রন্থের বিবরণ জানা যায়; নির্ঘন্ট।

সূচিপুষ্পম্— বি, ক্লী; কেতকী পুষ্প।

সূতঃ— বি, পুং (সূ — কর্ত্তৃ — ক্ত) সারথি। সূত্রধর জাতি। স্তুতিপাঠক। পুরাণবক্তা মুনি বিং। বি-ণ; প্রসূত।

সূতকঃ— বি, ক্লী (সূত — কণ্) জন্ম। জননাশৌচ।

সূতিঃ— বি, স্ত্রী (সূ — ভাবে — ক্তিন্) প্রসব। উৎপত্তি।

সূতিকা— বি, স্ত্রী (সূতক — আপ্) নবপ্রসূতা স্ত্রী।

সূতিকাগারম্—
সূতিকাগৃহম্— বি, ক্লী; আঁতুরঘর, প্রসবগৃহ।

সূত্থান— বি-ণ (সু — উত্থান) পটু, চতুর।

সূত্যা— বি, স্ত্রী (সূ — ক্যপ্ — টাপ্) যজ্ঞস্নান। সোমরস পান।

সূত্রম্— বি, ক্লী (সূত্র — করণ — অচ্) সূতা, তন্তু। শাস্ত্রকারদিগের সংক্ষিপ্ত বাক্য বিং। নাট্যশাস্ত্রের উপক্রম।

সূত্রধার ঃ— বি, পুং (সুত্র — ধৃ — কর্ত্তৃ — ষণ্) নাটকের প্রস্তাবক প্রধান নট। ইন্দ্র।

সূত্রধরঃ— পু, শূদ্রাগর্ভে বিশ্বকর্ম্মার ঔরসজাত সঙ্কর জাতি বিং, ছুতার।

সূত্রপাতঃ— বি, পুং; গোড়াপত্তন, প্রারম্ভ।

সূদঃ— বি, পুং (সূদ —অচ্) পাচক। স্ত্রী; দা। (কর্ম্ম—অল্) ব্যঞ্জন।

সূদন— বি-ণ (সূদ — ল্যুট্) বিনাশকারী। বি.ক্লীং— বিনাশ।

সূনম্— বি, ক্লী (সূ — কর্ত্তৃ — ক্ত) পুষ্প। বিণ; বিকসিত। জাত।

সূনা— বি, স্ত্রী (সূ — ক্ত আপ্) বধ্যভূমি। মাংসবিক্রয়স্থান। উনন, শিললোড়া, ঝাঁটা, উদূখল- মুষল, কলসীপীড়ী, গৃহস্থের এই পাঁচ দ্রব্যকে পঞ্চ সূনা কহে।

সূনুঃ— বি, পুং (সূ — কর্ম্ম — নুক্)

পুত্র। কনিষ্ঠ। সূর্য্য। স্ত্রী; কন্যা।

সূনৃতম্— বি, ক্লী (সু — নৃত — কর্ত্তৃ — ক) সত্য অথচ প্রিয়বাক্য। শুভ। বি-ণ; সত্যপ্রিয়বাদী।

সূপঃ— বি, পুং (সূ — কর্ম্ম — পক্) ব্যঞ্জন বিং; দাইল। ঝোল।

সূপকারঃ— বি, পুং (সূপ — কৃ — কর্ত্তৃ — ষণ্) পাচক। স্ত্রী; রী।

সূরঃ— বি, পুং (সূ — কর্ত্তৃ — রক্) সূর্য্য।

সূরণঃ— বি, পুং (সূর — ল্যুট্) ওল প্রভৃতি মূল। বৃক্ষ বিং।

সূরসূতঃ— বি, পুং; সূর্য্যসারথি, অরুণ।

সূরিঃ— বি, পুং (সূর — কর্ত্তৃ — ই) পণ্ডিত। সূর্য্য।

সূরী (রিন্)— বি-ণ (সূর — কর্ত্তৃ — ণিনি) জ্ঞানী।

সূর্প— শূর্প দ্র.।

সূর্পণখা— শূর্পনখা দ্র.

সূর্য্যঃ— বি, পুং (সৃ — কর্ত্তৃ — ক্যপ্) দিবাকর।

সূর্য্যকান্তঃ— বি, পুং; মণি বিং, আতসমণি, কাচমণি।

সূর্যগ্রহণম্— ক্লী., রাহুকর্তৃক সূর্যগ্রাস।

সূর্য্যতনয়ঃ— বি, পুং; যম। শনি। বালী। সুগ্রীব। কর্ণ। মনু বিং। স্ত্রী; য়া — যমুনা।

সূর্য্যাবর্ত্তঃ— বি, পুং (সূর্য্য — আ — বৃত — কর্ত্তৃ — অন্) যে পুষ্পবৃক্ষ সূর্য্যাভিমুখে থাকে। (উৎপল)

সৃক— পু, (সৃ + কক) বাণ, পদ্ম, বায়ু।

সৃক্কম, সৃক্কন্ম্— বি, ক্লী (সৃজ — কর্ত্তৃ — কন্, কনিন্) ওষ্ঠ প্রান্তভাগ।

সৃগাল— বি, পুং; (সৃ + গালন্) শিয়াল।

সৃজনম্— বি.ক্লীং সৃষ্টি।

সৃণিঃ— বি, পুং, স্ত্রী;

সৃণীঃ— বি, স্ত্রী (সৃ — কর্ত্তৃ — ণিক্) অঙ্কুশ।

সৃণিকা— (সৃণি-কন্ (ইকন)-টাপ্)
সৃণীকা— বি, স্ত্রী; মুখাদির লাল।

সৃত— বিণ (সৃ + ক্ত) গত, প্রস্থিত।

সৃত্বর— বি-ণ (সৃ — কর্ত্তৃ — ক্বরপ্) গমনশীল। চঞ্চ ল।

সৃমর— বি-ণ (সৃ — কর্ত্তৃ — ক্মর) গমনশীল। বি, পুং; মৃগ বিং।

সৃষ্টিঃ— বি-স্ত্রী (সৃজ — ভাবে — ক্তি) নির্ম্মাণ। স্বভাব। জগৎ।

সেকঃ— বি, পুং (সিচ — ভাবে — ঘঞ্) সেচন।

সেক্তা (ক্তৃ)— (সিচ — কর্ত্তৃ — তৃচ্)

সেচক— বি-ণ; (সিচ — কর্ত্তৃ — ণক) যে সেচন করে।

সেচনম্— বি, ক্লী (সিচ — ভাবে — ল্যুট্) আদ্রীকরণ, সেক।

সেচনী— বি, স্ত্রী (সিচ্ + ল্যুট্ + ঈপ্) সেচনপাত্র।

সেতুঃ— বি, পুং (সি — করণ — তুন্) ক্ষেত্রাদির আলি, জাঙ্গাল, ভেড়ি জলবন্ধ। সাঁকো, পুল।

সেতুবন্ধঃ— বি, পুং; ভারতবর্ষের দক্ষিণপ্রান্ত হইতে লঙ্কাদ্বীপ পর্য্যন্ত সেতু।

সেনা— স্ত্রী (সি — ন + টাপ্) সৈন্য।

সেনাচর— বিণ (সেনা — চর + ট)

সেনানুগামী।

সেনাঙ্গম্— ক্লী, হস্তী, অশ্ব, রথ ও পদাতি — এইগুলি সেনার অবয়ব।

সেনানী— পু, (সেনা + নী + ক্বিপ্) সেনাপতি কার্ত্তিকেয়।

সেফঃ— পু, (সি + ফ) পুরুষের চিহ্ন। শিশ্ন

সেবঃ— পুং, (সেব + অচ্) সেবা।

সেবক— বি-ণ (সেব — কর্ত্তৃ — ণ্বুল্) দাস, পরিচায়ক। স্ত্রী। বিকা।

সেবধিঃ— বি, পুং; কুবেরের নিধি, শঙ্খপদ্মাদি।

সেবনম্— বি, ক্লী (সেব — ভাবে — ল্যুট্) সেবা। উপাসনা। উপভোগ। (সিব — ভাবে ল্যুট্) সেলাই, সূচীকর্ম্ম।

সেবনী— বি, স্ত্রী (সিব — অনট্ — ঈপ্) সূচী।

সেবা— বি, স্ত্রী (সেব — ভাবে — অ — আপ্) উপভোগ।

সেবিত— বি-ণ (সেব — কর্ম্ম — ক্ত) আরাধিত। উপভুক্ত।

সেব্য— বি-ণ (সেব — কর্ম্ম — ণ্যৎ) আরাধ্য। উপভোগ্য।

সেব্যমান— বি ণ (সেব — কর্ম্ম — শানচ্) যাহাকে সেবা করা হয়।

সৈংহিক— (সিংহিকা — ঠক্)

সৈংহিকেয়— (সিংহিকা — ঢক্) বি, পুং; রাহু।

সৈকতম্— বি, ক্লী (সিকতা — অন্) বালুকাময় তট। বি ণ; বালুকাব্যাপ্ত।

সৈকতিকম্— বি, ক্লী (সিকতা — ঠন্) যাত্রাকালে বাঁধা মঙ্গলসূত্র। বি, পুং; ক্ষপণক।

সৈকতিল— বি-ণ (সিকতিল — ইলচ্) বালুকাময় ভূমি।

সৈনিক— বি-ণ (সেনা — ঠক্) সেনাদলভুক্ত পুরুষাদি। সেনাসম্বন্ধীয়।

সৈন্ধব— বি, পুং (সিন্ধু — অণ্) অশ্ব। ক্লী; সমুদ্রজাত লবণ। বি-ণ; সিন্ধুসম্বন্ধীয়; স্ত্রী; বী।

সৈন্যম্— বি, ক্লী (সেনা — ঞ্য) সেনা, শ্রেণীবদ্ধ যোদ্ধা। বি-ণ; সেনাসমবেত।

সৈরন্ধ্রী—

সৈরিন্ধ্রী— বি, স্ত্রী (সীর-ধৃ-ক-ঈপ্) পরগৃহবাসিনী স্বাধীনা শিল্পকারিণী স্ত্রী। দ্রৌপদী।

সৈরিকঃ— পু, (সীর + ঠক্) হালিক, হালবাহী বৃষ।

সৈরিভঃ— বি, পুং (সীর — ইভ — অণ্) মহিষ।

সৈবালম্— বি, ক্লী (সেবা — অল — কর্ত্তৃ — অচ্ — অণ্) শেওলা।

সোজঃ— বি, পুং (সহ — উ — সো — দুর্গা + জন — কর্ত্তৃ — ড) গণেশ।

সোঢ়— বি-ণ (সহ — কর্ম্ম — ক্ত) যাহা সহ্য করা হইয়াছে।

সোঢ়া (ঢৃ)— বি ণ (সহ — কর্ত্তৃ — তৃচ্) যে সহ্য করে, সহনশীল।

সোৎকণ্ঠ— বি-ণ (সহ — উৎকণ্ঠা) উৎকণ্ঠাযুক্ত, উদ্বিগ্ন।

সোৎপ্রাস— বি, পুং (সহ — উদ্ — প্র — অস — ভাবে — ঘঞ্) শ্লেষবাক্য। বি-ণ; বুদ্ধিযুক্ত। ঠাট্টাযুক্ত।

সোদরঃ— (সমান — উদর)

সোদর্য্যঃ— (সোদর — যৎ) বি, পুং; একগর্ভজাত।

সোদরা—

সোদর্য্যা— বি, স্ত্রী; সহোদরা ভগিনী।

সোপপ্লব— বি-ণ (সহ — উপপ্লব) রাহুগ্রস্ত চন্দ্র সূর্য্য। উপদ্রবযুক্ত।

সোপাধিক— বি-ণ; উপাধিযুক্ত।

সোপানম্— বি, ক্লী (সহ — উপ — অন — করণ — ঘঞ্) সিঁড়ি, আরোহণী।

সোমঃ— বি, পুং (সু — কর্ত্তৃ — ম) চন্দ্র। যম। কুবের। বায়ু। বসু বিং। কপি। কর্পূর। অমৃত। জল। সোমলতা রস।

সোমতীর্থম্— বি, ক্লী; প্রভাসতীর্থ।

সোমপ— (সোম — পা — কর্ত্তৃ — ড)

সোমপা— (সোম — পা — কর্ত্তৃ — ক্বিপ্)

সোমপীতী(তিন্)— (সোম — পীত — ইন্)

সোমপীথী (থিন্)— বি-ণ; যজ্ঞে যে সোমরস পান করে।

সোমপৃতিকা— বি, স্ত্রী; যজ্ঞে সোমলতার প্রতিনিধি লতা বিং।

সোমযাজী(জিন্)— বি-ণ; (সোম — যজ — কর্ত্তৃ — ণিনি) সোমযাগকর্ত্তা।

সোমলতা— বি, স্ত্রী; স্বনামখ্যাত লতা বিং।

সোমসিদ্ধান্তঃ— বি, পুং; চন্দ্রপ্রোক্ত জ্যোতিষ গ্রন্থ বিং। পণ্ডিত বিং।

সোমসুৎ— বি-ণ (সোম — সু — কর্ত্তৃ — ক্বিপ্) সোমযাজী।

সোমী (মিন্)— বিণ. (সোম-ইনি) সোমযাগের অনুষ্ঠাতা।

সোমোদ্ভবা— বি, স্ত্রী; নর্ম্মদা নদী।

সোল্লুণ্ঠঃ/সোল্লুণ্ঠনম্— বি-ণ (সহ — উল্লুণ্ঠ) পরিহাসযুক্ত, ঠাট্টার সহিত। পার্শ্বপরিবর্ত্তনবিশিষ্ট।

সোষ্মন্— বিণ (উষ্মার সহিত) গরম। তপ্ত, উষ্মবর্ণ।

সৌকর্য্যম্— বি, ক্লী (সুকর — অন্) সুবিধা, অনায়াস।

সৌকুমার্য্যম্— বি, ক্লী (সুকুমার — ষ্যঞ্) কোমলতা।

সৌখশায়নিকঃ / সৌখশয়িকঃ— (সুখশয়ন — ঠক্)

সৌখসুপ্তিক— বিণ (সুখসুপ্ত — ঠক্) বি-ণ; সুখশয়ন - জিজ্ঞাসু।

সৌখিক— বি-ণ (সুখ — ঠক্) সুখসম্বন্ধী, আনন্দপ্রদ।

সৌখ্যম্— বি, ক্লী (সুখ — ষ্যঞ্) সুখধারা, অবিচ্ছিন্ন সুখ।

সৌগতঃ— বি, পুং (সুগত — অন্) বৌদ্ধ।

সৌগতিকঃ— বি, পুং (সুগত — ঠক্) বৌদ্ধসন্ন্যাসী। নাস্তিক।

সৌগন্ধম্/সৌগন্ধ্যম্— বি, ক্লী (সুগন্ধ — অন্, ষ্যঞ্) সুগন্ধ, সৌরভ।

সৌগন্ধিকম্— বি, ক্লী (সুগন্ধ — ঠন্) পুষ্প বিং, কহলার।

সৌচিঃ/সৌচিকঃ— বি, পুং (সূচী+ইঞ্, ঠঞ্ ষ্ণিক) সূচীকর্ম্মোপজীবি, দরজী।

সৌজন্যম্— বি, ক্লী (সুজন — ষ্যঞ্)

ভদ্রতা, সদ্ব্যবহার।

সৌতিঃ— পুং, (সুত + ইঞ্) সুতপুত, মুনি বিং কর্ণ।

সৌত্রঃ— পুং, (সূত্র — অণ্) বিপ্র। ত্রি- সূত্রসম্বন্ধী।

সৌত্রিকঃ— পুং, (সূত্র + ঠন্) বিপ্র, তন্তুবায়।

সৌত্রান্তিকঃ— পুং (সূত্রান্ত + ঠক্) বৌদ্ধসম্প্রদায়।

সৌত্রামণ— বিণ, (সূত্রামণ-অণ্) ঐন্দ্র।

সৌদামনী—
সৌদামিনী— বি, স্ত্রী (সুদামন্ — অণ্ — ঈপ) বিদ্যুৎ। অপ্সরা বিং।

সৌদায়িকম্— বি, ক্লী (সুদায় — ঠন্) মাতা পিতা বা ভর্ত্তার নিকট হইতে প্রাপ্ত স্ত্রীধন।

সৌধঃ— বি, পুং, ক্লী (সুধা — অণ্) রাজগৃহ, অট্টালিকা।

সৌনিকঃ— বি, পুং (সূনা — ঠক্) কসাই, মাংসবিক্রেতা।

সৌন্দর্য্যম্— বি, ক্লী (সুন্দর — ষ্যঞ্) সুশ্রীকতা।

সৌপর্ণঃ— বি, পুং (সুপর্ণ —অণ্) গরুড়। মরকত মণি। বি-ণ; সুপর্ণসম্বন্ধীয়।

সৌপ্তিকম্— বি, ক্লী (সুপ্ত — ঠক্) মহাভারতের পর্ব্ব বিং, যাহাতে অশ্বত্থামার রাত্রিযুদ্ধ বর্ণিত আছে। বি-ণ সুপ্তসম্বন্ধীয়।

সৌভদ্রঃ— বি, পুং। (সুভদ্রা — অণ্) অভিমন্যু।

সৌভাগিনেয়ঃ— বি, পুং (সুভগা — ঢক্) সৌভাগ্যবতীর স্ত্রীর পুত্র।

সৌভাগ্যম্— বি, ক্লী (সুভগ — ষ্যঞ্) শুভাদৃষ্ট। সৌন্দর্য্য। পুং; যোগ বিং।

সৌভ্রাত্রম্— বি, ক্লী (সুভ্রাতৃ — ষ্যঞ্) ভ্রাতৃবর্গের পরস্পর স্নেহ।

সৌমনস্যম্— বি, ক্লী (সুমনস্ — ষ্যঞ্) প্রীতি। প্রসন্নতা।

সৌমিত্রঃ— বি.পুং (সুমিত্রা — অণ্)
সৌমিত্রিঃ— (সুমিত্রা — ইঞ্) বি, পুং; সুমিত্রাসুত। লক্ষণ। শত্রুঘ্ন।

সৌম্যঃ— বি, পুং (সোম — অণ্) বুধগ্রহ। বি-ণ; শান্তমূর্ত্তি। সাধু। সুন্দর। স্ত্রী; ম্যা।

সৌরঃ— বি, পুং (সূর — অণ্) সূর্য্যপুত্র শনি প্রভৃতি। বি-ণ; সূর্য্যসম্বন্ধীয়। সূর্য্যের উপাসক। স্ত্রী;রী।

সৌরজগৎ— বি, ক্লী;একসূর্য্য ও তাহার চতুর্দ্দিকে পরিভ্রমণকারী গ্রহগণ এবং তাহাদের পারিপার্শ্বিক সমস্ত।

সৌরভম্— বি, ক্লী (সুরভি — অণ্) সদ্গন্ধ।

সৌরভেয়ঃ— বি, পুং (সুরভি — ঢক্) বৃষ। স্ত্রী; য়ী—গবী।

সৌরাজ্যম্— বি, ক্লী (সুরাজন্ — ষ্যঞ্) সুন্দর রাজত্ব।

সৌরাষ্ট্রঃ— বি, পুং (সুরাষ্ট্র — অণ্) সুরাটদেশ। তদ্দেশীয় লোক।

সৌরিঃ— বি, পুং (সূর — ইঞ্) শনি। (সূরি — ষ্ণি) কৃষ্ণ।

সৌবর্ণ— বি-ণ (সুবর্ণ — অণ্) স্বর্ণনির্ম্মিত। স্ত্রী; র্ণী।

সৌবর্চ্চলম্— বি, ক্লী (সুবর্চ্চল — অণ্) লবণ বিং।

সৌবস্তিকঃ— বি, পুং (স্বস্তি — ঠক্) পুরোহিত। বি-ণ; স্বস্তিবাচক।

সৌবিদঃ, সৌবিদল্লঃ— বি, পুং; কঞ্চুকী।

সৌষ্ঠবম্— বি, ক্লী (সুষ্ঠু — অণ্) সৌন্দর্য্য। উৎকর্ষ।

সৌসাদৃশ্যম্— বি, ক্লী (সমদৃশ — ষ্যঞ্) উত্তমসাদৃশ্য

সৌহার্দ্দঃ, সৌহার্দ্দ্যম্— (সুহৃদ — অণ্, ষ্যঞ্)
সৌহৃদম্, সৌহৃদ্যম্— (সুহৃদ্ — অণ্, ষ্যঞ্) বন্ধুত্ব, প্রণয়। সৌজন্য।

সৌহিত্যম্— বি, ক্লী (সুহিত — ষ্যঞ্) অতিতৃপ্তি। পর্য্যাপ্তভোজন।

স্কন্দঃ— বি, পুং (স্কন্দ — কর্ত্তৃ — অন) কার্ত্তিকেয়।

স্কন্দনম্— বি, ক্লী (স্কন্দ — ভাবে — ল্যুট্) গতি। শোষণ, ক্ষরণ। রেচন।

স্কন্ধঃ— বি, পুং (ক — মস্তক — ধা — কর্ত্তৃ — ড) কাঁধ, অংশ। গাছের গুঁড়ি। ব্যূহ। গ্রন্থের পরিচ্ছেদ। সমূহ। সেনাধ্যক্ষ। যুদ্ধ। রাজা। পথ। বৌদ্ধমতে জ্ঞানের পঞ্চ মাংশ, যথা — বিষয়প্রপঞ্চ — রূপস্কন্ধ, বিষয়জ্ঞানপ্রপঞ্চ— বেদনাস্কন্ধ, আলয়বিজ্ঞানপ্রপঞ্চ— বিজ্ঞানস্কন্ধ, নামপ্রপঞ্চ — সংজ্ঞাস্কন্ধ, বাসনাপ্রপঞ্চ — সংস্কারস্কন্ধ।

স্কন্ধবাহকঃ— বি, পুং; স্কন্ধদ্বারা ভারবহনকারী, ভারী।

স্কন্ধাবারঃ— বি, পুং (স্কন্ধ = রাজা — আ — বৃ — কর্ত্তৃ — ঘঞ্) সেনানিবেশ, শিবির।

স্কন্ন— বি-ণ (স্কন্দ — কর্ত্তৃ — ক্ত) চ্যুত। ক্ষরিত। শুষ্ক। গত।

স্খদনম্— স্ত্রী (স্খদ + ল্যুট) বিদারণ।

স্খলৎ— বি-ণ; যাহা স্খলিত হয়।

স্খলনম্— বি, ক্লী (স্খল — ভাবে — ল্যুট্) পতন। পিচ্ছলন। উছট খাওয়া। অর্দ্ধোচ্চারণ। মোচন। বিফল হওয়া। বিকৃতি। ভ্রমবশতঃ অপ্রাসঙ্গিক বাক্যকথন। বিরুদ্ধাচরণ।

স্খলিত— বি-ণ (স্খল — কর্ত্তৃ — ক্ত) পতিত। চলিত। প্রতিহত। অর্দ্ধোচ্চারিত। বিকৃত।

স্তনঃ— বি, পুং (স্তন — কর্ম্ম — অচ্) মাই, পয়োধর।

স্তননম্— ক্লী, (স্তন + ল্যুট্) ধ্বনি, মেঘের শব্দ।

স্তনন্ধয়— বি-ণ (স্তন — ধে — কর্ত্তৃ — খশ্) স্তন্যপায়ী শিশু। স্ত্রী; য়ী।

স্তনপঃ— পুং, (স্তন — পা + ক) অতিশিশু।

স্তনয়িত্নু— বি-পুং (স্তন — ণিচ্ — কর্ত্তৃ — ইত্নু) মেঘ। বিদ্যুৎ।

স্তননম্— বি-ক্লী (স্তন-ল্যুট্) ধ্বনি, মেঘধ্বনি।

স্তনিত— বি, ক্লী (স্তন — ভাবে — ক্ত) মেঘধ্বনি। রতিশব্দ; বি-ণ (কর্ম্ম — ক্ত) শব্দিত।

স্তন্যম্— বি, ক্লী (স্তন — যৎ) স্তনদুগ্ধ।

স্তন্যজীবী(বিন্)— (স্তন্য — জীব — কর্ত্তৃ — ণিনি)

স্তন্যপায়ী(য়িন)— (স্তন্য — পা — কর্ত্তৃ — ণিনি) বি ণ; যাহারা স্তনদুগ্ধ দ্বারা জীবিত থাকে।

স্তব্ধ— বি-ণ (স্তন্ভ — কর্ত্তৃ — ক্ত) স্পন্দহীন। মূর্চ্ছিত। দৃঢ়ীভূত।

স্তব্ধিঃ— স্ত্রী (স্তন্ভ + ক্তিন) নিশ্চলতা।

স্তম্বঃ— বি, পুং (স্থ্যা — কর্ত্তৃ —অম্বচ্) তৃণাদির গুচ্ছ। স্কন্ধহীন বৃক্ষ। ঝাড়।

স্তম্বেরমঃ— বি, পুং; (স্তম্বে-রম্-অচ্) হস্তী।

স্তম্ভঃ— বি, পুং (স্তন্ভ — কর্ত্তৃ — অচ্) থাম, খুঁটি। (ভাবে — অল্) জড়তা। রোধ, প্রতিবন্ধ।

স্তম্ভনম্— বি, ক্লী (স্তন্ভ — ভাবে — ল্যুট্) জড়ীকরণ। দৃঢ়করণ। নিবারণ, থামান। (কর্ত্তৃ — অন্) কন্দর্পের বাণ বিং।

স্তম্ভিত— বি ণ (স্তন্ভ — ণিচ্ — কর্ম্ম — ক্ত) জড়ীকৃত। স্থিরীকৃত। অবরুদ্ধ।

স্তরঃ— বি, পুং (স্তৃ — কর্ম্ম — অচ্) ভূমি প্রভৃতির বিভাগ বিং, থাক, স্তবক। শয্যা।

স্তবঃ— বি, পুং (স্তু — ভাবে — অপ্) স্তুতি, প্রশংসা।

স্তবকঃ— বি, পুং (স্তু-বুন্) গুচ্ছ, থলো। সমূহ। গ্রন্থের পরিচ্ছেদ।

স্তবকিত— বি-ণ (স্তবক — ইতচ) গুচ্ছীকৃত, তোড়া।

স্তাবক— বি-ণ (স্তু — কর্ত্তৃ — ণ্বুল্) স্তুতিকারক। স্ত্রী; বিকা।

স্তিমিত— বি-ণ (স্তিম — কর্ত্তৃ — ক্ত) আর্দ্র। নিশ্চল।

স্তুত— বি-ণ (স্তু — কর্ম্ম — ক্ত) প্রশংসিত। কীর্ত্তিত।

স্তুতিঃ— বি, স্ত্রী (স্তু — ভাবে — ক্তিন্) গুণকথন, স্তব।

স্তুতিপাঠক— বি-ণ; যে স্তব করে। বি, পুং; মাগধজাতি।

স্তুতিবাদঃ— বি, পুং; প্রশংসাবাক্য।

স্তুত্য— বি-ণ (স্তু — কর্ম্ম — ক্যপ্) স্তবের যোগ্য।

স্তূপঃ— বি, পুং; রাশি।

স্তূয়মান— বি-ণ (স্তু — কর্ম্ম — শানচ্) যাহার স্তব করা যায়।

স্তেন— বি-ণ পুং, (স্তেন — অচ্) চৌর। বি, ক্লীং (ভাবে — অল্) চৌর্য্য।

স্তেমঃ— বি, পুং (স্তিম — ভাবে — ঘঞ্) আর্দ্রী ভাব।

স্তৈমিত্য— ক্লী (স্তিমিত + ষ্যঞ্) জাড্য, আর্দ্রীভাব, স্নেহ।

স্তেয়ম্— বি, ক্লী (স্তেন — যৎ) চৌর্য্য।

স্তোক— বি-ণ. ক্লী (স্তুচ — ঘঞ্) অল্প। বি, পুং; চাতক।

স্তোতা(তৃ)— বি ণ (স্তু — কর্ত্তৃ — তৃন্) স্তুতিকারক। স্ত্রী; ত্রী।

স্তোত্রম্— বি, ক্লী (স্তু — করণ — ত্র) স্তব।

স্তোভঃ— বি, পুং (স্তুভ — ভাবে — ঘঞ্) স্তম্ভন। বাধা দেওয়া। গ্লানি, অসম্মান। নিরর্থক শব্দ।

স্তোমঃ— বি, পুং (স্তু-মন্) সমূহ।

রাশি। যজ্ঞ। বি-ণ; বক্র। নত।

স্ত্যান— বি ণ (স্তৈ — কর্ম্ম — ক্ত) সংহত, মিলিত। নিবিড়। ঈষৎ শুষ্ক।

স্ত্রী— বি, স্ত্রী (স্তৈ — ড্রপ্ — ঈপ্) নারী।

স্ত্রীজননী— বি, স্ত্রী; কেবল কন্যাপ্রসবিনী স্ত্রী।

স্ত্রীজিতঃ— বি, পুং; স্ত্রীর বশীভূত পুরুষ, স্ত্রৈণ।

স্ত্রীত্বম্— বি, ক্লী; স্ত্রীর ধর্ম্ম। স্ত্রীলিঙ্গ।

স্ত্রীধনম্— বি, ক্লী; স্ত্রীলোকের অসাধারণ স্বত্ববৎ বস্তু।

স্ত্রীধর্ম্মঃ— বি, পুং; স্ত্রীলোকের ঋতু, রজঃ। স্ত্রীর কর্ত্তব্যকর্ম্ম।

স্ত্রীধর্ম্মিণী— বি, স্ত্রী; ঋতুমতী স্ত্রী।

স্ত্রীপুংসঃ— বি, পুং দ্বি (স্ত্রী — পুমস্ — অ) স্ত্রী ও পুরুষ মিথুন।

স্ত্রীপুংসলক্ষণা— বি, স্ত্রী; স্ত্রী ও পুরুষের লক্ষণযুক্তা স্ত্রী।

স্ত্রীরত্নম্— বি, ক্লী; উত্তমা স্ত্রী।

স্ত্রীলিঙ্গঃ— বি, পুং; স্ত্রীচিহ্ন যুক্ত পুরুষ, বিণ. ব্যাকরণসংস্কারযুক্ত স্ত্রী বাচক শব্দ।

{ **স্ত্রীবশঃ**—
স্ত্রীবিধেয়ঃ— বি, পুং; স্ত্রীর বশীভূত পুরুষ।

স্ত্রীসভম্— বি, ক্লী; স্ত্রীলোকের সভা।

স্ত্রৈণঃ— বি, পুং (স্ত্রী —অণ্) স্ত্রীবশীভূত পুরুষ। ক্লী; স্ত্রীর স্বভাব। স্ত্রীসমূহ। বি-ণ; স্ত্রীসম্বন্ধীয়।

স্থ— বিণ (স্থা + ক) স্থিতিশীল। পুং স্থল।

স্থগনম্— বি, ক্লী (স্থগ — ভাবে — ল্যুট্) গোপন। আচ্ছাদন।

স্থগিত— বি-ণ (স্থগ — কর্ম্ম — ক্ত) আবৃত। নিবর্ত্তিত। অবরুদ্ধ।

স্থণ্ডিলম্— বি, ক্লী (স্থল — অধি — ইলচ্) যজ্ঞার্থ প্রস্তুত পরিষ্কৃত ভূমি। বালুকাদি দ্বারা প্রস্তুত হোমার্থ মণ্ডল বিং।

স্থণ্ডিলশায়ী(য়িন্)— (স্থণ্ডিল — শী — কর্ত্তৃ — ণিনি)

স্থাণ্ডিলেশয়ঃ— বি.পুং (স্থণ্ডিলে — শী — কর্ত্তৃ — অচ্) বি ণ; যজ্ঞভূমিতে শয়নকারী ব্রতী।

স্থপতিঃ— বি, পুং; শিল্পী, রাজমিস্ত্রী, ঘরামী, ছুতার। কঞ্চুকী। সারথি। কুবের। বি ণ; শ্রেষ্ঠ।

স্থপুট— বিণ, ত্রি; বিষমোন্নত। সঞ্চরণশীল জীব।

{ **স্থলম্**— বি, ক্লী;
স্থলী— বি, স্ত্রী; জলশূন্য অকৃত্রিম ভূমি। প্রদেশ। পাত্র।

স্থলচর— বি ণ; যাহারা স্থলে চরে।

স্থলীয়— বি ণ (স্থল — ছ) স্থানীয়।

স্থবির— বি ণ (স্থা — কর্ত্তৃ — কিরচ্) বৃদ্ধ। স্ত্রী; রা।

স্থাণুঃ— বি, পুং (স্থা — কর্ত্তৃ — ণু)) শিব। গোঁজ, কীল। স্তম্ভ। পুং; ক্লী; শাখাহীন বৃক্ষ।

স্থাতব্য— বি-ণ (স্থা — অধি — তব্য) থাকিবার যোগ্য।

স্থানম্— বি, ক্লী (স্থা — অধি — ল্যুট্) স্থল। আধার। পদ। অবকাশ। (ভাবে — ল্যুট্) স্থিতি।

স্থানান্তরম্— বি, ক্লী; অন্য স্থান।

স্থানান্তরিত— বি-ণ; অন্য স্থানে নীত।

স্থানীয়— বি-ণ (স্থান — অনীয়র্) স্থানসম্বন্ধীয়। সদৃশ। নগর।

স্থানে— অব্য; যুক্ত, উচিত। সত্য।

স্থাপক— বি-ণ (স্থা — ণিচ্ — ণুল্—) স্থাপনকর্ত্তা। নট বিং।

স্থাপত্যম্— বি, ক্লী (স্থপতি — ষ্যঞ্) স্থপতির কার্য্য।

স্থাপনম্— বি, ক্লী (স্থা — ণিচ — ভাবে — ল্যুট্)

স্থাপনা— বি, স্ত্রী (স্থা — ণিচ্ — ভাবে — অন — আপ্) অর্পণ, রাখা। আরোপণ।

স্থাপিত— বি-ণ (স্থা — ণিচ্ — কর্ম্ম — ক্ত) রক্ষিত। আরোপিত। নিবেশিত। ন্যস্ত, যাহা গচ্ছিত রাখা হইয়াছে।

স্থায়ী(য়িন্)— বি স্থা — কর্ত্তৃ — ণিনি) স্থিতিশীল। স্থির। স্ত্রী; য়িনী।

স্থালম্— বি, ক্লী (স্থা — অধি — অলচ্) পাত্র বিং, থাল।

স্থালী— বি, স্ত্রী; পাকপাত্র, হাঁড়ী। থালী।

স্থাবর— বি-ণ (স্থা — কর্ত্তৃ — বরচ্) স্থিতিশীল। বৃক্ষাদি অচল বস্তু।

স্থাসকঃ— বি, পুং; গন্ধচূর্ণ। জলবিম্ব। ছাপ।

স্থাস্নু— বি-ণ (স্থা — কর্ত্তৃ — স্নু) স্থিতিশীল।

স্থিত— বি-ণ (স্থা — কর্ত্তৃ — উক্ত) যে থাকে। স্থির। দণ্ডায়মান।

স্থিতিঃ— বি, স্ত্রী (স্থা — ভাবে — ক্তিন্) থাকা, অবস্থান। মর্য্যাদা। পালন। স্থিরতা।

স্থিতিবিরোধঃ— বি, পুং; এক সময়ে একত্র দ্রব্যদ্বয়ের অনবস্থান।

স্থিতিস্থাপকঃ— বি, পুং; পূর্ববর্স্থানে স্থাপনকারী গুণ বিং।

স্থির— বি-ণ (স্থা — কর্ত্তৃ — কির্) স্থায়ী। নিশ্চল। দৃঢ়। নিশ্চিত।

স্থিরতর— বি-ণ; অতিস্থির। সুনিশ্চিত।

স্থিরা— বি, স্ত্রী; পৃথিবী।

স্থিরতা— বি, স্ত্রী; অবধারণ, স্থৈর্য্য।

স্থিরীকৃত— বি-ণ (স্থির — চ্বি — কৃ — কর্ম্ম — ক্ত) যাহা স্থির করা হইয়াছে, নির্ণীত। দৃঢ়ীকৃত।

স্থূণা— বি, স্ত্রী (স্থা — অধি — ণক্— আপ্) ঘরের খুঁটী, গৃহস্তম্ভ। কূট। লৌহপ্রতিমা।

স্থূরী— বিণ (স্থূর=বৃষ) বৃষবৎপৃষ্ঠে ভারবাহী।

স্থূল— বি-ণ (স্থূল — কর্ত্তৃ — অচ্) মোটা। পীবর। ইন্দ্রিয়গ্রাহ্য।

স্থূললক্ষ্য— বি-ণ; অতিদাতা।

স্থূলোচ্চয়ঃ— বি. পুং. গণ্ডশৈল, গজদন্তছিদ্র। গজমধ্যগতি।

স্থেয়— বি-ণ; (স্থা-যৎ) স্থির। বি, পুং; সংশয়নির্ণেতা, মধ্যস্থ, জুরি।

স্থেয়ান্(য়স্)— বিণ. (স্থির — ঈয়সু) স্থিরতর।

স্থেষ্ঠ — বি-ণ; (স্থির — ইষ্ঠ) অতিস্থির। স্ত্রী; য়সী, ষ্ঠা।

স্থৈর্য্যম্— বি, ক্লী (স্থির — ষ্যঞ্) স্থিরতা।

স্নপনম্— বি, ক্লী (স্না — ণিচ্ — ভাবে — ল্যুট্) অভিষেক বরণ।

আর্দ্রীকরণ। ক্ষলিন।

স্নপিত— বি-ণ (স্না — ণিচ্ — কর্ম্ম — ক্ত) অভিষিক্ত। আর্দ্রীকৃত। ধৌত।

স্নাত— বি ণ (স্না — কর্ত্তৃ —ক্ত) যে স্নান করিয়াছে, অভিষিক্ত।

স্নাতকঃ— বি, পুং (স্নাত — কণ্) ব্রহ্মচর্য্য সমাপন পূর্বক গৃহাশ্রমপ্রবিষ্ট।

স্নানম্— বি, ক্লী (স্না — ভাবে — ল্যুট্) অবগাহন, সর্ব্বাঙ্গক্ষালন, মজ্জন।

স্নানীয়— বি ণ (স্নান — ছ) স্নানোপযোগী (জল, গন্ধচূর্ণ, তৈল, হরিদ্রাদি)

স্নায়ী(য়িন্)— বি-ণ (স্না — কর্ত্তৃ — ণিনি) যে স্নান করে।

স্নায়ুঃ— বি, স্ত্রী (স্না — কর্ত্তৃ — উণ্) সবর্বশরীরব্যাপী সূত্রবৎ সূক্ষ্ম শিরা বিং।

স্নিগ্ধ— বি ণ (স্নিহ — কর্ত্তৃ — ক্ত) চিকণ। কোমল। মধুর। রম্য। স্নেহের পাত্র। শীতল।

স্নুত— বিণ (স্নু — কর্ত্তৃ — ক্ত) ক্ষরিত।

স্নুষা— বি, স্ত্রী (স্নু — কর্ত্তৃ — সক্ — আপ্) পুত্রবধূ।

স্নুহি(হী)— বি, স্ত্রী; (স্নুহ্ — ইন্ + ঈপ) মনসাগাছ।

স্নেহ— বি, পুং (স্নিহ — ভাবে — ঘঞ্) প্রেম, বাৎসল্য। তৈলাদি দ্রব্যবস্তু।

স্নেহবান্(বৎ)— বিণ; স্নেহযুক্ত। স্ত্রী; বতী।

স্পন্দঃ— বি, পুং (স্পন্দ — ভাবে — ঘঞ্)

স্পন্দনম্— বি, ক্লী (স্পন্দ — ভাবে — ল্যুট্) ঈষৎ কম্পন, চলন, নড়াচড়া।

স্পন্দিত— বি-ণ (স্পন্দ — কর্ত্তৃ — ক্ত) ঈষৎ কম্পিত। স্ফুরিত।

স্পর্দ্ধা— বি, স্ত্রী (স্পর্দ্ধ — ভাবে — অ — আপ্) অন্যকে পরাভব করিবার ইচ্ছা, মাৎসর্য্য প্রকাশ, প্রতিযোগিতা। সদৃশীকরণ।

স্পর্দ্ধী(র্দ্ধিন)— বি-ণ (স্পর্দ্ধ — কর্ত্তৃ — ণিনি) স্পর্দ্ধাকারী। সদৃশ। স্ত্রী; র্দ্ধিনী।

স্পর্শঃ— বি, পুং (স্পৃশ — ভাবে — অচ্) ছোঁয়া। বর্গ্যবর্ণ।

স্পর্শনম্— বি, ক্লী (স্পৃশ — ভাবে — ল্যুট্) ছোঁয়া। দান।

স্পর্শমণিঃ— বি, পুং; পরশপাথর।

স্পর্শী(র্শিন্)— বিণ (স্পৃশ — কর্ত্তৃ — ণিনি) স্পর্শকারী। স্ত্রী; র্শিনী।

স্পশঃ— বি, পুং (স্পশ — কর্ত্তৃ — অচ্) গোয়েন্দা, চর। (ভাবে — অল্) যুদ্ধ।

স্পষ্ট— বি-ণ (স্পশ — কর্ম্ম — ক্ত) ব্যক্ত, প্রকাশিত।

স্পৃশ্য— বি ণ (স্পৃশ — কর্ম্ম — ক্যপ্) স্পর্শযোগ্য।

স্পৃষ্ট— বিণ (স্পৃশ — কর্ম্ম — ক্ত) যাহা স্পর্শ করা হইয়াছে।

স্পৃষ্টকম্— বি, ক্লী; গমনাগমনকালে গাত্রস্পর্শরূপ আলিঙ্গন।

স্পৃহণীয়— বি-ণ (স্পৃহ—কর্ম্ম—অনীয়) বাঞ্ছনীয়। লোভনীয়। শ্লাঘ্য।

স্পৃহয়ালু— বি ণ (স্পৃহ—কর্ত্তা—আলুচ্) স্পৃহা বিশিষ্ট। লোভী।

স্পৃহা— বি, স্ত্রী (স্পৃহ—ভাবে—অঙ+আপ্) ইচ্ছা। লোভ।

স্ফটঃ, স্ফটা— বি, পুং (স্ফট+অচ্) স্ত্রী; সর্পফণা।

স্ফটি (টী)— বি, স্ত্রী (স্ফট—ইন্, ঈপ্) ফট্‌কিরি।

স্ফটিকঃ— বি, পুং; স্বচ্ছ শুভ্রবর্ণ প্রস্তর বিং, ফটিক।

স্ফটিকাচলঃ— বি, পুং; কৈলাস পর্ব্বত।

স্ফাটিক— বি, ক্লী; স্ফটিকমণি। বি ণ; স্ফটিক নির্ম্মিত।

স্ফার— বি-ণ (স্ফায়—কর্ত্তৃ—র ক্) বৃহৎ। প্রচুর বৃদ্ধিযুক্ত। (ভাবে—র) বিকাশ।

স্ফারণম্— বি, ক্লী (স্ফুর — ণিচ্— ভাবে—ল্যুট্) কম্পন। বিকাশ। আস্ফালন।

স্ফালঃ— বি, পুং (স্ফল—ভাবে—ঘঞ্) স্ফূর্ত্তি। আস্ফালন। সঙ্ঘটন। কম্পন।

স্ফিচ্— বি, স্ত্রী, দ্বি; নিতম্বদ্বয়, পাছা।

স্ফীত— বি-ণ (স্ফায়—কর্ত্তৃ—ক্ত) প্রবৃদ্ধ। ফুলা। ফাঁপা।

স্ফীতিঃ— বি, স্ত্রী (স্ফার—ভবে—ক্তি) ফুলিয়া উঠা। প্রবৃদ্ধি।

স্ফুট— বি-ণ (স্ফুট—কর্ত্তৃ—ক) প্রফুল্ল। ব্যক্ত। দীপ্ত। বিদীর্ণ, ফুটা। নিশ্চিত।

স্ফুটনম্— বি, ক্লী(স্ফুট—ভাবে-ল্যুট্)) বিকসিত হওয়া। ব্যক্ত হওয়া।

স্ফুটি(টী)— বি, স্ত্রী; ফুটীফল। পাদরোগ বিং।

স্ফুটিত— বি-ণ (স্ফুট—কর্ত্তৃ—ক্ত) বিকসিত। স্পষ্টীকৃত। বিদীর্ণ।

স্ফুরণম্— বি, ক্লী (স্ফুর —ভাবে—ল্যুট্) স্পন্দন, ঈষৎ কম্পন। দীপ্তি।

স্ফুরিত— বি-ণ (স্ফুর—কর্ত্তৃ—ক্ত) কম্পিত। দীপ্ত। প্রতিবিম্বিত। উদ্রিক্ত।

স্ফুর্জথুঃ— বি, পুং (স্ফূর্জ—ভাবে—অথু) বজ্রধ্বনি।

স্ফুলিঙ্গম্— বি, ত্রি; অগ্নিকণা।

স্ফূর্ত্তিঃ— বি, স্ত্রী (স্ফুর—ভাবে—ক্তিন্) হর্ষ। স্পন্দন। বিকাশ।

স্ফোটঃ— বি, পুং (স্ফুট—ভাবে—অঘঞ্) ব্যাকরণে— পূর্ব্ব পূর্ব্ব বর্ণের অনুভব সহিত চরম বর্ণ ব্যঙ্গ্য অখন্ড শব্দ বিং। ফোড়া।

স্ফোটকঃ— বি, পুং ; ফোড়া।

স্ফোটনম্— বি, ক্লী (স্ফুট—ভাবে—ল্যুট্) বিদারণ। বিকাশন। ভঙ্গ।

স্ফোটনী— বি, স্ত্রী (স্ফুট— ল্যুট্—ঈপ্—) ছিদ্রকারক যন্ত্র, সূচ তুরপন প্রভৃতি।

স্ফ্য— বি, পুং খড়্গাকার খদিরনির্ম্মিত যজ্ঞকাষ্ঠ।

স্ম— অব্য; পাদপূরণ। ক্রিয়ার সহিত যোগ হইলে অতীতকালবোধক হয়।

স্ময়ঃ— বি, পুং(স্মি—ভাবে—অচ্) গর্ব্ব। বিস্ময়।

স্মরঃ— বি, পুং (স্মৃ—কর্ম্ম—অপ্) কন্দর্প।

স্মরণম্— বি, ক্লী (স্মৃ— ভাবে — ল্যুট্) পূর্ব্বানুভূত বিষয়ের জ্ঞান, স্মৃতি। অর্থালঙ্কার বিং। চিন্তা।

স্মরণীয়— বি-ণ (স্মৃ—কর্ম্ম—অনীয়) স্মরণের যোগ্য, স্মর্ত্তব্য।

স্মরদশা— বি, স্ত্রী; অভিলাষ চিন্তা প্রভৃতি ১০ প্রকার মদনাবস্থা।

(অভিলাষ, চিন্তা, স্মরণ, গুণকথন, উদ্বেগ, প্রলাপ, উন্মাদ, ব্যাধি, জড়তা, মৃত্যু। মতান্তর—ছদ্মলঃ সঙ্গ সন্কল্পা জাগরঃ কৃশতারতিঃ। হ্রীত্যাগোস্মাদমূর্চ্ছান্তা ইত্যনঙ্গদশাদশ।।)

স্মরপ্রিয়া— বি, স্ত্রী; কন্দর্পকান্তি,রতি।

স্মরহরঃ, স্মরারিঃ— বি, পুং; শিব।

স্মর্ত্তব্য— বি-ণ (স্মৃ— কর্ম্ম— তব্য) স্মরণের যোগ্য, স্মরণীয়।

স্মারক— বি-ণ (স্মৃ—নিচ্—কর্ত্তৃ—ণ্বুল্) স্মৃতি কারক। উদ্বোধক।

স্মার্ত্ত— বি ণ (স্মৃতি —অণ্) স্মৃতি শাস্ত্রজ্ঞ। স্মৃতিসম্বন্ধীয়।

স্মিতম্— বি, ক্লী (স্মি—ভাবে—ক্ত) ঈষৎ হাস্য। বি-র;ঈষদ্ধাস্যযুক্ত। বিকসিত।

স্মৃত— বি-ণ (স্মৃ—কর্ম্ম—ক্ত) যাহা স্মরণ করা হইয়াছে।

স্মৃতিঃ— বি, স্ত্রী (স্মৃ—ভাবে—ক্তিন্) স্মরণ, অনুভূতবস্তুর কালান্তরে জ্ঞান। (কর্ম্ম—ক্তিন্) মন্বাদিপ্রণীত ধর্ম্মশাস্ত্র, ধর্মসংহিতা।

স্মের— বিণ (স্মি—কর্ত্তৃ—রন্) ঈষৎহাস্যযুক্ত। বিকসিত।

স্যদঃ— বি, পুং (স্যন্দ—ক) বেগ। শীঘ্রতা।

স্যন্দঃ— বি, পুং (স্যন্দ—ভাবে—ঘঞ্) ক্ষরণবেগ। গমন।

স্যন্দনম্— বি, পুং, ক্লী (স্যন্দ — ল্যুট্) রথ। (ভাবে অনট্) পুং; বায়ু।

স্যন্ন— বিণ (স্যন্দ — কর্ত্তৃ — ক্ত) ক্ষরিত। পতিত। গত।

স্যমন্তকঃ— বি, পুং; কৃষ্ণের ভূষণ মণি।

স্যূত— বিণ (সিব — কর্ম্ম — ক্ত) যাহা সেলাই করা বা বোনা হইয়াছে, গ্রথিত, প্রোত। বি, পুং; সূত্রনির্ম্মিত পাত্র।

স্যূতিঃ— বি, স্ত্রী (সিব — ভাবে — ক্তিন্) সেলাই করা। বোনা, তন্তুসন্তান।

স্রংসনঃ— বি, ক্লী (স্রন্স — ভাবে — ল্যুট্) স্খলন। অধঃপতন। বিচ্যুতি।

স্রংসী(সিন্)— বিণ (স্রন্স — কর্ত্তৃ — ণিনি) অধঃপতনশীল। স্ত্রী; সিনী।

স্রক্(জ্)— বি, স্ত্রী (সৃজ — কর্ম্ম — ক্বিন্,) মালা, হার।

স্রগ্বী(বিন্)— বিণ (স্রজ্—বিন্) মাল্যধারী। স্ত্রী; বিণী।

স্রবঃ— বি, পুং (স্রু — ভাবে — অপ্)

স্রবণম্— বি, ক্লী (স্রু — ভাবে — ল্যুট্) ক্ষরণ। পতন।

স্রষ্টা(ষ্টৃ)— বিণ (সৃজ — কর্ত্তৃ — তৃচ্) সৃষ্টিকর্ত্তা। বি, পুং; ব্রহ্মা।

স্রস্ত— বিণ (স্রন্স — কর্ত্তৃ — ক্ত) ক্ষরিত, গলিত। চ্যুত।

স্রাবঃ— বি, পুং (স্রু — ভাবে — ঘঞ্) ক্ষরণ। ভ্রংশ, পতন।

স্রাক্— অব্য.; সানন্দে। তেজের সঙ্গে।

স্রুক্(চ)—
স্রুচা— বি, স্ত্রী (স্রু — করণ — ক্বিপ্) যজ্ঞাগ্নিতে ঘৃতপ্রক্ষেপার্থ খদিরাদি কাষ্ঠনির্ম্মিত পাত্র বিং।

স্রুত— বিণ (স্রু — কর্ত্তৃ — ক্ত) ক্ষরিত। পতিত।

স্রুতিঃ— বি, স্ত্রী (স্রু — ভাবে — ক্তিন্) ক্ষরণ। পতন।

স্রুব— বি, পুং; স্রু-ক)

স্রুবা— বি, স্ত্রী (স্রু — ক-আপ্) যজ্ঞাগ্নিতে ঘৃতপ্রক্ষেপার্থ খদিরাদি কাষ্ঠ নির্ম্মিত পাত্র বিং।

স্রোতঃ(স্)— বি, ক্লী (স্রু — তসি জলপ্রবাহ।

স্রোতস্বতী— বি, স্ত্রী; (স্রোতস্ — মতুপ্ — ঈপ্)

স্রোতস্বিনী— বি, স্ত্রী;(স্রোতস্ — বিনি — ঈপ্) নদী।

স্ব— বি, পুং (স্বন — কর্ত্তৃ — ড) আত্মা, স্বয়ং। জ্ঞাতি। পুং, ক্লী; ধন। বিণ; আত্মীয়।

স্বঃ(র্)— অব্য; স্বর্গ।

স্বক— (স্ব —অকচ্)

স্বকীয়— (স্ব — ছ) আপন, নিজ, আত্মীয়।

স্বগত— বিণ; আত্মগত, মনে মনে। নাট্যে — আলাপ্যব্যক্তি ভিন্ন দর্শকশ্রবণযোগ্য বাক্য।

স্বচ্ছ— বিণ (সু — অচ্ছ) অতি নির্ম্মল, প্রতিবিম্ব ধারণক্ষম। শুভ্র।

স্বচ্ছন্দ— বিণ; স্বাধীন। সুস্থ। বি, পুং; স্বেচ্ছা।

স্বজ— বিণ (স্ব —জন — ড) আত্মজাত।

স্বজনঃ— বি, পুং; আত্মীয় ব্যক্তি। জ্ঞাতি।

স্বজাতিঃ— বি, স্ত্রী; নিজশ্রেণী।

স্বতঃ(স্)— অব্য.; আপনা হইতে, স্বয়ং।

স্বতঃপ্রবৃত্ত— বি-ণ; স্বয়ং কোন কার্য্যে ব্যাপৃত।

স্বতঃসিদ্ধ— বি-ণ; প্রমাণের অপেক্ষা না করিয়া যাহা আপনা হইতেই সিদ্ধ হয়।

স্বতন্ত্র— বিণ; স্বাধীন। পৃথক্।

স্বতা— বি, স্ত্রী;আত্মসম্বলিত্ব, স্বকীয়ত্ব।

স্বত্বম্— বি, ক্লী; অধিকার, স্বামিত্ব।

স্বত্বাস্পদীভূত— বি-ণ; যাহাতে অধিকার জন্মিয়াছে।

স্বদনম্— বি, ক্লী (স্বদ — ভাবে — ল্যুট্) আস্বাদন।

স্বধা— অব্য; পিতৃলোকের উদ্দেশে দত্তপিণ্ডোদকাদি দানের মন্ত্র।

স্বধাভুক(জ্)— বি, পুং (স্বধা — ভুজ — কর্ত্তৃ — ক্বিপ্) পিতৃপুরুষ।

স্বধিতিঃ— বি, পুং; স্ত্রী; কুঠার, অস্ত্র, পরশু।

স্বনঃ— বি, পুং (স্বন — ভাবে — অপ্) শব্দ, ধ্বনি।

স্বনিত— বি, ক্লী (স্বন — ভাবে — ক্ত) শব্দ। বিণ (কর্ম্ম — ক্ত) শব্দিত।

স্বন্ত— বিণ (সু — অন্ত) যাহার শেষ ভাল, পরিণাম শুভ, শুভোদক।

স্বপনম্— বি, ক্লী (স্বপ্— ভাবে ল্যুট্)

স্বপ্নঃ— বি, পুং (স্বপ — ভাবে — নন্) নিদ্রা। নিদ্রাবস্থায় জ্ঞান। শয়ন।

স্বভাবঃ— বি, পুং; আত্মভাব, প্রকৃতি।

স্বভাবোক্তিঃ— বি, স্ত্রী; স্বভাবকথন। অর্থালঙ্কার বিং।

স্বভূঃ— বি, পুং (স্ব — ভূ — কর্ত্তৃ — ক্বিপ্) ব্রহ্মা। বিষ্ণু। শিব। কন্দর্প।

স্বয়ং(ম্))— অব্য.; আপনি, নিজে।

স্বয়ংবরঃ— বি, পুং ; স্ত্রী কর্ত্তৃক স্বয়ং পতিগ্রহণ। স্বয়ংবরস্থান।

স্বয়ংবরা— বি, স্ত্রী (স্বয়ম্ — বৃ — কর্ত্তৃ — অন্ — আপ্) স্বয়ং পতিগ্রাহিণী স্ত্রী।

স্বয়ম্ভুঃ— (স্বয়ম্ — ভু — কর্ত্তৃ — ডু)

স্বয়ম্ভূ— (স্বয়ম্ — ভূ — কর্ত্তৃ — ক্বিপ্) বি, পুং; ব্রহ্মা, বিষ্ণু, শিব।

স্বরঃ— বি, পুং (স্বর — ভাবে — অচ্) কণ্ঠধ্বনি। উহা উদাত্ত অনুদাত্ত স্বরিতভেদে ৩ প্রকার। উচ্চ স্বর উদাত্ত, নীচ স্বর অনুদাত্ত, মধ্যম স্বর স্বরিত। সঙ্গীত স্থলে — নিষাদ, ঋষভ, গান্ধার, ষড়জ, মধ্যম, ধৈবত ও পঞ্চ মভেদে ৭ প্রকার। শব্দ।

স্বরসঃ— বি, পুং;নিজের মত, স্বাভিপ্রায়।

স্বরাট্(জ্)— বি, পুং (স্ব — রাজ — কর্ত্তৃ — ক্বিপ্) স্বয়ং দীপ্ত, ঈশ্বর।

স্বরাপগা— বি, স্ত্রী; স্বর্গগঙ্গা।

স্বরিতঃ— বি, পুং (স্বর — ইত) স্বরবিং, উদাত্ত অনুদাত্তমিলিত স্বর।

স্বরূপম্— বি, ক্লী; স্বভাব, বিণ; তুল্য।

স্বরূপযোগ্য— বিণ; কার্য্যসাধন যোগ্য।

স্বরূপযোগ্যতা— বি, স্ত্রী;— কার্য্যসাধনযোগ্যতা।

স্বরূপসম্বন্ধ— বি, পুং; অভিন্ন সম্বন্ধ, তৎস্বরূপতা।

স্বর্গঃ— বি, পুং (সু = সুখ — ঋজ = পাওয়া — অধি — ঘঞ্) যেখানে সুখ পাওয়া যায়, সুরলোক। নিরবিচ্ছিন্ন সুখ।

স্বর্গত— বি-ণ; স্বর্গেগত। মৃত।

স্বর্গপতিঃ— বি, পুং; ইন্দ্র।

স্বর্গবধূ— বি, স্ত্রী; অপ্সরা।

স্বর্গৌকাঃ(কস্)— বি, পুং (স্বর্গ — ওকস্) দেবতা।

স্বর্গ্য— বিণ. (স্বর্গ — যৎ)

স্বর্গীয়— বি.ণ; (স্বর্গ — ছ) বি-ণ; স্বর্গসম্বন্ধীয়।

স্বর্ণম্— বি, ক্লী (সু — অর্ণ = বর্ণ) সোনা, সুবর্ণ।

স্বর্ণকারঃ— বি, পুং (স্বর্ণ — কৃ — কর্ত্তৃ — অণ্) জাতি বিং। সেকরা।

স্বর্ণদী— বি, স্ত্রী; আকাশগঙ্গা, মন্দাকিনী।

স্বর্ণবণিক্(জ)— বি, পুং; সোনার বেনিয়া জাতি।

স্বর্ণলতা— বি, স্ত্রী; জ্যোতিষ্মতী লতা।

স্বর্ভানুঃ— বি, পুং; রাহুগ্রহ।

স্বর্লোকঃ— বি, পুং; স্বর্গলোক।

স্বর্বৈদ্যঃ— বি, পুং; স্বর্গবৈদ্য, অশ্বিনীকুমারদ্বয়। (সংস্কৃতভাষায় দ্বিবচনান্ত হইয়া প্রযুক্ত হয়।)

স্বল্প— বি-ণ; অত্যল্প।

স্ববশ— বি-ণ; স্বাধীন। স্ত্রী; শা।

স্ববাসিনী— বি, স্ত্রী; চিরকাল পিতৃগৃহবাসিনী স্ত্রী।

স্বসা(সৃ)— বি, স্ত্রী (সু — অস — কর্ত্তৃ — ঋ) ভগিনী।

স্বস্তি— অব্য.; মঙ্গল। আশীর্ব্বাদ। স্বীকার। সন্তোষ।

স্বস্তিক— বি,পুং, ক্লী;প্রাসাদ বিং। পিটুলি নির্ম্মিত মাঙ্গল্য দ্রব্য বিং। চতুষ্ক আসন বিং। চতুষ্পথ, চৌরাস্তা। স[illegible]কণাকৃতি হস্তপাত্র, হাতের ঠোঙা।

স্বস্তিবাচনম্— বি, ক্লী; মঙ্গকার্য্যারম্ভে স্বস্তিশব্দোচ্চারণ।

স্বস্তিবাচনিক— বিণ (স্বস্তিবাচন —

ঠন্) যে স্বস্তিবাচন করে। স্বস্তিবাচন সম্বন্ধীয়

স্বস্ত্যয়নম্— বি, ক্লী (স্বস্তি — অয় — করণ — ল্যুট্) গ্রহাদিযোগ শান্তিজন্য শুভকর্ম্মানুষ্ঠান।

স্বস্থ— বি-ণ (স্ব — স্থা — কর্ত্তৃ — ড) নীরোগ। নিরুদ্বিগ্ন। (স্বর্ — স্থা — ড) স্বর্গস্থ, মৃত।

স্বস্রীয়— বি-ণ (স্বসৃ — ছ) ভগিনী সম্বন্ধীয়। বি, পুং; ভগিনীপুত্র। স্ত্রী; য়া।

স্বাক্ষরম্— বি, ক্লী সহি, দস্তখৎ।

স্বাক্ষরিত— বি-ণ (স্বাক্ষর — ইত) স্বাক্ষরযুক্ত, সহি করা।

স্বাগতম— বি, ক্লী; শুভাগমন। কুশল।

স্বাচ্ছন্দ্যম্— বি, ক্লী (স্বচ্ছন্দ — ষ্যঞ্) স্বাধীনতা।

স্বাতিঃ (তী)— বি, স্ত্রী, নক্ষত্রবিং। সূর্য্যপত্নী বিং।

স্বাদঃ— বি,পুং (স্বদ — ঘঞ্) রস। (ভাবে — অন্) আস্বাদন, লেহন। প্রীতি।

স্বাদিত— বি-ণ (স্বাদ — কর্ম্ম — ক্ত) যাহা আস্বাদন করা হইয়াছে, লীঢ়। ভক্ষিত।

স্বাদু— বি-ণ (স্বদ — কর্ত্তৃ — উণ্) মিষ্ট, সুরস। মনোজ্ঞ।

স্বাধীন— বিণ— যে পরের বশতাপর নয়, স্বেচ্ছাচারী।

স্বাধীনভর্ত্তৃকা— বি, স্ত্রী;নায়িকা বিং, নায়ক যে নায়িকার বশীভূত।

স্বাধ্যায়ঃ— বি, পুং (স্ব — অধ্যায়) বেদাধ্যয়ন।

স্বান— বি, পুং (স্বন — ভাবে ঘঞ্) শব্দ।

স্বান্ত— বি, ক্লী (স্বন — কর্ত্তৃ — ক্ত) মনঃ।

বি-ণ (কর্ম্ম — ক্ত) শব্দিত।

স্বাপঃ— বি, পুং (স্বপ — ভাবে — ঘঞ্) নিদ্রা। স্বপ্ন। অচৈতন্য।

স্বাপতেয়ম্— বি, ক্লী (স্বপতি — ঢঞ্) ধন।

স্বাভাবিক— বিণ (স্বভাব — ঠঞ্) স্বভাব সিদ্ধ, নৈসর্গিক।

স্বামিত্বম্— বি, ক্লী (স্বামিন্ — ত্ব) প্রভুত্ব, অধিকার, স্বত্ব।

স্বামী(মিন্)— বি, পুং (স্ব—মিনি) পতি। রাজা। প্রভু। বি-ণ; অধিকারী।

স্বায়ম্ভুবঃ— বি, পুং (স্বয়ম্ভু — অণ্) স্বয়ম্ভু পুত্র, প্রথমমনু। বি-ণ; স্বয়ম্ভু সম্বন্ধীয়।

স্বারাট্(জ্)— বি, পুং (স্বর — রাজ — কর্ত্তৃ — ক্বিপ্) ইন্দ্র।

স্বারাজ্যম্— বি, ক্লী (স্বরাজ — ষ্যঞ্) ঈশ্বরত্ব। (স্বারাজ — ষ্যঞ) স্বর্গরাজ্য।

স্বারোচিষঃ— বি, পুং (স্বরোচিস্ — অণ্) দ্বিতীয় মনু।

স্বার্জ্জিত— বিণ, স্বয়ং লব্ধ।

স্বার্থঃ— বি,পুং; নিজপ্রয়োজন।

স্বার্থিক— বিণ. (স্বার্থ —ঠন্)

স্বার্থপর— বি-ণ; স্বকার্য্য সাধনে রত।

স্বাস্থ্য— বি, ক্লী (স্বস্থ — ষ্যঞ্) আরোগ্য, সন্তোষ, উদ্বেগহীনতা।

স্বাহা— অব্য; দেবোদ্দেশে হবির্দ্দানের মন্ত্র। অগ্নিপত্নী।

স্বিৎ— অব্য; প্রশ্ন। বিতর্ক। পাদপূরণ

স্বিন্ন— বি-ণ (স্বিদ — কর্ত্তৃ — ক্ত) ঘর্ম্মযুক্ত। আর্দ্র। পক্ক।

স্বীক— বিণ, স্বকীয়।

স্বীকারঃ— বি, পুং (স্ব — চ্বি — কৃ — ভাবে — ঘঞ্) অঙ্গীকার। গ্রহণ। আয়ত্তীকরণ।

স্বীকৃত— বিণ (স্ব — চ্বি — কৃত) অঙ্গীকৃত গৃহীত। আয়ত্তীকৃত।

স্বীয়— বি-ণ (স্ব—ছ) আপন, আত্মীয়। স্ত্রী; য়া।

স্বেচ্ছা— বি, স্ত্রী; আপন ইচ্ছা।

স্বেচ্ছাচারী(রিন্)— বি-ণ (স্বেচ্ছা — চর — কর্ত্তৃ — ণিনি) স্বাধীন। অবাধ্য। স্ত্রী; রিণী।

স্বেদ— বি,পুং (স্বিদ্ — ভাবে — ঘঞ্) ঘর্ম্ম। তাপ। বাষ্প। ক্লেদ।

স্বেদজ— বি-ণ (স্বেদ — জন — কর্ত্তৃ — ড) কৃমিদংশ মশকাদি।

স্বেদনম্— বি, ক্লী (স্বিদ — ণিচ্ — ভাবে — ল্যুট্) ঘর্ম্মনিঃসারণ।

স্বেদনী— বি, স্ত্রী (স্বিদ — ণিচ্ — করণ — ল্যুট্ — ঈপ্) লৌহময় পাকপাত্র বিং।

স্বৈরম্— বি, ক্লী (স্ব — ঈর — ভাবে — অচ্) স্বেচ্ছাচার। বি-ণ; স্বাধীন।

স্বৈরী(রিন্)— বিণ (স্বৈর — ইনি) স্বেচ্ছাচারী।

স্বৈরিণী— বি, স্ত্রী; ব্যভিচারিণী স্ত্রী।

হ

হঃ— বি, পুং; (হা-ড) ৩৩শ ব্যঞ্জনবর্ণ। শিব। বিষ্ণু। জল। শূন্য। গগন। মঙ্গল। অব্য; সম্বোধন। পাদপূরণ। কোপ। নিন্দা।

হংসঃ— বি, পুং (হস্-অচ্) বিষ্ণু। সূর্য্য। পরমাত্মা। আসক্তিশূন্য যতি। অজপামন্ত্র। দেহস্থিত বায়ু বিং। শব্দের পরবর্ত্তী হইলে শ্রেষ্ঠ অর্থ বুঝায়।

হংসকঃ— বি,পুং; নুপুর। রাজহংস, তাল বিং।

হংসরথঃ— বি,পুং; ব্রহ্মা।

হংসিতা/হংসী— বি.স্ত্রী. (হংস-কন-টাপ্) (হংস-ঙীপ্) হাঁসী, স্ত্রীহাঁস।

হংহো— অব্য.; দর্পসূচক সম্বোধন। প্রশ্ন।

হঞ্জে— অব্য.; নাট্যোক্তিতে দাসীর প্রতি সম্বোধন।

হট্ট— বি,পুং (হট — কর্ত্তৃ — ট) হাট, ক্রয়বিক্রয় স্থান।

হঠ— বি,পুং (হঠ — ভাবে অচ্) বলাৎকার। লুঠ। হঠাৎ। পশ্চাদগতি।

হঠকারী(রিন্)— বিণ, অশিষ্ট।

হঠকারিতা— স্ত্রী; বলাৎকার।

হড়ম্— বি, ক্লী (হঠ + ড) অস্থি, হাড়।

হড়িঃ— বি,পুং; হাড়িকাঠ।

হড়িকঃ হড্ডিকঃ হড্ডিঃ— বি,পুং (হঠ — কর্ত্তৃ — ইক) হাড়িজাতি।

হড্ডম্— বি, ক্লী (হঠ — কর্ত্তৃ — ড) হাড়, অস্থি।

হণ্ডা— বি, স্ত্রী; হাঁড়া। অব্য.— নাট্যে নীচসম্বোধন।

হণ্ডিকা—

হণ্ডী— বি, স্ত্রী। হাঁড়ী।

হণ্ডে— অব্য.; নাট্যোক্তিতে নীচ জাতির প্রতি সম্বোধন।

হত— বি-ণ (হন — কর্ম্ম — ক্ত) বিনাশিত। দগ্ধ। তুচ্ছ। কুৎসিত। গুণিত।

হতক— বি-ণ; নীচ। হতভাগ্য। নষ্টপ্রায়।

হতভাগ্য— বি-ণ; ভাগ্যহীন।

হতাশ— বি-ণ, নিরাশ। বিফল। নির্দ্দয়। দুষ্ট। দুর্ব্বল।

হতিঃ— বি, স্ত্রী (হন্ — ভাবে — ক্তিন্) বধ। ব্যাঘাত, গুণন।

হত্যা— বি, স্ত্রী (হন্ — ভাবে — ক্যপ্ + আপ) বধ।

হননম্— বি, ক্লী (হন — ভাবে — ল্যুট্) বধ। গুণন।

হনুঃ— বি, পুং, (হন্-উন্) স্ত্রী;

হনূ— বি, স্ত্রী (হন — কর্ম্ম — উড্) গণ্ডস্থলের উপরিভাগ, চোয়ালি। অস্ত্রবিং মৃত্যু।

হনু(নূ)মান— বি, পুং; (হনু(নূ) + মতুপ্) বানর বিং।

হন্ত— অব্য. খেদ। করুণা। হর্ষ। সম্ভ্রম। বাক্যারম্ভ।

হন্তকারঃ— বি, পুং;অতিথিকে দেয় তণ্ডুল, ১৬ গ্রাস পরিমাণ ভিক্ষান্ন।

হন্তব্য— বি-ণ (হন — কর্ম্ম — তব্য) বধের যোগ্য। বধ্য।

হন্তা(ন্তৃ)— বি-ণ (হন — কর্ত্তৃ — তৃচ্) যে বধ করে, ঘাতক।

হম্— অব্য.; ক্রোধোক্তি। অনুনয়

হম্মা— বি, স্ত্রী; (হম্-মা-অঙ্-টাপ্) গরুর শব্দ।

হয়ঃ— বি, পুং (হয় — অচ্) অশ্ব। ইন্দ্র।

হয়গ্রীবঃ— বি, পুং (হয় — গ্রীবা) বিষ্ণুর অবতার বিং, রাজর্ষি বিং, দৈত্য বিং।

হরঃ— বি, পুং (হৃ — কর্ত্তৃ — অচ্) শিব। অগ্নি। গর্দ্দভ। ভাজক অঙ্ক।

হরণম্— বি, ক্লী, (হৃ — ভাবে — ল্যুট্) অপহরণ। বহন। ভাগকরণ।

হরতেজঃ(স্)— বি, ক্লী; পারদ। শিবতীর্থ।

হরিঃ— বি, পুং (হৃ — ইন্) বিষ্ণু। ইন্দ্র। সিংহ। বানর। সর্প। ভেক। কোকিল। ময়ূর। জম্বুদ্বীপের বর্ষ বিং। বি-ণ; পিঙ্গলবর্ণযুক্ত।

হরিচন্দন— বি, পুং, ক্লী; দেবতরুবিং। গোশীর্ষনামক শ্বেতচন্দন। কুঙ্কুম।

হরিণঃ— বি, পুং (হৃ — ইন্) মৃগ। পাণ্ডুবর্ণ। বিণ; পাণ্ডুবর্ণ যুক্ত। স্ত্রী; ণী।

হরিণাক্ষী— বি, স্ত্রী (হরিণ — অক্ষি — ষচ্ — ঈপ্) মৃগনয়নতুল্য নয়নযুক্তা স্ত্রী।

হরিৎ— বি, পুং; (হৃ-ইতি) নীলপীত মিশ্রবর্ণ, সবুজবর্ণ। সূর্য্যের অশ্ব। স্ত্রী; দিক্। বি-ণ; ঐ বর্ণ বিশিষ্ট।

হরিতঃ— বি, পুং (হৃ — কর্ত্তৃ — ইতচ্) সবুজবর্ণ। বি-ণ; ঐ বর্ণ বিশিষ্ট।

হরিতালম্— বি, ক্লী, স্বনাম প্রসিদ্ধ ধাতু। হরিয়াল ঃ—বি.পুং পক্ষীবিশেষ।

হরিতালিকা— বি, স্ত্রী;ভাদ্রমাসের শুক্লা চতুর্থী। দক্ষিণোত্তরবাহিনী আকাশস্থ রেখান্বিত, ছায়াপথ। দূর্ব্বাঘাস।

হরিতালী— স্ত্রী (হরিতাল + অন্ +ঙীষ্) দূর্বা।

হরিতাশ্ম(শ্মন্) — বি, ক্লী; মরকতমণি। তুঁতে। হীরাকস।

হরিদশ্ব— বি, পুং; সূর্য্য। অর্কবৃক্ষ।

হরিদ্রা— বি, স্ত্রী (হরি — দ্রু — কর্ম্ম — ক — আপ্) হলুদ।

হরিদ্বারম— বি, ক্লী; হিমালয় প্রস্থে স্থিত নগর বিং, ইহা গঙ্গার মূলস্থান বলিয়া প্রসিদ্ধ তীর্থ।

হরিন্মণিঃ— বি, পুং; মরকত মণি।

হরিনীলঃ— বি, পুং; ইন্দ্রনীল মণি।

হরিপ্রস্থম্— বি, ক্লী; ইন্দ্রপ্রস্থ নগর।

হরিপ্রিয়া— বি, স্ত্রী; লক্ষ্মী, তুলসী।

হরিবর্ষম্— বি, ক্লী; জম্বুদ্বীপের নববর্ষের এক বর্ষ।

হরিবাসরঃ— বি, পুং;একাদশী যুক্ত দিন। দ্বাদশীর প্রথমপাদ।

হরিশয়নম্— আষাঢ়ী শুক্লা দ্বাদশী হইতে কার্ত্তিকের শুক্লা দ্বাদশী পর্যন্ত কাল। বিষ্ণুর নিদ্রা।

হরিশ্চন্দ্রঃ— বি, পুং (হরি — চন্দ্র) সূর্য্যবংশীয় ত্রিশঙ্কু রাজার পুত্র নৃপতি বিং।

হরিহরঃ— বি, পুং; ইন্দ্র। সূর্য্য।

হরীতকী— বি, স্ত্রী (হরি — যে ব্যাধি হরণ করে, তকী — দীপ্তা) বৃক্ষবিং। উহার ফল।

হর্ত্তা(র্ত্তৃ)— বিণ (হৃ — কর্ত্তৃ — তৃচ্) বাহক। সহায়কারী। বি, পুং; চৌর।

হর্মন— ক্লী. (হৃ + মনিন্) জৃম্ভণ।

হর্ম্ম্যম্— বি, ক্লী (হৃ —যৎ) যে মনকে হরণ করে, ইষ্টকাদি রচিত গৃহ, অট্টালিকা।

হর্য্যক্ষঃ— বি, পুং (হরি — সবুজবর্ণ — অক্ষি — ষচ্) সিংহ।

হর্য্যশ্বঃ— বি, পুং; ইন্দ্র।

হর্ষঃ— বি, পুং (হৃষ — ভাবে — ঘঞ্) আনন্দ।

হর্ষণ— বিণ (হৃষ — ণিচ্ — ল্যুট্) আনন্দজনক। বি, পুং; যোগবিং।

হর্ষিত— বিণ (হর্ষ—ইচ্) তুষ্ট। হৃষ — ণিচ্ — কর্ম্ম — ক্ত) যাহাকে তুষ্ট করা হইয়াছে, তোষিত।

হলধরঃ— বি, পুং; বলরাম।

হলন্তঃ— বি, পুং; ব্যঞ্জনবর্ণ।

হলম্— বি.ক্লী. (হল-ক) লাঙ্গল

হলহলা— অব্য. অহো, বাহবা ইত্যাদিসূচক।

হলা— অব্য.; নাট্যে — সখীর প্রতি স্ত্রী লোকের সম্বোধন।

হলায়ুধঃ— বি, পুং; বলরাম। গ্রন্থকার বিং।

হলাহল— বি, পুং; ক্লী (হল — আ — হল — কর্ত্তৃ — অচ্) যে লাঙ্গলের ন্যায় সবর্বত্র কর্ষণ করে, কালকূট বিষ।

হলিঃ— বি, পুং (হল = ক্ষরণ — ই) বৃহৎ হল। (ভাবে — ই) কৃষি। (কর্ম্ম — ই) হলরেখা।

হলী(লিন্)— বি, পুং (হল — ইনি) বলরাম। কৃষক।

হলীষা— বি, স্ত্রী (হল — ঈষা) লাঙ্গলদণ্ড। হল্য— বি-ণ, (হল — যৎ) হলকৃষ্টক্ষেত্রাদি। লাঙ্গলসম্বন্ধীয়।

হল্যা— বি, স্ত্রী; হলসমূহ।

হল্লকম্— বি, ক্লী;(হল্ল + ণ্বুল) রক্তপদ্ম। ক্রোধোক্তি।

হল্লীষঃ— বি, পুং; স্ত্রীলোকদিগের মণ্ডলাকারে নৃত্য।

হবঃ— পুং, (হু + অপ্) যজ্ঞ, আজ্ঞা, আহবান, হোম।

হবনম্— বি, ক্লী; (হু — ভাবে — ল্যুট্) হোম।

হবনী— বি, স্ত্রী (হু — অধি — ল্যুট্ — ঈপ্) হোমকুণ্ড।

হবনীয়— বিণ (হু — করণ — অনীয়) হোমসাধন বস্তু।

হবিঃ(স্)— বি, ক্লী (হু — অসুন্ —) ঘৃত। হোমের দ্রব্য।

হবির্ভুক(জ্)— বি, পুং;(হবিস্ — ভুজ — কর্ত্তৃ — ক্বিপ্) অগ্নি।

হবিষ্যম্— বি, ক্লী (হবিস্ — যৎ) আহুতিদানের যোগ্য ঘৃতাদি।

হব্যম্— বি, ক্লী (হু — কর্ম্ম — যৎ) ঘৃত। হোমের দ্রব্য।

হব্যপাকঃ— বি, পুং; চরু।

হব্যবাহঃ— (হব্য — বহ — অণ্)

হব্যবাহনঃ— বি, পুং; অগ্নি।

হসনম্— বি, ক্লী; হাস্য।

হসন্তিকা— বি, স্ত্রী; অগ্নিপাত্র, আঙ্গটা, অঙ্গারধানী।

হসিতম্— বি, ক্লী (হস — ভাবে — ক্ত) হাস্য। বিণ (কর্ত্তৃ — ক্ত) হাস্যকারী। বিকসিত।

হস্তঃ— বি, পুং (হস — কর্ত্তৃ — তন্) হাত, মণিবন্ধ হইতে অঙ্গুল্যগ্র পর্য্যন্ত, কর। ২৪ অঙ্গুলি পরিমাণ। হস্তীর শুণ্ড। (কেশশব্দের পরবর্ত্তী হইলে) গুচ্ছ। পুং, স্ত্রী; স্তা — নক্ষত্র বিং।

হস্তলেখঃ— বি, পুং; হাতের লেখা।

হস্তবান্(বৎ)— বিণ (হস্ত — মতুপ্) যে সকল কার্য্য শীঘ্র করিতে পারে, ক্ষিপ্রহস্ত। স্ত্রী; বতী।

হস্তামলকম্— বি, ক্লী (হস্ত — আমলক) বেদান্ত গ্রন্থ বিং। করস্থিত আমলকী ফল।

হস্তাবর্ত্তনম্— বি, ক্লী (হস্ত — আবর্ত্তন) গায়ে হাতবুলান।

হস্তিদন্তঃ— বি, পুং; দ্রব্যাদি স্থাপনার্থ গৃহভিত্তিতে প্রোত কীলক, নাগদন্তক। হাতীর দাঁত।

হস্তিনখঃ— বি, পুং, ক্লী; পুরদ্বারস্থিত মৃত্তিকা স্তূপ।

হস্তিনাপুরম্— বি, ক্লী; হস্তিনামক চন্দ্রবংশীয় রাজা কর্ত্তৃক নির্ম্মিত নগর, প্রাচীন দিল্লী।

হস্তিপ(ক)ঃ— বি, পুং (হস্তিন্ — পা — কর্ত্তৃড কণ্) মাহুত, হস্তিপালক।

হস্তিমদঃ— বি, পুং; মত্তহস্তীর গণ্ডদ্বয়, শুণ্ডের ছিদ্রদ্বয়, চক্ষুদ্রয় ও শিশ্ন সাত স্থান হইতে ক্ষরিত জল।

হস্তে— অব্য.; স্বীকার।

হহা— বি, পুং; গন্ধর্ব্ববিং অব্য.; আকস্মিক দুঃখ, শোক। বিস্ময়। সম্ভ্রম।

হা— অব্য.; বিষাদ। শোক। পীড়া। কুৎসা।

হাঙ্গরঃ— বি, পুং হিংস্র জলজন্তুবিং, হাঙর।

হাটকম্— বি, ক্লী, (হট্-ণ্বুল,) সুবর্ণ; পুং, দেশবিং।

হাটকেশ্বরঃ— বি, পুং; গোদাবরী নদীতীরস্থ শিব।

হাতব্য— বি-ণ (হা—কর্ম্ম—তব্য) পরিত্যাজ্য। বর্জনীয়।

হানম্— বি, ক্লী (হা—ভাবে—ক্ত) ত্যাগ। ক্ষতি।

হানিঃ— বি, স্ত্রী (হা—ভাবে—ক্তিন্) ক্ষতি।

হায়ন— বি, পুং ক্লী (হা—কর্ত্তৃ—ল্যু) বৎসর পুং; ধান্য।

হারঃ— বি পুং (হৃ—কর্ত্তৃ—ঘঞ্) যে মন হরণ করে, মুক্তাদিমালা।

হারকঃ— বি, পুং (হৃ — কর্ত্তৃ —ণক) চৌর। ভাজক অঙ্ক। বি-ণ; হরণকারী। বাহক।

হারাবলী— বি, স্ত্রী; মুক্তা শ্রেণী।

হারি-বিণ (হৃ-ণিচ্-ইন্) আকর্ষক। সুখকর। মনোহর।

হারিঃ— বি, স্ত্রী (হৃ —ভাবে — ইঞ্) পরাজয়। (কর্ত্তৃ — ইঞ্) পথিকশ্রেণী।

হারিত— বি-ণ (হৃ — ণিচ্ — কর্ম্ম — ক্ত) পরাজিত। অপহারিত। বিণ. হরিতবর্ণ যুক্ত।

হারিদ্র— বি-ণ (হরিদ্রা — অণ্) হরিদ্রাবর্ণ যুক্ত। বি, পুং; কদম্ব; ক্লী; সুবর্ণ।

হারী(রিন্)— বি-ণ (হৃ — কর্ত্তৃ — ণিনি) মনোহর। বহনকারী। অপহারক। (হার — ইন্) হারবিশিষ্ট। স্ত্রী; রিণী।

হারীতঃ— বি, পুং (হৃ-ণিচ্-ইতচ্) (হরিত — ষ্ণ) ধর্ম্মশাস্ত্র প্রণেতা মুনি বিং। শুকপক্ষী। একপ্রকার পায়রা।

হারীতকঃ— বি, পুং; হাবিল পক্ষী।

হার্দ্দ(র্দ্দ্য)ম্— বি, ক্লী (হৃদ — অণ্, ষ্যঞ্) প্রণয়। স্নেহ। বিণ; হৃদগত, মনোজ্ঞ।

হার্দ্দী(র্দ্দিন)— বি-ণ (হার্দ্দ — ইনি) স্নেহযুক্ত।

হার্য্য— বি-ণ (হৃ — কর্ম্ম — ণ্যন্) হরণীয়। বহনীয়। নিবার্য্য। গ্রাহ্য।

হালঃ— বি, পুং (হল — অণ্) লাঙ্গল। বলদেব। শালিবাহন।

হালা— বি, স্ত্রী; (হল্-ঘঞ্-টাপ্) মদিরা, সুরা।

হালাহল— বি, পুং, ক্লী; কালকূট বিং।

হালিকঃ— বি, পুং (হল — ঠক্) কৃষক। বি-ণ; হলসম্বন্ধীয়।

হাবঃ— বি,পুং (হু — অধি — ঘঞ্) স্ত্রীলোকদিগের শৃঙ্গার চেষ্টা বিং। (হ্বে — ভাবে — ঘঞ্) আহ্বান।

হাসঃ— বি, পুং (হস — ভাবে — ঘঞ্) হাস্য।

হাসকঃ— বি.পুং (হস-ণ্বুল) বিদূষক।

হাসিকা— বি.শ্রী. (হস্-ণ্বুল-টাপ্) হাসি।

হাস্তিকম্— বি, ক্লী (হস্তিন্ — বুণ্) হস্তিসমূহ। বি ণ; হস্তিসম্বন্ধীয়।

হাস্তিনম্— বি, ক্লী; (হস্তিন্ —অণ্) হস্তিনানগর। হস্তিপ্রমাণ।

হাস্যম্— বি, ক্লী (হস্ — ভাবে —ণ্যৎ) হাসি। বি-ণ (কর্ম্ম — ণ্যৎ) যাহাকে উপহাস করা হয়, উপহসনীয়। বি,পুং (হাস — ষ্যঞ্) কাব্যের রস বিং।

হাহা— বি.পুং; গন্ধর্ববিশেষ।

হাহাকারঃ— বি,পুং; (হাহা-কৃ-ঘঞ্) শোকধ্বনি। কলরব।

হি— অব্য; (হা-ডি) হেতু। নিশ্চয়।

পাদপূরণ। প্রশ্ন। সম্ভ্রম। অসূয়া। বিশেষ।

হিংসক— বি-ণ (হিনস্ — কর্ত্তৃ — ণ্বুল্) হিংসাকারী, ঘাতক।

হিংসনম্— বি, ক্লী (হিনস্ — ভাবে — ল্যুট্)

হিংসা— বি, স্ত্রী (হিনস্ — ভাবে — অ — আপ্) বধ, চৌর্যাদিকর্ম।

হিংসালু— বিণ. (হিন্‌সা-আলুচ্) হিংসাশীল।

হিংস্য— বিণ (হিনস্ — কর্ম্ম — ঘ্যণ্) বধ্য।

হিংস্র— বি.ণ (হিন্‌স-র)

হিংস্রক— বিণ (হিনস্ — কর্ত্তৃ — র, কণ্) হিংসাকারী।

হিক্কা— বি, স্ত্রী (হিক — ভাবে — অ — আপ্) রোগ বিং, হেচকী। অব্যক্তশব্দ

হিঙ্গুঃ— বি, পুং (হিম—গম—কর্ত্তৃ—ডু) হিং।

হিঙ্গুলকঃ— বি.পুং (হিঙ্গু-লা-ক) রক্তবর্ণ, বর্ণকদ্রব্যবিং স্ত্রী. হিঙ্গলী—বার্তাকী, বৃহতী।

হিঙ্গুল(লি লু)— বি, পুং ক্লী (হিঙ্গু—লা—কর্ত্তৃ—ড, ডি ডু) হিঙ্গুল।

হিজ্জলঃ— বি, পু; (হি-ক্বিপ্-জল) হিজলগাছ।

হিঞ্জীরঃ— বি, পুং (হিন্ড—ঈর—কর্ত্তৃ — ক,) হস্তিপাদবন্ধন রজ্জু। গ্রন্থি।

হিঞ্জুলঃ— বি, পুং; বেতস বৃক্ষ।

হিড়িম্বঃ— বি, পুং; রাক্ষস বিং।

হিড়িম্বা— বি, স্ত্রী; হিড়িম্ব রাক্ষসের ভগিনী, ঘটোৎকচের মাতা।

হিন্ডনম্— বি, ক্লী(হিন্‌ড—ভাবে—ল্যুট্) ভ্রমণ।

হিন্ডিরঃ, হিন্ডীরঃ— বি, পুং (হিন্ড—ইর, ঈর) সমুদ্রাদির ফেন।

হিত— বি, ক্লী (হি—ভাবে—ক্ত) মঙ্গল। গতি। বি ণ (ধা—কর্ম্ম-ক্ত) পথ্য, যোগ্য। উপকারক। প্রিয়।

হিতকর, হিতকারী(রিন্)— বি ণ (হিত—কৃ—কর্ত্তৃ—ট, ণিন) উপকারক। স্ত্রী; করী

হিতকাম্যা— বি.স্ত্রী, আত্মমঙ্গলেচ্ছা।

হিতবাদী(দিন)— বি-ণ হিত—বদ্—কর্ত্তৃ—ণিনি) সৎপরামর্শদাতা। স্ত্রী;দিনী।

হিতৈষী(ষিন্)— বি-ণ (হিত—ইষ—কর্ত্তৃ—ণিনি) শুভাকাঙক্ষী। স্ত্রী; ষিণী।

হিতোপদেশঃ— বি, পুং; সৎপরামর্শদান। বিষ্ণুশর্ম্মার রচিত নীতিগ্রন্থ বিং।

হিন্তালঃ— বি, পুং; বৃক্ষবিং, হেতালগাছ।

হিন্দুঃ— বি, পুং (হীন—দুষ্—কর্ত্তৃ—ডু, নি) (অথবা এই শব্দটি আবাস্তিক অর্থাৎ প্রাচীন পারসীক ভাষার অন্তর্গত, সিন্ধু শব্দের অপভ্রষ্ট) জাতিবিং, হিঁদু।

হিন্দোলঃ— বি, পুং;

হিন্দোলা— বি, স্ত্রী (হিন্দোল—ভাবে—অল্) দোলা, ঝুলন। পুং; রাগ বিং।

হিন্দোলী— বি, স্ত্রী; যানবিং, ডুলী। ঝুলী।

হিমম্— বি, ক্লী (হি—ম-ক) তুষার। শীতলস্পর্শ। বি ণ;শীতল। পুং;ঋতুবিং।

হিমকরঃ— বি, পুং; চন্দ্র। কর্পূর।

হিমগিরিঃ— বি, পুং; হিমালয় পর্ব্বত।

হিমদ্যুতিঃ— বি, পুং; চন্দ্র।

হিমবান্(বৎ)— বি, পুং;হিমালয়-পর্ব্বত। বি-ণ; শীতল।

হিমবালুকা— বি, স্ত্রী; কর্পূর।

হিমশিলা— বি, স্ত্রী; তুষাররাশি, বরফ।

হিমাংশুঃ— বি, পুং (হিম—অংশু=কিরণ) চন্দ্র।

হিমাগমঃ— বি, পুং; হেমন্ত ঋতু।

হিমাদ্রিঃ— বি, পুং; হিমালয় পর্ব্বত।

হিমানী— বি, স্ত্রী (হিম—ঈপ) বরফ সমূহ।

হিমালয়ঃ— বি, পুং ; স্বনামখ্যাত পর্ব্বতবিং।

হিমিকা— বি, স্ত্রী (হিম—কণ্—আপ্) হিমকণা, শিশির। কুজ্ঝটিকা।

হিরণম্— ক্লী (হৃ +ল্যুট্) স্বর্ণ, রেতস্, বরাটক,

হিরণ্ময়— বি-ণ (হিরণ্য— ময়ট্) স্বর্ণনির্ম্মিত। বি, পুং; ব্রহ্মা। ক্লী; নববর্ষের অন্তর্গত বর্ষবিং।

হিরণ্যম্— বি, ক্লী (হৃ—যৎ) স্বর্ণ। ধন। রেতঃ। দ্রব্য। রজত। বরাটক। পরিমাণ বিং।

হিরণ্যকশিপুঃ— বি, পুং (হিরণ্য = স্বর্ণ—কশিপু =গ্রাসাচ্ছাদন) দৈত্য বিং, প্রহ্লাদের পিতা।

হিরণ্যগর্ভঃ— বি, পুং;স্বর্ণময় অন্ড হইতে জাত ব্রহ্মা।

হিরণ্যাক্ষঃ— বি, পুং; দৈত্য বিং, হিরণ্যকশিপুর ভ্রাতা।

হিরুক্— অব্য, (হি-উকিক) ব্যতিরেক, ত্যাগ। নিকট।

হিলমোচিকা— বি, স্ত্রী; হিঞ্চা শাক হেলাঞ্চা।

হিল্লোলঃ— বি, পুং (হিল্লোল—ভাবে—অল্) দোলন। (কর্ত্তৃ—অল্) তরঙ্গ।

হিবুকম্— বি, ক্লী; জ্যোতিষে লগ্ন হইতে চতুর্থ স্থান।

হী— অব্য; (হি-ডী) বিবাদ। বিস্ময়।

হীন— বিণ (হা —কর্ম্ম—ক্ত) রহিত। পরিত্যক্ত। অধম।

হীনাঙ্গ— বি ণ; অঙ্গহীন। বিকলাঙ্গ।

হীয়মান— বি ণ (হা—কর্ম্ম—শানচ্) যাহা হ্রাস পাইতেছে।

হীর— বি, পুং; (হৃ-ক) শিস। ইন্দ্রের বজ্র। সর্প, সিংহ। শ্রীহর্ষের পিতা।

হীরক— বি, পুং, ক্লী; রত্ন বিং, হীরা, জহর।

হীরা— বি, স্ত্রী; লক্ষ্মী। পিপীলিকা।

হীহী— অব্য; হাস্য।

হুঙ্কারঃ— বি, পুং;

হুঙ্কৃতম্— বি, ক্লী;

হুঙ্কৃতিঃ— বি, স্ত্রী; হুম্ এইরূপ শব্দ। গর্জ্জন।

হুড়— (হুড় +ক) মেঘ, চৌর্যনিবারণার্থ ভূমিতে প্রোথিত লৌহকীলক।

হুড়ুঃ— পু. মেঘ।

হুত— বি ণ (হু-কর্ম্ম—ক্ত) দেবোদ্দেশে অগ্নিতে প্রক্ষিপ্ত ঘৃতাদি। বি. পুং; হোমের অগ্নি। ক্লী; (ভাবে—ক্ত) হোম।

হুতভূক্(জ)— (হুত—ভূজ—কর্ত্তৃ—ক্বিপ্)

হুতবহঃ— (হুত—বহ—কর্ত্তৃ—অচ্)
হুতাশঃ— (হুত—অশ—কর্ত্তৃ-অণ্)
হুতাশনঃ— (হুত—অশ-কর্ত্তৃ—ল্যু) বি, পুং; অগ্নি।

হুম্— অব্য; স্মৃতি। সম্মতি, হুঁ। অসূয়া। বিতর্ক। নিষেধ। প্রশ্ন।

হুলহুলী— বি, স্ত্রী;(হুল-ক-ঙীষ্) মঙ্গলধ্বনি; হুলুধ্বনি।

হুঙ্কারঃ— বি, পুং; অবজ্ঞাসূচক 'হুম' এই শব্দ।

হূণ(ন)— বি, পুং (হ্বে—কর্ম্ম—নক) ভারতবর্ষের উত্তরস্থ মেচ্ছদেশ বিং। তদ্দেশীয় লোক।

হূত— বি-ণ (হ্বে—কর্ম্ম—ক্ত) যাহাকে আহ্বান করা হইয়ছে, আহূত। ক্লী (ভাবে—ক্ত) আহ্বান।

হূতিঃ— বি, স্ত্রী(হ্বে—ভাবে-ক্তিন্) আহ্বান।

হূহূ— বি, পুং; গন্ধর্ব্ব বিং। অব্য; যাতনা ধ্বনি।

হৃচ্ছয়ঃ— বি.পুং (হৃ-শী-অচ্) কামদেব, বিণ. হৃদয়শায়ী।

হৃণীয়া— বি, স্ত্রী (হৃণী-ক্য+আ+আপ্) নিন্দা।

হৃৎ— হৃদয়। মন। বি-ণ (হৃ—কর্ত্তৃ—ক্বিপ্) হরণকারী।

হৃত— বি-ণ (হৃ—কর্ত্তৃ—ক্ত) যাহা অপরণ করা হইয়াছে। আনীত । আকৃষ্ট।

হৃত্তত্ত্ববিবেকঃ— বি, পুং;শাস্ত্র বিং. মস্তকের গঠন দেখিয়া তাহার মনোবৃত্তি সমুদয় যে শাস্ত্র দ্বারা নিরূপিত হয়।

হৃৎপিন্ড— বি, পুং;হৃদয়স্থিত রক্তাদির আধার।

হৃদয়ম্— বি, ক্লী; (হৃ—র্ত্তৃ—কয়ন্) বক্ষঃস্থল। মন।

হৃদয়গ্রাহী(হিন্)— হৃদয়—গ্রহ—কর্ত্তৃ—ণিনি) মনোহর, স্ত্রী, হিনী

হৃদয়ঙ্গম— হৃদয়—গম—কর্ত্তৃ—খচ্) বি-ণ; হৃদয়গত। স্ত্রী; মা।

হৃদয়েশঃ— বি, পুং; পতি, প্রাণেশ্বর।

হৃদিকাসুতঃ— বি, পুং; কৃপাচার্য্য।

হৃদ্গত— বি-ণ; যাহা মনে থাকে , মনোগত।

হৃদ্বোধঃ— বি, পুং; মনে বুঝা।

হৃদ্য— বি ণ (হৃদ্—যৎ) প্রিয়। স্ত্রী; দ্যা।

হৃদ্যতা— বি, স্ত্রী; প্রণয় সদ্ভাব।

হৃল্লাসঃ— বি, পুং (হৃদ—লস—ভাবে—ঘঞ্) হিক্কারোগ।

হৃল্লেখঃ— বি, পুং; জ্ঞান। তর্ক। অনুতাপ।

হৃল্লেখা— বি, স্ত্রী; ঔৎসুক্য।

হৃষিতঃ— বি ণ (হৃষ—কর্ত্তৃ—ক্ত) আনন্দিত। পুলকিত। বিস্মিত।

হৃষীকম্— বি, ক্লী (হৃষ—কর্ত্তৃ—ঈকক্) জ্ঞানেন্দ্রিয়।

হৃষীকেশঃ— বি, পুং)হৃষীক—ঈশ) বিষ্ণু। পরমাত্মা।

হৃষ্ট— বি-ণ (হৃষ—কর্ত্তৃ—ক্ত) আনন্দিত। পুলকিত। বিস্মিত।

হৃষ্টপুষ্ট— বিণ, স্থূলকায়।

হৃষ্টিঃ— বি. স্ত্রী. (হৃষ্-ক্তিন্) আনন্দ, জ্ঞান।

হে— অব্য; সম্বোধন।

হেঠঃ— বি, পুং (হেঠ—কর্ত্তৃ—অন্) বাধা, প্রতিবন্ধক। ক্ষতি।

হেতিঃ— বি, পুং, স্ত্রী (হন—কর্ত্তৃ—ক্তিন্) অস্ত্র, শস্ত্র। অগ্নিশিখা।

হেতুঃ— বি, পুং (হি—কর্ত্তৃ—তুন) কারণ। প্রয়োজন। অর্থলঙ্কার বিং।

হেতুবাদঃ— বি, পুং; কারণপ্রদর্শন।

হেত্বাভাস— বি, পুং;ন্যায়মতে দুষ্ট হেতু।

হেম (মন্)— বি, ক্লী(হি+মন্/মনিন্) স্বর্ণ।

হেমকূটঃ— বি, পুং; হিমালয়েয় উত্তরে স্থিত গন্ধর্ব্বদিগের বাসস্থান পবর্বত বিং।

হেমন্তঃ— বি, পুং; ঋতু বিং।

হেমচন্দ্রঃ— বি, পুং; অভিধানচিন্তামণি নামক কোষকর্ত্তা। আদরাতিশয়সূচক সংজ্ঞাশব্দ, সোণার চাঁদ।

হেমাঙ্গঃ— বি.পু. গরুড়, সিংহ, সুমেরু, ব্রহ্মা, বিষ্ণু। ত্রি. স্বর্ণবর্ণ অঙ্গযুক্ত।

হেমাদ্রিঃ— বি.পু. সুমেরুপর্বত।

হেমমালী (লিন্)— বি. পু. সূর্য, অর্কবৃক্ষ।

হেমা (মন্)— বি.পু. বুধগ্রহ।

হেয়— বিণ. (হা+যৎ) ত্যাজ্য, তুচ্ছ।

হেয়জ্ঞানম্— বি. ক্লী. অবজ্ঞা।

হেরম্— বি. ক্লী (হি-রন্) মুকুট বিং. হরিদ্রা, আসুরীমায়া।

হেরম্বঃ— বি.পু. (হে-রম্ব + অচ্) গণেশ।

হেলনম্— বি. ক্লী (হিল+ল্যুট্) অবজ্ঞা,

হেলা— বি. স্ত্রী (হেড়্+অ+আপ্) অবজ্ঞা, বিলাস, জ্যোৎস্না। অবলীলা।

হেলিঃ— বি. পু. (হিল+ইন্) সূর্য, অর্কবৃক্ষ।

হেবাকঃ— বি. পু (হেবা+কন) আগ্রহ।

হেষা— বি. স্ত্রী (হেষ-অ+টাপ) অশ্বের ধ্বনি।

হৈহৈ— অব্য. (হে+হৈ) সম্বোধন।

হৈ— অব্য. সম্বোধন আহ্বান।

হৈতুক— বিণ (হেতু+ ঠণ্) সযুক্তিক।

হৈম— বিণ (হিম + অণ) স্বর্ণময়।

হৈমন্তঃ— বি.পু. হেমন্তঋতু।

হৈমন্তিক— বিণ (হেমন্ত+ ঠক) হেমন্ত সম্বন্ধীয়।

হৈমবত— বিণ (হিমবৎ + অন) হিমালয়সম্বন্ধীয়। ভারতবর্ষ।

হৈয়ঙ্গবীনম্— বি. ক্লী. পূর্বোক্ত দিনের দুগ্ধজাত ঘৃতাদি। সদ্যোঘৃত।

হৈহয়ঃ— বি.পু. দেশবিশেষঃ।

হো— অব্য . সম্বোধন,

হোড়ঃ— বি.পু হুড়িনৌকা।

হোরা— বি. স্ত্রী (হু-রন+টাপ) শাস্ত্র বিং জ্যোতিষোক্ত লগ্ন। রেখা

হোতা(তৃ)— বি.পু. (হু+তৃচ্) পুরোহিত। বিণ. হোমকর্তা। ঋগ্বেদাভিজ্ঞ ঋত্বিক।

হোত্রম্— বি. ক্লী (হু+ষ্ট্রন্) হোম।

হোমঃ— বি. পু. (হু+মন্) দেবোদ্দেশে মন্ত্রপাঠপূর্বক অগ্নিতে ঘৃতাদি প্রক্ষেপ।

হোলাকা— বি. স্ত্রী (হু— বিচ্ + লা + ক + কন্ + টাপ। বসন্তোৎসব বিং।

হ্যঃ(স)- অব্য. পূর্বদিনে।

হ্যস্তন— বিণ. (হ্যস্+ট্যুল) গতদিবস সম্বন্ধী।

হ্রদঃ— বি.পু. (হ্রাদ+অচ্) অগাধ জলাশয়।

হ্রদিনী— বি স্ত্রী. (হ্রদ+ইনি+টাপ্) নদী।

হ্রসিষ্ঠ— (হ্রস্ব+ইষ্ঠন্) হ্রস্বতম।

হ্রসীয়ান্(য়স্)— (হ্রস্ব+ঈয়স্) অতিহ্রস্ব।

হ্রসিমা— (মন) বি. পু. (হ্রস্ব-ইমনিচ্) হ্রস্বতা।

হ্রস্ব— বিণ. (হ্রস+বন্) ক্ষুদ্র, খর্ব, লঘুবর্ণ।

হ্রাদঃ— বি. পু. (হ্রাদ + ঘঞ্) শব্দ, হিরণ্যকশিপুর পুত্রবিশেষ।

হ্রাদিনী— স্ত্রী. বজ্র, বিদ্যুৎ, নদী।

হ্রাসঃ— বি.পু .(হ্রস্+ ঘঞ্) ক্ষয়, ক্ষীণতা।

হ্রিণীয়া— স্ত্রী; (হ্রিণী+ক + অ+আপ্

হ্রীণীয়া— স্ত্রী; লজ্জা।

হ্রীঃ— স্ত্রী (হ্রী+ক্বিপ) লজ্জা।

হ্রীজিত— ত্রি. (হ্রী+জিত) লজ্জিত।

হ্রীনিষেব— ত্রি. লজ্জাশীল।

হ্রীবেরম্— বি. ক্লী. গন্ধদ্রব্য, বীণা।

হ্রেপিত— বিণ. লজ্জা প্রাপিত।

হ্রেষা— বি. স্ত্রী (হ্রেষ+অ+আপ্) অশ্বধ্বনি।

হ্লাদঃ— বি.পু(হ্লাদ+ঘঞ্) আনন্দ।

হ্বানম্— বি. ক্লী. (হ্বে+ল্যুট্) আহ্বান।

সম্পূর্ণম্

পরিশিষ্ট

বিবরণ

অ

অংশুমান—সগররাজারাপৌত্র। সগররাজার যষ্ঠিসহস্র পুত্র কপিলমুনির শাপে ভস্মীভূত হইলে ইনি যজ্ঞিয় অশ্বের অনুসন্ধানে বহির্গত হন এবং পাতালে গমন করিয়া মুনিবরকে স্তবে সন্তুষ্ট করিয়া তাঁহার নিকট হইতে অশ্ব আনয়ন করেন। মুনিবর প্রীত হইয়া তাঁহাকে ইহাও বলিয়াছিলেন যে স্বর্গ হইতে গঙ্গাকে মহীতলে আনয়ন করিতে পারিলে গঙ্গার পবিত্র জল স্পর্শে সগরবংশের উদ্ধার হইবে। পরে তদ্বংশ সম্ভূত ভগীরত পৃথিবীতে গঙ্গার অবতারণা করেন।

অঙ্গ—বলিরাজার পুত্র। ইনি বিহার অর্থাৎ ভাগলপুর প্রদেশের রাজা ছিলেন। এজন্য ঐসকল দেশকে অঙ্গদেশ কহে। অঙ্গরাজ অতিশয় প্রজাহিতৈষী রাজা ছিলেন।

অনিরুদ্ধ—ইনি শ্রীকৃষ্ণের পৌত্রএবং প্রদ্যুম্নের পুত্র। ইনি একজন মহাবীর বলিয়া বিখ্যাত ছিলেন। রুক্মীরাজার পৌত্রী ভীষ্মকের কন্যা ইঁহার পত্নী। ইঁহার পুত্রের নাম বজ্র। দৈত্যকুলপতি বাণ রাজার দুহিতা উষা ইঁহার রূপ গুণে মোহিত হইয়া ইঁহাকে মানসে পতিত্বে বরণ করিলে উষার সখী চিত্রলেখা অন্তঃপুরে উষার গৃহে অনিরুদ্ধকে গোপনে আনয়ন করেন। উষার পিতা বাণাসুর তাহা জানিতে পারিয়া অনিরুদ্ধকে বধ করিবার জন্য সৈন্য প্রেরণ করেন। সৈন্যগণ অনিরুদ্ধ কর্তৃক হত হইলে বাণরাজা অনিরুদ্ধের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইয়া ঐন্দ্রজালিক বিদ্যার প্রভাবে ইঁহাকে বন্দী করেন। সেই সংবাদ পাইয়া বলরাম, কৃষ্ণ ও প্রদ্যুম্ন শোণিত পুরে বাণরাজার পুরীতে উপস্থিত হইলে উভয় পক্ষে ঘোরতর যুদ্ধ হয়। সেই যুদ্ধে বাণাসুর পরাস্ত হইলে অনিরুদ্ধ কারামুক্ত হইয়া উষার সহিত দ্বারকায় প্রত্যাগমন করেন।

অম্বা—কাশীরাজের জ্যেষ্ঠা কন্যা। ইঁহার মধ্যমা ভগিনী অম্বিকা এবং কনিষ্ঠা অম্বালিকা। মহাবল পরাক্রান্ত ভীষ্ম স্বয়ম্বরস্থল হইতে ইঁহাদিগকে হরণ করিয়া আনয়ন করেন এবং স্বীয় ভ্রাতা বিচিত্র বীর্য্যের সহিত অম্বিকা ও অম্বালিকার পরিণয় কার্য্য সম্পাদন করেন। অম্বা ইতিপূর্বে মনে মনে শাম্বরাজকে পতিত্বে বরণ করিয়াছিলেন জানিতে পারিয়া ভীষ্ম তাঁহাকে শাম্বরাজের নিকট গমন করিতে আদেশ করেন। তদনুসারে তিনি শাম্বরাজের নিকট গমন করিলে শাম্বরাজ তাঁহাকে ভীষ্ম হরণ করিয়াছেন অতএব ভীষ্মই তাঁহার পতি হইবার যোগ্য এই বলিয়া তাঁহাকে বিবাহ করিতে অস্বীকার করেন। পরে অম্বা হতাশ্বাস হইয়া ভীষ্মের গুরু পরশুরামের দ্বারা ভীষ্মকে অনুরোধ

করাইবেন মনে করিয়া পরশুরামের শরণাপন্না হন। পরশুরাম অম্বাকে গ্রহণের জন্য ভীষ্মকে অনুরোধ করিলেও ভীষ্ম অস্বীকার করিলে ভৃগুনন্দন অতিশয় কুপিত হন এবং উভয়ের ঘোরতর সংগ্রাম হয়। ত্রয়োবিংশতিদিবস যুদ্ধের পর পরশুরামের পরাজয় হইলে অম্বা নিতান্ত নিরাশ হইয়া ভীষ্মের বধজন্য শিবের আরাধনা করেন। মহাদেব প্রসন্ন হইয়া তাঁহাকে এই বরদান করেন, যে "তুমি জন্মান্তরে দ্রুপদ রাজার গৃহে ক্লীবরূপে জন্মগ্রহণ করিয়া ভীষ্মের বধের কারণ হইবে"। পরে অম্বা অগ্নিপ্রবেশ করিয়া জীবন ত্যাগ করেন এবং পরজন্মে দ্রুপদের ক্লীব পুত্র শিখণ্ডী হইয়া অর্জ্জুনের সহিত ভীষ্মের যুদ্ধকালে অর্জ্জুনের রথে থাকিয়া ভীষ্মের মৃত্যুর কারণ হইয়াছিলেন।

অর্জ্জুন—তৃতীয় পাণ্ডব, কুন্তীর গর্ভে ইন্দ্রের ঔরসজাত। ইনি দ্রোণাচার্য্যের নিকট ধনুর্বিদ্যা শিক্ষা করিয়া তদানীন্তন বীরগণের মধ্যে অসাধারণ প্রতিষ্ঠা লাভ করেন। একদা গুরু-দ্বেষী দ্রুপদ রাজাকে পরাজয় করিয়া দ্রোণাচার্য্যের নিকট আনয়ন করিলে আচার্য্য অর্জ্জুনকৃত এই প্রীতিকর কার্য্যকে গুরুদক্ষিণা স্বরূপ স্বীকার করিয়াছিলেন।

বিদুরের উপদেশে জতুগৃহ দাহ হইতে নিষ্কৃতি পাইয়া পাণ্ডবগণ কুন্তীসহ প্রচ্ছন্ন-ভাবে একচক্রানগরীতে যখন বাস করেন তৎকালে অর্জ্জুন দ্রৌপদীর বিবাহ উপলক্ষে মৎস্যচক্ররূপ লক্ষ্যভেদ করিয়া দ্রৌপদীকে লাভ করেন এবং মাতার আদেশে পঞ্চ ভ্রাতা তাঁহার পাণিগ্রহণ করেন।

দেবর্ষি নারদ এইরূপ নিয়ম করিয়া দিয়াছিলেন যে, দ্রৌপদীর সহিত পঞ্চ পাণ্ডবের মধ্যে কোন এক ভ্রাতার অবস্থিতিকালে অন্য কেহ তথায় প্রবেশ করিলে তাঁহাকে দ্বাদশ বৎসর গৃহত্যাগী হইতে হইবে। একদা জনৈক ব্রাহ্মণের সাহায্যার্থ অস্ত্রের নিতান্ত প্রয়োজন হইলে অর্জ্জুন অস্ত্রাগারে প্রবেশ করিয়া তথায় যুধিষ্ঠির ও দ্রৌপদীকে দেখিয়া অতিশয় সঙ্কুচিত হন এবং নারদ প্রবর্ত্তিত নিয়মানুসারে দ্বাদশ বৎসরের জন্য গৃহত্যাগ করেন। এই সময়ে নাগকন্যা উলূপীর সহিত ইঁহার বিবাহ হয়, তৎপরে মণিপুরে উপস্থিত হইয়া তত্রত্য রাজদুহিতা চিত্রাঙ্গদার পাণিগ্রহণ করেন। অনন্তর দ্বারকায় উপস্থিত হইয়া কৃষ্ণের ভগিনী সুভদ্রার সহিত সাক্ষাৎ হইলে পরস্পরের অনুরাগ সঞ্চার হয়। কিন্তু বলরাম তাহাতে বিরোধী হওয়ায় কৃষ্ণের পরামর্শে সুভদ্রাকে হরণ করিয়া বিবাহ করেন। তাঁহার গৃহত্যাগের দ্বাদশ বৎসর পূর্ণ হইলে অর্জ্জুন সুভদ্রা সহ ইন্দ্রপ্রস্থে প্রত্যাগমন করেন।

একদা অগ্নিদেব কর্ত্তৃক প্রার্থিত হইয়া কৃষ্ণ ও অর্জ্জুন খাণ্ডব বন দাহে অগ্নির সাহায্য করেন। এই সময়ে অগ্নিদেব অর্জ্জুনকে গাণ্ডীব ধনুঃ, অক্ষয় তূণীর দ্বয় এবং কপিধ্বজ রথ প্রদান করেন।

অক্ষক্রীড়ায় পরাজিত হইয়া যুধিষ্ঠির সস্ত্রীক ভ্রাতৃগণের সহিত যখন বনে বাস করেন, তৎকালে অর্জ্জুন ব্যাসদেবের অনুমত্যনুসারে ইন্দ্রকীল পর্ব্বতে গিয়া প্রথমে ইন্দ্রের তৎপরে মহাদেবের আরাধনা করেন। অর্জ্জুনের বল পরীক্ষার জন্য কিরাতরূপী মহাদেবের সহিত অর্জ্জুনের ঘোরতর যুদ্ধ হয়, ঐ যুদ্ধে পরিতুষ্ট হইয়া পশুপতি অর্জ্জুনকে পাশুপত অস্ত্র প্রদান করেন। এই সময়ে ইন্দ্রাদিদেবগণের নিকট হইতেও অর্জ্জুন নানাবিধ অস্ত্র লাভ করেন এবং স্বর্গে অবস্থিতি করিয়া নৃত্যগীতাদি গান্ধর্ব্ববিদ্যায় বিশেষ শিক্ষিত হন।

একদা উর্ব্বশী অনুরক্ত হইয়া অর্জ্জুনের নিকট আগমন করিলে অর্জ্জুন তাঁহাকে কৌরববংশের জননী বলিয়া স্বীয় মাতার ন্যায় তাঁহার প্রতি ভক্তিপ্রদর্শন করিলে উর্ব্বশী কুপিত হইয়া তাঁহাকে ক্লীব হইবে বলিয়া অভিসম্পাত করেন।

ইনি দেবদ্বেষী নিবাতকবচ ও হিরণ্যপুরবাসী দৈত্যগণকে বধ করেন এবং গন্ধর্ব্ব-রাজ চিত্রসেনকে যুদ্ধে পরাস্ত করিয়া দুর্য্যোধনকে সপরিবারে মুক্ত করেন।

বিরাটরাজের ভবনে অজ্ঞাতবাসকালে অর্জ্জুন উর্ব্বশীর শাপে এক বৎসর ক্লীব হইয়া অবস্থিতি করেন এবং বিরাটদুহিতা উত্তরাকে নৃত্যগীতাদি শিক্ষা দেন। তৎকালে ইনি স্বীয় নাম গোপন করিয়া বৃহন্নলা নামে অভিহিত হইয়াছিলেন। বিরাটরাজের গোধন হরণ মানসে দুর্য্যোধন যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া উত্তর গো গৃহে আগমন করিলে অর্জ্জুন রাজপুত্র উত্তরের সারথি হইয়া যুদ্ধে গমন করেন। তৎকালে পাণ্ডবগণের অজ্ঞাতবাসের বৎসর অতীত হইয়াছিল। সুতরাং বিপক্ষ পক্ষ অর্জ্জুনকে চিনিতে পারিলেও কোন ক্ষতি হইবার সম্ভাবনা ছিল না। কুরুসৈন্য দেখিয়া উত্তর ভীত হইয়া যুদ্ধে পরাঙ্মুখ হইলে অর্জ্জুন স্বয়ং যুদ্ধ করিয়া ভীষ্ম দ্রোণ কর্ণ দুর্য্যোধন প্রভৃতিকে পরাজয় করিয়া বিরাটরাজের গোধন মোচন করেন।

বিরাটরাজ অর্জ্জুনের পরিচয় পাইয়া এবং তাঁহার বীরত্বে বিস্মিত ও প্রীত হইয়া স্বীয় কন্যা উত্তরাকে পত্নীরূপে গ্রহণ করিতে অনুরোধ করিলে অর্জ্জুন ছাত্রী কন্যাস্থানীয় বিবেচনায় তাঁহার প্রস্তাবে অসম্মত হন এবং নিজপুত্র অভিমন্যুর সহিত উত্তরার পরিণয়-কার্য্য সম্পাদন করেন।

কুরুক্ষেত্রযুদ্ধে অর্জ্জুন অসাধারণ বীরত্ব প্রদর্শন করিয়া কৃষ্ণের সহায়তায় কুরুপক্ষীয় ভীষ্ম কর্ণ প্রভৃতি বহুসংখ্যক দুর্জ্জেয় বীরগণকে সসৈন্যে নিহত করেন।

ভীষণ কুরুক্ষেত্রযুদ্ধের অবসানে পাণ্ডবরাজ্য সংস্থাপিত হইলে যুধিষ্ঠির যৎকালে অশ্বমেধ যজ্ঞে ব্রতী হন, অর্জ্জুন সেই যজ্ঞিয় অশ্বের রক্ষক হইয়া নানা দেশ পর্য্যটন করেন। মণিপুরে স্বীয়পুত্র বভ্রুবাহনের সহিত যুদ্ধে অর্জ্জুন হতচৈতন্য হইলে উলূপী

পাতাল হইতে সঞ্জীবনী মণি আনয়ন করিয়া তাঁহার চৈতন্য সম্পাদন করেন। এইরূপে যজ্ঞিয় অশ্ব লইয়া অর্জ্জুন গৃহে প্রত্যাগমন করিলে অশ্বমেধ যজ্ঞ সমাপ্ত হয়। পরে অর্জ্জুনের পৌত্র পরিক্ষিৎকে রাজ্যাভিষিক্ত করিয়া পাণ্ডবগণ মহাপ্রস্থান করেন।

আ

আর্য্য—ঋগ্‌বেদ সংহিতার নিম্নলিখিত ১ম মণ্ডল, ৫১ সূক্ত, ৮ম ঋক্‌টী পাঠ করিলে বোধ হয় যে হিন্দুধর্ম্মাবলম্বী সমস্ত লোকই আর্য্যশব্দ প্রতিপাদ্য এবং হিন্দুধর্ম্মবিরোধীরা দস্যু শব্দে অভিহিত হইত। যথা—"বিজানীহ্যার্য্যান্‌ যে চ দস্যবো বর্হিষ্মতে রন্ধয়া শাসদ-ব্রতান্‌। শাকীভব যজমানস্য চোদিতা বিশ্বেৎতাতে সধমাদেষু চাকন" ॥ অর্থাৎ হে ইন্দ্র তুমি আর্য্যদিগকে বিশেষরূপে অবগত হও। ঐ ব্রতবিরোধীদিগকে নিগ্রহ করিয়া যজ্ঞকারী যজমানের বশীভূত কর। তুমি শক্তিশালী অতএব যজমানের প্রযোজক হও। আমি যজ্ঞ মহোৎসবে তোমার ঐ সমুদায় কার্য্যের বিষয় কীর্ত্তন করিতে অভিলাষ করি!

অথর্ব্ববেদ সংহিতায় আর্য্যাবর্ত্তবাসী সমস্ত লোককে আর্য্য ও শূদ্র এই দুই ভাগে বিভক্ত করা হইয়াছে।

শতপথ ব্রাহ্মণে ও কাত্যায়নপ্রণীত শ্রৌতসূত্রে ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য এই তিন বর্ণকেই কেবল আর্য্য বলা হইয়াছে। কাত্যায়নপ্রণীত সূত্রের ব্যাখ্যাস্থলে ভাষ্যকার লিখিয়াছেন—"শূদ্রচতুর্থো বর্ণ আর্য্যস্ত্রৈবর্ণিক" অর্থাৎ আর্য্য বলিলে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য এই তিন বর্ণ বুঝায়, শূদ্র চতুর্থ বর্ণ।

উ

উশীনর—চন্দ্রবংশীয় জনৈক নরপতি বিশেষ। দয়া দাক্ষিণ্য দান ধ্যান শরণাগত পালন প্রভৃতি সৎকার্য্যে ইনি তদানীন্তন জনসমাজে ধার্ম্মিকাগ্রগণ্য বলিয়া বিশেষ খ্যাতি লাভ করেন। ইঁহার পুত্রের নাম শিবি। একদা উশীনর রাজার ধার্ম্মিকতা পরীক্ষার জন্য ইন্দ্র শ্যেনমূর্ত্তি এবং অগ্নি কপোতমূর্ত্তি ধারণ করিয়া রাজার নিকট উপস্থিত হইলে কপোত শ্যেন ভয়ে ভীত হইয়া রাজার শরণাগত হয় এবং শ্যেন কপোতকে ভক্ষণের জন্য রাজার নিকট প্রার্থনা করে।

রাজা শরণাগতকে রক্ষা করিবার জন্য শ্যেনকে কপোত ভিন্ন অন্য কোন খাদ্যদ্রব্য প্রার্থনা করিতে বলেন। শ্যেন রাজবাক্যে সম্মত হইয়া কপোতের পরিবর্ত্তে রাজার শরীরের মাংস লইতে প্রার্থনা করিল। রাজা তাহাই দিতে সম্মত হইয়া স্বীয় শরীর হইতে মাংস কর্ত্তন করিতে যখন প্রবৃত্ত হইলেন তৎকালে ইন্দ্র ও অগ্নি স্ব স্ব মূর্ত্তিধারণ করিয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন এবং তাঁহার ধার্ম্মিকতার ভূয়সী প্রশংসা করিয়া তথা হইতে অন্তর্হিত হইলেন।

ক

ককুৎস্থ—সূর্য্যবংশীয় নরপতি বিশেষ। ভাগবতের মতে ইনি শশাদ রাজের পুত্র এবং ইক্ষাকুর পৌত্র, ইহার অপর নাম পুরঞ্জয়। একদা অসুরদিগের সহিত ঘোর সংগ্রামে দেবগণ পরাস্ত হইলে বিষ্ণুর আদেশ ক্রমে পুরঞ্জয় অসুরগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হন এবং ঐ যুদ্ধে বৃষরূপী ইন্দ্রের ককুদ্‌ অর্থাৎ স্কন্ধশিখায় দণ্ডায়মান হইয়া যুদ্ধ করিয়াছিলেন। বলিয়া ককুৎস্থ নামে অভিহিত হইয়াছিলেন।

কুন্তী—ইঁহার অপর নাম পৃথা। ইনি যদুবংশীয় শূরসেন রাজার কন্যা বসুদেবের ভগিনী। শূরসেন রাজার সহিত কুন্তি ভোজরাজার পরম বন্ধুত্ব ছিল। কুন্তি ভোজরাজা নিঃসন্তান ছিলেন বলিয়া শূরসেন তাঁহাকে পৃথা নাম্নী এই কন্যা কৃত্রিম পুত্রীরূপে প্রদান করেন। পৃথা কুন্তি ভোজ কর্ত্তৃক প্রতিপালিত হইয়া কুন্তীনামে অভিহিতা হন।

একদা দুর্ব্বাসা ঋষি কুন্তি ভোজরাজার গৃহে উপস্থিত হইয়া আতিথ্য স্বীকার করেন এবং এক বৎসরকাল যাবৎ তথায় অবস্থিতি করিয়াছিলেন। তৎকালে কুন্তী ঋষির পরিচর্য্যায় নিযুক্ত ছিলেন। ঋষি তাঁহার সেবায় পরিতুষ্ট হইয়া তাঁহাকে এইরূপ মন্ত্রদান করেন যে তিনি ঐ মন্ত্র পাঠ করিয়া যে দেবতাকে স্মরণ করিবেন সেই দেবতাই তাঁহার নিকট উপস্থিত হইবেন।

কুন্তী মন্ত্রপরীক্ষার জন্য প্রথমতঃ সূর্য্যদেবকে স্মরণ করেন। সূর্য্য আসিয়া উপস্থিত হইলে কন্যকাবস্থায় সূর্য্যের ঔরসে কুন্তীর গর্ভে কর্ণ নামক পুত্র জন্মে। ঐ সদ্যোজাত শিশুকে মঞ্জুষায় রাখিয়া নদীতে ভাসাইয়া দেওয়া হয়।

পরে কুন্তী স্বয়ংবরা হইয়া পাণ্ডুরাজকে বরমাল্য দান করিয়া পতিত্বে বরণ করেন। মাদ্রীনামে পাণ্ডুর আর এক পত্নী ছিল। কুন্তী ও মাদ্রীর সহিত পাণ্ডু বন ভ্রমণে বহির্গত হইলে জনৈক ব্রাহ্মণের অভিসম্পাতে পাণ্ডুরাজ স্ত্রীসংসর্গে বঞ্চিত হইয়া কুন্তীকে পুত্রোৎপাদন করিতে অনুমতি করেন। স্বামীর আদেশে কুন্তী ঋষিদত্ত মন্ত্রবলে ধর্ম্মরাজ, পবন ও ইন্দ্রকে একে একে স্মরণ করেন। তাঁহাদের ঔরসে যথাক্রমে কুন্তীর গর্ভে যুধিষ্ঠির ভীম ও অর্জ্জুনের জন্ম হয়। কুন্তী সপত্নী মাদ্রীকেও ঋষিদত্ত মন্ত্র প্রদান করেন। তিনিও মন্ত্রবলে অশ্বিনীকুমারের ঔরসে নকুল ও সহদেব নামক দুই যমজ পুত্র লাভ করেন।

কালক্রমে বনমধ্যে পাণ্ডুর মৃত্যু হইলে মাদ্রী মৃতপতির সহগমন করেন। পরে কুন্তী পাণ্ডবগণকে লইয়া হস্তিনাপুরে প্রত্যাগমন পূর্ব্বক তাঁহাদের রক্ষণাবেক্ষণ করেন।

চ

চৈতন্য—বঙ্গেশ্বর আদিশূরের ন্যায় জয়ন্তীয়াপতি আদিত্য সত্যসিন্ধু আর্য্যাবর্ত্ত হইতে একদল বৈদিক ব্রাহ্মণ আনয়ন করেন। সেই ব্রাহ্মণসন্তানসন্ততিগণ শ্রীহট্টের বৈদিক নামে

খ্যাত। সেই বৈদিককুলজাত উপেন্দ্র মিশ্রের ৭ পুত্র—কংসারি, পরমানন্দ, পদ্মনাভ, সর্ব্বেশ্বর, জগন্নাথ, জনার্দ্দন ও ত্রৈলোক্যনাথ। জগন্নাথ মিশ্র বিদ্যাভ্যাস জন্য নবদ্বীপে বাস করেন। তথায় নীলাম্বর চক্রবর্ত্তীর কন্যা শচীর সহিত তাঁহার পরিণয়কার্য্য সংঘটিত হয়। নীলাম্বর চক্রবর্ত্তীও সম্ভবতঃ শ্রীহট্টবাসী ছিলেন। বোধ হয় এই পরিণয়সূত্রে তিনিও নবদ্বীপে আসিয়া বাস করেন। ইহার প্রমাণ এই যে, বৃন্দাবনবাস চৈতন্য-মঙ্গলে লিখিয়াছেন যে, নিমাই কোন সময় শ্রীহট্টের কদর্য্য ভাষার উল্লেখ করিয়া শ্রীহট্ট-বাসীদিগকে বিদ্রূপ করিলে তাঁহারা তাঁহাকে এইরূপ বলিয়াছিলেন—

*   *   *   *   *   *   *

"তুমি কোন দেশী তাহা কহত নিশ্চয় ॥
পিতামাতা আদি করি যতেক তোমার।
বল দেখি শ্রীহট্টে জন্ম না হয় কার ॥
আপনি হইয়া শ্রীহট্টিয়ার তনয়।
তবে ঢোল কর কারে অন্যে দুঃখ পায় ॥"

শচীর গর্ভে ক্রমশঃ জগন্নাথের ৮টী কন্যা জন্মিয়া শৈশবে কালকবলিত হয়। তৎপরে তাঁহাদের ১টী পুত্র জন্মে। সেই শিশুর নাম বিশ্বরূপ রাখা হইয়াছিল। পরে শচী পুনরন্তঃসত্বা হইলে ত্রয়োদশ মাস গর্ভধারণের পর ১৪০৭ শকাব্দের ফাল্গুনী পূর্ণিমায় সন্ধ্যাকালে এক পুত্র ভূমিষ্ঠ হয়। ঐ দিবস চন্দ্রগ্রহণ হইয়াছিল। ঐ নবকুমারকে প্রতিবেশিনীরা নিমাই বলিয়া ডাকিত, কিন্তু নাম করণ কালে বিশ্বম্ভর নামরাখা হইয়াছিল। (পঞ্জাব দেশীয় নানক ইউরোপীয় লুথার প্রায় বিশ্বম্ভরের সমসাময়িক।) নিমাই শৈশবাবস্থায় অত্যন্ত দুরন্ত ছিলেন। তাঁহার অগ্রজ বিশ্বরূপ গৃহপরিত্যাগপূর্ব্বক সন্ন্যাসধর্ম্ম অবলম্বন করিলে, নিমাইয়ের চঞ্চল স্বভাব দূর হয়। তিনি প্রথমে গঙ্গাদাস পণ্ডিতের নিকট ব্যাকরণ, পরে বাসুদেব সার্ব্বভৌমের নিকট সাহিত্য অলঙ্কারাদি অধ্যয়ন করেন। বাসুদেবের ছাত্রগণের মধ্যে চৈতন্য রঘুনাথ ও রঘুনন্দই সর্ব্বশ্রেষ্ঠ। নিমাইয়ের যৌবনারম্ভে তাঁহার পিতার মৃত্যু হয়। পরে বল্লভাচার্য্যের কন্যা লক্ষ্মীর সহিত তাঁহার প্রথম বিবাহ হয়। নিমাই পিতৃভূমি সন্দর্শনার্থে শ্রীহট্টে গমন করেন। ঐ সময় তাঁহার পত্নী লক্ষ্মী সর্পদংশনে জীবন পরিত্যাগ করেন। নিমাই শ্রীহট্ট হইতে প্রত্যাবর্ত্তন করিয়া পত্নীর মৃত্যু সংবাদে নিতান্ত কাতর হন। এই শোক হইতেই তাঁহার হৃদয়ে সংসারবৈরাগ্য ও বৈরাগ্য হইতে ঈশ্বর প্রেমের সূত্রপাত হয়।

কিছুদিন পরে জননীর অনুরোধে পুনর্ব্বার পণ্ডিতরাজ সনাতনের কন্যা বিষ্ণুপ্রিয়াকে বিবাহ করেন। কিন্তু তৎকালে তাঁহার হৃদয়ে বৈরাগ্যের উদয় হওয়ায়

বিষ্ণুপ্রিয়া পূর্ব্বপত্নীর অভাব পূরণ করিতে পারিলেন না। তখন দাম্পত্যপ্রেমের পরিবর্ত্তে তাহার হৃদয়ে জগতের সারভূত ঈশ্বর প্রেমের প্রতিবিম্ব পতিত হইল। সেই বৈরাগ্য পূর্ণহৃদয়ে তিনি পূর্ব্বপত্নীর প্রেতকৃত্যসম্পাদন জন্য গয়ায় গমন করেন। তথায় ঈশ্বরপুরীর সহিত সাক্ষাৎ হয়। ঈশ্বরপুরী একজন পণ্ডিত ও ঈশ্বরপ্রেমিক প্রকৃত বৈষ্ণব। ঈশ্বরপুরী সর্ব্বদা নিমাইকে বৈষ্ণবধর্ম্মসম্বন্ধে উপদেশ দিতেন। তাঁহার সেই উপদেশে নিমাইয়ের অন্তঃস্থল অবধি বিদ্ধ হইল। তিনি পুরীর নিকট বৈষ্ণবধর্ম্মে দীক্ষিত হইলেন এবং ঈশ্বরপ্রেমে উন্মত্ত হইলেন। (ঐতিহাসিক রহস্য)

জ

জরাসন্ধ—ইনি মগধাধিপতি রাজা বৃহদ্রথের পুত্র। বৃহদ্রথের দুই স্ত্রীর গর্ভে দুই অংশে ইঁহার জন্ম হয়। পরে জরা নামে রাক্ষসী ঐ দুই খণ্ড সংলগ্ন করিয়া দিলে ইহাঁর জীবন লাভ হয়। ইনি পৈতৃক সিংহাসন অধিকার করিয়া মগধের একজন প্রবল নরপতি বলিয়া খ্যাত হন।

জরাসন্ধের দুই কন্যার সহিত কংসের বিবাহ হয়। কৃষ্ণ কংসকে বিনাশ করিলে জরাসন্ধ কৃষ্ণদ্বেষী হইয়া কৃষ্ণ প্রভৃতি যাদবগণকে বিনাশ করিবার জন্য অষ্টাদশবার সসৈন্যে মথুরা অবরোধ করেন। কিন্তু কৃষ্ণের অলৌকিক বীরত্ব প্রভাবে ইষ্টসাধনে বঞ্চিত হন ॥

জরাসন্ধ একদা যজ্ঞে বলি দিবার জন্য নানা স্থানের নৃপতিদিগকে যুদ্ধে পরাস্ত করিয়া স্বীয় ভবনে আনয়ন পূর্ব্বক বন্দী করিয়া রাখেন। কৃষ্ণ তাঁহার সেই ক্রূর কর্ম্মের সংবাদ পাইয়া ভীম ও অর্জ্জুন সহ জরাসন্ধ পুরীতে উপস্থিত হন এবং বন্দীগণকে মুক্ত করিতে অনুরোধ করেন। জরাসন্ধ তাহাতে অসম্মত হইলে পরস্পর ঘোরতর যুদ্ধ উপস্থিত হয় এবং ঐ যুদ্ধে জরাসন্ধ ভীমের হস্তে নিহত হন। পরে তদীয় পুত্র সহদেব পিতৃ-সিংহাসনে অধিরূঢ় হন।

ত

তাড়কা--সুকেতুনামক যক্ষের কন্যা। ব্রহ্মা সুকেতুর তপস্যায় প্রীত হইয়া তাঁহার এই কন্যাকে সহস্র মত্ত হস্তীর বল প্রদান করেন। তাড়কার স্বামীর নাম সুন্দ এবং পুত্রের নাম মারীচ।

অগস্ত্য মুনির শাপে সুন্দের মৃত্যু হইলে তাড়কা ও মারীচ অগস্ত্যকে বধ করিতে উদ্যত হয় এবং ঋষির পুনরভিসম্পাতে তাহারা রাক্ষস রূপে পরিণত হয়। পরে তাড়কা অগস্ত্য মুনির আশ্রমে প্রাণিশূন্য করিয়া তথায় বাস করিতে লাগিল।

রাম বিশ্বামিত্রের যজ্ঞরক্ষা করিতে গমন কালে তাড়কাকে বধ করেন।

তুকারাম—মহারাষ্ট্রদেশের অন্তর্গত পুনার নিকটবর্ত্তী দেহগ্রামে ইঁহার জন্ম হয়। ইনি সামান্য শূদ্রজাতীয় বণিক্ ছিলেন। কিন্তু অসামান্য দয়া, ধার্ম্মিকতা ও সংসারবৈরাগ্য প্রভৃতি সদ্গুণে তদানীন্তন জনসমাজে বিশেষ প্রতিষ্ঠা লাভ করেন।

ইনি ছন্দোবদ্ধবাক্যে এক প্রকার অভিনব কথকতা ও কীর্ত্তনের প্রথা প্রবর্ত্তিত করিয়া সকলের চিত্ত আকর্ষণ করিয়াছিলেন। এই সময়ে অনেকে তাঁহার শিষ্য হয়। মহারাষ্ট্রদেশের অধিপতি শিবজি তুকারামের পরম ভক্ত ছিলেন।

তুকারাম ১৫৮৮ খৃঃ অব্দে জন্মগ্রহণ করিয়া ১৬৫১ খ্রীষ্টাব্দে মানবলীলা সংবরণ করেন

শিবজির উপদেশার্থ তুকারামের রচিত একটী শ্লোক নিয়ে উদ্ধৃত হইল—

এই এক সার কথা জানহ কল্যাণ।
একি আত্মা সর্ব্বভূতে রহেন সমান॥

ত্রিপুর—ময়দানব নামক অসুর কর্ত্তৃক নির্ম্মিত স্বর্ণময়, রজতময় ও লৌহময় তিনটী পুরী ত্রিপুর নামে খ্যাত ছিল। অসুরেরা ঐ তিন পুরীতে বাস করিত। দেবগণ তাহাদের অত্যাচারে পীড়িত হইয়া ব্রহ্মার উপদেশানুসারে শিবের শরণাপন্ন হন। মহাদেব স্বয়ং যুদ্ধ করিয়া তত্রত্য অসুরগণের সংহার এবং পুরত্রয়ের উচ্ছেদ করেন।

ত্রিশঙ্কু—ইনি সূর্য্যবংশীয় অযোধ্যাপতি জনৈক রাজা। মর্ত্ত্যলোক পরিহার পূর্ব্বক চিরদিনের জন্য ইঁহার সশরীরে স্বর্গে যাইবার অভিলাষ হওয়ায় কুলগুরু বশিষ্ঠ ও তদীয় পুত্রগণকে অভীষ্টসিদ্ধির অনুকূল যজ্ঞের অনুষ্ঠান করিতে বলেন। তাঁহারা, রাজার প্রার্থনা অস্বীকার করিলে ত্রিশঙ্কু অভিলষিত কার্য্যসিদ্ধির মানসে ভগবান্ বিশ্বামিত্রের শরণাপন্ন হন। বিশ্বামিত্র স্বীয় তপঃপ্রভাবে রাজাকে সশরীরে স্বর্গে প্রেরণ করেন। রাজা স্বর্গের সন্নিহিত হইলে ইন্দ্র তদ্বিষয়ে প্রতিকূল হইয়া তাঁহাকে ভূতলে নিক্ষেপ করেন। বিশ্বামিত্র রাজাকে ভূতলে পতিত হইতে না দিয়া তাঁহার অবস্থিতি জন্য তপোবলে স্বর্গ ও পৃথিবীর মধ্যে নক্ষত্রলোক সৃষ্টি করিলেন এবং রাজা তথায় অবস্থিতি করিতে লাগিলেন।

(সাহিত্য পড়িতে হইলে এই উপাখ্যানের উপযোগিতা আছে যথা—অভিজ্ঞান শকুন্তলে দ্বিতীয় অঙ্কে বিদূষকের বাক্য—"ত্রিশঙ্কুরিব অন্তরা তিষ্ঠ"।)

দ

দক্ষপ্রজাপতি—ইনি ব্রহ্মার পুত্র। ইঁহার পত্নীর নাম প্রসূতি। প্রসূতির গর্ভে ইঁহার ঔরসে অনেকগুলি কন্যা জন্মে। তন্মধ্যে ২৭টী কন্যার সহিত চন্দ্রের এবং কনিষ্ঠা কন্যা সতীর সহিত শিবের বিবাহ হয়।

একদা দক্ষ নিমন্ত্রিত হইয়া ভৃগুমুনির যজ্ঞে গমন করেন। তথায় জামাতা শিব তাঁহার অভিবাদন না করায় তিনি কুপিত হইয়া শিবের যজ্ঞভাগ রহিত করিবার মানসে স্বয়ং যজ্ঞের অনুষ্ঠান করিয়া শিব ভিন্ন সমস্ত দেবগণকে নিমন্ত্রণ করেন।

তদীয় কন্যা সতী অনিমন্ত্রিত হইয়াও পিতার যজ্ঞে আগমন করিলে পিতা দক্ষ সতীর সমক্ষে অযথা শিবনিন্দা করেন। সতী পতিনিন্দা শ্রবণে একান্ত মর্ম্মাহত হইয়া পিত্রালয়ে দেহত্যাগ করেন।

এই দুর্ঘটনার পরে শিবের অনুচরবর্গ যজ্ঞধ্বংস এবং দক্ষের প্রাণ বিনাশ করিলে মহাদেব দক্ষপত্নী প্রসূতির অনুরোধে দক্ষকে পুনর্জ্জীবিত করেন। কিন্তু তাঁহার প্রকৃত মস্তক অগ্নিতে ভস্মসাৎ হওয়ায় ছাগমুণ্ড যোজিত করা হয়।

দধীচি—ইনি একজন পরম দয়ালু ঋষি। ইঁহার পিতার নাম অথর্ব্বা, মাতার নাম শান্তি। অলম্বুষা অপ্সরার গর্ভে ইঁহার ঔরসে সারস্বত নামে পুত্র জন্মে। দধীচি অত্যন্ত শিবভক্ত ছিলেন।

কথিত আছে যে, ইন্দ্র ইঁহার প্রতি অতি নিষ্ঠুরাচরণ করিয়াছিলেন। কিন্তু একদা বৃত্রাসুর কর্ত্তৃক দেবগণ বিশেষ উপদ্রুত হইয়া জানিলেন যে দধীচি মুনির অস্থি-নির্ম্মিত আয়ুধ ভিন্ন অসুরের বিনাশ হইবে না। তখন ইন্দ্র সংশয়িত মনে দধীচির নিকট উপস্থিত হইয়া ঐরূপ প্রস্তাব করিলে মুনি পরোপকারার্থ প্রফুল্ল মনে যোগা-বলম্বনে প্রাণত্যাগ করিয়া ইন্দ্রকে অস্থি দান করেন এবং ইন্দ্র সেই অস্থিনির্ম্মিত বজ্রাস্ত্রে অসুরকে নিহত করেন।

দময়ন্তী—ইনি বিদর্ভরাজ ভীমের কন্যা এবং সুবিখ্যাত নিষধাধিপতি নলরাজের মহিষী। পতিব্রতা কুলকামিনীগণের আদর্শ স্বরূপ এই স্ত্রীরত্ন স্বীয় অসাধারণ গুণসমূহে এই বিশ্ব-সংসারে অক্ষয়কীর্ত্তি লাভ করিয়াছেন।

নলরাজা ও দময়ন্তী পরস্পর যথাযোগ্য অসামান্য রূপ গুণের পরিচয় পাইয়া অনুরাগ পাশে নিবদ্ধ হন, তদনুসারে দময়ন্তী নলরাজাকে মানসে পতিত্বে বরণ করিয়াছিলেন। পরে দময়ন্তী পিতার অভিপ্রায়ানুসারে স্বয়ংবরা হইয়া স্বয়ংবরসভায় সমাগত বহুসংখ্যক সুবিখ্যাত রূপগুণসম্পন্ন নরপতিগণ এবং ইন্দ্রাদি দিক্‌পালগণ উপস্থিত থাকিতেও নলরাজাকে বরমাল্য প্রদান করেন।

এই ঘটনায় নলরাজা দুরাশয় কলির প্রকোপে পতিত হওয়ায় কিছুদিন পরে তাঁহার ভ্রাতা পুষ্করের সহিত দ্যূতক্রীড়ায় প্রবৃত্ত হইয়া পরাজিত হন এবং তৎসূত্রে ঘোরতর ভ্রাতৃবিরোধ উপস্থিত হয়। পুষ্কর অক্ষক্রীড়ায় নলরাজার সর্ব্বস্ব হরণ করিয়া সস্ত্রীক নলকে এক একখানি পরিধেয় বস্ত্রমাত্র দিয়া রাজ্য হইতে বহিষ্কৃত করেন।

নলরাজা দময়ন্তীর সহিত রাজ্য হইতে নিষ্কাশিত হইয়া নিরাশ্রয়ে ও অনাহারে তিন দিবস অতিবাহিত করেন। পুষ্করের শাসন বাক্যে ভীত হইয়া প্রজাবর্গের মধ্যে কেহই তাঁহাদিগকে আশ্রয় বা আহার দিল না। অনন্তর বনে প্রবেশ করিয়া কৃচ্ছ্র লব্ধ ফলমূলাদি দ্বারা কথঞ্চিৎ জীবন ধারণ করিয়া তথায় অবস্থিতি করিতে লাগিলেন।

একদা নলরাজা স্বীয় পরিধেয় বসন দ্বারা একটী পক্ষী ধরিতে যান, ঐ পক্ষী তাঁহার বস্ত্র হরণ করিয়া প্রস্থান করে। তখন তিনি অনন্যোপায় হইয়া পত্নীর অর্দ্ধ-বসন পরিধান করিয়া উভয়ে একত্র উপবিষ্ট রহিলেন।

এই সকল ঘটনায় তৎকালে তাঁহার নিজের দুঃখ অপেক্ষাও পত্নীর দুরবস্থা দর্শন অতীব ক্লেশকর হওয়ায় শরীরস্থ কলির কুপরামর্শে দময়ন্তীকে পরিত্যাগ করিয়া স্থানান্তর গমনে কৃতসঙ্কল্প হইলেন এবং ছলক্রমে দময়ন্তীকে বিদর্ভদেশ গমনের পথপরিচয় করিয়া দিলেন। কিন্তু দময়ন্তী তৎকালে তাহার মর্ম্ম কিছুই বুঝিতে পারিলেন না। পরে দময়ন্তী ক্ষুধাতৃষ্ণায় নিতান্ত কাতর হওয়ায় পতির পার্শ্বদেশে ভূতলশায়িনী হইয়া নিদ্রাগত হইলে নল অর্দ্ধবসন কর্ত্তন করিয়া সেই নিরাশ্রয়া প্রিয়তমাকে নির্জ্জন বনে পরিত্যাগ পূর্ব্বক উন্মত্তের ন্যায় তথা হইতে প্রস্থান করিলেন।

দময়ন্তী জাগরিত হইয়া নলকে না দেখিয়া নিতান্ত দুঃখিত ও ভীত হইলেন এবং উন্মত্তার ন্যায় হা নাথ! হা নাথ! এইরূপ উচ্চৈস্বরে আর্ত্তনাদ করিয়া ইতস্ততঃ অন্বেষণ করিতে লাগিলেন। এই সময়ে এক ভীষণ অজগর সর্প তাঁহাকে গ্রাস করিবার উদ্যম করিলে জনৈক ব্যাধ সহসা তথায় উপস্থিত হইয়া সর্পকে বিনাশ করিল।

পরে ঐ দুরাচার ব্যাধের কু অভিসন্ধি বুঝিতে পারিয়া দময়ন্তী অমূল্য সতীত্ব রক্ষার জন্য নিতান্ত ব্যাকুল হইয়া তদ্গতচিত্তে পরমেশ্বরের শরণাপন্ন হইলেন। কথিত আছে, ঐ ব্যাধ তদবস্থায় অকস্মাৎ গতপ্রাণ হইয়া ভূতলে পতিত হইল।

তৎপরে ভৈমী সেই বিজন বনে একাকিনী ইতস্ততঃ পর্য্যটন করিতে করিতে একদল বণিকের সহিত তাঁহার সাক্ষাৎ হয় এবং তাহাদের সঙ্গে চেদিরাজধানীতে উপস্থিত হইয়া তত্রত্য রাজমাতার অর্থাৎ স্বীয় মাতৃস্বসার আশ্রয়ে অবস্থিতি করিতে লাগিলেন।

বিদর্ভরাজ ভীম জামাতা ও কন্যার অনুসন্ধানার্থ নানা স্থানে দূত প্রেরণ করিলেন। সুদেব নামক জনৈক ব্রাহ্মণ দূত চেদিরাজ্যে গমন করিয়া তথায় দময়ন্তীকে দেখিতে পান এবং রাজমাতার অনুমতি লইয়া দময়ন্তীসহ বিদর্ভরাজ ভবনে উপস্থিত হইলে দময়ন্তী মাতা-পিতার সন্দর্শনে কথঞ্চিৎ সুস্থ হইয়া পিত্রালয়ে বাস করিতে লাগিলেন।

অনন্তর নলরাজার অন্বেষণ জন্য সর্ব্বত্র দূত প্রেরিত হইল। দূতগণকে দময়ন্তীর একটী সাঙ্কেতিক বাক্য বলিয়া দেওয়া হইল। ঐ বাক্যের সদুত্তর নল ভিন্ন অপর কেহই দিতে সমর্থ নহে। পরে অযোধ্যা হইতে প্রত্যাগত দূত ঐবাক্যের উত্তর লইয়া দময়ন্তীর নিকট উপস্থিত করিলে তিনি তাহা অবগত হইয়া জানিলেন যে, নল অযোধ্যাতেই অবস্থিতি করিতেছেন। তখন সুদেবকে স্বীয় পুনঃ স্বয়ংবরের সংবাদ সহ পুনরায় অযোধ্যায় প্রেরণ করিলেন এবং বলিয়া দিলেন তুমি যে দিবস তথায় পৌছিবে তাহার পর দিবসেই এখানে স্বয়ংবর হইবে এই কথা প্রচার করিবে।

সুদেব আদেশমত কার্য্য সম্পাদন করিলে অযোধ্যাধিপতি ঋতুপর্ণ নিজ সারথি বাহুকের অলৌকিক অশ্বচালনার কৌশলে এক দিবসের মধ্যেই বিদর্ভরাজভবনে উপস্থিত হইলেন। আসিবার সময় পথি মধ্যে ঘটনা ক্রমে নল রাজার শরীর হইতে কলি অপসৃত হইয়াছিল। দময়ন্তী ঋতুপর্ণ রাজার একদিবসেই বিদর্ভ রাজধানীতে আগমনের সংবাদ পাইয়া তদীয় সারথি বাহুককে পরিচারিকা দ্বারা নানারূপে পরীক্ষা করেন, তাহাতে ঐ সারথিই যে ছদ্মবেশী নল ইহা স্থির নিশ্চয় হওয়ায় পতিব্রতা দময়ন্তী তিন বৎসর অশেষ ক্লেশ ভোগ করিয়া পুনরায় পতির সহিত মিলিত হইলেন এবং নলরাজা পূর্ব্ববৎ রাজপদে প্রতিষ্ঠিত হইলে পতিপুত্র লইয়া পরম সুখে কালযাপন করিতে লাগিলেন।

দশরথ—ইনি সূর্য্যবংশীয় একজন প্রধান নরপতি। ইঁহার তিনটী প্রধানা মহিষী ছিলেন, জ্যেষ্ঠা কৌশল্যা, মধ্যমা কৈকেয়ী ও কনিষ্ঠা সুমিত্রা। কৌশল্যার গর্ভে প্রথমে শান্তা নামে এক কন্যা জন্মে। দশরথ ঐ কন্যাটী লোমপাদ রাজাকে কৃত্রিম পুত্রী করিয়া দান করেন। শান্তার সহিত মুনিবর ঋষ্যশৃঙ্গের বিবাহ হয়। দশরথের পুত্র না হওয়ায় পরিশেষে ঋষ্যশৃঙ্গ আসিয়া পুত্রেষ্টি যজ্ঞ করেন, তাহাতেই রাজার চারিটী পুত্র জন্মে। কৌশল্যার গর্ভে রাম, কৈকেয়ীর গর্ভে ভরত এবং সুমিত্রার গর্ভে লক্ষ্মণ ও শত্রুঘ্ন জন্মলাভ করেন। চারিটী পুত্র চারিটী রত্ন স্বরূপ। ইঁহারা যদিচ অশেষ গুণে অলঙ্কৃত ছিলেন তথাপি ইঁহাদের সৌভ্রাত্র গুণ সর্ব্বজন প্রশংসনীয়।

একদা দশরথ দেবাসুর যুদ্ধে দেবগণের সাহায্যার্থ গমন করিয়া তথা হইতে ক্ষত বিক্ষত শরীরে গৃহে প্রত্যাগত হইলে মধ্যমা পত্নী কৈকেয়ী অতি যত্নসহকারে নানারূপ শুশ্রূষা করিয়া রাজাকে সুস্থ করেন। রাজা তাঁহার প্রতি বিশেষ প্রীত হইয়া তাঁহাকে দুইটী বর দিতে অঙ্গীকার করেন, কিন্তু রাজ্ঞী "প্রয়োজন হইলে যথা সময়ে বরদ্বয় প্রার্থনা করিব" এইরূপ বলিয়াছিলেন।

রাজা স্বীয় জ্যেষ্ঠপুত্র রামচন্দ্রের অসাধারণ বলবীর্য্যের পরিচয় পাইয়া এবং দয়া-

দাক্ষিণ্যাদি সদ্গুণে তাঁহার প্রতি যাবতীয় প্রজাবর্গের আন্তরিক অনুরাগ দেখিয়া তাঁহাকে যৌবরাজ্যে অভিষিক্ত করিবার অনুষ্ঠান করেন। ঐ সময় পরিচারিকা মন্থরা দ্বারা প্রণোদিত হইয়া কৈকেয়ী রাজার নিকট পূর্ব্বপ্রতিশ্রুত বরদ্বয় প্রার্থনা করিয়াছিলেন। প্রথমবরে রামের চতুর্দ্দশ বৎসর বনবাস এবং দ্বিতীয় বরে ভরতের যৌবরাজ্যাভিষেক প্রার্থিত হয়।

রাজা কৈকেয়ীর ঐরূপ অচিন্তিত, অশ্রুতপূর্ব্ব বর প্রার্থনা শুনিয়া মূর্চ্ছিত হন। পরে চেতনা লাভ করিয়া বিনীত ভাবে নানাবিধ প্রবোধবাক্যে কৈকেয়ীর প্রার্থনা অন্যথা করিতে চেষ্টা করেন। কিন্তু কিছুতেই কৃতকার্য্য না হওয়ায় সত্যভঙ্গ ভয়ে অগত্যা তাঁহাকে ঐরূপ বর প্রদানে সম্মত হইতে হইয়াছিল।

তখন তিনি ভাবিলেন যে আমি এক সময় মৃগয়া করিতে গিয়া রজনীযোগে অন্ধকমুনির পুত্রকে মৃগবোধে শব্দভেদী বাণ দ্বারা বিদ্ধ করিয়াছিলাম। ঋষিকুমার প্রাণত্যাগ করিলে পিতা অন্ধক পুত্র শোকে যখন প্রাণ পরিত্যাগ করেন তৎকালে আমাকে এই বলিয়া অভিসম্পাত করেন; তুমিও আমার ন্যায় পুত্রশোকে প্রাণ হারাইবে। সেই অমোঘ ব্রহ্মশাপ আমার পক্ষে অপরিহার্য্য।

এদিকে রাম পিতৃসত্য পালনার্থ অম্লানবদনে সীতা ও লক্ষণের সহিত বনে গমন করিলে রাজা রামবিয়োগ যাতনা সহ্য করিতে অসমর্থ হইয়া জীবন পরিত্যাগ করিলেন।

দিলীপ—সূর্য্যবংশীয় প্রসিদ্ধ রাজা। ইঁহার পত্নীর নাম সুদক্ষিণা! দিলীপের সন্তান না হওয়ায় তিনি সস্ত্রীক কুলগুরু বশিষ্ঠের আশ্রমে গমন করিয়া তাঁহাকে স্বীয় নিরপত্যতানিবন্ধন অসীম মানসিক ক্লেশের বিষয় নিবেদন করেন। পরে বশিষ্ঠের আদেশানুসারে তদীয় আশ্রমস্থিত নন্দিনীনামক কামধেনুর আরাধনা করিয়া অভীষ্ট পুত্র লাভ করিয়াছিলেন। ইঁহার পুত্রের নাম রঘু।

দুঃশলা—ধৃতরাষ্ট্রের কন্যা এবং জয়দ্রথের পত্নী! অভিমন্যু বধের পর জয়দ্রথ অর্জ্জুন কর্ত্তৃক হত হইলে দুঃশলা স্বীয় শিশুপুত্র সুরথকে রাজ্যাভিষিক্ত করিয়া স্বয়ং রাজ্যশাসন করিয়াছিলেন।

দুঃশাসন—ধৃতরাষ্ট্রের তৃতীয় পুত্র ইনি অত্যন্ত দুঃশীল ও ক্রূরমতি ছিলেন। দ্যূতক্রীড়ায় যুধিষ্ঠির পরাভূত হইলে দুর্য্যোধনের আদেশে দ্রৌপদীকে কেশাকর্ষণ করিয়া সভায় আনয়ন করেন এবং তাঁহার বস্ত্রহরণাদি কার্য্যে প্রবৃত্ত হইয়া নিজের যথেষ্ট দুশ্চরিত্রতার পরিচয় দিয়াছিলেন।

ভীম দুঃশাসনের সেই নৃশংস ব্যবহারে যারপরনাই ব্যথিত হইয়া এইরূপ

প্রতিজ্ঞা করেন যে দুরাত্মা দুঃশাসনের পাষাণ হৃদয় বিদীর্ণ করিয়া রুধির পান করিবেন এবং সেই রুধিরাক্ত হস্তে দ্রৌপদীর কেশ বন্ধন করিয়া দিবেন।

পরে ভারত যুদ্ধের সপ্তদশ দিবসে মহাবল পরাক্রান্ত ভীম স্বীয় প্রতিজ্ঞা যথাবিধি প্রতিপালন করিয়াছিলেন।

দুর্য্যোধন—ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র, মাতার নাম গান্ধারী। ভানুমতী নাম্নী কন্যার সহিত ইঁহার প্রথম পরিণয় হয়। পরে চিত্রাঙ্গদ রাজার কন্যাকে স্বয়ম্বর সভা হইতে হরণ করিয়া বিবাহ করেন। ইঁহার পুত্রের নাম লক্ষ্মণ ও কন্যার নাম লক্ষ্মণা।

কন্যা পরিণয় যোগ্যা হইলে ইনি তাঁহার স্বয়ম্বর ঘোষণা করেন। কৃষ্ণের পুত্র শাম্ব ঐ কন্যাকে হরণ করিলে দুর্য্যোধন তাঁহাকে যুদ্ধে পরাস্ত করিয়া বন্দী করিয়াছিলেন। বলরাম শাম্বকে পরিত্যাগ করিবার জন্য দুর্য্যোধনকে অনুরোধ করিলেন। কিন্তু দুর্য্যোধন সে অনুরোধ রক্ষা না করায় বলরাম কুপিত হইয়া হস্তিনাপুর ধ্বংস করিতে উদ্যত হন। তখন দুর্য্যোধন ভীত হইয়া শাম্বকে কারামুক্ত করিয়া তাঁহার সহিত লক্ষ্মণার বিবাহ দেন এবং এইরূপে বলরামকে সন্তুষ্ট করিয়া তাঁহার নিকট শিষ্যভাবে গদাযুদ্ধ শিক্ষা করেন।

ইনি পাণ্ডবগণের নিরতিশয় বিদ্বেষী ছিলেন। তাঁহাদের অনিষ্ট সাধন জন্য সর্ব্বদাই চক্রান্ত করিতেন। কর্ণ, শকুনি ও দুঃশাসন ইঁহার মন্ত্রী ছিলেন। ইঁহারা সর্ব্বদাই পাণ্ডবদিগের অনিষ্ট সাধন জন্য ইঁহাকে কুপরামর্শ দিতেন।

বাল্যকালে ভীমকে ভক্ষ্য বস্তুর সহিত বিষদান, হস্তিনাপুর হইতে নিষ্কাশিত করিয়া পাণ্ডবগণকে খাণ্ডব প্রস্থে প্রেরণ, বারণাবতে জতুগৃহদাহ এবং যুধিষ্ঠিরকে দ্যূত ক্রীড়ায় আহ্বান ইত্যাদি দুরভিসন্ধিমূলক যাবতীয় কার্য্য দুর্য্যোধনের দুষ্টাশয়তার দেদীপ্যমান দৃষ্টান্ত স্থল।

দ্যূতসভায় দ্রৌপদীর প্রতি অযথা কুৎসিত ব্যবহার এবং বনবাস ও অজ্ঞাত বাস হইতে প্রত্যাগত পাণ্ডবগণকে তাঁহাদের পৈতৃক রাজ্যের কিয়দংশ দানেও অনিচ্ছা প্রদর্শন এই দুইটাই পরিণামে তাঁহার সর্ব্বনাশের মূল হইয়াছিল। এই মহাপাপে ঘোরতর ভারতসমরে সমস্ত কুরুকুল বিনষ্ট হয় এবং পরিশেষে দুর্য্যোধন ভীমের সহিত গদাযুদ্ধে প্রবৃত্ত হইয়া তাঁহার হস্তে নিহত হন।

দুর্ব্বাসা—একজন বিখ্যাত ঋষি। ইনি মহর্ষি অত্রির ঔরসে অনসূয়ার গর্ভজাত। ইঁহার বিশিষ্টবিদ্যাবত্তা নিবন্ধন বহু শিষ্য ইঁহার নিকট অধ্যয়ন করিত। ঋষি অতিশয় তেজস্বী ও কোপন স্বভাব ছিলেন। ইনি ঔর্ব্বতনয়া কন্দলীর পাণি গ্রহণ করেন। শ্বশুরের অনুরোধে পত্নীর শত অপরাধ ক্ষমা করিবেন প্রতিজ্ঞা করিয়াছিলেন।

কন্দলীর শত অপরাধ পূর্ণ হইলে তিনি পুনরায় স্বামীর নিকট অপরাধিনী হইলেন। ঋষি তাঁহার সে অপরাধ ক্ষমা না করিয়া তাঁহাকে অভিসম্পাতে ভস্মসাৎ করিয়াছিলেন।

একদা দুর্ব্বাসা ভ্রমণ করিতে করিতে ঐরাবত পৃষ্ঠে অধিষ্ঠিত দেবরাজকে পারিজাত পুষ্পের মালা প্রদান করেন। ইন্দ্র ঐ মাল্যের সমুচিত সমাদর না করায় ঋষি তাঁহাকে অভিশাপ দিয়া শ্রীভ্রষ্ট করিয়াছিলেন।

পাণ্ডবদিগের বনবাস কালে দুর্ব্বাসা একদিবস দুর্য্যোধনের আলয়ে আতিথ্য গ্রহণ করিয়া তাঁহার প্রতি বিশেষ সন্তুষ্ট হন। পরে দুর্য্যোধনের প্রার্থনানুসারে পাণ্ডবগণের আশ্রমে গিয়া দ্রৌপদীর ভোজনান্তে সশিষ্য আতিথ্য প্রার্থনা করিবেন বলিয়া স্বীকার করিয়াছিলেন।

দুর্য্যোধনের ঐরূপ-বর প্রার্থনার তাৎপর্য্য এই যে পাণ্ডবেরা সূর্য্যদত্ত স্থালীর প্রভাবে যখন তখন সমাগত বহুসংখ্যক অতিথির আতিথ্য ক্রিয়া সম্পাদন করিতে পারিতেন। কিন্তু দ্রৌপদীর ভোজনান্তে স্থালীর আর সেরূপ প্রভাব থাকিত না। সুতরাং দুর্ব্বাসা দ্রৌপদীর ভোজনান্তে পাণ্ডবদিগের আশ্রমে অতিথি হইলে পাণ্ডবেরা তাঁহার আতিথ্য সম্পাদনে অসমর্থ হইবেন, তাহা হইলে যথেচ্ছাচারী কোপনস্বভাব ঋষি পাণ্ডবদিগকে অভিসম্পাতে ভস্মসাৎ করিবেন, এই উপায়ে আমাদের শত্রুনিপাত হইবে।

আনন্দের বিষয় এই যে, দুরাত্মা দুর্য্যোধনের দুরভিসন্ধি ফলপ্রদ হয় নাই। একদা দ্বাদশীর দিবসে সশিষ্য দুর্ব্বাসা দ্রৌপদীর ভোজনান্তে পাণ্ডবাশ্রমে অতিথি হইলে পাণ্ডবগণ ও দ্রৌপদী নিরতিশয় বিপদাপন্ন হইয়া কৃষ্ণের শরণাগত হন। কৃষ্ণ আসিয়া সেই সূর্য্যদত্ত স্থালীতে সংলগ্ন কণামাত্র শাকান্ন ভোজন করিলে ভগবানের পরিতৃপ্তি নিবন্ধন ঋষি ও তাঁহার শিষ্যগণ ভোজন না করিয়াও প্রচুর ভোজনজন্য সম্পূর্ণ তৃপ্তিলাভ করিয়া পাণ্ডবগণকে আশীর্ব্বাদ পূর্ব্বক আশ্রমে প্রতিগমন করিলেন।

একদা দুর্ব্বাসা কুন্তিভোজ নৃপতির গৃহে উপস্থিত হইয়া আতিথ্য স্বীকার করিয়া সংবৎসর কাল অবস্থিতি করেন। তৎকালে রাজকন্যা কুন্তী ঋষির পরিচর্য্যায় নিযুক্ত ছিলেন।

মুনিবর তাঁহার সেবায় সন্তুষ্ট হইয়া তাঁহাকে ইচ্ছামাত্র দেবতার দর্শন প্রাপ্তির মন্ত্র প্রদান করেন, ক্রোধের বশীভূত হইয়া পুনঃ পুনঃ অন্যায় অসঙ্গত কার্য্য করিলে এক সময়ে সকলকেই তাহার প্রতিফল ভোগ করিতে হয়। কোপন স্বভাব মহর্ষি দুর্ব্বাসাকেও এই নিয়মের অধীন হইতে হইয়াছিল।

মুনিবর একদা বিষ্ণুভক্ত মহারাজ অম্বরীষের গৃহে উপস্থিত হইয়া অদ্য এইখানে আতিথ্য গ্রহণ করিব বলিয়া স্নানার্থ নদীতে গমন করিলেন। রাজা অম্বরীষ তিন দিন উপবাসী ছিলেন, সেই দিবস পারণ করিবেন। কিন্তু ঋষির স্নান করিয়া প্রত্যাগমন করিতে অধিক বিলম্ব হওয়ায় তিনি অগ্রেই কিঞ্চিৎ জল পানাদি করিয়াছিলেন। তজ্জন্য ঋষি তাঁহার প্রতি অত্যন্ত কুপিত হইয়া স্বীয় মস্তক হইতে জটা ছিন্ন করেন। তাঁহার তপঃ প্রভাবে তাহাতে এক ভীষণ মূর্ত্তি বীর পুরুষ উৎপন্ন হইয়া রাজাকে বধ করিতে উদ্যত হইলে বিষ্ণুর সুদর্শন চক্র আসিয়া রাজাকে রক্ষা করে এবং বীর পুরুষকে নিহত করিয়া ঋষির বিনাশের উপক্রম করে। দুর্ব্বাসা প্রাণ ভয়ে ত্রিভুবন ভ্রমণ করিয়াও রক্ষা না পাইয়া পরিশেষে বিষ্ণুর আদেশানুসারে অম্বরীষের পদানত হইয়া নিষ্কৃতি লাভ করিলেন।

একদা দুর্ব্বাসা দ্বারকায় উপস্থিত হইলে কৃষ্ণতনয় শাম্ব গর্ভবতী স্ত্রীর বেশ ধারণ করিয়া তাঁহার নিকট এই গর্ভে কি সন্তান হইবে বলিয়া প্রশ্ন করেন। মুনি সমস্ত জানিতে পারিয়া ক্রোধভরে বলিলেন এই গর্ভে তুমি মুষল প্রসব করিবে এবং সেই মুষল হইতে যদুকুল নির্ম্মূল হইবে। পরিশেষে তাহাই ঘটিয়াছিল।

দুষ্মন্ত—চন্দ্রবংশীয় নরপতি। ইঁহার রাজধানী হস্তিনাপুর। ইনি একদা মৃগয়া নিমিত্ত বহির্গত হইয়া কণ্বমুনির আশ্রমে উপস্থিত হন। তথায় ঋষির পালিত কন্যা (১) শকুন্তলাকে দেখিয়া তাঁহার অলৌকিক রূপ গুণে মুগ্ধ হইয়া গান্ধর্ব্ব বিধানে তাঁহার পাণি গ্রহণ করেন। পরে তাঁহার ঔরসজাত শিশুপুত্র লইয়া শকুন্তলা স্বামীর নিকট উপস্থিত হইলে দুষ্মন্ত প্রথমতঃ ইঁহাকে চিনিতে পারেন নাই। অনন্তর দৈববাণীতে সমস্ত অবগত হইয়া সপুত্রা শকুন্তলাকে পত্নীরূপে গ্রহণ করিয়াছিলেন। তাঁহার এই পুত্র বিখ্যাত নামা ভরত। (মহাভারত)

মহাকবি কালিদাস প্রণীত অভিজ্ঞান শকুন্তলনামক নাটকে গর্ভবতী শকুন্তলার পতিগৃহে গমন, পথিমধ্যে রাজদত্ত স্মরণ চিহ্নস্বরূপ অঙ্গুরীয়কের অজ্ঞাতসারে স্খলন, দুষ্মন্ত কর্তৃক শকুন্তলার প্রত্যাখ্যান, অসহায়া রোরুদ্যমানা শকুন্তলার অপ্সরা লোকে গমন, তথায় পুত্রপ্রসব, মৎস্যের উদর হইতে প্রাপ্ত অঙ্গুরীয়ক দর্শনে রাজার শকুন্তলা বিষয়ক সর্ব্ববৃত্তান্ত স্মরণ, তজ্জন্য অনুতাপ, অসুরযুদ্ধে ইন্দ্রের সাহায্যার্থ স্বর্গগত রাজা দুষ্মন্তের প্রত্যাগমন কালে শকুন্তলার সহিত পুনর্মিলন এবং মহর্ষি কশ্যপের মুখে

---

(১) অপ্সরা মেনকার গর্ভে বিশ্বামিত্রের ঔরসে শকুন্তলার জন্ম হয়, মুনি সদ্যঃ প্রসূত অবস্থায় তাঁহাকে পাইয়া পালন করেন।

শকুন্তলার প্রত্যাখ্যানের কারণ অবগত হইয়া পুত্র ও শকুন্তলার সহিত রাজধানীগমন প্রভৃতি বিবিধ ঘটনা বর্ণিত আছে।

দেবযানী—দৈত্যগুরু শুক্রাচার্য্যের তনয়া। বৃহস্পতির পুত্র কচ বিদ্যাশিক্ষার্থ শুক্রের নিকট আগমন করিয়া তদীয় গৃহে বহুদিন অবস্থিতি করেন। তৎকালে কচের সদ্ব্যবহারে তাঁহার প্রতি দেবযানীর অনুরাগ সঞ্চার হয়। কচ পাঠ সমাপন করিয়া স্বর্গে গমন কালে দেবযানী তাঁহাকে পতিত্বে বরণ করিবার অভিলাষ করেন। মহামতি কচ গুরুকন্যা ভগিনীবোধে তাঁহার প্রার্থনা প্রত্যাখ্যান করিলে দেবযানী এই বলিয়া তাঁহাকে অভিসম্পাত করেন যে, তোমার শিক্ষিত মৃত সঞ্জীবনী বিদ্যা ফলদায়িনী হইবেনা। কচও বিনাপরাধে অভিশপ্ত হওয়ায় অতিশয় কুপিত হইয়া তাঁহাকে অভিশাপ প্রদান করেন যে, তুমি ব্রাহ্মণের পত্নী না হইয়া ক্ষত্রিয়ের পত্নী হইবে।

দৈত্যরাজ বৃষপর্ব্বের দুহিতা শর্ম্মিষ্ঠা দেবযানীর সখী ছিলেন। একদা উভয়ে নদীতে স্নান করিতে গিয়া পরস্পর কলহে উপস্থিত হয়। তাহাতে শর্ম্মিষ্ঠা ক্রোধভরে দেবযানীকে অরণ্য মধ্যবর্ত্তী একটী জলশূন্য কূপে নিক্ষেপ করিয়া গৃহে প্রত্যাগমণ করে।

চন্দ্রবংশীয় মহারাজ যযাতি মৃগয়া নিমিত্ত পরিভ্রমণ করিতে করিতে সহসা সেই বনে উপস্থিত হন এবং জল অন্বেষণ করিতে গিয়া কুপমধ্যে দেবযানীকে দেখিয়া তাঁহাকে উত্তোলন করেন।

দেবযানী শর্ম্মিষ্ঠার অত্যাচারের কথা পিতাকে জানাইলে শুক্রাচার্য্য কুপিত হইয়া বৃষপর্ব্ব রাজার রাজ্য পরিত্যাগ করিয়া যাইতে উদ্যত হন। দৈত্যপতি স্বীয় দুহিতা শর্ম্মিষ্ঠাকে দেবযানীর দাসীপদে নিযুক্ত করিয়া দৈত্যগুরু শুক্রাচার্য্যের কোপশান্তি করেন।

পরিশেষে শুক্রাচার্য্যের আদেশানুসারে যযাতি দেবযানীর পাণি গ্রহণ করেন। দেবযানী ভর্ত্তৃগৃহে গমন কালে শর্ম্মিষ্ঠা তাঁহার পরিচারিকা হইয়া গমন করেন। যযাতির ঔরসে দেবযানীর গর্ভে যদু ও তুর্ব্বসু নামে দুই পুত্র জন্মে। যযাতি গোপনে শর্ম্মিষ্ঠারও পাণি গ্রহণ করেন। শর্ম্মিষ্ঠার গর্ভে অনু, দ্রুহ্য ও পুরুনামে তাঁহার আর তিন পুত্র হয়।

দ্রোণাচার্য্য—ভরদ্বাজ মুনির পুত্র। ইনি পিতার নিকট সাঙ্গবেদ এবং পিতৃশিষ্য অগ্নিবেশের নিকট হইতে ধনুর্ব্বেদ শিক্ষা করেন। পরে পরশুরামের শিষ্য হইয়া বহুবিধ অস্ত্রশস্ত্রের উপদেশ লাভ করিয়াছিলেন ইঁহার পত্নীর নাম কৃপী, তদীয় গর্ভে অশ্বত্থামা নামে পুত্র জন্মে।

দ্রোণ অতিশয় দরিদ্র ছিলেন। দারিদ্র্য দুঃখ দূর করিবার জন্য তাঁহার সহাধ্যায়ী বাল্যবন্ধু দ্রুপদ রাজার নিকট গমন করিয়াছিলেন। দ্রুপদ কটুবাক্য প্রয়োগে তাঁহাকে

প্রত্যাখ্যান করিলে তিনি বিশেষ দুঃখিত হইয়া হস্তিনাপুরে কৃপাচার্য্যের আশ্রমে প্রচ্ছন্ন ভাবে অবস্থিতি করেন। তথায় এক দিবস কতিপয় বালক গুলিকা লইয়া ক্রীড়া করিতেছিল। তাহাদের গুলিকা একটী শুষ্ক কূপে পতিত হইলে তাহারা উহা উত্তোলন করিতে অসমর্থ হইয়া দুঃখিত মনে কূপের নিকট দণ্ডায়মান আছে, এমত সময়ে দ্রোণ তথায় উপস্থিত হইয়া তৎসমুদয় অবগত হন এবং ঐ কূপমধ্যে আর একটী অঙ্গুরীয় নিক্ষেপ করিয়া গুলিকা ও অঙ্গুরীয় উভয়ই বাণ দ্বারা উত্তোলন করেন।

তদ্দর্শনে বালকগণ বিস্ময়াপন্ন হইয়া নগর মধ্যে দ্রোণের ঐরূপ অসাধারণ শরনৈপুণ্যের বিষয় নগরে প্রচার করে। ভীষ্ম তদ্বিষয়ের যথাযথ অবগত হইয়া কৌরব ও পাণ্ডব বালকগণের অস্ত্রশিক্ষার জন্য দ্রোণকে গুরুপদে নিযুক্ত করেন। শিষ্যগণের মধ্যে অর্জ্জুন ইঁহার বিশেষ প্রিয়পাত্র ছিলেন। তাঁহার সৎস্বভাব, শিক্ষা বিষয়ে যত্নাতিশয় ও নৈপুণ্য দর্শনে গুরু অতিশয় সন্তোষ লাভ করেন। শিক্ষা সমাপন হইলে আচার্য্য গুরু দক্ষিণা স্বরূপ দ্রুপদ রাজাকে যুদ্ধে পরাজয় করিয়া বন্দীভাবে আনয়ন করিবার আদেশ করিলে শিষ্যদিগের মধ্যে অর্জ্জুন তাঁহার সেই আদেশ প্রতিপালন করেন।

দ্রোণাচার্য্য পরাভূত দ্রুপদ রাজার নিকট হইতে পঞ্চালের অর্দ্ধেক রাজ্য কাড়িয়া লইয়া স্বয়ং তাহার অধিপতি হন। এবং স্বীয় পুত্র কলত্র লইয়া তথায় পরম সুখে অবস্থিতি করেন। কালে ভারত সংগ্রাম উপস্থিত হইলে ইনি কৌরব পক্ষ অবলম্বন করেন এবং অভিমন্যুবধে সপ্তরথীর অন্তর্গত ছিলেন। যুদ্ধের পঞ্চদশ দিবসে তুমুল যুদ্ধ করিয়া বিরাট ও দ্রুপদ রাজাকে বধ করেন। পরে অশ্বত্থামা নামে হস্তী হত হইলে "অশ্বত্থামা হত" এইকথা যুধিষ্ঠিরের মুখে শুনিয়া পুত্র শোকে নিতান্ত ম্রিয়মান হইয়া যোগাবলম্বনে রণস্থলে প্রাণত্যাগ করেন। দুষ্টমতি ধৃষ্টদ্যুম্ন বৈরনির্যাতনের অভিপ্রায়ে দ্রোণাচার্য্যের রথে আরোহণ করিয়া খড়্গাঘাতে তাঁহার মস্তক দ্বিধা করে। মহাবীর দ্রোণাচার্য্য পঞ্চাশীতি বৎসর বয়সে দেহ ত্যাগ করেন।

দ্রৌপদী—পঞ্চাল দেশাধিপতি দ্রুপদরাজার তনয়া। ইনি পাঞ্চালী, যাজ্ঞসেনী, কৃষ্ণা ও দ্রৌপদী নামে অভিহিত হইতেন। পাণ্ডবগণ মাতার সহিত জতুগৃহদাহ হইতে নিষ্কৃতি পাইয়া যখন প্রচ্ছন্নভাবে একচক্রা নগরীতে বাস করেন, তৎকালে দ্রৌপদীর পিতা যজ্ঞসেন বা দ্রুপদ একখানি দুরবনমনীয় সুদৃঢ় ধনুক ও মৎস্যচক্র স্থাপিত করিয়া এইরূপ ঘোষণা করেন, যে ব্যক্তি সেই ধনুকে আরোপণ করিয়া মৎস্যচক্র ভেদ করিতে পারিবেন তিনিই তাঁহার তনয়া দ্রৌপদীর পাণিগ্রহণ করিবেন। এই উপলক্ষে সভা আহূত হইল। সভায় অনেক রাজন্যবর্গ প্রথমতঃ শরাসনে শরসন্ধান করিতেই অসমর্থ হইয়া

দ্রৌপদীলাভে হতাশ হন। পরে মহাবীর কর্ণ ধনুকে জ্যারোপণ করিলে দ্রৌপদী উঠিয়া বলিলেন আমি সূতপুত্রকে পতিত্বে বরণ করিব না। তাহা শুনিয়া কর্ণ বিরত হইয়া সভায় উপবিষ্ট হইলেন। অনন্তর ছদ্মবেশী অর্জ্জুন যথাবিধি লক্ষ্য ভেদ করিয়া দ্রৌপদীকে লাভ করেন। পরে মাতা ও ব্যাসদেবের আদেশানুসারে পঞ্চপাণ্ডবের সহিত ইঁহার পরিণয় হয়।

দ্রৌপদী রমণীকুলের উৎকৃষ্ট অন্যতম রত্ন। একদা কৃষ্ণপত্নী সত্যভামা তাঁহাকে জিজ্ঞাসা করেন তুমি কিরূপ কার্য্য করিয়া পতির প্রীতি সাধন কর। তাহাতে দ্রৌপদী উত্তর করেন যে, আমি সর্ব্বদা অহঙ্কার ও কাম ক্রোধ পরিহার করিয়া বিশেষ যত্ন পূর্ব্বক পতির পরিচর্য্যা করি। কখনও তাঁহাদের প্রতিকূলাচরণ বা সেবায় আলস্য করি না। আমার ভর্ত্তা যে যে দ্রব্য ভক্ষণ পান বা সেবন করিতে বিদ্বেষ প্রকাশ করেন আমিও তৎসমুদয় পরিহার করি। স্বামী অন্য কোন স্থান হইতে গৃহে আগমন করিলে আমি তৎক্ষণাৎ প্রত্যুত্থান করিয়া আসন ও উদকাদি দ্বারা তাঁহাকে অভিনন্দিত করি। পতি অস্নাত, অভুক্ত বা অসুপ্ত থাকিলে আমি কদাপি স্নান, ভোজন বা শয়ন করি না। আমার সাবধানতা, নিয়ত উদ্যমশীলতা ও গুরু শুশ্রূষা দ্বারাই ভর্ত্তৃগণ আমার বশতাপন্ন হইয়াছেন। আমার বিবেচনায় পতিকে আশ্রয় করিয়া যে ধর্ম্ম প্রবৃত্ত হয় তাহাই স্ত্রীলোকদিগের সনাতন ধর্ম্ম।

তিনি আরও বলিয়াছিলেন যে, পাণ্ডবেরা আমার উপর যাবতীয় পোষ্যবর্গের ভার সমর্পণ করিয়াছেন। আমি সকলের কৃতাকৃত কর্ম্ম পরিদর্শন করি। গৃহ, গৃহোপকরণ ও ভোজন দ্রব্য সমস্ত সুন্দর, পরিষ্কৃত ও বিশুদ্ধ করিয়া রাখি। পরিচারকেরা অভুক্ত অথবা অসুপ্ত থাকিতে আমি ভোজন বা শয়ন করিতে ইচ্ছা করি না। আমি চিরকাল সকলের পরে শয়ন করি এবং সকলের অগ্রে জাগরিত হই।

যুধিষ্ঠির অক্ষক্রীড়ায় দ্রৌপদীকে পণে হারিলে দুর্য্যোধনের আদেশে দুরাত্মা দুঃশাসন কেশাকর্ষণ করিয়া ইঁহাকে দ্যূত সভায় আনয়ন করে এবং দ্রৌপদীর পরিধেয় পাণ্ডব বস্ত্র গ্রহণ করিবার জন্য সভামধ্যে তাহা আকর্ষণ করে। তিনি দুষ্টের ব্যবহারে ঘোরতর বিপন্ন হইয়া সভাস্থ সকলের নিকট কাতর বচনে বিবিধ অনুনয় করিতে লাগিলেন। কিন্তু কেহই তাঁহার বিপদ নিবারণে যত্নবান্ হইলেন না দেখিয়া তিনি অনন্য মনে সজলনয়নে ভগবান্ কৃষ্ণকে ডাকিতে লাগিলেন। কথিত আছে, দয়াময় হরির কৃপায় তাঁহার পরিধেয় বসন এরূপ অসীমভাব প্রাপ্ত হইল যে দুরাচার দুঃশাসন তাহা আকর্ষণ করিয়া কোনক্রমে সীমা করিতে পারিল না, এইরূপে ভগবানের কৃপায় তাঁহার লজ্জানিবারণ হয়। কৃষ্ণের প্রতি তাঁহার অচলা ভক্তি

ছিল, কৃষ্ণও তাহার অশেষবিধ সদ্ব্যবহারে পরম প্রীত হইয়া তাঁহার প্রতি বড়ই প্রসন্ন ছিলেন।

বনবাসকালে একদা জয়দ্রথ দ্রৌপদীকে হরণ করিয়া লইয়া যায়। পাণ্ডবেরা তাঁহাকে সেই বিপদ হইতে উদ্ধার করেন।

অজ্ঞাতবাসের সময় বিরাটরাজভবনে দ্রৌপদী সৈরিন্ধ্রীবেশে রাজমহিষীর পরিচারিকাভাবে অবস্থিতি করেন।

তথায় দশমাস অতীত হইলে বিরাটরাজের শ্যালক কুমতি কীচকের কুদৃষ্টিতে পতিত হইলেন। কীচকের দ্বারা বিরাটের রাজ্য রক্ষার অনেক আনুকূল্য হইত। তজ্জন্য বিরাটভবনে কীচকের একাধিপত্য। সুতরাং তাহার কৃতকার্য্য সৎ বা অসৎ যাহাই হউক কেহই তাহার বিরুদ্ধবাদী হইতে সাহস করিত না। দুরাত্মা দ্রৌপদীর প্রতি একান্ত আসক্ত হইয়া একদিবস কোন কার্য্যের ছল করিয়া রাজ্ঞী দ্বারা ইঁহাকে স্বীয় আবাস গৃহে লইয়া যায়। তথায় ইঁহার প্রতি আক্রমণ করিবার উদ্যম করিলে দ্রৌপদী নিতান্ত ভীত হইয়া তথা হইতে দ্রুত পদে পলায়ন করিয়া একেবারে রাজসভায় উপস্থিত হন। দুর্বৃত্ত পশ্চাৎ ধাবিত হইয়া সভামধ্যে ইঁহাকে পদাঘাত করে। বিরাটরাজ তাহার কোনরূপ প্রতীকার করিতে সমর্থ হইলেন না দেখিয়া দ্রৌপদী পাপাত্মার সমস্ত ঘটনা ভীমের নিকট নিবেদন করেন। ভীম একদিবস রজনী যোগে নাট্যশালায় কীচককে বধ করিয়া তাঁহার চিত্তের সুস্থতা সম্পাদন করেন।

কুরুপাণ্ডবের যুদ্ধের সময় ইনি পাণ্ডবগণের শিবিরে অবস্থিতি করিতেন। একদিন অশ্বত্থামা তথায় প্রবেশ করিয়া ইঁহার সুপ্ত পঞ্চ পুত্রকে বধ করে। তাহাতে তিনি যারপর নাই শোকাভিভূত হন।

এইরূপ অশেষ ক্লেশ ভোগ করিয়া ভারত সমরের অবসানে পাণ্ডবরাজ্য সংস্থাপিত হইলে দ্রৌপদী কিছুদিন রাজমহিষী ভাবে কালাতিপাত করিয়া পরিশেষে পঞ্চপাণ্ডবের সহিত মহাপ্রস্থানে যাত্রা করেন। ভর্ত্তৃগণের মধ্যে অর্জ্জুনের প্রতি অধিক অনুরাগ ছিল এই পাপে দ্রৌপদী সশরীরে স্বর্গ গমনে অসমর্থ হইয়া সুমেরু শিখরে গমন সময় ধরাপতিত হইয়া প্রাণত্যাগ করেন।

ধ

ধৃতরাষ্ট্র—বিচিত্র বীর্য্যের পত্নী অম্বিকার গর্ভে ব্যাসদেবের ঔরসজাত। ইনি জন্মান্ধ বলিয়া ইঁহার কনিষ্ঠ পাণ্ডু পৈতৃক রাজ্যের অধিকারী হন। ধৃতরাষ্ট্রের পত্নীর নাম গান্ধারী। গান্ধারীর গর্ভে ইঁহার দুর্য্যোধন প্রভৃতি শত পুত্র এবং দুঃশলা নাম্নী এক কন্যা জন্মে।

পাণ্ডুর মৃত্যুর পর যুধিষ্ঠিরকে যৌবরাজ্যে অভিষিক্ত করা হয়। পাণ্ডবদিগের বলবিক্রমে এবং দয়াদাক্ষিণ্যাদি বিবিধ সদ্গুণে সর্ব্বত্র তাহাদের যশোঘোষণা আরম্ভ হইলে ধৃতরাষ্ট্রের মন বিদ্বেষভাবে কলুষিত হইতে লাগিল। ক্রমশঃ সেই দূষিত ভাবের পরিপোষক কুমন্ত্রণা পাইয়া পাণ্ডবদিগকে রাজ্যচ্যুত করিবার বাসনা হইল। দুর্য্যোধনও সেই সময়ে পাণ্ডবগণকে বিনাশ করিবার জন্য নানারূপ চেষ্টা করিতে লাগিলেন। ধৃতরাষ্ট্র পাণ্ডুপুত্রদিগকে মাতার সহিত হস্তিনাপুর হইতে বারণাবতে যাইবার জন্য আদেশ করিলে তাঁহারা ধৃতরাষ্ট্রের কুঅভিসন্ধি বুঝিতে পারিলেন। কিন্তু তৎকালে তাঁহার আদেশ অনুল্লঙ্ঘনীয় বিবেচনায় বিদুরের উপদেশানুসারে তথায় গমন করিয়া দুর্য্যোধননিরূপিত জতুগৃহে বাস করিতে লাগিলেন।

পরে পাণ্ডবগণ নানা কৌশলে জতুগৃহ দাহ হইতে নিষ্কৃতি পাইয়া কিছুদিন অজ্ঞাতবাসে অবস্থিতি করেন এবং সেই অবস্থায় ধনুর্ব্বেদবিশারদ অর্জ্জুন দুর্ভেদ্য লক্ষ্য ভেদ করিয়া দ্রৌপদীকে লাভ করিলে পাণ্ডবগণ প্রকাশিত হন।

তৎকালে ধৃতরাষ্ট্র লোকনিন্দাভয়ে সৎপরামর্শের অনুবর্ত্তী হইয়া পাণ্ডবগণকে হস্তিনাপুরে আনয়ন করেন। কিন্তু পুত্রগণের উত্তেজনায় তাঁহাদিগকে হস্তিনাপুরে রাখিতে না পারিয়া ইন্দ্রপ্রস্থে রাজ্যস্থাপন করিতে অনুমতি দিলেন। তথায় পাণ্ডবগণ রাজ্যস্থাপন করিয়া ক্রমশঃ বিশেষরূপ উন্নতি লাভ করিলে ধৃতরাষ্ট্রের মন বড়ই বিচলিত হইয়া উঠিল। এদিকে দুর্য্যোধন তাঁহার মন্ত্রীকর্ণ ও শকুনিকে লইয়া পাণ্ডবের বিরুদ্ধে নানা উপায় উদ্ভাবন করিতে লাগিলেন। তাহার যে উপায় যখন অনুষ্ঠিত হইত ধৃতরাষ্ট্রকে জিজ্ঞাসা করিলে তিনি তাহাতে সম্মত হইতেন। দ্যূতসভায় দ্রৌপদীকে আনয়ন ও তাঁহার অপমানের সময় ইনি কোন কথা বলেন নাই।

পাণ্ডবগণ অক্ষক্রীড়ায় পরাজিত হইয়া বনগমন করিলে ধৃতরাষ্ট্র কর্ত্তব্য স্থির করিবার জন্য বিদুরকে পরামর্শ জিজ্ঞাসা করেন, বিদুর পাণ্ডবদিগকে রাজ্য প্রত্যর্পণ করিতে বলিলে ইনি বিদুরের প্রতি মহাক্রোধ প্রকাশ করিয়াছিলেন।

পরে বনবাস ও অজ্ঞাত বাস হইতে প্রত্যাগত পাণ্ডবগণের সহিত কৌরবগণের যখন যুদ্ধ হয় তৎকালে সঞ্জয় ব্যাসদেবের বরে দিব্য চক্ষু লাভ করিয়া ধৃতরাষ্ট্রকে যুদ্ধের যথাযথ ঘটনা শ্রবণ করাইতেন। ক্রমশঃ ঘোরসমরে কুরুকুল নির্মূল হইল শুনিয়া ধৃতরাষ্ট্র অতীব শোকার্ত্ত হন এবং ভীমের হস্তে শতপুত্র নিহত হওয়ায় ভীমের প্রতি ইঁহার অত্যন্ত আক্রোশ জন্মিয়াছিল।

যুদ্ধাবসানে ইঁহার সহিত পাণ্ডবগণের সাক্ষাৎ করিবার সময় কৃষ্ণ ধৃতরাষ্ট্রের দুরভিসন্ধির আশঙ্কা করিয়া লৌহনির্ম্মিত ভীমকে ইঁহার নিকট অর্পণ করেন। ইনি

আলিঙ্গন করিবার ছলে তাহা ভগ্ন করিয়া পরে লৌহময় ভীমের কথা শুনিয়া বিশেষ লজ্জিত হন।

যুধিষ্ঠিরের রাজত্ব সময়ে ইনি ১৫ বৎসর হস্তিনায় বাস করেন, অনন্তর সস্ত্রীক বনগমন পূর্ব্বক সার্দ্ধ দুই বৎসর তপশ্চরণ করিয়া একদা বাড়বাগ্নিতে ভস্মীভূত হইয়াছিলেন।

ধৃষ্টকেতু—শিশুপালের পুত্র। চেদিরাজ্যে শুক্তিমতী নগরী ইঁহার রাজধানী ছিল। ইনি ভারতসমরে পাণ্ডব পক্ষ অবলম্বন করিয়া যুদ্ধের চতুর্দ্দশ দিবসে দ্রোণের হস্তে নিহত হন।

ধৃষ্টদ্যুম্ন—দ্রুপদ রাজার পুত্র। কথিত আছে, দ্রুপদ রাজা দ্রোণবধের জন্য পুত্রেষ্টি যজ্ঞ করেন, তাহাতেই ইঁহার জন্ম হয়। ইনি দ্রোণের নিকট ধনুর্বিদ্যায় শিক্ষিত হইয়াছিলেন। কুরুপাণ্ডবসমরে ধৃষ্টদ্যুম্ন পাণ্ডবপক্ষের সেনাপতি হইয়া তুমুল সংগ্রাম করিয়াছিলেন।

যুদ্ধের পঞ্চদশ দিবসে দ্রোণাচার্য্য পুত্রশোকে প্রাণ ত্যাগ করিলে ধৃষ্টদ্যুম্ন দ্রোণাচার্য্যের রথে আরোহণ করিয়া খড়্গাঘাতে তাঁহার শিরশ্ছেদন করেন।

ভারতযুদ্ধের শেষ দিবসে অশ্বত্থমা রাত্রিযোগে পাণ্ডবশিবিরে প্রবেশ করিয়া সুপ্ত ধৃষ্টদ্যুম্নের প্রাণ সংহার করেন।

ধ্রুব—উত্তানপাদ রাজার ঔরসে সুনীতির গর্ভজাত। ইনি পঞ্চমবর্ষ বয়সের সময় একদিবস সিংহাসনাধিষ্ঠিত পিতার ক্রোড়দেশে বৈমাত্রেয় ভ্রাতাকে আরূঢ় দেখিয়া তথায় আরোহণ করিতে ইচ্ছা করেন। রাজা তাঁহাকে ক্রোড়ে ধারণ করিবার উপক্রম করিতেছিলেন এরূপ সময়ে বিমাতা সুরুচি ধ্রুবকে বলিলেন "তুমি আমার উদরে জন্ম লাভ না করিয়া কিজন্য বৃথা এই মহৎ অভিলাষ করিতেছ? সুনীতির গর্ভে তোমার জন্ম, তাহা কি তুমি জাননা?" ধ্রুব বিমাতার দুর্ব্বাক্যে নিতান্ত ব্যথিত হইয়া ম্লানমুখে মাতার নিকট গমন করিয়া সমস্ত কথা ব্যক্ত করিলেন।

সুনীতি শুনিয়া বলিলেন বৎস। সুরুচি যথার্থই বলিয়াছে। সেই অনাথনাথ দুঃখহারী পদ্মপলাশলোচন হরির কৃপাভিন্ন তোমার এদুঃখ দূর হইবার নহে। মাতার কথায় সেই দীনবৎসল হরির কৃপালাভের জন্য ধ্রুবের মন একান্ত বিচলিত হইয়া উঠিল। পঞ্চম বৎসরের শিশু ধ্রুব একদিবস রজনীযোগে মাতার নিদ্রাবস্থায় গৃহ ত্যাগ পূর্ব্বক বনগমন করিয়া তথা তদ্গতচিত্তে হরিকে আহ্বান করিতে লাগিলেন।

পরে নারদ আসিয়া তাঁহাকে দীক্ষিত করিলে তিনি যমুনাতীরে মধুবনে যোগা-

বলম্বনে তপস্যা করিতে লাগিলেন। অনন্তর ভগবান্ প্রসন্ন হইলে তদ্দত্ত বরলাভে কৃতার্থ হইয়া গৃহে প্রতিগমন করেন।

পিতা সন্তুষ্ট হইয়া ধ্রুবকেই রাজসিংহাসন প্রদান করেন। ইঁহার বৈমাত্রেয় ভ্রাতা উত্তম মৃগয়া নিমিত্ত গমন করিয়া যক্ষ কর্ত্তৃক নিহত হন। ধ্রুব কিছুকাল রাজত্ব করিয়া পরিশেষে ভগবৎপ্রসাদ লব্ধ ধ্রুবলোকে গিয়া অবস্থিতি করিতে লাগিলেন।

ন

নকুল—পাণ্ডুপত্নী মাদ্রীর গর্ভে অশ্বিনী কুমারের ঔরসজাত চতুর্থ পাণ্ডব। ইনি অজ্ঞাতবাসের সময় বিরাটভবনে গ্রন্থিক নামে অভিহিত হইয়া অশ্বাধ্যক্ষপদে নিযুক্ত ছিলেন। পাণ্ডবগণের রাজসূয় যজ্ঞকালে নকুল পশ্চিম দিকে গমন করিয়া তত্রত্য রাজন্যবর্গের নিকট হইতে কর আদায় করেন।

রাজ্য ভোগের পর ভ্রাতৃগণের সহিত মহাপ্রস্থান সময়ে সুমেরুশৃঙ্গে পতিত হইয়া দেহ ত্যাগ করেন। আপনাকে সর্ব্বাপেক্ষা রূপবান্ বলিয়া গর্ব্ব করিতেন, সেই গর্ব্ব জন্য পাপস্পর্শই তাঁহার সশরীরে স্বর্গগমনের প্রতিবন্ধক হইয়াছিল।

নরক—অসুরবিশেষ। বিষ্ণুর বরাহ অবতারে তাঁহার ঔরসে পৃথিবীর গর্ভে ইঁহার জন্ম হয়। মাতার অনুরোধে পিতৃদত্ত বৈষ্ণবাস্ত্র প্রাপ্ত হইয়া তাহার প্রভাবে অসুর অস্ত্রের অজেয় হইয়া উঠে। প্রাগ্‌জ্যোতিষ অর্থাৎ আসাম প্রদেশের অন্তর্গত কামরূপ ইঁহার রাজধানী। নরকাসুর বিদর্ভরাজদুহিতা মায়াকে বিবাহ করে। তাহার গর্ভে ভগদত্ত প্রভৃতি চারিটী পুত্র জন্মে। এই দুর্ব্বৃত্ত অসুর সাধুলোকের প্রতি বড়ই অত্যাচার করিত। দিব্যাঙ্গনাদিগকে হরণ করিয়া স্বীয় পুরীতে কারারুদ্ধ করিয়া রাখিত। দুরাত্মা দেবমাতা অদিতির কুণ্ডল পর্য্যন্ত অপহরণ করিতেও কুণ্ঠিত হয় নাই। পরিশেষে কৃষ্ণের হস্তে নিহত হয়।

নরনারায়ণ—ঋষিদ্বয় বিশেষ। ধর্ম্মরাজের পত্নী মূর্ত্তির গর্ভে ইহাদের জন্ম হয়। কথিত আছে যে বিষ্ণুর অংশে ইঁহারা জন্ম লাভ করেন। দুই ভ্রাতার শরীরমাত্র বিভিন্ন, কিন্তু শারীরিক ও মানসিক ভাব সমস্তই সম্পূর্ণরূপ অভিন্ন ছিল।

ইঁহারা বদরিকাশ্রমে অবস্থিতি করিয়া অতি কঠোর তপস্যা করেন। দেবগণ ইঁহাদের তপস্যায় ভীত হইয়া তপোভঙ্গ নিমিত্ত কামদেবের সহিত অপ্সরাদিগকে ইঁহাদের নিকট প্রেরণ করেন। ইঁহারা তাহাদের গর্ব্ব খর্ব্ব করিবার জন্য রমনীরত্ন উর্ব্বশীকে সৃষ্টি করিয়া স্বর্গে পাঠাইয়া দেন।

কথিত আছে যে, দ্বাপর যুগের শেষ ভাগে নরনারায়ণই কৃষ্ণার্জ্জুন রূপে অবতীর্ণ হইয়াছিলেন।

নলরাজা—নিষধদেশের অধিপতি চন্দ্রবংশীয় বীরসেন রাজার পুত্র। ইনি অসাধারণ রূপ গুণ সম্পন্ন নরপতি ছিলেন। প্রজাপালনাদি কর্ত্তব্য কার্য্যের এবং অশেষবিধ সৎ-কর্ম্মের অনুষ্ঠান জন্য নলরাজা পুণ্যশ্লোক নামে কীর্ত্তিত হইয়া সংসারে চিরস্মরনীয় হইয়াছেন। ইনি বিদর্ভ রাজতনয়া দময়ন্তীর পাণিগ্রহণ করেন। তদীয় গর্ভে ইঁহার ইন্দ্রসেন নামে পুত্র এবং ইন্দ্রসেনা নাম্নী কন্যা জন্মে। নলরাজা দেবতাদিগের বর প্রভাবে স্বেচ্ছানুসারে অগ্নি ও জল প্রস্তুত করিয়া লইতে পারিতেন। অশ্বচালনায় ইঁহার বিশেষ নৈপুণ্য ছিল, অল্প সময়ের মধ্যে অনেক যোজন পথ অতিক্রম করিতে পারিতেন।

অক্ষক্রীড়ায় পরাজিত হইয়া বনভ্রমনকালে নলরাজা কর্কোটক নামক সর্পকে অগ্নি-দাহ হইতে রক্ষা করেন। নাগরাজ প্রত্যুপকারার্থ নলকে দংশন করিলে নল বিবর্ণভাব প্রাপ্ত হন এবং কর্কোটকের উপদেশানুসারে অযোধ্যায় ঋতুপর্ণ রাজার নিকট বাহক নামে পরিচিত হইয়া অশ্বাধ্যক্ষ পদে নিযুক্ত ছিলেন। (নলরাজার অবশিষ্ট বৃত্তান্ত দময়ন্তীর উপাখ্যানে দেখ)।

নহুষ—চন্দ্রবংশীয় নরপতি বিশেষ। ইঁহার পত্নী অশোকসুন্দরীর গর্ভে নহুষের যযাতি প্রভৃতি ছয় পুত্র জন্মে। ইনি অসীম বল বিক্রম জিতেন্দ্রিয়তা এবং বিবিধ সৎকর্ম্মের অনুষ্ঠান দ্বারা তদানীন্তন নৃপতিগণের মধ্যে বিশেষরূপ প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন।

কথিত আছে, মহারাজ নহুষ কদাচিৎ অজ্ঞানকৃত গোবধজন্য পাপে লিপ্ত হইলে মহর্ষিগণ তাঁহার সেই পাপ একাধিক শত সংখ্যক ব্যাধিতে পরিণত করিয়া তাঁহাকে অজ্ঞানকৃত পাপ হইতে মুক্ত করেন। এইরূপে নহুষ রাজার খ্যাতি ত্রিভুবন মধ্যে প্রচারিত হইয়াছিল।

একদা দেবরাজ ইন্দ্র ব্রহ্মবধ জনিত পাপে অভিভূত হইয়া রাজকার্য্য পরিহার পূর্ব্বক গোপনে নিশ্চেষ্টভাবে বাস করিতে ছিলেন। তৎকালে ত্রৈলোক্য অরাজক হইয়া বিশৃঙ্খল হওয়ায় দেবতা ও ঋষিগণ পরামর্শ করিয়া বিখ্যাত নহুষ রাজাকে ইন্দ্রত্ব পদে অভিষিক্ত করেন।

ত্রৈলোক্যের রাজ্যভোগে প্রবৃত্ত হওয়ায় রাজার ভোগবাসনা দিন দিন বর্দ্ধিত হইতে লাগিল। বলা বাহুল্য যে ঐরূপ ভোগ বাসনা হইতেই তাঁহার পরিণামে ঘোরতর অধঃপতনের সূত্রপাত হয়। ইনি ইন্দ্রপত্নী শচীকে পত্নীভাবে পাইবার জন্য বিশেষ ব্যগ্র হন। কিন্তু তাঁহার সে আশা বিফল হয়েছিল। অনন্তর নহুষ ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া ব্রহ্মর্ষি দিগের দ্বারা স্বীয় শিবিকা বহন করাইতেন।

এক দিবস অগস্ত্য মুনি ইঁহার শিবিকাবহনকালে নহুষ কর্ত্তৃক পদাহত হইয়া "সর্প যোনি প্রাপ্ত হও" বলিয়া অভিসম্পাত করেন। ঋষির শাপে নহুষ রাজা ত্রৈলোক্যের আধিপত্য হইতে পরিভ্রষ্ট হইয়া দ্বৈতবনে অজগর সর্পরূপ ধারণ করিয়া অবস্থিতি করিতে লাগিলেন।

পাণ্ডবদিগের বনবাসকালে ইনি ভীমকে গ্রাস করিতে উদ্যত হইলে যুধিষ্ঠির তথায় উপস্থিত হন। তাঁহার সহিত আলাপে সর্পরূপী নহুষ শাপমুক্ত হইয়া পূর্ব্ব-সঞ্চিত পুণ্যবলে পুনরায় স্বর্গে গমন করেন।

নানক—একজন পরম ধার্ম্মিক ক্ষত্রিয় এবং বর্ত্তমান শিখধর্ম্মের প্রবর্ত্তক। ১৪৬৯ খৃঃঅব্দে লাহোরের পঞ্চ ক্রোশ দক্ষিণ তালবন্তী (নানকানা) গ্রামে ইঁহার জন্ম হয়। পিতার নাম কালুবেদী, মাতার নাম ত্রিপতা। বাল্যাবস্থা হইতেই ইঁহার মন সৎপথে ধাবিত হয়। সন্ন্যাসী ও ফকীর দেখিলেই সর্ব্বকর্ম্মপরিত্যাগ পূর্ব্বক তাঁহাদের সহিত কথোপ-কথনে কালাতিপাত করিতে ভাল বাসিতেন।

তাঁহার পিতা জনৈক ভূম্যধিকারীর নিকট পাটোয়ারির কাজ করিতেন। তিনি নানককে সংসারী করিবার জন্য বিস্তর চেষ্টা পাইয়াছিলেন। কিন্তু কৃতকার্য্য হওয়া তাঁহার পক্ষে সুকঠিন হইয়াছিল। নানকের পবিত্রভাব তাঁহার পিতার হৃদয়ে স্থান পায় নাই। পিতা অন্যান্য লোকের ন্যায় সংসারী হইবার জন্য তাঁহাকে কঠোর বাক্যে শাসন এবং সংসারী না হইলে গৃহত্যাগ করিয়া যাইবার আদেশ করিলে নানক পিতার দুর্ব্ব্যবহারে অতিশয় বিরক্ত হইয়া বিংশতি বৎসর বয়সে গৃহ হইতে বহির্গত হন। প্রথমে সুলতানপুরে ভগিনী নানকীর গৃহে অবস্থিতি করিয়া ভগিনী ও ভগিনীপতির উত্তেজনায় তথায় একখানি মুদিখানার দোকান করেন। দোকানে বিশেষরূপ লাভ হইতে লাগিল এই অবস্থায় তিনি বিবাহ করেন। তাঁহার পত্নীর নাম সুলক্ষণা। বিবাহের পর তিনি সুলতানপুরে পৃথক্ গৃহ নির্ম্মাণ করিয়া বাস করিতে লাগিলেন। এই সময়ে তাঁহার দুইটী পুত্র জন্মে, জ্যেষ্ঠের নাম শ্রীচন্দ্র, কনিষ্ঠ লক্ষ্মীদাস।

দ্বিতীয় পুত্রের জন্মকালে ধর্ম্মভাবের প্রবল বেগ তাঁহার মনকে এতদূর আক্রমণ করিয়াছিল যে তিনি অনায়াসে সংসারের মায়াপাশ ছেদন করিয়া সপ্তবিংশতি বৎসর বয়সে গৃহত্যাগ পূর্ব্বক সন্ন্যাসী হইলেন। নানক সন্ন্যাসীর বেশে নানাস্থান পর্য্যটন করিতে লাগিলেন। সর্ব্বত্রই ধর্ম্মের বাহ্যভাব দর্শনে তাঁহার মন অতিশয় ক্ষুণ্ণ হইতে লাগিল। ইনি একদা মক্কা নগরীতে মস্‌জিদের দিকে চরণ রাখিয়া শায়িত ছিলেন, ইতিমধ্যে জনৈক মোল্লা তথায় উপস্থিত হইয়া তাঁহাকে অধার্ম্মিক বলিয়া তিরস্কার করেন। নানক বিনীতভাবে তাঁহাকে বলিলেন "যেদিকে পরমেশ্বর নাই সেই দিকে

পদ সরাইয়া রাখুন।" মোল্লা তাঁহার সে কথায় আর কোন উত্তর করিতে পারিলেন না।

নানক নানা দেশ পরিভ্রমণ করিয়া কোথাও অকপট ধর্ম্মকন্থের পরমানন্দ লাভে পরিতৃপ্ত না হইয়া বিষণ্ণভাবে স্বদেশে প্রত্যাগমন করেন। পরিশেষে তাঁহার মনে এইরূপ বিশ্বাস জন্মে যে, ধর্ম্মের জন্য নানাস্থান পরিভ্রমণ করা বৃথা, গৃহস্থাশ্রম পরিত্যাগ করিলেই যে সংসারের মায়া হইতে নিষ্কৃতি লাভ হয় ইহা ভ্রান্তিমাত্র, ধর্ম্মোপার্জ্জনের জন্য গৃহস্থাশ্রমের উপকারিতা আছে।

এইরূপ বিশ্বাসের বশবর্ত্তী হইয়া নানক গৃহী হইতে অভিলাষ করেন এবং গুরু-দাসপুর জেলার অধীন ইরাবতীতটে করতালপুর নামক স্থানে গৃহ নির্ম্মাণ করিয়া স্ত্রীপুত্র লইয়া বাস করেন। নানক গৃহস্থাশ্রমে থাকিয়া অবশিষ্ট জীবন কায়মনোবাক্যে ঈশ্বরো-পাসনায় অতিবাহিত করেন। ইঁহার সাধুব্যবহার দর্শনে এবং সদুপদেশ শ্রবণে মুগ্ধ হইয়া অনেকে ইঁহার শিষ্য হইয়াছিলেন। ইনি শিষ্যগণকে ধর্ম্মের বাহ্যভাব পরিহার পূর্ব্বক সর্ব্বান্তঃকরণে ধর্ম্মাচরণ করিতে উপদেশ দিতেন। উপযুক্ত পাত্রে যথাসাধ্য দান করা নানকের মতে পরম ধর্ম্ম। আদিগ্রন্থ নামক নানকের উপদেশাবলী শিখ-সম্প্রদায়ের ধর্ম্মশাস্ত্র। নানক হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়েরই অতিশয় শ্রদ্ধাভাজন ছিলেন। নিম্নলিখিত বাক্যই তাহার প্রমাণস্বরূপ, যথা—

"হিন্দুকা গুরু মুসলমান্‌কা পীর,
উস্কা নাম নানক সাহেব ফকীর"।

এই মহাত্মা ১৬৩৯ খৃঃ অব্দে সত্তর বৎসর বয়সে মানবলীলা সংবরণ করেন।

নারদ—ব্রহ্মার মানসপুত্র। ইনি অতিশয় বিষ্ণুভক্ত ছিলেন। সর্ব্বদা হরিনাম গান করিয়া সর্ব্বত্র ভ্রমণ করিতে ভালবাসিতেন। ব্রহ্মা ইঁহাকে সৃষ্টিকার্য্যের ভারার্পণ করিলে ইনি তাহা অস্বীকার করেন। তজ্জন্য ব্রহ্মার অভিসম্পাতে নারদকে গন্ধর্ব্বযোনি ও মানব-যোনিতে জন্মগ্রহণ করিতে হইয়াছিল। নারদ প্রথমতঃ ব্রহ্মার নিকট কিঞ্চিৎ সঙ্গীত শিক্ষা করেন। পরে বিষ্ণুর সভায় তুম্বুরুনামক মুনির গান শুনিয়া মুগ্ধ হইয়া সঙ্গীত-বিদ্যায় পারদর্শী হইবার জন্য বিশেষ চেষ্টিত হন এবং বিষ্ণুর আদেশক্রমে উলুকেশ্বরের নিকট অতিশয় যত্নসহকারে গান্ধর্ব্ববিদ্যা শিক্ষা করেন। পরিশেষে ভগবান্ কৃষ্ণের নিকট গানযোগের উপদেশ পাইয়া ব্রহ্মানন্দলাভে পরিতৃপ্ত হন।

নারদসংহিতা নামক সঙ্গীতশাস্ত্র, স্মৃতি ও নারদীয় পুরাণ এই সমস্ত নারদপ্রণীত বলিয়া প্রসিদ্ধ।

নিত্যানন্দ—বৈষ্ণবসম্প্রদায়ের বিখ্যাত নায়ক। রাঢ়দেশের অন্তর্গত একচাকা গ্রামে ইঁহার

জন্ম হয়। হাড়াইপণ্ডিত নামক জনৈক ব্রাহ্মণ ইঁহার পিতা, মাতার নাম পদ্মাবতী দেবী। নিত্যানন্দকে সকলেই নিতাই বলিত। নিতাই বাল্যকাল হইতেই অতিশয় শান্ত-প্রকৃতি ও ধর্ম্মানুরাগী ছিলেন। ইনি অল্প বয়সে গৃহত্যাগ করিয়া মাধবেন্দ্রপুরী নামক জনৈক সন্ন্যাসীর সহিত নানা তীর্থ পর্য্যটন করেন। বোম্বাই প্রদেশের পাণ্ডারপুর তীর্থে লক্ষ্মীপতি নামক সাধু পুরুষের নিকট নিতাই মন্ত্রগ্রহণ করেন। ক্রমশঃ ইনি একজন অবধূত রূপে পরিগণিত হন।

তৎকালে গৌরাঙ্গের বিষয় অবগত হইয়া নিত্যানন্দ নবদ্বীপে গমনপূর্ব্বক গৌরাঙ্গের ধর্ম্মভাবে মুগ্ধ হইয়া তাঁহার সহিত মিলিতভাবে নবদ্বীপে অবস্থিতি করিতে লাগিলেন।

সেই সময়ে নবদ্বীপে জগাই মাধাই নামে দুই জন দুর্ব্বৃত্ত পাষণ্ড ছিল। তাহারা মদ্যপানে উন্মত্ত হইয়া পথে পথে ভ্রমণ করিত এবং নিরীহ বৈষ্ণবদিগকে দেখিলেই তাহাদের প্রতি অত্যাচার করিত। পরে নিত্যানন্দ ও গৌরাঙ্গের প্রেমাতিশয্যে তাহাদের স্বভাবের পরিবর্ত্তন হয় এবং পরিশেষে ভক্তিপরায়ণ পরম বৈষ্ণব হইয়া অবশিষ্ট জীবন অতিবাহিত করেন।

চৈতন্য নীলাচলে গমন করিলে নিত্যানন্দ তাঁহার আদেশানুসারে বঙ্গদেশে থাকিয়া হরিনাম প্রচার করিতে লাগিলেন। ভাগীরথী তীরে পাণিহাটী গ্রামে ইনি অনেক দিন থাকিয়া উহার সন্নিহিত অনেক স্থানে হরিনাম প্রচার করেন। তৎকালে সপ্তগ্রামের সুবর্ণবণিকেরা ইঁহার শিষ্য হন। ক্রমশঃ বঙ্গদেশের সমস্ত সুবর্ণবণিক্ সমাজ নিত্যানন্দের শিষ্যশ্রেণীভুক্ত হইয়াছিলেন।

পরে গোবর্দ্ধন নামক ব্যক্তি বিশেষের অনুরোধে নিত্যানন্দ সন্ন্যাসীর বেশ পরিত্যাগ করিয়া গৃহীর বেশ ধারণ করেন। তখন নবদ্বীপে গমন করিয়া চৈতন্যের মাতা শচীদেবীর নিকট পুত্রবৎ অবস্থিতি করিতে লাগিলেন। পরিশেষে নিত্যানন্দ সংসারী হইতে অভিলাষী হইয়া নবদ্বীপের নিকটবর্ত্তী শালিগ্রামের পণ্ডিত সূর্য্যদাস সরখেলের বসু ও জাহ্নবী নামে দুই কন্যাকে বিবাহ করেন। ইঁহার বীরভদ্র নামে এক পুত্র এবং গঙ্গা নামে এক কন্যা জন্মে। চৈতন্যের দেহত্যাগের পর নিত্যানন্দ মানবলীলা সম্বরণ করেন। কিঞ্চিদধিক চারি শত বৎসর পূর্ব্বে নিত্যানন্দ বর্ত্তমান ছিলেন।

নিবাতকবচ—হিরণ্যকশিপুর বংশসম্ভূত দানব বিশেষ। ইহারা অভীষ্ট বরলাভে দেবগণের অবধ্য হইয়া সমুদ্রগর্ভে দুর্গনির্ম্মাণ করিয়া বাস করিত। দেবতাদিগের প্রতি অতিশয় অত্যাচার করায় অর্জ্জুন স্বর্গে গমন পূর্ব্বক অস্ত্রশিক্ষা করিয়া ইন্দ্রের আদেশানুসারে তাহাদিগকে বধ করেন।

প

পদ্মিনী—চিতোরের প্রসিদ্ধ রাজপুতমহিলা। ইনি সিংহলপতি হাম্বিরশঙ্খের দুহিতা এবং ভীমসিংহের পত্নী। ইঁহার ন্যায় রূপবতী ও গুণবতী রমণী সংসারে অতি বিরল। দিল্লীপতি আলাউদ্দিন ইঁহার রূপবর্ণনায় মোহিত হইয়া ইঁহাকে হরণ করিবার জন্য নানা উপায় অবলম্বন করেন। পরে দুর্দ্দান্ত যবনের আক্রমণ অনিবার্য্য দেখিয়া পদ্মিনী প্রভৃতি চিতোররমণীগণ যবনস্পর্শ অপেক্ষা অগ্নিস্পর্শ সুখকর মনে করিয়া অম্লানবদনে অগ্নিপ্রবেশ করেন।

পরশুরাম—ইনি অলৌকিক বীরত্ব প্রভাবে ভগবানের ষষ্ঠ বা মতান্তরে ষোড়ষ অবতার বলিয়া কীর্ত্তিত। ইঁহার পিতার নাম জমদগ্নি, মাতার নাম রেণুকা। কথিত আছে যে, রেণুকা একদা স্নানার্থ নদীতে গমন করিয়া তথায় গন্ধর্ব্বদিগের জলক্রীড়া দর্শনে তাঁহার মন কলুষিত হয়। জমদগ্নি তাহা অবগত হইয়া তাঁহার শিরশ্ছেদ করিতে আদেশ করিলে পরশুরাম পিতার আদেশ অপরিহার্য্য বোধে মাতার মস্তক ছেদন করেন। পরে পিতা তাঁহার প্রতি সন্তুষ্ট হইয়া তাঁহাকে বর লইতে অনুরোধ করায় তিনি মাতার পুনর্জীবন প্রার্থনা করেন এবং তদনুসারে রেণুকা পুনর্জ্জীবিতা হন।

এক সময়ে রাজা কার্ত্তবীর্য্য সসৈন্যে জমদগ্নির আশ্রমে উপস্থিত হইয়া আতিথ্য গ্রহণের অভিলাষ করিলে জমদগ্নি স্বীয় কামধেনুর সাহায্যে সেই বহুসংখ্যক লোকের সুচারু আতিথ্যক্রিয়া সম্পাদন করেন। রাজা তদ্দর্শনে বিস্মিত হইয়া ঐ কামধেনু লইবার জন্য মুনির নিকট আবেদন করিলে মুনি রাজার প্রার্থনায় অসম্মত হন। তৎসূত্রে ঘোরতর বিবাদ উপস্থিত হওয়ায় রাজা জমদগ্নিকে বধ করিয়া কামধেনু লইয়া প্রস্থান করেন।

পরশুরাম তৎকালে তীর্থপর্য্যটনে গিয়া পুষ্করতীর্থে তপস্যায় রত ছিলেন। তথা হইতে আসিয়া পিতৃশোকে একান্ত অভিভূত হন এবং প্রতিজ্ঞা করেন যে একবিংশতি বার পৃথিবীকে নিঃক্ষত্রিয়া করিবেন। অনন্তর তপস্যায় সন্তুষ্ট করিয়া মহাদেবের নিকট হইতে অস্ত্রশিক্ষা পূর্ব্বক প্রথমে কার্ত্তবীর্য্য বধ করিয়া পরে ক্রমশঃ প্রতিজ্ঞানুরূপ কার্য্যে প্রবৃত্ত হইয়া ভূরি ভূরি ক্ষত্রিয় বীরের প্রাণ সংহার করেন।

চন্দ্রসেনরাজাকে বধ করিয়া তাঁহার মহিষীর প্রসবকাল পর্য্যন্ত অপেক্ষা করিতেছিলেন দেখিয়া মহিষী নিতান্ত ভীত হইয়া দাল্‌ভ্য মুনির শরণাপন্ন হন। মুনি রাজ্ঞীর গর্ভে যে সন্তান জন্মিবে তাহার ক্ষত্রিয়োচিত সংস্কার কার্য্য করিবেন না এবং ক্ষত্রিয়ের শিক্ষণীয় ধনুর্ব্বিদ্যা শিক্ষা দিবেন না এইরূপ অঙ্গীকার করিলে পরশুরাম রাজমহিষীকে অভয়দান করেন। কথিত আছে যে চন্দ্রসেনের সেই পুত্র হইতে কায়স্থের উৎপত্তি হয়।

শনির দৃষ্টিপাতে গণেশের মুণ্ড ছিন্ন হইলে বিষ্ণু হস্তিমুণ্ড আনিয়া গণেশের গলদেশে যোজিত করেন। পরে একদা পরশুরামের সহিত গণেশের বিবাদ উপস্থিত হইলে পরশুরাম কুপিত হইয়া কুঠারাঘাতে তাঁহার একটী দন্ত ভগ্ন করেন।

পরশুরাম সমস্ত পৃথিবী জয় করিয়া মহা সমারোহে যজ্ঞ আরম্ভ করেন এবং ঐ যজ্ঞ সমাপ্ত হইলে গুরু কশ্যপকে দক্ষিণা স্বরূপ সমস্ত পৃথিবী দান করিয়া তপস্যানিমিত্ত মহেন্দ্র পর্ব্বতে অবস্থিতি করিতে লাগিলেন।

দাশরথি রাম সীতার পরিণয়শুল্করূপ হরশরাসন ভঙ্গ করিয়া জানকীর পাণিগ্রহণ করেন। রামের এই অলৌকিক বীরত্বপ্রদর্শন পরশুরামের পক্ষে অসহ্য হইয়া উঠে। বিবাহান্তে পুত্রগণের সহিত দশরথের অযোধ্যাপ্রত্যাগমন কালে পরশুরাম তাঁহাদের নিকট উপস্থিত হন। দশরথ তাঁহাকে দেখিয়া ভয়ে ব্যাকুল হইয়া নানাবিধ স্তুতিবাক্যে অনুনয় বিনয় করিতে লাগিলেন। রাম নির্ভীকচিত্তে তাঁহার সহিত কথোপকথনে প্রবৃত্ত হইলে পরশুরাম তাঁহাকে স্বীয় সুদৃঢ় ধনুক প্রদানপূর্ব্বক তাহাতে বাণ যোজনা করিতে বলেন। রাম অবলীলাক্রমে ধনুকে বাণ যোজনা করিয়া পরশুরামের তপঃপ্রভাবে ইচ্ছানুযায়ী স্বর্গগমন পথ রুদ্ধ করেন। পরশুরাম হতদর্প হইয়া ম্লানমুখে মহেন্দ্র পর্ব্বতে প্রতিগমন করিলেন।

মহাত্মা ভীষ্ম ও দ্রোণ উভয়েই পরশুরামের শিষ্য। একদা কাশিরাজের জ্যেষ্ঠা কন্যা অম্বা ভীষ্ম কর্ত্তৃক স্বয়ম্বরসভা হইতে হৃত ও পরিশেষে পরিত্যক্ত হইলে অম্বা পরশুরামের শরণাপন্ন হন। পরশুরাম অম্বাকে গ্রহণ জন্য ভীষ্মকে অনুরোধ করিলে ভীষ্ম তাঁহার অনুরোধ রক্ষা না করায় গুরুশিষ্যে তুমুল সংগ্রাম হয়। ত্রয়োবিংশতি দিবস ঘোরতর যুদ্ধের পর ক্ষত্রিয়ান্তকারী পরশুরাম শিষ্য ভীষ্মের নিকট পরাজয় স্বীকার করেন।

বীরাগ্রগণ্য কর্ণও পরশুরামের শিষ্য। কিন্তু কর্ণ শিষ্য হইবার পূর্ব্বে পরশুরামের নিকট আপনাকে ব্রাহ্মণ বলিয়া পরিচয় দেন। একদা পরশুরাম কর্ণের উরুদেশে মস্তক রাখিয়া নিদ্রাগত হন। দৈবযোগে একটী দংশকীট ঐ সময় কর্ণের উরুদেশে দংশন করিতেছিল। [illegible] নিদ্রাভঙ্গভয়ে কর্ণ সেই অসহ্য যন্ত্রণা ভোগ করিতে লাগিলেন। ক্রমে উরুদেশনিঃসৃত রুধিরস্পর্শে পরশুরামের নিদ্রাভঙ্গ হইল। তিনি জাগরিত হইয়া সমস্ত বৃত্তান্ত অবগত হন এবং কর্ণের অসামান্য সহিষ্ণুতাগুণে তাঁহাকে ক্ষত্রিয় বলিয়া সন্দেহ করেন। পরে কর্ণ আত্মপরিচয় নিবেদন করিলে তিনি তাঁহাকে এই বলিয়া অভিসম্পাত করেন যে তোমার মৃত্যুকালে ব্রহ্মাস্ত্র স্মৃতিপথে আসিবে না এবং অস্ত্র [illegible] সকল নিষ্ফল হইবে।

পৃথু—ত্রেতাযুগে সূর্য্যবংশীয় পঞ্চম নৃপতি। কথিত আছে, ঋষিগণ বেণরাজার দক্ষিণকর মন্থন করেন। ঐ দক্ষিণ পাণি হইতে পৃথুরাজার জন্ম হয়। ধরণীতলে ইনি আদি রাজা। ইঁহার নামানুসারে ধরার নাম পৃথিবী হয়। ইঁহার দ্বারাই প্রথমে রাজ্যশাসন-প্রণালী প্রবর্ত্তিত হয়।

পৃথ্বীরাজ—দিল্লীশ্বর শেষ হিন্দু রাজা। দিল্লীশ্বর অনঙ্গপালের দৌহিত্র। ১১৫৯ খ্রীঃ অব্দে ইঁহার জন্ম হয়। অনঙ্গপালের আর এক দৌহিত্র ছিল, তাঁহার নাম জয়চাঁদ। দিল্লীশ্বরের পুত্র ছিল না এজন্য তিনি পৃথ্বীরাজকে উত্তরাধিকারী করিয়া দিল্লীর সিংহাসন অর্পণ করেন। সেই সূত্রে জয়চাঁদের সহিত পৃথ্বীরাজের বিদ্বেষভাব অতিশয় প্রবল হইয়া উঠে। জয়চাঁদ কনোজের অধিপতি ছিলেন। তিনি পৃথ্বীরাজ অপেক্ষা স্বীয় গৌরব বৃদ্ধির জন্য রাজসূয় যজ্ঞের অনুষ্ঠান করেন এবং অন্যান্য নৃপতিগণের ন্যায় পৃথ্বীরাজকেও ঐ যজ্ঞে নিমন্ত্রণ করেন। পৃথ্বীরাজ তাঁহাকে রাজসূয় যজ্ঞের অনধিকারী মনে করিয়া যজ্ঞসভায় উপস্থিত হন নাই। জয়চাঁদ পৃথ্বীরাজের প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করাইয়া দ্বারবানের বেশে ঐ প্রতিকৃতি দ্বারদেশে স্থাপিত করেন।

জয়চাঁদের সংযথা নামে রূপগুণবতী এক কন্যা ছিল। ঐ কন্যা পূর্ব্ব হইতে বীরবর পৃথ্বীরাজের উপর অনুরক্তা ছিলেন। দিল্লীপতিও তাঁহার রূপগুণের প্রলোভনে তদীয় পাণিগ্রহণে সমুৎসুক হন। রাজসূয় যজ্ঞাবসানে জয়চাঁদ কন্যার স্বয়ম্বরের উদ্যোগ করেন। পৃথ্বীরাজ সংযথার মনোগত ভাব অবগত ছিলেন। কিন্তু জয়চাঁদের প্রতিকূলতা অভীষ্ট সিদ্ধির প্রতিবন্ধক হইল মনে করিয়া সংযথাকে বলপূর্ব্বক হরণ করিবার সঙ্কল্প করেন এবং তদুপযোগী আয়োজন করিয়া স্বয়ং প্রচ্ছন্নভাবে স্বয়ম্বর স্থলে উপস্থিত ছিলেন।

সংযথা স্বয়ম্বর সভায় উপস্থিত হইয়া অন্যান্য নরপতিগণকে উপেক্ষা করিয়া সভার দ্বারদেশে স্থাপিত পৃথ্বীরাজের প্রতিমূর্ত্তির গলদেশে বরমাল্য অর্পন করেন। পৃথ্বীরাজ সংযথার অকপট অনুরাগের পরিচয় পাইয়া তৎক্ষণাৎ তাঁহাকে লইয়া অশ্বারোহণ পূর্ব্বক দিল্লী অভিমুখে ধাবিত হইলেন। জয়চাঁদ সসৈন্যে তাঁহার পশ্চাৎ ধাবিত হইলে পথিমধ্যে উভয় পক্ষে ঘোরতর সংগ্রাম উপস্থিত হয়। ছয় দিন যুদ্ধের পর পৃথ্বীরাজ সংযথাকে লইয়া দিল্লীতে উপস্থিত হন এবং তথায় তাঁহাদের পরিণয় কার্য্য মহাসমারোহে সম্পাদিত হয়।

জয়চাঁদ এইরূপে পৃথ্বীরাজের নিকট অপমানিত হইয়া তাঁহার দমনার্থ মহম্মদ ঘোরীর শরণাপন্ন হন এবং তাঁহাকে দিল্লী আক্রমণ করিতে অনুরোধ করেন। ১১৯২ খৃষ্টাব্দে মহম্মদ ঘোরী পৃথ্বীরাজের বিরুদ্ধে যুদ্ধ যাত্রা করেন। টিরোরিনামক স্থানে উভয়